নিশ্চয় সিনেট ইউনিভারসিটির একটা বড় বডি যেটার মূল কাজ পলিসি লে ডাউন করা বা মোটামুটি কতকগুলো নীতি নির্দেশ করে দেওয়া, মোটামুটিভাবে বিশ্ববিদ্যালয়ের পরিচালনার উপর একটা প্রভাব বিস্তার করা বা কিছুটা ক্ষমতা প্রয়োগ করা, নিশ্চয় এটা সব নয়। শাসনক্ষমতা যেটা একজিকিউটিভ বডি যেটা কোন কোন ক্ষেত্রে সিনডিকেট নাম দেওয়া হয়, কোন কোন ক্ষেত্রে একজিকিউটিভ কাউনসিল নাম দেওয়া হয়, সেটা এযাবৎ কাল যা আমাদের ট্রাডিশান তৈরী হয়ে আছে সেখানে সাধারণত অধ্যাপকমণ্ডলী, সাধারণত হেড অব দি ডিপার্টমেন্ট ভাইস চ্যানসেলর বা অন্যান্য বিভিন্ন পর্যায়ে যারা কৃতিত্বসম্পন্ন এবং যাদের জীবনে কিছু অভিজ্ঞতা লাভের সুযোগ হয়েছে তাদের নিয়েই গঠিত হয়েছে। এই ব্যাপারে আপাতত ছাত্রদের প্রতিনিধিত্ব দেবার কথা গজেন্দরগদকার কমিটিও বলেন নি। অন্যান্য দু কেটি রাজ্যে সেখানে যেখানে এই জাতীয় আইন পাস হয়েছে সেখানেও এই ব্যবস্থা নেই। আমরা আশা করব এই যে সিনেট বা ইউনিভারসিটিতে ছাত্রদের প্রতিনিধিত্ব দেবার ফলে আমাদের দেশে ছাত্র সংক্রান্ত যে অসুবিধা দেখা দেয় স্টুডেন্ট ইনডিসিপ্লিন দেখা দেয় এবং ছাত্রদের অনেক সময় সমস্যাগুলির অবহেলিত হওয়ার যে সমস্যা দেখা দেয় সেগুলি দূর হবে। যদি আমরা মনে করি তাহলে পরবর্তী পর্যয়ে আমরা নিশ্চয় এর পর আর একটা হয়ত করোলারি হিসাবে আর যে ছোট বডি আছে যেটা একজিকিউটিভ টাইপ সিনিডকেট সেখানে আমরা দেওয়ার কথা চিন্তা করতে পারি। তবে বড় কথা এটা একটা টেক অব স্টেজ বলা যেতে পারে। সেই টেক অফ করবার জন্য আমরা তৈরী হয়েছি তখন নিশ্চয় এর পরবর্তী পর্যায়ে যা দরকার হবে সেটা করা হবে। আমরা আশা করব এই আইনের ফল শিক্ষাজগতে ভাল হবে, ছাত্রদের মঙ্গল হবে এবং বিভিন্ন শিক্ষা প্রতিষ্টানে বিশেষ সর্বোচ্চ পর্যায়ে যে শিক্ষা প্রতিষ্ঠান অর্থাৎ বিশ্ববিদ্যালয়ের শিক্ষা ব্যবস্থা পরিচালন ব্যবস্থা, আরও সুন্দর সহজ এবং সুষ্ঠ হবে। এই কথা গুলি বলে আমি সদস্যদের কাছে এই আইনটি অ্যাস রিপোর্টেড বাই দি সিলেক্ট কমিটি রাখছি।

শ্রীমতী ইলা মিত্র : মাননীয় অধ্যক্ষ মহাশয়, যদিও কনভেনশন হচ্ছে যে সিলেক্ট কমিটির সভ্য যাঁরা থাকেন তাঁরা সাধারণত বলেন না, কিন্তু এটা একটা গুরুত্বপূর্ণ বিল ছয়টা ইউনিভারসিটি নিয়ে কাজকর্ম করতে হয়েছে সেজন্য আমি আপনাকে অনুরোধ করব যে আপনি আমাকে বিশেষ পারমিশন দিন যাতে আমি এই বিল সম্বন্ধে এখানে আলোচনায় অংশগ্রহণ করতে পারি।

Mr. Speaker : When you have sought my special permission, this should not be taken as a precedent. Because you hold a most important position as the Deputy Leader of the Opposition, I give you special permission to speak at the consideration stage of the Bill.

শ্রীমতী ইলা মিত্র : মাননীয় অধ্যক্ষ মহাশয়, আজকে পশ্চিমবাংলার বিধানসভার জীবনে এটা একটা নূতন ঘটনা যে একটা নূতন ধরনের আইন আজকে আমরা পাস করতে চলেছি। সেটা হচ্ছে এই যে বিশ্ববিদ্যালয়ের ছাত্রদের প্রতিনিধিত্ব। বিশ্ববিদ্যালয়ের পরিচালনায় ছাত্র এবং অশিক্ষক কর্মচারী এবং অধ্যাপকদের নিয়ে এই বিশ্ববিদ্যালয়, তারা যাতে প্রশাসনের সাথে যুক্ত থাকে সেই দাবি আমরা বহু দিন থেকে করে এসেছি। যাই হোক কেরালা দিল্লী, উত্তর প্রদেশ এবং মহারাষ্ট্রে তাঁরা ছাত্রদের প্রতিনিধিত্ব বিশ্ববিদ্যালয়ে মেনে নিয়েছেন। আমাদের পশ্চিমবঙ্গ সরকার দেরিতে হলেও বিশ্ববিদ্যালয়ে ছাত্রদের প্রতিনিধিত্ব দেবার জন্য আজকে বিল নিয়ে এসেছেন। সেজন্য এই বিলকে অভিনন্দন জানাচ্ছি এবং আমরা বিলকে সমর্থন করছি। সমর্থন করতে গিয়ে দুই একটি কথা বলতে চাই সেটা হচ্ছে এই যে স্বাধীনতা লাভের ২৮ বছরের মধ্যে দুই দুবার এই কলিকাতা বিশ্ববিদ্যালয়ে আইনের পরিবর্তন হয়েছে।

কিন্তু এই ২৮ বৎসর কাজ করতে গিয়ে কলিকাতা বিশ্ববিদ্যালয়ে আইনে পদে পদে যেসমস্ত বাধার সৃষ্টি হয়েছে তার সম্পূর্ণ পরিবর্তনের দাবী আমরা অনেক দিন করে এসেছি তা কিন্তু আজ পর্যন্ত হলোনা। এখানে যে বিল সভায় উপস্থাপিত হয়েছে এখানে কেবল ছয়টি বিশ্ববিদ্যালয়ে অর্থাৎ কলিকাতা বিশ্ববিদ্যালয় কল্যাণী বিশ্ববিদ্যালয়, রবীন্দ্র ভারতী বিশ্ব বিদ্যালয়, উত্তরবঙ্গ বিশ্ববিদ্যালয়, যাদবপুর বিশ্ববিদ্যালয় এবং বর্ধমান বিশ্ববিদ্যালয়, এই ছয়টি বিশ্ববিদ্যালয়ে ছাত্রদের প্রতি নিধিত্ব রাখা সম্পর্কে এই বিলে আমাদের শিক্ষামন্ত্রীমহাশয় আগ্রহী হয়েছেন কিন্তু সম্পূর্ণাঙ্গিক পরিবর্তনের উদ্দেশ্য এই বিলের ছিল না। সিনেটে সামগ্রিকভাবে এই বিলে ছাত্রদের প্রতিনিধিত্বের দাবির সঙ্গে সঙ্গে আমরা মনে করি শিক্ষক যাঁরা বিশ্ববিদ্যালয়ের সঙ্গে বিশেষভবে যুক্ত সেই শিক্ষকদের প্রতিনিধিত্বের সংখ্যাও যেন বাড়ানো হয়। ইতিমধ্যে যাদবপুর বিশ্ববিদ্যালয় এবং আরও অনেক বিশ্ববিদ্যালয়ে যেমন একজিকিউটিভ কাউন্সিল বা সিনিডকেট ছিল না আমরা দাবি করে যে সমস্ত বিশ্ববিদ্যালয়ে একটি মাত্র সিনেট আছে সেখানে একজিকিউটিভ কাউন্সিল ও সিণ্ডিকেট যুক্ত করা হোক। বর্তমান বিলে সিনেটের গুণগত পরিবর্তন হয়ে গেলে ছাত্র প্রতিনিধি ও শিক্ষক প্রতিনিধির জন্য। সেই কারণে সিণ্ডিকেটেও ছাত্র ও শিক্ষকদের প্রতিনিধিত্ব থকার জন্য সিণ্ডিকেটের পরিবর্তন হওয়া দরকার এই কথা আমরা শিক্ষামন্ত্রিমহাশয় যে তা নিয়েছে এবং তিনি বলেছেন যে অতি শীঘ্র সিণ্ডিকেটের পরিবর্তনের জন্য তিনি আইন রচনা করবেন। বিশ্ববিদ্যালয়ের পরিবর্তনের আইন প্রথম পদক্ষেপ হিসাবে এটা একটা শুভ ঘটনা বলে আমরা মনে করি। এই বিল আলোচনা করতে গিয়ে যে কথা আমরা আমাদের মন্তব্যে বলেছি যে ছাত্র দের প্রতিনিধিত্ব নেওয়া হয়েছে মাত্র সিনেটে কিন্তু সত্যিকারের পাওয়ার যদি তাদের দিতে হয় তাহলে সিণ্ডিকেটে তাদের প্রতিনিধিত্বের ব্যবস্থা থাকা প্রয়োজন। কিন্তু এখন পর্যন্ত সিণ্ডিকেটে ছাত্রদের প্রতিনিধিত্বের কথা আমাদের শিক্ষামন্ত্রিমহাশয় এবং সরকার ভেবে উঠতে পারেন নি। কিন্তু আমি মনে করি এই আইন যখন কার্যকর হবে, ছাত্রদের এবং শিক্ষকদেব যে বিরাট দায়িত্ব এই আইনের মধ্যে দিযে ন্যস্ত করা হল, যে দায়িত্বের উপযুক্ত সদব্যবহার শিক্ষক, অধ্যাপক এবং ছাত্ররা করবেন এবং সেই দায়িত্বের অংশীদার হিসাবে ছাত্ররা তাদের কাজ দেখিয়ে নিশ্চয় সিণ্ডিকেটে তাদের প্রতিনিধিত্বের দাবী করতে পারবেন। সিনেটে ছাত্ররা যে দায়িত্বপূর্ণ কাজ করবে তা থেকেই আমি মনে করি সিণ্ডিকেটে তাদের প্রতিনিধিত্ব করার দাবির যৌক্তিকতা তারা প্রমাণ করতে পারবে। এবং আমি মনে করি সরকার তখন তাদের দায়িত্বশীল কাজ দেবার জন্য তাদের সিণ্ডিকেটে প্রতিনিধিত্ব করার কথা ভাববেন। সঙ্গে সঙ্গে আর একটা কথা আমরা মনে করি, অশিক্ষক কর্মচারীদের তাদেরও বিশ্ববিদ্যালয়ের পরিচালনার সঙ্গে যুক্ত করা উচিত। সিনেটে এবং সিণ্ডিকেটে তাদের প্রতিনিধিত্ব থাকা উচিত। কেরালায় বিশ্ববিদ্যালয়ের সর্বোচ্চ পরিচালনায় যেমন অশিক্ষক কর্মচারী, অধ্যাপক এবং ছাত্রদের নেওয়া হয়েছে তেমনি অশিক্ষক [illegible] যাতে পশ্চিমবাংলার বিশ্ববিদ্যালয় সিনেটে নেওয়া হয় সেই অনুরোধ শিক্ষামন্ত্রিমহাশয়কে করব। বর্তমানে সিনেট-এর ছাত্রপ্রতিনিধিত্বের জন্য যে বিল আনা হয়েছে তাতে হয়তো সম্ভব হয় নি কিন্তু তিনি নিশ্চয়ই ভেবে দেখবেন এই অশিক্ষক কর্মচারী যাঁরা আছেন তাঁদের যাতে সিনেট সিণ্ডিকেট এর সঙ্গে যুক্ত করা যায়, প্রতিনিধি, অধ্যাপকদের সংখ্যাবৃদ্ধি প্রভৃতিতে সিনেটে যে গুণগত পরিবর্তন বিশ্ববিদ্যালয় আইন রচনার মধ্যে দিয়ে এসেছে এবং এই যে গুণগত পরিবর্তনের মধ্যে দিয়ে এই আইনের গণতান্ত্রীকরণ ঘটেছে বলে আমরা মনে করি।

[1.50 to 2.00 p.m.]

কাজেই এই গণতন্ত্রীকরণের আবার বিপদ আছে। অর্থাৎ যে গুরু দায়িত্ব আজকে অধ্যাপক এবং ছাত্রদের উপর ন্যস্ত হল, তাঁরা যেন তাঁদের যোগ্য ভূমিকা পালন করতে পারেন। উচ্চশিক্ষার আবহাওয়া যাতে কোন রকমভাবে কলুষিত না হয় ম্লান হয়ে না যায়, কোন রকম গোষ্ঠীতন্ত্র বা অন্য

শ্রী মনোরঞ্জন প্রামাণিক : মাননীয় স্পীকার মহাশয়, আমাদের মাননীয় শিক্ষামন্ত্রিমহাশয় এই যে 'দি ওয়েস্ট বেঙ্গল ইউনিভার্সিটিস (অ্যামেণ্ডমেন্ট) বিল, ১৯৭৫, এখানে এনেছেন, আমি তার পূর্ণ সমর্থন জানাচ্ছি। আমি এই সমর্থন জানাচ্ছি এই কারণে যে আজকের দিনে সমাজের অগ্রগতির সঙ্গে সঙ্গে, শিক্ষা ব্যবস্থার পরিবর্তনের সঙ্গে সঙ্গে এবং শিক্ষা ব্যবস্থার মধ্যে যে সমস্ত ত্রুটি-বিচ্যুতি এবং অন্যান্য অসুবিধা দেখা দেওয়া সম্ভব এবং ছাত্রদের বিভিন্ন ব্যাপারেতে অসন্তোষ থাকা স্বাভাবিক, সেদিক থেকে এই ছাত্র-প্রতিনিধিত্ব সেই সমস্ত সমস্যার সমাধান করবে। তাই আমি এই বিলটিকে অভ্যর্থনা জানাচ্ছি এবং এই সঙ্গে সঙ্গে আমি একটা কথা বলব যে এই যে ছাত্রদের প্রতিনিধি নেওয়া হবে সেখানে কতকগুলি ক্ষেত্রে বিশেষ কতকগুলি আইন থাকা দরকার ব'লে আমি মনে করি। যেমন যেসব ছাত্র সিনেটের, ইউনিভার্সিটির বা একজিকিউটিভ কাউন্সিল-এর যেখানকার সভ্য হবেন সেখানে যাতে যোগ্যতাসম্পন্ন ছাত্ররা প্রতিনিধিত্ব করতে পারেন সেদিকে নজর দেওয়ার দরকার আছে ব'লে আমি মনে করি। সেই সঙ্গে সঙ্গে বিভিন্ন যে ফ্যাকালটি আছে, যেমন আর্টস ফ্যাকালটি, সায়েন্স ফ্যাকালটি, মেডিকেল, ইঞ্জিনিয়ারিং ফ্যাকালটি। এইসব বিভিন্ন ফ্যাকালটি থেকে যদি প্রতিনিধি না নেওয়া হয়, তাহলে ভীষণ অসুবিধা দেখা দেবে। অনেক জায়গায় দেখা যাবে – যেমন ধরুন – ইঞ্জিনিয়ারিং ফ্যাকালটি-তে ছাত্র বেশী হবার জন্য মেডিক্যাল ফ্যাকালটি ও আর্টস ফ্যাকালটি-র ছাত্রদের থেকে সামান্য সংখ্যক প্রতিনিধিত্ব তারা দাবী করতে পারবে না যার জন্য এই রকমভাবে বিভিন্ন ফ্যাকালটি-র দিক থেকে কতকগুলি সীট রিজার্ভেশন সীট হিসেবে রাখার দরকার আছে ব'লে আমি মনে করি। সঙ্গে সঙ্গে এ কথাও আমি বলব, তফসিলী ছাত্রদের কথা – আপনি জানেন স্যার, বিভিন্ন সময়ে বিভিন্ন দিক থেকে এই তফসিলী ছাত্রদের উপেক্ষা করা হয়। এই তফসিলী ছাত্র যাঁরা বিশ্ববিদ্যালয়ে পড়েন, আপনি জানেন স্যার, এই তফসিলী জাতির ও তফসিলী উপজাতির ছাত্রদের বিশ্ববিদ্যালয়ে পড়ার জন্য তাদের কোন সুযোগ-সুবিধা দেওয়া হয় না বিশ্ববিদ্যালয় থেকে। সেখানে তাদের জন্য কোন রিজার্ভেশন অব সীটস নাই, যদিও ইউনিভার্সিটি গ্রান্টস কমিশনের টাকায় বা ভারত সরকারের টাকায় এবং পশ্চিমবঙ্গ সরকারের টাকায় এই ইউনিভার্সিটিগুলি চলে। বিশ্ববিদ্যালয় আইনে তফসিলী জাতি বা উপজাতি ছাত্রদের যে পড়ার সুযোগ দেওয়ার কথা আছে, সেই আইন বাস্তবে প্রয়োগ হওয়ার দরকার আছে। এই আইনগুলি তখনই কার্যকরী হওয়া সম্ভব হবে যখন তফসিলী জাতি ও উপজাতি ছাত্র-ছাত্রীদের ইউনিভার্সিটি, সেনেট ও এক্সিকিউটিভ কাউন্সিলে প্রতিনিধিত্বের সুযোগ দেওয়া হবে। এইসব বডিতে যদি আমাদের তফসিলী ছেলে-মেয়েরা প্রতিনিধিত্ব করতে পারে, তাহলে আর আমাদের স্বার্থ উপেক্ষিত হবে না। আমরা দেখেছি ইউনিভার্সিটি থেকে যে বিভিন্ন রকম সাহায্য ও সুযোগসুবিধা ছাত্রদের দেওয়া হয়ে থাকে, আমাদের তফসিলী ছাত্র-ছাত্রীদের তা জানতে দেওয়া হয় না বা তারা তা জানতে পারে না। সেদিক থেকে তাই তফসিলী ছাত্রছাত্রীদের সুবিধার্থে এই আসন সংরক্ষণের প্রয়োজনীয়তা আছে ব'লে আমি মনে করি।

আর একটা কথা বিশ্ববিদ্যালয় পরিচালনার জন্য এই যে ছাত্র প্রতিনিধিদের নেওয়া হবে এটা খুবই আনন্দের কথা। দেরীতে হ'লেও এটা খুবই সুখের কথা। সেই সঙ্গে বিশ্ববিদ্যালয় পরিচালনায় কোন শিক্ষকদের প্রতিনিধির মত কোন অশিক্ষক কর্মচারী বা নন-টিচিং স্টাফ নেওয়ার ব্যবস্থা নাই। তাই আমি মনে করি এদের প্রতিনিধিত্বও নেওয়া দরকার। কারণ ইউনিভার্সিটি পরিচালনের ক্ষেত্রে এই নন-টিচিং স্টাফরা একটা গুরুত্বপূর্ণ অংশ গ্রহণ ক'রে থাকেন। কাজেই তাদের প্রতিনিধিত্ব করবার সুযোগও দেওয়া দরকার ব'লে আমি মনে করি। আমি মনে করি যাঁরা ইউনিভার্সিটির অফিসার আছেন, তাঁরাও ইউনিভার্সিটি পরিচালনার ব্যাপারে প্রতিনিধিত্ব করবেন। এই নন-টিচিং স্টাফদের প্রতিনিধিত্ব করবার সুযোগ বর্তমানে নাই। যদি ইউনিভার্সিটি কর্তৃপক্ষ থাকেন, অফিসার থাকেন, যাঁরা শিক্ষাকার্যে নিযুক্ত নন, ক্লাশে গিয়ে পড়ান না অর্থাৎ শিক্ষাক্ষেত্রে অঙ্গাঙ্গীভাবে জড়িত যেসব কর্মচারী আছেন নন-টিচিং স্টাফ, তাঁদের বিশ্ববিদ্যালয় পরিচালনার ক্ষেত্রে যথোচিত সুযোগ দেওয়া উচিত ব'লে আমি মনে করি।

[2.00 to 2.10 p.m.]

তাই নন-টিচিং স্টাফ বিশ্ববিদ্যালয়গুলির পরিচালনার ক্ষেত্রে যাতে সুযোগ পায় সেদিকে নজর দেওয়া দরকার বলে আমি মনে করি ছাত্র-ছাত্রীদের প্রতিনিধিত্ব এবং বিশ্ববিদ্যালয় পরিচালনার ক্ষেত্রে অংশগ্রহণ করার ব্যাপারে আমি মনে করি তাদের কতকগুলি যোগ্যতা থাকা দরকার। তাদের পড়াশুনার যোগ্যতা ও বিভিন্ন দিকে তারা যোগ্য না হয় তাহলে তারা কেবলমাত্র পরিচালনার ক্ষেত্রে অংশগ্রহণ করবে। তাই আমি বলছি তাদের বিভিন্ন দিক থেকে যোগ্যতা থাকা দরকার, আমি আরও বলতে চাই শুধুমাত্র আর্টসের প্রতিনিধিত্ব বা সায়েন্সের প্রতিনিধিত্ব কি মেডিক্যালের প্রতিনিধিত্ব যদি হয় তাহলে যেমন অন্যায় হবে তেমনি বিভিন্ন ফ্যাকালটি যেসমস্ত আ[illegible] সেখানে বিভিন্ন ডিভিসানের সমান সংখ্যক ছাত্রছাত্রীদের প্রতিনিধিত্ব করার সুযোগ দেয়া দরকার। সেদিক থেকে নির্বাচনে যারা অংশগ্রহণ করবে সেইসমস্ত ছাত্রছাত্রীরা বিশেষ কতকগুলি গুণ থাকাও দরকার বলে মনে করি। বিশ্ববিদ্যালয়ের স্টুডেন্টস ইউনিয়ান ইলেকশনে যারা নির্বাচিত হয় সেখানে নানারকম অশান্তি সংঘর্ষ এবং গোষ্ঠিতন্ত্র ইত্যাদি দেখা যায়। সেইজন্য সেনেট এবং বিশ্ববিদ্যালয় পরিচালনার ক্ষেত্রে এইসমস্ত ছাত্র যাঁরা অংশগ্রহণ করেন তাঁদের জন্য স্ট্রীক্ট প্রিন্সিপাল যদি আরোপ করা না হয় তাহলে সেদিক থেকে খুবই অন্যায় হবে, এই দিকটায় অনেক অসুবিধা দেখা দেবে। তাই আপনার মাধ্যমে মাননীয় শিক্ষামন্ত্রীমহাশয়েব দৃষ্টি আকর্ষণ করে আমি বলব যে নির্বাচন পরিচালনার যেমন স্টুডেন্টস ইউনিয়ান ইলেকশানে অশান্তির সৃষ্টি হয় সেইরূপ অশান্তি যাতে নির্বাচন পদ্ধতিতে না হয়, যাতে সঠিক নির্বাচন পদ্ধতির মধ্যে থাকে সেইদিকে বিশেষভাবে নজর দেওয়া দরকার বলে আমি মনে করি আর যেটা আমি বলতে চাই বিভিন্ন ফ্যাকালটিতে বিভিন্ন সমান সংখ্যক প্রতিনিধিত্ব থাকবে ঠিক সেই সঙ্গে সঙ্গে নন-টিচিং স্টাফ যাতে বিশ্ববিদ্যালয় পরিচালনার ক্ষেত্রে অংশগ্রহণ করতে পারে সেদিকে দেখা দরকার বলে আমি মনে করি। একটা বিশ্ববিদ্যালয় শুধুমাত্র ছাত্র-ছাত্রী কর্মচারী অফিসারদের নিয়ে চলতে পারে না। তাই যাঁরা এই আইনকানুন পরিচালনা করেন সেই নন-টিচিং স্টাফ যাতে অংশগ্রহণ করতে পারে সেদিকে আমি দৃষ্টি আকর্ষণ করছি। পরিশেষে আমি বলব যে অনেক বিলম্বে হলেও এ বিলের মধ্যে অনেক প্রগতিশীল চিন্তাধারা রয়েছে। সিলেকট কমিটির সভ্যরা এ ব্যাপারে এখানে যে সিদ্ধান্ত নিয়েছেন সেটা অত্যন্ত গুরুত্বপূর্ণ ক্লজ ৩, বর্ধমান ইউনিভারসিটি অ্যাক্ট ১৯৫৯ এখানে কিছু সংশোধনী আছে বলে আমি মনে করি ও এ বিষয়ে শিক্ষামন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি। কেননা ইউনিভারসিটি অ্যাক্ট ১৯৫৯ এই আইনের স্রষ্টা হচ্ছেন ডাঃ বিধানচন্দ্র রায়। তৎকালীন সমাজে যে আইন রচনা করেছিলেন সেটা অনেক পরিবর্তন করা দরকাব বলে মনে করি। কেননা আজকে সেখানে অনেক পরিবর্তন হয়েছে। যেমন রিজিওনাল ইঞ্জিনিয়ারিং কলেজ সেখানে ছিল না, রিজিওনাল ইঞ্জিনিয়ারিং কলেজ হয়েছে। সেখানে মেডিক্যাল ফ্যাকালটি হয়েছে। সেখানে 'ল' ফ্যাকালটি হয়েছে আজ এইসমস্ত বিভিন্ন দিকে অনেক পরিবর্তন হয়েছে এইসমস্ত পরিবর্তন হয়েছে অথচ আজও সেই আইনই চলছে। সেই কারণে এই আইনের অনেক পরিবর্তন হওয়া দরকার বলে আমি মনে করি। এই ইউনিভার্সিটিতে আমরা দেখতে পাই যে রাজ্যপালকে ইউনিভার্সিটির হেড করা হয় নি, তা [illegible]কে সেখানে হেড করা হয়েছে। রাজ্যপাল যেখানে রাষ্ট্রের কর্ণধার যেখানে কলিকাতা বিশ্ববিদ্যালয়ের, যাদবপুর বিশ্ববিদ্যালয় এবং অন্যান্য বিশ্ববিদ্যালয়ের তিনি কর্ণধার রূপে সর্ব্বোচ্চ আসনে অধিষ্ঠিত আছেন। সেখানে বর্ধমান ইউনিভার্সিটিতেও যাতে তাঁকে সর্বোচ্চ পদে বা আসনে বসানো যায়, তাঁকেই সর্বময় কর্তৃত্বের অধিকারী করা যায় তার জন্য আইন সংশোধন করা দরকার বলে আমি করি। এই কথা বলে এই বিলকে সমর্থন করে আমি আমার বক্তব্য শেষ করছি।

শ্রী কুমারদীপ্তি সেনগুপ্ত : মিঃ স্পীকার স্যার, আমি বুলেটিন পার্ট টু-এর প্রতি আপনার দৃষ্টি আকর্ষণ করছি। এতে ১১০১ তে বলা হয়েছে পশ্চিমবঙ্গ রাজপুরুষ সূচী। আমরা কেউ রাজা নই-

তবু এখানে কি একথা লেখা থাকবে। লেখা হয়েছে রাজপুরুষ সূচী। আমরা এখানে জনগণের প্রতিনিধি সমাজতন্ত্র প্রতিষ্ঠার জন্য এসেছি। এখানে রাজা কোথা থেকে এল। মাননীয় শিক্ষামন্ত্রী এরপর যদি বাংলা ভাষাকে ঐচ্ছিক করেন তাহ'লে কি হবে?

Mr. Speaker : I understand that this is a translation of Civil Cases.

Shri Kumar Dipti Sen Gupta : They are public servants.

মিঃ স্পীকার : মিঃ সেনগুপ্ত, যে পরিভাষা গভর্নমেন্টের তরফ থেকে বের করা হয়েছে সেইটা এখানে বোধ হয় ব্যবহার করা হয়েছে। এইটা পরিভাষা সিভিল লিস্টের। আপনি বরং এডুকেশন মিনিস্টারকে বলুন নূতনভাবে পরিভাষা করা হোক এবং এটা ঠিক ক'রে দেওয়া হোক। যাঁরা পরিভাষা ঠিক করেছেন তাঁরা অথরিটি অন দি সাবজেক্ট।

শ্রী নরেশচন্দ্র চাকী : যাঁরা এইরকম পরিভাষা ক'রে দিয়েছেন তাঁদের বিরুদ্ধেই আমাদের প্রতিবাদ। তাঁরা বাংলা ভাষাকে এইভাবে নিয়ে দাঁড় করিয়েছেন। তাঁরা বাংলা ভাষাকে হত্যা করছেন, ছুরিকাঘাত করছেন।

Mr. Speaker : I think, a man like Dr. Suniti Chatterjee has been consulted in this matter.

শ্রীনরেশচন্দ্র চাকী : আমরা তাঁকে শ্রদ্ধা করি। কিন্তু তিনি সব ব্যাপারটাই জানেন ব'লে মনে করি না।

শ্রী কুমারদীপ্তি সেনগুপ্ত : এটা যথার্থ অর্থ হয়েছে কি?

মিঃ স্পীকার : শুনুন এদের যে স্ট্যাটাস তাতে দে আর রেকোগনাইজড অথরিটি অন দি সাবজেক্ট। তিনি ন্যাশানাল প্রফেসার এবং আমাদের সারা ভারতবর্ষে যেকজন পণ্ডিততম ব্যক্তি আছেন ভাষাতত্ত্বের মধ্যে তিনি তাঁদের মধ্যে অন্যতম শ্রেষ্ঠ। তিনি যদি মনে করেন এটা কারেক্ট হয়েছে, আমি বা আপনি একমত না হতে পারি, কিন্তু তাঁরও মতের মূল্য আছে। আপনি গভর্নমেন্টকে বলতে পারেন নূতন ক'রে গ্রহণ করা হোক বা নূতন করে করা হোক। কিন্তু আপাতত যতক্ষণ দিয়েছেন সেইটা যথাবিধি হচ্ছে।

The W B. Universities (Ammd) Bill, 1975, as reffered by Select Committee.

শ্রী হরশংকর ভট্টাচার্য : মিঃ স্পীকার স্যার, যদিও আমি সিলেক্ট কমিটিতে ছিলাম তবুও আজকে প্রিসিডেন্ট ডাউবেন ব'লে বলেছেন। আমি এই বিলে দু-একটি কথা বলতে চাই যদি আপনি অনুমতি দেন।

Mr. Speaker : Without taking any precedence I allow Shri Harasankar Bhattacharyya to speak on the Bill. This is a special case.

[2.10 to 2.20 p.m.]

শ্রীশরৎচন্দ্র দাস : স্যার, উনি তো সিলেক্ট কমিটির মেম্বার ছিলেন, উনি কি ক'রে এই বিল সম্পর্কে এখানে বলবেন - এই রকম কোন প্রিসিডেন্ট নেই?

Mr. Speaker : Mr. Das, please here me. He is an educationist and connected with University education. He has sought for special permission from me. Without creating any precedent I allow him to speak on the Bill because he is an expart on university education.

শ্রীহরশংকর ভট্টাচার্য : মিঃ স্পীকার স্যার, আপনি দয়া ক'রে আমাকে বলার জন্য যে অনুমতি দিয়েছেন তার জন্য আমি আপনার কাছে কৃতজ্ঞ। কথা হচ্ছে এই বিল সম্পর্কে আমার বলার ইচ্ছা হচ্ছে এবং মনে হয় দরকারও আছে। আমি সিলেক্ট কমিটির সদস্য ছিলাম। এতদিন পর্যন্ত আমাদের পশ্চিম বাংলায় বিশ্ববিদ্যালয় আইন সংশোধন সম্পর্কে যেসমস্ত বিল এসেছে সেই সমস্ত বিলগুলিই কোন না কোন ছোটখাট খুঁটিনাটি পরিবর্তনের জন্য এসেছে মাত্র। কিন্তু স্বাধিনতার পর থেকে এইসমস্ত বিশ্ববিদ্যালয়ের কাঠামোর মৌলিক পরিবর্তন এতদিন পর্যন্ত হয়নি। আজকে এই বিলের গুরুত্ব এইখানে যে এই বিল যখন পাস হবে তখন দেখা যাবে যে বিশ্ববিদ্যালয়গুলির কাঠামোর খুঁটিনাটি কমা ফুলস্টপ সেমিকোলন-এর পরিবর্তন হচ্ছে না। একটা বিশেষ মৌলিক পরিবর্তন এই বিলের দ্বারা ঘটে যাবে। পশ্চিমবঙ্গের উচ্চশিক্ষা থেকে আরম্ভ ক'রে প্রাইমারী এডুকেশন শিক্ষাজগতের শিক্ষক এবং অশিক্ষক কর্মচারী এবং ছাত্র প্রত্যেক স্তরে একটা খুব গুরুত্বপূর্ণ চিন্তা এই বিলের দ্বারা সৃষ্টি হবে। এই গুরুত্বপূর্ণ দিকটি আমি তুলে ধরতে চাইছি। স্যার, ইংরাজ যখন চলে গেল তখন কিন্তু আমাদের যেটা মৌলিক পরিবর্তন দরকার সেটা ঘটল না, শিক্ষার মৌলিক পরিবর্তন করা হল না, পুরানো কাঠামো রয়ে গেল, বেড়ে চলল তার সংখ্যার দিক থেকে। বেড়ে গেল প্রাইমারী এডুকেশনের দিক, বেড়ে গেল সেকেণ্ডারী এডুকেশনের দিক, বেড়ে গেল উচ্চশিক্ষার দিক, বেড়ে গেল ছাত্র সংখ্যা। কিন্তু বিশ্ববিদ্যালয়ের শিক্ষার ধরনের মোড় ঘুরল না যেটা দরকার ছিল - সেই মোড় ঘোরানোর দিকে কেউ অগ্রসর হ'ল না। দেখা গেল উচ্চশিক্ষাজগতের দিকে যে পাস ক'রে যাচ্ছে কিন্তু কোয়ালিটি অ্যাণ্ড কোয়ানটিটি অব এডুকেশন অত্যন্ত কমে যাচ্ছে। যতটা পরিমাণ দরকার, যে ধরনের শিক্ষা দরকার তার কোনটাই বাড়ল না। শিক্ষার রিজিওন্যাল স্ট্যাণ্ডার্ড যেরকম দরকার ছিল দেখা গেল ভারতবর্ষের উচ্চশিক্ষার ক্ষেত্রে সেইরকমভাবে মান উন্নত হ'ল না। আমাদের দেশে ফিজিক্স শিক্ষা এক রকম হবে আর কেমিস্ট্রির শিক্ষা অন্য রকম হবে এ কখনই হতে পারে না। কারণ উচ্চশিক্ষাজগতের একটা আন্তর্জাতিক মান থাকে। সেই আন্তর্জাতিক মান সম্বন্ধে চিন্তা ক'রে ভারতবর্ষের বিশ্ববিদ্যালয়গুলি যদিও তৈরি হয়েছিল। এই যেসমস্ত কানপুর খড়গপুর যে সমস্ত ট্রাডিশান্যাল ইউনিভার্সিটি রয়েছে আন্তর্জাতিক মানের তুলনায় তাদের মান অনেক কমে গেছে। এর ফলে ভাল ভাল ছাত্ররা তারা প্রচুর খেটে গেছে কিন্তু ভাল শিক্ষা পায় নি - শিক্ষা পেলেও চাকরি পাচ্ছে না, শিক্ষার প্রকাশ হচ্ছে না - শিক্ষার প্রয়োগ হচ্ছে না। তাই আজকে শিক্ষার কতটা পরিবর্তন দরকার তা বিচার করার সময় এসে গেছে। তাই আজকে শিক্ষা জগতে বিক্ষোভ, ছাত্রদের মধ্যে বিক্ষোভ। তার মৌলিক কারণ হচ্ছে আমাদের মত পলিসি মেকাররা সঠিকভাবে বিশ্ববিদ্যালয়ের শিক্ষাকে গড়ে তুলতে পারে নি। আমরা নূতনভাবে বিশ্ববিদ্যালয়ের শিক্ষাতে তৈরি করতে পারি নি, এই কারণে ছাত্র বিক্ষোভ, যুব বিক্ষোভ। স্যার এই বিলে সেই ছাত্র বিক্ষোভ এবং যুব বিক্ষোভকে সত্যি সত্যি বিশ্ববিদ্যালয়ের প্রশাসনের ভিতর ছাত্ররা যাতে বলতে পারে - এতদিনের যে আমলাতান্ত্রিক প্রশাসন ব্যবস্থা, সেই আমলাতান্ত্রিক প্রশাসকরা তারা যাতে ছাত্রদের কাছ থেকে তাদের প্রয়োজন জানাতে পারে এবং সেই অনুযায়ী শিক্ষা কাঠামো পরিবর্তন করতে পারে সেই সূচনা এই বিলের ভিতর হ'ল। ছাত্ররা দেওয়ালে মাথা খুঁটেছে, বার বার মিটিং করেছে, মিছিল করেছে, দেওয়াল লিখেছে, কিন্তু বিশ্ববিদ্যালয়ের আমলাতন্ত্র কখনও ছাত্রদের বক্তব্য নিজেরা গ্রহণ করে নি, নিজেদের কোন নূতন ইমাজিনেশন তারা কিছুই প্রোজেক্ট করতে পারে নি। সেদিক থেকে সিনেটে ছাত্রদের প্রতিনিধিত্ব - এটা অত্যন্ত উচিত কাজ হবে। কিন্তু এটাই সাফিসিয়েণ্ট নয়, এখন ছাত্রদের হাত দিয়ে পুরানো অধ্যাপক এবং প্রশাসকরা

থেকে গেলেন। তাঁরা যতদিন না যাচ্ছেন ততদিন এটাকে গ্রহণ ক'রে শিক্ষার নূতন কাঠামো পালটাতে অগ্রসর হন তাহ'লে সব সময় ঝগড়া বাধবে এবং ছাত্র প্রতিনিধিত্বের যে আসল উদ্দেশ্য সেই উদ্দেশ্য সফল হবে না। স্যার এই বিলের ভিতর ছাত্রদের সত্যি সত্যিই কিছু ক্ষমতা দেওয়া হয় নি। এটা একটা ক্ষমতা ইলিউশান, যাকে বলা যায় মরীচিকা - সিনেট হচ্ছে তেলিবারেট বডি। তেলিবারেট বডিতে গিয়ে তাদের বক্তব্য বলতে পারে, কিন্তু একজিকিউটিভ বডি ক্যাবিনেট - সিনডিকেট - সেই ক্যাবিনেটে ছাত্রদের এখন ডাকানো হয় নি। স্যার, আমি আশা করছি মন্ত্রীমহাশয় সেই ক্যাবিনেটে ছাত্রদের ডাকাবেন। স্যার, আপনি জানেন কেরলে এখন ছাত্রদের শুধুমাত্র সিনেটে নেওয়া হয় তা নয়, সেখানে সিনডিকেটে ছাত্রদের নেওয়া হচ্ছে - তাদের অভিজ্ঞতা নিশ্চয় খুব খারাপ হয় নি এবং সেই অভিজ্ঞতা থেকে আমরা আশা করি এটা ভাল ক'রে শিখতে পারব। স্যার, এই বিলটি রচনা করবার সময় দেখা যায় যে ছাত্র প্রতিনিধিত্ব আনলে পরে শিক্ষকদের প্রতিনিধিত্ব বাড়াতে হয় - শিক্ষকদের প্রতিনিধিত্ব বাড়ানো হয়েছে। শুধু তাই নয়, অনেক সেকটরে যাঁরা পুরানো আমলে বিশ্ববিদ্যালয়ের প্রশাসনের সঙ্গে যুক্ত ছিলেন, কিন্তু বর্তমানে আর যুক্ত নন, তাঁদেরও বাদ দেওয়া হয়েছে, নূতন নূতন সেকটরকে এতে আনা হয়েছে - গজেন্দ্রগাদকর কমিটির কথা ছিল ইউনিভার্সিটিজ টু নট লিভ ইন এ ভ্যাকাম - ফাঁকা মাঠে তারা বসবাস করে না, সমাজের ভিতর থেকে উদ্ভূত সামাজিক প্রতিষ্ঠান। সুতরাং এই সামাজিক প্রতিষ্ঠান, সমাজের বিভিন্ন অংশে তারা প্রতিনিধিত্ব করবে এবং তাদের বক্তব্য বলবার সুযোগ পাবে। স্যার এই বিলের ভিতর দুটি উদ্দেশ্য আমরা খুব ভালভাবে লক্ষ্য করেছি। একটি হচ্ছে প্রত্যেকটি বিশ্ববিদ্যালয়ের যে নিজস্ব ঐতিহাসিক জন্মগত ট্রাডিশন ঐতিহ্য এই বিলের ভিতর বজায় রাখার চেষ্টা হয়েছে এবং দ্বিতীয় হচ্ছে সিনেটের যে ফাংশান সেই ফাংশান বদলানো হয় নি, কিন্তু বিশ্ববিদ্যালয়ের সিনেটের কাজকর্মের পরিধি এই বিলের হাতে দেওয়া হয় নি, শুধু তার গঠনতান্ত্রিক কাঠামোকে বদল করা হয়েছে। এই বিল আমরা তাই সমর্থন করি। কিন্তু আমি শিক্ষামন্ত্রীকে আপনার মাধ্যমে একটি প্রশ্ন করি - আপনি একটু ভাল ক'রে শুনুন। এই বিল যখন ড্রাফট হয়, রচিত হয় তখন বিভিন্ন বিশ্ববিদ্যালয়ের বডিগুলির নির্বাচন হচ্ছিল বা হতে যাচ্ছিল - বর্ধমান এবং উত্তরবঙ্গে বিশ্ববিদ্যালয়ের ক্ষেত্রে আমরা জানি সেখানে চিঠি দিয়ে নির্বাচন বন্ধ ক'রে দেওয়া হয়েছে, কিন্তু যাদবপুর বিশ্ববিদ্যালয়ের ক্ষেত্রে নির্বাচন বন্ধ করে দেওয়া হয় নি। স্যার, যাদবপুর বিশ্ববিদ্যালয়ের প্রধান প্রশাসনিক বডির কাজকর্ম ২৪শে ডিসেম্বর শেষ হয়ে যাবে।

[2.20 to 2.30 p.m.]

অথচ এখানে আজকে এক মাস আগে আমরা যখন বিলটা পাশ করছি তখন এক মাসের জন্য ঐ বডিটা পুনর্নির্বাচিত ক'রে কি লাভ হবে? সুতরাং ঐ বডিটা কেয়ারটেকার বডি হিসেবে যাতে ২। ৩ মাস কাজ করতে পারে বা যতদিন না এই আইনটা রাজ্যপালের অ্যাসেন্ট পাচ্ছে ততদিন পর্যন্ত কাজ চালাতে পারে তার ব্যবস্থা করা হোক। কাজেই মাননীয় মন্ত্রীমহাশয়কে বলব, উত্তরবঙ্গ এবং বর্ধমান বিশ্ববিদ্যালয়ের ক্ষেত্রে যেমন আপনি সঠিক ভাবে ইলেকশান বন্ধ করে দিয়েছেন যাদবপুর বিশ্ববিদ্যালয়ের ক্ষেত্রেও সেই রকম চিঠি দেওয়া বাঞ্ছনীয় ব'লে আমি মনে করি। তার কারণ নির্বাচনকে সামনে রেখে শিক্ষক, [illegible] ভেতরে এবং নানান স্তরে মতভেদ সৃষ্টি হচ্ছে, দৃষ্টিভঙ্গির পার্থক্য হচ্ছে এবং এই বিলও সেই নির্বাচনের আলোচ্যবিষয়ের মধ্যে চলে যাচ্ছে। সুতরাং সমস্ত কিছু চিন্তা ক'রে যে চিঠি দিয়ে আপনি উত্তরবঙ্গ এবং বর্ধমানের নির্বাচন স্থগিত করেছেন সেই চিঠি পাঠিয়ে আপনি যাদবপুরের ক্ষেত্রেও নির্বাচন স্থগিত করুন। সর্বশেষে বলছি, যদিও বিলটা আমরা একান্তমনে সমর্থন করছি কিন্তু তবুও বলব, এইটুকুতে কিছুতেই ছাত্র বা যুব বিক্ষোভ ঠেকানো যাবে না। এর জন্য শিক্ষাব্যবস্থার আমূল পরিবর্তন করতে হবে। সেই ইউনিভার্সিটি, মেডিক্যাল ইউনিভার্সিটি, ব্লক স্তর থেকে এগ্রিকালচারাল এডুকেশান, পলিটেকনিক - শিক্ষা সংস্কারের এই নতুন কাঠামো, একথা ভাবতে হবে। এই আমূল পরিবর্তনের কাজটা

যতদিন আমরা ফেলে রাখব ততদিন কিছুতেই ছাত্র খুব বিক্ষোভ মৌলিক কারণ কিছুতেই এই বিলের দ্বারা দূর করা যাবে না। যদিও এই বিলে এই ছাত্র বিক্ষোভকে সেনেটের ভেতরে ঠেলে দেওয়া হবে, ছাত্ররা তাদের নিজেদের কথা বলতে পারবে কিন্তু তবুও তাদের মধ্যে যে বোবা কান্না - তারা জানে না শিক্ষা কাঠামো কিভাবে বদলানো যাবে, সেই বোবা কান্নার হাত থেকে ছাত্রদের মুক্তি ঘটবে না। আর তার সঙ্গে সঙ্গে আমাদের দেশও ছাত্র বিক্ষোভের হাত থেকে মুক্ত হবে না। এই কথা ব'লে আমি আমার বক্তব্য শেষ করছি।

মিঃ স্পীকার : মাননীয় সদস্যগণ, একটু আগে মাননীয় সদস্য শ্রীনরেশচন্দ্র চাকি ও কয়েকজন মাননীয় সদস্য "রাজপুরুষ সূচী" সম্বন্ধে যে কথা বললেন সে ব্যাপারটা আমি আপনাদের কাছে পরিস্কার ক'রে দিচ্ছি। ওয়েষ্ট বেঙ্গল সিভিল লিষ্টের বাংলা করা হয়েছে "রাজপুরুষ সূচী"। আমি "সরকারী কার্যে ব্যবহার্য পরিভাষা" বইটাও নিয়ে এসেছি। সেখানে যে পরিভাষা কমিটি ছিল সেই পরিভাষা কমিটিতে যাঁরা ছিলেন তাঁরা হলেন, শ্রীরাজশেখর বসু, ডঃ সুনীতিকুমার চট্টোপাধ্যায়, প্রফেসর ডঃ রমেশচন্দ্র মজুমদার, শ্রী দুর্গামোহন ভট্টাচার্য, শ্রী সজনীকান্ত দাস - সেক্রেটারী বঙ্গীয় সাহিত্য পরিষদ। এঁরা আমাদের দেশের নোটেড স্কলারস। এই পরিভাষার বইটাতে আমি দেখেছিলাম যে সেখানে সিভিল লিস্টের বাংলা করা হয়েছে "রাজপুরুষ সূচী" এবং হিন্দীতেও "রাজপুরুষ সূচী" আছে। সুতরাং যাঁরা আমাদের এখানে একসেপটেড অথরিটি অন দি সাবজেক্টস তাঁদের পরিভাষা অনুসারে যদি ক'রে থাকে আমার সেক্রেটারিয়েট তাহলে আমার মনে হয় আমাদের মাননীয় সদস্যদের কোন ক্ষোভ থাকা উচিত নয়।

শ্রীকুমারদীপ্তি সেনগুপ্ত : মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি সেক্রেটারিয়েট-এর কথা বলছি না। আমাদের পরিভাষায় কি আছে? আমার মনে হচ্ছে, ঐ সমস্ত গুণী ব্যক্তিরা লর্ড ক্যামিলির যে ইনফ্লুয়েন্স সেটা কাটিয়ে উঠতে পারেন নি। গণতান্ত্রিক রাষ্ট্রে সরকারী কর্মচারীরা কখনই রাজপুরুষ হতে পারেন না।

শ্রীনরেশচন্দ্র চাকী : মাননীয় অধ্যক্ষ মহাশয়, সরকারী কর্মচারী যাদের ইংরাজীতে পাবলিক সারভেন্টস বলা হয় বাংলা পরিভাষায় তারা রাজপুরুষ হয়ে গেল। এটা কখনই হয় না। স্যার, আপনি যাঁদের নাম করলেন, তাঁরা গুণী লোক। তারা আমাদের কাছে প্রণম্য এবং তাঁদের আমরা শ্রদ্ধা করি। কিন্তু আমাদের বক্তব্য হচ্ছে যাদের ইংরাজীতে পাবলিক সারভেন্ট বলা হয় বাংলা পরিভাষায় তারা হয়ে গেল রাজপুরুষ। শুধু তাই নয়, আরও বহু ক্ষেত্রে আমরা দেখেছি যে পরিভাষা করতে গিয়ে বাংলা ভাষার যথেষ্ট মানহানি করা হয়েছে ব'লে আমাদের ধারণা। আমিও শিক্ষকতার সঙ্গে যুক্ত আছি। যদিও ক্ষুদ্র তবুও ক্ষুদ্র শিক্ষক হিসাবে যেটুকু অভিজ্ঞতা আছে তাতে দেখেছি যে বহু ক্ষেত্রে এইরকমভাবে বাংলা পরিভাষা করতে গিয়ে বাংলা ভাষার অবমাননা করা হয়েছে ব'লে আমরা মনে করি।

Mr. Speaker : Honourable Members, I rquest you to place your viewpoints before the Official Language Commission, and if they accept your viewpoints I think we can also rectify the language.

The West Bengal Universities (Ammendment) Bill, 1975, as reffered by Select Committee.

শ্রীঅনন্ত কুমার ভাণ্ডারী : মাননীয় অধ্যক্ষ মহাশয়, একটা বিরাট অংশ কলেজের বাইরে পড়ে রয়েছে। শিক্ষামন্ত্রীকে অতীতেও বলা হয়েছে যারা এই বিরাট শিক্ষা বিভাগের বিভিন্ন কলেজ এবং বোর্ডিং পরিচালনা করেন, সেইসমস্ত কর্মচারী কি এর মধ্যে ইনক্লুড হচ্ছে? অশিক্ষক কর্মচারী হিসাবে যারা ৩টি সেকশন দেখছে - কলেজে শিক্ষক এবং ছাত্র সকলকে পরিচালনা করছে এবং দেখছে তাদের সম্পর্কে

কোন বক্তব্য কোন বক্তার মুখেও শুনিনি এবং শিক্ষামন্ত্রীর বিলেও দেখিনি। সুতরাং এদের সম্পর্কে কি করা হচ্ছে সেটা একটু জানতে চাই।

মিঃ স্পীকার : আপনি যদি এই বিষয়ে কিছু বলতে চান, বিলের কনসিডারেশন স্টেজে তাহ'লে I can allow you some time. Now Shri Tuhin Samanta.

শ্রীতুহিনকুমার সামন্ত : মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি সিলেক্ট কমিটির সভ্য ছিলাম। তাই আপনার কাছ থেকে স্পেশাল পারমিশান নিয়ে বলছি। ছাত্রদের বহুদিনের দাবি ছিল যে বিশ্ববিদ্যালয় বা কলেজের পরিচালনায় ছাত্ররা যাতে অংশগ্রহণ করতে পারে তার উপযুক্ত ব্যবস্থা এবং পরিবেশ সৃষ্টি করা হোক। তারই ভিত্তিতে আজকে সিলেক্ট কমিটির যে রিপোর্ট আপনার সামনে বা হাউসের কাছে রাখা হয়েছে তাতে দেখা গেছে এবং গজেন্দ্রগদকর কমিশনের যে রেকমেণ্ডেশন সেই রেকমেণ্ডেশন-এর উপর ভিত্তি ক'রে আজকে পশ্চিমবঙ্গে যে বিশ্ববিদ্যালয় আইন সংশোধন হচ্ছে আমার মনে হয় সারা ভারতবর্ষের বুকে নিশ্চয়ই এটা একটা নূতন নজির। আমরা যদি যাদবপুর ইউনিভার্সিটি, কল্যাণী ইউনিভার্সিটি, বর্ধমান ইউনিভার্সিটি, নর্থ বেঙ্গল ইউনিভার্সিটি, প্রত্যেকটি ইউনিভার্সিটির আগেকার স্ট্রাকচারগুলি দেখি তাহ'লে আমরা দেখব - যদিও আমরা জানি কিছু কিছু ইউনিভার্সিটি যেমন যাদবপুর ইউনিভার্সিটি, কল্যাণী ইউনিভার্সিটি, বর্ধমান ইউনিভার্সিটি এগুলি খুব প্রাচীন বিশ্ববিদ্যালয় নয়। কিন্তু কলকাতা বিশ্ববিদ্যালয় খুব প্রাচীন বিশ্ববিদ্যালয়। এদের স্ট্রাকচারগুলি যদি আমরা পর্যবেক্ষণ করি তাহ'লে আমরা দেখব পুরাতন এবং নূতন বিশ্ববিদ্যালয় - ২টি ক্যাটাগরি হিসাবে আমরা ভাগ করি । কলকাতা বিশ্ববিদ্যালয় যাকে আমাদের প্রাথমিক প্রাধান্য দিতে হয়। যেহেতু কলকাতা বিশ্ববিদ্যালয়ের মডেলকে ঘিরে সারা ভারতবর্ষে এককালে বিশ্ববিদ্যালয়গুলি পরিচালিত হয়েছে এবং কলকাতা বিশ্ববিদ্যালয়ের সমস্যা সমাধান, তার খুঁটিনাটি বিষয় নিয়ে এবং যাতে আগামীদিনে সঠিকপথে এবং অত্যন্ত পরিচ্ছন্নভাবে বিশ্ববিদ্যালয়গুলি পরিচালিত হয় সেদিকে লক্ষ রেখে সিলেক্ট কমিটি করা হয়েছিল এবং সিলেক্ট কমিটিও রেকমেণ্ডেশন করেছে। কেরলের বিশ্ববিদ্যালয়, কেরলের বিভিন্ন জায়গায় সেখানে জনপ্রতিনিধি নেওয়াব কথা হয়েছেএবং সেখানে নেওয়া হয়েছে। পশ্চিম বাংলার বিভিন্ন বিশ্ববিদ্যালয়ের ক্ষেত্রেও আমরা ক্যাটাগরি হিসাবে যদি ভাগ করি তাহ'লে আমরা দেখব-

[2.30 to 2.40 p m.]

অধ্যাপকদের যাতে বিশ্ববিদ্যালয়ের পরিচালনার ক্ষেত্রে কোন অসুবিধা না হয়, বিশেষ ক'রে যাঁরা দৈনন্দিন জীবনে শিক্ষার উপর নির্ভর ক'রে থাকেন বা শিক্ষা দিয়ে থাকেন বা শিক্ষাজীবি-মানুষ - ডিন অব ফ্যাকালটিজ অব আর্টসহোক, অধ্যাপকই হোক, রিডারই হোক, আমরা সমস্ত ক্যাটাগরিগুলোকে যদি বিশ্লেষণ করি, আমরা অধ্যাপকদের পদ ছেকে প্রতিনিধিত্ব করার জন্য চেষ্টা করছি, আমরা রিডারের পোস্ট থেকে যাবার জন্য প্রতিনিধিত্ব করার চেষ্টা করছি, বিভিন্ন ডিন অব ফ্যাকালটি থেকে নেবার চেষ্টা করছি। এছাড়া বিভিন্ন কলেজের গভর্নিং বডি থেকে, পার্সনস ইনটারেস্টেড ইন এডুকেশন, অনেক অভিভাবক থাকেন, তাঁদের প্রতিনিধি নেবার ব্যবস্থা করেছি। আমরা সব সময় ব'লে থাকি, ছাত্র, শিক্ষক এবং অভিভাবকের পারস্পরিক সম্পর্কের ভিত্তিতে একটা শিক্ষায়তন চলে। এই শিক্ষায়তনের যে পরিবেশ, সেই রকম যে ধারা, তা যাতে প্রচলন হয় তার জন্য অত্যন্ত সুন্দরভাবে চেষ্টা করেছি। ছাত্রদেব প্রতিনিধিত্ব করার জন্য যেমন একদিকে আমরা চেষ্টা করেছি, অধ্যাপকদের প্রতিনিধিত্ব করার জন্য যেমন চেষ্টা করেছি, পাশাপাশি চেষ্টা করেছি অভিভাবকদের সম্পর্কেও, যাতে তাঁরা প্রতিনিধিত্ব করতে পারেন। যাঁদের ছেলেমেয়েরা স্কুলে, কলেজে, বিশ্ববিদ্যালয়ে পড়ে, তাঁরা যাতে নজর দিতে পারেন, যে ছেলেমেয়েদের কি পড়ানো হচ্ছে, বিশ্ববিদ্যালয়ে গিয়ে তাঁদের ছেলেমেয়েরা কি করছে, তারা পড়াশুনা করছে, না ধর্মঘট করছে, তারা সৎ উপায়ে পরীক্ষার কথা বলছে, না অসৎ

উপায় অবলম্বন করার কথা বলছে, এইসব বিষয় জানবার জন্য আমরা অভিভাবকদেরও পাঠাবার চেষ্টা করেছি এবং প্রতিনিধিত্ব দেবার চেষ্টা করেছি। এক কথায় শিক্ষার ক্ষেত্রে নৈরাজ্য ঘুচিয়ে দেবার জন্য এই সিলেক্ট কমিটির মাধ্যমে নূতন একটা পথের যাতে সন্ধান দিতে পারি, নূতন পথে যাতে বিশ্ববিদ্যালয়গুলোকে নূতন উৎসাহের মধ্যে দিয়ে এগিয়ে নিয়ে যেতে পারে তার প্রচেষ্টা হয়েছে। ছাত্রদের দায়িত্ব নিশ্চয়ই আছে। ইলাদি বলেছেন যে ছাত্ররা সিনডিকেটে যাবে কি যাবে না এই নিয়ে এখনও পর্যন্ত সরকার ঠিক করতে পারেন নি। সিনডিকেটে এমন অনেক বিষয় থাকে যেসমস্তগুলো পরীক্ষা সংক্রান্ত বিষয়। খুঁটিনাটি অ্যাডমিনিস্ট্রেটিভ বিষয়, শিক্ষকনিয়োগের বিষয়, বিভিন্ন বিষয় আছে, সেই সমস্ত বিষয়গুলোকে চিন্তা করে, সেখানে ডিরেক্ট ছাত্রদের অং ঃ উচিত কি না - শিক্ষকদের নিয়োগের ব্যাপারে ছাত্রের প্রতিনিধিত্ব, এটা এখনও পর্যন্ত মনে হয় না খুব প্রগতিশীলতার লক্ষণ বা এখনও পর্যন্ত আমরা মনে করি না, এটা একটা যুগান্তকারী ঘটনা হবে। পরীক্ষার ক্ষেত্রে ছাত্রদের প্রতিনিধিত্ব আমরা মনে করি না পেপার সেটের ব্যাপার থেকে সমস্ত বিষয়, সেখানে ছাত্রদের প্রতিনিধিত্ব থাকলে ভাল হবে, এটা আমরা অনেকেই মনে করি না। আমরা যারা শিক্ষক আছি, লেখাপড়ার সঙ্গে যুক্ত আছি। এইসমস্ত কারণগুলো খুঁটিনাটিভাবে সরকার নিশ্চয়ই বিশ্লেষণ করবেন। তবুও কিছু কিছু ক্ষেত্রে যাতে অন্তত ছাত্ররা অংশগ্রহণ করতে পারে তার একটা নিয়ম থাকার দরকার আছে। তার কারণ, কলকাতা বিশ্ববিদ্যালয় বলুন, যাদবপুর বিশ্ববিদ্যালয় বলুন, বর্ধমান বিশ্ববিদ্যালয় বলুন, বিভিন্ন বিশ্ববিদ্যালয়ের সিনেটের মিটিং আমরা লক্ষ্য করি, দু বছরে একটাও হয় না, অতএব সেখানে ছাত্র প্রতিনিধিত্ব থেকে লাভ কি, কারণ সেখানে ছাত্রদের বলার কিছু থাকে না। আবার সেই ক্ষেত্রে ভাইস-চানসেলারের ভাল ছাত্রের নমিনি আছে, কলেজ ইউনিয়ন থেকে তাদের নমিনি আছে, বিশ্ববিদ্যালয়ের ফ্যাকালটির ইউনিটসের নমিনি আছে, তাই সেই সমস্ত দিকের কথা বাদ দিয়ে একটা কথা বলতে চাই যে ছাত্রদের এমন একটা নির্দিষ্ট পর্যায়ে সিনেটে রাখা হোক, যে কথা পশ্চিমবঙ্গের ছাত্র পরিষদের তরফ থেকে বারবার দাবী জানানো হয়েছে যে ছাত্র, অভিভাবক এবং শিক্ষক সকলে মিলে যাতে বিশ্ববিদ্যালয়ের প্রকৃত সমস্যার সমাধান করতে পারি এবং সমাধানের পথ খোলার জন্য একসঙ্গে বসে তারা তাদের পথকে ঠিক ক'রে নিতে পারে এবং তার জন্য পরিবেশ সৃষ্টি প্রয়োজন। এই জিনিষটা করার জন্য মাননীয় শিক্ষামন্ত্রীর কাছে আবেদন জানাব, তবে তিনি বিজ্ঞ মানুষ, দীর্ঘদিন তিনি শিক্ষার সঙ্গে জড়িত আছেন, তিনি বিবেচনা ক'রে এই সম্বন্ধে একটা সিদ্ধান্ত নেবেন এই বিশ্বাস রেখে আমি আমার বক্তব্য শেষ করছি।

শ্রীশীশ মহম্মদ : মাননীয় অধ্যক্ষ মহাশয়, কিছুদিন আগে কাউনসিল অব হায়ার সেকেণ্ডারী এডুকেশন বিল এই হাউসে পাস হয়েছে। সেই সময় আমি সিলেক্ট কমিটির সদস্য ছিলাম। মাননীয় অধ্যক্ষ মহাশয়, সেই সময় আমি আমার কিছু বক্তব্য রাখার জন্য পারমিশন চেয়েছিলাম, বহু কাঠখড় পোড়াবার পর সেই পারমিশন পেয়েছিলাম। আমি যখন বক্তব্য রাখছিলাম তখন শিক্ষামন্ত্রিমহাশয় মাঝে মাঝেই বাধা নিক্ষেপ করছিলেন। সেই প্রসিডিংস আমি দেখেছি। সঙ্গে সঙ্গে সরকার পক্ষের বহু সদস্য আপনার কাছে অনুরোধ করেছিলেন যাতে আমি পারমিশন না পাই তার জন্য। মাননীয় অধ্যক্ষ মহাশয়, সেদিন আপনি বলেছিলেন হিস্টোরিক্যাল প্রিসিডেন্ট হয়ে যাবে, কাজেই এই রকম না বলাই ভাল। তবুও আপনাকে পারমিশন দিচ্ছি। সেদিন আমি ভেবেছিলাম যে যিনি সিলেক্ট কমিটিতে থাকেন তিনি আর বলার অধিকার পান না। কিন্তু আজকে সিলেক্ট কমিটির সদস্যা, আমাদের অপোজিশন গ্রুপের ডেপুটি লিডার এখানে বক্তৃতা রেখেছেন স্পেশাল পারমিশন নিয়ে। কাউনসিল অব হায়ার সেকেণ্ডারী এডুকেশন বিলের উপর সেই সময় গীতাদি যখন বক্তৃতা দিয়েছিলেন তখন আমরা বলেছিলাম, কারণ তিনিও সিলেক্ট কমিটির মেম্বার ছিলেন। তখন আপনি বলেছিলেন যে, এটা আন্তর্জাতিক নারী বৎসর, তাই পারমিশন দিচ্ছি। আমিও বলছি যে, হ্যাঁ আন্তর্জাতিক নারী বৎসরে ওঁরা বক্তৃতা দিন। কিন্তু তার পরও সিলেক্ট কমিটির সদস্য হয়েও হরশঙ্করবাবু এবং তুহিনবাবু আজকে এখানে বক্তৃতা রাখলেন। অথচ হরশঙ্করবাবু যখন বক্তৃতা দিতে উঠলেন তখন শরৎবাবু বাধা দিলেন, কিন্তু তুহিনবাবুর সময় কেউ বাধা দিলেন না।

তাই আমি বলছি যে, এটা আন্তর্জাতিক নারী বৎসর চলছে। মাননীয় শিক্ষামন্ত্রিমহাশয় "দি ওয়েষ্ট বেঙ্গল ইউনিভার্সিটিস (এ্যামেণ্ডমেণ্ট) বিল" সিলেক্ট কমিটির রিপোর্টসহ উত্থাপিত করেছেন।

Mr. Speaker : Mr. Shish Mohammad, it is desirable that the members who participated in the discussion in the Select Committee should not speak here. This is the general procedure that is being followed. But it becomes very difficult when I find that the other members are not prepared to speak on theBill and that the members who are experts on the subject had been included as members in the Select Committee. So, it becomes necessary to allow them to participate in order to have a valuable and fruitful discussion on the floor of the House because they know the subject better. Take for example the case of the C.P.I. members. Three of them are connected with education and all of them are professors Sm. Illa Mitra, Shri Biswanath Chakrabarti and Shri Harasankar Bhattacharyya are all teachers and they were members of the Select Committee. Even in the Congress group I find that some of the members who are teachers have been included as members of the Select Committee. So, I myself, sometimes use my own discretion and allow them to speak to make the discussion more fruitful as they are experts on this line Besides, this is a new Bill. For the first time a new sort of thing, viz., students' participation, is going to be introduced by this Bill. It is a noble thing and so it should be discussed threadbare, and the persons who are in the education line must give their opinions on the floor of the House so that the entire House can understand the feelings of the educationists.

শ্রীশীশ মহম্মদ : মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমাদের ক্ষেত্রে বাধা এসেছিল সেই কারণেই আমি বলছি। আমি যখন কাউন্সিল অব হায়ার সেকেণ্ডারী এডুকেশন বিলের ওপর বক্তৃতা রাখতে চেয়েছিলাম তখন বাধা দেওয়া হয়েছিল। মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি একজন শিক্ষক, কাজেই আমার বলার দরকার ছিল, কিন্তু আমি বাধা পাচ্ছিলাম।

[2.40 to 2 50 p.m.]

এই বিলটা যা শিক্ষামন্ত্রী হাউসে উপস্থাপিত করেছেন তাকে আমি সমালোচনা সহকারে সমর্থন করছি। পশ্চিমবাংলায় এর পূর্বে শিক্ষা সংক্রান্ত বিষয়ে এইরকম সুদূরপ্রসারী পরিকল্পনা আসে নি। তিনি শিক্ষা বিভাগের সঙ্গে ওতপ্রোতভাবে জড়িত ব'লে পশ্চিম বাংলার শিক্ষা ব্যবস্থাকে খানিকটা ভালোর দিকে নিয়ে যাবার জন্য ব্যাপক পরিবর্তন করার চেষ্টা করছেন। কিন্তু এসত্ত্বেও এই বিলটা নিখুঁতভাবে এসেছে একথা বলা যায় না। বিভিন্ন ফ্যাকালটি থেকে ইউনিভার্সিটিতে নির্বাচনের মাধ্যমে ছাত্র প্রতিনিধি যাবার নিয়ম হয়েছে। সেনেটে ছাত্ররা অসুবিধার কথা বলার অধিকার পাবে। কিন্তু পলিসি মেকার সেনেটের মধ্যে আর একটি প্রতিষ্ঠান আছে সিনডিকেট। আমরা দেখতে পাই যাদবপুর, নর্থ বেঙ্গল, বর্ধমান

ইউনিভার্সিটিতে দি ইউনিভার্সিটি এবং একজিকিউটিভ কাউনসিল ব'লে ২টো প্রতিষ্ঠান আছে এবং ক্যালকাটা ইউনিভার্সিটির সেনেট এবং সিনডিকেট আছে। কিন্তু এই দুটোর মধ্যে বিরাট ব্যবধান আছে। এটা থাকা প্রয়োজন। সেনেটের মধ্যে প্রতিনিধি রাখার ব্যবস্থা ক'রে তাদের বক্তব্য রাখার সুযোগ দিচ্ছেন। অথচ ছোট্ট একটা বডি সিণ্ডিকেট থেকেই সমস্ত অ্যাডমিনিস্ট্রেশন পরিচালিত হচ্ছে। সেখানে বড় বড় পোস্ট যাঁরা হোল্ড ক'রে আছেন তাঁরাই কেবলমাত্র ক্ষমতায় আছেন। কিন্তু পশ্চিম বাংলার শিক্ষিত মানুষকে অ্যাডমিনিস্ট্রেশন-এর কাছে নিয়ে যাবার পরিকল্পনা যদি না থাকে তাহ'লে সেনেটে নিয়ে গিয়ে এ সমস্যার সমাধান হবে না। সেজন্য সিনডিকেটের উপর সেনেটের কিছু কণ্ট্রোল থাকা উচিত ব'লে মনে করি। সেজন্য অনুরোধ করব শিক্ষামন্ত্রী এমতবস্থা একটু বিবেচনা করুন যাতে ভবিষ্যতে ছাত্ররা সিনডিকেটে গিয়ে অ্যাডমিনিস্ট্রেশন পরিচালনার ক্ষেত্রে অংশগ্রহণ করতে পারে। আমরা দেখতে পাচ্ছি ক্যালকাটা ইউনিভার্সিটি বা বর্ধমান বা যাদবপুর বা নর্থ বেঙ্গল ইউনিভার্সিটি ইত্যাদি সমস্ত জায়গায় পোস্ট-গ্রাজুয়েট-এ যাঁরা আছেন তাঁদের থেকে একজামিনেশন-এর ভিত্তিতে ভাইস- চ্যান্সেলর কয়েকজনকে নমিনেট বা অ্যাপয়েণ্ট করবেন। এটা একটা অগণতান্ত্রিক পদ্ধতি ব'লে এ বিষয়ে শিক্ষামন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি। বহুদিন থেকে ছাত্রদের ইউনিভার্সিটি, সেনেটে যাবার জন্য যে দাবিদাওয়া ছিল সেটার খানিকটা তিনি মঞ্জুর করেছেন। কিন্তু আমরা দেখতে পাচ্ছি এমনভাবে নিয়েছেন যে ভাইস-চ্যান্সেলর নোমিনেট করছেন বা অ্যাপয়েণ্ট করছেন। এতে দেখা যাচ্ছে কতকগুলি পোটোয়া ছাত্রকে তিনি বেছে নেবার সুযোগ রেখে দিয়েছেন। আর একটা কথা পরিষ্কার ব'লে দিতে চাই সেটা হচ্ছে ভাইস- চ্যানসেলরের সঙ্গে অন্য কারোর গোলযোগ হচ্ছে, সেই গোলযোগে কিছু ছাত্রকে তাঁর পক্ষে টানবার জন্য তিনি চক্রান্ত ক'রে নোমিনেট বা অ্যাপয়েণ্ট ক'রে নিয়ে আসতে পারেন। যেক্ষেত্রে তিনি পশ্চিমবংগের শিক্ষাজগতে একটা সুষ্ঠু পরিবেশ সৃষ্টি করার চেষ্টা করবেন সেখানে সুষ্ঠু পরিবেশ সৃষ্টি না হয়ে একটা অরাজকতা আসতে পারে। সেজন্য সেই ক্লজটা হয় ওমিট করা হোক, কিংবা সঠিক নির্বাচনের ব্যবস্থা করা হোক। সর্বোপরি সহজ পথ হচ্ছে ইলেকশান ভিত্তি হয় তাহ'লে বলুন যে যিনি ফার্স্ট হবেন তিনি সেই পদের অধিকারি হবেন। এই নীতি যদি হত তাহ'লে আমার কোন আপত্তি থাকত না। কিন্তু নোমিনেট করবেন, অর্থাৎ যাকে খুশি তিনি ইচ্ছামত বেছে নেবেন। মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি বলছি এই ক্লজটা একেবারে অগণতান্ত্রিক হয়েছে। অধ্যক্ষ মহাশয়, যাদবপুর ইউনিভার্সিটির ক্ষেত্রে যা হয়েছে ক্যালকাটা ইউনিভার্সিটির ক্ষেত্রেও তাই হচ্ছে, প্রত্যেকটা ইউনিভার্সিটির ক্ষেত্রে যে নিয়ম ক'রে দিয়েছেন তাতে আমার আপত্তি আছে। আমি মাননীয় শিক্ষামন্ত্রীর কাছে আবেদন করব এই সম্বন্ধে তিনি যেন চিন্তা করেন এবং পরবর্তী যে অধিবেশন হবে সেই অধিবেশনে তিনি এই বিষয়ে সংশোধন করার জন্য যেন চেষ্টা করেন। আর একটা কথা হচ্ছে যাঁরা অশিক্ষক কর্মচারী, যাঁর শিক্ষাজগতের সমস্ত কিছুর সঙ্গে ওতপ্রোতভাবে জড়িত আছেন, অ্যাডমিনিস্ট্রেশন যাঁরা পরিচালনা করছেন তাঁদের দাবিদাওয়া ছিল সদস্য হিসেবে যাওয়া। কিন্তু মাননীয় শিক্ষামন্ত্রীমহাশয় যে বিল এনেছেন তার মধ্যে অশিক্ষক কর্মচারীদের কোন স্থান দেওয়া হয় নি। সিনডিকেট বলুন, সিনেট বলুন, প্রত্যেকটি জায়গায় তাঁদের সাজেশানের প্রয়োজন আছে। মাননীয় শিক্ষামন্ত্রীমহাশয় এমন সব বিল আনছেন যে বিল একটা সেসানে পাস হল, তার পরবর্তী সেসানে দেখা যাচ্ছে সেই বিলের সংশোধনী এনেছেন। আমরা দেখলাম কলেজ টিচার্স সিকিউরিটি অব সার্ভিস বিল সিলেক্ট কমিটিতে ঠিক হ'ল, শিক্ষামন্ত্রীমহাশয় সংশোধনী নিয়ে আসলেন। অশিক্ষক [illegible] বহু দুঃখ ব্যথা পুঞ্জীভূত হয়ে আছে, তাদের যদি নেওয়া হয় তাহ'লে তাদের সেই ব্যথার কথা বলতে পারবে এবং সমস্ত পশ্চিমবঙ্গের ছবি যাদের চোখের সামনে উদ্ভাসিত হয়ে আছে সেটা তারা বলতে পারবে। কিন্তু তাদের এই বিলে স্থান দেওয়া হয় নি। মাননীয় অধ্যক্ষ মহাশয় সর্বশেষে আর একটা কথা বলতে চাই যেটা মনোরঞ্জনবাবু বলেছেন। সেটা হচ্ছে সিডিউলড কাস্ট এবং সিডিউলড ট্রাইবসদের কথা। এই সিডিউলড কাস্ট এবং সিডিউলড ট্রাইবস এরা কি আমাদের পশ্চিমবঙ্গের অধিবাসী নয়? এরা কি ভারতবর্ষের নাগরিক নয়? এরা কি লেখাপড়া শেখেন নি? এঁদের ঘর থেকে কি এম এ, ডক্টোরেট

কেউ হন নি? নিশ্চয়ই হন। কিন্তু তাঁদের কোন রকম স্থান এই বিলের মধ্যে আমরা দেখতে পেলাম না। কাজেই আমি শিক্ষামন্ত্রীকে অনুরোধ করব তিনি যেন এই সম্বন্ধে চিন্তা করেন। সিডিউলড কাস্ট এবং সিডিউলড ট্রাইবস যারা নিচে পড়ে আছে, যারা অবহেলিত লাঞ্ছিত পদদলিত সমাজের মানুষ, যাদের সর্বোচ্চ স্থানে নিয়ে আসার জন্য কোটি কোটি টাকা সরকার খরচ ক'রে যাচ্ছেন, তাদের সামান্য পদটুকু এই বিলের মধ্যে দিতে আমরা কুণ্ঠা বোধ করছি। মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি অত্যন্ত দুঃখ এবং পরিতাপের সঙ্গে বলছি তাদের সিনেটে আসার একান্ত প্রয়োজনীয়তা আছে। এই প্রসঙ্গে আমি বলব, "যাদের তুমি পশ্চাতে ফেলেছ, সে তোমারে পশ্চাতে টানিবে"। যাদের আপনি অবহেলা করছেন ঘৃণা করছেন, যাদের আপনি স্থান দেন নি তারা কিন্তু আপনাকে ক্ষমা করবে না এবং অন্তরীক্ষে একজন আছেন যিনি এই সৃষ্টি করেছেন তিনিও আপনাকে ক্ষমা করবেন না। এই কথাগুলি ব'লে আমি এই বিল সমালোচনা সহকারে সমর্থন করে আমার বক্তব্য শেষ করছি।

[2.50 – 3.00 p.m.]

শ্রীঅসমঞ্জ দে : মাননীয় অধ্যক্ষ মহাশয়, আজকে বিধানসভায় পশ্চিমবাংলার মাননীয় শিক্ষামন্ত্রী দি ওয়েস্ট বেঙ্গল ইউনিভার্সিটিজ (অ্যামেণ্ডমেন্ট) বিল, ১৯৭৫ যেটা উত্থাপন করেছেন আমি সভার একজন সদস্য হিসেবে তাকে সর্বান্তকরণে সমর্থন করছি। সমর্থন করছি এই কারণে যে এই বিল আজকে পশ্চিম বাংলার শিক্ষাজগতে এক নূতন দৃষ্টিভঙ্গির পরিচয় বহন করছে। আজকে এই বিল উত্থাপনের মধ্য দিয়ে বিশ্ববিদ্যালয় পরিচালনার ক্ষেত্রে ছাত্র প্রতিনিধিত্বের দাবি স্বীকৃতির মাধ্যমে নিশ্চিতভাবেই আমাদের সরকার যে প্রগতিশীল সরকার তার প্রতিফলন আমরা দেখতে পাই। আজকে নিশ্চিতভাবে পশ্চিম বাংলার একজন সাধারণ নাগরিক হিসাবে এটা স্বীকার করতে হয় যে পশ্চিম বাংলায় যত বিশ্ববিদ্যালয় আছে সমস্ত বিশ্ববিদ্যালয়কে কেন্দ্র ক'রে আজকে পশ্চিম বাংলার লক্ষ লক্ষ মানুষ এর যে পুঞ্জীভূত অভিযোগ সে অভিযোগ হচ্ছে পরিচালন ব্যবস্থা সম্পর্কে, সে অভিযোগ হচ্ছে পরীক্ষা নিয়ে, সে অভিযোগ হচ্ছে প্রশ্নপত্র ও সমস্ত ব্যাপার সম্পর্কিত। স্বভাবতই শিক্ষা ব্যবস্থায় এই নৈরাশ্য দূর করতে গেলে পরিচালন ব্যবস্থার কাঠামোগত পরিবর্তন প্রয়োজন ও গুণগত পরিবর্তন প্রয়োজন। এর আগে পশ্চিম বাংলার বিশ্ববিদ্যালয় যাঁরা পরিচালনা করেছিলেন অবস্থার পরিবর্তনের সাথে সাথে যখন প্রয়োজন অনুভব করেছিলেন সেই অনুভূত প্রয়োজনের পরিপ্রেক্ষিতে তাঁরা ক্ষুদ্র ক্ষুদ্র, খণ্ড খণ্ড, ছিন্নবিছিন্ন ডিস্ট্রিক্ট সংশোধন এনেছিলেন। কিন্তু এই খণ্ড খণ্ড, ক্ষুদ্র ক্ষুদ্র, ছিন্নবিছিন্ন বা ডিসট্রিক্ট সংশোদনের মাধ্যমে প্রকৃত মূল সমস্যার কোন সমাধনে হয় নি। আজকেই হচ্ছে প্রথম যেদিন পশ্চিমবঙ্গ সরকার চিন্তা ক'রে পশ্চিবঙ্গ বিধানসভায় সমগ্র সমস্যার সুরাহার জন্য একটা ইনটিগ্রেটেড অ্যাপ্রোচ - একীভূত চিন্তা এবং পরিকল্পনা বাস্তবে কার্যকরী করতে গিয়ে সমস্ত বিশ্ববিদ্যালয়গুলি তাদের নিজস্ব স্বাতন্ত্র ঐতিহ্য বজায় রেখে ওকি ধরনের আইনের দ্বারা পরিচালিত হতে পারে বা বিশ্ববিদ্যালয় পরিচালনার ক্ষেত্রে আইনের সমতা রক্ষিত হয় সে কথা চিন্তার পরিপ্রেক্ষিতে আজকে এই শিক্ষামন্ত্রীমহাশয় বিল আনবেন বলে আমি মনে করি। সার্বিক সুসংহতভাবে বিশ্ববিদ্যালয় পরিচালনার একটা নূতন পদক্ষেপ সৃষ্টি করা হ'ল তা আমরা দেখতে পাচ্ছি। আমরা জানি যে বিশ্ববিদ্যালয় পরিচালনা এবং শিক্ষা সংস্কারের জন্য গজেন্দ্রগাদকর কমিশনের ছাত্র প্রতিনিধিত্বের কথা স্বীকার করতে হবে। কারণ শিক্ষার ক্ষেত্রে ছাত্র বিশৃঙ্খলা, নৈরাশ্য, পাঠ্যসূচি এবং এই সমস্ত ব্যাপারে সমাধান করতে গিয়ে ছাত্র প্রতিনিধিত্বের সুযোগ করা দরকার ও তাদের এই পরিচালনার ক্ষেত্রে নেতৃত্ব সৃষ্টি করার সুযোগ নিশ্চয়ই সরকার পক্ষ থেকে স্বীকার করা দরকার। আমি একটা কথা না ব'লে পারছি না। আমাদের বিরোধী দলের সদস্য শীশ মহম্মদ সাহেব চলে গেলেন। তিনি যা বলেছেন তাতে আমার মনে হয় যে তিনি বিলটা পড়েন নি। তিনি বলেছেন যে, ইউনিভারসিটিতে ভাইসচান্সেলার দলবাজী করবার জন্য পেটোয়া ছেলেদের নমিনেশান করবেন। স্যার, তিনি বিলটা পড়েও দেখেন নি। কলকাতা বিশ্ববিদ্যালয়ের ক্ষেত্রে বলব কতজন ছাত্র প্রতিনিধি

থাকবে তা বলা আছে। তার মধ্যে ১৪ জন হচ্ছে ইলেকটেড, ৩ জন অ্যাপয়েন্টেড বাই ভাইসচ্যান্সেলর। সুতরাং কি যে মহাভারত অশুদ্ধ হয়ে যাচ্ছে তা জানি না। শুধু তাই নয়, তিনি বলেছেন যে পেটোয়া লোকেদের নেওয়া হবে। গজেন্দ্রগাদকর কমিশন বলেছেন যারা বেস্ট স্টুডেন্ট প্রত্যেক ক্যাকালটি থেকে নমিনেট করার ক্ষেত্রে ক্ষমতা ভাইসচ্যান্সেলারের থাকবে, ভাইসচ্যান্সেলার কিন্তু নিজের খেয়ালখুশীমত নমিনেট করতে পারবেন না। বিলটা যদি উনি পড়েন স্যার, বিলের শেষ পাতায় ১০/১২-এর মধ্যেই লেখা আছে পরিষ্কারভাবে যে...

Three persons, one each from the post-graduate students of the faculties of arts, commerce and science, nominated by the vice-chancellor on the basis of the results in the preceding degree examination of the university.

অর্থাৎ স্যার, উনি বলেছেন যে দলবাজী করার জন্য পেটোয়া লোকেদের সাহায্য করবেন ঐ দল বাড়াবার জন্য করা। এই চিন্তা তার দৃষ্টিভঙ্গী থেকেই তিনি বিচার করেছেন, বিলের একটা পাতাও পড়েন নি। পড়েন নি ব'লেই তিনি দলবাজীর কথা বলছেন। এখানে পরিষ্কার ক'রে বলা আছে যেমন কলকাতা বিশ্ববিদ্যালয়ে ১৭ জন প্রতিনিধি থাকবে। ১৪ জন ইলেকটেড হবে, তিনজন ভাইসচ্যান্সেলার নমিনেট করবে এবং গজেন্দ্রগাদকর কমিশনের সুপারিশও ছিল সেখানে। সুতরাং [illegible] বাধা আছে। এর পরেও সেখানে বলা আছে যে (on the basis of the results in the preceding degree examinations of the University)সেখানে দলবাজী বা পেটোয়া লোককে নির্বাচিত করার কোন স্কোপ বা সুযোগ নেই।

এখানে এক্স-কে নেব কি ওয়াই-কে নেব, দলবাজী বা পেটোয়া লোককে নির্বাচন করার বা নিযুক্ত করার কোন অধিকার নেই। কোন স্কোপ বা কোন সুযোগ [illegible] নেই। এজন্য মাননীয় বিরোধীদলের সভ্যদের বলি যে সমালোচনা করার আগে বিলটা পড়ে তাঁরা যেন বক্তব্য রাখেন। সেই অনুরোধই জানাচ্ছি। শীশ মহম্মদ সাহেবকে বুঝাবার জন্য এই কথা বললাম যদিও তিনি এখন এখানে নেই। আর একটি কথা আমি মাননীয় সদস্যদের সঙ্গে নিশ্চয়ই একমত যে সিনেটের ছাত্র প্রতিনিধিদের অংশগ্রহণের দাবিকে স্বীকৃতি দেওয়া একটা দৃঢ় পদক্ষেপ নেওয়া হয়েছে ব'লে আমি মনে করি কিন্তু সিনেট পলিসি প্রেসক্রিপশন করে, জেনারেল পলিসি ঠিক করে। নানাধরণের স্পেসিফিক পার্টিনেন্ট প্রবলেম সিনডিকেট একজিকিউট করে। সিনেটের কোন রকম ক্ষমতা নেই, যা পলিসি ক'রে দেয় সিনডিকেট তা করল কিনা সেটা দেখবারও কিন্দুমাত্র ক্ষমতা নেই। ছাত্রদের নানা দাবি দীর্ঘদিন ধ'রে আছে, সিনেটের মিটিং-এ যখন তারা বিভিন্ন দাবিদাওয়া নিয়ে ডেপুটেশনে আসে তাদের দাবিদাওয়া যদি সঙ্গত হয়, তার যৌক্তিকতা থাকে সেইসমস্ত আলোচনা সিনেটে কিন্দুমাত্র হয় না। সেই দিক থেকে ছাত্রদের এই দীর্ঘদিনের দাবি স্বীকৃতি পাবে ব'লে আমরা নিশ্চয়ই আনন্দিত। একজিকিউটিভ কাউন্সিলে বা একাডেমিক কাউন্সিলের কথা বলতে গিয়ে ছাত্রদের প্রতিনিধিদের দাবি স্বীকার ক'রে নেওয়ার জন্য আমরা চাইছি কিন্তু আমরা জানি ক্ষমতার লালসা একটা বিরাট ব্যাপার, এর কোন শেষ নেই। কিন্তু এও জানি যে সিনেটের আদতে বিশেষ কোন ক্ষমতা নেই, তাদের প্রতিনিধিত্বের দাবি স্বীকার ক'রে নিয়ে তাদের অভাব-অভিযোগ নিরসন করার ক্ষমতা যদি তাদের হাতে তুলে দেওয়া হয় সিনডিকেটে, অ্যাকাডেমিক কাউন্সিল এবং একজিকিউটিভ কাউন্সিলে তাদের প্রতিনিধিত্ব করার সুযোগ যদি তাদের হাতে দেওয়া হয়, ক্ষমতার লালসাকে যদি এইভাবে ব্যাখ্যা করা হয়, আমার মনে হয় ছাত্রদের প্রতি অবিচার করা হবে। তবে মাননীয় মন্ত্রীমহাশয় বলেছেন এটা টেক অফ টেজ, তিনি এও বলেছেন যে

এই টেক অফ টেজ থেকে ইকনমিক সাইকেল অর্ডারে পাবে ম্যাচিওরিটি আসবে। তাতে ছাত্রদের প্রতিনিধিত্বের দাবিকে তিনি আগামীদিনে স্বীকার ক'রে নেবেন। এ ছাড়া আমরা খুব আনন্দিত যে এতদিন পর্যন্ত কলিকাতা বিশ্ববিদ্যালয়ে ছাড়া আর কোন বিশ্ববিদ্যালয়ে এই জনপ্রতিনিধিত্বের দাবিকে স্বীকার ক'রে নেওয়া হয়নি। জনপ্রতিনিধিরা শাসন ব্যবস্থার প্রত্যক্ষ অংশীদার। এখন প্রত্যেকটা বিশ্ববিদ্যালয়ে জনপ্রতিনিধিদের প্রতিনিধিত্বের ব্যবস্থা হয়েছে বলে আমরা আনন্দিত। অনেক মাননীয় সদস্য অশিক্ষক কর্মচারীদের কথা বলেছেন। তারা হচ্ছে পার্ট অ্যাণ্ড পার্সেল অব দি অ্যাডমিনিস্ট্রেশন। প্রশাসন ব্যবস্থাকে যদি সুষ্ঠুভাবে পরিচালনা করতে হয় তাহ'লে যারা পার্ট অ্যাণ্ড পার্সেল অব দি টোটাল অ্যাডমিনিস্ট্রেশন যেমন শিক্ষক আছেন, অভিভাবক আছেন, ছাত্র আছেন অথবা অশিক্ষক কর্মচারী আছেন তাঁদের উপযুক্ত স্বীকৃতি দিতে হবে। আমি আশা করছি মন্ত্রীমহাশয় এই বিষয়ে চিন্তা করবেন। আর একটা কথা আমি বলতে চাই, বর্ধমান ইউনিভার্সিটিতে ফ্যাকালটির রিপ্রেজেনটেটিভ নেই, সেটা স্বীকার করে নেবেন। কল্যাণী ইউনিভার্সিটিতে যেখানে বলা হয়েছে যে কমার্সের রিপ্রেজেনটেটিভ থাকবে, বর্ধমান ইউনিভার্সিটিতে কমার্স ডিপার্টমেণ্টে নেই সেটা খোলার সম্ভাবনা আছে, কল্যাণী ইউনিভার্সিটির জন্য যে প্রভিসন করা হয়েছে বর্ধমান ইউনিভার্সিটির জন্যও সেই প্রভিসন করা উচিত। আর একটা কথা আমি বলতে চাই, আমি নদীয়ার ছেলে - সব ইউনিভার্সিটিতে গার্ডিয়ানস রিপ্রেজেনটেটিভ আছে, কল্যাণী ইউনিভার্সিটিতে গার্ডিয়ানস রিপ্রেজেনটেটিভ নেই সেখানেও গার্ডিয়ানস রিপ্রেজেনটেটিভ নেওয়া হোক।

[3.00 – 4.00 p.m.]

আমার মনে হয় এটা অসম্পূর্ণ থেকে গিয়েছে। অনারেবেল মিনিস্টার, কল্যাণী ইউনিভার্সিটিতে অভিভাবকদের প্রতি যাতে ন্যায্য বিচার হয় এবং গার্ডিয়ানদের প্রতিনিধিত্ব যাতে থাকে সেই ব্যবস্থা করবেন। যদিও এই বিলকে আমি বিশেষভাবে সমর্থন জানাচ্ছি এইটুকু সংশোধনীর মাধ্যমে, আমি নিশ্চয়ই মনে করি এই বিলকে কার্যকরী করতে গেলে, শিক্ষাক্ষেত্রে নৈরাজ্যের অবসান করতে গেলে, এর পরিচালনকে সুষ্ঠু করতে গেলে ছাত্র, শিক্ষক, অভিভাবক এবং কর্মচারী সকলের সার্বিক দায়িত্ব গ্রহণ করানোর জন্য সরকারকে নেতৃত্ব দেবার জন্য এগিয়ে আসতে হবে। আমি মনে করি এই যৌথ প্রচেষ্টায় এটা সার্থক হবে।

শ্রীশিবশংকর বন্দ্যোপাধ্যায় : মাননীয় অধ্যক্ষ মহাশয়, আজকে মাননীয় শিক্ষামন্ত্রীমহাশয় পশ্চিম বাংলার উচ্চশিক্ষার ক্ষেত্রে নূতন দিগন্ত খুলে দেবার জন্য যে বিল এনেছেন আমি তাঁকে সেইজন্য অভিনন্দন জানাচ্ছি। স্যার এ কথা অস্বীকার ক'রে লাভ নেই যে বিদেশী শাসন ব্যবস্থা এতদিন তাদের নিজেদের প্রয়োজনে উচ্চশিক্ষার ক্ষেত্র যেভাবে তৈরি করেছিল আজকে দেশ স্বাধীন হয়ে যাওয়ার পর সেইসমস্ত শিক্ষা ব্যবস্থাটাই অকেজো হয়ে গিয়েছে। তাই দেখতে পাচ্ছি উচ্চশিক্ষার ক্ষেত্রে বিশেষ ক'রে ইউনিভার্সিটিগুলিতে যেসব কাজকর্ম চলছে তাতে ছাত্রদের, গার্ডিয়ানদের, দেশের সাধারণ মানুষদের দারুণ অসন্তোষ রয়েছে। সেই অসন্তোষকে দূর করার জন্য ছাত্রদের মনে যে আশা-আকাঙ্ক্ষা আছে সেই আশা-আকাঙ্ক্ষাকে ইউনিভার্সিটির শাসন ব্যবস্থায় প্রতিফলিত করার জন্য, ইউনিভার্সিটির মরা গাঙে যৌবনের নূতন জোয়ার বইয়ে দেবার জন্য ছাত্রদের সেই ইউনিভার্সিটির প্রশাসন ব্যবস্থার সঙ্গে যুক্ত করার যে ব্যবস্থা নিয়ে আসা হয়েছে সেটা সত্যিই অভিনন্দনযোগ্য। ছাত্ররা তারা তাদের সুখ-দুঃখ, তাদের ব্যথা-বেদনা, তাদের আশা-নৈরাশ্যের কথা তাদের শিক্ষা ব্যবস্থার মধ্যে আনতে পারবে, ইউনিভার্সিটি পরিচালনা ব্যবস্থায় তারা নিজেরা যুক্ত হতে পারবে। ভবিষ্যতে তারা নিজেদেব সুষ্ঠু নাগরিক ক'রে তোলার সুযোগ পাবে এর চেয়ে অভিনন্দনযোগ্য আর কিছু হতে পারে না। কিন্তু এই ব্যাপারে আমাদের মাননীয় সদস্য হরশঙ্কর ভট্টাচার্য যে সহযোগিতাব হাত এগিয়ে দিয়ে আবার তা সংকুচিত করলেন সেইজন্য আমি

অত্যন্ত বেদনাবোধ করছি। সহযোগিতার হাত এগিয়ে দিলেন ছাত্রদের সহযোগিতার জন্য সিনেটে কিন্তু তিনি বললেন যে সিনডিকেটে ছাত্রদের নেওয়া হয় নি কেন সেইজন্য তিনি আবার তাঁর সহযোগিতার হাত সংকুচিত করলেন। আমি এই ব্যাপারে মাননীয়া সদস্যা ইলা মিত্রর একটি উক্তি খুব ইঙ্গিতপ্রদ ব'লে মনে করি। তিনি বলেছেন আমরা এটা ক'রে দেখি যে কেমন চলে, শিব গড়তে বাঁদর গড়া যেন না হয়ে যায় অর্থাৎ আমাদের ছাত্র সমাজের মধ্যে যে অসন্তোষ আছে, আমাদের ছাত্র সমাজের মধ্যে আজকের দিনে যে একটা নৈরাজ্যের ভাব বিদ্যমান আছে সেই হতাশা, সেই নৈরাজ্য যদি প্রশাসনের সর্বত্র এসে উপস্থিত হয় তাহ'লে ইউনিভার্সিটিতে লেখাপড়া না হয়ে কি হবে এটা দেখবার জন্য এটা একটা স্টেপ গ্যাপ অ্যারেঞ্জমেন্ট। আমরা দেখি, এর থেকে শিক্ষালাভ ক'রে, অভিজ্ঞতা যা হবে সেটা পেয়ে আবার আমরা সিণ্ডিকেটে ছাত্রদের এর মধ্যে নিয়ে আসব। বোধহয় এই ইচ্ছা নিয়ে এই বিল আনা হয়েছে। তাই আমি মনে করি এই ধরণের এখানে যে একটা প্রভিশন দেখিয়েছেন যে আমাদের ছাত্রদের পারফরমেন্স দেখে তার পরবর্তীকালে আবার তাদের সিণ্ডিকেটে নিয়ে আসব এই রকম একটা প্রভিশন এখানে রয়েছে ব'লে আমি মনে করি। তবে একটা কথা আমার কাছে অদ্ভুত লাগছে সেটা হচ্ছে যে এই যে ইউনিভার্সিটির সিনেটের মধ্যে জনপ্রতিনিধি নেওয়া হচ্ছে সেখানে যেসব নন-অ্যাফিলিয়েটেড ইউনিভার্সিটি আছে সেখানে নন-অ্যাফিলিয়েটেড ইউনিভার্সিটিতে কোন জনপ্রতিনিধি নেওয়া হয় নি। হয়তো শিক্ষামন্ত্রিমহাশয়ের যুক্তি হচ্ছে এই যে যেহেতু তাদের কোন জুরিসডিকশন নেই, অ্যাফিলিয়েটেড কলেজ নেই, সুতরাং কাদের কাদের নেব। আমার মনে হয় এটা কি ঠিক সেই উদ্দেশ্য নিয়ে করা? এখানে যে প্রতিনিধি আছে তাদের পোজিশন দেবার জন্যই কি করা? উদ্দেশ্য তো তা নয়। উদ্দেশ্য হচ্ছে জনসাধারণের মনের ভাব যাতে ক'রে এই প্রতিনিধিদের মাধ্যমে এর শাসন ব্যবস্থায় প্রতিফলিত হয় তার জন্য তো প্রতিনিধি নেওয়া। কলকাতা ইউনিভার্সিটিতে যেমন ইতিপূর্বে দুজন ক'রে এম. এল. এ.-দের ইলেক্টেড ক'রে পাঠানো হত, আমি অনুরোধ করব যদি সত্যি সত্যিই আমরা এইদিকে লক্ষ্য রেখে থাকি যে জনসাধারণের ইচ্ছাকেও ইউনিভার্সিটি প্রশাসনের মধ্যে প্রতিফলিত দেখতে চাই তাহ'লে এই নন-অ্যাফিলিয়েটেড ইউনিভার্সিটিতেও নিশ্চয়ই এম. এল. এ.-দের জনপ্রতিনিধিদের রাখা উচিত। এই অজুহাতে যেহেতু তাদের কোন এরিয়া অব অপারেশন নেই সুতরাং সেখানে কোন লোক দেবার দরকার নেই এই যুক্তিটা ঠিক হচ্ছে না ব'লে আমি মনে করি।

আমি অনুরোধ করব যে শিক্ষামন্ত্রী মশায়ের এদিকে দৃষ্টি দেবার প্রয়োজন আছে। অবশেষে যে কথা আমি বলছি সেটা হচ্ছে অশিক্ষক কর্মচারীদের কোন জায়গা এখানে দেওয়া হয় নি, তাদের অবস্থা ইউনিভার্সিটি প্রশাসনে এমন যে, যেন প্রদীপে পিলসুজের মত, অকারণ তেল বহন করছে, আলোক পাচ্ছে না, তারা যেন ব্রাত্য, এই অবস্থাই মনে হচ্ছে। সেজন্য অশিক্ষক কর্মচারীকে সামাজিক মানদণ্ডে অনেক ক্ষেত্রে প্রফেসার এবং ছাত্রদের থেকে তাদের অনেক নিচুস্তরে মনে করা হচ্ছে, তাদের যেন যথাযোগ্য মর্যাদা দেওয়া হয়।

সবশেষে মূল বক্তব্য যেটা সেটা হচ্ছে ইউনিভার্সিটি শাসন ব্যবস্থায় অধিক শিক্ষক এবং ছাত্ররা আসুন, এসে শিক্ষাক্ষেত্রে যে নৈরাজ্য চলছে তা দূর ক'রে ছাত্রদের মনের যে আশা-আকাঙ্খা পূরণ হয় সে ব্যবস্থা করুন এবং সত্যিকার তাদের যে সুষ্ঠু নাগরিক গড়ে তোলার সরকারের ইচ্ছা আছে, সেই ইচ্ছা যাতে সত্য সত্যই কার্যকরী হয়, আশা করি সেদিকে বলিষ্ঠ পদক্ষেপ গ্রহণ করবেন। এই ব'লে এই বিলকে অভিনন্দন জানিয়ে, আন্তরিক সমর্থন জানিয়ে বক্তব্য শেষ করছি।

(At this state the House was adjourned for 45 minutes)

(After adjournment)

[3.55 – 4.05 P.M.]

Mr. Speaker : I now call upon the Hon'ble Food Minister to make a statement under rule 346.

Statement under rule 346

Shri Prafulla Kanti Ghosh : Mr. Speaker, Sir, I beg to lay on the Table of the House a statement on the food policy for the 1975–76 kharif year. Sir, shall I read out the statement?

Mr. Speaker : When you are going to circulate the statement you need not read it because it would waste the time of the House. I now call upon Shri Naresh Chaki to speak.

Food policy for the 1975-76 kharif year,as laid on the Table by the Food Minister.

Shri Prafulla Kanti Ghosh : The salient features of the food policy which has been adopted by the State Government for the 1975-76 kharif year (November, 1975 to October, 1976) are indicated below :

I. Internal rice procurement :

1. **Procurement target :** The internal procurement taret has been fixed at three lakh tonnes in terms of rice. Procurement targets for individual districts have been communicated seperately.

The Food Corporation of India will continue to function as the State Government's agent for internal rice procurement and wholesale distribution.

2. **Methods of procurement :** In order to achieve the target the following methods of procurement will be adopted :

(i) A fifty percent levy on the production of rice mills out of their own paddy. A new levy order called the West Bengal Rice Mills (Control and Levy) Order, 1975, which came into force on November 1, 1975 in supersession of the order of 1975, was promulgated with the prior concurrence of the Central Government. A feature of the fresh levy order is that for the purpose of assessing the fifty percent levy, production of rice out of the rice-millers' own paddy shall be calculated with reference to the percentages of rice extraction specified for different areas in respect of different types and grades of paddy in sub-paragraph 6 of this paragraph.

As regards the levy-free portion of their production the rice mills will be allowed to dispose it of at the prevailing market price, and unless attempts are made by them to push up the market price artificially, the Government would not put trictions on their freedom of disposal. The District Officers will, however keep a careful watch over the price situation.

(ii) A graded levy on production of paddy holding more than 4 acres in irrigated areas and more than 6 areas in non-irrigated areas. Holdings under traditional boro and aus will be excluded from the purview of the proposed levy. The holding under all the high-yielding verieties will, however,come within the purview of the levy order. A new levy order called the West Bengal Foodgrains Procurement (Levy) Order, 1975, which came into force on November 1, 1975 in supersession of the order of 1974, was promulgated with the prior concurrence of the Central Government

The scales of levy are as follows :

Irrigated areas

(i)	Up to 4 acres ...	Nil
(ii)	Above 4 acres up to 5 acres ..	1 quintal of paddy per acre for the area in excess of 4 acres.
(iii)	Above 5 acres up to 7 acres .	1 quintal of paddy plus 3 quintals of paddy per acre for the area in excess of 5 acres
(iv)	Above 7 acres up to 10 acres	7 quintals of paddy plus 6 quintals of paddy per acre for the area in excess of 7 acres
(v)	Above 10 acres .	25 quintals of paddy plus 8 quintals of paddy per acre for the area in excess of 10 acres.

Non-Irrigated areas

(i)	Up to 6 acres ...	Nil
(ii)	Above 6 acres up to 10 acres ...	1 quintal of paddy per acre for the area in excess of 6 acres

(iii) Above 10 acres up to 14 acres... 4 quintal of paddy plus 4 quintals of paddy per acre for the area in excess of 10 acres.

(iv) Above 14 acres ... 20 quintals of paddy plus 6 quintals of paddy per acre for the area in excess of 14 acres

In the new levy order, the 29th day of February, 1976, has been fixed as the last date for delivery of levy As usual, a holding will mean the total area of lands held and cultivated by the producer as on the 1st October, 1975 or thereafter, due allowance being given for barga cultivation.

(iii) Purchase of stocks offered voluntarily for sale by producers through a network of direct procurement agents and by the Food Coroporation's own purchasing organisation.

(iv) Requisitioning of surplus of stocks held by producers/non-producers, as and when considered necessary by the District Officers, under the West Bengal Foodgrains (Requisitioning) Order, 1970.

3. **Procurement prices :** The procurement prices in respect of rice and paddy of fair average quality for the kharif year 1975-76 (effective from Novembewr 1, 1975) are as follows (in rupees per quintal) :

Type and grade	Paddy (exclusive of the cost of bag)	Rice (exclusive of the cost of bag)	Levy rice of the mills(exclusive the cost of bag)
(1)	(2)	(3)	(4)
1. Aus and boro of traditional types	70 70	119.00	121.25
2. Aman common	74.00	119.00	121.25
3. Aman fine	77.00	125.00	127.35
4. Aman superfine and aromatic	80.00	135.00	137.55

Notes : The prices specified in column (4) above are inclusive of the pro rata amounts of the tax levied under the West Bengal Paddy Purchase Tax Act, 1970, on paddy purchases by rice mills, while those specified

in column (3) are the basic procurement prices for rice.

For all high-yielding varities of paddy and rice including the varieties harvested in the summer and autumn months the same prices as indicated above for aman (according as a high yielding variety is classified as common, fine or superfine) will apply.

No bonus or premium will oe payable over and above the procurement prices mentioned above.

4. **Cordoning :** To facillitate rice procurement the following surplus districts and areas were cordoned off from November 1, 1975 :

Each of the districts of Bankura, Birbhum, Purulia, Midnapore, West Dinajpur and Cooch Bihar, the area comprising the Sadar Kalna and Katwa subdivisions of the district of Burdwan, Kandi subdivision of Murshidabad district and the area of Arambagh subdivision of Hoogly district to the west of the river Mundeswari. In addition, there is an internal cordon within West Dinajpur district around the area comprising Balurghat subdivision and that portion of Raiganj subdivision which lies to the east of the river Tangon

All these areas have been notified as specified areas for the purpose of cluse (iii) of paragraph 3 of the West Bengal Rice and paddy (Restrictions on Movement) Order, 1968, viz., for purpose of restricting export of rice and paddy therefrom (ref Notification No 16335F.S., dated the 23rd October, 1975)

In addition to the cordons indicated above, the State cordon will continue together with effective enforement of the cordoning around the statutorily rationed areas and strict enforcement of the food laws throughout the State

5. **Specifications :** The specifications for rice and paddy have been slightly modified at the instance of the Central Government in order to ensure better quality standards. These have been appened to the new levy orders.

6. **Extraction percentages :** The percentages of rice extraction adopted during the 1974-75 kharif year for the purpose of bani-milling of paddy internally procured by the Food Corporation will continue; these are shown below:

Type and grade	Entire West Bengal except Jalpaiguri, Cooch Behar and Darjeeling districts and Islampur sub-division of West Dinajpur district and sadar, Bashirhat and Diamond Harbour sub-divisions of 24-Parganas districts	Jalpaiguri, Cooch Behar and Darjeeling districts and Islampur subdivision of West Dinajpur district	Sadar, Basirhat and Diamond Harbour sub-divisions of 24-Parganas district.
(1)	(2)	(3)	(4)
1. Aman Common	66.67	66.00	66.67
2 Aman fine	66.00	65.00	66.67
3 Aman superfine	63.33	63.33	63.33
4. Aus and boro	63.50	63.50	63.50

II **Public Distribution of Foodgrains :** The existing system of statutory rationing in Greater Calcutta and in the Asansol-Durgapur industrial belt, fringe rationing in the deficit pockets around the Greater Calcutta Statutory Rationing Area and modified rationing in the rest of the State will continue.

III **Miscellaneous Food Laws Relating To Rice And Paddy :** The following food laws will continue during the 1975-76 kharif year :-

1. The West Bengal Rice and Paddy (Licensing and Control) Order, 1967. Under this order rice wholesalers are required to take

out licences, and retailers and bulk consumers of rice are not allowed to function without registration certificates. The order imposes a ban on paddy purchases by dealers other than the Food Corporation and rice- millers. In order to confine open market sales of paddy to bona fide consumers and to curb the activities of 'fariahs' operating through paddy-husking machines the limit of open market purchases of paddy by an individual consumer has also been fixd at one quintal on any particular day. Licensed wholesalers are not permitted to store more than 250 quintals of rice at a time registered retailers not more than 10 quintals at a time

2. **The West Bengal Rice and Paddy (storage by Consumers) Control Order, 1967** : Under this order no consumer family in the districts permitted to store more than 1.87 quintals of rice (or its paddy equivalent of 2,8 quintals) at any one time.

3 **The West Bengal Rice and Paddy (restriction on movement by Night) Order, 1969 :** This order prohibits movements of rice and paddy in the districts (except by railway wagons) between the hours of 9p.m. and 4a.m. except under permits, in order to prevent unlawful and clandestine movements under the cover of darkness.

4. **The West Bengal Husking Machines and Chira Mills (Regulation of Working Hours) Order, 1967 :** This order restricts the operation of paddy-hasking and chira mills to the day-time hours of 8a.m. to 5p m.

5 **The West Bengal Foodgrains (Requisitioning) Order, 1970 :** Under this order, surplus of rice and paddy of both producers and non-producers can be requisitioned, the requirements for consumption, seeds and other agricultural purposes calculated at certain prescribed scales being exempted The new procurement prices for rice are being incorporated in the order through suitable amendments

6. **The West Bengal Guests Control Order, 1975 :** Under this order, which is in force in statutory rationing and municipal areas of the State, a maximum number of 25 persons (including the host or hosts) can be entertained at ordinary parties and 50 persons (including the host or hosts) at parties in connection with marriages

or funerals with all foodstuffs including "prohibited foodstuffs", the expression "prohibited foodstuffs" meaning all cereals including their products and preparations therefrom and sweetmeats made from chhana (casein) or kshir. Where these maximum number are exceeded but the total number of participants in a party does not exceed 200, no prohibited foodstuff shall be searved to any of the participants. Where the number exceeds 200, only beverages and liquid refreshment and no foodstuff of any kind, whether prohibited or non-prohibited,can be served to the participants.

The District Officers have been instructed to take immediate necessary action for the successful implementation of the food policy for 1975-76.

IV. **Procurement Performance :** Procurement operations in the State have started in right earnest from 1st November, 1975. During November, 1975 the crop which has been harvested is mainly the high-yielding variety of paddy and the procurement made till 26th November, 1975 was of the order of 19,899 M. T. in terms of rice including the rice due from the rice mills by way of levy on their unmilled paddy compared to the procurement of 6,298 M. T. during the corresponding period of the procurement year 1974-75. The harvesting of the main aman crop will begin on a full scale from the second week of December, 1975

শ্রীনরেশচন্দ্র চাকী : মাননীয় অধ্যক্ষ মহোদয় মাননীয় শিক্ষামন্ত্রী যে ইউনিভার্সিটি অ্যামেন্ডমেন্ট বিল এনেছেন আমি সেই বিলকে সমর্থন করি এবং সমর্থন করতে গিয়ে মাত্র একটা পয়েন্টে আমার কিছু বক্তব্য বলতে চাই। ছাত্র প্রতিনিধি বিশ্ববিদ্যালয় সিনেটে বা ইউনিভার্সিটিতে নেওয়া হোক - এই দাবি বহুদিন ধ'রে ছাত্রেরা তুলে ধরছিলেন। সেই দাবি পূরণ হ'ল ভালই হ'ল। কিন্তু আমার মনে একটা বিরাট সংশয় আছে, সেই সংশয়টা হ'ল এই বিধানসভায় নির্বাচনের ক্ষেত্রে, লোকসভায় নির্বাচনের ক্ষেত্রে সভ্য হবার একটা বয়ঃসীমা বেঁধে দেওয়া আছে এতদিন সেখানে যাঁরা এডুকেশন পলিসি ফ্রেম করে দিতেন, তাই ইমপ্লিমেন্ট হয়ে আসছে। কিন্তু এতদিন ধরে পাকা পাকা এডুকেশনিস্টরা সেখানে থাকতেন, যেখানে ইমম্যাচিওর স্টেজ-এর কিছু ছাত্র কিছু যুবক সেখানে থাকেন তাঁদের কথা ও বক্তব্য তুলে ধরবার জন্য এবং সঙ্গে সঙ্গে তা সমস্ত শিক্ষা ব্যবস্থায় একটা পলিসির ব্যাপারে তাঁরা ইনফ্লুয়েন্স ক্রিয়েট করতে পারবেন এটা নিঃসন্দেহে বলা যেতে পারে। কিন্তু একটা কথা ভাল ছাত্র প্রতিনিধি সেখানে যাক তাতে আমাদের কোন আপত্তি নাই। প্রগতিশীল ব্যবস্থায় কিছু ভাল ছাত্র যাতে ইউনিভার্সিটির প্রতিনিধি হয়ে আসে সেজন্য কোন ব্যবস্থা বিলের মধ্যে নাই। যাঁরা নমিনেশনে যাবেন তাঁদের সম্বন্ধে কিছু বলার নাই। কিন্তু যারা ইলেকটেড হয়ে আসবে তাদের যোগ্যতা সম্বন্ধে বিলের মধ্যে বেঁধে দেওয়া উচিত ছিল। কেননা আমরা জানি জনপ্রতিনিধি নির্বাচনের বেলায় যারা সমাজবিরোধী, বা যারা জেল খেটেছে এমন

লোক আসতে পারে না - তারা প্রার্থী হবার অযোগ্য। এই রকম কোন ইমপোজিশন এই ছাত্র প্রতিনিধিদের নির্বাচনের ব্যাপারেও থাকা উচিত ব'লে আমি মনে করি।

[4.00 to 4.10 p.m.]

শিক্ষার সঙ্গে যুক্ত থেকে আমার তিক্ত অভিজ্ঞতা হয়েছে। মাননীয় স্পীকার মহাশয়, আপনারও অভিজ্ঞতা আছে। এইসব ছাত্ররা স্কুল কলেজের ইউনিভার্সিটির বিল্ডিং পোড়ায়, বেঞ্চও ভাঙে, অধ্যাপকদের মারধোর করে নাকাল করতে না দিলে। তারা অধ্যাপকদের ঠেঙিয়ে বৃন্দাবন দেখায়। এই সমস্ত আনরুলি ছাত্ররা তাদের জন্যেই ট্রেনে ট্রামে বাসে মাবোনেদের নিয়ে সাধারণ মানুষ যেতে পারে না। সেই উচ্ছৃঙ্খল ছাত্রসমাজ হয়ত খুবই মাইনরিটি, কিন্তু তারা অরগানাইজড। এবং এটা দেখছি যে এই অরগানাইজড মাইনরিটি রুলস ওভার আনঅরগানাইজড মেজরিটি। কাজেই আজকে কাদের প্রতিনিধি আসছে? তারা কি সেই উচ্ছৃঙ্খল ছাত্রসমাজের প্রতিনিধি? এই উচ্ছৃঙ্খল ছাত্রসমাজ ইউনিভার্সিটি এবং কলেজে বিভীষিকার সৃষ্টি করে, বেঞ্চও ভাঙে এবং ইউনিভার্সিটি কলেজের সম্পত্তি পোড়ায়। সেই উচ্ছৃঙ্খল ছাত্রসমাজ যারা বাহিরে এরূপ অবস্থার সৃষ্টি করেছে তারা যদি ইউনিভার্সিটির মধ্যে আসে তাহ'লে শিক্ষা ব্যবস্থা কাহিল হয়ে যাবে। আমি শিক্ষামন্ত্রীমহাশয়কে বলি যে ছাত্র প্রতিনিধি আসুক, ভাল কথা। কিন্তু আমার কথা হচ্ছে যেন ভাল ছাত্র আসে সে চিন্তা যেন তিনি করেন। এতে এরূপ ব্যবস্থা থাকা দরকার ব'লে আমি মনে করি। আনরুলি ইনডিসিপ্লিনড স্টুডেন্টস তারা মাইনরিটি হয়ে তাদের প্রতিনিধি পাঠাবে এবং এইভাবে তারা বিলের উদ্দেশ্য নষ্ট করবে। শিক্ষকসমাজ এবং শিক্ষাকে কলুষিত ক'রে দিয়ে বিলের সমস্ত উদ্দেশ্য ব্যহত করবে আমার এরূপ ধরনের একটা সন্দেহ আছে। সেই কারণে একটা উপযুক্ত ব্যবস্থা গ্রহণ করুন। এই উপযুক্ত ব্যবস্থা গ্রহণ করলে ধন্যবাদ দেব। এই কথা ব'লে এই বিলকে সমর্থন ক'রে আমি আমার বক্তব্য শেষ করছি।

শ্রীগণেশ হাটুই : মাননীয় অধ্যক্ষ মহাশয়, মাননীয় শিক্ষামন্ত্রীমহাশয় যে বিশ্ববিদ্যালয় অ্যামেণ্ডমেণ্ট বিল এনেছেন তাকে আমি আন্তরিকভাবে সমর্থন করছি। একে একটা বৈপ্লবিক বিল বলা যেতে পারে। বিশ্ববিদ্যালয় পরিচালন ব্যবস্থায় এতদিন ধ'রে যাদের নেওয়া হয়েছিল তাদের কিন্তু শিক্ষাজগতের সঙ্গে আদৌ যোগাযোগ ছিল না। যে বিশ্ববিদ্যালয় পরিচালন ব্যবস্থা বর্তমানে হচ্ছে তাতে শিক্ষক - কলেজ শিক্ষক ও অভিভাবকদের নিয়ে গঠিত হচ্ছে। যারা শিক্ষাজগতের সঙ্গে জড়িত তাদেরই প্রাধান্য দেওয়া হয়েছে। এটা ঠিক যে বিশ্ববিদ্যালয়ের ক্ষেত্রে সেনেটে ছাত্র প্রতিনিধি নেওয়া হচ্ছে। ছাত্রদের তরফ থেকে যে দাবি ছিল, সেটা মেনে নেওয়া হয়েছে। এটা খুবই ভাল কথা। তবে এই প্রসঙ্গে একটা কথা বলি। ছাত্রদের মধ্যে উচ্ছৃঙ্খলতা আছে। আমি এই কথা বলছি না যে সমস্ত ছাত্রই উচ্ছৃঙ্খল বা এই বিলের দ্বারা ছাত্র উচ্ছৃঙ্খলতা বন্ধ হয়ে যাবে, পরীক্ষা হলে গণ টোকাটুকি বন্ধ হয়ে যাবে। ছাত্রসমাজের মধ্যে যে গণ টোকাটুকি চলেছে তার জন্য ছাত্রসমাজই যে কেবল দায়ী এই কথা বলা যায় না। আমি মনে করি যে শিক্ষা পদ্ধতি এবং শিক্ষা ব্যবস্থার আমূল পরিবর্তন করতে হবে। গণ টোকাটুকি যেভাবে প্রবল আকারে দেখা দিয়েছে তা যদি আমরা দূর করতে না পারি তাহ'লে এই ছাত্রদের নিয়ে যে সেনেট কমপোজিশন হবে সেখানে কিপদ দেখা দিতে পারে। আর একটা কথা আমি বলব পরিচালন ব্যবস্থায় কলেজ শিক্ষক, বিশ্ববিদ্যালয় শিক্ষক, ছাত্র প্রতিনিধি ইত্যাদি থাকবে কিন্তু সিডিউল ট্রাইবসদের কথা দেখতে পাচ্ছি না। তাঁরা হয়তো নির্বাচিত হয়ে আসতে পারবেনও না। কাজেই আমি মনে করি যে তাঁদের জন্য রিজার্ভ সিট রাখা উচিত ছিল। আমি মাননীয় মুখ্যমন্ত্রীমহাশয়কে অনুরোধ করব তিনি এটা ভেবে দেখবেন তাঁদের জন্য রিজার্ভ সিট রাখা যায় কিনা। ছাত্রদের তরফ থেকে আমি একটা কথা বলতে চাই। ছাত্রদের এখানে যেটা নমিনেটেড দেওয়া আছে শ্রীশ মহম্মদ বলছিলেন সেই সম্বন্ধে যে ভাইস-চান্সেলারের নিজের

দল গড়বেন, কিন্তু আমি বলি সে সুযোগ নেই। তিন্নী এ[illegible] যারা ভাল ফল করবে তাদের নেওয়া হবে। এখানে তিনজন ছাত্রের মধ্যে অন্তত একজন সিডিউলড কাস্ট এবং সিডিউলড ট্রাইবের মধ্যে থেকে নমিনেটেড করার ব্যবস্থা থাকলে ভাল হত। তাঁরা এই সমস্ত ক্ষেত্রে অংশগ্রহণ করতে পারত। এই বিলে মোটামুটি দুটো জিনিষ আছে। আর একটা কথা বলি। অশিক্ষক কর্মীরা শিক্ষার সঙ্গে-জড়িত আছেন, এইসব অশিক্ষক কর্মচারীদের অনেক অভাব-অভিযোগ আছে। তাদের মধ্যে যদি অন্তত একজন প্রতিনিধি থাকতেন তাহ'লে তাঁরা সিনেটের কাছে তাঁদের বক্তব্য রাখতে পারতেন। পরে অ্যামেণ্ডমেণ্ট ক'রে অশিক্ষক কর্মচারীদের তরফ থেকে একজন প্রতিনিধি যাতে থাকতে পারেন সেই রকম ব্যবস্থা যদি করেন তাহ'লে ভাল হয়। বিলটা সর্বাঙ্গসুন্দর হতে পারত যদি আমরা সিডিউলড কাস্ট এবং সিডিউলড ট্রাইবস কমিউনিটির কথা একটু ভাবতাম। কোয়ালিফায়েড ভাল ছাত্র হয়ে থাকলে তাঁরা আসতে পারেন। কিন্তু তাতে তাঁরা অনেক সময় আসতে পারবেন না। আমরা তাঁদের কথা চিন্তা করি ঠিকই। কিন্তু যদি তাঁদের রাখতাম তাহ'লে তাঁরা তাঁদের বক্তব্য এখানে রাখতে পারতেন। এইজন্য শিক্ষামন্ত্রীকে অনুরোধ করব সিডিউলড কাস্ট এবং সিডিউলড ট্রাইবসের সেকশান থেকে একজন শিক্ষক এবং একজন ছাত্র আসতে পারেন তার ব্যবস্থা করুন। আমরা একথা বলছি না যে শিক্ষাক্ষেত্রে যে নৈরাজ্য চলছে এই বিলটা আনলে পরে এবং ছাত্রদের সিনেটে প্রতিনিধিত্ব দিলেই তা দূর হয়ে যাবে। কিন্তু ছাত্রদের মধ্যে যে বিশৃঙ্খলা চলছে, যে গণ টোকাটুকি করছে তারা যদি সিনেটে থাকে তাহ'লে তারা বুঝবে এইটা করা উচিত নয়। সেই দিক থেকে সুফল ফলতে পারে। এছাড়া শিক্ষাক্ষেত্রে যে নৈরাজ্য চলছে, গণ টোকাটুকি চলছে এটা বন্ধ করার জন্য আপ্রাণ চেষ্টা করছেন শিক্ষামন্ত্রী। আজকে অধ্যাপকরা সাহস করছেন না ডিউটি দিতে পরীক্ষার সময়। অনেক সময় এস ডি ও বা এই রকম র‍্যাঙ্কের লোক দিয়ে পরীক্ষা চালাতে হচ্ছে। এই রকম চললে শিক্ষার মান ক্রমশ অবনতির দিকে যাবে। সেই দিকে লক্ষ্য রেখে এবং যে সমস্ত কমপিটিটিভ এগজামিনেশন হবে– আই এ এস এবং ডব্লু বি সি এস পরীক্ষাতে আমাদের ছাত্ররা স্থান পাবে না। শিক্ষার যাতে মূলত উন্নতি হয় এবং শিক্ষা ব্যবস্থার পরিবর্তন ক'রে এই রকম অরাজক ব্যবস্থা যে চলছে তাথাতে দূর করা যায় তার জন্য নিশ্চয় শিক্ষামন্ত্রী ভাববেন। এই কটি কথা ব'লে আমি আমার বক্তব্য শেষ করছি। জয়হিন্দ।

[4 10 to 4.20 p.m.]

শ্রীপ্রদ্যোতকুমার মহান্তি : মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমাদের সামনে মাননীয় শিক্ষামন্ত্রী সিলেক্ট কমিটির মাধ্যমে ওয়েস্ট বেঙ্গল [illegible]ডিনিভার্সিটি (অ্যামেণ্ডমেণ্ট) বিল এনেছেন। এই বিলে মূলতঃ উচ্চশিক্ষা ব্যবস্থার পরিচালনায় ছাত্রদের প্রতিনিধিত্ব করবার সুযোগ এনে দেওয়ার ব্যবস্থা হয়েছে। সি পি আই দলের অধ্যাপক সদস্যবৃন্দ যাঁরা সিলেক্ট কমিটির সদস্য ছিলেন তাঁদের অবজার্ভেশন সিলেক্ট কমিটির রিপোর্টে যা লিপিবদ্ধ করেছেন তা আমি দেখেছি, তা আমরা পড়েছি। তাঁদের কেউ কেউ বক্তৃতা রেখেছেন আপনার অনুমতি নিয়ে এবং আশা করছি মাননীয় বিশ্বনাথ চক্রবর্তী মহাশয় হয়ত আপনার অনুমতি নিয়ে দু-চার কথা বলবেন। তাঁরা লিপিবদ্ধ করেছেন এই ব'লে যে এই বিল যুগান্তকারী বিল। এটা খুঁটিনাটি একটু-আধটু পরিবর্তন নয় এবং এটা যদি প্রয়োগ করা যায় তাহ'লে পশ্চিম বাংলার শিক্ষাক্ষেত্রে একটা যুগান্তকারী পরিবর্তন হবে, অধ্যক্ষ মহাশয়, আমি বুঝতে পারি না তা কি ক'রে হবে। কারণ, বিলে যেভাবে আছে তা হচ্ছে কেবলমাত্র সিনেটে ছাত্র প্রতিনিধি দেওয়া হবে প্রায় সমস্ত সিনেটের সদস্য-সংখ্যার একের ষোল অংশ। এই প্রতিনিধিত্ব করবার ব্যবস্থা ক'রে দিয়ে সেই পরিবর্তন করা কি সম্ভব হবে? একে সাম্রাজ্যবাদী শিক্ষা ব্যবস্থা বলুন, সাম্রাজ্যবাদী শিক্ষা পরিচালন ব্যবস্থাই বলুন, আর গতানুগতিক বা রক্ষণশীল শিক্ষা ব্যবস্থাই বলুন এই বিলের দ্বারা তার যুগান্তকারী পরিবর্তন আসবে কি ক'রে তা বুঝে উঠতে পারছি না। বিশেষ ক'রে গুণগত বা কাঠামোগত পরিবর্তন আনবে এই বিল সেটাও বলা চলে না। বিশেষ ক'রে পশ্চিম বাংলার অর্থনৈতিক যে অবস্থা, সামাজিক যে অবস্থা,

লোক আসতে পারে না - তারা প্রার্থী হবার অযোগ্য। এই রকম কোন ইমপোজিশন এই ছাত্র প্রতিনিধিদের নির্বাচনের ব্যাপারেও থাকা উচিত ব'লে আমি মনে করি।

[4.00 to 4.10 p.m.]

শিক্ষার সঙ্গে যুক্ত থেকে আমার তিক্ত অভিজ্ঞতা হয়েছে। মাননীয় স্পীকার মহাশয়, আপনারও অভিজ্ঞতা আছে। এইসব ছাত্ররা স্কুল কলেজের ইউনিভার্সিটির বিল্ডিং পোড়ায়, বেঞ্চও ভাঙে, অধ্যাপকদের মারধোর করে নাকাল করতে না দিলে। তারা অধ্যাপকদের ঠেঙিয়ে বৃন্দাবন দেখায়। এই সমস্ত আনরুলি ছাত্ররা তাদের জন্যেই ট্রেনে ট্রামে বাসে মাবোনেদের নিয়ে সাধারণ মানুষ যেতে পারে না। সেই উচ্ছৃঙ্খল ছাত্রসমাজ হয়ত খুবই মাইনরিটি, কিন্তু তারা অরগানাইজড। এবং এটা দেখছি যে এই অরগানাইজড মাইনরিটি রুলস ওভার আনঅরগানাইজড মেজরিটি। কাজেই আজকে কাদের প্রতিনিধি আসছে? তারা কি সেই উচ্ছৃঙ্খল ছাত্রসমাজের প্রতিনিধি? এই উচ্ছৃঙ্খল ছাত্রসমাজ ইউনিভার্সিটি এবং কলেজে বিভীষিকার সৃষ্টি করে, বেঞ্চও ভাঙে এবং ইউনিভার্সিটি কলেজের সম্পত্তি পোড়ায়। সেই উচ্ছৃঙ্খল ছাত্রসমাজ যারা বাহিরে এরূপ অবস্থার সৃষ্টি করেছে তারা যদি ইউনিভার্সিটির মধ্যে আসে তাহ'লে শিক্ষা ব্যবস্থা কাহিল হয়ে যাবে। আমি শিক্ষামন্ত্রীমহাশয়কে বলি যে ছাত্র প্রতিনিধি আসুক, ভাল কথা। কিন্তু আমার কথা হচ্ছে যেন ভাল ছাত্র আসে সে চিন্তা যেন তিনি করেন। এতে এরূপ ব্যবস্থা থাকা দরকার ব'লে আমি মনে করি। আনরুলি ইনডিসিপ্লিনড স্টুডেন্টস তারা মাইনরিটি হয়ে তাদের প্রতিনিধি পাঠাবে এবং এইভাবে তারা বিলের উদ্দেশ্য নষ্ট করবে। শিক্ষকসমাজ এবং শিক্ষাকে কলুষিত ক'রে দিয়ে বিলের সমস্ত উদ্দেশ্য ব্যহত করবে আমার এরূপ ধরনের একটা সন্দেহ আছে। সেই কারণে একটা উপযুক্ত ব্যবস্থা গ্রহণ করুন। এই উপযুক্ত ব্যবস্থা গ্রহণ করলে ধন্যবাদ দেব। এই কথা ব'লে এই বিলকে সমর্থন ক'রে আমি আমার বক্তব্য শেষ করছি।

শ্রীগণেশ হাটুই : মাননীয় অধ্যক্ষ মহাশয়, মাননীয় শিক্ষামন্ত্রীমহাশয় যে বিশ্ববিদ্যালয় অ্যামেণ্ডমেণ্ট বিল এনেছেন তাকে আমি আন্তরিকভাবে সমর্থন করছি। একে একটা বৈপ্লবিক বিল বলা যেতে পারে। বিশ্ববিদ্যালয় পরিচালন ব্যবস্থায় এতদিন ধ'রে যাদের নেওয়া হয়েছিল তাদের কিন্তু শিক্ষাজগতের সঙ্গে আদৌ যোগাযোগ ছিল না। যে বিশ্ববিদ্যালয় পরিচালন ব্যবস্থা বর্তমানে হচ্ছে তাতে শিক্ষক - কলেজ শিক্ষক ও অভিভাবকদের নিয়ে গঠিত হচ্ছে। যারা শিক্ষাজগতের সঙ্গে জড়িত তাদেরই প্রাধান্য দেওয়া হয়েছে। এটা ঠিক যে বিশ্ববিদ্যালয়ের ক্ষেত্রে সেনেটে ছাত্র প্রতিনিধি নেওয়া হচ্ছে। ছাত্রদের তরফ থেকে যে দাবি ছিল, সেটা মেনে নেওয়া হয়েছে। এটা খুবই ভাল কথা। তবে এই প্রসঙ্গে একটা কথা বলি। ছাত্রদের মধ্যে উচ্ছৃঙ্খলতা আছে। আমি এই কথা বলছি না যে সমস্ত ছাত্রই উচ্ছৃঙ্খল বা এই বিলের দ্বারা ছাত্র উচ্ছৃঙ্খলতা বন্ধ হয়ে যাবে, পরীক্ষা হলে গণ টোকাটুকি বন্ধ হয়ে যাবে। ছাত্রসমাজের মধ্যে যে গণ টোকাটুকি চলেছে তার জন্য ছাত্রসমাজই যে কেবল দায়ী এই কথা বলা যায় না। আমি মনে করি যে শিক্ষা পদ্ধতি এবং শিক্ষা ব্যবস্থার আমূল পরিবর্তন করতে হবে। গণ টোকাটুকি যেভাবে প্রবল আকারে দেখা দিয়েছে তা যদি আমরা দূর করতে না পারি তাহ'লে এই ছাত্রদের নিয়ে যে সেনেট কমপোজিশন হবে সেখানে কিপদ দেখা দিতে পারে। আর একটা কথা আমি বলব পরিচালন ব্যবস্থায় কলেজ শিক্ষক, বিশ্ববিদ্যালয় শিক্ষক, ছাত্র প্রতিনিধি ইত্যাদি থাকবে কিন্তু সিডিউল ট্রাইবসদের কথা দেখতে পাচ্ছি না। তাঁরা হয়তো নির্বাচিত হয়ে আসতে পারবেনও না। কাজেই আমি মনে করি যে তাঁদের জন্য রিজার্ভ সিট রাখা উচিত ছিল। আমি মাননীয় মুখ্যমন্ত্রীমহাশয়কে অনুরোধ করব তিনি এটা ভেবে দেখবেন তাঁদের জন্য রিজার্ভ সিট রাখা যায় কিনা। ছাত্রদের তরফ থেকে আমি একটা কথা বলতে চাই। ছাত্রদের এখানে যেটা নমিনেটেড দেওয়া আছে শ্রীশ মহম্মদ বলছিলেন সেই সম্বন্ধে যে ভাইস-চান্সেলারের নিজের

সৃষ্টি করার চেষ্টা করা। আমরা রাজনৈতিক দলগুলি সেই বাতাবরণ সৃষ্টি করতে পেরেছি কি? মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি আপনার মাধ্যমে শাসকদলের সদস্যদের বলব, শিক্ষামন্ত্রিকে বলব বিরোধিতা করলেও এই আইন পাশ হবে – কিন্তু এই আইন পাশ করা প্রহসন মাত্র হবে, এই আইন প্রয়োগ করা হলে "পশ্চিমবঙ্গ আলো থেকে অন্ধকারের দিকে যাবে" এই প্রতিনিধিত্বের ব্যবস্থা ক'রে দেবার জন্য। আজকে আমরা পশ্চিমবঙ্গে বিরোধী দলগুলির অবস্থা কি দেখছি? দেখছি সবাই রাজনৈতিক স্বার্থে এই বিলকে সমর্থন করছেন। আমরা একমাত্র বিরোধী দল হিসাবে এর প্রতিবাদ করছি। গুণগত কাঠামোগতভাবে সকল সদস্য সমর্থন করেছেন, বিল পাশ হয়ে যাবে। কিন্তু এর প্রয়োগ অত্যন্ত সংযতভাবে বিচক্ষণতার সঙ্গে ভেবে চিন্তে করতে হবে। মাননীয় শিক্ষামন্ত্রী তাঁর উদ্বোধনী ভাষণের সময় বললেন সবে মাত্র টেক অফ সিনেটে ছাত্রপ্রতিনিধিত্বের ব্যবস্থা করেছি, আস্তে আস্তে একজিকিউটিভ কাউন্সিল, সিণ্ডিকেটে নিয়ে যাবে। টেক অফ থেকে আস্তে আস্তে টেক অফ পশ্চিমবঙ্গ থেকে এডুকেশন শেষ হয়ে যাবে। প্রতিনিধিত্ব দিতে হবে সেইসমস্ত রেসপনসিবল অর্গানাইজেশন থেকে এবং সেই রেসপনসিবল অর্গানাইজেশন করার দায়িত্ব রাজনৈতিক দলগুলির বিশেষ ক'রে যাঁরা শাসনকার্য চালাচ্ছেন শাসক দলের – আমরা সমস্ত রাজনৈতিক দল সেই পরিবেশ সৃষ্টি করতে ব্যর্থ হয়েছি – আগে সেই পরিবেশ সৃষ্টি করা হোক, তারপরে আইনের প্রয়োগ হবে। আমরা বহুদিন আগে প্রাথমিক শিক্ষা বিল পাশ ক'রে দিয়েছি, কিন্তু আজ পর্যন্ত প্রয়োগ হয় নি। এখন এটা করা হ'ল কেন? কেবল সস্তায় বাহবা নেবার জন্য – এই সস্তায় বাহবা নেবার মতলবে ছাত্র-প্রতিনিধিত্বের ব্যবস্থা ক'রে দিয়ে পশ্চিম বাংলার ভাগ্য নিয়ে শুধু ছিনিমিনি খেলা হবে, প্রকৃত কাজ কিছু হবে না। তাই আমি শিক্ষামন্ত্রীকে বলব বিল পাশ হয়ে যাবে, কিন্তু বিলের প্রয়োগ বিচক্ষণতার সঙ্গে পরিবেশ দেখে, অবস্থা দেখে, অভিভাবকদের কথা শুনে, রেসপনসিবল স্টুডেন্টস অর্গানাইজেশনের কথা শুনে, শিক্ষকসমাজের কথা শুনে, পরীক্ষার্থীদের কথা শুনে, গণ টোকাটুকি, গণ অন্যায়, গণ অসামাজিক কার্য যেগুলি সঙ্ঘটিত হচ্ছে সেগুলি বন্ধ করার মত বাতাবরণ না সৃষ্টি ক'রে এই আইন যেন কার্যকরী না করা হয়। "শ্রদ্ধাবান লভতে জ্ঞানম" এই অবস্থা সৃষ্টি হবার পর এই বিল প্রয়োগ করা হোক – এই কথাকটি ব'লে গুণগত কাঠামোগতভাবে বিলের বিরোধিতা ক'রে আমি আমার বক্তব্য শেষ করছি।

শ্রীগিয়াসুদ্দিন আহমেদ : মাননীয় অধ্যক্ষ মহাশয়, দি ওয়েস্ট বেঙ্গল ইউনিভার্সিটিস (অ্যামেণ্ডমেণ্ট) বিল, ১৯৭৫-কে সমর্থন ক'রে কয়েকটি কথা বলছি। মাননীয় অধ্যক্ষ মহাশয়, প্রকৃত শিক্ষাই জাতির শক্তির উৎস এবং জাতির উন্নতির মূল। যে দেশে ভালো বা সুষ্ঠু শিক্ষা ব্যবস্থা চালু আছে সেই দেশের বা সেই জাতির সামনে যেসমস্ত সমস্যা আসে তারা তা সমাধান করতে পারে, কিন্তু যে দেশের শিক্ষা ব্যবস্থা সুষ্ঠু এবং বাস্তবমুখী নয় তারা জাতির সমস্যায় জর্জরিত হয়, সে সমস্যার সমাধান করতে পারে না, তারা হার মানে। স্যার, পশ্চিমবঙ্গের চিত্র যদি আমরা দেখি তাহ'লে দেখতে পাব যে আমাদের এই রাজ্যে যে শিক্ষা ব্যবস্থা চালু আছে তার মধ্যে এমন কিছু গলদ আছে যার জন্য আমাদের রাজ্যের সমস্যা আমরা ঠিকমত মেটাতে পারছি না এবং শিক্ষাজগতেও একটা নৈরাজ্যের সৃষ্টি হয়েছে। স্যার, মাননীয় শিক্ষামন্ত্রীমহাশয় আজকে যে বিল এনেছেন এই বিলটা পড়ে আমি যা বুঝেছি তাতে আমি এই বিলকে যুগান্তকারী বিল ব'লে অভিহিত করতে পারি কিনা সে বিষয়ে আমি খুব ডেফিনিট নই। তবে যুগান্তকারী এক হিসাবে মনে হয়েছে সেটা হচ্ছে, ঐ সিনেট যে সমস্ত লোক নিয়ে গঠিত হচ্ছিল বা যেসব সেক্টর থেকে তাদের নেওয়া হচ্ছিল তাঁরা শুধু চিরকাল চেয়ার জুড়ে বসেই থাকতেন, শিক্ষার কি হচ্ছে না হচ্ছে সে দিকে বিন্দুমাত্র দৃষ্টিপাত করতেন না। শিক্ষকদের রিপ্রেজেণ্টেশানের ব্যবস্থা ছিল ঠিকই কিন্তু সংখ্যা ছিল অত্যন্ত কম। গণতান্ত্রিক বিল হিসাবে আমি এটাকে বলতে পারি কারণ যথেষ্ট সংখ্যক শিক্ষককে নেবার ব্যবস্থা হয়েছে, গার্জেন এবং এম এল এ-দের নেবার ব্যবস্থা হয়েছে। এ ছাড়া আরও সংশ্লিষ্ট যাঁরা আছেন শিক্ষা দপ্তরের সঙ্গে, তাঁদের সকলের সহযোগিতায় আমরা আমাদের

এই শিক্ষা ব্যবস্থাকে কি ক'রে সুষ্ঠু ক'রে তুলতে পারি সে চিন্তার অবকাশ এই বিলে আছে। স্যার, সেইজন্য আমি একে কমপ্রিহেনসিভ এবং যুগান্তকারী বিল ব'লে অভিহিত করতে পারি। স্যার, এই প্রসঙ্গে বলি, এখানে মাননীয় সদস্য শ্রীনরেশচন্দ্র চাকি এবং শ্রীপ্রদ্যুতকুমার মহান্তি মহাশয় ছাত্রসমাজের প্রতি কটাক্ষ ক'রে যে কথা বললেন সেটা শুনে আমি তাজ্জব হয়ে গেলাম। ছাত্রদের হাতে আমিও শিক্ষক হিসাবে লাঞ্ছিত হয়েছি। কিন্তু আমার কথা হচ্ছে, সেই লাঞ্ছনার জন্য ছাত্রসমাজ কি দায়ী? আমরা এখানে অনেক শিক্ষক এম এল এ আছি, কলেজের, সেকেণ্ডারি স্কুলের, প্রাইমারি স্কুলের কিন্তু আমরা কেউই চাকরি থেকে ইস্তফা দিই নি। আমাদের চিন্তা করতে হবে আমি যে সাবজেক্ট পড়াই সেই সাবজেক্টের পরীক্ষায় ছাত্রা যদি টোকবার চেষ্টা করে তাহ'লে সেখানে ছাত্রদের দোষারোপ করতে পারি কিনা। তারপরে ছাত্রদের বয়স কমের কথা বলা হয়েছে। স্যার, ইংল্যাণ্ডে একটা ক্রুসিয়াল পিরিয়ডে প্রাইম মিনিস্টার হয়েছিলেন পিট দি ইঙ্গার মাত্র ২৩ বছর বয়সে। তারপর স্যার, কোঠারী কমিশন যেখানে ছাত্রদের রিপ্রেজেণ্টেশানের জন্য সুপারিশ করলেন সেখানে সেই ব্যবস্থাকে কি ক'রে আমরা সরাসরি সমালোচনা করতে পারি সেটা বুঝতে পারছি না। স্যার, ছাত্রসমাজ চিরকাল যেখানে ছিল সেখানেই আছে এবং ভবিষ্যতেও তাই থাকবে। তাদের যে ইনহ্যারেণ্ট কোয়ালিটিস, তাদের যে সারপ্লাস এনার্জি সেগুলি শিক্ষক এবং অভিভাবকরা গাইড করে। সেগুলিকে সাপ্লিমেণ্ট করাটাই হচ্ছে এই সমাজের কর্তব্য। তা কিন্তু হয় নি। আমরা সমাজের যারা নেতা আমরা ছাত্রদের আমাদের উদ্দেশ্যসাধনের জন্য নানান কাজে ব্যবহার করি। আমি মনে করি যে ছাত্রসমাজের উপর ব্রেম চাপানোর কোন যুক্তিসঙ্গত কারণ নেই। প্রসাঙ্গোত্তর হ'লেও একটা কথা বলতে চাই, শিক্ষা সংস্কার যখন হচ্ছে, শিক্ষার মান সম্পর্কে সমস্ত ইউনিভার্সিটিতে যেন একটা ইউনিফর্ম স্ট্যাণ্ডার্ড মেনটেন করার ব্যবস্থা করা উচিত এবং ফ্যাকালটিগুলি বাইফারকেটেড হয়ে মেডিকেল প্রফেশনে এক লাইনে সমস্ত মেডিকেল কলেজে সেম স্ট্যাণ্ডার্ডে যাতে পড়াশুনা করানো হয় তার জন্য চেষ্টা করা উচিত। এই কথা ব'লে সমর্থন জানিয়ে আমার বক্তব্য শেষ করছি।

অধ্যাপক চন্দ্রকুমার দে : মাননীয় অধ্যক্ষ মহাশয়, আজকে এই রকম একটা বিল আনার জন্য আমি অভিনন্দন জানাচ্ছি এবং এই প্রসঙ্গে আমার বক্তব্য হচ্ছে যে ছাত্রসমাজ আজকে নিশ্চয়ই খুব আনন্দিত হবে, তারা নূতন এই দায়িত্ব পেতে চলেছে এবং ছাত্রসমাজের যে আন্দোলন গত কয়েক বছর ধরে পশ্চিমবঙ্গে দেখছি, সেই আন্দোলনের এই রকম একটা শুভ পরিসমাপ্তি হচ্ছে সেজন্য আমিও খুব আনন্দিত যেরকম ছাত্রসমাজ আনন্দিত হচ্ছে। এই যে বিলটা এসেছে, এটা আসার পর আমার মনে হয় ছাত্র আন্দোলনের একটা বিরাট অংশ এখন দায়িত্ব এবং কর্তব্য গ্রহণ করার পর আন্দোলনের খানিকটা অংশ এখন ঢাকা পড়ে যাবে। ছাত্ররা এতদিন ধ'রে যে আন্দোলন ক'রে এসেছে সেই আন্দোলনের মধ্যে দায়িত্ব এবং কর্তব্যজ্ঞানের অভাব ছিল এবং সেই দায়িত্বজ্ঞানহীন, কর্তব্যজ্ঞানহীন আন্দোলন অনেক সময় ভয়ঙ্কর মূর্তি নিয়েছিল। আজকে মনে করি সেই ভয়ঙ্কর আন্দোলনের আবহাওয়া থেকে বাংলাদেশ রেহাই পাবে তাতে কোন সন্দেহ নেই। সেজন্য আমাদের মন্ত্রিমণ্ডলী এবং শিক্ষামন্ত্রীকে অভিনন্দন জানাচ্ছি। এই সম্পর্কে আমার প্রথম বক্তব্য হচ্ছে, ছাত্রসমাজে যে প্রতিনিধিত্ব দেওয়া হচ্ছে সেটা মাত্র এক বছরের জন্য। এক বছরের সেনেটে কয়টা সভা হয় জানান নি। তবে আমার যেটুকু খবর এক বছরের মধ্যে ২/৩টি সভা হয়ে থাকে। সুতরাং মাত্র এক বছরের জন্য যে ছাত্রপ্রতিনিধিত্ব দেওয়া হচ্ছে সেটাকে বাড়িয়ে অন্তত ২ বছর করা হোক তাহ'লে ছাত্রপ্রতিনিধিত্বের একটা গুরুত্ব আসবে ব'লে মনে করি। দ্বিতীয় বক্তব্য হচ্ছে ক্যালকাটা ইউনিভার্সিটি অ্যাক্টে গার্জিয়ানদের অ্যাফিলিয়েটেড কলেজের গভর্নিং বডিতে কোন রিপ্রেজেণ্টেশানের ব্যবস্থা নেই। অথচ এখানে সেনেট ব্যবস্থাতে ১৮ জন গার্জিয়ান তাঁরা মনোনীত হয়ে আসবেন। সুতরাং এটা কিছুটা অসঙ্গতি ব'লে মনে হচ্ছে। আশা করছি এই অভাবটি দূরীভূত হবে। আর তৃতীয় কথা হচ্ছে এই বিলটির সাহায্যে শুধুমাত্র আমাদের শিক্ষাজগতই নয়, আমাদের সমাজের একটা বিরাট ধরণের পরিবর্তন আসছে, যে পরিবর্তনটা আমরা

গ্রহণ করতে প্রস্তুত আছি। কিন্তু এই বিপ্লব আসার আগে ছাত্রসমাজের মধ্যে মানসিকতার দিক থেকে তৈরী হওয়ার প্রয়োজন আছে। তা যদি না হয় তাহ'লে আমি মনে করি যে এই বিপ্লব তাদের উপর চাপিয়ে দেওয়া হচ্ছে। বিপ্লব যখনই আসবে তখনই তাদের মানসিক প্রস্তুতি আসবে। ছাত্রসমাজের মধ্যে যে বিপ্লব আসছে, আজকে সেই বিপ্লব ছাত্ররা কিভাবে গ্রহণ করছে, তাদের মন কতখানি প্রস্তুত হয়ে আছে এই বিপ্লবাত্মক পরিবর্তনকে গ্রহণ করতে সেই বিষয়ে আমার যথেষ্ট সন্দেহ আছে। এখানে এই সম্পর্কে অনেকে অনেক বক্তব্য রেখেছেন। আমি তাই বলছি যে ছাত্ররা যারা আজকে সেনেটের সদস্য হয়ে আসবে তাদের কণ্ডাক্ট, তাদের ক্যারিয়ার যেটা সেটা আমাদের ভালভাবে লক্ষ্য করতে হবে ব'লে মনে করি। তা যদি না করা হয় তাহ'লে একটা বিভ্রাট হবে। কারণ আজকাল সাধারণভাবে যা দেখা যায় যে সাধারণ ছেলেরা ক্লাস ফোর, ফাইভ পর্যন্ত পড়ে তারা পড়াশুনা ছেড়ে দিচ্ছে এবং তারপর একেবারে স্কুল ফাইনাল পরীক্ষা অ্যাপিয়ার হচ্ছে। কাজেই কনটিনিউড ক্যারিয়ার তার মধ্যে ৫০ ভাগ ছাত্রের মধ্যে দেখা যাচ্ছে না এবং যার ফলে কলেজ এবং ইউনিভার্সিটি-তে এই রকম প্রচুর ছাত্র দেখতে পাওয়া যাচ্ছে। প্রদ্যোৎবাবু যে কথা বলেছেন, আমি সে কথা বলছি না। কিন্তু আমার কথা হচ্ছে এটা আমাদের লক্ষ্য করতে হবে এবং এটা সমাজের একটা গুরুত্বপূর্ণ বিষয় হয়ে দাঁড়িয়েছে। ছাত্র যারা প্রতিনিধিত্ব করবে তাদের কোড অব কণ্ডাক্ট, তাদের ক্যারিয়ার, তাদের মরালিটি, তাদের দায়িত্বজ্ঞান গ্রহণ করবার ক্ষমতা ইত্যাদি সম্পর্কে খুব ভালভাবে ব্যবস্থা গ্রহণ করার দরকার আছে। যেকোন ছাত্র হয়ে সে রিপ্রেজেন্টেশান করবে, এই আইনের সুযোগ গ্রহণ করবে এটা হতে পারে না। তা যদি হয় তাহ'লে শিক্ষাজগতে আরও বিভ্রাট হবে ব'লে মনে করি। সুতরাং ছাত্র যাঁরা প্রতিনিধিত্ব করবেন তাঁদের বিশেষ ক'রে লক্ষ্য করা দরকার যে তাদের কনটিনিউড ক্যারিয়ার আছে কিনা। আর একটা বিষয় বলতে চাই, সেটা হচ্ছে যে সিডিউলড কাস্ট ছাত্র যাঁরা আছেন তাঁদের প্রতিনিধিত্ব করবার সুযোগ এর মধ্যে থাকা উচিত ছিল। আমি আশা করছি পরবর্তীকালে এটা গ্রহণ করা হবে।

[4.30 – 4.40 p.m.]

সিডিউলড কাস্ট সম্প্রদায়ের প্রতি সকল রকমের সুযোগ সরকারের তরফ থেকে দেওয়া হচ্ছে, এই রকম একটা বিশেষ পর্যায়ে তাদের একটা প্রতিনিধিত্ব হবে এটা আমি আশা করি এবং আমি আমাদের মাননীয় শিক্ষামন্ত্রিমহাশয়কে এই বিষয়ে কিছু বক্তব্য রাখার জন্য অনুরোধ করছি। আর একটা বিষয়– আমি নিজে শিক্ষকতা ক'রে যেটা অনুভব করছি মর্মে মর্মে যে ছাত্রসমাজের মধ্যে শৃঙ্খলাবোধ যদি ফিরিয়ে না আনা যায় তাহ'লে এই বিল সম্পূর্ণ ব্যর্থ হয়ে যাবে। কলকাতার রাস্তায় শিক্ষককে লাথি মারতে দেখছি, ছাত্রকে শাস্তি দেবার জন্য পুলিশ মোতায়েন করা দেখছি, এইগুলি খুবই দুর্ভাগ্যজনক হবে এবং এইগুলো আইনের সমস্ত ব্যবস্থাতাকে ব্যর্থ ক'রে দেবে। এটা শিক্ষাজগতের আইন ব'লে মনে করি না, এটা সমাজের উপরে এর একটা প্রতিফলন নিশ্চয়ই আসবে এবং আমি তাই আশা করব যে সকল দিক থেকে প্রতিকারের জন্য প্রটেকশন নেওয়া দরকার এবং এই বিলকে কার্যকরী করতে গেলে ছাত্রসমাজকে ফ্লাটারী করছে, এই রকম আইডিয়া যদি আমাদের মধ্যে থাকে তাহ'লে নিশ্চয়ই এই বিল কার্যকরী হবে না, ছাত্রসমাজের মধ্যে যদি এই রকম ধরণের ধারণা থাকে। সরকারপক্ষীয় লোকেরা বা এম এল এ-রা আমাদের কিনে নিয়েছে, সুতরাং আমরা যা খুশী তাই করব, এটা কিন্তু ঠিক উচিত হবে না, এই বিষয়ে লক্ষ্য রাখা উচিত। সুতরাং আমি শিক্ষক হয়ে শিক্ষামন্ত্রীকে অভিনন্দন জানাচ্ছি, কিন্তু বিলটাকে কার্যকরী করতে গেলে, বাস্তবে রূপায়িত করতে গেলে অনেক বিষয়ে পর্যবেক্ষণ করার দরকার আছে এবং অনেক সঙ্গত কারণে অনেক রকম ব্যবস্থা গ্রহণ করার সুযোগ আছে, সেইগুলি নিশ্চয়ই লক্ষ্যভ্রষ্ট হবে না ব'লে মনে করি। এই ব'লে এই বিলটাকে সম্পূর্ণ সমর্থন জানাচ্ছি এবং মাননীয় শিক্ষামন্ত্রিমহাশয়কে অভিনন্দন জানিয়ে আমি আমার বক্তব্য শেষ করছি।

শ্রীজয়নাল আবেদিন : মাননীয় অধ্যক্ষ মহাশয়, মাননীয় শিক্ষামন্ত্রিমহাশয় আজকে ওয়েস্ট বেঙ্গল ইউনিভার্সিটি অ্যামেণ্ডমেন্ট বিল যা তিনি এনেছেন সেটা সমর্থন জানাচ্ছি। এই বিলকে সমর্থন করতে গিয়ে আমি দু-একটা কথা বলতে চাই। আগে এই বিল কমপ্রিহেনসিভ আকারে এসেছে, আগে যেসমস্ত পরিবর্তন আনা হত সেইগুলো খণ্ড খণ্ডভাবে ছিল এবং দুটো খুব গুরুত্বপূর্ণ পরিবর্তন এই বিলে আমি দেখতে পাচ্ছি, সেটা হচ্ছে এই যে ছাত্রদের এতে অংশগ্রহণ এবং এম এল এ-দের অংশগ্রহণ। ছাত্রদের অংশগ্রহণ করতে দেওয়া হয়েছে এটা আমি সমর্থন করি কিন্তু ছাত্ররা এই বিভিন্ন বিশ্ববিদ্যালয়ের সিনেটে প্রতিনিধিত্ব করবেন, সেই প্রতিনিধিত্বটা আমাদের লক্ষ্য রাখতে হবে, যেটা সুপরিকল্পিতভাবে এবং পরিচালনাটা যেন খুব ভালভাবে করা হয়। ছাত্রদের প্রতিনিধি কারা যাবে সে সম্বন্ধে একটা বিশেষ রুলস আরও যখন রুল করা হবে এটার উপর, তখন যেন করা হয়, এটার দরকার আছে ব'লে মনে করি। আর একটা জিনিষ দেখলাম, যে এম এল এ-দের নেওয়া হয়েছে বর্ধমান, কলকাতা এবং নর্থ বেঙ্গল ইউনিভার্সিটিতে, অ্যাফিলিয়েটেড কলেজ যাদের আছে তাদের ক্ষেত্রে। কিন্তু এম এল এ-রা বিভিন্ন জায়গা থেকে আসছে, আমার মনে হয় যতগুলো ইউনিভার্সিটি আছে, প্রত্যেকটাতে, অ্যাফিলিয়েটেড হোক, নন-অ্যাফিলিয়েটেড হোক, প্রত্যেকটাতে এম এল এ থাকার দরকার আছে ব'লে মনে করি। এই বিলে একটা জিনিষ দেখলাম, ম্যানেজমেণ্টের কথা বলা হয়েছে, কিন্তু মাননীয় অধ্যক্ষ মহাশয়, এই যে কতকগুলো জিনিষকে আমরা নিলাম, ছাত্রদের কিংবা এম এল এ-দের কিংবা অন্যান্য প্রতিনিধিকে অংশগ্রহণ করবার অধিকার দিলাম, সেটা আরও ব্যাপক করার দরকার. কেননা কেবল ছাত্র, এম এল এ-রা নয়, সমাজের আরও অনেক লোক আছে, সেখান থেকে আরও কিছু কিছু প্রতিনিধি এখানে থাকা উচিত ছিল। কেননা সমাজের প্রত্যেক জায়গা থেকে প্রতিনিধিত্ব না হ'লে কোন ইউনিভার্সিটির পরিচালনা সুষ্ঠু হতে পারে না। আর একটা জিনিষ দেখা দরকার, কেবল পরিচালনা নয়, আজকাল আমরা দেখতে পাচ্ছি ইউনিভার্সিটিতে লেখাপড়ার মান খুব নেবে গেছে। সেদিক থেকে আমি শিক্ষামন্ত্রিমহাশয়কে আপনার মাধ্যমে অনুরোধ করব যে ইউনিভার্সিটির শিক্ষার মান এমন করা উচিত যাতে আমরা পৃথিবীর অন্যান্য বিশ্ববিদ্যালয়ের সঙ্গে নিজেদের তুলনা করতে পারি এবং পশ্চিম বাংলায় বিশ্ববিদ্যালয়ের মান এত নিচে নেবে গেছে যে ভারতের অন্যান্য বিশ্ববিদ্যালয়ের যে রেজাল্ট আই এ এস, আই সি এস পরীক্ষা এবং অন্যান্য পরীক্ষায় আমরা বাঙ্গালীরা সর্বপ্রথম স্থান অধিকার করতাম, আজকাল বিভিন্ন ভাল ভাল পরীক্ষায় দেখতে পাচ্ছি ওয়েস্ট বেঙ্গল থেকে খুব কম সংখ্যক ছেলে উত্তীর্ণ হতে পারছে। এটার কারণ কি? আগে আমরা পারতাম, এখন পারছি না। তাহ'লে আমাদের বিশ্ববিদ্যালয়ের মান নিশ্চয়ই নেমে গিয়েছে, পড়াশুনা ভাল হয় না। কেবল পরিচালনার ব্যাপার দেখলেই হবে না, যাতে ইউনিভার্সিটির মান আবার আগের মত অবস্থায় ফিরিয়ে আনতে পারি সেইজন্য চেষ্টা করতে হবে। পশ্চিমবঙ্গে যেসব বিশ্ববিদ্যালয় আছে, বিশেষ ক'রে কলকাতা বিশ্ববিদ্যালয়ের যে সুনাম ছিল, পৃথিবীর যেকোন বিশ্ববিদ্যালয়ের সঙ্গে তার তুলনা করা হত। সেই সুনাম আবার ফিরিয়ে আনতে যাতে পারি সেই ব্যবস্থা করতে হবে। কেন মান কমে যাচ্ছে সেদিকে আমাদের লক্ষ্য দিতে হবে। তাই মাননীয় শিক্ষামন্ত্রিমহাশয়ের কাছে অনুরোধ করছি যে, শুধু পরিচালন ব্যবস্থার দিকে লক্ষ্য দিলেই হবে না, বিশ্ববিদ্যালয়ের মান যাতে উন্নত করা যায় সে বিষয়ে আপনি একটা বিল এনেই হোক বা অন্য কোন ব্যবস্থার দ্বারা হোক চিন্তা করুন। প্রদ্যোৎবাবু এখানে ছাত্রদের সিনেটে প্রতিনিধিত্বের বিরোধিতা করেছেন এবং আশঙ্কা করেছেন যে, এর ফলে ছাত্রদের লেখাপড়া নষ্ট হবে। তিনি জয়প্রকাশ নারায়ণকে সমর্থন করতেন। সেই জয়প্রকাশ নারায়ণ যখন ছাত্রদের লেখাপড়া ছেড়ে দিয়ে রাজনীতি করতে বলেছিলেন সেই সময় তিনি কি চিন্তা করতেন তা আমরা জানি না। তবে আমরা এইভাবে আমাদের ছাত্রদের সুযোগ দিচ্ছি। আমাদের ভারতবর্ষে শিক্ষা ব্যবস্থার পরীক্ষা-নিরীক্ষা চলছে এবং সেই ক্ষেত্রে আমরা প্রথম পদক্ষেপ হিসাবে ছাত্রদের প্রতিনিধিত্ব করবার সুযোগ দিচ্ছি, এতে অন্যায় কিছু নেই। প্রদ্যোৎবাবু রক্ষণশীল

মনোভাবের পরিচয় দিয়েছেন, তিনি একটু উদারভাবে চিন্তা করলে এটা বলতেন না। এছাড়া আমি এই বিল সম্বন্ধে বলব যে, সিনেটকে আরও ক্ষমতা দেওয়া দরকার এবং দায়িত্ব দেওয়া দরকার। সিনেটের মিটিং খুব কম হয়। ছাত্রদের অংশগ্রহণের ফলে যাতে আরও বেশি মিটিং হতে পারে সেদিকে শিক্ষামন্ত্রিমহাশয়কে দৃষ্টি দেবার জন্য অনুরোধ করছি। এই কয়টি কথা ব'লে এই বিলকে সমর্থন জানিয়ে আমি আমার বক্তব্য শেষ করছি।

Shri George Albert Wilson-Deroze : Mr. Speaker, Sir, I must congratulate the Hon'ble Minister, the members of the Select Committee not on politicalisation of the Universities but on giving, shall I put it in this way, political proclivities of both students and the teachers in the Universities a constructive outlet. In this age of democratic values it is essential that in the administration of the Universities all relevant points of view should be present. Sir, my complaint is with regard to only one point which has been overlooked, it is in regard to minority institutions. I would refer specially to the problems of those children in the State who are being educated in the medium of English, large number of whom are taking the All-India Examination known as the Indian School Certificate. As the Hon'ble Minister knows, there are 72 schools having 45,000 pupils who are now taking this examination system. There has even been a demand from the members of the House for expansion of the system. I would recall that during the Budget session of the Assembly 51 members of this House addressed a petition to the Chief Minister asking for expansion of this system so that at least one English-medium type school would be available in every district town if not in every sub-divisional town and as far as possible steps are being taken to see that this programme is implemented and English-medium education is brought within the reach of every child who wishes to take this system of education. Sir, new schools have come up in Siliguri, at Haldia, Durgapur and Asansol, and I expect to have a new school also at Santragachi in Howrah district. Sir, bridges will be necessary between this school system and Universities. If children of our minority institutions are to be brought into the main stream of University education then after having completed their school education, bridges will be necessary, it is necessary to have a link between this school system and Universities.

[4.40 – 4.50 p.m.]

It is no use saying that the minorities are outside the main stream. The majority must take steps to bring the minorities within the main stream, and one of the ways will be to provide representation

শ্রীজয়নাল আবেদিন : মাননীয় অধ্যক্ষ মহাশয়, মাননীয় শিক্ষামন্ত্রিমহাশয় আজকে ওয়েস্ট বেঙ্গল ইউনিভার্সিটি অ্যামেণ্ডমেন্ট বিল যা তিনি এনেছেন সেটা সমর্থন জানাচ্ছি। এই বিলকে সমর্থন করতে গিয়ে আমি দু-একটা কথা বলতে চাই। আগে এই বিল কমপ্রিহেনসিভ আকারে এসেছে, আগে যেসমস্ত পরিবর্তন আনা হত সেইগুলো খণ্ড খণ্ডভাবে ছিল এবং দুটো খুব গুরুত্বপূর্ণ পরিবর্তন এই বিলে আমি দেখতে পাচ্ছি, সেটা হচ্ছে এই যে ছাত্রদের এতে অংশগ্রহণ এবং এম এল এ-দের অংশগ্রহণ। ছাত্রদের অংশগ্রহণ করতে দেওয়া হয়েছে এটা আমি সমর্থন করি কিন্তু ছাত্ররা এই বিভিন্ন বিশ্ববিদ্যালয়ের সিনেটে প্রতিনিধিত্ব করবেন, সেই প্রতিনিধিত্বটা আমাদের লক্ষ্য রাখতে হবে, যেটা সুপরিকল্পিতভাবে এবং পরিচালনাটা যেন খুব ভালভাবে করা হয়। ছাত্রদের প্রতিনিধি কারা যাবে সে সম্বন্ধে একটা বিশেষ রুলস আরও যখন রুল করা হবে এটার উপর, তখন যেন করা হয়, এটার দরকার আছে ব'লে মনে করি। আর একটা জিনিষ দেখলাম, যে এম এল এ-দের নেওয়া হয়েছে বর্ধমান, কলকাতা এবং নর্থ বেঙ্গল ইউনিভার্সিটিতে, অ্যাফিলিয়েটেড কলেজ যাদের আছে তাদের ক্ষেত্রে। কিন্তু এম এল এ-রা বিভিন্ন জায়গা থেকে আসছে, আমার মনে হয় যতগুলো ইউনিভার্সিটি আছে, প্রত্যেকটাতে, অ্যাফিলিয়েটেড হোক, নন-অ্যাফিলিয়েটেড হোক, প্রত্যেকটাতে এম এল এ থাকার দরকার আছে ব'লে মনে করি। এই বিলে একটা জিনিষ দেখলাম, ম্যানেজমেণ্টের কথা বলা হয়েছে, কিন্তু মাননীয় অধ্যক্ষ মহাশয়, এই যে কতকগুলো জিনিষকে আমরা নিলাম, ছাত্রদের কিংবা এম এল এ-দের কিংবা অন্যান্য প্রতিনিধিকে অংশগ্রহণ করবার অধিকার দিলাম, সেটা আরও ব্যাপক করার দরকার. কেননা কেবল ছাত্র, এম এল এ-রা নয়, সমাজের আরও অনেক লোক আছে, সেখান থেকে আরও কিছু কিছু প্রতিনিধি এখানে থাকা উচিত ছিল। কেননা সমাজের প্রত্যেক জায়গা থেকে প্রতিনিধিত্ব না হ'লে কোন ইউনিভার্সিটির পরিচালনা সুষ্ঠু হতে পারে না। আর একটা জিনিষ দেখা দরকার, কেবল পরিচালনা নয়, আজকাল আমরা দেখতে পাচ্ছি ইউনিভার্সিটিতে লেখাপড়ার মান খুব নেবে গেছে। সেদিক থেকে আমি শিক্ষামন্ত্রিমহাশয়কে আপনার মাধ্যমে অনুরোধ করব যে ইউনিভার্সিটির শিক্ষার মান এমন করা উচিত যাতে আমরা পৃথিবীর অন্যান্য বিশ্ববিদ্যালয়ের সঙ্গে নিজেদের তুলনা করতে পারি এবং পশ্চিম বাংলায় বিশ্ববিদ্যালয়ের মান এত নিচে নেবে গেছে যে ভারতের অন্যান্য বিশ্ববিদ্যালয়ের যে রেজাল্ট আই এ এস, আই সি এস পরীক্ষা এবং অন্যান্য পরীক্ষায় আমরা বাঙ্গালীরা সর্বপ্রথম স্থান অধিকার করতাম, আজকাল বিভিন্ন ভাল ভাল পরীক্ষায় দেখতে পাচ্ছি ওয়েস্ট বেঙ্গল থেকে খুব কম সংখ্যক ছেলে উত্তীর্ণ হতে পারছে। এটার কারণ কি? আগে আমরা পারতাম, এখন পারছি না। তাহ'লে আমাদের বিশ্ববিদ্যালয়ের মান নিশ্চয়ই নেমে গিয়েছে, পড়াশুনা ভাল হয় না। কেবল পরিচালনার ব্যাপার দেখলেই হবে না, যাতে ইউনিভার্সিটির মান আবার আগের মত অবস্থায় ফিরিয়ে আনতে পারি সেইজন্য চেষ্টা করতে হবে। পশ্চিমবঙ্গে যেসব বিশ্ববিদ্যালয় আছে, বিশেষ ক'রে কলকাতা বিশ্ববিদ্যালয়ের যে সুনাম ছিল, পৃথিবীর যেকোন বিশ্ববিদ্যালয়ের সঙ্গে তার তুলনা করা হত। সেই সুনাম আবার ফিরিয়ে আনতে যাতে পারি সেই ব্যবস্থা করতে হবে। কেন মান কমে যাচ্ছে সেদিকে আমাদের লক্ষ্য দিতে হবে। তাই মাননীয় শিক্ষামন্ত্রিমহাশয়ের কাছে অনুরোধ করছি যে, শুধু পরিচালন ব্যবস্থার দিকে লক্ষ্য দিলেই হবে না, বিশ্ববিদ্যালয়ের মান যাতে উন্নত করা যায় সে বিষয়ে আপনি একটা বিল এনেই হোক বা অন্য কোন ব্যবস্থার দ্বারা হোক চিন্তা করুন। প্রদ্যোৎবাবু এখানে ছাত্রদের সিনেটে প্রতিনিধিত্বের বিরোধিতা করেছেন এবং আশঙ্কা করেছেন যে, এর ফলে ছাত্রদের লেখাপড়া নষ্ট হবে। তিনি জয়প্রকাশ নারায়ণকে সমর্থন করতেন। সেই জয়প্রকাশ নারায়ণ যখন ছাত্রদের লেখাপড়া ছেড়ে দিয়ে রাজনীতি করতে বলেছিলেন সেই সময় তিনি কি চিন্তা করতেন তা আমরা জানি না। তবে আমরা এইভাবে আমাদের ছাত্রদের সুযোগ দিচ্ছি। আমাদের ভারতবর্ষে শিক্ষা ব্যবস্থার পরীক্ষা-নিরীক্ষা চলছে এবং সেই ক্ষেত্রে আমরা প্রথম পদক্ষেপ হিসাবে ছাত্রদের প্রতিনিধিত্ব করবার সুযোগ দিচ্ছি, এতে অন্যায় কিছু নেই। প্রদ্যোৎবাবু রক্ষণশীল

Twentieth Report of the Business Advisory Committee

Mr. Speaker : I beg to present the Twentieth Report of the Business Advisory Committee which at its meeting held on the 1st. December, 1975 in my chamber considered the question of allocation of dates and time for the disposal of the legislative business and recommended as follows :

Tuesday, 2nd December, 1975 ...	(i)	The West Bengal Taxation Laws (Second Amendment) Bill, 1975 - Introduction, Consideration and Passing. One hour.
	(ii)	Discussion on Food - Three hours.
Wednesday, 3rd December,1975 ...	(i)	The West Bengal Taxation Laws (Third Amendment) Bill, 1975 - Introduction, Consideration and Passing One hour.
	(ii)	Government Resolution regarding the borrowing capacity of the West Bengal state Electricity Board One hour
	(iii)	The west Bengal Axquisition of Homestead Land for Agricultural Labourers, Artisans and Fishermen bill, 1975 - Introduction, Consideration and Passing. Two hours

The Minister-in-charge of Parliamentary Affairs may now move the motion for acceptance.

Shri Gyan Singh Sohanpal : Sir, I beg to move that the Twentieth Report of the Business Advisory Committee presented this day be agreed to by the House.

Mr. Speaker : I think, the motion is adopted.

(Voices : Yes)

The motion is adopted.

[4.50 – 5.00 p.m.]

শ্রীমৃত্যুঞ্জয় ব্যানার্জী : মাননীয় অধ্যক্ষ মহাশয়, এটা খুব আনন্দের বিষয় যে এই বিলে প্রায় সকলেরই সম্মতি পাওয়া গেছে, এমনকি শীশ মহম্মদ সাহেবের পর্যন্ত। শীশ মহম্মদ সাহেব অবশ্য সমালোচনার সুরে সমর্থন জানিয়েছেন। তিনি যে বক্তব্য রেখেছেন তার মধ্যে দু-একটা বক্তব্য এমন রয়েছে যেটা আরও অনেকে বলেছেন। এখানে অনেকে বলেছেন, সিনেটে প্রতিনিধিত্ব দেওয়া হ'ল কিন্তু সিনডিকেটে দেওয়া হ'ল না। সিনডিকেটে দেওয়া হ'লে হয়ত ভলেই হত। আমি প্রথমেই বলেছি এটা একটা এক্সপেরিমেন্ট বা টেক-অফ বলা যেতে পারে। প্রথম পদক্ষেপে যদি ভাল ফল দেখি তাহ'লে পরবর্তী পর্যায়ে নিশ্চয়ই সিনডিকেটে দেওয়ার কথা বিবেচনাসাপেক্ষ। তবে একটা কথা বলব, সিনেটের সদস্য হওয়া যে একেবারে ক্ষমতাহীন ব্যাপার তা নয়। আমি আপনার অনুমতি নিয়ে কলকাতা বিশ্ববিদ্যালয়ের সিনেটের যে ক্ষমতা আছে তার সবটা নয়, দু-একটা অংশ হাউসে রাখতে চাই। এখানে দেখুন কলকাতা ইউনিভার্সিটি অ্যাকাউন্ট, ১৯৬৬, এতে আছে,

The Senate shall exercise the following powers and to perform the following duties :

to establish colleges, institutions, libraries, laboratories and museums for study and research ;

to create and institute Professorships, Readerships, Lecturerships and other posts necessary for the establishment of the colleges, institutions, libraries, laboratories and museums , (অর্থাৎ এইসব প্রস্তাব সেনেটে আছে। তারপর আছে –

to consider the annual statement of accounts and the annul financial estimates approved by the Syndicate and to pass such resolutions relating thereto as may be necessary,

to consider the annul report as prepared by the Syndicate and to pass such resolutions relating thereto as may considered necessary;

to consider and advise on, proposals from the Syndicate for co-operation with other Universities, etc ,

to consider and suggest measures for the improvement of the administration and finances of the University, and generally for the furtherance of its objectives.

সিনেট নিশ্চয়ই একটা পলিসিমেকিং বডি। আমি মনে করি সিনেটে যাওয়া মোটেই অর্থহীন ব্যাপার নয়। কেউ যদি সেকথা বলেন তাহ'লে আমি বলব অ্যাসেম্বলীও একটা পলিসি মেকিং বডি এখনকার বক্তব্যের উপর যথেষ্ট গুরুত্ব দেওয়া হয় এবং [illegible] সরকার এই অ্যাসেম্বলীর আস্থার উপর নির্ভরশীল। কাজেই সিনেট থেকে সিনডিকেটে সদস্য পাঠাবার ব্যবস্থা থাকবে। তারপর, যেসব সমালোচনা করা হয়েছে তার মধ্যে দু-একটা আছে যেগুলি বিবেচনা করা যেতে পারে এবং তার মধ্যে একটা হচ্ছে

অশিক্ষক কর্মচারীদের কথা। এই ব্যাপারে আমার বক্তব্য হচ্ছে এটা আমরা ফার্স্ট স্টেপ নিলাম, নিশ্চয়ই এর প্রতিফলন আমরা দেখতে চাই। এর পর যদি প্রয়োজন বোধ করি তাহ'লে তাঁদের কথা ভেবে দেখা যেতে পারে। আর একটা কথা বলা হয়েছে - নন-অ্যাফিলিয়েটিং ইউনিভার্সিটিতে এম এল এ-দের কোন প্রতিনিধিত্ব দেওয়া হয় নি। এটা ঠিক কথা। অ্যাফিলিয়েটিং ইউনিভার্সিটিতে এম এল এ-দের জেলাভিত্তিক টেরিটরিওয়াইজ রিপ্রেজেনটশন দেওয়া হয়েছে। এখানে দিতে গেলে একটা ব্যাপক অবস্থা এসে যাবে সেইজন্য এখানে দেওয়া হয় নি। এটা আমরা পরে বিবেচনা করব। তারপর একটা কথা বলা হয়েছে, সিডিউল্ড কাস্ট এবং সিডিউল্ড ট্রাইবস ছাত্রদের কোন প্রতিনিধিত্ব দেওয়া হয় নি। আমরা মনে করি একসঙ্গে নির্বাচিত হবার সুযোগ যখন থাকছে তখন তারা যথেষ্ট সংখ্যায় আসতে পারবে। তবে যদি দেখি সিডিউল্ড কাস্ট এবং সিডিউল্ড ট্রাইবস ছাত্র যারা পিছিয়ে রয়েছে তাদের প্রতিনিধিত্ব আসছে না তাহ'লে তখন তাদের কথা বিশেষভাবে চিন্তা করা যাবে। আজকের আলোচনা সম্পূর্ণ একপেশে হয় নি। প্রদ্যোতবাবু এখানে নেই, তিনি চেষ্টা করছেন আলোচনা একপেশে করবার এবং সেইজন্য তাঁকে আমি অভিনন্দন জানাই তিনি সমালোচনা করবার একটা যে প্রয়াস নিয়েছেন তার জন্যও তাঁকে আমি ধন্যবাদ জানাচ্ছি। অবশ্য তাঁর সমালোচনা এবং বক্তব্য খুব যুক্তিপূর্ণ ছিল না, তিনি সাধারণভাবে শিক্ষাক্ষেত্রে নৈরাজ্য এবং ছাত্রদের টোকাটুকির কথা বলেছেন। এই ব্যাপারে আমার বক্তব্য হ'ল সম্প্রতিকালের জরুরী অবস্থার কথা বাদ দিলেও একথা বলতে পারি যে, শিক্ষাজগতে নৈরাজ্যের মাত্রা আগের চেয়ে কমেছে এবং টোকাটুকির পরিমাণ অনেকটাই সীমিত হয়েছে। এর পেছনে ছাত্রসমাজের যথেষ্ট অবদান আছে। আমার দৃঢ় বিশ্বাস আমাদের ছাত্ররা, পশ্চিম বাংলার ছাত্রসমাজ তারা রাজনৈতিক দিক থেকে সচেতন, তারা দায়িত্ববোধ সম্পন্ন, তাদের কর্তব্যবোধ আছে। হয়ত তাদের মধ্যে কিছু কিছু ছাত্র অনেক সময় বিপথগামী হয়ে পড়ে, অনেক সময় ফ্রাসট্রেশনের দরুন কিছু কিছু অপ্রয়োজনীয় কাজ করতে বাধ্য হয়। এটা ঠিক যে মেজরিটি অব দি স্টুডেন্ট পিস-লাভিং, রেসপনসিবল, কো-অপারেটিভ। এই ধরনের ছাত্ররা আজ থেকে ৫-৭ বছর আগে পশ্চিম বাংলার অবস্থা যখন সঙ্গীন হয়ে পড়েছিল, যখন শান্তি-শৃঙ্খলা একেবারেই ছিল না বললেই হয় তখন ঐসব ছাত্ররা এগিয়ে এসে শান্তি ফিরিয়ে এনেছিল। আমার দৃঢ় বিশ্বাস এদের অধিকার দিলে তারা নিশ্চিতভাবে দায়িত্ববোধের সঙ্গে কর্তব্যবোধকে জাগিয়ে তুলতে পারবে। এই প্রসঙ্গে দু-একজন মাননীয় সদস্য বলেছেন যে আজকে শিক্ষাজগতে যে অসুবিধা, যে দুর্বলতা আছে সেটাকে দূর করতে হ'লে ছাত্রদের দোষ দিলে চলবে না। আমরা সকলে মিলে ছাত্র শিক্ষক, শিক্ষা অনুরাগী ব্যক্তি, শিক্ষা প্রতিষ্ঠান এবং কর্তা ব্যক্তি অভিভাবক এবং সমগ্র সমাজের দায়িত্ব নিতে হবে। সেদিক থেকে সিলেক্ট কমিটির সদস্য যাঁরা ছিলেন তাঁদের মধ্যে সম্মানিত সি আই এ-র চারজন সদস্য তার মধ্যে আবার তিনজন অধ্যাপক তাঁরা যা রিপোর্ট দিয়েছেন তার একটা অংশ উল্লেখ ক'রেই আমি আজকের সমালোচনার উত্তর শেষ করব। তাঁরা সুন্দরভাবে বলেছেন - However may we go on blaming the students it cannot possibly be devied that we elders failed to cater to their needs, aspirations and passions.

প্রদ্যোৎবাবু বোধহয় এটা লক্ষ্য করেন নি, লক্ষ্য করলে তিনি তাঁর বক্তব্যে অনেক কথা নাও বলতে পারতেন এই কয়টি কথা বলেই মাননীয় অধ্যক্ষ মহাশয়কে আপনার মাধ্যমে মাননীয় সদস্যদের এই বিলটি সমর্থন করতে অনুরোধ করছি।

The motion of Shri Mrityunjoy Banerjee that the West Bengal Universities (amendment) Bill, 1975, as reported by the Select Committee, be taken into consideration, was then put and agree to.

Clause 1

The question that clause 1 do stand part of the Bill was then put and agreed to.

Clause 2

Shri Shish Mohammad : Sir, I beg to move that in cluse 2(a) (i) (5) the proposd item (m2) be omitted.

Shri Mrityunjoy Banerjee : Sir, I am sorry I have oppose it.

The motion of Shri Shish Mohammad that in clause 2(a)(i)(5) the proposed item (m2) be omitted, was then put and lost.

The question that cluse 2 do stand part of the Bill was then put agreed to.

Cluse 3

Shri Shish Mohammad : Sir, i beg to move in clause 3(a)(l)(v) the proposed item (xvg) be omitted.

Shri Gyan Singh Sohanpal : Sir, I beg to move that in clause 3, in sub-cluse (a), in item (l) (v), -

(a) for the proposed cluse (xi), the following clause be substituted, namely :

"(xi) the Deans of the Faculties, ex officio;",

(b) for the proposed cluse (xiii), the following clause be subsitituted, namely :

"(xiii) one teacher, not being a Professor, from each of the Faculties, elected by the teachers of the respective Faculty from amongst thenselvs, in accordance with the provisions made in this behalf by Statutes;",

(c) for the proposed clause (xvd), that following clause be subsitituted, namely :

"(xvd) two persons to be elected in accordance with the provisions made in this behalf by Statutes by members of Governing

Bodies of Colleges, not being Principals or Teachers of Colleges, from amongst themselves;".

Shri Mrityunjoy Banerjee : Sir, I accept the amendmen moved by Shri Gyan Singh Sohanpal and oppose that of Shri Shisl Mohammad.

The motion of Shri Shish Mohammed that in clause 3(a)(l)(v the proposed item (xvg) be omitted, was then put and lost.

The motion of Shri Gyan Singh Sohanpal that in clause 3, ir sub-clause (a), in item (l)(v),-

(a) for the proposed clause (xi), the following clause b substituted, namely :

"(xi) the Deans of the Faculties, ex-officio,",

(b) for the proposed clause (xiii), the following clause b substituted namely :

(xiii) one teacher, not being a Professor, from each of th Faculties, elected by the teachers of the respective Faculty fron amongst themselvs, in accordance with the provisions made in thi behalf by Statutes;",

(c) for the proposed clause (xvd), the following clause b substituted, namely :

"(xvd) two persons to be elected in accordance with th provisions made in this behalf by Statute by members of Governin Bodies of Colleges, not being Principals or Teachers of Colleges, fron Amongst themselves;"

was then put and agreed to. The question that clause 3, a amended, do stand part of the Bill was then put and agreed to.

[2.30 -- 2.40 p.m.]

Cluse 4

Shri Shish Mohammad : Sir, I beg to move that in claus 4(a)(l)(v), the proposed item (2) be omitted.

Shri Mrityunjoy Banerjee : Sir, I oppse the amendment.

The motion of Shri Shish Mohammad that in clause 4(a)(l)(v)

The question that clause 4 do stand part of the Bill, was then put and agreed to.

Cluse 5

Shri Shish Mohammad : Sir, I beg to move that in clause 5(a)(5)(xc), the proposed item (2) be omitted.

Shri Gyan Singh Sohanpal : Sir, I beg to move that in clause 5, in sub-clause (a)(i), in item (5), for the proposed clause (x), the following clause be substituted namely :

"(x) two persons to be elected in accordance with the provisions made in this behalf by Statutes by members of Governing Body of Colleges, not being Principals or Teachers of Colleges, from amongst themselves;".

Shri Mrityunjoy Banerjee : Sir, I accept the amendment moved by Shri Gyan Singh Sohanpal and oppose the one moved by Shri Shish Mohammad.

The motion of Shri Shish Mohammad that in clause 5(a)(5)(xc), the proposed item (2) be omitted, was then put and lost.

The motion of Shri Gyan Singh Sohanpal that in clause 5, in sub-clause (a)(i), in item (5) for the proposed clause (x), the following clause be substituted, namely :

"(x) two persons to be elected in accordance with the provisions made in this behalf by Statutes by members of Governing Bodies of Colleges, not being Principals or Teachers of Colleges, from amongst themselves;",

was then put and agreed to.

The question that clause 5, as amended, do stand part of the Bill, was then put and agreed to.

Cluse 6

Shri Shish Mohammad : Sir, I beg to move that in clause 6(a)(1)(viii), the proposed item (xx) be omitted.

Shri Mrityunjoy Banerjee : Sir, I oppose the amendment.

The motion of Shri Shish Mohammad that in clause 6(a)(1)(viii), the proposed item (xx) be omitted, was then put and lost.

The question that clause 6 do stand part of the Bill, was then put and agreed to.

Clause 7

Shri Shish Mohammad : Sir, I beg to move that in clause 7(a)(11) the proposed item (xxxii) be omitted.

Shri Gyan Singh Sohanpal : Sir, I beg to move that in clause 7, in sub-clause (a),

(a) In item (3) in the proposed clause (viii), for the word "Professors" the word "Teachers" be substituted;

(b) in item (7), in the proposed sub-clause (d) of clause (xxiv), after the words "Affiliated Colleges", the words "including at least two women" be added;

(c) in item (8), -

(i) for the words "for clauses (xxvii) and (xxviii), the following clauses" the words "for clause (xxviii), the following clause", be substituted;

(ii) the proposed clause (xxvii), be omitted.

Shri Mrityunjoy Banerjee : Sir, I accept the amendment moved by Shri Gyan Singh Sohanpal and oppose the amendment moved by Shri Shish Mohammad.

The motion of Shri Shish Mohammad that in clause 7(a)(11) the proposed item (xxxii) be omitted, was then put and lost.

The motion of Shri Gyan Singh Sohanpal that in clause 7, in sub-clause(a), -

(a) in item (3), in the proposed clause (viii), for the word "professor", the word of "Teachers" be substituted;

(b) in item (7), in the proposed sub-clause (d) of clause (xxiv), after the words "Affiliated Colleges", the words "including at least two women" be added;

(c) in item (8), -

(i) for the words "for clauses (xxvii) and (xxviii), the following clauses" the words "for clause (xxviii), the following clause", be substituted;

(ii) the proposed clause (xxvii), be omitted; was then put and agreed to.

The question that clause 7, as amended, do stand part of the Bill, was then put and agreed to.

Preamble

The question that the Preamble do stand part of the Bill was then put and agreed to.

Shri Mrityunjoy Banerjee : Sir, Ibeg to move that the West Bengal Universities (Amendment) Bill, 1975, as settled in the Assembly, be passed.

The motion was then put and agreed to.

Adjournment

The house was then adjourned at 5-06 p.m. till 1 p.m. on Tuesday, the 2nd December, 1975, at the Assembly House, Calcutta.

Procedding of the West Bengal Legislative Assembly assembled under the provisions of the Constitution of India.

The Assembly met in the Assembly House, Calcutta, on Tuesday, the 2nd December, 1975 at 1 P.M.

PRESENT

Mr. Speaker (Shri Apurba Lal Majumdar) in the Chair, 6 Ministers, 6 Ministers of State and 142 members.

[1.00-1.10 P. M.]

Mr. Speaker : Honourable Members, any of you who have not yet made an oath or affirmation of allegiance may kindly do so.

(There was none to take oath).

খাদ্য সংগ্রহের লক্ষ্যমাত্রা

*৪। (অনুমোদিত প্রশ্ন নং *৩।) **শ্রীগণেশ হাটুই :** খাদ্য ও সরবরাহ বিভাগের মন্ত্রীমহাশয় অনুগ্রহপূর্বক জানাবেই কি—

(ক) ১৯৭৫-৭৬ সালের খরিফ মরসুমে লেভির মাধ্যমে ধান সংগ্রহের লক্ষ্যমাত্রা কত ঃ

(খ) সরকাব ১৯৭৫-৭৬ সালে খোলা বাজার হইতে ধান সংগ্রহ করিবার কোন পরিকল্পনা গ্রহণ করিয়াছেন কি না , এবং

(গ) না করিয়া থাকিলে তাহার কারণ কি ?

শ্রীপ্রফুল্লকান্তি ঘোষ ঃ

(ক), (খ) এবং (গ)

১৯৭৫-৭৬ খরিফ বৎসমর কেবলমাত্র বাড়ির মাধ্যমে ধানচাষ সংগ্রহের কোন পৃথক লক্ষ্যমাত্র স্থির করা যায় নাই। সিথার করিতে গেলে প্রধানত সংশ্লিষ্ট বৎসরের ধান উৎপাদনের আনুমানিক হিসাব এবং পূর্ববর্তী বৎসরের প্রকৃত সংগ্রহের পরিমাণ — এই দুইটি বিষয়ের উপর লক্ষ্য রাখিয়া আভ্যন্তরীণ সংগ্রহের লক্ষ্যমাত্রা স্থির করতে হয়। বর্তমান ১৯৭৫-৭৬ খরিফ বৎসরের লক্ষ্যমাত্রা হইল চালের হিসাবে তিন লক্ষ মেট্রিক টন। যেসকল মাধ্যমে আভ্যন্তরীণ সংগ্রহকার্য কর হয় তাহা হইল —

(১) ধান উৎপাদকের উপর

(২) চাষবাষের নিজস্ব উৎপাদনের উপর ৫০ শতাংশ বেশী

(৩) খোসা হইতে নির্ধারিত সংগ্রহ মূল্যে ধানচাল ক্রয়; এবং

(৪) মজুত উপায়।

অন্যান্য বৎসরের ন্যায় বর্তমান খরিফ বৎরের হইতে সংগ্রহসমূহের ধানচাল ক্রয়ের

শ্রী গনেশ চন্দ্র হাটুই ঃ মাননীয় মন্ত্রি মহাশয়কে জিজ্ঞাসা করতে চাই যে খোলাবাজারে সরকার নির্ধারিত যে মূল্য আছে তা থেকে কম দামে অনেকে যে ধান চাল বিক্রি ক'রে দিচ্ছে, সরকারের তরফ থেকে সেই ধানচাল কিনে নেবার কী ব্যবস্তা হয়েছে?

শ্রীপ্রফুল্লকান্তি ঘোষ ঃ মাননীয় অধ্যক্ষ মহাশয় আমি যখনই কোন খবর পেয়েছি ধান ন্যায্যমূল্যের তলায় বিক্রয় হবার কোন সম্ভাবনা দেকা দিচ্ছে, আমাদের দপ্তর থেকে এফ সি আই কে সঙ্গে সঙ্গে নির্দেশ দেওয়া ও সেই জায়গায় যাওয়ার এবং কমেছে কিনা তা দেখা। তবে আজ পর্যন্ত এমন কোন জায়গা থেকে কোন খবর পাইনি যেখানে অমাদের নির্দিষ্ট ৭৭ টাকার তলয়ে ধান বিক্রয় হচ্ছে। কোন কোন জায়গায় একটু কমে বিক্রয় হ'লেও ময়েশ্চার সেখানে এত বেশি যে গড়পড়তা ৭৭ টাকার উপর পড়ছে।

শ্রীগনেশচন্দ্র হাটুই ঃ এই যে মন্ত্রি মহাশয় যেটা বলছেন --- উৎপাদকদের উপর স্তরভিত্তিক লেভির মাধ্যমে ও চালকল মালিকদের উপর মিজস্ব উৎপাদনের উপর ৫০ শতাংশ লেভির মাধ্যমে এই ৩ লক্ষ মেট্রিক টন বলে সহগ্রহ করবেন --- মিল মালিক ও উৎপাদকদেরকত কি লেভি ধার্য করবেন --- তা আপনি এখনএ স্থির করতে পারেন নি?

শ্রীপ্রফুল্লকান্তি ঘোষ ঃ না, যাতে খুব তাড়াতাড়ি করা যায় তার জন্য আমরা অক্টেবর মাস থেকে লেভির লিস্ট টাঙিয়ে ছিলান এবং ইনভাইচ করে ছিলাম যদি করও কিছু আপত্তি থেকে থাকে তা জানাবাব জন্য। আমি আশা করতে পারি এই মাসের ১০/১২ তারিখের মধ্যে পুরা লিস্ট পাওয়া যাবে।

শ্রীগনেশচন্দ্র হাটুই ঃ আমি মাননীয় মন্ত্রি মহাশয়কে জিজ্ঞাসা করতে চাই যে গত বছর কোঅপারেটিভ সোসাইটিগুলিকে ধঅনচাল কেনাব জন্য ডি পি এজেন্ট নিয়োগ করা হয়েছিল, এ বছর তাদের টাকা সুদ ছাড়া দেওয়া হবে না ব'ল বলা হয়েছে। এই সমবায় সমিতিগুলি ডি পি এজেন্ট হতে অনিচ্ছুক। তাহ'লে আমার প্রশ্ন হচ্ছে গ্রামাঞ্চলে কাদের মাধ্যমে ধানচাল সংগ্রহ করবেন?

শ্রীপ্রফুল্লকান্তি ঘোষ ঃ মাননীয সদস্য যে কথা বললেন তা সম্পূর্ণটা সমর্থন করতে পাচ্ছি না। কো-অপারেটিভ সোসাইটিগুলি এরূপ কথা তুলেছিল কিন্তু তাদেব মধ্যে আলোচনা হয়ে গেছে। কোঅপারেটিভগুলি অলরেডি এফ সি আই থেকে অন প্রটেস্ট টাকা গ্রহণ করছে। প্রশ্নটা ছিল গত বছর পর্যন্ত এই টাকা যে তারা নিত তাজন্য তাদের কোন ইনটারেষ্ট দিতে হত না। এফ সি আই এই টাকার জন্য ইনটারেস্ট ধার্য করেছে। সেই ইনটারেস্ট দিতে হবে কি হবে না এই সম্পর্কে মুখ্যমন্ত্রি স্বযং দিল্লীতে চিঠি লিখেছেন। তার উত্তর না আসা পর্যান্ত এরা টাকা নিয়েছে গত বছর যেমন ডি পি এজেন্ট হিসাবে নিয়েছিলো এরা ধানচাল কিনছে সেইভাবে।

শ্রীগনেশচন্দ্র হাটুই ঃ মাননীয় মন্ত্রি মহাশয় দয়া ক'রে জানাবেন কি যে লোককে মিলের এজেন্টের লাইসেন্স দেওয়া হয়েছে এবং ডি পি এজেন্টের লাইসেন্স দেওয়া হযেছে?

শ্রীপ্রফুল্লকান্তি ঘোষ ঃ হাঁ, কোন কোন ক্ষেত্রে দেখা গেছে যে ডি পি এজেন্ট যে হয়েছে সেই মিলের এজেন্ট হয়েছে।

শ্রীসুকুমার বন্দোপাধ্যায় ঃ মাননীয় মন্ত্রিমহাশয় জানাবেন কি যে ১৯৭৫-৭৬ সালে লেভির মাধ্যমে যে ধানচাল সংগ্রহের লক্ষামাত্রা ঠিক করেছেন সেটা কি পূবণ হলে ব'লে মনে করেন?

শ্রীপ্রফুল্লকান্তি ঘোষ ঃ নিশ্চয়ই। শুধু লক্ষমাত্রায় পৌছাব তা নয়, লক্ষনাত্রাকে ছাড়িয়ে যাব যদি নাকি আপনাদের সহযোগিতা পাই।

শ্রীমহম্মদ ইদ্রিস আলি ঃ খোলা বাজারে ধানচালের দাম এত নেমে গেছে যে প্রডিউসাররা অর্থনৈতিক বিপর্যয়ে পড়েছে। খাদ্যমন্ত্রি মহাশয় কি মনে করেন যে এদের সাবসিডি দেওয়া হোক বা ধানচালের দাম বাড়িয়ে দেওয়া হোক।

শ্রীপ্রফুল্লকান্তি ঘোষ ঃ সরকার এই কথা স্পষ্টভাবে জানাতে চায় যে কোন জায়গায়ই ৭৭ টাকার কম ধানচালের দাম পড়তে দেবে না। যদি ৭৭ টাকার কমে যায়, তাহ'লে সরকার ৭৭ টাকা দামে ধানচাল কেনার জন্য এফ সি আই কে নির্দেশ দিয়েছে। কিন্তু একটা কথা মনে রাখা দরকার যে বর্ষা এবার শেষ পর্যন্ত হয়েছিল এবং তারফলে ময়েশ্চারের পারসেন্টেজ আমরা অস্বীকার করতে পারি না।

শ্রীমহম্মদ ইদ্রিস আলি ঃ মাননীয় মন্ত্রিমহাশয় কি মনে করছেন যে ৭৭ টাকায় যে দাম ঠিক করেছেন সেটা কৃষকদের উৎপাদন খরচের পক্ষে যথেষ্ট ?

Mr. Speaker : It is a matter of opinion.

শ্রীঅসমঞ্জ দে ঃ মাননীয় মন্ত্রিমহাশয় প্রশ্নের উত্তরে বললেন যে, লেভির মাধ্যমে ধানচাল সংগ্রহের লক্ষ্যমাত্রা ৩ লক্ষ টন নির্দ্ধারণ করা হয়েছে। আমার বক্তব্য হচ্ছে মন্ত্রিমহাশয়ের কাছে ও অন্যান্য জায়গায় শুনেছি যে এবার বাম্পার ক্রপ হয়েছে। তাহ'লে গত বছর যেখানে ৫ লক্ষ টন ছিল এবারে বাম্পার ক্রপ হওয়া সত্ত্বেও কেন ৩ লক্ষ টন ধার্য করা হয়েছে?

[1-10 – 1-20 p.m.]

শ্রীপ্রফুল্লকান্তি ঘোষ ঃ মাননীয় অধ্যক্ষ মহাশয়, বোধ হয় এর পরে একটা ফুড সম্বন্ধে দু ঘন্টা বা আড়াই ঘন্টার এবং তখন এইসব প্রশ্ন শুনবো এবং তার উত্তর পাবো।

শ্রীসরোজ রায় ঃ মাননীয় মন্ত্রিমহাশয় প্রথম থেকেই একটা জবাব দিচ্ছেন ধানের দর কোথাও পড়ে নি বা কোথাও পড়ে থাকলে পড়েছে ময়েশ্চারের জন্য অর্থাৎ জল ঝিল ব'লে। মাননীয় মন্ত্রিমহাশয় কিছুদিন আগে মেদিনীপুরে গিয়েছিলেন। আমাদের ডেকেছিলেন, সমস্ত গভর্নমেন্ট আফিসারকে ডেকেছিলেন। সেখানে প্রমান হয়ে গেল যে কাঁথি এবং ঝাড়গ্রামে ধানের দর পড়ে গিয়েছিল। ডিস্ট্রিক্ট ম্যাজিস্ট্রেট সেখানে ছিলেন। তাঁকে মন্ত্রিমহাশয় বললেন, ধানের দর পড়ে যাওয়ার খবর আমাকে দেন নি কেন? তিনি উত্তর দিলেন, আপনাকে দেবার ক্ষমতা আমার নেই। আমি কমিশনারকে রিপোর্ট দিয়েছি। ময়েশ্চারের কথা ছিল। মেদিনীপুরে বসে তিনি বলেন যে এফ সি আই এ এজেন্ট বা ধানকলের এজেন্ট কোথায় বসবে। সেখানে তিনি শুনে এসেছেন নিজের দলের লোকের কাছে যে ধানের দর ৫৫ টাকা পড়ে গিয়েছিল। আপনাদের দলের এম এল এ রা এবং সরকারী অফিসারেরাও একথা বলেন। একথা কি মন্ত্রিমহাশয় অস্বীকার করেন? আমার দ্বিতীয় প্রশ্ন কোথাও কোথাও এফ সি আই এর এজেন্ট বা ধানকলের এজেন্ট নেই সেখানে আপনি কি করছেন?

শ্রীপ্রফুল্লকান্তি ঘোষ ঃ মাননীয় সদস্য সরোজদা যে মিটিং এর কথা বললেন সেটা অস্বীকার করতে পারি না। সেখানে বলা হয়েছিল গ্রামের ভিতরে কোথাও একদিনের জন্য হয়তো দাম পড়ে যেতে পারে। তবে আমরা সেখানে যাবার পরে দেখেছি ময়েশ্চার আছে। মাননীয় সদস্য নিশ্চয় এনডোরস করবেন যদি আমি বলি যে একথা বলা হয়েছিল যে কোন কথা শুনতে চাই না, এফ, সি আই এর ডি পি এজেন্ট সর্বত্র থাকা চাই — কোন জায়গায় চাষী যাতে ৭৭ টাকার তলায় ধান বিক্রি করতে বাধ্য না হয়।

শ্রীকুমারদীপ্তি সেনগুপ্ত ঃ মন্ত্রিমহাশয় বলেছেন যে নির্ধারিত দামের নীচে কম দামে ধান বিক্রি হচ্ছে না। মন্ত্রীমহাশয়কে বলি রেশনের নির্ধারিত দাম ১ ৭০ পয়সা, কিন্তু বিক্রি হচ্ছে ১টাকা ৪০ পয়সায় এবং এক টাকা ৬৫ পয়সাতে। এক টাকা ৪০ পয়সায় গ্রাম এলাকাতে এবং ১ টাকা ৬৫ পয়সায় তার বাইরে। অর্থাৎ রেশনে যে দাম তার চেয়ে কম দামে বিক্রি হচ্ছে?

শ্রীপ্রফুল্লকান্তি ঘোষ ঃ মাননীয় সদস্যর কাছ থেকে জানতে চাই এটা সুখের না দুঃখের?

শ্রীকুমারদীপ্তি সেনগুপ্ত ঃ এটা যদি সুখের হয় মন্ত্রি মহাশয় রেশনে যে চালের দাম সেটা ১ টাকা

৪০ পয়সায় নামিয়ে আনবেন কি ?

শ্রীপ্রফুল্লকান্তি ঘোষ ঃ মাননীয় সদস্যদের আমি জানাল যে আমাদের এই সরকার এমনভাবে কাজ করছেন, এগ্রিকালচার অ্যান্ড ইরিগেশান ডিপার্টমেন্ট যেভাবে কাজ আরম্ভ করেছেন আজ থেকে তিন বছর হয়তো আগামী দিনে রেশন রাখতেই হবে না এমনভাবে ধান এবং গম হবে।

শ্রীমহম্মদ দেশার বক্স ঃ খাদ্যমন্ত্রীমহাশয় বলেছেন যে কালোবাজারে চাল সংগ্রহের সিদ্ধান্ত সরকার করেছেন। কিন্তু কাগজের পাতায় আমরা দেখছি ময়েশ্চারের অজুহাতে কিংবা ওই ধরনের কোন কারণে ডি পি এজেন্টরা কিনছেন না। যদি কেনা হয় যাঁরা বিক্রি করতে আসছেন তাঁদের কাছ থেকে সে বিষয়ে কি করছেন কৃষকের নায্যমূল্যে পাওয়ার দিক থেকে এবং আমাদের ধান সংগ্রহের লক্ষ্যের দিক থেকে।

শ্রীপ্রফুল্লকান্তি ঘোষ ঃ মাননীয় অধ্যক্ষ মহাশয়, বাজারে এই ধান কেনে এফ সি আই এবং এফ সি আই এর একটা গাইড লাইন আছে এবং সেই গাইড লাইনকে কেন্দ্র ক'রে তারা দাম ব'লে দেয় ধান অনুযায়ী। আবার কোন ধান সম্বন্ধে তারা ব'লে দেয় যে এর বেশী ময়েশ্চার থাকলে কিনতে পারবে না। তাইজন্য চাষীদের যাতে দুঃখ না আসে আমরা এসেনসিয়্যাল কমডিটিজ কে বলেছি যে দরকার হ'লে সেখান থেকে তারা ধান কিনবে। চাষীরা যাতে অভাবগ্রস্ত না হয় তারজন্য সবকার সম্পূর্ণভাবে সচেষ্ট। মাননীয় সদস্যদের কাছে আমি বিনীতভাবে নিবেদন করবো — নিশ্চয় তাঁরা খবর রাখেন — আমাকে সরাসরি জানান যে কোথায় কি দামে বিক্রি হচ্ছে। সেই রিপোর্ট পেলে আমি নিশ্চয় ব্যবস্থা নেব।

শ্রীঅশ্বিনী রায় ঃ আপনি বলেছেন যে লেভির মাধ্যমে সমস্ত ধান প্রোকিওর করবেন। তাহ'লে লেভি উৎপাদক যারা তাদের কাছ তেকেও লেভির মাধ্যমে আদায় করবেন। আপনি তিন লক্ষ্য টন ধার্য করেছেন। এটা ঠিক করেছেন যে মিল মালিকে কাছ থেকে কতটা আদায় করবেন এবং উৎপাদকের কাছ থেকে ক'ত্যা সংগ্রহ করবেন। যদি ঠিক ক'রে থাকেন তাহলে বলুন।

শ্রীপ্রফুল্লকান্তি ঘোষ ঃ এর উত্তর আমি পূর্বেই দিয়েছি। আমি বলেছিলাম রাইস মিলের কাছ থেকে কতটা লেভি নেব একথা কেউ বলতে পারে না। আমরা বলেছি যে রাইস মিল যতটা কাজ করবে তার ৫০ পারসেন্ট দিতে হবে। এখানে প্রোকিওরমেন্টের কোন ডিরেকটিভ থাকতে পারে না যে ২ লক্ষ টন প্রোকিওর করতে হবে। তবে উৎপাদকদের কাছ থেকে যে লেভি আদায় করা হবে তার একটা ডিরেক্টিভ থাকবে। বিভিন্ন ডিসট্রিক্টে লেভির একটা লিস্ট আছে। এবং এই লিস্ট সম্বন্ধে যদি কারও কিছু বলবার থাকে তা শুনে নূতন ক'রে এই লিস্ট করতে আরও দিন সাতেক দেরি হবে।

শ্রী গৌতম চক্রবর্তী ঃ আমি জানতে চাচ্ছি — প্রোকিওরমেন্ট করার জন্য লেভি আদায় করার জন্য পুলিস দপ্তরের একটা বিরাট অঙ্কের টাকা ব্যয় করা হয়। এই অঙ্কের টাকা ব্যয় এখানে না ক'রে যদি চাষীদের সেটা দেওয়া হয় তাহ'লে চাষীরা ৭৭/৭৮ টাকার বেশি মূল্যে বিক্রি করতে পারে। আপনি এই রকম পরিকল্পনার কথা ভাবছেন কিনা? এবং গতবারে এই পুলিসের জন্য কত টাকা খরচ হয়েছে?

শ্রীপ্রফুল্লকান্তি ঘোষ ঃ এই ধরনের পুরকল্পনা করবার দায়িত্ব কেন্দ্রের। মাননীয় সদস্য নিশ্চয় জানেন যে জাম নির্ধারন করার আগে কেন্দ্র সমস্ত প্রদেশের মুখ্যমন্ত্রী ও এগ্রিকালচারাল মিনিস্টারদের ডাকেন এবং একটা মিটিং হয়, তার নাম হচ্ছে চীফ মিনিস্টারস মিটিং এবং মিটিংয়ে প্রিসাইট করেন ইউনিয়ন এগ্রিকালচারাল মিনিষ্টার। সেখানে বিভিন্ন ধানের কি দাম হবে এবং প্রেকিওরমেন্ট পলিসি বিভিন্ন স্টেটে কি হবে তা ঠিক হয়। আমরা সেখানে দাম বাড়িয়ে দিতে পারি না। আমি সেখানে খাদ্যমন্ত্রী হিসাবে গিয়েছিলাম। সেখানে কেন্দ্রীয় মন্ত্রীকে আমাদের স্টেটের সম্বন্ধে জানিয়ে বলেছিলাম ৫/৭ টাকা বোনাস হিসাবে কি আমরা দিতে পারি না? সেখানে কেন্দ্র বলেছিল — না, এই জিনিস দেওয়া যেতে পারে না। আমি যতদূর জানি

গত বছর পুলিশের জন্য কত খরচ হয়েছে। কিন্তু এটা মনে রাখতে হবে যে এটা ইন্টার স্টেটের ব্যাপার। আজকে আমাদের বিহার বর্ডারে পুলিস রাখতে হবে, আসাম বর্ডারে পুলিস রাখতে হবে। আমার যতটুকু মনে আছে এইসব মিলে গত বছর আড়াইকোটি টাকার মত খরচ হয়েছে। মাননীয় সদস্যদের যেমন এ বিষয়ে প্রশ্ন আছে, আমিও একজন সদস্য, আমার মনেও এই প্রশ্ন দেখা দিয়েছিল। কিন্তু তা সত্ত্বেও আমাদের পুলিস বাবদ একটা বড় অঙ্কের টাকা খরচ করতেই হবে। আমাদের ইন্টার ডিস্ট্রিক্ট কর্ডনিং করতেই হবে। কারণ সব জায়গায় সমান ধান হয় না। আবার কোন কোন জায়গায় বাড়তি ধান হয়। এ বাড়তি জায়গায় ধান তোলবার জন্য কর্ডনিং করবার প্রয়োজনীয়তা আছে। এটা আজ থেকে নয় — যবে থেকে এই সরকার এসেছে।

[1-20 – 1-30 p.m.] অর্থাৎ আমাদের পশ্চিমবাংলায় যবে থেকে সরকার হয়েছে তবে থেকে আছে — এর প্রয়োজনীয়তা না থাকলে, আমরা যা ভাবলে আগের লোক ভেবে হয়ত বন্ধ ক'রে দিত।

শ্রীসুকুমার বন্দোপাধ্যায় : মাননীয় খাদ্যমন্ত্রি মহাশয় জানালেন কি গত বছর ধান সংগ্রহের লক্ষ্যমাত্রা পূরণ না হবার কারণ কি ?

শ্রীপ্রফুল্লকান্তি ঘোষ : পূরণ না হবার কারণ আমরা পারি নি । আমরা ২১৮ জন এবং আমাদের সাথী হিসাবে যারও ৩৫ জন আছেন, তার সঙ্গে খাদ্যমন্ত্রিকে স্বয়ং ধ'রে নিয়েও আমরা সবাই অবদার্থ।

শ্রীভবানীপ্রসাদ সিংহ রায় : মাননীয় খাদ্যমন্ত্রীমহাশয় একটি জবাবে বলেছেন ডি পি এজেন্ট নিয়োগের ক্ষেত্রে মিল মালিক, স্টোরিং এজেন্ট এবং রাইসের হোলসেলার তাদের অনেকের ক্ষেত্রেই দেওয়া হচ্ছে — পশ্চিমবঙ্গে ১৫ থেকে ২০ লক্ষ টন ডিসট্রেসড সেল হয় ১৫ই ডিসেম্বর থেকে ১৫ই জানুয়ারির মধ্যে এবং এফ সি আই নিযুক্ত হয়েছিল, ডি পি এজেন্ট সংগ্রহ করতে পারে নি কেন আমার বক্তব্য হচ্ছে এইবারে হুগলী জেলার ক্ষেত্রে যা হয়েছে সে সম্বন্ধে মাননীয় খাদ্যমন্ত্রী কোন খোঁজ খবর রাখেন যারা এফ সি আই এর কাছে ছিল তাদেরই শুধু ডি পি এজেন্সি দেওয়া হয়েছে?

শ্রীপ্রফুল্লকান্তি ঘোষ : মাননীয় সদস্য যে তথ্য দিলেন সেটা আমার কাছে বিস্ময়কর যে ২০ লক্ষ টনের উপর ডিসট্রেসড সেল হয় — এটা আমি অকপটে স্বীকার করছি — খাদ্যমন্ত্রী হয়েও আমার এটা জানা নেই। দ্বিতীয় হচ্ছে দু বছর আগে আমরা চেয়েছিলাম কোন রাইস মিল আমাদের ডি পি এজেন্ট হতে পারবে না এবং যদি জানা যায় যে রাইস মিল ডি পি এজেন্ট হয়েছে তাহ'লে তাকে উপযুক্ত সাজা দেওয়া হবে — মিসা করবার কথা বলা হয়েছিল। মাননীয় সদস্য জানেন ডি পি এজেন্ট কি — একটা ডি পি এজেন্ট হতে গেলে তাকে কমপক্ষে ১৫ থেকে ১৮ হাজার টাকা নিজেকে বেব করতে হয় এবং ধান এফ সি আই গোডাইউনে তুলে দিয়ে রিফ্রেকশান বা আদর কোয়ালিটিজ যা আছে এটা দেখার পর তবে এফ সি আই টাকা দেয়। আমরা দেখলাম যে সংখ্যক ডি পি এজেন্ট দরকার সেটা পাওয়া যাচ্ছে না। আমরা যতক্ষণ পর্যন্ত না কো অপারেটিভকে জোরদার ক'রে তুলতে পারব, যতক্ষণ পর্যন্ত না পশ্চিমবাংলার বিভিন্ন গ্রামের ভিতর কো অপারেটিভ এগিয়ে যেতে পারবে ততক্ষণ পর্যন্ত গ্রামবা শত চেষ্টা করা সত্ত্বেও দেখা যাবে যে ডি পি এজেন্ট রাইস মিলার এবং তারা এফ সি আই এর ডি পি এজেন্ট হিসাবে কাজ করছে। মাননীয় সদস্য জানেন যে আমরা ক্ল্যানডেসটাইন ওয়েতে কাজ করছি।

শ্রীফণীভূষণ সিংহ বাবু : মাননীয় মন্ত্রীমহাশয় বলছেন আমরা যতদিন পর্যন্ত না কো-অপারেটিভকে সক্রিয় ক'রে তুলছি ততদিন পর্যন্ত জানতে চাই এই কোঅপারেটিভ সরকারী নির্দ্ধারিত দরের বাইরে কিনতে পারছে না, অথচ রাইস মিল নিজেদের ইচ্ছামত দরে বাজার থেকে ধান কিনে নিচ্ছে — এর প্রতিকারের কোন ব্যবস্থা আছে কি ?

শ্রীপ্রফুল্লকান্তি ঘোষ : আমি আপনার প্রশ্নটা ঠিক বুঝতে পারলাম না। তবে যেটুক বুঝলাম তাতে

বলতে পারি, কোঅপারেটিভের এজেন্টরা আমরা ধ'রে নিতে পারি তারা অনেক সৎ এবং তারা সরকারের নীতিকে সফল করার চেষ্টা করবে। তবে এরা তা থেকে ডিভিয়েট করেছে এরকম তথ্য যদি কোন মাননীয় সদস্য পাঠান সরকারের কাছে তাহ'লে সরকার নিশ্চয় সেটা তদন্ত করবেন এবং তা ক'রে যথাযথ ব্যবস্থা করবেন।

রঘুনাথপুরে সরকারী হাসপাতাল খোলার পরিকল্পনা

*৫। (সর্ট নোটিশ) (অনুমোদিত প্রশ্ন নং *১৭।) **শ্রীসুকুমার বন্দোপাধ্যায় :** স্বাস্থ্য বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি —

ক) ইহা কি সত্য যে, পুরুলিয়া জেলার রঘুনাথপুরে রাজ্যসরকার একটি সরকারী হাসপাতাল খোলার পরিকল্পনা নিয়েছেন,

খ) 'ক' এর প্রশ্নের উত্তর হ্যাঁ হ'লে, উক্ত হাসপাতাল নির্মাণের জন্য রাজ্য সরকারের পক্ষথেকে এ যাবৎ কি কি কর্মপন্থা গ্রহণ করা হয়েছে; এবং

গ) উক্ত হাসপাতাল নির্মাণ ব্যবত কি পরিমাণ অর্থ ব্যয় হবে?

শ্রীঅজিতকুমার পাঁজা :

(ক) হ্যাঁ

(খ) ১৮.০৭ একর জমি অধিগ্রহণ করা হয়েছে। জল প্রাপ্তি সম্পর্কে সমীক্ষা করা হয়েছে এবং জনস্বাস্থ্য ইঞ্জিনীয়ারিং বিভাগ থেকে পর্যন্ত জলসরবরাহের প্রতিশ্রুতি পাওয়া গেছে।

গ) এখন বলা সম্ভব নয়।

শ্রীসুকুমার বন্দ্যোপাধ্যায় : মাননীয় মন্ত্রিমহাশয় কি জানাবেন, পুরুলিয়া জেলার রঘুনাথপুরে ঐ হাসপাতালের নির্মাণকার্য কবে নাগাত শুরু হবে ব'লে আশা করা যায়?

শ্রীঅজিতকুমার পাঁজা : সেটা ঠিক বলা সম্ভব নয়। কারণ, জলসরবরাহের ব্যাপার নিয়ে খুব অসুবিধার সৃষ্টি হয়েছিল প্রাথমিক পর্যায়ে। এখন পাবলিক হেলথ ইঞ্জিনিয়ারিং বিভাগ মারফত শুলকা বাঁধ থেকে জল সরবরাহের সম্পূর্ণ হয়েছে তবে গভর্নমেন্টের আর্কিটেক্ট জানিয়েছেন যে ওখানে যে জমি আছে তাতে ৬৮ বেডের হাতপাতাল করা সম্ভব নয়,আরও জমি তার জন্য দরকার। ইতিমধ্যেই আমরা স্টেপ নিতে শুরু করেছি এবং সি এম ও এইচ-এর কাছ থেকে খবর এসেছে যে তিনি অ্যাডিশনাল ল্যান্ড অ্যাকোয়ার করার জন্য সব ব্যবস্থা নিয়েছেন।

শ্রীসুকুমার বন্দ্যোপাধ্যায় : মাননীয় মন্ত্রিমহাশয় কি জানাবেন, পুরুলিয়া জেলার রঘুনাথপুরে ঐ সরকারী হাসপাতাল তৈরির পরিকল্পনা পাকা কিনা?

শ্রীঅজিতকুমার পাঁজা : হ্যাঁ, পরিকল্পনাটি পাকা।

শ্রীসুকুমার বন্দ্যোপাধ্যায় : পরিকল্পনাটি যখন পাকা তখন নিশ্চয় আমাদের কর্মদক্ষ স্বাস্থ্যমন্ত্রি তাকে বাস্তবে রূপ দেবার জন্য কর্মপন্থা গ্রহণ করছেন। সেটা আমরা বিশ্বাস করি কারণ মাননীয় স্বাস্থ্যমন্ত্রি যেসব প্রতিশ্রুতি দেন তিনি তা পালন করার চেষ্টা ক'রে থাকেন এবং তা করেন। আমার জিজ্ঞাসা, পরিকল্পনাটি যখন পাকা তখন সেই পরিকল্পনা অনুযায়ী আনুমানিক কোন্ মাসে বা কোন্ তারিখে এই হাসপাতালটির নির্মান কার্য শুরু হবে মাননীয় মন্ত্রিমহাশয় বলতে পারেন কি ?

শ্রীঅজিতকুমার পাঁজা : মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি মাননীয় সদস্যদের জানাচ্ছি যে,

পরিকল্পনাটি পাকাই আছে। জল সরবরাহের অসুবিধার খবর পেয়ে আমি ইঞ্জিনিয়ারদের সঙ্গে নিয়ে সেই এলাকাটা পরিদর্শন ক'রে এসেছি। তবে জমি আরও বেশি প্রয়োজন ব'লে আমাদের আর্কিটেক্ট জানিয়েছেন। জমিটা পেয়ে গেলে আমরা শুরু করব এবং যত তাড়তাড়ি সম্ভব করার বিষয় লক্ষ্য রাখব।

Calling attention to matters of urgent public importance

[1.30 - 1.40 P. M.]

Mr. Speaker : The Minister in charge of the Health Department will please make a statement on the subject of theft of medicine from Bankura Sammilani Medical College and other hospitals in West Bengal–attention called by Shri Kashinath Misra and Shri Adya Charan Dutta on the 1st December, 1979.

শ্রীঅজিত কুমার পাঁজা : মাননীয় অধ্যক্ষ মহাশয়, পশ্চিম বাংলার বিভিন্ন হাসপাতাল থেকে ঔষধ চুরি যাওয়ার সংবাদ মধ্যে মধ্যে রেলওয়ে ডিপার্টমেন্টে আসে বা ডিস্ট্রিক্ট অথরিটির কাছে আসে। সেগুলি সম্বন্ধে পুলিসকে খবর দেওয়া ছাড়া অনুসন্ধান ক'রে দোষী ব্যক্তির বিরুদ্ধে যথোপযুক্ত ব্যবস্থা গ্রহণ করা হয়ে থাকে এবং এর জন্য স্বাস্থ্য দপ্তরে একটা বিশেষ সেল আছে। এই সেলের কাজ হ'ল বিষয়টা সম্পর্কে বিস্তারিত অনুসন্ধান ক'রে রিপোর্ট দাখিল করা এবং দোষী ব্যক্তির বিরুদ্ধে যথোপযুক্ত ব্যবস্থা গ্রহণ করা। বাঁকুড়া সম্মিলনী মেডিকেল কলেজ থেকে গত ২/৩ মাসে ৩০ হাজার টাকার মত ঔষধ, সেলাইন এবং অন্যান্য জিনিস চুরি যাওয়ার কোন খবর স্বাস্থ্য দপ্তরে আসে নি। বাঁকুড়া পুলিস কর্তৃপক্ষ সন্দেহবশত কিছু চোরাই ঔষধ পান এবং এই সম্পর্কে তদন্ত করা হচ্ছে।

Mr. Speaker : I have received 11 notices of calling attention on various subjects, namely–

1. Spread of maleria in West Bengal – from Shri Kashinath Misra and Shri Naresh Chandra Chaki.
2. Special permission for appearing at the School Final Examination – from Shri Kashinath Misra and Shri Naresh Chandra Chaki.
3. Minimum wages for the Biri labourers in West Bengal – from Shri Kashinath Misra and others.
4. Involvement of Ambassadar Cars in subversive activities in North Bengal – from Shri Md. Dedar Baksh and Shri Kashinath Misra.
5. Erosion in Murshidabad district – from Shri Md. Dedar Baksh and Shri Kashinath Misra.
6. Clash due to horvesting of crops – from Shri Md. Dedar Baksh and Shri Kashinath Misra.
7. Wastage of food by rats – from Shri Md. Dedar Baksh and Shri Kashinath Misra.
8. Construction of notalled road in each constituency – from Shri Kashinath Misra and others.
9. Economic rehabilitation of the fish dealers – from Shri Kashinath Misra and others.

10. Removal of Bargadars by the Jotdars – from Shri Kashinath Misra and others.

11. Applications for affiliation of Junior and High Schools – from Shri Kashinath Misra and others.

Out of these notices I have selected the notice of Shri Kashinath Misra and Shri Mohammad Dedar Baksh on the subject of clash due to harvesting of crops.

The Hon'ble Minister-in-charge may please make a statement on the subject today, if possible, or give a date for the same.

Dr. Motahar Hossain : The Statement will be made tomorrow.

Mention Cases

শ্রীশিশির কুমার ঘোষ : মাননীয় অধ্যক্ষ মহাশয়, আপনার কাছে আমি একটা জরুরী বিষয় তুলবার অনুমতি চেয়েছিলাম, আপনি সেই অনুমতি দিয়েছেন ব'লে আপনাকে ধন্যবাদ জানাচ্ছি। মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি যে কথা বলতে চাই সেটা হচ্ছে ব্যারাকপুর শিল্পাঞ্চলের কয়েকটি কারখানায় ১০ হাজারের উপর শ্রমিক কর্মচ্যুত এবং তারা বেকার হয়ে রাস্তায় ঘুরে বেড়াচ্ছে। সরকারের বার বার প্রতিশ্রুতি লঙ্ঘন ক'রে ব্রিটেনিয়া কারখানা আজও বন্ধ হয়ে আছে। বডদহ জুট মিলে শ্রমিকরা আজও ১১ মাস বেতন পান না এবং ৬ হাজার কর্মচারী সেখানে বেকার হয়ে পড়ে আছে। এন টি সি কারখানা সেখানে ২½ হাজার কর্মচারী— সরকারকে না জানিয়ে ১১-৬ তারিখে ৮০ জনকে ছাটাই ক'রে দিল। সরকার নিজে জানিয়েছিলেন যে আমরা এটা জানতে পারলাম, আমরা এটা দেখছি। কিন্তু অক্টোবর থেকে আজ পর্যন্ত এন টি সি কারখানা বন্ধ হয়ে পড়ে আছে। সরকারকে না জানিয়ে ওরিয়েন্টাল মেটাল তার ৯ শত কর্মচারীকে বেকার ক'রে রেখেছে। সরকাবকে না জানিয়ে আগরওয়াল হার্ডওয়ার আজকে ৬ শত কর্মচারীকে বেকার ক'বে রেখেছে। এইসমস্ত বেকার শ্রমিকরা আজকে সমস্ত ব্যারাকপুর অঞ্চলে ঘিরে রেখেছে এবং কারখানাগুলিতে কোন কর্মচাঞ্চল্য না থাকায় কি দুরূহ অবস্থার সৃষ্টি করেছে সেদিকে আপনার মাধ্যমে মন্ত্রিসভার দৃষ্টি আকর্ষণ করছি। মাননীয় অধ্যক্ষ মহাশয়, সরকারের এই নীরবতা যেমন একদিকে শ্রমিকদের হতাশাগ্রস্ত ক'রে তুলেছে অন্যদিকে মালিকশ্রেণীকে উৎসাহিত ক'রে তুলেছে। আজকে ২০-দফা কর্মসূচীর যে মূল ধারাগুলি রয়েছে সেই ধারাগুলি ব্যাহত করছে উৎপাদন ব্যবস্থাকে ব্যাহত ক'রে। তাই আপনার মাধ্যমে অবিলম্বে মন্ত্রিসভার দৃষ্টি আকর্ষণ যে কারখানাগুলির নাম বললাম সেই কারখানাগুলিকে অবিলম্বে চালু করার ব্যবস্থা করা হোক।

শ্রীমনোরঞ্জন প্রামাণিক : মাননীয় অধ্যক্ষ মহাশয়, আপনার মাধ্যমে আমার বিধানসভা কেন্দ্রের তফসিলী সম্প্রদায়ের উপর কি ভাবে নির্যাতন হচ্ছে তার একটা করুণ চিত্রের প্রতি আমি মন্ত্রিসভার দৃষ্টি আকর্ষণ করছি। আমার কেন্দ্র বর্ধমান জেলার খণ্ডঘোষ গ্রামে তফসিলী সম্প্রদায় বাস করে এবং সেটা তফসিলী সংরক্ষিত আসন। এই সংরক্ষিত আসন থেকে আমি প্রতিনিধিত্ব করছি। শুধু তাই নয়, আপনার বিধানসভায় তফসিলি উন্নয়নযে কমিটি আছে আমি তার চেয়ারম্যান। আজকে দুঃখের সঙ্গে বলতে হচ্ছে যে আমারই কেন্দ্রে ঐ তফসিলী সম্প্রদায়ের কিভাবে নির্যাতন হচ্ছে আমি আপনার মাধ্যমে জানাতে চাই। তফসিলী সম্প্রদায় বেশিরভাগ হচ্ছে বর্গাদার বা ড্রিনমজুর। এই বর্গাদার সম্প্রদায়ের সেটেলমেন্টের জন্য রেকর্ড করানো হচ্ছে। যখন জমি রেকর্ড করানো হচ্ছে সেখানে বর্গাদারদের স্বার্থ ঠিকমত রক্ষা করা হচ্ছে না। সেই সঙ্গে সঙ্গে যেখানে বর্গাদাররা নিজের ন্যায্য রেকর্ড করাতে যাচ্ছে সেখানে তাদের উপর জোতদাররা নানাভাবে অত্যাচার চালাচ্ছে। এমনকি সেই তফসিলী সম্প্রদায়ের বর্গাদারদের বিভিন্ন কেসের

মাধ্যমে জড়িত করা হচ্ছে, তাদের হয়রানি করা হচ্ছে, কেসের মাধ্যমে তাদের নির্যাতন করা হচ্ছে। শুধু তাই নয়, তাদের যে ন্যায্য পাওনা, সারা বছরে তারা যে জমিতে চাষ করল, সার দিল, লাঙ্গল চষল, তাদের বুকের রক্ত দিয়ে জমি চাষ করল, সেই জমির ফসলের ন্যায্য পাওনা পর্যন্ত তারা পাচ্ছে না। জোতদাররা তাদের নানাভাবে বঞ্চিত করছে তাদের পাওনা থেকে। সেই সঙ্গে যখন বর্গাদাররা সমষ্টিগতভাবে, সংঘবদ্ধভাবে এই জোতদারদের বিরুদ্ধে লড়াই করছে, তখন সেখানে পুলিস নীরব দর্শকের ভূমিকায় থাকছে। শুধু তাই নয়, এই পুলিস জোতদারদের যোগসাজসে এই তফসিলী সম্প্রদায় বর্গাদারদের উপর অকথ্য অত্যাচার চালিয়ে যাচ্ছে। তাই আমি পুলিস মন্ত্রী মহাশয়ের কাছে নিবেদন করব, আগামী কাল তিনি যখন বর্গাদারদের স্বার্থ সম্পর্কিত বিষয়টি বিধানসভায় রাখবেন, আমার বক্তব্যের উত্তরটা তিনি আশা করি সেই সময় দেবেন। বর্ধমান জেলার রায়না থানার দু নং ব্লকে পাঁইটা গ্রামে ২ জন বর্গাদারদের উপর জোতদাররা যেভাবে অত্যাচার ক'রে চলেছেন সেটা দারুণ মর্মস্পর্শী। পাঁইটা গ্রামে জোতদাররা বন্দুক লাঠি নিয়ে গুন্ডা এবং লাঠিয়ালদের সাহায্যে সেখানকার তফসিলী সম্প্রদায়ভুক্ত বর্গাদারদের উপর অত্যাচার করছে এবং এই তফসিলী সম্প্রদায়ের মা-বোনদের উপরও অকথ্য অত্যাচার এই জোতদাররা করেছে এবং পুলিস সেই সম্পর্কে কোন ব্যবস্থা অবলম্বন করে নি। এইভাবে যদি তফসিলী সম্প্রদায়ের বর্গাদারদের উপর অত্যাচার চালানো হয়, যখন শ্রীমতী ইন্দিরা গান্ধীর ২০-দফা কর্মসূচীর মধ্যে বলা হয়েছে বর্গাদারদের স্বার্থ রক্ষা করতে হবে, গ্রামাঞ্চলের কথা বলা হয়েছে, তফসিলী সম্প্রদায় এবং হরিজনদের স্বার্থরক্ষার জন্য নানা ব্যবস্থা করা হচ্ছে, এই জরুরী অবস্থায় যখন প্রধানমন্ত্রী বলছেন ফাইট দি পভার্টি, সেখানে আমরা দেখতে পাচ্ছি এই দরিদ্র হরিজন সম্প্রদায়ের উপর অকথ্য নির্যাতন চলছে। ছোটবেলান, শাঁকারী অঞ্চলের কেশবপুরে, খণ্ডঘোষে বর্গাদারদের ন্যায্য পাওনা থেকে এই জোতদাররা বঞ্চিত করছে। প্রতিটি ক্ষেত্রে বর্গাদারদের এইরকমভাবে নির্যাতন করা হচ্ছে। মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি আপনাকে এই অত্যাচারের আর একটি ঘটনা জানাতে চাই, গত সপ্তমীর দিন বর্ধমান জেলার উচালনে একজন হরিজনকে নৃশংসভাবে হত্যা করা হয়েছে, যার নাম দেবু বাগদী ওরফে দেবু দাস, তার বয়স ২২, চুরির অপরাধে শাস্তি দেবার নামে তাকে হত্যা করা হয়েছে। এইরকমভাবে যদি হরিজনদের উপর অত্যাচার করা হয় তাহ'লে অত্যন্ত দুর্ভাগ্যের কথা। পুলিশমন্ত্রী আগামী কাল যখন হরিজনদের স্বার্থ সংশ্লিষ্ট বিষয়ে সম্পর্কে এখানে বক্তব্য রাখবেন তখন আমার এই নিবেদন সম্পর্কে আমি তাঁর কাছে আশা করি একটা সৎ উত্তর পাব। পুলিশ এই সমস্ত ঘটনায় নীরব দর্শকের ভূমিকা গ্রহণ ক'রে বসে আছে। তফসিলী উপজাতি, যেমন বাগদী, বাউড়ি, ডোম প্রভৃতি সম্প্রদায়ের লোক তারা অত্যাচরিত হচ্ছে এটা অত্যন্ত দুঃখের কথা, বেদনার কথা। মাননীয় স্পীকার মহাশয়, আমি সেই সংরক্ষিত আসন থেকে প্রতিনিধিত্ব করেছি। আমার দুঃখ এবং বেদনার কথা আপনার কাছে জানালাম। এই গরিব, নিরন্ন, বর্গাদারদের তাদের ন্যায্য পাওনা থেকে বঞ্চিত করা হচ্ছে এবং তাদের অকথ্য নির্যাতন করা হচ্ছে। তাদের নিরাপত্তা পর্যন্ত নেই কারণ তাদের হত্যা পর্যন্ত করা হয়েছে। এই যে সংরক্ষিত আসন থেকে আমি নির্বাচিত হয়ে এসেছি, এদের স্বার্থ যদি আমরা রক্ষা না করতে পারি তাহ'লে আমরা কিসের জন্য প্রতিনিধিত্ব করছি? তাই মন্ত্রিসভার কাছে আপনার মাধ্যমে দৃষ্টি আকর্ষণ করছি, বিশেষ ক'রে পুলিশমন্ত্রী এখানে আছেন তাঁর দৃষ্টি আকর্ষণ করছি।

পুলিস মন্ত্রির কাছে আমার সবিনয় নিবেদন যে, এই হরিজন সম্প্রদায়, তফসিলী সম্প্রদায় সম্বন্ধে সচেতন হোন। আমাদের বর্ধমান জেলার খণ্ডঘোষ থানার হরিজনদের ওপর যাতে নির্যাতন না হয়, তাদের জীবনের যাতে নিরাপত্তা থাকে তার জন্য সচেতন হোন এবং বর্ধমানের পুলিস সুপারকে কড়া নির্দেশ দিন এবং যাতে এইসব হরিজনদের নিরাপত্তা থাকে তার জন্য ব্যবস্থা গ্রহণ করুন। দেবু বাগদিকে হত্যা করা হ'ল, এটা অত্যন্ত দুঃখের কথা। দেবু মাত্র ২২ বছরের ছেলে, তাকে মিছিমিছি চুরির অপরাধে হত্যা করা হয়েছে। এই হত্যাকান্ড এবং হরিজন সম্প্রদায়ের ওপর যে অত্যাচার চলছে সেই দিকে পুলিস মন্ত্রিমহাশয় বিশেষভাবে দৃষ্টি দিন। আমার কেন্দ্র তফসিলী সংরক্ষিত আসন এবং আমি বিধানসভার তফসিলী উন্নয়ন কমিটির

চেয়ারম্যান, অথচ দুঃখের কথা এই যে আমারই কেন্দ্রে হরিজনদের ওপর এইভাবে অত্যাচার হচ্ছে। এটা যদি চলতে থাকে তাহ'লে এটা অত্যন্ত দুঃখের হবে। তাই আমি এ বিষয়ে আপনার মাধ্যমে পুলিশমন্ত্রির কাছে নিবেদন করছি এবং আগামীকাল এ বিষয়ে তিনি তাঁর বক্তব্য রাখবেন এই আশা করছি।

[1.40 – 150 p.m.]

শ্রীঅজয়কুমার মুখার্জী ঃ মাননীয় স্পীকার মহাশয়, ধান কাটা চলছে, অনেক দূর এগিয়ে গিয়েছে। এই সময় চাষীদের ও ভাগচাষীদের নিয়ে বহু গোলমাল হচ্ছে। তাদের ওপর জমিদার, জোতদারদের অত্যাচার হচ্ছে। এ বিষয়ে সরকার একটা কমিটি গঠন করেছেন। তাতে আমাকে চেয়ারম্যান করা হয়েছে এবং অ্যাসেম্বলির আরও দুজন মেম্বারকে নিয়ে এই কমিটি করা হয়েছে। যেখানে ফৌজদারী কেস হচ্ছে পুলিসকে বাদী ক'রে সেখানে পুলিসের এফ আই আর এবং আসামীর বক্তব্য নিয়ে যদি কোর্টের কোন মন্তব্য থাকে তাহ'লে তা আমাদের এই কমিটির কাছে পাঠালে পর আমরা সেগুলি দেখে যেগুলি প্রত্যাহার করা উচিত সেগুলি সম্বন্ধে সুপারিশ করছি। আমাদের প্রায় সুপারিশই গভর্নমেন্ট গ্রহণ করেন। মাননীয় সদস্যরা এটা মনে রাখলে ভাল হয়।

শ্রীকানাই ভৌমিকঃ মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি ঐ কমিটির একজন মেম্বার। দেড় বছর দু বছরের মধ্যে আমরা ৪০০ কেস ইউথড্র করবার জন্য সুপারিশ করেছি। কিছু দিন আগে পর্যন্ত সেখানে মাত্র ৫টি কেস ইউথড্র করা হয়েছে। লেটেস্ট যেটা পেয়েছি তাতে ৫০ পারসেন্ট কেসও উইথড্র করা হয়নি এবং এই কেসগুলি হচ্ছে ৬৯/৭০/৭১ সালের। এইগুলি সম্বন্ধে ডিস্ট্রিক্ট ম্যাজিস্ট্রেট এবং এস পি-কে জানানো সত্ত্বেও কোন কার্যকরী ব্যবস্থা গ্রহণ করা হয় নি। তারপর আমরা কাগজে অ্যানাউন্স করেছিলাম যে, যারা আসামী হচ্ছে তারা দরখাস্ত করলেই বিবেচনা করা হবে। সেগুলি পাবার পর আমরা কেসগুলি উইথড্র করবার জন্য বলেছিলাম এবং আমাদের শ্রদ্ধেয় চেয়ারম্যানের মাধ্যমে আমরা চীফ মিনিস্টারকেও জানিয়েছি। কিন্তু দুঃখের বিষয় ৫০ পারসেন্ট কেসও এখনও উইথড্র হয় নি এবং এই ধরনের টালবাহানা চলছে। কি ধরনের ক্রুরোক্রেসী চলছে, কিভাবে পুলিস ডিপার্টমেন্ট চলছে তা এই ঘটনাটা অ্যানালাইসিস করলেই বোঝা যাবে। সম্প্রতি যে কেসগুলি হচ্ছে সেগুলি কবে হবে জানি না, এখন পর্যন্ত ৬৯/৭০ সালের কেসগুলিই ওঠে নি। তাই আমি আপনার মাধ্যমে মন্ত্রিসভার দৃষ্টি আকর্ষণ করছি এগুলির প্রতিকারের জন্য। এইভাবে কমিটি ক'রে যদি কমিটির সুপারিশকে বানচাল করা হয় তাহ'লে এই কমিটি করা কোন অর্থ হয় না। তাই আমি এ বিষয়ে আপনার মাধ্যমে আবার মন্ত্রিসভার দৃষ্টি আকর্ষণ করছি।

শ্রীসুব্রত মুখার্জী (কাটোয়া) ঃ মিঃ স্পীকার স্যার, আমি আপনার মাধ্যমে গতকাল কাটোয়া থেকে ট্রাঙ্ক টেলিফোনে যে গুরুতর সংবাদ পেয়েছি সেই সংবাদ এই হাউসে পরিবেশন করছি। সেটা হচ্ছে কাটোয়ার বাঁধমুরা গ্রামের ইয়াসীন শেখ, ছাবু শেখ, জগন্নাথ মুখার্জী এবং আরো কিছু সমাজবিরোধী ব্যক্তি আমাদের বরজ গ্রামের কংগ্রেস সমিতির আগ্রাশীল মল্লিক এবং আরও কয়েক জনকে আক্রমণ করে এবং জখম করে। যাদের জখম করেছে তাদের মধ্যে ৫ জনকে কাটোয়া হাসপাতালে স্থানান্তরিত করা হয়েছে। কিন্তু বেলা ১০ টা পর্যন্ত আমি খবর পেয়েছি পুলিস ঘটনাস্থলে যায় নি এবং কাউকে গ্রেপ্তার করে নি। ঐ গ্রামের সমাজবিরোধীরা গত ১৫ দিনের মধ্যে একজনের জমি থেকে ধান চুরি করেছে। একজনের গরু চুরি করেছে এবং একজনের উপর মারপিঠ করে। এইসব অপরাধের জন্য পুলিশ একের বিরুদ্ধে মামলা শুরু করে। পুলিশকে বলেছিলাম যে আপনারা ঐ গ্রামের সমাজবিরোধীদের কঠোরভাবে মোকাবিলা করুন, না হলে ঐ গ্রামে শেষ পর্যন্ত খুন চলবে। কিন্তু দুর্ভাগ্যের বিষয় ৩টা বিষয়ের যারা আসামী তাদের ২/১ জনকে গ্রেপ্তার করে বাকি লোকগুলিকে ধরল না। পরবর্তীকালে দেখা গেল অন্য দুটি মামলার যারা আসামী তারা গতকাল রাত্রে এই রকম ঘটনা করেছে। আমরা জানি ঐ গ্রামে এর আগে পুলিশ উভয় পক্ষের উপর ১০৭ ধারা জারি করেছিল। একটা গাঁয়ের লোক আদালতের শরণাপন্ন হয়ে জামিন নিলেন। পুলিশমন্ত্রির দৃষ্টি

আপনার মাধ্যমে আকর্ষণ ক'রে বলছি যে এই ঘটনার গুরুত্ব উপলব্ধি করুন। আমি যতদূর জানি তাঁকে এই ঘটনা জানাবার পর তিনি জেলা শাসক ও পুলিস সুপারের সঙ্গে যোগাযোগ করবেন ব'লে বলেন। আমি জানি না তাঁর সঙ্গে তাদের কি কথাবার্তা হয়েছে। ঐ গ্রামে শান্তিশৃঙ্খলা রক্ষার জন্য কি ব্যবস্থা তিনি গ্রহণ করেছেন? আমি তাঁকে জিজ্ঞাসা করছি কাটোয়ার পুলিসের কাছে তিনি এই জবাব চাইবেন কি না সমাজবিরোধীরা যারা ৩টা ঘটনার সঙ্গে জড়িত তারা কিভাবে প্রকাশ্য দিবালোকে রাস্তায় চলাফেরা করে? তাঁকে আপনার মাধ্যমে জিজ্ঞাসা করছি পুলিশ শান্তিশৃঙ্খলা রক্ষার জন্য যাদের বিরুদ্ধে ১০৭ ধারা জারি করল সেই আসামীরা পরে আবার কি ভাবে আর একটা হিংসাত্মক ঘটনা করতে পারে? তাই আপনার মাধ্যমে তাঁকে অনুরোধ করছি আপনি তদন্ত ক'রে দেখুন কাটোয়ার পুলিস অফিসারদের মধ্যে জনৈক একজন পদস্থ অফিসার এর মধ্যে রাজনৈতিক গন্ধ পেয়ে তিনি একটা বিশেষ মতলব উদ্দেশ্যসাধন করছেন কিনা? তিনি যদি যোগাযোগ ক'রে থাকেন তাহ'লে কি ব্যবস্থা তিনি গ্রহণ করেছেন সেটা তিনি এই হাউসে দয়া ক'রে জানান।

ডাঃ মোতাহার হোসেন ঃ মাননীয় স্পীকার স্যার, মাননীয় সদস্য আমার দৃষ্টি আকর্ষণ করার পর আমি বর্ধমান জেলার এস পি-র সঙ্গে কথা বলেছি এবং নির্দেশ দিয়েছি গতকালের ঘটনায় উপযুক্ত ব্যবস্থা অবলম্বন করার জন্য। তারপর এস ডি পি ও কাটোয়া সেখানে চলে গিয়ে যথাযথ ব্যবস্থা গ্রহণ করেছেন ব'লে আমার সংবাদ।

শ্রীশীশ মহম্মদ ঃ মাননীয় অধ্যক্ষ সহাশয়, আমি বিশেষ একটা গুরুত্বপূর্ণ বিষয়ে আপনার মাধ্যমে ইরিগেশন মন্ত্রির দৃষ্টি আকর্ষণ করছি। বিগত ১৯৭১ সাল থেকে আমার জঙ্গীপুর সাবডিভিসনের ধুলিয়ানবাজার থেকে সেকালীপুর পর্যন্ত প্রতি বছরই নদীতে ভাঙন হয়। ১৯৭৩ সালে জঙ্গীপুর মহকুমার এস ডি ও একটা সমীক্ষা চালিয়ে যে রিপোর্ট দিয়েছেন তাতে সেসময় ৮৮ কোটি টাকার মত ধনসম্পত্তি, বাড়ঘর নষ্ট হয়েছিল। তারপর ১৯৭৩-৭৪ চলে গেছে, ১৯৭৫ সালও যাচ্ছে, কিন্তু কিছুই হ'ল না। মাঝে চর পড়ার পর দিন কয়েকের জন্য ভাঙ্গন থেমেছিল, কিন্তু পশ্চিম পাড়ে সেই চরের মুখ দিয়ে নালা বেরিয়ে যাওয়ার পর এ বছর বর্ষা শেষ হওয়ার সঙ্গে সঙ্গে ভাঙ্গন শুরু হয়েছে। অনেকের ধারণা যখন নদীতে পুরোপুরি জল থাকে তখন ভাঙ্গন হয়। কিন্তু কথাটা ঠিক নয়, যখন নদীর জল কমতে থাকে তখন ভাঙ্গন শুরু হয় কারেন্ট জোর হওয়ার জন্য। মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি এবারে যখন একটা কমিটি মিটিংএ এসেছিলাম তখন হঠাৎ শুনলাম আমার বাড়ীর কাছে নদীর ভাঙ্গন শুরু হয়েছে। আমার বাড়ি ভাঙ্গনে চলে যাক ক্ষতি নেই, আমি গভর্নমেন্টের কাছে জি আর, অর্থসাহায্য চাচ্ছি না, কিন্তু আমাদের জঙ্গীপুরে মহকুমার ধুলিয়ান বাজার থেকে নুরপুর সেকালীপুর পর্যন্ত প্রতি বছর ভাঙ্গনে চলে যাচ্ছে এবং কোটি কোটি টাকার মূল্যবান সম্পত্তি, আমবাগান, ধানের সম্পত্তি নষ্ট হয়ে যাচ্ছে, মানুষের বাস্তাঘাটে আশ্রয় মিলছে না। তারা কি ক'রে বাস করবে, তারা খাবে কি? তারা পশ্চিমবঙ্গ সরকারের ছিটেফোঁটা জি আর-এর গমের জন্য, কিছু সাহায্যের জন্য লালায়িত নয়। আপনাদের কাছে জঙ্গীপুর মহকুমার জনসাধারণের আবেদন আপনারা সরকারে প্রতিষ্ঠিত আছেন, আপনাদের দায়িত্ব আছে জনসাধারণকে গঙ্গার ভাঙ্গন থেকে রক্ষা করবার। আপনারা বেডিও মারফত, খবরের কাগজ মারফত স্টেটমেন্ট দিয়েছিলেন যে ৬৩ কোটি টাকার একটা প্রকল্প তৈরি ক'রে সেন্ট্রাল গভর্নমেন্টের কাছে পাঠিয়েছেন। এটা সাধারণ মানুষ বুঝতে চায় না, তারা বুঝতে চায় আপনারা সরকারে আসীন আছেন, আপনাদের এটা করতে হবে। বর্তমানে নুরপুরে যে ভাঙ্গন চলছে সেটা ভয়াবহ আকার ধারণ করেছে। অবিলম্বে এই এলাকার ভাঙ্গন রোধ করবার জন্য ব্যবস্থা অবলম্বন করুন। আমরা দেখতে পাচ্ছি প্রতি সপ্তাহে প্রতি মিনিস্টার আপন আপন জেলায় যাচ্ছেন, কিন্তু বারবার অনুরোধ সত্ত্বেও আমাদের জেলার দুজন মন্ত্রী আছেন, ভাঙ্গন প্রতিরোধ করবার জন্য বারবার রাইটার্স বিল্ডিংসে অনুরোধ করেছি, কিন্তু ভাঙ্গন দেখার জন্য গেলেন না তাঁরা। ১৯৭৩ সালে একবার গিয়েছিলেন, তারপরে মাইলের

পর মাইল ভেঙ্গে গেল। কিন্তু সে সম্পর্কে কোন খবর রাখেন নি। ৪০ মাইল ধরে এই ভাঙ্গন চলছে। তাই অত্যন্ত ক্ষোভের সঙ্গে বেদনার সঙ্গে সেখানকার প্রতিনিধি হিসাবে মন্ত্রিমণ্ডীর কাছে জনাচ্ছি এই ভাঙ্গন রোধের জন্য অবিলম্বে কার্যকরী ব্যবস্থা গ্রহণ করা হোক, তা না হ'লে অন্য ব্যবস্থার কথা চিন্তা করব।

[1.50 - 2.00 p.m.]

শ্রীআবুল বরকত আতাউল গনি খান চৌধুরী ঃ মিঃ স্পীকার, স্যার আমরা জানি যে ওখানে ইরোসান হচ্ছে। আপনি জানেন যে এখন পর্যন্ত ইঞ্জিনীয়াররা কিভাবে ইরোসান বন্ধ করা যেতে পারে সেই বিষয়ে ঠিক করতে পারেন নি। তাঁরা কতকগুলি স্কীম দিয়েছেন। একটা স্কীম হচ্ছে স্পার দেওয়া, সেই স্পার দিতে আরম্ভ করেছে, বোধহয় ৬২ কিলোমিটার স্পার দিতে হবে, তার খরচ হবে ৬০ কোটি টাকা। ওয়েস্ট বেঙ্গল গভর্নমেন্ট নিজেরা ১½ কোটি টাকা খরচ করেছে, সেই বিষয়ে আমরা চেষ্টা করছি। প্রত্যেক বছর ২৫ লক্ষ, ৫০ লক্ষ টাকা আমরা খরচ করছি। ইঞ্জিনীয়াররা আর একটা স্কীম দিয়েছেন যে ড্রেজিং করা যেতে পারে, সেটাও আমরা চেষ্টা করছি। এই সম্পর্কে ফরাক্কা অথরিটির সঙ্গে, গভর্নমেন্ট অব অড়িষ্যার সঙ্গে আমরা আলোচনা করছি। মাননীয় সদস্য যেভাবে কথাটা বলেছেন যে ইচ্ছা করলে গভর্নমেন্ট বন্ধ করতে পারেন, তা হয় না, ইরোসান বন্ধ করা যায় না। এই গর্ভর্নমেন্ট প্রথম ইরোসান বন্ধ করার প্রচেষ্টা চালিয়েছে। আমি হাউসকে এই কথা বলতে পারি আমরা প্রচেষ্টা চালাচ্ছি, চালাব, কিন্তু শেষ পর্যন্ত গঙ্গার ভাঙ্গন রুখতে পারব কিনা সে কথা জানি না।

Shri Ananda Gopal Mukherjee : Mr. Speaker, Sir, I would like to draw the attention of this House through you on a very important matter. Sir, Texmaco has served a notice of retrenchment on 2,600 workers which may be implemented in a day or two. this is a very grave situation, Sir, particularly in West Bengal. So far as we know, anout 22 industries have served either lay-off, lock-out and closure or retrenchment notices to their workers Surprisingly, you will see that mostof the industries which have served notices of lay-off and lock-out are mostly from the monopoly houses. Texmaco belongs to a monopoly house You will see, Sir, that the jute mills which have alreaey started lay-off are also under the big business houses Sir, Hind Motors, where lay-off is gradually being introduced, are also a big monopoly house. So, I draw the attention of this House in this very important matter and I would like to know what the State Government's Labour Department is doing in this direction, particularly under the emergency when the Government of India's policy and the West Bengal Govt.'s policy are very clear. I am told that these companies have served notices even to the Government and then the closure, lay-off and lock-out are going on in West Bengal and the number is increasing day by day. We want a positive policy statement in this matter and also we would like to be informed as to what steps are being taken by the Government.

শ্রীআবদুল বারি বিশ্বাস ঃ স্যার, মাননীয়সদস্য আনন্দবাবু এত বড় একটা গুরুত্বপূর্ণ বিষয় এখানে তুললেন কাজেই মন্ত্রিদের পক্ষ থেকে এ সম্বন্ধে কিছু বলা উচিত। লেবার মিনিস্টার এখানে নেই, কিন্তু পার্লামেন্টারী মিনিস্টার যখন এখানে রয়েছেন তখন তাঁর কিছু বলা উচিত যে এই ব্যাপারে তাঁরা কি চিন্তা করছেন। আড়াই হাজার কর্মচারীর ভাগ্য অচল হবে কিনা সে সম্বন্ধে তাঁর কিছু বলা উচিত।

শ্রীআবুল বরকত আতাউল গনি খান চৌধুরী : এই ব্যাপারে লেবার মিনিস্টারকে জানাব এবং তিনি কালকে এর উত্তর দেবেন।

Laying of Report

Annual Report on the working and affairs of the State Fisheries Development Corporation Limited for the year 1974-1975.

Shri Atish Chandra Sinha : Sir, I beg to lay the Annual Report on the working and affairs of the State Fisheries Development Corporation Limited for the year 1974-1975.

Panel of Chairmen

Mr. Speaker : As in the previous session, the panel of Chairmen for the current session shall consist of the following Members .

1. Shri Arun Kumar Moitra
2. Shri Sudhir Chandra Das
3. Shri Somnath Lahiri
4. Shri Abdur Rauf Ansari
5. Shri A. J. Besterwitch
6. Shri Kamala Kanta Hembram.

LEGISLATION

The West Bengal Taxation Laws (Second Amendment) Bill, 1975.

[2.00 - 2.10 P. M.]

Shri Sankar Ghose : Sir, I beg to introduce the West bengal Taxation Laws (Second Amendment) Bill, 1975 and to place a statment as required under rule 72(1) of the Rules of Procedure and Conduct of Business in the West Bengal legislative Assembly.

To avoid large scale retrechment in motor car industries in West Bengal with consequential hardship to labour and the economy of the State, the State Government reduced the rate of sales tax on motor cars to 7% and exempted surcharge of sales tax by the Bengal Finance (Sales Tax) (Second Amendment) Ordinance, 1975. The ordinance was promulgated on the 30th September, 1975 when the Assembly was not in session.

(Secretary then read the title of the Bill)

Shri Sankar Ghose : Sir, I beg to move that the West Bengal Taxation Laws (Second Amendment) Bill, 1975, be taken into consideration.

মাননীয় অধ্যক্ষ মহাশয়, এই সংশোধনীর মাধ্যমে আমরা বিক্রয়কর আইনের কিছু কিছু পরিবর্তন

আনতে চাইছি। প্রথম পরিবর্তন হচ্ছে বিক্রির ক্ষেত্রে রেজিস্টাড ডিলার যদি বিক্রি করে আরেকজন রেডিস্টাড ডিলারের কাছে, কিংবা কোন উৎপাদক ম্যানুফ্যাকচারের কাছে তাহ'লে সেইসমস্ত বিক্রির ক্ষেত্রে কতকগুলি নিয়ম মেনে চললে আর ডিকলারেশন ফর্ম দিলে তাদের বিক্রিয়করের হার কম হয়। যেখানে সাধারণত সিক্স পারসেন্ট সেখানে ১ পারসেন্ট, যদি রেজিস্টারড ডিলার রেজিস্টারড ডিলারের কাছে বিক্রি করে, ২ পারসেন্টে যদি রেজিস্টারড ডিলার ম্যানুফাকচারারের কাছে বিক্রি করে—এই আইনে এখানে আছে। কিন্তু কনসেশানাল রেটের সুবিধা পেতে গেলে ডিকলারেশন ফর্ম দিতে হয়। আমরা দেখেছি কিছু কিছু ক্ষেত্রে যদি বন্যাতে কিংবা অগ্নিসংযোগের ফলে ডিকলাবেশন ফর্ম নষ্ট হয়ে যায় তাহ'লে এখন বর্তমানে আমাদের যে আইনের ধারা আছে তাতে সে বিষয়ে কিছু করার কোন ব্যবস্থা নাই। কিছুদিন আগে জলপাইগুড়ি জেলায় যখন বন্যা হয়েছিল আমরা সেই অবস্থার সম্মুখীন হয়েছিলাম, তখন আমাদের করতে হয়েছিল যে ডিকলারেশন ফর্ম দিলে যে করের যে রেহাই পেত আমরা তা দিতে পারলাম না কারণ আইন ছিল না। আমরা করটা ধার্য করলাম, করটা ধার্য ক'রে সেই টাকাটা গ্রান্ট হিসাবে দিলাম। কিন্তু আইনের একটা গলদ রয়েছে যে বন্যার ক্ষেত্রে কিংবা অগ্নির ক্ষেত্রে ডিক্লারেশন ফর্ম যদি নষ্ট হয়ে যায় তাহ'লে সে প্রমাণ দিলে, আদালতে যেভাবে প্রমাণ দিলে সেক্ষেত্রে আদালত একটা ব্যবস্থা গ্রহণ করতে পারে সেই ব্যবস্থা আমরা এই আইনের ভিতরে এনেছি। সেটা ইদানীং সেন্ট্রাল ব্যাঙ্কে যে একটা বিরাট একটা অগ্নিকাণ্ড হয়ে গেছে, অনেক জিনিস পুড়ে গেল সেখানেও সেই সমস্যা দেখা দিয়েছে। এই জাতীয় বহু ক্ষেত্রে যেমন বন্যাতে বা অগ্নিকাণ্ডের ফলে যদি ডিকলারেশন ফর্ম বিনষ্ট হয়ে যায় তাহ'লে সেক্ষেত্রে যাতে কোন ব্যবস্থা করা যায় তার জন্য প্রথম সংশোধনী বিল। আর দ্বিতীয় সংশোধনী যেটা এনেছি সেটা হচ্ছে যে রিটার্ন দাখিল করার পর আমাদের যে ১৯৪১ সালের যে আইন আছে বিক্রয়কর আইন আছে তাতে ৪ বছরের ভিতরে সেই রিটার্নের উপরে একটা অ্যাসেসমেন্ট করতে হয়, মামলার নিষ্পত্তি করতে হয়। আমাদের ৫৪ সালের অ্যাক্টের যে পদ্ধিতি রয়েছে তাতে এই রকম কোন সময়-সীমা নাই। কিন্তু আমাদের ৪১ সালের বিক্রয়কর আইনে সময়-সীমা আছে। ইনকাম ট্যাক্স আইনেও সময়-সীমা আছে। সুতরাং ৫৪ সালের আইনেও যাতে ৪১ সালের আইনের মত একটা সময়-সীমা থাকে তার বন্দোবস্ত এখানে করা হয়েছে। এবং এটা থাকলে যাতে তাড়তাড়ি অ্যাসেসমেন্টগুলি হয়, মামলা নিষ্পত্তি হয় তার একটা বাধ্যবাধকতা থাকবে অফিসারদের উপরে। তা না হ'লে যদি কোন সময়-সীমা না থাকে তবে তাঁরা ফেলে রাখতে পারেন বছরের পর বছর। তবে এই যে ৪ বছর সময় সীমা থাকবে বর্তমানে যেসমস্ত মামলা রয়েছে, যেসমস্ত অ্যাসেসমেন্ট কেস পেন্ডিং আছে সেক্ষেত্রে তারা আরও চার বছর সময় পাবে। আর যদি কোন কোর্টের বিচারে আবার একটা অ্যাসেসমেন্ট হয়ে গেল, কোর্ট বা ট্রাইবুনাল বলল যে না, পুনরায় অ্যাসেসমেন্ট করতে হবে তাহ'লে অর্ডার থেকে তাবা চার বৎসর থাকবে, তার বন্দোবস্ত এখানে বয়েছে। এই হচ্ছে দ্বিতীয় সংশোধন যেটা আমরা এই বিলের মাধ্যমে আনতে চাচ্ছি। তৃতীয় পরিবর্তন যেটা আমরা আনতে চাই, যেটা খুব বেশি গুরুত্ব পূর্ণ, সেটা হচ্ছে এই আমরা দেখতে পাচ্ছি যে কিছু কিছু ক্ষেত্রে কর ফাঁকি যেটা দিচ্ছে কতকগুলি খাতাপত্র সাজিয়ে এবং একটা অ্যাসেসমেন্ট হয়ে গেল তারপর যদি আমরা আর একটা অনুসন্ধান ক'রে, আর একটা ইনভেস্টিগেশন ক'রে এবং রেড ক'রে—আমরা রেড আরম্ভ করেছি, আমাদের এইসমস্ত হানা দিয়ে অসাধু ব্যবসায়ীদের প্রেমিসেসে হানা দিয়ে—আমাদের দুটি সংস্থা আছে, একটাকে আমরা বলি সেন্ট্রাল সেকশন, আর একটাকে বলি বুরো অব ইনভেস্টিগেশন, এই সেন্ট্রাল সেকশন এবং তদন্ত বুরোর মাধ্যমে আমরা নানা রকম অসাধু ব্যবসায়ী তাদের প্রেমিসেসে হানা দিয়ে আমরা কাগজপত্র যা পাচ্ছি তার মাধ্যমে আবার নূতন ক'রে অ্যাসেস করলে আমরা আরও বেশি টাকা পেতে পারি এবং এই জাতীয় হানা বা রেড হয়েছে বুরো অব ইনভেস্টিগেশনের মাধ্যমে ৪২৮টি, আর সেন্ট্রাল সেকশানের মাধ্যমে ৩০০টি এইরকম রেড হয়েছে, ৭২৮টি এই রকম রেড হয়ে গিয়েছে। কেন্দ্রীয় যে কর ইনকাম ট্যাক্স, ওয়েলথ ট্যাক্স, রেড করতে কিছুদিন আগে থেকে তারা আরম্ভ করেছে, আমরা ৭২ সালে এসে এই রেড আবম্ভ করেছি এবং এখন পযন্ত ৭০০টির বেশি ক্ষেত্রে এই রেড

হয়েছে। আর জরুরী অবস্থা ঘোষণা করার পরেও এই রেডটাকে আরও জোরদার করা হয়েছে। কিন্তু আমরা দেখতে পাচ্ছি একটা রেড ক'রে কিছু লুকানো খাতাপত্র আমরা পাচ্ছি, অনেক সময় দারোয়ানের ঘর থেকে পাওয়া যাচ্ছে, অনেক সময় তাদের রেসিডেন্টে— অফিসে না পেয়ে, তাদের বাসস্থানে পাওয়া যাচ্ছে, এই সময় রেড ক'রে যা আমরা পেলাম তখন যদি আমরা আবার রি-অ্যাসেস করতে চাই, আমাদের যে ৫৪ সালের আইন আছে তাতে রিভিউ-এর পাওয়ার তিন মাসের পরে আমরা করতে পারতাম না। তিন মাস খুব অল্প সময়। কারণ যে সমস্ত অসাধু ব্যবসায়ীরা নকল খাতাপত্র, ফ্রডুলেন্ট ডিসিসপত্র করে তাদের অনুসন্ধান ক'রে পেতে তিন মাসের মধ্যে অনেক সময় পাওয়া যায় না। আমরা রেড ক'রে দেখেছি অনেক সময় আরও দেরি হয়, এই যে তিন মাসের একটা সীমা ছিল যে আমাদের যদি নূতন ক'রে অ্যাসেস করতে হয়, রিভিউ করতে হয়, পেনাল্টি ধার্য করতে হয়, তিন মাসের পরে আমরা করতে পারতাম না। তার লিমিটেশন, সময়-সীমা পার হয়ে গিয়েছে। এই ভিত্তিতে তারা আইনটাকে ফাকি দিতে পারত। এটা ঠিক নয়। একদিকে যেমন আমরা অফিসাররা যাতে অ্যাসেস ঠিকমত করতে পারে সেইজন্য চার বছর বাড়িয়েছি, চার বছরের মধ্যে অ্যাসেস করতে হবে এবং অন্য দিকে আমরা ক'রে দিয়েছি যে যেখানে তিন মাস পরে আমরা আর ফাঁকি ধরতে পারতাম না, যেখানে তিন মাস রিভিউ এর সময়-সীমা ছিল সেটা বাড়িয়ে আমরা চার বছর ক'রে দিয়েছি। কারণ অনেক রকম ফ্রডুলেন্ট ডিভাইসেস আছে সেইসব ফ্রডুলেন্ট ডিভাইসেস খুঁজে বার করা, তদন্ত ব্যুরো ও সেন্ট্রাল সেকশানের মাধ্যমে অনুসন্ধান চালিয়ে কাজ করতে গেলে সময়সাপেক্ষ এবং এই অসাধু ব্যবসায়ীরা যাতে এটা ফাঁকি না দিতে পারে তার জন্য আমাদের সর্বতোভাবে চেষ্টা চালিয়ে যেতে হবে। সেখানে তিন মাস সময়-সীমা ছিল সেটা বাড়িয়ে আমরা চার বৎসর করছি। এই হচ্ছে তৃতীয় সংশোধন এই বিলের মাধ্যমে। চতুর্থ সংশোধন আমরা যেটা করতে চাচ্ছি সেটা হচ্ছে যে এই রিভিউ অফিসার একটা মামলা নিষ্পত্তি করল সেই অফিসার রিভিউ করতে পারে কিন্তু তার উপরতলার অফিসার সেটাকে রিভিশনের তার একটা ক্ষমতা থাকা উচিত। আমাদের ১৯৫১ সালের আইনে সেই ক্ষমতা রয়েছে। কিন্তু ৫৪ সালের বিক্রয়কর আইনে সেই ক্ষমতাটা নেই। একটি রিভিশনের ক্ষমতা উপরতলার অফিসারের থাকা দরকার। অনেক সময় যদি কোন ফাঁকি ধরা পড়ল, নিচের তলার অফিসার সেটার ভিতরে কিছু দেখল না, কি কোন ব্যবস্থা গ্রহণ করল না, উপরতলার অফিসার সুয়োমোটো, নিজেই কোন অ্যাপলিকেশন ছাড়াই যদি দেখেন যে কোন গলদ আছে তবে সে ফাইল কল ফর ক'রে সেটাকে রিভিশন ক'রে কর বাড়ান বা পেনাল্টি ধার্য করেন তার যাতে সেই ক্ষমতা থাকে সেই রিভিশন করার ক্ষমতা, এই চতুর্থ পরিবর্তন আমরা এই সংশোধনী আইনে দিচ্ছি।

[2.10 - 2.20 p.m.]

পঞ্চম যেটা সেটা আজই হাউসে এসেছিল, মোটর-কার বিক্রি করতে কমানো হয়েছিল, সময়-সীমা বাড়ানোর জন্য অর্ডিন্যান্স হাউসে আসে এবং হাউসে সেটা পাস হয়েছিল। বিহার সরকার সেভাবে করেছে, আমরাও যাতে সময়-সীমা বাড়াতে পারি, তার জন্য এটা এনেছি মূলত পাঁচটি সংশোধন এই আইনের মাধ্যমে এনেছি। এর মধ্যে সবচেয়ে বড় গুরুত্বপূর্ণ যেটা সেটা হ'ল তিন মাসের পরে রিভিউ করার ক্ষমতা ছিল না। ইনভেস্টিগেশন রেইড ক'রে সেন্ট্রাল সেকশন অসাধু ব্যবসায়ীদের বিরুদ্ধে ব্যবস্থা নেয়। তিন মাস পর রিভিউয়ের ক্ষমতা নাই। সেটা চার বছর হবে, তিন মাস লিমিট ক'রে ক'র ফাঁকি দেবার ব্যবস্থা থাকতে পারে না। তৃতীয় সবচেয়ে গুরুত্বপূর্ণ যেটা সেটা হচ্ছে যদি নিম্নতম অফিসার কোন ব্যবস্থা নাও নেয়, উর্ধ্বতন অফিসার খাতাপত্র রেকর্ড কল ফর ক'রে নিয়ে পাওয়ার, রিভিশন করার ক্ষমতা যাতে থাকে তা এবং আগে যা বললাম সেই সমস্ত গুরুত্বপূর্ণ সংশোধনী এই বিলের মাধ্যমে এনেছি। এই ব'লে বিলকে সমর্থন জানাবার জন্য আমি সদস্যদের কাছে আবেদন জানাচ্ছি।

শ্রীহরশঙ্কর ভট্টাচার্য : মাননীয় স্পীকার স্যার, এই ওয়েস্ট বেঙ্গল ট্যাক্সেশন লজ (সেকেন্ড অ্যামেন্ডমেন্ট) বিল, ১৯৭৫-এর মাধ্যমে পাঁচটি পরিবর্তন আনার কথা অর্থমন্ত্রী চাইছেন। এই পাঁচটির ভিতর

চারটি সমর্থন করলেও পঞ্চমটি ঠিক সমর্থন করতে পারছি না। যেমন ধরুন প্রথম যেটা চেয়েছেন সেটা জাস্ট একটা প্রসিডিওর-এর ব্যাপার, অবজেক্ট করার কিছু নেই, সাপোর্ট করার কিছু নেই। সেট হচ্ছে ডিকলারেশন ফ্রম আগুন লেগে যদি পুড়ে যায় বা বন্যায় ভেসে যায়, তাহ'লে কি হবে? আগুন লাগলে বা বন্যায় ভাসলে সেটা মকুব টকুব হয়ে যাবে। কিন্তু সেটা প্রমাণ করবে কিভাবে? সে অসাধু ব্যবসায়ী না সাধু ব্যবসায়ী, সত্য বলছে কিনা, সেটা জানা যাবে কিভাবে? সেটা আইনে কিছু নাই। আইনে বলা হয়েছে ক্ষমতা কমিশনারের হাতে, সাধু না অসাধু ব্যবসায়ী, ঠিক কথা বলছে কিনা সেটা ঠিক হবে কিভাবে?

subject to such conditions as may be prescribed and to such further, conditions, if any, as may be specified by the coumissioner in the order.

কমিশনার একটা অর্ডার দেবে, সেই অর্ডারে ব'লে দেওয়া হবে কিভাবে এটা প্রমাণিত হবে। এটা কোর্টে প্রমাণ হবে, অথাৎ পুলিস-থানা থেকে খবর নেবে খবর সত্য কিনা। কিভাবে প্রমাণিত হবে সেটা আইনে কিছু বলা নেই। বলা হয়েছে কমিশনার অর্ডার দেবে, এ বিষয়ে কেমন ক'রে প্রমাণ পাওয়া যাবে? এ বিষয়ে ওটা ব'লে লুপহোলস খুলে দিলেন, এতে ক'রে কত বড় ছিদ্র হ'ল সেটা ভবিষ্যতে বিচার করা যাবে। আশা করি বড় ছিদ্র হবে না। দ্বিতীয় নম্বর— চার বছরে রিভিউ বা রিভিশন করতে হবে। আমার কাছে এটা বেশি সময় মনে হচ্ছে। অফিসার যদি চার বছর সময় নেয়, তারপরে ব্যবসায়ী চলে যাবে কোর্টে, কোর্টে রি-অ্যাসেসমেন্ট হবে, তখন আবার চার বছর হ'ল, চার বছরে বি-অ্যাসেসমেন্টের পর ২২৬/২২৭-এতে চলে যাবে, তখন আবার চার বছর হবে। সুতরাং চার বছরের যে লিমিটেশন সেটা বাস্তবে কার্যকরী হবে না। আমার মনে হচ্ছে সমস্ত কোর্ট-কাচারীর মামলা - মোকদ্দমা সমস্ত কিছু চার বছরের ভিতর শেষ হচ্ছে না। পরবর্তী আইন এখানে যা দিচ্ছেন চার বছর নরম্যাল শেষ করতে হবে, ক'রে আবার বি-অ্যাসেসমেন্ট নতুন ক'রে চার বছর পিরিয়ড শুরু হয়ে যাবে।

সুতরাং এটা খুব বেশি একটা লাভ হ'ল না। তখন টাইম লিমিট ছিল না। আফিসাররা যত দিন খুশি ফেলে রেখে করতে পারতেন। এখন আর তা হবে না— একটা টাইম লিমিট স্থির হ'ল মাত্র। তারপর পাওয়ার অব রি-অ্যাসেসমেন্ট আফটার থ্রি মান্থর্স— ঠিকই, তবে যে সমস্ত বুরো অব ইনভেস্টিগেশন থেকে যা পাওয়া যাচ্ছে, তাতে বলা যায়, ফোর ইয়ারস কেন ফোরটিন ইয়ারসও হতে পারে। ১০ বছর বা ২০ বছর আগে যদি একটা লোক চুরি ক'রে থাকে এবং এখন যদি সেটা ধরা পড়ে ব্যাঙ্ক লকার খুলে, তাহ'লে তাকে কি আপনি শাস্তি দেবেন না? চার বছরের মধ্যে অপরাধ ধরা পড়লে অপরাধ, আর তার পরে হ'লে আর অপরাধ নয়! এটার ধারনা আপনার কেমন ক'রে হ'ল? কাজেই এর লিমিট রাখার কেন প্রয়োজন হ'ল আমি বুঝতে পারি না।

তারপর পাওয়ার অব রিভিসন এটা এতদিন না থাকাতে ভালই হয়েছে। এই পাওয়ার অব রিভিসন না থাকাতে অনেক কেস আমি ওঁর কাছে নিয়ে গিয়েছি, তিনি বলেছেন আইনে কোন ক্ষমতা নাই রিভিসনের, আমিও স্বীকার করছি—আমিও একজন এম এল এ-র কেস মন্ত্রীর কাছে নিয়ে গিয়েছিলাম—অর্থমন্ত্রি ক'রে দিয়েছিলেন। বললেন—

শ্রীশঙ্কর ঘোষ ঃ এই আইন পাস হয়ে গেলে আর আমার কোন ক্ষমতা থাকবে না।

শ্রীহরশঙ্কর ভট্টাচার্য ঃ আপনার রিভিসনের ক্ষমতা থাকবে না বটে, কিন্তু আপনার অধীনস্থ কোন কর্মচারীর সেটা পাওয়ার থাকবে। কথাটা হচ্ছে— তিনি তখন সঠিকভাবে উত্তর দিয়েছিলেন— পাওয়ার অব রিভিসন ক'রে নয় সেই উত্তরে কিছু কাজও হয়েছিল। আমি তখন বন্ধুদের বলতে পেরেছিলাম— দেখ ভাই, ধরাধরিতে কিছু হবে না। উনি এই যে পাওয়ার অব রিভিসন কমিশনারকে দিয়ে দিলেন, উনি এখন বলবেন— আমার কোন ক্ষমতা নাই, কমিশনারের ক্ষমতা আছে। আমরা যদি কেউগিয়ে বলি আপনি কমিশনারকে কিছু ব'লে দিন, তখন উনি বলবেন যে ও আমি পারব না। কিন্তু আরও অন্য লোক তো

আছে—তারা কমিশনারকে ব'লে দেবেন। কাজেই আমি বলি এই পাওয়ার অব রিভিসন না দিলেই ভাল হয়। অর্থমন্ত্রি বক্তৃতায় বললেন রিভিসন কেস বেড়ে যেতে পারে। আমরা তো কোথাও রিভিসনের বাড়াবাড়ি দেখেতে পাই নি। এদিকে বলছেন—রিভিসন কমাব।

মাননীয় স্পীকার স্যার, এই চারটা পয়েন্টে আমার সাপোর্ট বা অপোজ করার কিছু নাই—সবগুলোই প্রসিডিওর এর ব্যপার, কথাটা হ'ল পঞ্চমটা নিয়ে। স্যার, আমি একটি প্রশ্ন তাঁকে করি— বিড়লার মোটরগাড়ির সেলস ট্যাক্স যখন কমিয়ে দেওয়া হয়, তখন উনি অস্পষ্ট ক'রে ব'লে গেলেন। বিড়লার মোটরগাড়ির সেলসট্যাক্স কমিয়ে দিলেন, আমরা আপত্তি করেছিলাম বিভিন্ন স্টেটমেন্ট-এর মাধ্যমে, আমরা বলেছিলাম যে রাজ্য সরকারের এই কাজ আমরা সমর্থন কা না। অর্থমন্ত্রির যুক্তি ছিল—মোটর গাড়ির বিক্রি কমে যাচ্ছে, কাজেই এটা করা দরকার।

এই মোটর গাড়ির বিক্রি বাড়াবার জন্য দুটি প্রশ্ন করতে চাই— এক, এই সেলস ট্যাক্স কমানোর ফলে মোটর গাড়ির বিক্রি কতটা বেড়েছে? দ্বিতীয় হচ্ছে, বিড়লার যুক্তি ছিল— ট্যাক্স কমানো হ'লে আমরা লে অফ করব না এবং যাদের ছাঁটাই হয়েছে তাদের আমরা কাজ দেব। এর একটিও করা হয় নাই। একজনকেও তারা কাজে নেয় নাই। অর্থমন্ত্রি উত্তরে বললেন— এত ক'রেও বিড়লার মোটর গাড়ির বিক্রি বাড়ে নাই। একটা খারাপ শব্দ ব্যবহার করছি—মাননীয় স্পীকার মহাশয়, মাফ করবেন— তারা অর্থমন্ত্রির মাথায় একটু হাত বুলিয়েছিলেন মাত্র, আর কিছু নয়। সেখানে কোন লে অফ কমল না, কোন লেড অফ শ্রমিকদের কাজে ফিরিয়ে নেওয়া হ'ল না এর কারণ কী? উনি জবাব দিন। উনি কি এটা করতে পারবেন?

আমি আশা করব যে উনি শেষ অংশটা উইড্র করবেন। শেষ অংশ উইড্র ক'রে নিলে বাদবাকি অংশ আমরা পাস করিয়ে দিচ্ছি। তখন যে অর্ডিনান্স করেছিলেন বিড়লাকে সাহায্য করার জন্য সে অর্ডিনান্সের আর দরকার নেই, কারণ তার উদ্দেশ্য সফল হয় নি। এই কথা ব'লে এই বিলকে আংশিক সমর্থন ক'রে এবং আংশিক বিরোধিতা ক'রে আমি আমার বক্তব্য শেষ করছি।

[2.20 - 2.30 p.m]

শ্রীআবদুল বারি বিশ্বাস : মাননীয় অধ্যক্ষ মহাশয়, অর্থমন্ত্রি কর্তৃক উত্থাপিত যে বিল আমাদের হাউসে এসেছে আমি তাকে পুরোপুরি সমর্থন করছি। বিলটা আমি সম্পূর্ণ পড়তে পারি নি তবুও এটা দেখে মাননীয় অর্থমন্ত্রিমহাশয়ের বক্তব্য যা শুনেছি তাতে কর ফাঁকি রোধের তিনি যেসমস্ত বিধিব্যবস্থা গ্রহণ করেছেন তাতে জনসাধারণের কল্যাণ হবে ব'লে আমি মনে করি। তিনি কর ফাঁকি বন্ধ করার জন্য এই সংশোধনী বিল এনেছেন, এই সংশোধনী বিলটি আমার কাছে প্রনিধানযোগ্য। আমি বিলটি পড়ি নি তাই আমি ডিটেলস-এ যেতে চাই না। তা না গিয়ে আমি বিলকে পুরোপুরি সমর্থন ক'রে আমার বক্তব্য শেষ করছি।

Mr. Speaker : Mr. Biswas, you try to speak in the third reading, if nesessary, and in the meantime you go through the Bill. I will give you special time in the third reading.

শ্রীশঙ্কর ঘোষ : মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি প্রথমে বারি সাহেবকে ধন্যবাদ জানাচ্ছি কারণ তিনি বিলটাকে সমর্থন করেছেন। দ্বিতীয়ত হরশঙ্করবাবুকে আংশিক ধন্যবাদ দিচ্ছি কেননা তিনি আংশিকভাবে বিলকে সমর্থন করেছেন। প্রথমত তিনি বলেছেন যে আমরা ৫টা সংশোধনী এনেছি। সেই সংশোধনীর প্রথমটা সম্পর্কে বলা হয়েছে যে যেখানে বন্যা, অগ্নিসংযোগের মাধ্যমে ডিক্লারেশান ফর্মস বিনষ্ট হয়েছে সেখানে রিলিফ দেবার পদ্ধতি কি হবে? এটা সাধারণত কোর্টে যে পদ্ধতিতে এবং অন্যান্য ক্ষেত্রে সেলস ট্যাক্স অথরিটিস-এর কাছে যে পদ্ধতি আছে সেটা অনুসরণ করা হবে। এটা প্রমাণসাপেক্ষ। প্রমাণের একটা পদ্ধতি আছে সেটা অনুসরণ করা হবে। এই জিনিসগুলি খুব বিক্লিড করা যায় না। তবু আমরা বলছি আরও কতকগুলি কনডিশান লে ডাউন করেছি। কোর্টেও যদি ডকুমেন্ট নষ্ট হয়ে যায়, এটা যেভাবে প্রমাণিত হয়

যে ফ্যাক্টস রিভিউ-এর উপর নির্ভর করে। তার চেয়ে আর বেশি কিছু বলা যায় না বা বলা হয়ও না। হরশঙ্করবাবুও বলেছেন, চার বছরের রিভিউ-এর কোন ব্যবস্থা ছিল না। আগে অ্যাসেসমেন্ট- এর কোন সময়-সীমা ছিল না। সময়-সীমা না থাকলে চাপ থাকে না। ইনকাম ট্যাক্সের মধ্যেও আছে— ১৯৪১ সালের আইনে আছে। এই চাপ না থাকলে অফিসার ফাইল ফেলে রাখবে, যেটা আইনের মধ্যে বিশেষ গলদ ছিল। যার জন্য আমরা জানি তিন মাসের মধ্যে রিভিউ হয় না। যদি ফাঁকি হয় অসাধু ব্যবসায়ীদের কাগজপত্র দারোয়ানের বাড়ি থেকে বার করতে হয়—সে খুঁজে বার করতে আমরা সব দারোয়ানের বাড়িতে সার্চ করতে পারি না। সেইজন্য আমাদের ইনফরমেশান থাকা চাই। তা পেতে সময় লাগবে। সেখানে আমরা চার বছর সময় নিচ্ছি। বুরো অব ইনভেস্টিগেশন-এর কন্ট্রোল সেকশান-এর মাধ্যমে যা কিছু তল্লাসী করা বা রেড করা হয়েছে। তিন মাস যা ছিল সেটাকেই আমরা চার বছর করেছি। এবং প্রয়োজন হ'লে আরও বাড়াব। তারপর পাওয়ার অব রিভিশান-এর সম্পর্কে পরিষ্কার বলতে চাই যে যেখানে সুয়োমোটো রিভিশান হয় আমাদের কোন ক্ষেত্রে আমরা দেখি নি যে সুয়োমোটো রিভিশান ক'রে অ্যাসেসমেন্টকমিয়ে দেওয়া হয়েছে। এটা হয় না। এটা থিওরিটিকালি ক্ষমতা থাকতে পারে কিন্তু ইনকাম ট্যাক্স বা সেল ট্যাক্স কিছুতেই হয় না। সেলস ট্যাক্সের আমাদের ১৯৪১ সালের অ্যাক্ট-এর সুয়োমোটো রিভিশান আছে। যখন কোন সংবাদ এল কোন নিম্নতম অফিসার তিনি কিছু করছে না তখন উর্দ্ধতন অফিসার রেকর্ডকল ফর ক'রে বলে দিতে পারেন যে আমি এই ট্যাক্স ক'রে দিলাম, এই পেনালটি ধার্য্য করলাম — সেই ক্ষমতা আমরা দিচ্ছি। আর একটা জিনিস পরিষ্কার করে দিতে চাই, হরশঙ্করবাবু আমার কাছে যে আর্জি দিতে বললেন যে সেলস ট্যাক্স ব'লে দেওয়ার, সেটা আমি ব'লে দিতে পারি না, অতীতেও ব'লে দিই নি, ভবিষ্যতেও ব'লে দেব না, সেটা ব'লে দেওয়ার ক্ষমতা আমার থাকবে না। চতুর্থত যেটা তিনি বিরোধিতা করেছেন সেলস ট্যাক্স যেটা মটরগাড়ির উপর কমিয়ে দেওয়া আছে। এই বিষয়ে অতীতে হাউসে আলোচনা হয়েছিল এবং অ্যাক্টও পাস হয়েছিল এবং এই হাউসই ঠিকভাবে তখন সেটা পাস করেছিলেন। তারপর ঠিক যে আইন আমরা এখানে পাস করেছিলাম সেই রকম আইনই বিহার সরকার পাস করেছেন এবং আমাদের দুটো দপ্তর — লেবার দপ্তর এবং কমার্স ডিপার্টমেন্ট জিনিসটা দেখছেন। তারা স্পেসিফিক্যালি রেকমেণ্ড করেছেন এই জিনিসটা না হ'লে রিট্রেঞ্চমেন্ট হয়ে যাবে এবং আমাদের কাছে যে ফিগার আছে তাতে দেখছি জুন মাসে সেলস ট্যাকস কমানো হয়েছিল তখন বিক্রি ছিল লোকাল সেল এবং বাইরের সেল সব মিলিয়ে ৫শো এবং জুন মাসে সেটা রিডাকশন করার পরে ৫শো বেড়ে ৯২৫ হয়েছে। এইটা হচ্ছে সেল ডবল হ'ল। আর প্রোডাকশন জুন মাসে ছিল ৪শো, সেটা বেড়ে হয়েছে ৯১০ সেপ্টেম্বর মাসে। আর সেলস ট্যাক্সের আমাদের হিসাব ছিল ৪১ দিন আগে যেদিন রিডাকশন করা হয়েছিল তার কত এবং তার ৪১ দিন পরে কত। যে ফিগার পাওয়া গিয়েছে তাতে ৪১ দিন আগে সেলস ট্যাক্স ছিল ৩লক্ষ ১০ হাজার টাকা আর রিডাকশানের পরে সেলস ট্যাক্স হয়েছে ৩লক্ষ ৫৮ হাজার টাকা। সেটাও বেড়েছে। কিন্তু সেলস ট্যাক্সের জন্য এটা কমানো হয় নি। এটা বিশেষ ক'রে লেবার ডিপার্টমেন্ট এবং কমার্স ডিপার্টমেন্ট রিট্রেঞ্চমেন্ট কমাবার জন্য অনুরোধ করেছিলেন এবং বিহার রাজ্যও সেটা করেছেন। কিন্তু আমরা দেখছি এটা কমিয়ে আমাদের সেলস ট্যাক্স কিছু বেড়েছে, প্রোডাকশানও কিছু বেড়েছে। এই ফ্যাক্টসগুলো পাবার পর নিশ্চয় হরশঙ্করবাবু তাঁর ৮০ পারসেন্ট সমর্থন থেকে একশো পারসেন্ট সমর্থন করবেন।

The motion of Shri Sankar Ghosh that the West Bengal Taxation Laws (Second Amendment) Bill, 1975, be taken into consideration, was then put and agreed to.

Clauses 1 to 4 and Preamble

The question that clauses 1 to 4 and Preamble do stand part of the Bill

was then put and agreed to.

Shri Sankar Ghosh : Mr. Speaker, Sir, I beg to move that the West Bengal Taxation Laws (Second Amendment) Bill, 1975, as settled in the Assembly, be passed.

The motion was then put and agreed to.

Discussion on Food

Mr. Speaker : A statement on food was already circulated yesterday. Now I call upon Shri Aswini Roy to initiate the discussion.

শ্রীঅশ্বিনী রায় : মাননীয় অধ্যক্ষ মহাশয়, মাননীয় খাদ্যমন্ত্রী খাদ্যনীতি সম্পর্কে যে বিবৃতি পেশ করেছেন তাতে দেখা যাচ্ছে যে গতবারে যেখানে ৫লক্ষ টন লক্ষ্যমাত্রা ছিল এবার তিনি সেখানে কমিয়ে ৩লক্ষ টন করলেন। এখানে করার কারণটা কি? আমার মনে হয় এই যে গত তিন বছরের হিসাব যদি করা যায় তাহ'লে কি দেখা যাবে ১৯৭৩-৭৪ সালে ঐ ৫লক্ষ টন যেখানে টারগেট ছিল বা লক্ষ্যমাত্রা ছিল সেখানে পারফরমেন্সটা কত হয়েছে। পারফরমেন্সটা হয়েছে তিন ভাগ। ১৯৭৪-৭৫ সালে যে লক্ষ্যমাত্রা ছিল সেখানে পারফরমেন্স দেখা যাচ্ছে ৪০/৪৫ ভাগ এবং এর বেশি করা যায় নি। এতে মন্ত্রী মহাশয় দেখেছেন যে সরকারী পারফরমেন্স যেটা হচ্ছে তা ৪০/৪৫ ভাগের বেশি নয়। তাই এবারে তিনি ঐ পাঁচ লক্ষ টনের জায়গায় তিন লক্ষ টন টারগেট করেছেন। অর্থাৎ পাঁচ লক্ষ টনের হিসাবে শতকরা ৬০ ভাগ — এটাই উনি এবারে টারগেট রেখেছেন। এ বছর সরকারী তথ্য হিসাবে বলা হচ্ছে খাদ্য উৎপাদন বেশি হয়েছে এবং খাদ্য উৎপাদন যদি বেশিই হয় তাহ'লে অন্তত ৭৪ লক্ষ টন খাদ্য উৎপাদন হবে। তাহ'লে ওঁদেরই হিসাব মতে পশ্চিমবাংলায় আর স্ট্যাটুটারী রেশন রাখার দরকার হয় না। অথচ স্ট্যাটুটারী রেশন উনি রেখেছেন। তার মানে এ দাঁড়ায় যে খাদ্য উৎপাদন হ'লেও এই যে প্রোকিওরমেন্ট টারগেট তাতে তিনি পৌঁছতে পারবেন না। আর ফসল ভাল হওয়া সত্ত্বেও লক্ষ্যমাত্রা বাড়ছে না, পশ্চিমবাংলার পক্ষে কেন্দ্র থেকে সাহায্য আরও বেশি নিতে হবে এবং সেইজন্যই স্ট্যাটুটারী রেশন দরকার এবং লক্ষ্যে পৌঁছানো যাচ্ছে না এর কারণ কি? প্রথম কারণ হচ্ছে যে মেশিনারী উনি করেছেন, যে পদ্ধতিতে সংগ্রহ করেছেন সেটা হচ্ছে মিল মালিকদের সংগ্রহের উপ লেভি করবেন। কিন্তু গত কয়েক বছরের অভিজ্ঞতা তো আছে -- সেই অভিজ্ঞতা প্রমাণ করেছে যে মিল মালিকদের কাছ থেকে তিনি কত অংশ সংগ্রহ করতে পেরেছেন? সংগ্রহ করতে পারেন নি। অথচ উৎপাদকরা মোটামুটি প্রায় ৭০/৮০ ভাগ আদায় দিয়ে দেয় — কিন্তু আপনি মিল মালিকদের কাছ থেকে আদায় করতে পারেন না। গত দু বছরে মিল মালিকরা খাদ্য দপ্তরকে বৃদ্ধাঙ্গুষ্ঠ দেখিয়েছে। সেখান থেকে সংগ্রহ বিশেষ হচ্ছে না, যা হওয়া উচিত ছিল। খোলা বাজার থেকে খুব কম সংগ্রহ হয়, যা টারগেট থাকে তার কমই সংগ্রহ হয়। এটা কিনবে এফ সি আই কিন্তু এফ সি আই মোটেই সিরিয়াস নয়। সেইজন্য আমরা বারংবার বলেছি যে এফ সি আই এবং মিল মালিকদের উপর ভরসা ক'রে কখনই সংগ্রহ হয় না, লক্ষ্যে পৌঁছতে পারবেন না যদি না সরকার নিজে দায়িত্ব নেন। তা না করলে কোটা যেটা ধরেছেন সেই কোটা ফেল ক'রে যাবে যা অতীতে হয়েছে। প্রফুল্লবাবুর সময় দেখেছি আমার জেলা বর্ধমান সেখানে এক লক্ষ টন কোটা ছিল, সেই সময় সেখান থেকে ১ লক্ষ ১০ হাজার মেট্রিক টন সংগ্রহ হয়েছে, সাইমলটেনিয়াসলি সরকার নিজে উদ্যোগী হয়ে কিনেছেন। আমি বিশেষ ক'রে বলব কো-অপারেটিভের উপর ভরসা ক'রে চলবে না। এজন্য যে এই কাজ করেছিল আমাদের জেলা এবং তার পারফরমেন্স সারা পশ্চিমবাংলায় হচ্ছে যে এইসমস্ত সমবায় শতকরা ৩০ ভাগও সংগ্রহ করতে পারে নি। একটা প্যারালাল মেশিনারী না রাখলে এ কাজ কখনই সম্ভব হবে না। দু নম্বর হচ্ছে যেসব বড় বড় জোতদার রয়েছে তাদের লেভি দেবার পরেও উদ্বৃত্ত থাকে এবং সেই উদ্বৃত্ত বাজারে আসে না। অন্য বাজারে চলে যায়। বিশেষতঃ তাদের যে চ্যানেল সেটা হচ্ছে চিড়াবল, হাসকিং মিল

— তার মাধ্যমে সেটা চলে যায়। সেগুলি এইবারে কিন্তু কনট্রোল করলেন না। আর একটি জিনিস আছে প্রাইস — মূল্য। এই মূল্যটা কি? এই বছর বর্ধমান জেলার টার্গেট কত ফিক্স করবেন জানি না, বর্ধমান জেলায় এক লক্ষের উপর একটা টার্গেট থাকে। কিন্তু সেখানে এই ফড়িয়ারা চিড়াকল এবং হাসকিং মেশিনে নিয়ে গিয়ে বিক্রী করে চড়া দামে। কাজেই এই দুটি চ্যানেলের ভিতর একটা লিকেজ হয়। এই দুটি চ্যানেল খুলে রেখে দিলেন। তারপরে দরের প্রশ্ন আছে — দরটা করেছেন বছরখানেক আগে বলেছিলেন ৭৭ টাকার নিচে কাউকে দর দেব না, সেটাই করলেন। কাজেই যেসব জেলার উপর আপনি ভরসা ক'রে আছেন সেইসব জেলায় ৭৭ টাকা দর আছে? দর নেই। বর্ধমান জেলায় এখনই ৭৭ টাকার উপরে ধানের দাম আছে। কাজেই কেন তারা সরকারকে ৭৭ টাকায় খোলা বাজারে দেবে? আর ওপেন মার্কেট থেকে কিনতে গেলে ধানের দরটা আপনাকে চিন্তা করতে হবে। আমি জানি গতবারে বিহার গভর্নমেন্টের ১০০ টাকার উপরে দর ছিল, কেরলে আরও বেশি দর ছিল, তামিলনাড়ুতে আরও বেশি দর ছিল, অন্ধ্রে আরও বেশি দর ছিল, কোন জায়গাতেই ৭৭ টাকা ছিলনা। এখন ধানের দরটা দুরকম আছে। অল ইন্ডিয়া এগ্রিকালচার প্রাইস কমিশন মোটামুটি একটা বাঁধে — কিন্তু স্টেট গভর্নমেন্টকে সংগ্রহ করতে হয় বোনাস দিয়ে দরটা একটু বাড়িয়ে। সরকার দামের সমতা রেখে যদি প্রোকিওর করেন তাহ'লে প্রোকিওরমেন্ট হয়, খোলা বাজার থেকে ধান পাওয়া যায়, মার্কেটেবল সারপ্লাস ধানটা পাওয়া যায়। এখন উনি যে দরটা বেঁধেছেন সেই দামে খোলা বাজারে চাষীদের কাছ থেকে ধান পাবেন ব'লে মনে হয় না। এখন এই দর বাঁধার ক্ষেত্রে একটু ভাবতে হবে। কারণ আর্ন্তজাতিক ক্ষেত্রে কতকগুলি প্রিনসিপ্লের উপর দরটা বাঁধতে হয়। এই ধানের দর অন্যান্য যে সমস্ত জিনিসের দর আছে যেমন বাদাম, পাট ইত্যাদি ইত্যাদি এদের সঙ্গে সমতা রেখে দরটা বাঁধা উচিত। কাজেই সেই সমতার কথা উনি বিচার করেন নি। উৎপাদনের জিনিস যেমন ফার্টিলাইজার এগুলির দর আজকে কোথায়? গত ৩বছরের তুলনায় আজকে প্রায় ডাবলের কাছে গিয়ে পৌঁছেছে। আজকে একটা বিচ্ছিন্নভাবে খাদ্যনীতি আনা হয়েছে। কাজেই খাদ্যনীতি যদি উৎপাদন নীতির সঙ্গে সামঞ্জস্য না থাকে তাহ'লে সেই খাদ্যনীতি সফল হতে পারে না। সেইজন্য যেমন অন্যান্য জিনিসের সঙ্গে তুলনা ক'রে দরটা বাঁধতে হবে তেমনি উৎপাদনের উপকরণের দামটাও সেই হিসাবে ঠিক করতে হবে। এখন চাষী যদি তার উৎপাদিত দ্রব্যের উৎসাহজনক দাম না পায় তাহ'লে সে উৎপাদন করবে না, উৎপাদন সেখানে বিমুখ হয়ে পড়বে — এই সমস্ত ফ্যাকটরের সঙ্গে সেখানে তুলনা করা হয় নি। ৩ নং হচ্ছে উৎপাদনের বিশেষ ভূমিকা যারা নেয় তারা হচ্ছে ক্ষেতমজুর — এখন এই ক্ষেতমজুরদের মজুরী সরকার বেঁধে দিয়েছেন এবং সেটা হচ্ছে প্রায় ৭টাকার কাছাকাছি ৬.৫০ পয়সা। এখন উৎপাদনের ক্ষেত্রে এটা যদি ধরা হয় -- আপনি চাষীদের বলছেন ৬.৫০ পঃ তোমাদের মজুরী দিতে হবে — এখন এই অবস্থায় আপনাদের ভাবতে হবে এই হারে মজুরী দিয়ে চাষীরা একটা উৎসাহজনক দাম পাচ্ছে কিনা — চতুর্থ জিনিস হচ্ছে যে চাষী উৎপাদন করে সমাজে তার অবস্থানটা কি?

[2.40 - 3.30 p.m.]

including adjourment

এখন আমাদের পশ্চিমবাংলার একটা চাষী আর বিহারের একটা চাষী এদের দুজনের জীবন ধারনের মানের তারতম্য আছে। কাজেই সেখানে এই জীবনধারণের মানটাও মূল্য নির্ধারণের ক্ষেত্রে একটা প্রয়োজনীয় জিনিস। বিহার বা উড়িষ্যার চেয়ে অন্ততঃপক্ষে পশ্চিমবাংলার চাষীদের জীবনধারণের মানটা একটু বেশি। বিহারের ক্ষেতমজুরদের অনেক সময় গায়ে কিছুই থাকে না, উত্তরপ্রদেশে দেখেছি, একটা নেংটি পরে থাকে অথচ সেখানে আমাদের পশ্চিমবাংলার ক্ষেতমজুরদের গায়ে একটা হাফসার্ট বা গেঞ্জি থাকে। কাজেই আমাদের ছোট চাষী, মাঝারী চাষী তাদের জীবনধারণের মানটা অন্যান্য রাজ্যের জীবনধারণের মানের চেয়ে বেশি। অতএব সেখানে জীবনধারণের সেই মানটা যাতে অন্ততঃ স্থিতিশীল থাকে সেটা দেখা

দরকার। অর্থাৎ জীবনধারণের মানটা দেখা এটাও একটা ফ্যাক্টর। এই ৪টি ফ্যাক্টর বিচার ক'রে যদি দামটা ঠিক করতেন তাহ'লে বোধ হয় প্রকিওরমেন্ট হত। এক্ষেত্রে আমি মনে করি আজকের দিনে অন্ততঃপক্ষে দামটা ১০০ টাকা হওয়া উচিত। এই দাম যদি আপনারা দিতেন বা এই দাম দিয়ে কিনতেন তাহ'লে আপনারা একটা বাফার স্টক করতে পারতেন পরের বছরের জন্য। তাই আমি বলব, এই দরটা আপনাদের পুনর্বিবেচনা করা উচিত। ৮০ টাকা সুপার ফাইন যেটা বলছেন সেখানে আমার মনে হয় প্রত্যেকটা কোয়ালিটিতে অন্ততঃপক্ষে ১০ টাকা ক'রে যদি বোনাসের ব্যবস্থা করেন ফেব্রুয়ারী মাস পর্যন্ত তাহ'লে বাজারের উদ্বৃত্ত ধান আপনি কিনতে পারবেন এবং তা ক'রে ৩ লক্ষ টন কেন ৫ লক্ষ টনও আপনি সংগ্রহ করতে পারেন। কিন্তু আপনি সেদিকে যাচ্ছেন না। আপনি যাচ্ছেন না তার কারণ সেখানে আপনা জড়তা বসেছে গ্রামের ঐ বড় চাষী বা জোতদার এদের আপনাকে সন্তুষ্ট রাখতে হবে সেইজন্য আপনি তা করছেন না। সেখানে যারা সত্যিকারের প্রডিউসার তাদের আপনি ন্যায্য দামে সারও সরবরাহ করছেন না। কাজেই এই যেখানে অবস্থা সেখানে আপনি প্রকিওরমেন্ট করতে পারবেন না। মাননীয় অধ্যক্ষ মহাশয়, মাননীয় মন্ত্রীমহাশয় যে বক্তব্য রাখলেন সেখানে নতুনত্ব কিছু নেই। গত বছরের মতই তিনি তাঁর বক্তব্য রাখলেন এবং সেখানে যে মেশিনারী নিয়ে গতবার উনি ৪০ ভাগের বেশি প্রকিওরমেন্ট করতে পারেন নি সেখানে সেই মেশিনারী নিয়ে এবারে তিনি ৩ লক্ষ টনও সংগ্রহ করতে পারবেন না। আমার কথা হ'ল আপনি মিল মালিকদের উপর ভরসা করবেন না, সেখানে হাসকিং চার্জ বাড়িয়ে দিন --- প্রয়োজন হ'লে ১০ টাকা পর্যন্ত হাসকিং চার্জ বাড়িয়ে দিন এবং যেটা প্রকিওর করবে তার একটা মোটা অংশ বা সমগ্র অংশ আপনি কিনে নিন। এইসমস্ত চিড়েকল, ধানকল, হাসকিং মেশিনের উপর নিয়ন্ত্রণ যদি না করেন তাহ'লে হবে না। এই যে মিল মালিকদের কাছ থেকে অর্ধেক লেভি হিসাবে নেবেন এবং অর্ধেকটা যেকোন দামে তাঁরা বিক্রি করবেন এতে কোন নির্দিষ্ট দর থাকবে না। আজকে যেখানে বর্ধমান শহরে চালের দাম ১৯০, কালকে ২১০ হবে, পরশুদিন ২৫০ হবে এবং মার্কেটেবল প্রাইস ঐ অনুযায়ী বেড়ে যাবে। যখন ঐ দামে খোলা বাজারে মিল মালিকরা বিক্রি করতে আরম্ভ করবে তখন দেখা যাবে আপনি প্রকিওর করতে পারবেন না। সেখানে চালের দাম হু হু ক'রে বেড়ে যাবে। হয়তো আপনি একটা বলবেন প্রফুল্লবাবু ৫ লক্ষ টন করেছিলেন, তিনি অবশ্য পাঁচ লক্ষ টন সংগ্রহ করেছিলেন, তা সত্ত্বেও খাদ্য সমস্যা জটিল হয়েছিল। তার একটা কারণ আছে, সেই কারণটা হচ্ছে, খাদ্যের দর যখন বাড়বে, তখন স্ট্যাটুটারী এলাকা ছাড়া মডিফায়েড এলাকাতে, সংশোধিত রেশন এলাকাতে সমাজের গরীব অংশ, যারা ক,খ শ্রেণীর আছে, তাদের যদি রেশন দিতে আরম্ভ করেন তাহ'লে খোলা বাজারে দর বাড়বে না। সেইজন্য আপনি যদি পুরান পদ্ধতিটা না নিয়ে যদি এখন দাম বাড়ান, ঐ হাসকিং মিলের উপর লেভি না ক'রে হাসকিং মিলের মিলিং চার্জ যদি বাড়িয়ে দেন তার সমস্ত হাসক বাড়বে এবং সেটা একটা নির্দিষ্ট দরে এমনি বোনাস দিয়ে আপনি যদি কিনে নেন তাহ'লে এই প্রকিওরমেন্ট টার্গেট সফল হবে। সেই ক্ষেত্রে ৩ লক্ষ টনের জায়গায় পাঁচ লক্ষ টন সংগ্রহ করতে পারবেন। কাজেই যে নীতি বা পদ্ধতি অনুযায়ী গত দুবছরে আপনার খাদ্যনীতি বিফল হয়েছে, সেই একই পদ্ধতি এবং একই নীতিতে এই বছর খাদ্য সংগ্রহ সফল হবে না। সেইজন্য আমি আপনার এই খাদ্যনীতিকে সমর্থন করতে পারছি না।

শ্রীআনন্দগোপাল মুখোপাধ্যায় ঃ মাননীয় অধ্যক্ষ মহাশয়, আজকে এই বিতর্কে অংশ গ্রহণ ক'রে আমার এই খাদ্য পরিস্থিতি সম্বন্ধে যে বক্তব্য, তাতে একটা কথা বলব যে বর্তমানে সরকার একটা সুস্পষ্ট খাদ্যনীতি গ্রহণ করার ফলে এবং সেই খাদ্যনীতিকে অত্যন্ত বিচক্ষণতার সঙ্গে প্রয়োগ করার ফলে আজকে যদি আপনি বাজারে বিশেষ ক'রে চাল, গম এবং অন্যান্য জিনিসের দাম দেখেন তাহ'লে যে সময় এই দাম প্রতি বছর বেড়ে আসার কথা, সেটা না বেড়ে আজকে একটা স্থিতাবস্থায় এসেছে, এমনকি বলা যেতে পারে বহু বছর পরে এই চাল গমের দাম আবার নিম্নাভিমুখী হয়েছে। বছরে এই সময়, বিশেষ ক'রে নূতন ফসল ওঠার পরে স্বাভাবিকভাবে দাম কমতে আরম্ভ করে। কিন্তু আমরা লক্ষ্য করেছি ফসল ওঠার আগেই এই দাম উর্দ্ধমুখী ছিল না। এর জন্য যদি আমরা দুটো দিকে লক্ষ্য রাখি — একটা হচ্ছে যে ক্রপ প্রস্পেক্ট, তাহ'লে

নিশ্চয়ই এই বছর ফসলের সম্ভাবনা ভাল ছিল, সেটা একটা কারণ। আর একটা হচ্ছে, যে ঘাটতি ছিল বণ্টন নীতি ঠিকভাবে প্রযুক্ত হবার পরে সেই ঘাটতি থাকায়, যেখানে যত পরিমাণ দরকার হত, হয়তো ঠিক সেটা পৌঁছল না, কিন্তু একটা ন্যূনতম প্রয়োজন আছে সেই পরিমাণ খাদ্য সমস্ত জায়গায় পৌঁছতে পেরেছে। এবং এরসঙ্গে আমি একটা জিনিস বলব, আজকে আপনার বণ্টন ব্যবস্থাকে আর সুষ্ঠু করার জন্য আমরা যদি আমাদের বণ্টন ব্যবস্থায় পুনর্বিন্যাস করি তাহ'লে তার প্রয়োজন আছে। এখনও এই খাদ্যনীতিতে, যে খাদ্য উৎপাদন হয় তার মার্কেটেবল সারপ্লাস আমাদের সবকার সেটা সংগ্রহের মধ্যে নিয়ে আসুন এবং সংগ্রহের মধ্যে নিয়ে এসে সেটাকে বণ্টন করুন। কিন্তু বণ্টনের যে নীতি এবং সংগ্রহের যে নীতি — এখানে একটা পরিবর্ত্তনের প্রয়োজন রয়েছে। আমরা এখনও পর্যন্ত সংগ্রহ নীতিতে ব্যক্তিগত মিল মালিকের উপর যতটা বেশি নির্ভরশীল, এই নির্ভরশীলতা কি করলে কমানো যায় এটা দেখতে হবে। আর বণ্টন ব্যবস্থার মধ্যে, ব্যক্তিগতভাবে যারা গরিব মালিক, এই স্ট্যাচুটারী এলাকার ডিলার বা মডিফায়েড রেশনিং এলাকার ডিলার, যদি আমরা এই পাবলিক ডিস্ট্রিবিউশন সিস্টেম রেস্টোর করতে পারি তাহ'লে কোন সময়ে আমাদের পাইপ লাইনে যদি ঘাটতি ঘটে যায়, কোন সময়ে সববরাহ ব্যবস্থায় গোলমাল ঘটে তাহ'লে আর্টিফিশায়াল যে ক্রাইসিস, স্কেয়াবসিটি, এটা তৈরী করা তাদের পক্ষে সম্ভব হবে না। মাননীয় অধ্যক্ষ মহাশয়, এই পশ্চিমবঙ্গে যদি সংগ্রহ নীতিকে সফল করতে হয় তাহ'লে নিশ্চয়ই আজকে মিল মালিকদের পর নির্ভরশীল হয়ে থাকলে চলবে না। তার সঙ্গে সঙ্গে সংগ্রহ ব্যবস্থাকে জোরদার করতে হবে। কো-অপারেটিভ সেক্টারকে আজকে ডেভেলপমেন্ট করার একান্ত প্রয়োজন আছে। যতক্ষণ পর্যন্ত না আমরা পুরোটা সবকারী মালিকানায় নিয়ে আসতে পারি, ততক্ষণ পর্যন্ত সব জিনিস সুষ্ঠুভাবে হতে পারে না। মাননীয় অধ্যক্ষ মহাশয়, যে পরিমাণ চাল এবং ধান আজকে সংগ্রহের মধ্যে আনা দরকার তা যদি নিতে হয় তাহ'লে প্রচুর অর্থের প্রয়োজন আছে। একটা মোটামুটি দেখুন, এখানে ১০০ কোটি টাকা যদি আমরা এই সংগ্রহের কাজে লগ্নি করবার জন্য নিজেরা রিজার্ভ ব্যাঙ্ক বা অন্যান্য আয় থেকে পাই তাহ'লে সেই ১০০ টাকা সংগ্রহ করা আমাদের পক্ষে সম্ভব হবে না—আমাদের যে প্রকিওরমেন্ট সিজন আউই থেকে তিন মাস, এই তিন মাসের প্রতি সপ্তাহে ১০০ কোটি টাকা কার্যকরী করতে পারি, তাহ'লে অন্তত মাসে দুবার করতে পারি। সংগ্রহের মাধ্যমে ১০০ কোটি টাকার ফসল মাসে দুবার কিনতে পারি তাহলে মাসে যেখানে ২০০ কোটি টাকা করলে তিন মাসে ৬০০ কোটি টাকার খাদ্য সংগ্রহ করতে পারব। এই যে ১০০ কোটি টাকা ৬ বার রোল করাতে হচ্ছে, এই জন্য মেশিনারীর প্রয়োজন আছে। কিন্তু এই যে অর্থ চাই — আজকে তাদের ঘরে যখন ধান ওঠে, যারা গরিব চাষী তারা অপেক্ষা করতে পারে না, সেই ধানকে কাঁচা অবস্থাতেই বিক্রি ক'রে দেয়, এবং নুন, তেল, কাপড়, অন্যান্য জিনিস সংগ্রহ জন্য বাজারে নিয়ে গিয়ে হাজির করে। সেখানে সংগ্রহ যারা করছে, সেই সরকারী এজেন্সি যদি কার্যকরী থাকে তাহ'লে সঙ্গে সঙ্গে তাদের কাছ থেকে খরিদ করতে পারে। কিন্তু যে সরকারী এজেন্সীর মাধ্যমে সেখানে কার্যকরী করার চেষ্টা হচ্ছে, সমস্ত জায়গায় যদি উপযুক্ত অর্থ তাদের হাতে না থাকে তাহ'লে দেখা যাবে সেই ধান ফড়িয়ারা কিনে নিয়ে যাচ্ছে। ফড়িয়ারা রাত্রিবেলা মিল গুলোতে বিক্রি করছে সেই ধান বেশি দামে বিক্রি হয়ে যাচ্ছে। এর জন্য সবকারী এজেন্টের সংখ্যা কো-অপারেটিভ সেক্টারে হোক বা প্রাইভেট সেক্টারে হোক, যেমন অনেক বেশি দরকার— গত বছর আমাদের বোধ হয় ১২শ এজেন্ট পশ্চিমবঙ্গে নিয়োগ করতে পেরেছি, কিছু বেশি হয়তো থাকতে পারে, সারা পশ্চিম বাংলায় নিশ্চয়ই ক্রপস সংগ্রহের জন্য এই সংখ্যাটা উপযুক্ত নয়। এই সংখ্যাকে যেমন বাড়ান দবকার, তেমন এই সংখ্যায় যারা কাজ করতেন সারা পশ্চিম বাংলায়, তাদের অর্থ জোগান দিতে হবে। কেমনভাবে, একজন প্রকিওরমেন্ট এজেন্ট সংগ্রহ করলেন, তিনি সঙ্গে সঙ্গে যদি সরকারী গুদামে দিয়ে সেই দিনই টাকা পেয়ে যান তাহ'লে তিন সপ্তাহে তার টাকা তিন বার রোল করতে পারেন। তিনি সংগ্রহ করলেন ১০ হাজার টাকার ধান, দু দিন সময় লাগল, টাকাটা পেতে চার দিন লাগলো, তাহ'লে সপ্তাহে ১০ হাজার টাকার ধান কিনছেন। তাহ'লে তো ১০ হাজার টাকা রোল করছে না। কিন্তু যদি সপ্তাহে দুবার ধান কিনতে পারেন মাসে তার বেশি টাকা রোল করছে। কিন্তু এই

রোল যদি কমে যায় তাহ'লে কিন্তু সেখানে সংগ্রহ বেশি হবে না। এর জন্য একটা ব্যবস্থা থাকার প্রয়োজন আছে। যেখানে সরকারী সংগ্রহশালার গুদাম থাকবে সেখানে ব্যাঙ্ক বা পে অফিস সঙ্গে সঙ্গে থাকবে এবং অফিসার সেখানে থাকবেন। যাঁরা সংগ্রহ করছেন সেই এজেন্ট যখন সরকারী গুদামে ধান দেবেন, তাঁদের ধান ওজন দেওয়ার সঙ্গে সঙ্গে দাম দিতে হবে যাতে ডিলে না হয়। কারণ বছরে যখন দু-তিন মাসে প্রকিওরমেন্টের সিজন, তার মধ্যে যদি করেন তাহ'লে ভাল হবে না, পরে যদি করেন তাহ'লেও ভাল হবে না। কাজেই তিন মাসের মধ্যে ৬০০ কোটি টাকা ঐ সংগ্রহের মাধ্যমে ধান সংগ্রহ করতে হবে। আপনি যদি হিসাবে করেন তাহ'লে দেখবেন এই তিন মাসের মধ্যে দু মাস হচ্ছে সিজন। ২৬ দিনে যদি মাস ধরেন ছুটির দিন বাদ দিয়ে, প্রথম তিন মাসে কত টাকা পেমেন্ট করতে হয়, যদি এক মাস কোন রকম ডিলে হয় তাহ'লে প্রকিওরমেন্ট শর্ট-ফল হয়ে যাবে। এটা নিশ্চয় জানবেন। কাজেই এটার দিকে সরকারের দৃষ্টি আকর্ষণ করব। আজকে বণ্টন ব্যবস্থাকে আরও সুন্দর করা যায় কি না, কো-অপারেটিভ সেক্টারে করা যায় কিনা, এটা আরও সময় থাকতে ভেবে দেখতে হবে। তাহ'লে যদি কোনদিন ফসল উৎপাদনে ঘাটতি হয় তাহ'লে বণ্টন ব্যবস্থা যাদের হাতে, তারা কৃত্রিম উপায়ে ঘাটতি সৃষ্টি করবে এবং মূল্যমান আরও বাড়িয়ে দেবে। এই দুটি জিনিসের উপর লক্ষ্য রেখে চলতে হবে। আমি আবার বলব পশ্চিমবঙ্গ সরকার যে খাদ্যনীতি গ্রহণ করেছেন, সারা ভারতবর্ষের খাদ্যনীতির অভিজ্ঞতা থেকে বলছি, সারা ভারতবর্ষে খাদ্যনীতিতে এই রকম প্রয়োগবিধি কোথাও নেই। এদের ক্রয় ক্ষমতা অনেক বেশি, এদের আজকে স্টাটিউটরি রেশনিং-এর মধ্যে রেখে কন্ট্রোল করে, তাদের কাছে যাতে কেউ বেশি খাদ্য বিক্রয় করতে না পারে বা তারা ক্রয় করতে না পারে এই ব্যবস্থা করার ফলে সেখানে একটা সুষ্ঠু খাদ্যনীতি চলছে। এই রকম সুষ্ঠু খাদ্যনীতি সারা ভারতবর্ষের কোথাও নেই। আজকে আপনারা যদি দেখেন তাহ'লে দেখতে পাবেন বাউরকেল্লা, ভিলাই, জামশেদপুর, দুর্গাপুর, রোকারো প্রভৃতি প্রতিটি স্টিল প্লান্ট অথরিটিকে গভর্নমেন্টের কাছে থেকে পারমিট নিয়ে বাজার থেকে ধানচাল সংগ্রহ করে বিলি করতে হয়। তারা নেপালের কাছে পর্যন্ত চলে কেনাবার জন্য যায় তাদের কর্মীদের দেবার জন্য। এই আলোচনায় অংশগ্রহণ করবার সৌভাগ্য আমার হয়েছে, সেইজন্য আমি বলছি যে, সারা ভারতবর্ষের শিল্প যাঁরা পরিচালনা করছেন তাঁরা সকলেই একবাক্যে স্বীকার করেছেন যে, পশ্চিমবঙ্গ সরকার যে খাদ্যনীতি গ্রহণ করেছেন তাতে সেখানে উৎপাদনে ঘাটতি থাকলেও এখনও পর্যন্ত মূল্যমান এবং বণ্টন স্থিতিশীল আছে। কাজেই যা সত্য তাকে স্বীকার করে আমি আমার বক্তব্য শেষ করছি।

At this stage the House was adjourned for half an hour.

(After Adjournment)

[3.30 - 3.40 p.m.]

শ্রীকানাই ভৌমিকঃ স্যার, আমি একটা টেলিগ্রামের বিষয়ে আপনার দৃষ্টি আকর্ষণ করছি। আপনি বলেছেন এই হাউসে আজ কয়েক দিন ধরে সদস্যরা বিভিন্ন ভাগচাষী উচ্ছেদ পুলিসের ষড়যন্ত্রে হচ্ছে সে কথা বলছেন। বিশ্বনাথবাবুর নামে একটা টেলিগ্রাম ২৬ তারিখে এসেছিল। আমরা ও নিয়ে পুলিস বিভাগে বড় বড় অফিসারদের জানিয়েছি। কিন্তু কোন প্রতিকার হয় নি। সেজন্য আপনার মাধ্যমে টেলিগ্রামগুলি যেহেতু পুলিসমন্ত্রি নেই সেহেতু জ্ঞানবাবুকে দিচ্ছি। আমার জেলার নাবানগড়ে জোতদার অনিল সেন পুলিসের সাহায্যে উচ্ছেদ করছে। সমস্ত ধান চাল কেটে নিচ্ছে। ২৬ তারিখে জানিয়ে কোন প্রতিকার হয় নি ব'লে আবার জানাচ্ছি এবং আশা করছি কিছু হবে।

Mr. Speaker : Today I have admitted one Calling Attention in respect of clashes with bhag chashis. If the Hon'ble Minister agrees he will make a statement tomorrow.

শ্রীকানাই ভৌমিকঃ এ বিষয়ে একটা স্টেটমেন্ট করুন যে কি হয়েছে ?

Mr. Speaker : I will send it to the Hon'ble Minister.

শ্রীতিমির বরণ ভাদুড়ী ঃ মাননীয় অধ্যক্ষ মহাশয়, খাদ্য বিতর্কের আলোচনায় অংশগ্রহণ করতে এসে প্রফুল্লবাবুর লিখিত যে বক্তব্য তা পড়লাম। আজকে প্রশ্নোত্তরের সময় প্রফুল্লবাবু তাঁর বক্তব্য রাখতে গিয়ে কিছু কিছু তথ্য আমাদের সমানে রেখেছেন। একটা জিনিস আমরা গ্রাম বাংলার সাধারণ মানুষ বুঝতে পারছি না সরকারী তথ্য থেকে সেটা হচ্ছে সরকার বলেন প্রতি বছর পশ্চিম বাংলার গ্রাম এবং শহরের জন্য খাদ্যের দরকার হয় ৭৬ লক্ষ টন। ১৯৭৪-৭৫ সালের হিসাবে আমরা দেখেছি ৬৯ লক্ষ টন চাল জাতীয় এবং ৭ লক্ষ টন গম জাতীয় খাদ্য পাওয়া গিয়েছিল এবং গত বছর কেন্দ্রীয় সরকারের কাছ থেকে প্রায় আনুমানিক ১৪/১৫ লক্ষ টন খাদ্য পাওয়া গিয়েছিল। তা যদি পাওয়া গিয়ে থাকে তাহ'লে পশ্চিমবঙ্গে খাদ্যের এত অভাব কেন তা আমাদের মাথায় ঢুকছে না। প্রফুল্লবাবুর মাথা আমাদের চেয়ে অনেক ভাল, যখন সমস্ত জায়গা থেকে খবর পাওয়া যাচ্ছে, কেন্দ্রীয় মন্ত্রি থেকে, আমাদের কৃষিমন্ত্রি থেকে খবর পাওয়া যাচ্ছে এবং সকলেই বলছেন যে পশ্চিমবঙ্গে এবারে বাম্পার ক্রপ হয়েছে তখন প্রফুল্লবাবু দেখছি আগেভাগে এসে বিবৃতি দিয়ে বসলেন। গত বছর পশ্চিমবঙ্গের মানুষ যখন খাদ্যের জন্য হাহাকার ক'রে বেরিয়েছিল তখন প্রফুল্লবাবুর বিবৃতি আমরা খুব কমই পেয়েছিলাম। মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমরা হিসাবে যা দেখছি সেটা হ'ল ৭৬ লক্ষ টন খাদ্য আমাদের সংগ্রহ বা উৎপাদন হয়, ১৪/১৫ লক্ষ টন খাদ্য যদি আমাদেব পাওয়া যায় তাহ'লে পশ্চিমবঙ্গে খাদ্যেব এত অভাব কেন ? কি কারণে এত অভাব ? কোন্ যন্ত্র থাকলে এই অভাব ঘোচানো যেতে পারে তার কোন ইঙ্গিত প্রফুল্লবাবুর বক্তব্যে আমরা পাই নি। প্রফুল্লবাবু তাঁর বক্তব্যে বলেছেন মিলের উপর লেভি আমরা করছি, কতখানি করছি, কতখানি পাব, তা আমরা এই মুহূর্তে বলতে পারছি না। মাননীয় অধ্যক্ষ মহাশয়, এই যে বাম্পাব ক্রপের হিসাব পাওয়া যাচ্ছে মিল প্রতিদিন কতখানি কাসিং করছে, কত ধান কিনছে তাব একটা অ্যাভারেজ পাওয়া যেতে পারে, সেই অ্যাভারেজ হিসাব ক'রে আমরা যদি মিলের উপর লেভি ধার্য করি তাহ'লে কি আমরা মিল মালিকদের কাছ থেকে বেশি ক'রে সংগ্রহ করতে পারব না ? এটা যদি না করেন তাহ'লে আমরা বুঝব তিনি ইচ্ছা ক'রে একটা মস্ত বড ফাঁক রেখে যাচ্ছেন। মিল মালিকদের কাছ থেকে লেভিব মাধ্যমে কত সংগ্রহ হবে তার হিসাব তিনি দিতে পারছেন না। তিনি বলছেন মিল যেমন যেমন কিনবে তার উপর লেভি ধার্য করবেন, সেইভাবে সংগ্রহ করবেন। যে সরকারী যন্ত্র মিল কি পরিমাণ ধান কাসিং করে তার হিসাব যোগাড করতে পারে না সেই সরকারী যন্ত্রের অস্তিত্ব সম্বন্ধে আমার সন্দেহের অবকাশ আছে, এর চেয়ে লজ্জার বিষয় আর কি হতে পারে। আমার মনে হয় বাংলাদেশে এই ধরনের একটা সুযোগ মিল মালিকদের দেওয়া হচ্ছে।

মাননীয় অধ্যক্ষ মহাশয়, কিছুক্ষণ আগে একজন মাননীয় সদস্য বলেছেন আমাদের এই পশ্চিমবঙ্গে ধানচালের দর সরকারের যে নিয়ন্ত্রিত মূল্য তার চেয়ে অনেক নিচে নেমে গেছে। বীরভূম, বর্ধমান, মুর্শিদাবাদ জেলা থেকে খবর আসছে, মেদিনীপুর থেকে সি পি আই সদস্যরা বলছেন যে ধানচালের দর কমে যাচ্ছে। আজকে বেলডাঙ্গা, বহরমপুর থেকে খবর পেয়েছি সেখানে ১.৩৬, ১.৪০, ১.৫০, ১.৫৫, কি ১.৬০ দরে চাল বিক্রি হচ্ছে। অথচ সরকার রেশন মারফত যে চাল দিচ্ছেন তার দর হচ্ছে ১.৭০। এই ধরনের লাভজনক ব্যবসা সরকার কি ক'রে করতে পারেন ? মনোপলি ব্যবসাও এতখানি লাভ করতে পারে না। ৭০/৭৫ টাকা কুইনটল দরে ধান কিনছেন, আর ১.৭০ পয়সা দরে চাল রেশন মারফত দিচ্ছেন কেন এটা আমাদের বোধগম্য হচ্ছে না। আমাদের পশ্চিমবঙ্গের গ্রামাঞ্চলে ৭৩ ভাগ লোক বাস করে। আমরা মরসুমের সময় দেখেছি ধানচাল বা অন্যান্য জিনিসের দর কমে যায়। যখন বর্ষা আসে, যখন প্রান্তিক চাষী ছোট চাষীর হাত থেকে ধানচাল বেরিয়ে যায় তখন সেখানে রেশনের মারফত চালের কোটা দেওয়া হয় না। গ্রামের যে দারিদ্র আমরা দেখেছি তার রূপরেখা তাঁর বক্তব্যে দেখতে পাই নি। প্রফুল্লবাবু যদি গ্রামাঞ্চলের চাষী মানুষের সঙ্গে

যোগাযোগ করেন তাহ'লে বুঝতে পারবেন মিল মালিকরা আগে থেকে প্রান্তিক ছোট চাষীদেব দাদন দিয়ে রেখেছে, জমি থেকে ধান কাটার পরই সেই ধান মিল মালিকের গুদামজাত হচ্ছে। সেই সমস্ত জায়গায় তাঁর ডিপার্টমেন্টের লোক। হানা দিয়েছেন কিনা আমরা জানি না।

[3.40 - 3.50 p.m]

আমাদের এখানে মিসা রয়েছে, কিন্তু আমি আমাদের বামপন্থী দলের পক্ষ থেকে জিজ্ঞাসা করছি আপনারা কয়জন মিল মালিক এবং জোতদারকে সেই মিসায় অ্যাবেস্ট করেছেন? জোতদাবদের কারাসাজিব কথা আপনারা জানেন তারা কিভাবে বর্গাদাবদেবদ উচ্ছেদ করছে। আপনারা সকলেই জানেন তারা কিভাবে ছোট ছোট চাষীদের দাদন দিয়ে দেড়া ধানচাল তুলে নেয় এবং সেগুলি নিজেদেব গুদামজাত করে। আমাদের এখানে নানা রকমভাবে লেভি ফাঁকি দেওয়া যে। আমাদের গুরুপদবাবু ভূমি রাজস্ব বিভাগ একটি সাংঘাতিক বিভাগ। এই বিভাগের মাধ্যমে জানা যাবে না কে কত জমি লুকিয়ে রেখেছে। আপনি উৎপাদকের উপর লেভি ক'রে মনে করেছেন লক্ষ্যে পৌঁছাবেন। আপনি আজ ৩/৪ বছর ধ'রে খাদ্যমন্ত্রি আছেন, কোথায় গেল আপনার সেই কোটা? তাহ'লে কোন্ মুখে আজ আপনি বলছেন এবারে আপনি যে খাদ্যনীতি গ্রহণ করেছেন তার মাধ্যমে আপনি পশ্চিমবাংলার লোককে খেতে দেবেন? আমি জানি না আপনি এইসব কথা কিকরে বলছেন। আপনাকে জিজ্ঞাসা করছি গত বছর আপনি ৫ লক্ষ টন লেভি ধার্য করবার পর কতটা আপনি সংগ্রহ করেছিলেন? এবারে আবার বলছেন ৩ লক্ষ টন। আমি জানতে চাই এবারে কেন পিছিয়ে এলেন ৫ লক্ষ টন থেকে ? আমি জানতে চাই কে আপনাকে বলেছে এই ৩ লক্ষ টন ধার্য করতে ? আমি আপনাকে প্রশ্ন করছি আপনি কাদেব স্বার্থে এই ৩ লক্ষ টন ধার্য করেছেন ? গত ৩/৪ বছর ধ'রে যিনি ব্যর্থতার পরিচয় দিয়ে এসেছেন আজকে তিনি কোন মুখে বলছেন পশ্চিম বাংলার মানুষকে তিনি খেতে দেবেন? একটা কোটা ধার্য করলেই মানুষেব খাদ্য সমস্যাব সমাধান হয় না। আমি মনে করি পশ্চিমবাংলাব কৃষির অর্থনৈতিক উন্নতি যদি না হয়, আমাদের ভূমিব্যবস্থার যদি আমূল পরিবর্তন না হয় তাহ'লে এই খাদ্য সমস্যার সমাধান হবে না। আপনার যে খাদ্যনীতি আবহমান কাল ধ'রে চলে আসছে এটা দিয়ে খাদ্য সমস্যার সমাধান করা যাবে না বা অবস্থার পরিবর্তন করা যাবে না। এই জিনিস করতে গেলে আমাদের দল থেকে যে কথা বলা হচ্ছে সেটা করুন---অর্থাৎ পূর্ণ রেশনিং-এর আওতায় খাদ্যকে আনুন। যেসমস্ত জায়গায় খাদ্যের চোরাকাববার চলছে সেটা যদি বন্ধ করতে না পাবেন তাহ'লে হবে না। আপনি যদি মনে ক'রে থাকেন পশ্চিম বাংলাব রঞ্জিত গুপ্তের পুলিস দিয়ে এবং হোমগার্ড দিয়ে এটা বন্ধ করবেন তাহ'লে বলব সেটা হবে না। মাননীয় অধ্যক্ষ মহাশয়, এই কারণে আমি মন্ত্রিমহাশয়কে বলছি খাদ্যনীতিব পরিবর্তন করতে গেলে খাদ্যকে পূর্ণ রেশনিং-এর আওতায় আনতে হবে। কংগ্রেস সদস্য আনন্দবাবু উৎফুল্লের সঙ্গে বললেন এরকম একটা খাদ্যনীতি হবার জন্য আমি অত্যন্ত আনন্দিত। আমি জানি না তাঁর দুর্গাপুর অঞ্চলের মানুষ দুবেলা দুমুঠো খেতে পারছেন কিনা। আমরা দেখছি ক্যালোবির অভাবে প্রতি বছর মানুষ অন্ধ হয়ে যাচ্ছে। যারা কায়িক পরিশ্রম করে, যাদের তণ্ডুল জাতীয় খাদ্য দরকার, খাদ্যের অভাবে দেখা যাচ্ছে তাদের টি বি হচ্ছে, তারা অন্ধ হয়ে যাচ্ছে। এটা আমার কথা নয়, স্বাস্থ্য দপ্তরের বুলেটিন থেকে এটা আমরা দেখতে পাচ্ছি। আনন্দবাবু আনন্দের সঙ্গে এই খাদ্য নীতি সম্বন্ধে বলেছেন, কিন্তু আমরা জানি দুর্গাপুরের সাধারণ মানুষ, শ্রমিকরা তাদের কায়িক প্রিশ্রম অনুযায়ী দুবেলা দুমুঠো খেতে পায় না। তাদের পরিবারের লোকেরা যক্ষ্মা রোগে ভুগছে এবং একটা শিশুর যে খাদ্য দরকার সে তা পাচ্ছে না। আমি জিজ্ঞাসা করছি আজকে কিছু কিছু জায়গায় যে রেশন ব্যবস্থা রয়েছে সেই রেসন কয়টা মানুষ তুলতে পারে? কাজেই আমি মনে করি এই খাদ্যনীতির আমূল পরিবর্তন দরকার। এটা যদি না করতে পাবেন তাহ'লে দেখবেন ব্যাপকভাবে লক-আউট হবে, লে-অফ হবে, ক্লোজার হবে। আনন্দবাবু আজকে এই বিধানসভায় টেক্সম্যাকোর কথা বলেছেন। আমার বক্তব্য হচ্ছে মানুষ যদি তার নিত্যপ্রয়োজনীয় জিনিস এবং তার ব্যবহৃত জিনিস কিনতে না পারে এবং সাধারণ চাষী যেটা উৎপাদন করে সে যদি তার ন্যায্য দাম না পায় তাহ'লে কিছু হবে না।

খাদ্যনীতির সঙ্গে মূল অর্থনীতি জড়িত। মূল অর্থনীতির সঙ্গে ভূমির অর্থনীতি অঙ্গাঙ্গীভাবে জড়িত। মূল জায়গায় যদি পরিবর্তন না করা যায় তাহ'লে ব্যাপকভাবে খাদ্য সাধারণ মানুষের ঘরে পৌঁছে দেওয়া যাবে না। আপনি যুক্তির খাতিরে হয়ত বলতে পাবেন বর্তমান ব্যবস্থার ভিতরে সাময়িকভাবে কিছু উৎপাদকের ঘরে, মিল মালিকদের উপর লেভি ক'রে সাময়িক উপশম হতে পারে কিন্তু মূল জায়গার যদি পরিবর্তন আনতেহয়, আমূল পরিবর্তন আনতে হয় তাহ'লে প্রফুল্লবাবু একা নন, তাঁর মন্ত্রিসভায় যাঁরা আছেন তাঁরা সকলে মিলে এই খাদ্যনীতির আমূল পরিবর্তন আনুন। মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমরা এর আগে প্রফুল্লবাবুকে বারবার বলেছিলাম সমগ্র পশ্চিমবঙ্গকে রেশনিং-এর আওতায় আনুন। তিনি কেন আনছে না জানি না। কার স্বার্থে বা কোন্ শ্রেণীর স্বার্থে তিনি আনছেন না আমরা বুঝতে পারছি না। আজকে একটা জমিতে তিনবার ক'রে ফসল উঠছে কিন্তু সেচের কব যেভাবে ধার্য করা হয়েছে এবং সেচেতে যে সমস্ত মেশিনারী লাগে তাদের যদি কর না কমানো যায় তাতে ধানের দর, চালের দর যেভাবে দাঁড়িয়েছে তাতে ছোট চাষী এবং বর্গাদার যেভাবে উচ্ছেদ হচ্ছে প্রফুল্লবাবু শত ইচ্ছা থাকলেও তিনি তা বন্ধ করতে পারবেন না। যদি তাদের উচ্ছেদ বন্ধ করতে হয়, তাহ'লে গ্রামের অর্থনীতিকে ঢেলে সাজাতে হবে। গ্রামের মানুষকে আরও সংঘবদ্ধ করতে হবে, তাদের সংস্কৃতির মান উন্নত করতে হবে, তা না হ'লে খাদ্য সংগ্রহ আপনারা কিছুতেই করতে পারবেন না। তাই আমরা দেখি তামিলনাড়তে এবং হরিয়ানাতে, পাঞ্জাবে সেখানকার চাষীরা যেরকমভাবে ভোগ্যপণ্য এনজয় করে পশ্চিমবঙ্গে চাষীরা তা করতে পারেনা। গ্রামের অর্থনীতি এবং কৃষি অর্থনীতি এবং সংস্কৃতির মান যদি উন্নত করা না যায় তাহ'লে এটা করা যাবে না।(রেড লাইট) জ্ঞানবাবু বলছেন লাল বাতি জ্বলে গেছে খুব ভাল কথা, জ্বলেছে প্রফুল্লবাবু না জ্ঞানবাবুর তা আমি বুঝতে পারছি না। স্যার, যাই হোক আমার সময় খুব সংক্ষেপ। প্রফুল্লবাবুকে বলি যে আপনার ঐ যুক্তি তর্ক রাখুন, আপনার শহরের রাজনীতি থেকে একটু গ্রামাঞ্চলে চলুন, গ্রামের মানুষের কথা বুঝবার চেষ্টা করুন। শুধু শহরের মধ্যে রাজনীতি করলে গ্রামের কথা আপনি বুঝতে পারবেন না। তা হ'লে আমলারা যে স্ট্যাটিসটিকস দিয়ে যাবে তাতে আপনার দলের আনন্দবাবু হয়ত আপনাকে অভিনন্দন জানাবে, কেননা তাকে নির্বাচনী বৈতরণী পার হতে হবে তাই আপনাকে তার দরকার। কিন্তু গ্রামের মানুষ আপনাদের সঙ্গে থাকবে না। একথা ব'লে আমি আমার বক্তব্য শেষ করছি এবং প্রফুল্লবাবুর বক্তব্যের বিরোধিতা করছি।

শ্রীভবানীপ্রসাদ সিংহরায় ঃ মাননীয় অধ্যক্ষ মহাশয়, মাননীয় খাদ্যমন্ত্রি মহাশয় আমাদেরগ কাছে পশ্চিম বাংলার খাদ্যনীতির যে বিবরণ রেখেছেন সেই বিবরণ তিমিরবাবুর কথায় নৈরাশ্যজনক বা আসল সমস্যার সমাধানের কথা এখানে বলা হয় নি। একথা ঠিক কিনা এটা বিচার করার প্রয়োজন আছে। যদিও তিমিরবাবু সমস্যার কথা যেমন জোরের সঙ্গে বলেছেন, কিন্তু তার কাছ থেকে বা তার দলের কাছ থেকে এর সমাধানের কি পথ তার কোন ইঙ্গিত বা নির্দেশ এখানে তিনি রাখেন নি। একটা কথা বোঝা দরকার মাননীয় খাদ্যমন্ত্রি যে কথা বলেছেন, মাননীয় সদস্য আনন্দবাবু ঠিক সেই কথাই বলেছেন, তাতে তিমিরবাবুর এত উত্তপ্ত হবার কোন কারণ নাই। গত তিন বছর যেভাবে আমাদের দেশে—আমরা যখন ক্ষমতায় এসেছিলাম সেই সময় দেখেছিলাম আমাদের যে খাদ্যনীতি আগে ছিল তার থেকে এখনকার খাদ্যনীতিতে অনেক পরিবর্তন এসেছে।

[3.50 - 4.00 p.m]

এবং একথা বলাই বাহুল্য যে ৬৫ সাল থেকে কেরকম খাদ্যের অবস্থা পশ্চিম বাংলায় চলেছিল তার পরিবর্তন ঘটেছে। জিনিসের, চালের যে দর সেই দর নিম্নমুখী, এমন কি সরকারের নির্ধারিত দামের চেয়েও কম দামে বিক্রি হয়েছে যা কিছুক্ষণ আগেই এই বিধানসভায় আলোচিত হয়েছে। কৃষকরা যাতে ন্যায্য দাম পায় একথা আমরা নিশ্চয়ই বলব। সরকার বলেছেন প্রটেকশন দেবেন কিন্তু আদর্শ হিসাবে। আমরা চাইব চালের দাম কমবে, আমরা চাইব চালের দাম কমার সঙ্গে সঙ্গে — যে অর্থনীতির কথাটা বলতে পারেন নি,

সমস্ত ব্যাপারটাই অব্যক্ত তিমিরবাবুরদের কাছে, তার সঙ্গে সঙ্গে এসেনশিয়াল কমোডিটিস যা আছে তাও কমবে। আপনি জানেন মাননীয় অধ্যক্ষ মহাশয়, বিশেষ ক'রে যেসমস্ত দুর্বল রাষ্ট্র, অর্তনীতিতে দুর্বল সেসমস্ত রাষ্ট্র ডেভালপিং ইকনমি যেসব দেশে সেইসব দেশে জিনিসপত্রের দাম উঠানামা করে মূলতঃ খাদ্যদ্রব্যের উপরেতে, তাহ'লে আজকে যদি এর সূচনা পশ্চিম বাংলায় হয়ে থাকে, আজকে যদি এর সূচনা ভারতবর্ষে হয়ে থাকে তাহ'লে এটা নৈরাশ্যজনক ব্যাপার নয়। আমার মনে হয় উনি নানা রকম কথাবলেছেন, বলেছেন যে খাদ্য পাচ্ছে না ব'লে ফ্যাক্টরি বন্ধ হয়ে গিয়েছে। উনি জানেন না, উনি ট্রেড ইউনিয়ন করেন না, কাজেই পশ্চিম বাংলায় যেসমস্ত ফ্যাক্টরি বন্ধ হয়েছে তা খাদ্যের জন্য হয় নি, তা বন্ধ হওয়ার নানা কারণ আছে আমি সেই আলোচনায় যেতে চাই না। কিন্তু এটা ঠিক আমি গ্রামের মানুষ হিসাবে বলছি যে গ্রামে গত বৎসর বা তার আগের বৎসর, ১৯৬৫ সাল থেকে বলছি - এ নরমাল সাপ্লাই লাইন যা ছিল তার পরিবর্তন ঘটেছে এবং আজকে কিনে-খাওয়া মানুষের হাতের কাছে খাবার এসে পৌঁছেছে। দামের কথায় পরে আসছি এবং একথা ঠিক যে আজকে যেভাবে দাম নির্ধারণ করা হচ্ছে সেটা অন্য পর্যায়ে আলোচনা হওয়া দরকার এবং এর জন্য পশ্চিমবঙ্গ সরকার বা কোন রাজ্য সরকারের কোন ক্ষমতা নেই একথা আমরা সকলেই জানি কিন্তু বক্তৃতা করি এখানে এসে দাঁড়িয়ে দাঁড়িয়ে। আজকে আমাদের পশ্চিম বাংলার যারা গ্রামে ক্ষেতমজুরি করে, আপনি জানেন অধ্যক্ষ মহাশয়, পয়সার বিনিময়ে ক্ষেতমজুরি কত এবং চালের পরিমাণে তা কত, তাই এই কথা ব'লে জিনিসটাকে অন্য দিতে পরিবর্তন ক'রে দেবার প্রয়োজন আছে ব'লে আমি মনে করি না কিন্তু এই প্রসঙ্গে খাদ্যমন্ত্রিমহাশয়কে বলছি যে যেকথা প্রশ্ন উত্তরের সময় বলেছিলাম যে আজকে ভাবা দরকার আছে, পশ্চিমবঙ্গ সরকারের এবং যে কথা বিভিন্ন রাজ্য সরকার নিশ্চয়ই ভাবেন— উড়িষ্যার খবরের কাগজে দেখেছি যে এই রকম ভাবা হচ্ছে বা হয়েছে যে এফ সি আই এই মেশিনটির উপরে নির্ভর ক'রে প্রকিওরমেন্ট সাকসেসফুল হবে কিনা, এফ সি আই এর যে মেশিনারি সেই মেশিনারি প্রকিওরমেন্ট করায় হেল্প করবে কিনা। মাননীয় খাদ্যমন্ত্রি মহাশয় বললেন, এখানে কৃষিমন্ত্রি মহাশয় উপস্থিত রয়েছেন, আজকে পশ্চিম বাংলায় এগ্রিকালচারাল প্রডাকশানের যে পোটেনশিয়ালিটি, সিবিয়ালেসের পোটেনশিয়ালিটি সেই পোটেনশিয়ালিটির বিচারেতে আমাদের হারভেস্টিং পিরিয়ডে এক মাসের মধ্যে যে ধানচাল বাজারে আসে তার পরিমাণ খুব কম ক'রেও আমাদের হিসাবে ১৫ থেকে ২০ লক্ষ টন এই ধানচালের যদি আমরা সরকারী উদ্যোগে ডি পি এজেন্টের মাধ্যমে কিনবার ব্যবস্থা করতে পারতাম, এমন কি তা ২৫ পার্সেন্টও যদি কিনবার ব্যবস্থা করতে পারতাম, সেই মেশিনারি যদি এফ সি আই খাড়া করতে পারত তাহ'লে শ্রিমববাবুরা যে কথা আজকে বলছেন সেকথা উঠত না। আমার বক্তব্য, মাননীয় অধ্যক্ষ মহাশয়, এই সংগ্রহের যে মেশিনারি সেই মেশিনারি আরও এফেক্টিভ করা দরকার এবং পশ্চিমবঙ্গ সরকারের আরও আরও ইনটারভেনশন করা দরকার, ডাইরেক্ট করা দরকার এফ সি আই কে। এফ সি আই কি কারবার করছে আমরা তা জানি, এফ সি আই পশ্চিমবঙ্গের বুকে কি কারবার করছে তার উদাহরণ দিতে চাই না, এই এফ সি আই কিভাবে প্রকিওরমেন্ট ব্যাহত করছে, প্রকিওরমেন্ট বাধ্যাল ক'রে দিচ্ছে বা দেবার চেষ্টা করছে। যদি অঞ্চলে অঞ্চলে চাষী তার হাতের কাছে তার জিনিস কিনবার কোন লোক না পায়, যদি তাকে নানা ফরমালিটিসের মধ্যে দিয়ে যেতে হয় তাহ'লে সেখানে ফোড়ে-দালালরা কিনবেই।

আমাদের বন্ধু ফণীবাবু বলেছেন প্রগ্রেসিভলি যে কো অপারেটিভ নির্দিষ্ট দরে কিনেছিল। রাইস মিলের বহু টাকা, ধানের দর বাড়াবে এটা তাদের প্র্যাক্টিস। এখন রাইস মিলেকে যদি ডি পি এজেন্ট করা যায়, ইঁদুরে খাওয়া চাল বিক্রি করে সেই স্টোরিং এজেন্টকে ডি পি এজেন্ট করা যায়, তাহ'লে তাদের কাছ থেকে কি প্রকিওরমেন্ট হবে? যে হোলসেলার সে যদি ডি পি এজেন্ট হয় তাহ'লে কি হবে? এই হোলসেলারই তো মোটা চাল ভাল মিশিয়ে পশ্চিম বাংলা সরকারকে কনজুমারের চোখে অপ্রিয় ক'রে তুলেছে, এই এফ সি আই-এর পলিসি যেখান থেকেই আসুক না কেন, সেটা এখান থেকে দূর হওয়া দরকার। আশ্চর্যের ব্যাপার দেখছি ইনভলভমেন্ট যেভাবে দেখছি, আগের আগের বছর যেভাবে ইনভলভমেন্ট করেছেন জনপ্রতিনিধিদের,

এবারে সেটা অ্যাবসেন্ট, সেভাবে ইনভলভমেন্ট করা হচ্ছে না, কেন হচ্ছে না জানি না। পাঁচ লক্ষ টন থেকে তিন লক্ষ টন সংগ্রহমাত্র করেছে। এটা মস্ত বড় প্রশ্ন। এই তিন লক্ষ টন দিয়ে যদি পশ্চিম বাংলার মানুষকে খাওয়াতে পারে ন, তাহ'লে অন্য দিক থেকে, চাষীদের পক্ষ নিয়ে আমরা যে বেঞ্চ থেকেই বলি না কেন, সেই চাষীদের চাষের, কৃষির এবং উৎপাদনের দিক থেকে সুবিধা হবে। এই তিন লক্ষ টন যদি পশ্চিম বাংলা সরকার কিনে-খাওয়া মানুষের মুখে তুলে দিতে পারেন আপত্তি নেই এবং আরও বেশি আপত্তি নাই যদি গভর্নমেন্ট এই পলিসি দিয়ে অধিক সংগ্রহ যা করতে পারবেন সেটা কিনে খাওয়া মানুষদের কাছে, সবচেয়ে দুর্বলতম মানুষদের কাছে বেশি ক'রে খাদ্য পৌঁছে দিতে পারেন। আমি মনে করি খাদ্যমন্ত্রি যে বিবরণ দিয়েছেন সেটা মিনিমাম কথাই বলেছেন। সমস্ত ঘটনা আলোচনা ক'রে সমগ্র বিষয় পর্যালোচনা ক'রে একথা নিশ্চয়ই বলব যে খাদ্যনীতি, আনন্দদার কথায় অনুসৃত যে খাদ্যনীতি আমাদের সংকটাকে সহজ করেছে, সমাধান না করলেও সহজ করেছে এবং সহজ করার জন্য আমি খাদ্যমন্ত্রিকে আন্তরিক ধন্যবাদ জানাই।

শ্রীপ্রদ্যোত কুমার মোহান্তি ঃ মাননীয় অধ্যক্ষ মহাশয়, ১৯৭৫-৭৬ সালের খাদ্যনীতি সম্বন্ধে পশ্চিম বাংলা সরকারের পক্ষ থেকে মাননীয় খাদ্যমন্ত্রি এই বিধানসভায় একটা বিবৃতি রেখেছেন। আমি তাঁর বিবৃতি প্রথম পাতা থেকে আরম্ভ ক'রে শেষ পাতা পর্যন্ত কাল পড়েছি, আজকেও পড়েছি। এর কমা ফুলস্টপ বাদ না দিয়েও বলা যায় যে গতবারের যে খাদ্যনীতি ছিল, অর্থাৎ ১৯৭৪-৭৫ সালের খাদ্যনীতি, ১৯৭৫-৭৬ সালের খাদ্যনীতিও প্রায় এক। কেবল দেখছি টার্গেটের বেলায় যেখানে ছিল ৫ লক্ষ মেট্রিক টন, গতবারে, এবারে তিনি করেছেন তিন লক্ষ মট্রিক টন সংগ্রহমাত্রা। মাননীয় অধ্যক্ষ মহাশয়, আপনি জানেন, আমরা সবাই জানি, খাদমন্ত্রিও জানেন ধান যখন গাছে আসে নি, তখন থেকে এগ্রিকালচারাল ডিপার্টমেন্ট, তাদের সঙ্গে সুর মিলিয়ে খাদ্য দপ্তর বলতে আরম্ভ করলেন যে পশ্চিম বাংলায় এবার বাম্পার ক্রপ হয়েছে। শুধু পশ্চিম বাংলায় নয়, ভারতবর্ষের যিনি খাদ্যমন্ত্রি তিনি যখন আসেন, ইদানিং দেখছি তিনি ঘন ঘন আসছেন, এই পশ্চিম বাংলায়।

[4.00 - 4.10 p.m]

তিনিও কখনও আসাম যাওয়ার পথে কখনও বা কলকাতায় কোন কিছুর উদ্বোধন করতে বলছেন শুধু পশ্চিম বাংলায় নয়, সারা ভারতবর্ষের খাদ্যের অবস্থা এত ভাল যে গত দশ বছরে এরকম ভাল ফসল ফলে নি। এটা কি কোন দেবতার পুন্যে, না জগজীবন রামের পুন্যে, না প্রফুল্লকান্তি ঘোষের মহাপুন্যে তা জানি না। তবে একথা ঠিক এবার ফসলের অবস্থা অত্যন্ত ভাল। পশ্চিমবঙ্গ যেখানে খাদ্যশস্যের ঘাটতি এলাকা, সেখানে খাদ্য দপ্তরের এক্সনি বিশেষ অংশ গ্রহণ করা অত্যাবশ্যক, যেখানে খাদ্য দপ্তরের এই পারফরমেন্স একেবারে হোপলেস। আমি অতীতের কথার মধ্যে যাচ্ছি না, যে বছর থেকে এই নতুন সরকার সেই ১৯৭২ সালের মার্চ মাস থেকে পশ্চিম বাংলায় খাদ্যের অবস্থা উদ্বেগজনক, প্রশংসাযোগ্য মোটেই নয়। আজকে বিধানসভায় মাননীয় সুকুমারবাবুর প্রশ্নোত্তরে বলেছেন তাঁর অপদার্থতা। কিন্তু তাঁর সেই অপদার্থতার একটি কারণ থাকা চাই। গত বছর ভাল ফসল ফলে নি। তার জন্য তো সাত্তার সাহেবকে তো তিনি অপদার্থ বলেনি। আপনি নিজেকে অপদার্থ বলছেন কেন? কারণ বলতে পারি না, গত বছর ফসল ভাল হয়ে নাই— যেখানে সংগ্রহের টারগেট ধরেছিলেন ৫ লক্ষ মেট্রিক টন, অথচ আজকে যেখানে ফলন ভাল হয়েছে— সেখানে ধরলেন ৩ লক্ষ টন। কেন? আপনাকে স্বীকার করতে হবে আমার ভুল হয়েছে। সকলেই ভুল করে, দেবতারও ভুল হয়ে থাকে। আমাদের ভুল স্বীকার করতে হবে। কেন আপনি ৫ লক্ষ টন না করে ৩ লক্ষ টন বললেন? এবার তো বাম্পার ক্রপ হয়েছে। যেখানে পাঞ্জাবের চাষীরা গম নিয়ে ছুটে আসে সরকারের কাছে তোমরা গম কিনে নেও, সেখানে পশ্চিম বাংলার চাষীকে ধান চাল লুকোতে হয়, সরকারকে নোটিস দিতে হয়, পুলিস ম্যাজিস্ট্রেটকে দিয়ে ধানচাল তুলে নিয়ে আসতে হয়। এর কারণ কী? সেটা আপনাকে খুঁজে দেখতে হবে। অবশ্য এর অনেক কারণ আছে, আমার মতে তার মধ্যে প্রধান কারণ হ'ল যারা চাষী ফসল ফলায় তারা

সরকারের কাছ থেকে ফসল ফলাবার জন্য কোন উৎসাহ পায় না বা সরকারের হাতে ফসল তুলে দিতেও উৎসাহ পায় না। ফসলের ন্যায্য দাম চাষী পাচ্ছে না, রিজনবেল প্রাইস পাচ্ছে না। যদি আজকে খাদ্যনীতিকে সফল করতে হয় তাহ'লে চাষীকে ফসলের ন্যায্য দাম দিতে হবে। এবার যেমন ফসল ফলেছে, তাতে ৫ লক্ষ টন সংগ্রহ করা মোটেই কষ্টকর নয়। একথা আমাদের নেতা প্রফুল্লচন্দ্র সেন মহাশয় বিধানসভায় দাঁড়িয়ে বলেছিলেন। তা আপনারা করতে পারেন নি। কেন ? কারণ, কস্ট প্রাইস থেকে বঞ্চিত হয়েছে চাষী, কোন প্রাইস সাপোর্ট তারা পাচ্ছে না। আলু চাষী-- কুইন্টালে ৪০ টাকা পেল যখন আলু উঠল। সেই আলু এখন ১৪০ টাকা বিক্রি হচ্ছে —চাষী যে দাম পেল না, পেল ফরিয়াদা। পাট চাষীর অবস্থাও তাই। তাকে আমরা বাঁচাতে পারি নি, সাপোর্ট দিতে পারি নি। এই পাট চাষী, আলু চাষী ও ধান চাষীকে যদি আমরা প্রাইস সাপোর্ট দিতে না পারি, তাহ'লে কিছুতেই এই সংগ্রহ নীতি সফল হতে পারে না। খাদ্যনীতি বলতে বোঝায় সংগ্রহ নীতি ও কন্টন নীতি— এই দুটো হ'ল খাদ্যনীতি। এই দুটোর মধ্যে সমতা রেখে ধানের মূল্য যতক্ষণ নির্ধারণ না করতে পারেন, যতক্ষণ না চাষীকে তার ন্যায্য বিক্রয় মূল্য দিতে পারেন, তার কস্ট প্রাইস এর সঙ্গে ৫ টাকা ৩ টাকা বা ২ টাকা লাভ দিতে না পারি, তাহ'লে সরকার যতই জনপ্রতিনিধিদের এর মধ্যে ইনভলভড করুন না কেন চাষীর কাছ থেকে ধান চাল সংগ্রহ করতে পারবেন না এবং সব চালধান ষ্টেটের বাইরে চলে যাবে।

আমার বক্তব্য হচ্ছে সর্বপ্রথম টার্গেট ঘোষণা করার সঙ্গে সঙ্গে এবং পশ্চিম বাংলায় স্ট্যাটুটরি রেশনিং এরিয়ায় ধানচাল সংগ্রহ করার সঙ্গে সঙ্গে পশ্চিম বাংলার চাষী যারা উৎপাদন করছে তারা যাতে ন্যায্য দাম পায় তার ব্যবস্থা করতে হবে। সরকার যেটা বেঁধেছেন সেটা ন্যায্যমূল্য হয় নি। মাননীয় সদস্য অশ্বিনীবাবু বলেছেন আমিও মনে করি কমপক্ষে ১০০ টাকা কুইন্টাল না করলে চাষী ন্যায্য দাম পাবে না। আজকে যে টার্গেট ধার্য করা হয়েছে সেই টার্গেটে পৌঁছতে গেলে তার দুটি উপায় সরকার নিয়েছেন। এবং তার মধ্যে একটি হচ্ছে মিলের মারফত আদায় এবং আর একটা হচ্ছে চাষীদের কাছ থেকে লেভি মারফত আদায়। আমরা দেখেছি মিল মালিকরা বা মিল যে ধানচাল কেনে তার সঠিক হিসেব সরকারের কাছে গিয়ে পৌঁছায় না। আমরা জানি প্রতিটি মিলে ২/৩টি করে খাতা থাকে। মিলের একটা খাতা, কর্মচারীদের একটা খাতা এবং সরকারী কর্মচারীদের দেখাবার জন্য আর একটা খাতা। এটা কাদের সহযোগিতায় হচ্ছে না খাদ্য দপ্তরের কর্মচারীদের সহযোগিতায় হচ্ছে। আমাদের এই খাদ্য দপ্তর এমনই ঘুনে ধরা যে এঁদের উপর যদি সংগ্রহের দায়িত্ব দেওয়া হয় তাহ'লে সরকারের টার্গেট ব্যর্থ হতে বাধ্য। আমরা যদি মিলের উপর কনট্রোল করবার মেশিনারি ঠিকভাবে মজবুত করতে না পারি তাহ'লে ডিসট্রিক্ট ম্যাজিস্ট্রেট এবং এস ডি ও-র উপর যতই দায়িত্ব দিন না কেন তাতে কোন কাজ হবে না। খাদ্য দপ্তরের কর্মচারী বা বিশেষ করে নিচের স্তরে যাঁরা রয়েছেন তাঁদের মধ্যে শতকরা ৯৯ জন লোকের দ্বারা সৎভাবে মিলের কাছ থেকে সরকারের ধানচাল আদায় করা একেবারে অসম্ভব। এখানে বলা হয়েছে অ্যাস ইউজুয়াল ইন্টারন্যাল প্রবিওরমেন্ট এবং ডিসট্রিবিউশন-এর দায়িত্ব থাকবে ফুড কর্পোরেশন অব ইন্ডিয়ার হাতে। ফুড কর্পোরেশন অব ইন্ডিয়া হচ্ছে এমন একটি সংস্থা যার উপর দেখছি ইভেন মিনিস্টারের কোন কন্ট্রোল নেই। স্যার, পশ্চিম বাংলার খাদ্য সমস্যার সমাধান করবার দায়িত্ব পশ্চিম বাংলার মন্ত্রির উপর, খাদ্য বিতরণের দায়িত্ব পশ্চিম বাংলার খাদ্য বিভাগের পদস্থ কর্মচারী মন্ত্রি এবং সরকারের উপর। কিন্তু এখানে দেখছি ডিসট্রিবিউশনের দায়িত্ব গ্রহণ করল ফুড কর্পোরেশন অব ইন্ডিয়া যাদের উপর আমাদের কর্তৃত্ব খুবই হালকা। এঁদের দূর্নীতি, তাবহেলা এবং পশ্চিম বাংলার খাদ্যনীতিকে বানচাল করবার যে চেষ্টা তাদের রয়েছে সেটা যদি আমাদের খাদ্যমন্ত্রি এবং খাদ্য দপ্তরের কর্মচারীরা বন্ধ করতে না পারেন তাহ'লে তাদের মাধ্যমে যেটা সংগ্রহ করবার চেষ্টা হয়ে থাকে এবং তার ফলে যদি ধানের দাম কমে যায় তাহ'লে তাদের মাধ্যমে যেটা সংগ্রহ করবার চেষ্টা করছেন সেটা ব্যর্থ হতে বাধ্য। আজকে যদি পশ্চিম বাংলায় বাম্পার ক্রপ থাকে এবং তার ফলে যদি ধানের দাম কমে যায় তাহ'লে কেন এই পশ্চিম বাংলায় স্ট্যাটুটরি রেশনিং এরিয়া রাখছেন ? স্ট্যাটুটরি রেশনিং এরিয়া রাখা মানে দুর্নীতিকে পোষণ করা দুর্নীতির

সূত্র ধরিয়ে দেওয়া। ইন্দিরা গান্ধী বলেছেন ২০ দফা কর্মসূচীর মধ্যে একটা সূচী হচ্ছে দুর্নীতি দূর করা। আজকে ভারতবর্ষে বাম্পার ক্রপ হয়েছে, কাজেই পশ্চিম বাংলায় যদি ধানচালের অভাব হয় তাহ'লে সারা ভারত থেকে গম এনে, খাদ্য এনে পশ্চিম বাংলাকে খাওয়াতে হবে। পশ্চিমবঙ্গ সরকার ভারত সরকারকে বলুন আমাদের যেটা অভাব হবে সেটা যেন তাঁরা সারা ভারতবর্ষ থেকে এনে দেন এবং সমস্ত পশ্চিম বাংলায় মডিফাইড রেশন করা হোক। আজকে আপনারা কোলকাতা, হাওড়া এবং দুর্গাপুরের কিছু জায়গায় প্রায় ৮০ লক্ষ লোককে স্ট্যাটুটরি রেশনিং এরিয়ার মধ্যে রেখেছেন।

[4.10 - 4.20 p.m.]

তাদের জীবনযাত্রা এক রকম আর আমরা যারা গ্রামে বাস করি আমাদের জীবনযাত্রা এক রকম। আমরা যারা বছরের অনেক সময় বেশি দামে ধানচাল খাই, আজকাল কম দামে খাচ্ছি, তারা বেশি দামে খাচ্ছে, কিন্তু তারা এখানে চাল যা খান সেটা প্রথমত ওজনে দিচ্ছে কম, তাছাড়া এমন ওয়ারসড কোয়ালিটির চাল সে যদি ফোটাতে যায় সেখানে পাড়া প্রতিবেশী একটা লোকও থাকতে পারবে না এমন দুর্গন্ধ। অতএব আজকে যদি ক্রপ ভাল হয়ে থাকে, আজকে আশার কথা যদি হয়ে থাকে আমাদের পশ্চিম বাংলা দু-এক বছরের মধ্যে খাদ্যে স্বয়ংসম্পূর্ণ হয়ে যাবে, তাহ'লে আজকে যেটুকু অভাব আছে, আমরা কেন দাবি করছি না, আমাদের সরকার কেন দাবি করছেন না বা আমাদের খাদ্যমন্ত্রি কেন দাবি করছেন না যেটুকু অভাব আছে সেটুকু অভাব ভারত সরকার ভরতুকী দিয়ে দিন, সারা পশ্চিম বাংলা থেকে স্ট্যাটুটরী রেশন চলে যাক, সারা পশ্চিম বাংলা মডিফায়েড রেশনিং এরিয়া তৈরি হক। এতএব এই খাদ্য দপ্তর বা খাদ্যনীতির আলোচনায় অংশ গ্রহণ ক'রে আপনার মাধ্যমে মাননীয় খাদ্যমন্ত্রির কাছে একটি অনুরোধ করব যে কেবলমাত্র আপনার দপ্তরের কর্মচারীদের উপর নির্ভর ক'রে মিল মালিকদের এই দু নম্বর বা তিন নম্বর খাতা বন্ধ করা যাবে না। সে বিষয়ে চিন্তা করুন এবং চাষী যাতে নিজে উৎসাহিত হয়ে নিজে ধানচাল দিতে পারে তার জন্য চাষী যাতে ন্যায্য মূল্য পায় সেই ন্যায্যমূল্যের ব্যবস্থা ক'রে এই পশ্চিম বাংলায় ১৯৭৫ ৭৬ সালের যে খাদ্যনীতি তাই প্রণয়ন করুন না কেন সেই খাদ্যনীতিকে সফল ক'রে তুলুন সর্বপ্রকারে সব রকম সহযোগিতা আমার দলের তরফ থেকে আমরা দিতে রাজি আছি। এই কথা ব'লে আমি আমার বক্তব্য শেষ করছি।

শ্রীশরৎচন্দ্র দাস ঃ মাননীয় অধ্যক্ষ মহাশয়, খাদ্যনীতি সম্বন্ধে আলোচনায় অংশগ্রহণের যে সুযোগ আমাকে দিয়েছেন তার জন্য আপনাকে ধন্যবাদ জানাই। আমরা পরপর দু বছর বা তিন বছর সংগ্রহের লক্ষ্যমাত্রা স্থির করেছি এবং সে লক্ষ্যমাত্রার প্রায় একশো মাইলের মধ্যেও আমরা পৌঁছতে পারি নি এবং প্রশ্নোত্তরের সময় যখন মাননীয় সদস্যরা প্রশ্ন করছিলেন তখন মাননীয় খাদ্যমন্ত্রি বলেছেন আমরা পারি নি, কেবল মন্ত্রিসভা পারে নি নয়, ৩৫ জন এম এল এ যারা সি পি আইয়ের বন্ধু রয়েছেন এবং ২১৮ জন এম এল এ তাঁদের ব্যর্থতায়। এটা সত্য কি যে মন্ত্রিমহাশয়ের বা সদস্যদের ব্যর্থতার জন্য আমরা খাদ্যে লক্ষ্যমাত্রায় পৌঁছতে পারি নি? যদি ভাব ক'রে পর্যবেক্ষণ ক'রে দেখেন মাননীয় সদস্যরা যেকথা বলেছেন তাহ'লে দেখবেন ব্যর্থতার কারণ এফ সি আই এবং মিল মালিক। একবার ব্যর্থতায় মানুষ শিক্ষালাভ ক'রে থাকে। আমি খুব দুঃখিত স্যার, দু দুবারের ব্যর্থতায়ও আমাদের খাদ্য দপ্তর সে কারণগুলি খুঁজে পায় নি। বর্তমান বছরে যে খাদ্যনীতি সেই খাদ্যনীতি একদিকে এফ সি আই ভিত্তি ক'রে এবং অপর দিকে মিল মালিককে ভিত্তি ক'রে তৈরী হয়েছে। এই খাদ্যনীতি নিয়ে খাদ্যমন্ত্রি চলেছেন। এটা হবে নাগা সন্ন্যাসীর বেশে কাপড়ের ব্যবসায়ে যে ফল পাওয়া যাবে সেই রকম। মিল মালিক এবং এফ সি আই-কে বিশ্বাস করা যায় না খাদ্যমন্ত্রি যখন এখানে প্রফুল্লচন্দ্র সেন ছিলেন তখন সর্বোচ্চ সংগ্রহ পশ্চিমবঙ্গ করেছিল। তিনি এখন বর্তমানে মুখ্যমন্ত্রি নেই, কিন্তু তাঁর নীতিটা যদি আংশিকভাবে গ্রহণ করি তাহ'লে খাদ্যনীতিতে সফলতা লাভ করা সম্ভব। এফ সি আই-য়ের বিরুদ্ধে কাশীকান্ত মৈত্র যখন খাদ্য মন্ত্রী ছিলেন তখন বলেছিলেন এবং তাদের কার্যকলাপ সম্বন্ধে তাঁরও যথেষ্ট সন্দেহ ছিল। তাঁদের বড় দোষ হচ্ছে তাঁদের কোন জনসংযোগ নেই। তাঁদের

হাতে টাকা-পয়সা আছে, নীতি নির্ধারণও আছে, তাঁরা গোলাগুলি নিজের কাছে রেখে আমাদের খাদ্যমন্ত্রিকে লড়াই করতে পাঠিয়ে দিচ্ছেন। এই পরিস্থিতিতে কিভাবে খাদ্যনীতি সফল হতে পারে সেটা একটা সন্দেহের বিষয়। আমি গত বছরে খাদ্রমন্ত্রিকে একটা সাজেশান দিয়েছিলাম এবং বলেছিলাম যে এই নীতি যতক্ষণ না গ্রহণ করা হয় ততক্ষণ খাদ্যনীতি সফল হতে পারে না। জনসাধারণের সঙ্গে সংযোগহীন খাদ্যনীতি, যতক্ষণ পর্যন্ত জনসাধারণের সঙ্গে যোগাযোগ না করতে পারছেন ততক্ষণ পর্যন্ত খাদ্যনীতি সফল হতে পারে না। আমরা বলেছি প্রত্যেক ব্লকে একটি ক'রে কো-অপারেটিভ স্টোর করুন কৃষি বিপনন সমবায় সমিতি করুন এবং সেই কৃষি বিপণন সমবায় সমিতিতে গ্রামসভার সদস্য সভ্য হবেন, অঞ্চল পঞ্চায়েতের সদস্যরা সভ্য হবেন এবং নন-অফিসিয়্যাল চেয়ারম্যান করুন আর বি ডি ও কে করুন অফিসিয়্যাল সেক্রেটারী। আজকে প্রত্যেক বি ডি ও-র হাতে ডেভেলপমেন্ট পারপাসে টাকা দিচ্ছেন বিভিন্নভাবে এলাকার ডেভেলপমেন্ট করার জন্য - কিন্তু বি ডি ও-র মাধ্যমে এ জিনিস কেনা হবে না? আজকে এফ সি আই-এর হাতে এই কাজের দায়িত্ব। তারা যেসমস্ত ডি পি এজেন্ট করেন তারা অত্যন্ত মুনাফাখোর। তারা কোন দিন চাষীকে বাঁচাতে পারে না। তারা মায়াহীন। আজকে সেই ডি পি এজেন্টকে দিয়েছেন চাষীদের কাছ থেকে ধান সংগ্রহ করবার। এতে কোন দিন ভাল হতে পারে না। মাননীয় মন্ত্রিমহাশয় প্রশ্নের উত্তরে বললেন যে সমবায় সমিতিগুলি যদি ডি পি এজেন্ট হয় তাহ'লে এফ সি আই-এর কাছ থেকে তার এখন ব্যাঙ্কে পরিণত হয়েছে। অজকে এফ সি আই সংগ্রহ না ক'রে তাকে যদি ব্যাঙ্কে পরিণত করা হয় তাহ'লে কি ক'রে খাদ্যনীতি সফল করবেন - এতে আমাদের যথেষ্ট সন্দেহ রয়েছে। গত বছর অসুস্থ শরীর নিয়ে খাদ্যমন্ত্রি প্রত্যেক জেলায় জেলায় ছুটে বেরিয়েছেন। আমরাও তাঁকে যথেষ্ট সাহায্য করেছি কিন্তু ফল তার শুভ হয় নি। আমরা আজ প্রতিশ্রুতিবদ্ধ যে দেশ থেকে গরিবী হটাও এখন গরিবী হটাতে না পারি তাদের অন্তত যাতে কিছু খেতে দিতে পারি এমন অবস্থা নিশ্চয় করতে হবে। এমন অবস্থা হয়েছিল যে ঝাড়া গেড়ে জমি থেকে ধান কেটে নিয়ে চলে গেছে। আমরা কিন্তু তা করতে চাই নি। উদ্বৃত্ত ধান উপযুক্ত মূল্য দিয়ে সরকার কিনে নিতে চায়। তাও আমরা করতে পারি নি। আজকে এফ সি আই-এর ব্যর্থতার ফলে সমস্ত রাজ্য সরকার ব্যর্থ হয়েছে মাননীয় সদস্যরা ব্যর্থ হয়েছে। এ বছরও ঐ এফ সি আই-এর হাতেই দেওয়া হয়েছে। তাদের সদিচ্ছার উপর আমাদের যথেষ্ট সন্দেহ আছে। আজকে উড়িষ্যা সরকার এফ সি আই-কে সেখানে ঢোকা বন্ধ ক'রে দিয়েছে। তাই আমার অনুরোধ ঐ এফ সি আই-কে এখানেও বন্ধ ক'রে দিন। এবং স্টেট ট্রেডিং করপোরেশন করুন। তাহ'লে দেখবেন ৩ লক্ষ কেন ৫ লক্ষ টন সংগ্রহ হবে। আর একটি কথা যতক্ষণ না পর্যন্ত জনসাধারণের সঙ্গে সংযোগ সৃষ্টি করছেন ততক্ষণ পর্যন্ত খাদ্যনীতি সফল লাভ হতে পারে না। এই কথা বলে আমি আমার বক্তব্য শেষ করছি।

শ্রীঅজিতকুমার বসু ঃ মিঃ স্পীকার স্যার, আমি মনে করি যে আমাদের পশ্চিম বাংলার বিধানসভা স্ববিরোধিতায় ভুগছেন। এই স্ববিরোধিতায় যে ভুগছেন তা তাদের খাদ্যনীতি যা চালিয়ে যাচ্ছেন তাতে বেশ ফুটে উঠেছে। স্যার, আপনি জানেন আমাদের দেশের মানুষের খাদ্য সংস্থান করবার জন্য এফ সি আই তৈরী করেছেন। আজকে আমাদের বিদেশ থেকে আমাদের দেশের লোককে খাওয়াবার জন্য প্রচুর বেশি দাম দিয়ে খাদ্য কিনছি। কিনুন, প্রয়োজন হ'লে নিশ্চয় কিনবেন। কিন্তু যেখানে বিদেশ থেকে এত বেশি দাম দিয়ে কিনছেন অথচ দেশের মধ্যে যেসব খাদ্য অভাবে বিক্রি হচ্ছে যা দিয়ে বাফার স্টক হতে পারে সেখানে এমন কোন মেশিন নাই যাতে এগুলো কেনা যায়। আমি জানি না কি ধরনের প্রোকিওরমেন্ট হচ্ছে। আসলে আমাদের প্রোকিওরমেন্ট পলিসির ঠিক নাই, এটা হচ্ছে নন-প্রোকিওরমেন্ট পলিসি। তাই এর বিরোধিতা ক'রে আমাকে বলতে হচ্ছে।

[4.20 - 4.30 p.m.]

স্যার, আমি একটি প্রোকিওরমেন্টের নমুনা আপনার কাছে তুলে ধরছি। ডিসেম্বর, ১৯৬৯ সাল পর্যন্ত তার আগে থেকে আপনার ৪ লক্ষ ৫৩.৫ হাজার টন সংগ্রহ হয়েছে, ১৯৬৯ সালের ডিসেম্বর থেকে ১৯৭০

সাল পর্যন্ত ৩ লক্ষ ৯৯ হাজার টন সংগ্রহ হয়েছে। আর ১৯৭২/৭৩ সালে সংগ্রহ করেছেন ১ লক্ষ ৩১ হাজার টন, গত বছর সংগ্রহ করেছেন ১ লক্ষ ৪৫ হাজার টন। কাজেই ১০ লক্ষ কি ২০ লক্ষ হচ্ছে এটা বড় প্রশ্ন নয়, বড় প্রশ্ন হ'ল মানুষের কাছে খাদ্য পৌঁছানোর দায়িত্ব আমাদের আছে, তার জন্য আমাদের সংগ্রহ করতে হবে। এখন এই সংগ্রহ করতে গিয়ে আমাদের দেশে যারা চালকল মালিক বা গ্রামাঞ্চলের বিগ রায়ত যারা তাদের স্বার্থে আমরা চলছি, না দেশের বুভুক্ষু জনসাধারণের স্বার্থে চলছি এটা ভাবতে হবে এবং বুভুক্ষু জনসাধরণের স্বার্থে যে নীতি নেওয়া দরকার সেই নীতি আমরা নিতে পারছি না। সেটা না নিতে পারার জন্য আমরা পদে পদে হোঁচট খাচ্ছি এবং প্রোকিওরমেন্ট টোটাল ফেলিওর হচ্ছে। এখন প্রোকিওরমেন্ট যদি না করতে পারেন তাহ'লে করবেন কি ? আমার দুর্ভাগ্য যে এই ফুড ডিপার্টমেন্ট সম্বন্ধে মন্ত্রিসাহশয়ের সঙ্গে আগে কোনদিন আলোচনা করতে পারি নি। আমি মাঝে দুবার কথাবার্তা চালিয়ে দেখেছি তারা সেই একই সুর নিয়েছে হচ্ছে হবে, সবই ঠিক আছে, ভাবছেন কেন, বেশ তো চলছে — অথাৎ ওরা যে খাদ্যনীতি চালিয়েছেন সেই খাদ্যনীতিতে জসাধারণকে ন্যায্য দামে খাদ্য দিতে পারছেন না এবং তার জন্য যে উদ্বিগ্ন হওয়া দরকার সেটা পর্যন্ত ডিপার্টমেন্ট মনে করে না। এটা পরিবর্তন করার দরকার সেটাও মনে করছে না। আমি আপনার কাছে কিছু জিনিস তুলে ধরছি। ১৯৬৯/৭০ সালে পশ্চিমবঙ্গের গ্রামাঞ্চলের মডিফায়েড রেশনিং দোকানে ৩৬১.৫ হাজার টন আপনি দিয়েছেন, ১৯৭৩/৭৪ সালে ২২৫.৮ হাজার টন—এই হচ্ছে অফ-টেক। আর একটি কথা বলছি, আপনি স্ট্যাটুটরি রেশনিং এ খাদ্য বাড়ান তাতে আমার আপত্তি নেই, কিন্তু গ্রামাঞ্চলের কোটি কোটি লক্ষ লক্ষ নিরন্ন মানুষের জন্য কিছুই করছেন না। বরং বলুন আপনার ডিপার্টমেন্ট খাদ্য সম্বন্ধে যদি কিছু বিধান করেন তাহ'লে তাতে কোন আপত্তি নেই—অফ-টেক কি ? মডিফায়েড এলাকায় আগে যা ছিল এখন তার চেয়ে অনেক কম— গ্রামাঞ্চলের জন্য আপনি কি করছেন ? গ্রামাঞ্চলের মডিফায়েড রেশন দোকানে ৬ মাস কোন চাল দিলে না, অর্থাৎ গ্রামের দিন মজুর, যারা দারিদ্রসীমার নিচে বাস করে 'ক, খ' শ্রেণী তাদের চাল খাবার দরকার নেই, সরকার এক মুঠো চাল সরবরাহ করবেন না। ক' মাস চাল কিছু দিলেন, তাও আবার মেরে কেটে ১০০ গ্রাম হবে, তাও আবার সবাইকে নয়, শতকরা ৮০ জনকে দিচ্ছেন— আমি চ্যালেঞ্জ ক'রে বলছি এর বেশি হবে না, ডিস্ট্রিক্ট ওয়াকিং থেকে বলছি— এক মুঠো চাল ছড়িয়ে দিলেন 'ক, খ'-কে দাও তাও, আবার সবাইকে দেবেন না— ইউনিট- প্রতি ১০০ গ্রাম চাল সারা বছর দেবেন না, ৩ মাস কি ৬ মাস দেবেন, সবাইকে নয়, ৮০ জনকে দেবেন—আপনার এই খাদ্যনীতি দেশকে এইখানে নিয়ে গেছে। ভবানীবাবু একটু আগে আপনার খুব প্রশংসা করলেন দেখলাম। তিনি গ্রামাঞ্চলের মানুষ। যে খাদ্যনীতি গ্রামাঞ্চলের সাধারণ নিরন্ন মানুষকে এক মুঠো চাল দিতে পারে না, সেই খাদ্যনীতি চালকল মালিক, বড় বড় জোতদার পোষণ করার খাদ্যনীতি হতে পারে, কিন্তু সাধারণ মানুষের খাদ্যনীতি কখনই হতে পরে না।

একথা সকলেই জানেন যে, আমাদের দেশে খুব কম ক'রে ৪০ হজার বিগ রায়ত আছে এবং তাদের সিলিং-এর উপর জমি উপর জমি আছে, তাদের কাছ থেকে লেভিটা আদায় করলেই চলে যায় কিন্তু তা করা হচ্ছে না। তা না ক'রে খাদ্যমন্ত্রি লেভি আদায়ের চমৎকার একটা ব্যবস্থা করেছেন। সেখানে তিনি তলার কিছু মানুষকেও ইনভলভ ক'রে দিয়েছেন। গত বছরও স্যার, এই বিষয়টা নিয়ে বলেছিলাম, বলেছিলাম, সেচএলাকায় ৪ একর এবং অসেচ এলাকায় ৬ একর এই যেটা করছেন এর মানে লেভি আদায় হোক এটা আপনার চান না। স্যার, এখানে ঐ হাতি ও ব্যাঙকে একই জায়গায় এনে দাঁড় করানো হয়েছে। স্যার, এখানে ঐ ৪০ হাজার লোকের প্রতি মমতাবশত এরা লেভি আদায় করছেন না। মাননীয় অধ্যক্ষ মহাশয়, আপনার হয়ত মনে আছে যে, এর আগে আমি একটি বিষয় এখানে বলেছিলাম যে আমাদের দেশে স্মল ফারমারস এবং মার্জিনাল ফারমারস তাদের উপর নতুন কায়দায় আমাদের দেশে ব্যবসাদাররা আক্রমণ করছে। সেকানে সরকারের কতখানি প্রশ্রয় আছে জানি না কিন্তু আক্রমণ চলেছে এটা ঠিক। পাটের ব্যাপারে আপনারা

অরাজকতা আপনারা দমন করতে পারছেন না। গরিব লোকেদের কাছ থেকে কিছু পাবেন ঠিকই কিন্তু মূলত এদের উপরই অত্যাচার চলছে। স্যার, এই যে গরিব চাষীরা বাজারে ধান নিয়ে আসছে তার কারণ এই ধান ধ'রে রাখার ক্ষমতা তাদের নেই। আজকে সে যে দাম তার ধান বিক্রি করছে তাতে ভবানীবাবু আনন্দিত হতে পারেন কিন্তু আমি পারি না। আমি জানি দু দিন বাদেই ঐ ধানচালের দাম বাড়বে এবং তখন সেই চড়া দামে ধানকলের মালিকরা, বড় বড় জোতদাররা তাদের ধানচাল বেচবে। আজকে এই যে ছোট চাষীদের কাছ থেকে ধানচাল বেরিয়ে যাচ্ছে এতে সরকারের কোন মাথাব্যাথা নেই, কোন চিন্তা ভাবনা নেই বরং ধানচালের দাম কমে যাচ্ছে ব'লে তারা আনন্দিত হচ্ছেন। এক মাস বাদে কি আপনারা একথা বলতে পারবেন? আমার তাই কথা হ'ল, যারা আজকে সেল ক'রে দিতে বাধ্য হচ্ছে তাদের কথা ভাবুন এবং ধানচাল কিনে নেবার ব্যবস্থা করুন। তারপর আর একটা কথা উঠেছে সেটা হচ্ছে ধানে ২০ পারসেন্ট ময়েশ্চার আছে। স্যার, গরিব লোকরা সোজা মাঠ থেকে ধান নিয়ে আসছে কাজেই সেখানে এত না ক'রে আমার কথা হ'ল সেই ধান সরকার কিনে নেবার ব্যবস্থা করুন কারণ তা যদি করেন তাহ'লে পরে এম আর-এর মাধ্যমে আপনারা কিছু কিছু দিতে পারবেন। তারপর স্যার স্টেট ট্রেডিং এবং পাবলিক ডিসট্রিবিউশানের যে কথাটি আগে একমাত্র আমরাই বলতাম এখন দেখছি অনেকেই সেকথা বলছেন এতে আমরা খুশি। আমাদের কথা হ'ল, স্টেট ট্রেডিং এবং পাবলিক ডিসট্রিবিউশান ছাড়া সলভ করতে পারবেন না, ঐ মালিকরা, হোর্ডাররা তারা এটা সলভ ক'রে দেবে না।

[4.30 - 4.40 p.m]

কাজেই আপনার সেদিকে যাবার যে পদক্ষেপ অনুগ্রহ ক'রে সেই চিন্তা আরম্ভ করুন। এটা একদিনে হবে না কিন্তু তার জন্য আপনার ডিপার্টমেন্টের উপর নির্ভর করবেন না এই ব্যুরোক্রাটদের মাথায় কি আছে তা আমি আজও বুঝতে পারলাম না। আপনি অনুগ্রহ ক'রে আমাদের দেশের বড় বড় ইকনমিস্টদের ডাকুন, তাদের নিয়ে কনফারেন্স করুন। যদি প্রয়োজন মনে করেন তাহ'লে আমাদের মত ক্ষুদ্র প্রাণীদের আহ্বান করবেন এবং সেখানে বসে স্টেট ট্রেডিং এবং পাবলিক ডিস্ট্রিবিউশানের ব্যাপারে একটা সুষ্ঠু নীতি গ্রহণ ক'রে অন্তত একটা প্রথম পদক্ষেপ হোক। এই কথা ব'লে মাননীয় খাদ্যমন্ত্রি যে খেদা ডিসক্লোজার এখানে আরম্ভ করেছেন তার পুরোপুরি বিরোধিতা করছি।

শ্রীমৃগেন্দ্র মুখার্জী ঃ মাননীয় অধ্যক্ষ মহাশয়, মোটামুটিভাবে এই যে খাদ্যনীতি এটা আমরা পছন্দ করি না। পছন্দ করি না বিশেষ অবস্থার ক্ষেত্রে নয়, এটা একটা পুরানো বাজে খাদ্যনীতি আমরা ফলো ক'রে যাচ্ছি। সেই প্রফুল্ল সেন মহাশয় যেটা করেছিলেন সেটাই রয়ে গেছে। অর্থাৎ বোতলটা পাল্টে গেছে কিন্তু নীতিটা মোটামুটি তাই রয়েছে এবং বিভিন্ন নামে বামপন্থী যখন এসেছিল, তাঁরা যা করেছেন, কাশীকান্ত মৈত্র তিনিও তাই করেছেন। এখন প্রফুল্ল কান্তি ঘোষ, খাদ্যমন্ত্রী পদবীটা খালি পাল্টেছে কিন্তু নামের সঙ্গে মিল আছে — সেই প্রফুল্ল সেন মহাশয়ের খাদ্যনীতিই চলছে। ঐ লেভি কোটা কোথাও কোথাও বাড়ছে আবার কোথাও কমছে। কমছে বাম্পার ক্রপ হয়েছে ব'লে। প্রদ্যোৎ মহান্তি বক্তৃতা ক'রে গেলেন। তিনি এটা চানা না, তিনি ব্ল্যাক মার্কেট চাইছেন, খাদ্য দপ্তর রেশান তুলে দিয়ে হোলসেলস লাইসেন্স সমস্ত পারমিট ধরিয়ে দেওয়া, চাল নিয়ে এসে বিক্রয় করা এইসব তিনি চাইছেন। কথা হচ্ছে আমরা গত ৪ বছর ধ'রে আশা করেছিলাম যে খাদ্যনীতির একটা আমূল পরিবর্তন ঘটবে কিন্তু এই পরিবর্তন ঘটেনি। না ঘটার কারণ হচ্ছে সামগ্রিকভাবে আমাদের দল এবং আমাদের সরকার নজর দেন নি ব'লে এটা ঘটে নি। কিন্তু এই যে লেভি সিস্টেম করা হয়েছে এটাতে হাজারটা ডিফেক্ট আছে। এই যে লেভি করা হয়েছে ১৯৫৬ সালে জমির সব মাপ হয়ে আছে এবং সেই সমস্ত হিসাব অনুযায়ী ১৯৭৫ সালে লেভির নোটিস যাচ্ছে। তখন যিনি মালিক ছিলেন এখন সেই মালিক বহু হয়ত পালটে গেছে কিন্তু নোটিস তার নামে চলেছে। অর্থাৎ ১৯৫৬ সালের কাগজপত্র অনুযায়ী বিডিও থেকে ১৯৭৫ সালে লেভি নোটিশ দেওয়া হচ্ছে। কাজেই এখানে লেভি আদায় হতে পারে না। দ্বিতীয়

মারাত্মক যেটা সেটা হচ্ছে মিল ৫০ ভাগ লেভি দেবে আর ৫০ ভাগ নিজেদের ইচ্ছামত যেকোন দরে চাল বিক্রয় ক'রে দিচ্ছে। অর্থাৎ মিল যেটা সংগ্রহ করবে তার অর্ধেক সে নিজের বাজারটা রেগুলেট করছে ঐ অর্ধেক চাল বিক্রয় করার ক্ষমতা নিয়ে। আমাদের প্রস্তাব মাননীয় খাদ্যমন্ত্রী মহাশয়ের কাছে যে লেভি ফ্রি রাইসটা সেটা এসেনসিয়াল কমোডিটিজ কর্পোরেশান নন-সিরিয়বল শপ — এইসব আছে সেখান থেকে তাঁরা কিনে নিচ্ছেন না কেন? আমি স্যার, গত কয়েক দিন আগেও বীরভূম, বর্ধমান ইত্যাদি কয়েকটি জায়গায় গিয়েছিলাম, সেকানে সিভিল সাপ্লাই অফিসের সামনে তাঁবু খাঁটিয়ে হোলসেলসের লাইসেন্স এবং অ্যাপ্লিকিনেশান লিখে দিয়ে পয়সা রোজগার করছে আর গাড়ি ক'রে সমস্ত চাল বেড়িয়ে আসছে, ধান উঠে যাচ্ছে। এখন মেদিনীপুরে ধানের দাম কম নয়, বেড়ে গেছে। বীরভূমের ভিতর দিকে, বর্ধমানের ভিতর দিকে কিছু হয়ত আমাদের যে রাইসের দাম তার থেকে কম আছে। আজকে যখন আমরা বক্তৃতা দিচ্ছি তখন বোধ হয় ৮০/৮৫ তে চলে গেছে। যেটা কম ছিল তার থেকে বেড়ে যাচ্ছে। বেড়ে যাচ্ছে তার কারণ এইজন্য যে মিল এখন বাজার থেকে বেশি ক'রে ধান টেনে নিচ্ছে। বেশি ক'রে ধান টানছে ডি পি এজেন্টরা তারা মিলেরও এজেন্টরা হচ্ছে আবার সরকারেরও এজেন্ট হয়েছে। মিলকে বেশি দিচ্ছে কারণ মিলের কাছ থেকে কমিশন পাচ্ছে। মিলের সামনে ডি পি এজেন্টরা ছাউনি খুলে দিচ্ছে, মিল চাল টেনে নিচ্ছে এবং নিয়ে ৫০ ভাগ লেভি দেবে আর ৫০ ভাগ হোলসেল লাইসেন্স যা আছে সেই হোলসেলদের দিয়ে তারা পাঠাচ্ছে। আমি বলতে চাইছি যে যদি মিলের হাতে ক্ষমতা থাকে তাহ'লে প্রাইসটা মিল ডিটারমাইন ক'রে দিচ্ছে সাধারণ বাজার দরটা। মিলের হাতে বেশি ক্ষমতা চলে যাচ্ছে এবং মিলের হাত দিয়ে হোলসেল ট্রেড চালু হয়ে যাচ্ছে। কাজেই দুটো জিনিস পাশাপাশি চলতে পারে না। একেই তো তিন লক্ষ টন হচ্ছে টারগেট। এমারজেন্সির সময়ে ট্রেন লেট কমে গেছে। অফিসের অ্যাটেনডেন্সও পাংচুয়াল হয়েছে, তাহ'লে আমরা কেন ধরবনা যে ৩ লক্ষ টন টারগেট পুরো হবে না? এ দুবছরই তো সুবর্ণ সুযোগ ছিল। বাম্পার ক্রপ হয়েছে, অনেক জায়গায় বৃষ্টির জন্য চাল একটু কালো হয়ে গেছে এবং তার ফলে এফ সি আই সেই চাল নিচ্ছে না। এই রকম অবস্থা হয়েছে। বহু জায়গায় চাল ভাল হয়েছ, এক্ষেত্রে আমাদের টারগেট ৫/৬ লক্ষ করা যেত।। আমার ব্যক্তিগত বিশ্বাস টারগেট ফুলফিল করা যেত। আমাদের এই দ্বৈত ব্যবস্থা চলে না। হয় রাজনৈতিক ব্যবস্থা দিয়ে চালকে প্রোকিওর করা হোক। আর তা না হ'লে প্রশাসনিক ব্যবস্থা দিয়ে লেভি নীতির পরিবর্তন করা হোক। কোন ব্যক্তির বিরুদ্ধে লেভি নোটিশ না দিয়ে জমির উপর লেভি করা হোক। জমির একটা সারটেন পারসেনটেজ অব ক্রপ সরকারকে ট্যাক্স হিসাবে জমা দিতে হবে। কারণ জমির যে ফার্টিলিটি, জমির যে প্রডাকশনের কস্ট সরকার থেকে প্রচুর দেওয়া হয়। ইরিগেশন ডিপার্টমেন্ট থেকে জল যায়, সাত্তার সাহেবের ডিপার্টমেন্ট থেকে ফারটিলাই জার যায়, খাদ্য বিভাগ থেকেও সাহায্য যায়। ধরতে গেলে খাদ্যের পিছনে আমরা কোটি কোটি টাকা খরচ করি। সেখান থেকে যে ফসল হয় তাতে জোতদারদের আয় বাড়ছে, যারা বড় বড় চাষী তদের আয় বাড়ছে। কিন্তু লোকসান হচ্ছে ক্ষেতমজুরের, লোকসান হচ্ছে ভাগচাষীদের কারণ তারা ভাগ পায় না। সবকিছুর রিঅ্যাকশন হচ্ছে চালের দামের উপরে গিয়ে। কাজেই এদের হাত থেকে বাঁচতে গেলে, আমারা আশা করেছিলাম যে আমাদের খাদ্যমন্ত্রী এই খাদ্যনীতির একটা আমূল পরিবর্তন আনবেন এবং জরুরী অবস্থার সুযোগ নেবেন। কিন্তু আমরা নিরাশ হয়েছি। তিনি এই ব্যবস্থার কোন সুযোগ নিতে পারেন নি। আমরা বিধানসভার বহু সদস্য খাদ্যের ব্যাপারে তাঁকে এক কথায় সমর্থন জানাতে রাজি, যদি তিনি কোন পুরবর্তনের আঁচ দিতে পারেন। কিন্তু তিনি কোন পুরবর্তনের আঁচ দিতে পারেন নি। কেন পারেন নি আমি সেই প্রশ্নে যাব না, তাতে অনেক কিছু বড প্রশ্ন থাকতে পারে কিন্তু তিনি পারেনা এটাই হচ্ছে মোদ্দা কথা। প্রফুল্ল চন্দ্র সেনের সময় থেকে যে খাদ্যনীতি চলে অসছে সেটাকেই একটু নূতন ক'রে পাল্টে একটু টারগেট বাড়িয়ে এবং একটু টারগেট কমিয়ে করা হচ্ছে। খালি তফাৎ হচ্ছে তখন খাদ্য আন্দোলন হত, তদানীন্তন খাদ্যমন্ত্রীর নামে কুৎসা রচনা হ'ত। আর বর্তমান খাদ্যমন্ত্রী সেদিক থেকে খুব পপুলার। তিনি এখানে জনসভায় বক্তৃতা ভালভাবেই করেন। তখন মিটিং ডাকতে ভয় হ'ত। কাজেই সেদিক থেকে আমাদের

খাদ্যমন্ত্রীর পপুলারিটি আছে। কিন্তু তিনি খাদ্যনীতিকে কোন নূতন নীতিতে পরিবর্তন করতে পারেন নি। তাতে কোন সন্দেহ নেই। রেশনিং সিস্টেম যেটা করা হয়েছে এই কর্ডনিং য়ের পিছনে প্রচুর টাকা খরচ হচ্ছে। খাদ্য মন্ত্রী বলেছেন বাম্পার ক্রপ হয়েছে, বর্ডার সেলের জন্য ২½ কোটি টাকা পুলিশের জন্য খরচ হয়েছে কর্ডনিং এর ব্যাপারে। পুলিসের জন্য খরচ নিশ্চয়ই হবে। কারণ কর্ডনিং না হলে হয় না। এটা সত্যকথা যদি পুলিশের জমা খরচ হয় ,তাহলে ডিহোর্ডিং এর উপরে নজর বেশী দেওয়া হচ্ছে না কেন? কর্ডোনিং থাক, ডিহোর্ডিং থেকে রিকুইজেশন অব স্টক করতে পারলে খরচটা ২½ কোটি টাকা যতবার হ'ল কিন্তু টারগেট ফুলফিল হ'ল না। এটার জন্য সামাজিক ব্যবস্থা আমাদের রাজনৈতিক ব্যবস্থা দায়ী। এ ব্যাপারে খাদ্যমন্ত্রির ব্যক্তিগত কোন দোষ নেই সেটা প্রমান করতে আ'কে চেষ্টা করেছেন। কিন্তু কথা হচ্ছে যদি পুলিস আমাকে লাগাতে হয়, তাহ'লে বিকুইজিশনে লাগানো হোক। ডিহোর্ডিং ও লাগানো হোক। এখন থেকে পুলিসকে লাগানো হোক, ব্যবহার করা হোক সেইসমস্ত চাল তুলে এনে রেকর্ডে রাখা হোক। আর পুরো পুলিস নিয়োগ করুন, আধা পুলিসকে নিয়োগ করবেন না। এটা আমার সাজেশন আছে। আর রেশনিং এর ক্ষেত্রে আমরা দেখছি যে কয়েকটি অঞ্চলে বড় বড় অঞ্চলে রেশনিং এ চাল বাড়ছে কিন্তু অনেক জায়গায় আজকে ইন্ডাস্ট্রিয়াল এরিয়া হয়ে গেছে। সেইসব জায়গায় এখনও ফ্রিজ হয়ে গেছে। সেখানে তারা চালও পচ্ছে না। তারা সময়মত রেশন ও পাচ্ছে না। তাদের চাষও নেই বজবজ এলাকা, হাওড়ার ৭/৮টি অঞ্চলে সেখানে কারখানা ছাড়া কিছু নেই। অথচ হিসাব অনুযায়ী সেগুলিকে ফ্রিজ এরিয়া করা হয়েছে এবং এর ফলে ব্ল্যাক মার্কেট যাঁরা করেন তাঁদের সুবিধা হচ্ছে। কারন এইসব জায়গায় আমাদের পারচেজিং পাওয়ার বেশি ব'লে এখানে ব্ল্যাক হচ্ছে বেশি। এই গতানুগতিক খাদ্যনীতির দিক থেকে, দুর্ভিক্ষ প্রতিরোধ করার দিক থেকে তেমনি সাফল্য আছে তেমনি তার অসাফল্যও আছে। তিনি কোন নূতন ডাইমেনশন আমাদের কাছে রাখতে পারেন নি। এই কথা ব'লে খাদ্যমন্ত্রীর বক্তব্যকে সমর্থন জানিয়ে আমার বক্তব্য শেষ করছি।

শ্রীসরোজ রায় ঃ মাননীয় অধ্যক্ষ মহাশয়, এবারে এই ছোট্ট সেসন যখন শুরু হবার কথা হ'ল তখন আমরা সকলে মিলে অন্তত আশা করেছিলাম যে এবারে একটা খাদ্যের উপর আলোচনা হবে এবং সেটাই হবে সবথেকে জরুরী এবং এই সেসন এর সবচেয়ে ইমপরট্যান্ট ব্যাপার হবে ব'লে ধারনা করেছিলাম। কিন্তু আজকে প্রথমে খাদ্যমন্ত্রী একটা প্রশ্নের জবাবে এমন কতগুলি কথা বললেন তাতে বোঝা গেল যে এই সম্পর্কে তাঁর কোন সিরিয়াসনেস নেই।

[4.40 - 4.50 p.m]

যদি কোন সিরিয়াসনেস না থাকে তাহ'লে এই যে তিন লক্ষ টন, এটাও সংগ্রহ হবে কিনা সে বিষয়ে সন্দেহ রয়েছে। কারণ যখন প্রশ্ন করা হয়েছিল গত বছর কেন ৫ লক্ষ টন সংগৃহীত হ'ল না, কেন ফেল করলাম তখন মন্ত্রিমহাশয় অত্যন্ত হালকা ক'রে বললেন যে এখানে যাঁরা এম এল এ বা আছেন সকলেরই দায়িত্ব রয়েছে। আমি ওকে একটু স্মরণ করিয়ে দিতে চাই যে, শুধু এবারে নয়, গতবারেও আপনাদের বেঞ্চ থেকে কেউ কেউ বলেছিলেন, আজকে যেমন শরৎ বাবু বললেন, আজকে তিনি তাঁর অভিজ্ঞতা থেকে বললেন যে, স্টেট ট্রেডিং ছাড়া অন্য কোন উপায় নেই। আর একটু আগে আনন্দবাবু পরিষ্কারভাবে বললেন যে, সমস্ত দায়িত্ব সরকারকে নিতে হবে। ব্যবসাদারদের হাতে যদি আপনি এই জিনিস ফেলে রেখে দেন তাহ'লে তারা কৃত্রিম উপায়ে এসব ধানকলের মালিকরা সবকিছু ব্যানচাল ক'রে দেবে। আপনি গত বারও আপনাদের দলের সভ্যদের কাছ থেকে এসেছিল, আমাদের কথা ছেড়ে দিন। যে কথা মৃগেনবাবু বললেন — সরকার যখন একটা পলিসি ঠিক করে তখন সেটা উৎপাদক এবং ক্রেতাদের দিকে লক্ষ রেখে করে। ফুড পলিসি যখন ঠিক হয় তখন সরকারের কর্তব্য হচ্ছে যারা প্রোডিউসার তাদের একটা দিক দেখা — আর আমাদের সরকার কি বলছেন, না আমাদের সরকার গনতান্ত্রিক সরকার, এই সরকার জনসাধারণের মঙ্গল দেখবে — তাহ'লে খাদ্যনীতি ঠিক করতে গেলে প্রথমে দেখা উচিত এই খাদ্যের প্রোডিউসার যারা তারা যাতে ন্যায্য

মূল্য পায় এবং কনজিউমার যারা তারা যাতে ন্যায্য মূল্য সারা বছর খাদ্য পায়। এই দুটো জিনিস দেখাই হচ্ছে সরকারের খাদ্য নীতির মূল লক্ষ্য। তাহলে আপনি সেই দুটো জিনিস পরিষ্কারভাবে রাখতে পারতেন এবং অ্যাসিউরেন্স দিতে পারতেন। যদি তা পারতেন তাহ'লে বুঝতাম এটাই আপনার খাদ্যনীতির সফলতা জানাচ্ছে। আমাদের ভবানীবাবুর একটা প্রশ্নের ওপর বলতে গিয়ে বললেন যে গত বছর ৫ লক্ষ টন যেটা ফেল করল এবং এবছরও ৩লক্ষ টন যেটা করা হয়েছে এটা একটা মস্ত বড় ঘটনা ব'লে মনে করছেন না, ওনাকে সন্তুষ্ট করবার জন্য বললেন যে প্রশ্ন হচ্ছে মানুষ তার অভিজ্ঞতা থেকে পরের বার কি করবে সেটা ঠিক করে। কিন্তু আপনি একবারও বলতে পারলেন না গতবার ৫লক্ষ টন কেন সংগ্রহ করতে পারলেন না। কেন পারলেন না সে সম্বন্ধে আপনি একটা অত্যন্ত হালকা জবাব দিয়েছেন। অথচ সেটা সম্বন্ধে কোন অভিজ্ঞতা সঞ্চয় করলেন না। আপনাকে স্মরণ করিয়ে দিই যে আপনি ৫ লক্ষ টন সংগ্রহ যখন করতে পারলেন না এবং হাউসে হতাশা প্রকাশ করলেন তখন কেন্দ্রীয় খাদ্যমন্ত্রীকে সেটা জানিয়েছিলেন তিনি তখন বলেছিলেন যে যদি ৫ লক্ষ টনে হতাশ হও তাহ'লে ৩ লক্ষ টন কর। এই যে কেন পারলেন না, কেন হতাশ হলেন সেটার যদি সমালোচনা করতে পারতেন তা হ'লে এইবারে আপনি আমাদের ৩ লক্ষ টনের ওপর অ্যাসিয়র করতে পারতেন, বাংলাদেশের সাধারণ মানুষকে আজকে ভরসা দিতে পারতেন। এখন প্রশ্ন হচ্ছে প্রোডিউসাররা যাতে ন্যায্য মূল্য পায় এবং জনসাধারণ যাতে সাধ্য মূল্যে খাদ্য ক্রয় করতে পারে। একটা কথা আমরা আগেই বলেছি যে যারা অত্যন্ত প্রয়োজনের সময় ধান আগে থাকতে বেচে দিয়েছে, অভাবী লোকেরা আগে থাকতে ধান বেঁচে দিয়েছে তাদের দর বেশি দিতেন, অভাবী লোকেরা তাহ'লে বেশি দর পেত এবং বড়দের কাছ থেকে লেভিতে যে দামটা পাবেন সেটার দর একটু কমাতে পারতেন। আজকে দরের প্রশ্ন বড় হয়ে দাঁড়িয়েছে। আমরা আমাদের কৃষক সমিতি থেকে বলেছি যে মিনিমাম দর ৮০ থেকে ১০০ করুন — তামিলনাড়ু ১৫৫ টাকা করেছে। আপনি একই লোককে দিয়েছেন এখানে, তারা একই সঙ্গে ধানকলের এজেন্ট বেং এফ সি আই -র এজেন্ট।

আমাদের ওখানে দেখলাম ৭৫ টাকা এফ সি আই, আর বাইরে ধানকল কিনছে ৮৫/৮৬ টাকা। অথচ এক লোক সে বলছে দপ্তরে দেবার দরকার নেই এখানে দিয়ে যাও। অর্থাৎ সমস্ত ধান জমা হচ্ছে ধান কলগুলির হাতে। ধানকলওয়ালারা যেকোন দামে যতখুশি কিনতে পারবে। এইভাবে তাদের ছাড় দিয়ে দিয়ে দিয়েছেন। মাত্র ৫০ পারসেন্ট আমাকে দিয়ে যেকোন দামে বিক্রি করতে পায়। সেজন্য মৃগেনবাবু বললেন আপনার খাদ্য বলিনি ধানকল মালিকের হাতে। এটা জেনেশুনে দিচ্ছেন কিনা জানিনা। আপনার কার্যকলাপ দেখে মনে হচ্ছে আপনি সমস্ত পলিসি দিয়ে দিচ্ছেন হোর্ডার ধানকল মালিকের হাতে। আমরাও চেষ্টা করছি কি ভাবে ধান সংগ্রহ করা যায় প্রশ্ন হচ্ছে যেভাবে জিনিসটা এনেছেন তাতে ৩ লক্ষ টন সংগ্রহ হতে পারত। মৃগেন বাবু যেটা বললেন তাতে আরও বেশী হতে পারতো কারণ এবার বাম্পার ক্রপ হয়েছে। অথচ কেন ছাড়লেন? যেহেতু ৫ লক্ষ টন কিনতে পারেন নি, অতএব হতাশা। অতএব কম কর কিন্তু কেন? এ যেন পরীক্ষার্থীর কঠিন অঙ্ক না পারলে সোজা অঙ্ক কর। ফলন যেখানে বেশি হ'ল সেখানে কেনর সুযোগ ছিল। এ বিষয়ে বহু সদস্য যে সমস্ত মূল্যবান প্রশ্ন রেখেছেন সেগুলি গ্রহণ করেছেন না কেন? ভবিষ্যতের জন্য স্টেট ট্রেডিং করুন। কিন্তু এবছরের জন্য ২/১টি কথা বলতে চাই। সেটা হ'ল ধানকলগুলিকে যেখানে কিনতে দিচ্ছেন সেখানে ওদের শুধু মিলিং এজেন্ট হিসেবে রাখুন। আর এ যদি করেন তাহলে আপনি শুধু শহরগুলিকে চাল দিয়ে রক্ষা করতে পারবেন, কিন্তু গ্রামের অবস্থা কি হবে? গ্রামের কটা রেশন দোকান চাল পায়? এ বিষয়ে হিসাব দিয়ে আমি সময় নষ্ট করতে চাই না। ২০ দফা কর্মসূচির মধ্যে এফ পি কাজ এর কথা বলা হয়েছে। কিন্তু আপনি চাল দিতে পারবেন? ২০ দফা কর্মসূচীর বড় কর্মসূচী হ'ল গ্রামের দরিদ্র মানুষকে খাওয়ানো। কিন্তু তা আপনি পারবেন? আপনি রেশন দিতেই পারছেন না। খাদ্য যদি দিতে চান তাহ'লে এখনও সুযোগ আছে ধানকলগুলির হাত থেকে সমস্ত সুযোগ নিয়ে নিজেদের হাতে সমস্ত নিন এবং তাদের শুধু মিলিং এজেন্ট হিসেবে রাখুন। আপনি একটু আগে জবাবে বলেছেন ধানকলগুলিকে এজেন্ট

করা হয়েছে এবং এফ সি আই এজেন্ট করা হয়েছে তাদের মধ্যে যারা ন্যায় করছে তাদের আমি মিসাতে গ্রেপ্তার করব। কিন্তু মিসাতে গ্রেপ্তার করলে কি ধান আসবে? গভর্নমেন্ট মেশিনারি সম্বন্ধে বললেন লোক পাওয়া যায় না। কো-অপারেটিভ দিয়ে এ কাজ করার কথা অনেকে বলেছেন। কিন্তু তাদের দিয়ে কেনাচ্ছেন না কেন?

[4.50 - 5.00 p.m]

এফ সি আই কোঅপারেটিভ কে যে টাকা দেয় সেখানে ইনটারেস্ট কি নেবে সেটা নিয়ে সমস্যা রয়েছে। আমি একটা ছোট কথা স্মরণ করিয়ে দিই। মেদিনীপুরে আপনি যখন মিটিং করতে গিয়েছিলেন তখন আমার একজন কংগ্রেসী বন্ধু খড়্গপুরের অজিত বসু বাবু, তিনি পরিষ্কারভাবে আপনার কাছে রেখেছিলেন আমরা যে কো অপারেটিভ করি তাতে টাকা আছে, আমাদের চানস্ দিন, আমরা ধান কেনার এজেন্সি নেব। আপনি সে কথায় কান দিলেন না। আমি বলেছিলাম কোন একটা বিশেষ কোঅপারেটিভ ধান কিনতে চায়, দিন না তাকে। আপনি বলেছেন পলিসি ঠিক হয়ে গেছে আপনার পলিসি কি, বলা হ'ল মিলিং এজেন্সি দেওয়া এবং যারা ধান বেচছে তাদের ন্যায্য মূল্য দেওয়া। ধানকলের মালিকের হাতে পলিসি থাকবে, সে পলিসি ঠিক করবে খেতে দেব কি দেবে না, দর কি হবে। সেদিক থেকে আপনাকে এখনও বলছি কোঅপারেটিভের মাধ্যমে ধানচাল কিনুন, যারা ধানচাল বেচছে তাদের ধানের দর ৮৫ টাকা জায়গায় ১০০ টাকায় করুন এবং যাদের কাছ থেকে লেভী নেবেন ঠিক করেছেন সেটা রাখুন। ধানকলের কাছ থেকে সমস্ত দায়দায়িত্ব নিজের হাতে নিয়ে নিন, ধানকলের মিলিং এজেন্সি হিসাব রাখুন। আজকে যদি এটুকু করেন তাহ'লে বুঝব যে একটা খাদ্যনীতির আলোচনা হ'ল, খাদ্যমন্ত্রী তাঁর পুরান অভিজ্ঞতা থেকে বাংলাদেশের মানুষের কাছে একটা নতুন পথ দেখাতে চাইলেন। আজকে তিনি যে খাদ্য পলিসি এখানে দিয়েছেন তাকে কোন দিক থেকে সমর্থন করতে পারি না।

শ্রীকুমারদীপ্তি সেনগুপ্ত ঃ মিঃ স্পীকার, স্যার, সর্বপ্রথম সাধুবাদ জানাই, শ্রদ্ধা জানাই পশ্চিমবঙ্গের সেইসব নিপীড়িত উৎপীড়িত লাঞ্ছিত কৃষক কুলকে যারা আজকে এনেছে প্রাণের চাঞ্চল্য, এনেছে আনন্দের জোয়ার। আজকে সেই মানুষের দিকে তাকিয়ে যদি খাদ্যনীতি ব'লে একটা নীতি নির্ধারণ করতে হয় তাহ'লে আমাদের চিন্তা করতে হবে সেইসব মানুষের কথা যারা কোনদিন কলকাতা শহরের বুকে আসতে পারেনি, যারা কোনদিন রাইটার্স বিল্ডিংসে খাদ্যমন্ত্রীর ঘরের দরজা গোড়ায় আসার স্বপ্ন দেখেনি। সেই মানুষদের সুযোগসুবিধা কতখানি এই খাদ্যনীতির মধ্য দিয়ে সম্ভব হচ্ছে সেটা দেখা যেমন খাদ্যনীতির একটা বিশেষ কর্তব্য পালনীয় জিনিষ, তেমনি আর একটা জিনিস দেখা দরকার গ্রামবাংলার মানুষ যারা অর্থনৈতিক চাপে নিষ্পেষিত সেইসব মানুষদের কত কম দামে খাদ্য দেওয়া যায়। তাই সমতা, যাকে ইংরাজীতে বলে প্রাইস সাপোর্ট সেটা এই নীতিতে কতখানি প্রতিফলিত হচ্ছে এটাও দেখা আমাদের কর্তব্য। আজকে যদি প্রাইস সাপোর্টের কথা চিন্তা করতে হয় তাহ'লে আমাদের চিন্তা করতে হবে অর্থনীতির কথা। তার কারণ, যদি উৎপাদন বেশী হয়ে যায় তাহ'লে যে চাষী উৎপাদন করল তার পক্ষে বিপজ্জনক, যদি উৎপাদন কম হয়ে যায় তাহ'লে যারা কনজিউমার তাদের পক্ষে আরও বিপজ্জনক। তখন দাম হবে গগনচুম্বী, আকাশছোঁয়া। যে মাইনে আমরা সরকারী কর্মচারীকে দিই, অল্প স্বল্প যারা রোজগার করে তারা কোনদিন আকাশছোঁয়া জায়গায় পৌঁছাইতে পারবে না, তাদের দীর্ঘ নিঃশ্বাস ফেলতে হবে। তাই সমস্যা হচ্ছে প্রাইস সাপোর্ট কখনও দিতে হয় কঞ্জুমারদের স্বার্থে, কৃষকদের স্বার্থে। এটা হ'ল পৃথিবীতে সর্বসম্মত নীতি।

আজকে যদি জাপানে যান তাহ'লে দেখবেন সেখানে ১২৫ কোটি কৃষকদের প্রাইস সাপোর্ট হিসেবে দেওয়া হয়। আজকের দিনে কৃষকদের প্রাইস সাপোর্ট দেবার প্রয়োজনীয়তা আছে কিনা সেটা খাদ্যমন্ত্রিকে চিন্তা করতে হবে কারণ আমরা আজকে এফ সি আই-র উপর নির্ভরশীল এবং বোধহয় আস্তাবানও বটে। মাননীয় স্পীকার মহাশয়, আপনি লক্ষ্য করুন এফ সি আই যে ধান কিনছে তার কুইন্টাল হচ্ছে ৭৮ টাকা এবং

আমদের সরকারকে সেই ধান থেকে যে চাল বিক্রি করছে তার মূল্য হচ্ছে ১৬৭ টাকা কুইন্টাল। অর্থাৎ দেখা যাচ্ছে তারা লাভ করছে প্রতি কুইন্টাল চালে ৩৮ থেকে ৪০ টাকা। আমি মনেকরি এই ধরনের লাভ পুঁজিবাদী দুনিয়াতেও ঘৃণ্য। স্যার, আমরা বোম্বাইমার্কা সমাজতন্ত্র পশ্চিমবাংলায় প্রতিষ্ঠা করবার জন্য বিধানসভায় আসিনি। কাজেই আমাদের চিন্তা করতে হবে এই যে অবস্থা দাঁড়িয়েছে অর্থাৎ এফ সি আই-ব এই যে অসম্ভব লাভ এবং লোভ সেই লাভ এবং লোভ থেকে আমাদের চিরদিনের মত নিস্কৃতি পেতে হবে। আমাদের যদি পশ্চিমবাংলার মানুষকে খানিকটা সুযোগসুবিধা দেবার সদিচ্ছা থেকে থাকে তাহলে এই ৭৮কে ৮৮ করতে পারি অর্থাৎ কৃষককে দাম বাড়িয়ে দিতে পারি এবং শহরের মানুষ যারা কোনদিন জমির দিকে যেতে পারে না তাদের আমরা ১টাকা৪০ পয়সায় চাল দিতে পারি। স্যার, এই অবস্থাটা পশ্চিমবাংলার চাষীরা সৃষ্টি করেছে কিন্তু তার সুযোগ যদি আমরা গ্রহণ করতে না পারি তাহ'লে সকাল থেকে সন্ধ্যাপর্যন্ত যতই ইন্দিরাজী ইন্দিরাজী করি না কেন তাঁর নীতির উপর আমরা আস্থা রাখতে পারব না। স্টেট ফুড অ্যান্ড সিভিল সাপ্লাই কর্পোরেশান যেটা রয়েছে তারা যেটা পারছে আমরা সেটা কেন পারব না? তাদের যে ইনফ্রাস্ট্রাকচার রয়েছে, তাদের যে সরকারী কর্মচারী রয়েছে তাদের এফ সি আই-র কাছে লিয়ান দেওয়া হয়েছে। কাজেই এটা অসম্ভব জিনিস নয়। আমরা জানি আমাদের খাদ্যমন্ত্রী সচেষ্ট রয়েছেন, তিনি পশ্চিমবাংলার ভিন্ন ভিন্ন জায়গায় যাচ্ছেন অর্থাৎ দেখা যাচ্ছে তাঁর সদিচ্ছা রয়েছে। আমি তাঁর কাছে নিবেদন করব লর্ড ক্লাইভের আমলের সেই পুরাতন নীতি অর্থাৎ ১৯৫৬ সালের নীতি আজকেও আমাদের গ্রহণ করতে হবে এটা নিশ্চই গতিশীল দুনিয়ায় স্বীকার করা যায় না। স্যার, আমার কাছে একখানা বই রয়েছে, 'এগ্রিকালচারাল সিচুয়েশন ইন ইন্ডিয়া'। এটা বার করেছে ডিরেকটোরেট অব ইকনমিক্স অ্যান্ড স্ট্যাটিসটিকস্, মিনিস্ট্রি অব এগ্রিকালচার, গভর্ণমেন্ট অব ইন্ডিয়া। তাদের কথা কি, তাঁরা কি চান? তাঁরা চান, "In the face of ever increasing prices of all the agricultural inptus amidst their shortages, the resultant increase in cost of production must be covered throuh comparatively adequate increase in the agricultural prices. The agricultural prices must be in alignment with the package of input prices Surplus agricultural production after fulfilling the requirements of procurement, should be allowed to be sold in free market under the guarantee of minimum support prices to cover the cost of production leaving a reasonable margin of profit." আমাদের ২০ দফা কর্মসূচী রূপায়ণ করবার জন্য দিল্লী থেকে একটা বই বেরিয়েছে। আজকে বলা হচ্ছে রেজনেবেল মার্জিনাল প্রফিট। আমি মনে করি আজকে যেখানে চাষের খরচ বেড়েছে সেখানে প্রফিটের প্রশ্ন নাই। আজকে যদি ফুড কর্পোরেশন যেটা একটা সরকারী সংস্থা তারা যদি শোষণের হাতিয়ার হয় চাহ'লে সেটাকে সমাজতান্ত্রিক ব্যবস্থা ব'লে গ্রহণ করা যায় না। মন্ত্রি মহাশয়ের কাছে আমার দুটি সাজেসনস্ আছে।

[5-00 – 5-10 p.m.]

স্যার, গত বছর আমাদের ২ লক্ষ টন চাল সংগৃহীত হয়েছিল এবং তারজন্য এফ সি আই এবং পুলিসের লোক বাবদ আমাদের খরচ হয়েছিল আড়াই কোটি টাকা এই খবর মন্ত্রিমহাশয় বিধানসভায় আমাদের বলেছিলেন। শুধু তাই নয়, এছাড়া বাবুদের স্যুট, বুট, পেট্রোল ইত্যাদির জন্য খরচ হয়েছে এবং যেটা রাইটার্স বিল্ডিংস নয়, লালবাজারের খরচ হয়েছে ৮ কোটি টাকা স্যার, গত বছর যদি ৩ টাকা দাম চাষীদের দেওয়া হত তাহ'লে আমাদের খরচ হত সাড়ে ছয় কোটি টাকা। আপনি আজকে মিলের উপর নির্ভর করছেন যারা সস্তাদরে চাল কিনছে। আজকে যে মিলের উপর আস্থা রাখা হয়েছে তার কারণ হচ্ছে মিল ছাড়া বোধহয় প্রকিওরমেন্ট হচ্ছিল না। এবং তার কারণ হচ্ছে সাধারন বাজারে যে দাম ছিল, তাতে চাষীরা লাভবান হচ্ছিল। কিন্তু আজকে দাম কমে যাচ্ছে। ২৯শে নভেম্বর স্টেটসম্যানে রয়েছে এফ সি আই-র চেয়ারম্যান হেড সেই মিঃ চোপরা বলেছেন আমার অবস্থা সাংঘাতিক, আমি চাল আনতে পারব না। তিনি বলেছেন

আমার মাত্র ৮ হাজার গোডাউন রয়েছে কাজেই এই চাল রাখা আমার পক্ষে সম্ভব নয়। তিনি ২ লক্ষ টন নিয়েছেন হরিয়ানা থেকে। আজকে যখন সস্তায় কিনছে তখনএ ফিফটি পারসেন্ট এবং আক্রায় যখন কিনছে তখনও ফিফটি পারসেন্ট এটা হয় না। আমার বক্তব্য হচ্ছে মন্ত্রীমহাশয় এটা নাইনটি পারসেন্ট করুন। স্যার, এফ সি আই বলছে ময়েশ্চার। আমরা তো পশ্চিমবাংলার কেমিস্ট্রি পাল্টাতে পারব না। অর্গানিক হোক আর ইনঅর্গানিক হোক ময়েশ্চার আমরা পাল্টাতে পাবব না — ময়েশ্চাব পশ্চিমবাংলাতে থাকবেই। গতিশীল দুনিয়ায় গতিহীন নীতি হয় না। মন্ত্রীমহাশয় বলেছেন ডিসেম্বব মাসে অবস্থা আরও ভয়াবহ হবে। আমার বক্তব্য হচ্ছে, অনুরোধ হচ্ছে তিনি যেন এই ব্যাপারে খুব সচেষ্ট থাকেন, ডিসেম্বর মাসে কৃষকদেব ঘবে যেন অন্ধকার নেমে না আসে।

শ্রীসুব্রত মুখার্জী (কাটোয়া) : মিঃ চেয়াবম্যান স্যাব, আজকে এই হাউসে খাদ্যনীতি সম্পর্কে আলোচনা শুরু হয়েছে এবং এই খাদ্যনীতিব মধ্যে যে আশার আলো দেখতে চেয়েছিলাম সেটা হচ্ছে এই যে বিগত কয়েক বছবে খাদ্যনীতি চালু কবার পর যে অভিজ্ঞতা আমাদেব হয়েছিল, যে জোতদাব, ভাড়তদার এবং মিল মালিক আমাদের এই খাদ্যনীতিকে সফল কববার জন্য খাদ্য সংগ্রহ অভিযান যাদেব উপরে থাকে, সেই পুলিসেব একাংশের অসহযোগীতার ফলে আমাদের এই খাদ্যনীতি বানচাল হয়েছে। এই বছব এই খাদ্যনীতিতে সেই ষড়যন্ত্র এবং চক্রান্ত সম্পর্কে কোন নূতন ভাবধাবা আছে কিনা, সেটা আমবা দেখতে পেলাম না। আমরা দেখেছি যখন ধানের দর নিচেব দিকে নামছে এবং যখন ধানেব দর বেশি ছিল তখন মিলমালিকরা শতকাবা ৫০ ভাগ লেভি দিবে আর বাকী ৫০ ভাগ মিল মালিকবা তাদের খেয়ালখুশিমত যা ইচ্ছা তাই কবতে পাববে। যা খুশি তাই যদি করতে পাবে, এই সুবিধা যদি খাদ্যনীতিব মধ্যে থাকে তাহ'লে সেই খাদ্যনীতি থেকে কি আশান্বিত হচ্ছি ? তাহ'লে খাদ্যনীতি কি ক'রে সফল হবে ? আমি যেটা মনে করি এবং আমার সঙ্গে অনেক মাননীয় সদস্য একমত হবেন যে মিল মালিকদের এতখানি মুনাফা কববাব সুযোগ কবা যদি খাদ্যনীতির মধ্যে থাকে, তাহ'লে খাদ্যনীতি কখনই সফল হতে পারে না। আজকে সেই সুযোগ থাকাব দরুন আমবা দুঃস্বপ্ন দেখছি। যদিও আমাদের সংগ্রহ লক্ষ্যমাত্রা অন্যান্য বছরেব চাইতে কম করেছি, তাহ'লেও সেই লক্ষ্যমাত্রায় আমবা পৌঁছাইতে পারব কিনা সন্দেহ আছে। আমরা জানি যে অন্যান্য বছরে যাবা মিলের এজেন্ট থাকে, সেই একই লোক এফ সি আই -এর ডি পি এজেন্ট হোন। আমবা কয়েক বৎসব ধ'রেই ক'লে আসছি এই ডি পি এজেন্টের অ্যাপয়েন্টমেন্টের ব্যাপাবে যে সরকাবেব যাবা প্রশাসনের দায়িত্বে আছেন, খাদ্য বিভাগের যাবা কর্তা আছেন তাঁবা এই ব্যাপারে সাবধানতা অবলম্বন করুন। কারন এফ সি আই -এর যাবা ডি পি এজেন্ট তারা হচ্ছে বেনামদার এজেন্ট মিলমালিকদের। এই এজেন্টেব যদি বেনামদার এজেন্ট সয় মিল মালিকদেব তাহ'লে তাদের আগ্রহটা, সরকারের এই খাদ্য সংগ্রহ অভিযানকে সফল করার চেয়ে তাদের আগ্রহটা বেশি থাকবে যে কি ক'রে মিল মালিকদের ভান্ডার পূণ্য করা যায়। এই বৎসরও আমবা যেটা দেখছি, মিঃ চেয়ারম্যান, স্যার, আমরা যেটা মনে করছি সেটা হচ্ছে এই ডি পি এজেন্ট অ্যাপয়েন্টমেন্ট কবার ব্যাপারে সেই সাবধানতা অবলম্বন করা হয়নি। সুতবাং আমাব যেটা মনে হয় সেটা হচ্ছে যে সেই একই ভুলের পুনরাবৃত্তি হবে এবং তার দুর্ভোগ এই পশ্চিমবাংলাব খেটে খাওয়া গরিব মানুষ তাদের এই দুঃখ, যন্ত্রণাটা এই বৎসর ভোগ করতে হবে। আমরা যেটা মনে কবছি এই যে মাননীয় খাদ্যমন্ত্রী তিনি ব্যক্তিগতভাবে এই সরকারের খাদ্য সংগ্রহ অভিযানকে সফল কবার জন্য জেলায় জেলায় গিয়ে বহু জায়গায় বৈঠক করছেন, জনপ্রতিনিধিদের তিনি সঙ্গে নিচ্ছেন এবং সবকারী অফিসারদেরও সঙ্গে নিচ্ছেন, আহ্বান জানাচ্ছেন যে এই খাদ্য সংগ্রহ অভিযান এটা একটা জাতীয় কর্তব্য এবং এটা আমি বলছি কোন দলীয় মনোভাব নিয়ে নয়, ইট ইজ অওয়ার ন্যাশনাল ডিউটি, কারন দেশ যদি না বাঁচে তাহ'লে দলাদলি করার সুযোগও থাকবেনা, কিন্তু দুর্ভাগ্যের কথা মাননীয় খাদ্যমন্ত্রিমহাশয়ের ঐকান্তিক চেষ্টা থাকা সত্ত্বেও আমি একথা বলতে চাই আমরা বিধানসভার মধ্যে খাদ্যনীতি আলোচনা করছি আমার কথার যুক্তিজাল বুনছি কিন্তু মাঠে ময়দানে সেখানে আমরা প্রশাসনের সঙ্গে এক হয়ে সহযোগিতা করতে অনেকেই কিন্তু আমরা এই খাদ্য সংগ্রহ অভিযানকে

সফল করার চেষ্টা করছি না। আজকে একপক্ষের একতরফা কথা বললে হবে না। আমি মনে করি আমাদের মধ্যে অনেকেই মনে করেন যে এই খাদ্যসংগ্রহ অভিযানে যদি আমরা নেমে পড়ি তাইবলে আমরা ভয় করি যে গ্রামে যে সমস্ত বড় বড় জোতদার বা মিল মালিক আছে তাদের চটালে আমাদের জনপ্রিয়তা ক্ষুন্ন হবে এই ভ্রান্ত ধারনা কারো কারো মনে আছে কিন্তু যদি আমরা এটাকে জাতীয় কর্তব্য ব'লে মনে করি তাহ'লে দলমত ভুলে গিয়ে আমাদের সকলের এই খাদ্য সংগ্রহ অভিজানকে সফল করতে হবে। মাননীয় চেয়াবম্যান মহাশয়, এখানে সি পি আই এর বন্ধুরা অনেক সমালোচনা করলেন, তাঁদের সমালোচনার মধ্যে কিছু কিছু যুক্তি আছে যেগুলির সঙ্গে আমাদের কেউ কেউ একমত কিন্তু আমি সি পি আই এর বন্ধুদের কাছে জিজ্ঞাসা করছি যে এই খাদ্য সংগ্রহ অভিযানকে সফল করার জন্য তাঁরা তা এখানে বক্তৃতার মধ্যেই তা সীমাবদ্ধ রাখবেন, না মাঠে ময়দানে নেমে এই অভিযাননকে সফল করবেন? সি পি আই এর বন্ধুদের জিজ্ঞাসা করছি মেদিনীপুর জেলায় গত বৎসর খাদ্য সংগ্রহ অভিযানের অভিজ্ঞতা আমাদের কি বলে? আমাদের অভিজ্ঞতা বলে যে গত বৎসর বহু জায়গায় প্রত্যক্ষভাবে না হলেও অপ্রত্যক্ষভাবে বাধা সৃষ্টি করেছিলেন আর বিধানসভার মধ্যে তাঁরা তাঁদের বক্তৃতাব ফুলঝুরি ছুটিয়েছিলেন কিন্তু যদি আমাদের দেশের প্রতি আনুগত্য থাকে তাহ'লে আসুন আমরা সকলে একসঙ্গে এটাকে জাতীয় কর্তব্য হিসাবে গ্রহণ করি। যদি আমরা সস্তা জনপ্রিয়তার দিকে ঝুঁকি, একদিকে বলব গ্রামের মানুষকে, চাষীব কাছে বলব যে তুমি ন্যায্য দাম পাচ্ছ না, সরকারকে বলব দরের সামঞ্জস্য বিধান করতে হবে, আব শহবে গিয়ে যারা চাল কিনে খায় এই চালেব দাম কমাতে হবে। এই যে তিনটি কথা এটা হচ্ছে বাজনৈতিক এক ধবনেব চাতুবি ছাড়া আর কিছু নয়। আজকে আমি মনে করি যে খাদ্যনীতিকে আমরা সফল করতে পারি যদি সংগ্রহ অভিযান একযোগে করতে পারি। পরিশেষে চেয়ারম্যান, স্যার, আপনার কাছে এবং খাদ্যমন্ত্রীর কাছে আবেদন করি যে আজ ভাবার সময় এসেছে, খাদানীতিকে যদি সফল করতে হয তাহ'লে সরকার খাদ্য কেনা এবং বেচা এই দুটোই হাতে নিতে পারেন কিনা। স্টেট ট্রেডিং আজ নয় কাল করতে হবে, খাদ্যশস্য কেনা এবং বিক্রী সরকারেব হাতে নিতে হবে, কেনাব ব্যাপার একজনের হাতে ছেড়ে দিচ্ছেন এবং উৎপাদনের বেলায় আর একজনের হাতে থাকছে, এই যদি চলে তো খাদানীতি সফল হবে না।

পবিশেষে মাননীয় মন্ত্রীর কাছে এবং প্রতিটি সদস্যের কাছে আবেদন জানাচ্ছি যে এই নীতির মধ্যে যতটা ত্রুটিবিচ্যুতি আছে আমরা একাত্ম হয়ে যদি কাজ করি, তাহ'লে খাদ্য অভিযানকে যে আমরা সফল করার চেষ্টা করছি তা অনেকাংশের মধ্যেই সফল কবতে পারব। একথা ব'লে আমার বক্তব্য শেষ করছি।

শিশিরকুমার ঘোষ ঃ মাননীয় চেয়ারম্যান স্যার, পর পর কয়েক বছরেব ব্যর্থ খাদানীতির পব এবার যখন নূতন খাদানীতি ঘোষণা কবা হ'ল তাব মধ্যে আর যাই থাক না কেন অভিজ্ঞতার ছাপ নাই, এটা সমস্ত বক্তৃতার মধ্যেই পরিস্ফুট। এই খাদ্যনীতি ব্যর্থ হবার কারন প্রত্যেকেই বলেছেন। খাদ্যনীতি ব্যর্থ হওয়াব মূল কারণ প্রকিওরমেন্ট, এই প্রকিওরমেন্টের মধ্যে যদি ত্রুটি থাকে, তাহলে ৫ লক্ষ টনকে নামিয়ে ৩ লক্ষ্য করা যেতে পারে, ৩ লক্ষ্য টনকে ২ লক্ষ্য করা যেতে পারে, কিন্তু আমাদের যে ধার্য মাত্রা সেটা আমরা কখনও পূরণ করতে পারব না। বাম্পার ক্রপ যেখানে ছিল, যেখানে আমরা সকলেই আশা করেছিলাম যে এবার অন্তত পক্ষে ৫ লক্ষ টন ধান আমবা সংগ্রহ করতে পারব, দেখা গেল সেটা কমিয়ে ৩ লক্ষ্য টন কবা হ'ল। ৩ লক্ষ্য টন নয়, ন্যায্যমূল্যের প্রশ্ন, এ সম্বন্ধে আমাদের খাদ্যমন্ত্রী বলেছেন যে তিনি চাষীরা যাতে আর একটু বেশি পায় সেজন্য নাকি কেন্দ্রীয় খাদ্যমন্ত্রীকে অনুরোধ করেছিলেন বোনাস দেবার জন্য কিন্তু কেন্দ্রীয় খাদ্যমন্ত্রী নাকি রাজি হন নি। চেয়ারম্যান স্যার, আপনি চিন্তা ক'রে দেখুন যেখানে তামিলনাড়ুতে বেশি টাকা দিয়ে কেনা যেতে পারে, কেবলে ধানের সংগ্রহমূল্য বেশি, সেখানে পশ্চিমবাংলার চাষী কেন বেশি মূল্য পাবে না? এর কি যুক্তি থাকতে পারে? একটা যুক্তি আছে, সেটা হচ্ছে এফ সি আই সংগ্রহ করে, এফ সি আই সংগ্রহ মূল্য ধার্য করে। তাহ'লে কেন্দ্রের কাছে আমাদের খাদ্যমন্ত্রীর ডিক্লেয়ার করা উচিত যে এফ সি আইকে

আমাদের চাষীরা ন্যায্য মূল্য পায়। এই প্রক্রিওরমেন্টের ব্যাপারে একথা বার বার বলা হয়েছে যে ধানকল মালিকদের সুযোগ আছে বেশী মূল্যে ধান কেনবার, অথচ সরকার কম দামে ধান কেনে। যেখানে আমাদের জাতীয় কর্তব্য হচ্ছে চাষীকে একটু বেশী পাইয়ে দিয়ে তাদের মযদানে আরও বেশি ক'রে ফলানোর জন্য উৎসাহ দেওয়া, সেখানে আমরা এই ব্যবস্থা নেব না কেন? চাষী মূল্য চায়, ফসল ফলাবার সময় বার বার সে চিন্তা করেছে কি সে খরচ করছে, কি মূল্যে বিক্রী করলে তার দু পয়সা থাকবে। খাদ্যমন্ত্রিমহাশয় এই ব'লে আনন্দ প্রকাশ করেছেন যে ধানচালের মূল্য কমে গিয়েছে এবং তিনি আশা করছেন যে আগামী দু-তিন বছরের মধ্যে এই রেশনিং সিস্টেম তুলে দেবেন। আজকের দিনে একটা কথা মনে রাখা উচিত যে কেবল মাত্র ধানচালের মূল্য কম হ'লে আনন্দ পাওয়া উচিত নয়। আমি খাদ্যমন্ত্রিকে জিজ্ঞাসা করি ধানচাল যারা উৎপাদন করে, মাঠে যারা ফসল ফলায়, তাদের কয়লার কি ব্যবস্থা করেছেন, তাদের যে নিত্যপ্রয়োজনীয় জিনিস লাগে তার কি ব্যবস্থা করেছেন?

অন্যান্য নিত্য প্রয়োজনীয় জিনিষপত্রের সাপ্লাই এর কী ব্যবস্থা করছেন? কেন ব্লকে ব্লকে কয়লা ইত্যাদি নিত্যপ্রয়োজনীয় দ্রব্যাদি সাপ্লাই করবার ব্যবস্থা করেন নাই? যে চাষী আজকে কম মূল্যে ধানচাল বিক্রি করছে, তাকে পরবর্তীকালে চীপ ক্যান্টিন বা লঙ্গরখানায় গিয়ে সারি দিয়ে দাঁড়াতে হবে। আপনাদের অবিলম্বে প্রয়োজন গ্রামে গ্রামে যাতে চীপ ক্যান্টিন খুলে নিত্যপ্রয়োজনীয় দ্রব্যাদির সাপ্লাই করতে পারেন তা দেখতে হবে। মাননীয় চেয়ারম্যান স্যার, আপনি জানেন যে দাবি করেছি সেই দাবি হচ্ছে গ্রামাঞ্চলে যে মডিফায়েড রেশন এরিয়া আছে, সেই মডিফায়েড রেশন এরিয়া সম্বন্ধে নতুন ক'রে বিচার বিবেচনা করা হোক। সেটা ফ্রিঞ্জ বেশন এরিয়া আছে, তাকে স্ট্যাটুটরি রেশনিং এরিয়ার মধ্যে নিয়ে আসা হোক। আমরা বার বার খাদ্যমন্ত্রির কাছে ডেপুটেশন দিয়েছি — তাঁর নিশ্চই মনে আছে — ব্যারাকপুর মহকুমাতে গ্রেটার ক্যালকাটা এরিয়ার অন্তর্ভুক্ত করা হোক। তাঁর পৌরসভা নিউব্যারাকপুর এলাকাকে ফ্রিঞ্জ রেশন এলাকা ক'রে রেখেছেন ফলে তার চারিপাশ থেকে ধানচাল আসার কোন সুযোগ নাই। আর একটা কথা মনে রাখতে হবে — বাটা মহেশতলা সেখানে রেশনের দাবিতে যে আন্দোলন হয়েছিল এবং আন্দোলনে কয়েকটি তাজা প্রাণকে বলি দিতে হয়েছিল সেই সময় বলা হয়েছিল — রেশনে কমোডিটিস বাড়ানো হবে — দু তিন মাস সেই বর্ধিত হারে কমোডিটিস দিয়েছিলেন — তারপর আর দেন নেই। সরকার কি মনে করেন যে দফায় দফায় আন্দোলন করে ঐ রকম রক্ত ঝরানোর প্রয়োজন আছে বারে বারে? অন্যান্য যে সমস্ত শহরাঞ্চলে এখনও রেশনিং সিস্টেম চালু হয় নাই সেখানে সত্বর এই রেশনিং সিস্টেম চালু করতে হবে। পশ্চিমবাংলার সমস্ত শহরাঞ্চলের চারিদিক ইনডাস্ট্রিয়াল বেল্ট দিয়ে ঘেরা এই ইনডাস্ট্রিয়াল বেল্টকে যদি আমরা স্ট্যাটুটরি রেশনের মধ্যে না আনতে পারি, তাহলে আমাদের আগামীদিনে যথেষ্ট অসুবিধা হবে এবং ঐসমস্ত শ্রমিকদের মধ্যে যথাযথভাবে খাদ্যশস্য সাপ্লাই করতে পারবো না। তাই আপনার কাছে নিবেদন খাদ্যমন্ত্রী যেসমস্ত কথা বলেছেন সেই সমস্ত কথা পুঙ্খানুপুঙ্খরূপে বিচার করা উচিত। প্রকিওরমেন্ট ভাল হলে তো তিনি বিভিন্ন অঞ্চলে সাপ্লাই দিতে পারতেন মডিফায়েড রেশন এলাকায় যেন সরবরাহের অভাব না হয়, তাই কখনও না যায় তার ব্যবস্থা যেন তিনি করেন। আর ফ্রিঞ্জ রেশন এলাকাকে যাতে স্ট্যাটুটরি রেশনের মধ্যে আনতে পারেন তার ব্যবস্থা আপনি করুন। আমার এইসমস্ত দাবিগুলো এখানে রেখে আমার বক্তব্য শেষ করছি।

শ্রীসুকুমার বন্দ্যোপাধ্যায়ঃ মাননীয় চেয়ারম্যান স্যার, পশ্চিমবঙ্গের খাদ্যমন্ত্রী খাদ্যনীতি সম্পর্কে তাঁর একটাবিবৃতি কাল এই বিধানসভায় পেশ করেছেন। এই বিবৃতির বয়ানের মধ্যে আলোচিত হয়েছে সংগ্রহের লক্ষ্য, সংগ্রহের পদ্ধতি, সংগ্রহ মূল্য, কর্ডনিং বিধি, কাল এবং ধানের মাস, বন্টন ব্যবস্থা ও সংগ্রহের সাফল্য। বলতে বাধা নেই খাদ্যমন্ত্রির বিবৃতি থেকে এটা স্পষ্ট প্রতীয়মান হয়েছে সরকারের খাদ্য সংগ্রহ সম্পর্কে সদিচ্ছা আছে। সেইজন্য সরকার কতকটা পদ্ধতি অবলম্বন করেছেন এবং সেই সম্পর্কে কিছু বিচিত্র প্রণয়ন করেছেন এবং যেসব সিদ্ধান্ত গ্রহণ করেছেন তা থেকে প্রমাণিত হয় যে সেইগুলোকে বাস্তবরূপ দেবার ইচ্ছা সরকারের আছে। কিন্তু এর বিচ্যুতি কোথায়, গলদ কোথায়? একটা জিনিস আজকে দেখছি এবং

আগেও দেখেছি — সেটা হ'ল আঁটুনি বজ্র হ'লেও ঘন্টা বাঁধার দায়িত্ব কে নেবে? অর্থাৎ দায়িত্ব পালন করার সদিচ্ছাকে বাস্তবে রূপ দেবার জন্য একটা প্রচণ্ড গতিবেগ থাকা দরকার, সেটা নেই এবং সেইজন্য ধান যে উঠল তা সংগ্রহ করা প্রয়োজন — সেই ধানকে সংগ্রহ করার টাকা কোথায়, প্রশাসন কোথায়? সংগ্রহের জন্য যে জিনিস দরকার তার অস্তিত্ব কোথায় তা খুঁজে পাওয়া যাচ্ছে না। আজকে খাদ্য সম্পর্কে আলোচনা হচ্ছে। এটা গুরুতর বিষয় সন্দেহ নেই। স্বাস্থ্যকেন্দ্র না থাকলে যেমন রুগীর কষ্ট হয়, আমরা বিদ্যালয় ও মহাবিদ্যালয়ও স্থাপন করবার চেষ্টা করছি কিন্তু ক্ষুদার অন্ন যদি না পাওয়া যায় তাহ'লে সভাপতি মহাশয়, সেখানে বিদ্রোহ বিক্ষোভ হয়, মানুষ ক্ষোভে বেদনায় ফেটে পড়ে। কাজেই মানুষের খাদ্য হচ্ছে একটা বাঁচামরার প্রশ্ন। সংগ্রহ সম্পর্কে আলোচনা করতে গিয়ে অনেকে খাদ্যনীতির ব্যর্থতা সম্পর্কে আঙ্গুল দিয়ে দেখিয়েছেন। তাঁরা মাননীয় খাদ্যমন্ত্রিমহাশয়কে বলেছেন যে আপনার খাদ্যনীতি পি সি সেনের মত খাদ্যনীতি, আবার কেউ কেউ বলেছেন যে আপনার খাদ্যনীতি পি সি ঘোষের মত। অবার কেউ কেউ বলেছেন এ নীতি হচ্ছে যুক্ত ফ্রন্ট সরকারের মত। কেউ বলেছেন যে এই সংগ্রহ নীতির মধ্যে বিপ্লবাত্মক কিছু দেখছি না। অনেকে প্রতি পদক্ষেপেই বিপ্লব দেখতে চান। একটা কথা হচ্ছে খাদ্যমন্ত্রী আজকে এইভাবে প্রশ্নের উত্তর না দিলেই পারতেন। তিনি যদি গম্ভীরভাবে বলতেন ভালহত। আমরা বিধানসভার সদস্য হিসাবে রয়েছি। আমরা পশ্চিমবাংলার সাড়ে আটত্রিশ হাজার গ্রাম থেকে এসেছি। আমি জিজ্ঞাসা করছি যে সংগ্রহের ব্যাপারে আমাদের কি কোন দায়িত্ব কর্তব্য ছিল না? আজকে মন্ত্রিমহাশয় — খাদ্য দপ্তরের আমলারা সরকারী দপ্তর থেকে অর্থ পেয়ে থাকেন। আমরা বিধানসভার সদস্যরাও তো সরকারী কোষাগার থেকে অর্থ পেয়ে থাকি। আমি জিজ্ঞাসা করছি যে, আমরা কি দায়িত্ব পালন করছি? আজকে খাদ্যনীতির যে ব্যর্থতার কথা মন্ত্রিমহাশয়কে বলা হচ্ছে এটা মন্ত্রিসভার যৌথ দায়িত্ব নয়? মন্ত্রিসভা যদি আজকে কোন বিপ্লবাত্মক নীতি গ্রহণ করতে চান তাহ'লে খাদ্যমন্ত্রির ক্ষমতা ছিল না তার উল্টো কিছু করা। কাজেই বর্ত্তমান পটভূমিকায় এই কথা বলা যায় যে এই নীতি যে ভাবে রচিত হয়েছে তা এইভাবে না করলে সংগ্রহ করা সম্ভব হত না এবং সেইজন্যই এই নীতির অবতারণা করা হয়েছে। কিন্তু দুঃখের সঙ্গে বলছি যে আমাদের এবারে ৫ লক্ষ্য টন থেকে ৩ লক্ষ্য টন করা হয়েছে। ৩ লক্ষ্য টন যদি করতে পারেন তা তিনি লক্ষ্য টনই হোক। আমি মাননীয় খাদ্যমন্ত্রি মহাশয়কে মনে করিয়ে দেব তিনি পশ্চিমবঙ্গ বিধানসভায় আশ্বাস দিয়েছিলেন -- আমি তাঁকে প্রশ্ন করেছিলাম যে, /আপনি কি আশা করেন যে, এবার সংগ্রহ সফল হবে?* তিনি বলেছিলেন — /নিশ্চয়ই, নিশ্চয়ই*। কাজেই তাঁকে সে কথা রক্ষা করতে হবে কারন তিনি বিধানসভায় আশ্বাস দিয়েছিলেন। সরকারী প্রশাসন যন্ত্রকে দিয়ে, পুলিস বিভাগকে দিয়ে, খাদ্য দপ্তরকে দিয়ে এই জিনিস সফল করতে হবে। তা না হলে তাঁর কথার গুরুত্ব থাকছে না। মনে রাখবেন তিনি বিধানসভায় আশ্বাস দিয়েছেন। মাননীয় সভাপতি মহাশয়, অনেকে বলেছেন মিল মালিকদের মুনাফা সম্পর্কে — তারা মুনাফা করছে — করেছে ও করবে। পরনির্ভরশীলতা থাকবেই। যারা আঙ্গুল দেখিয়ে শুধু মন্ত্রিকে অসামীর কাঠগড়ায় দাঁড় করাবার চেষ্টা করছেন — এটা করলে ভাবের ঘরে চুরি করা হবে। কয়েকজন অফিসারের ঘাড়ে, মন্ত্রিমহাশয়ের ঘাড়ে দায়িত্ব চাপিয়ে দিলে হবে না। মিল মালিকদের কাছ থেকে হোক আর যেভাবেই হোক আমাদের সংগ্রহ করতেই হবে। মাননীয় সভাপতি মহাশয়, সেইজন্য বলছি যে মিল মালিকরা যে মুনাফা করতে চায় সেটা সরকারকে দিতে বাধ্য হতে হয়েছে। সরকার বিকল্প যন্ত্রের কথা ভেবেছিলেন — কথা অনেকে বলেছিলেন, অনেক হুমকী দিয়েছিলেন, মিসা করব বলেছিলেন। কিন্তু সেটা স্পষ্টই প্রতিভাত হচ্ছে যে সে আওয়াজের মধ্যে কোন জোর ছিল না। বাস্তব অবস্থা অন্য কিছু। তারজন্য অসাধু মিল মালিকের উপর নির্ভর করেত হচ্ছে। তার কারণ হচ্ছে আমাদের সংগ্রহের প্রয়োজন। সেটা কিজন্য প্রয়োজন না বাংলাদেশের মানুষকে খাওয়াবার জন্য প্রয়োজন। তাই আজকে অসাধু ব্যবসায়ীদের উপর নির্ভর করতে হচ্ছে। এখানে আমাদের উপর দায়ীত্ব এসে যায়। মাননীয় খাদ্যমন্ত্রির কাছে আমি একটা আবেদন করব। মাননীয় খাদ্যমন্ত্রি পূর্বাহ্নে কুমারদীপ্তি সেনগুপ্তের প্রশ্নের জবাব দিলেন। সেটা ছিল সাপলিমেন্টারী। প্রশ্ন

করেছিলেন যে রেশনে চালের যে দাম তার চেয়েও বাজারে চালের দাম কম হয়েছে — এটা ভাল না মন্দ। খাদ্যমন্ত্রিমহাশয় বললেন এটা সুখের কথা না দুঃখের কথা। কথাটা হচ্ছে আজকে সর্বব্যাপারে সমতা আনা প্রয়োজন। সরকার আছেন সরকারী সাশন যন্ত্র চালু রাখবার জন্য। এলোমেলো ক'রে দেমা, লুটেপুটে খাই — এই অবস্থার জন্য নয়। অসাধু ব্যবসায়ীরা এক ধরনের ব্যবস্থা ক'রে চলেছেন। এখানে সরকার ঠিকমত প্রশাসন যন্ত্র চালাচ্ছেন বা গভর্ণমেন্ট গভর্ণ করছেন কিনা এটা দেখা দরকার। একটা লিংক যদি না থাকে, যার যা খুশি তাই করার অধিকার হয় তাহ'লে সেটা ঠিক হবে না। এটা বিধানসভায় যদি বলা হয়, আমি যদিও জানি খাদ্যমন্ত্রি এটা গুরুত্ব সহকারে বলেন নি, তবুও এটা না বলাই ভাল। কোন ব্যবস্থা সম্বন্ধে অভিযোগ থাকলেও এই রেশন ব্যবস্থা পশ্চিমবঙ্গকে বাঁচিয়ে রেখেছে। আমি বহুবার একথা বলেছি এবং এমনকি বর্ত্তমান রাষ্ট্রপতি ফকরুদ্দীন আলি আহমেদ যখন কেন্দ্রীয় খাদ্যমন্ত্রি ছিলেন তখন তাঁকেও বলেছি যে দু লক্ষ্য পরিবারের আসানসোলের নিকটস্থ অঞ্চলে খাদ্যদ্রব্য কোটা করে দিতে। খাদ্যমন্ত্রী/ফকরুদ্দীন আলি আহমেদ আমাকে যে চিঠি দিয়েছিলেন আমি খাদ্যমন্ত্রিকে দিয়েছিলাম। কিন্তু দুবছর হয়ে গেল এখনয়ও পর্যন্ত আসানসোলের ঐইসব অঞ্চলে রেশন চালু করা সম্ভব হ'ল না। এই দিক থেকে বলি — খাদ্য সংগ্রহ, খাদ্য বন্টন এবং খাদ্য সম্পর্কে সবকিছু সরকারী নিয়ন্ত্রণে আনতে হবে — এই দাবি যে কিছু কিছু সদস্য রেখেছেন তাকে সমর্থন করছি। খাদ্যমন্ত্রি যে বিবৃতি রেখেছেন তাকে সমর্থন ক'রে বক্তব্য শেষ করছি।

শ্রীঅসমঞ্জ দে : মাননীয় সভাপতি মহাশয়, আজকে পশ্চিমবঙ্গ বিধানসভাতে মন্ত্রিসভার তরফ থেকে মাননীয় খাদ্যমন্ত্রী যে খাদ্যনীতি সম্পর্কে বিবৃতি পেশ করেছেন সে সম্পর্কে আলোচনায় অংশগ্রহণ করতে গিয়ে নিঃসংকোচে বলতে হয় গত বছর এই সময় আমাদের মধ্যে যে বিক্ষোভ ছিল এবং যে বিক্ষোভ চূড়ান্ত আকার ধারন করেছিল তুলনামূলকভাবে সেই বিক্ষোভ কিছুটা প্রশমিত হয়েছে। গত বছর সেই ১৯৭৪ সালে সেপ্টেম্বর, অক্টোবর, নভেম্বর মাসে চাল এবং অন্যান্য নিত্যপ্রয়োজনীয় দ্রব্যসামগ্রীর যে মূল্যস্তর ছিল, নিশ্চিতভাবে স্বীকার করতে হয় চালের দর তুলনামূলকভাবে বেশ কিছুটা কমে গিয়েছে। যদিও আমি খাদ্যনীতিকে সম্পূর্ণভাবে সমর্থন করতে পারছি না তবুও এই খাদ্যনীতিকে সমর্থন করে কিছু সাজেশানস রাখব। তার সঙ্গে সঙ্গে স্বীকার করব কিছুটা বাস্তবভিত্তিক খাদ্যনীতি এইবারই প্রথম হয়েছে। বোরোকে লেভির আওতা থেকে বাদ দেওয়া হয়েছে। গতবারে লক্ষ্য করেছিলাম বোরো উৎপাদন ছিল ১০ লক্ষ্য টন এবং লেভি ধার্য্য হয়েছিল সেই বোরোর উপর। এই ১০ লক্ষ্য টন উৎপাদিত সামগ্রীর মধ্যে মাত্র তিন হাজার টন লেভি সংগৃহীত হয়েছিল এবং এটা সংগ্রহ করতে আবার ৭৫ পয়সা দাম বেড়ে গিয়েছিল। এটা ফারস এবং এটা খাদ্যমন্ত্রি চিন্তা ক'রে যে বোরোকে বাদ দিয়েছেন এতে এই খাদ্য নীতি বাস্তবভিত্তিক হয়েছে বলে মনে করি। সেইজন্য খাদ্যনীতিকে সমর্থন করছি। এটা খাদ্যমন্ত্রি বলেছেন এবং খাদ্য দপ্তর এবং সবাই এই কথা বলছেন এবার বাম্পার ক্রপ হয়েছে এবং ৭০ লক্ষ টন উৎপাদন হয়েছে।

[5.30 - 5.40 p.m.]

এত উৎপাদন বাড়ল অথচ কেন সংগ্রহের লক্ষ্যমাত্রা ৩লক্ষ টন করা হ'ল তা বুঝতে পারছি না। মন্ত্রী মহাশয় প্রশ্নোত্তরকালে বলেছিলেন এই খাদ্য বিতর্ককালে সব প্রশ্নের জবাব দেবেন। আমি জানতে চাই এত উৎপাদন হওয়া সত্ত্বেও কিসের ভিত্তিতে এই সংগ্রহমাত্রা কম ক'রে দেওয়া হ'ল। এ সম্বন্ধে আমার মনের মধ্যে কিছুটা সন্দেহ, কিছু উদ্বে[illegible] লক্ষিত হচ্ছে। আশা করি বিতর্ক এবং আলোচনার উত্তর দানকালে তিনি এই প্রশ্নের উত্তর দিয়ে [illegible] এই উদ্বেগের প্রশমন ঘটাবেন এই সম্বন্ধে আমি অনুরোধ জানাচ্ছি। আজকে চাল বা ধান সংগ্রহের লক্ষ্য [illegible] করা হয়েছে তার মেকানিজম তার প্রকৃতি সম্বন্ধে আলোচনা করা দরকার। অনেকেই বলেছেন [illegible] সবাই জানি যে খাদ্য নীতি স্থির করা হয়েছে তাতে মিল মালিকরা যে ধান ভাঙ্গবে তার ৫০ [illegible] লেভি দিতে হবে। But who will fix up that quantum ? এটা কে সম্পূর্ণভাবে নির্ধারণ করবে? এটা মিল মালিকদের সম্পূর্ণ খেয়ালখুশি এবং মর্জির উপর ছেড়ে

দেওয়া হয়েছে। মন্ত্রীমহাশয় তাঁর জবাবে বলবেন প্রত্যেক মিলে একজন ক'রে অফিসার থাকে। কিন্তু খোঁজ নিয়ে দেখবেন আমি অত্যন্ত দায়িত্ব সহকারে বলতে পারি যে There is rampart corruption in each and every mill অর্থাৎ এই সরকারী অফিসার যাঁরা এই কাজ করবেন তাঁদের মিল মালিকদের সাথে ওতপ্রোতভাবে সম্পর্ক ও যোগাযোগ রয়েছে এবং তাতে প্রকৃত তথ্য সংগ্রহ করা যাচ্ছে না এবং এর ফলে মিলের কাছ থেকে যতখানি লেভি আদায় হতে পারত তা আদায় করা হচ্ছে না। সেখানে কোরাপশন এত বেশি চলছে যে মিল মালিকদের কাছ থেকে আদায় পরিমাণমত করা হচ্ছে না। অনেকে ডি পি এজেন্টের কথা বলেছেন, আমি তাঁদের সঙ্গে একমত যে এই যে সিলেকশন অব ডি পি এজেন্ট এটা মোটেই পারফেক্ট হচ্ছে না। একই লোক মিলের মালিক আবার সেই একই লোক এফ. সি আই এর এজেন্ট হবে। এতে তারা লাভের দিকটা বেশি লক্ষ্য রাখবে এবং এই লাভের দিকে ঝুঁকলে এই এফ সি আই-এর মেশিনারী যারা তাদের দ্বারা কখনই সংগ্রহমাত্রা পূরণ করা সম্ভব হবে না। এবং এই ভাবে ভারতবর্ষের তথা পশ্চিমবঙ্গের অর্থনৈতিক যে কাঠামো তাতে ধানচাল যদি সংগ্রহ করতে হয় তাহ'লে এ এফ সি আই এবং সরকারী কর্মচারীদের উপর নির্ভর করলে চলবে না। কো-অপারেটিভ সিস্টেমকে — সমবায় প্রথাকে জোরদার করতে হবে। অথচ পশ্চিমবঙ্গ সরকারের পক্ষ থেকে যেটা আগে করা হয়েছিল সমবায়কে অগ্রাধিকার দেওয়া হয়েছিল — তা করা হচ্ছে না। যদি গ্রামাঞ্চলের মেহনতী মানুষের কাছ থেকে ধানচাল সংগ্রহ করতে হয় তাহ'লে এই জিনিস করা দরকার। কিন্তু সেটা এখানে বন্ধ করা হয়েছে। অর্থাৎ সমবায়ের মাধ্যমে ধান সংগ্রহের যে পদ্ধতি সেই পদ্ধতিতে বাধা সৃষ্টি করা হয়েছে। এই পথে গেলে নিশ্চয় সংগ্রহের ক্ষেত্রে অসুবিধার সৃষ্টি হবে এবং সবচেয়ে বড় কথা এই এফ সি আই এর উপর পশ্চিমবঙ্গ সরকারের মূলত বিরোধ আছে — এবং পশ্চিমবাংলার স্বার্থকে দিনের পর দিন জলাঞ্জলি দিতে চলেছে। আজকে যদি একটা পারফেক্ট স্যাণ্ড কমপ্লিট স্টেট ট্রেডিং না করা যায় তাহ'লে এই সমস্যার সমাধান হতে পারে না। এই বাজেটে বলা হয়েছে এক্সট্রা অ্যাডিশনাল যে ৫০পারসেন্ট থাকবে সেটা মিল মালিকরা ইচ্ছামত দামে বিক্রি করতে পারবে। এক জায়গায় উনি বলেছেন যে আনলেভি মিলওনারস যতখানি মার্কেট প্রাইসটা মিনিমাম করতে সাহায্য করবেন। যদি তা না হয় তখন সরকার হস্তক্ষেপ করবে। আমরা কি জানতে পারি মাননীয় খাদ্যমন্ত্রীর কাছে যে এই মার্কেট প্রাইসটা what is the yardstick, what is the norm? মার্কেট প্রাইস সরকার কি তার কোন কিছু নির্ধারণ করেছেন? তাহ'লে কি এই মার্কেট প্রাইস মিল ওনাররা কনট্রোল করবে? মার্কেট প্রাইসের কোন ডেফিনেশন কোন ডেফিনিট ইয়ার্ডস্টিক, কোন নর্ম নাই। সেদিক থেকে এটা সেন্টিমেন্টমূলক ব্যাপার ব'লে মনে করি। এখানে কিরকম লেভি আপনারা করবেন? আমরা দেখছি কুইনটল প্রতি ধানের দাম ৮৫ টাকা। অর্থাৎ দেড় কুইনটল ধান ভেঙ্গে এক কুইনটল চাল হয় তার দাম ১২৭.৫০ পয়সা। মিলিং চার্জ যদি ১০ টাকা হয় তাহ'লে দাঁড়াবে ১৩৭.৫০ পয়সা এবং মার্জিন্যাল প্রফিট কুইনটল প্রতি ১০ টাকা যদি ধরি তাহ'লে চালের দাম হয় ১৪৭.৫০ পয়সা। কিন্তু তারা বিক্রি করছে ২০০ কিংবা ২১০ টাকায় — যেখানে ১৪৭.৫০ পয়সা খরচ পড়ছে সেখানে বিক্রি করছে ২১০ টাকায়। অর্থাৎ মোর দ্যান ৬০ পারসেন্ট প্রফিট করছে। এটা কোন সমাজবাদী দেশে চিন্তা করা যায় না। আজকে এ জিনিসটি খাদ্যমন্ত্রীমহাশয়ের চিন্তা করা উচিত। আমরা আজকে সমাজবাদের পথে এগিয়ে যাচ্ছি। অথচ মিল মালিককে আমরা কেন সুযোগ ক'রে দিচ্ছি এই ৬০ পারসেন্ট লাভ করার জন্য? এটা একটা আবেনরম্যাল প্রফিট — এটা যদি বন্ধ ক'রে দিতে না পারা যায় তাহ'লে আমাদের কিছুই কাজ করা হবে না। আর একটা কথা বলব, কৃষকদের বাঁচাবার কথা বলেছেন। আমরা ধানের সংগ্রহমূল্য করেছি — ৭৭ টাকা করেছি। আজকে সেচের দাম বেড়েছে, সারের দাম বেড়েছে, ডিজেলের দাম বেড়েছে। আমরা কৃষকদের কাছ থেকে খোঁজ নিয়ে জানতে পেরেছি যে এক কুইন্টল ধান উৎপাদন করতে ৮৭.৫০ পয়সা খরচ পড়ে যাচ্ছে — আর আপনারা দিচ্ছেন ৭৭ টাকা। তাই কৃষকদের অবস্থা আরও সংকটময় হয়ে পড়েছে। যদি ধান সংগ্রহ করতে হয় তাহ'লে ধানের মূল্য না বাড়ালে কৃষকদের সংকট থেকে বাঁচানো যাবে না। আর একটা কথা বলব, আমি নদীয়া জেলার লোক। কর্ডন প্রথার ফলে কি অবস্থা হয়? নদিয়া জেলা ঘাটতি জেলা

— সেটা খাদ্যমন্ত্রীমহাশয়ের জানা দরকার। বর্ধমান জেলা থেকে নদিয়া জেলার যেসব চেকপোস্ট তা দিয়ে চাল আসা বন্ধ হচ্ছে না। প্রত্যেক চেকপোস্ট ভীষণ কারাপশন হচ্ছে। এটা বন্ধ না করতে পারলে ঐ চাল আসবেই এবং কর্ডনিংয়ের যে মূল উদ্দেশ্য তা বানচাল হয়ে যাবে। এই কর্ডন প্রথার সাথে সাথে যাতে ঠিকভাবে equitable distribution in all districts হয়, ২৯এ ফেব্রুয়ারি যে তারিখ ধার্য করেছেন তারপর গতবারের মত এই ঘাটতি জেলার সাথে যে কর্ডন প্রথা প্রত্যাহার করার বিষয়ে চিন্তা করবার জন্য বিশেষভাবে অনুরোধ জানাচ্ছি। আর পশ্চিমবাংলায় খাদ্য নিয়ে, ডিস্ট্রিবিউশন সিস্টেম নিয়ে জোতদারী, মজুতদারী, ফাটকাবাজারী, চোরাকারবারী কার্য চালাতে গিয়ে চালের দাম সাধারণ মানুষের নাগালের বাহিরে দিনের পর দিন চলে যাচ্ছে। খবরের কাগজের মাধ্যমে ডি আই আর মিসা করলে হবে না, চোরাকারবারী, ফাটকাবাজারী, মজুতদারী রোধ করতে পশ্চিমবঙ্গ সরকার প্রশাসনকে জোরদার শক্তিশালী ক'রে তুলতে যদি এগিয়ে না আসেন তাহ'লে এই সমস্যার সমাধান হতে পারে না। এই কথা ব'লে আমি আমার বক্তব্য শেষ করছি।

Shri George Albert Wilson-Deroze : Mr. Chairman, Sir, I find that the paper which has been circulated by the Hon'ble Food Minister, described as a statement of food policy, is not helpful to the House in assisting us to discuss the matter. There is no information here as to what the actual demand for food in the state is. There is no figure as to what is the estimated consumption, what is the estimated production, how much of the production in retained by the producers for their own consumption, how much is required for the statutory rationing areas, how much is required outside. There are no facts and figures here to enable us to have really a meaningful discussion. The second point which I wish to raise, Sir, is this – although it is described as food policy, it is restricted only to the question of procurement and distribution of rice. It does not touch the broad question of the food problem in the State. Certainly we do not live on rice alone. The price of onion in the market is between Rs. 3.00 and 3.80 per kilo, the price of fish is between Rs. 12.00, 14.00 and 16.00 per kilo, the price of all sorts of essential goods have gone up beyond the reach of common man. So I would say that it is not a food policy. It does not touch the food problem but it is only confined to procurement and distribution of rice. The third point which I wish to point out is this – all the statutory rationing areas are really statutory blak-marketting areas. The Hon'ble Minister is committed to statutory rationing in the main towns of the States. He is also committed to statutory blackmarketting in the statutory areas of the States as will be evident from the deal he has made with the rice millers. He has been compelled to make deal with the rice millers in order to support the tottering statutory rationing system. In order to support insufficient rationing system he has made this sort of deal with the rice mills and has given them freedom to sell 50% of the levy-free rice in whatever way they like, whereever they like and at whatever price they

like. In this way the Government is supporting blackmarketting in rationing areas. With these few points, Sir, I would ask the Hon'ble Minister to place before the House at another meeting the real facts and figures to enable us to have really a meaningful discussion. I would again say that the statement has no sufficient basis to meet the food problem of the State. Thank you, Sir.

[5.40-5.50 P. M.]

শ্রীপ্রফুল্লকান্তি ঘোষ ঃ মাননীয় চেয়ারম্যান মহাশয়, খাদ্য এবং খাদ্যনীতি সরকারের একটা গুরুত্বপূর্ণ বিষয়। এটা যে অত্যন্ত গুরুত্বপূর্ণ বিষয় সেকথা স্যার, আপনি মানেন ব'লেই আজকে পুরো তিন ঘণ্টা সময় দেওয়া হয়েছে এই খাদ্যনীতির উপর আলোচনা করবার জন্য। আজকের আলোচনা আরম্ভ করেছিলেন মাননীয় শ্রীঅশ্বিনীরায় মহাশয় এবং ১৭ জন্য মাননীয় সদস্য এই আলোচনায় যোগদান করার জন্য নাম দিয়েছিলেন কিন্তু দুজন সদস্য থাকতে পারেন নি, নাম ঘোষণা করার পর জানা গেল তাঁরা চলে গিয়েছেন। মাননীয় চেয়ারম্যান মহাশয়, মাননীয় সদস্য শ্রীসরোজ রায় মহাশয় তাঁর কথার মাধ্যমে বললেন যে, তিনি আমার স্বরের ভেতরে কোথাও সিরিয়াসনেস দেখছেন না। স্যার, আমি কোন রকম কটূক্তি করতে চাই না, শুধু স্যার, একটি কথা নিবেদন করতে চাই সেটি হচ্ছে, খাদ্য নিয়ে যেখানে আলোচনা হচ্ছে সেখানে কতজন মাননীয় সদস্য উপস্থিত আছেন? স্যার, যিনি আমার সিরিয়াসনেস দেখলেন না তাঁকেও দেখলাম শেষ পর্যন্ত তিনি অপেক্ষা করতে পারলেন না, তাঁর বলা শেষ হবার পরেই তিনি চলে যাওয়াটা উপযুক্ত ব'লে মনে করলেন। তিমিরবাবুও স্যার, অনেক ভাল ভাল কথা বললেন সুন্দর সুন্দর ভাষা দিয়ে। মাননীয় চেয়ারম্যান মহাশয়, আমি মাননীয় সদস্যদের বলব, আপনারা নিশ্চয় খাদ্য নিয়ে সমালোচনা করবেন কিন্তু তা করবেন আরও একটু সিরিয়াস হয়ে। আপনারা সমালোচনার মাধ্যমে এমন কথা বলুন যেটা গ্রহণ করা আমার পক্ষে সম্ভব হয়। আপনারা কথাপ্রসঙ্গে অনেকেই ইঙ্গিত করেছেন যে, গতবারে এবং তার আগের বারে ৫ লক্ষ টন করে লক্ষ্যমাত্রা ধার্য করা হয়েছিল এবারে সে জায়গায় তিন লক্ষ টন করা হ'ল কেন? জবাবটা কিন্তু ইচ্ছা করলে আপনারা নিজেরাই পেতে পারতেন। গত বছরের আগের বছর ৫ লক্ষ টন ধার্য করা হয়েছিল। আমরা সবে সরকারে এসেছিলাম, আমরা ভেবেছিলাম সবাই মিলে এই দায়িত্ব নেব। যে প্রদেশ খাদ্যে ডেফিসিট সেখানে খাদ্য সংগ্রহ করতে গেলে দুটি রাস্তা আছে। কোয়ারসান আপনাকে করতেই হবে, তা না হ'লে আপনি খাদ্য পেতে পারেন না। এই কোয়ারসান দুভাবে করতে পারেন। একটা হচ্ছে, পুলিসের সাহায্যে সরকারী কর্মচারীদের মাধ্যমে করতে পারেন আর একটা আমরা, এই বিধানসভার সদস্যরা এগিয়ে এসে করতে পারি। অর্থাৎ আমরা যারা ৪ কোটি ৮০ লক্ষ লোককে কথা দিয়ে এই বিধানসভায় এসেছি আমরা যদি দায়িত্ব নিই তাহ'লে এটা হতে পারে। আমি স্যার, কারুর প্রতি কোন কটূক্তি করছি না, কোন ইঙ্গিতও করছি না, আমি শুধু প্রকৃত সত্য কথাটা আপনার মাধ্যমে এই সভায় রাখতে চেষ্টা করছি। স্যার, আমরা ১.৬৮ লক্ষ টন ১৯৭৩ সালে প্রকিওর করেছিলাম। আমি তখন নতুন খাদ্যমন্ত্রী হয়ে এসেছি, দারুণ আশা মনের মধ্যে, প্রতিটি মিটিং-এ গিয়েছি, আজকের বিরোধী দলের লোকরা সেদিন বিরোধী দলে ছিলেন না, আমাদের সঙ্গে ছিলেন, তাঁদের সঙ্গে আলোচনা হয়েছে কিন্তু প্রকিওরমেন্ট কিছুই হয় নি। তারপর একবছর ৫লক্ষ টন ধরা হ'ল,চেষ্টার ত্রুটি হ'ল না কিন্তু সংগ্রহ হ'ল মাত্র ২লক্ষ ২৪ হাজার টন। তাই এবারে সরকার কেন্দ্রের কাছে বললেন যে, আমরা প্রাগমেটিক হতে চাই। আমরা জানি এলাকে যে ধান হয়েছে তাতে ৫ লক্ষ টন কেন ৭ লক্ষ টনও যদি ধার্য করা যায় তাহ'লেও অন্যায় হবে না কিন্তু আমরা দেখেছি আমাদের যে বেস, যার সহায়তায় আমরা প্রকিওরমেন্ট করতে পারি তাকে আমরা উদ্বুদ্ধ করতে পারি না। হয়ত দোষ আমাদের আছে কিন্তু আমরা দেখেছি তাদের সাথী হিসাবে পাই নি, পেয়েছি সমালোচক হিসাবে দারুনভাবে ধিক্কারের মাধ্যমে। আমি চাইছি, এক একটা এম এল এ শুধু বলবেন, এই আমার এলাকা, এখানে এত ধান হয়, খাদ্যমন্ত্রী তুমি

আমার পাশে এসে দাঁড়াও, আমি ধান তুলে দেব।

দুঃখের কথা বলব, অনুতাপের কথা বলব, অনুশোচনার কথা বলব, আমি কারও কাছ থেকে এই ধরণের প্রস্তাব পাই নি। যেটুকু প্রস্তাব পেয়েছি সেটা হচ্ছে মন্ত্রীমণ্ডলীর কাছ থেকে এবং আমাদের দলীয় সদস্যদের কাছ থেকে। আজকে ৩ লক্ষ টন বলেছিলাম, তখন আমরা চেয়েছিলাম — আপনারা জানেন যে খাদ্য বছর হচ্ছে ১লা নভেম্বর থেকে ৩১শে অক্টোবর পর্যন্ত। এই খাদ্য বছর আরম্ভ হওয়ার আগে কেন্দ্র একটা মিটিং ডাকেন। সেই মিটিংয়ের নাম হচ্ছে চীফ মিনিষ্টার কনফারেন্স। এই চীফ মিনিস্টার কনফারেন্সে ধার্য হয় যে কোন কোন স্টেটকে কতটুকু এবং কিভাবে দেওয়া হবে। এবারে যিনি ইউনিয়ন এগ্রিকালচার মিনিস্টার, তিনি ভীষণ প্র্যাগমেটিক, ভীষণ প্রাকটিক্যাল। আমরা গিয়ে দেখলাম যে তিনি সমস্ত চীফ মিনিস্টারকে এক জায়গায় ডাকেন নি। তিনি পৃথক পৃথকভাবে বিভিন্ন স্টেটকে মিট করলেন যার ফলে বিভিন্ন স্টেট যাতে অধিকার পায়, লজ্জা থেকে মুক্তি পায় নিজেদের কথা বলবার। আমরা বলেছিলাম হ্যাঁ, ৫ লক্ষ টন আমাদের করা উচিত। কিন্তু মাননীয় এগ্রিকালচার মিনিষ্টার আপনার কাছে নিবেদন করব যে আমাদের প্র্যাগমেটিক হতে দিন। আমাদের লক্ষ্য হচ্ছে ৩ লক্ষ টন এবং আমরা যাতে সেটা সংগ্রহ করতে পারি। আমরা প্রতিবার একটা লক্ষ্যের কথা বলি, প্রতিবার সেই লক্ষ্যতে পৌঁছতে পারিনা এবং আমাদের মধ্যে হতাশ আছে। মাননীয় অধ্যক্ষ মহাশয়, একটা কথা এই সরকার সম্পর্কে বলব যে এই সরকার সত্যি কথা বলবার সাহস রাখে। এই সরকার আগের বছর ৫ লক্ষ্য টন বলেছিলাম। এবারে বলছি ৩ লক্ষ টন, কারণ এই সরকার মানুষকে ধোঁকা দিতে চায়না। এই সরকার পশ্চিমবাংলার ৪ কোটি ৮০ লক্ষ মানুষের কাছে মিথ্যাবাদী হতে চায়না। এই সরকার বলতে চায় আমরা যা পারি, আমাদের যেটা সম্ভব, সরকারী যন্ত্রের মাধ্যমে, আমাদের সাথীদের মাধ্যমে শুরু সেটাই আমরা তুলব, আমরা ভেবেছিলাম সে আমাদের মধ্যে বসা ওদিকের ৩৫ জন সদস্য, এদিকের ৫জন সদস্য এবং কংগ্রেসে (ও) ২ জন সদস্যর সাহায্য পাব। আজকে বিচলিত হচ্ছি কারণ এই সাহায্য পাবনা, শুধু সমালোচনাই পাব। সুতরাং সমালোচনাকে সামনে রেখে আমরা প্র্যাগমেটিক হতে চেষ্টা করেছি। আমরা আবার চেষ্টা করছি যাতে ৩ লক্ষ টন পাই। একটা জিনিস ভাবতে হবে। আজকে সদস্যরা বারবার একটা কথা বলছেন যে চাষীদের দাম বাড়িয়ে দিতে হবে। আপনাদের কি ধারণা যে সরকারে যারা বসে আছে তারা এত নীচ, এত লোভী এবং এত স্বার্থপর যে তারা চাষীদের দুঃখের কথা বোঝে না? আপনারা গত বছরের কথায় আসুন। গত বছর যখন নর্থ বেঙ্গলে অতিবৃষ্টি হ'ল এবং সাউথ বেঙ্গলে যখন অনাবৃষ্টি হল তখন পুরুলিয়ার মত জায়গায়, বাঁকুড়ার মত জায়গায় ১.৫০ পয়সাও চাল কিনতে পারেনি। তারা আজকে পাট বিক্রয় ক'রে দিচ্ছে। তাদের সংসার বাঁচাবার জন্য পাট বিক্রয় করে দিয়ে যে টাকা পাচ্ছে সেটা দিয়ে সাতদিন খেয়ে বাঁচবার চেষ্টা করেছে। আপনার বিভিন্ন জায়গায় নোঙরখানা খুলতে হয়েছে। সুতরাং আজকে আপনারা যদি ধানের দাম বাড়িয়ে দেন তাহ'লে চালের দাম বাড়াতে হবে। এটা ভাবতে হবে এবং নিশ্চয়ই আমরা চাষীদের কথা ভাববে। চাষী আমাদের ঐশ্বর্য, চাষী আমাদের গর্ব, নিশ্চয়ই আমরা চাষীর কথা ভাববে, তা না হলে সরকারে আসা আমাদের পক্ষে সম্ভব হত না এবং সরকারে থাকেতে পারতাম না। আপনারা জানেন যে আজকে ক্ষেতখামারে যে চাষী কাজ করে সে আগে ৩ টাকা পেত কিন্তু আজকে সেখানে ৬৲ টাকা দেবার কথা হচ্ছে। কাজেই এটা চাষীর সম্পর্কে ভাবা হচ্ছে। আজকে আপনারা জানেন যে যারা জমিহীন চাষী আছে তাদের জন্য জমি বন্টন করা হচ্ছে। সুতরাং এই সরকার প্রতিদিন, প্রতি মুহূর্তে একটা কথা বলতে পারে যে আমরা সারাক্ষণ পশ্চিমবাংলার মানুষের কথা ভাবি। অনেক জায়গায় আমরা পারি আবার অনেক জায়গায় পারিনা। অনেক জায়গায় অনেক সমালোচনা আসে যেটা আমাদের পক্ষে প্রাপ্য। সমালোচনায় আমরা ভয় পাই না তার জন্য আমরা লজ্জিত নই কারণ আমারা কাজ করেছি, তার প্রমাণই হচ্ছে সমালোচনা। যেখানে কাজ নেই সেখানে সমালোচনার প্রশ্ন আসেনা। সুতরাং আজকে আপনাদের একটা অনুরোধ করব — আপনারা জানেন শহরে যেসমস্ত মানুষ আছেন তাঁদের মধ্যে অনেকে প্রফেসারী করেন, ডাক্তারী করেন, ইঞ্জিনিয়ারীং করেন এবং তাঁরা একটা ট্যাক্স দেন এবং এই ট্যাক্স বিভিন্ন ইনকামের

ওপর স্তরবিন্যাসে আসে।

[5.50 - 6.00 p.m.]

ঠিক তেমনি আজকে আমরা সবাই নয় — অজিত দা একটা কথা বললেন — গরীবদের উপর আজকে যাদের চার একর বা ১২ বিঘা জমি আছে তাকে আমরা কোন আওতার মধ্যে আনলাম না। চার থেকে পাঁচ বিঘা যাদের জমি আছে তাদের আমরা মাত্র এক কুইন্টাল চেয়েছি। এটা আপনাদের কাছে একান্তভাবে নিবেদন ভিক্ষা, যে আপনারা নিজেরা দয়া ক'রে বোঝবার চেষ্টা করুন। বাংলাদেশের মানুষকে বাঁচাতে গেলে কিছু লোককে স্বার্থত্যাগ করতে হবে এবং যেখানে আমাদের ডেফিসিট স্টেট সেখানে আপনি চাইলে পাবেন না। আপনাকে কিছু পেতে গেলে কিছু কোয়াপরেশন করতে হবে। আজকে আমরা যদি ৭৭ এর জায়গায় ১০০ কাটা দাম ক'রে দিই, আজকে অফুরন্ত গরিব আছেন যাঁরা চাষী নয় কিন্তু যাঁদের খাবার অধিকার আছে, তারা কোথা থেকে সেই চাল কিনবে, সেই কথাটা এই প্রসঙ্গে আপনাদের কাছে তুললাম। পুরুলিয়া, বাঁকুড়ার কথা, খুব বেশি দিনের কথা নয় — সেখানে গরিব মানুষের কার্ড বেচে দিয়েছে, বিভিন্ন জায়গায় লঙ্গরখানা খুলতে হয়েছে। আপনারা জানেন এফ সি আই থেকে আজকে নিয়ে আসা — সরকার বারবার ভেবেছে, খাদ্য এমন একটা সিরিয়াস জিনিস, এটা নিয়ে বিজ্ঞ করা যায় না। এটা নিয়ে জুয়া খেলা যায় না। সুতরাং পশ্চিমবঙ্গের মানুষকে খাদ্য পৌঁছে দিতে হবে। মাননীয় সদস্যরা সব কথা বললেন, একটা কথা তাঁদের কাছ থেকে বারবার আশা করেছিলাম কিন্তু সেই বন্ধুরা কেউ এখানে রাখলেন না। আমাদের এখানে যে চালটা আসে, সেটা হচ্ছে আতপ চাল। এই চাল খেলে আমাদের পেটে সহ্য হয় না। সেইজন্য পশ্চিমবাংলার মানুষের কাছ থেকে আমি চাইছিলাম যে, কেন্দ্রিয় সরকারের কাছে তাঁরা এই কথা বারবার বলবেন, যে ৫০০ গ্রাম তোমরা চাল দাও, সেটা আতপ দিওনা, সিদ্ধ দাও। মাননীয় অধ্যক্ষ, আপনার মাধ্যমে নিবেদন করছি এই কথা আমি কেন্দ্রীয় মন্ত্রির কাছে বলেছি, কেন্দ্রিয়মন্ত্রি ভীষণ প্রাকটিকাল, তিনি চারটি স্টেটকে আলরেডি জানিয়েছেন যে তোমরা সবাই সিদ্ধ চাল কর, পশ্চিম বাংলায় যে চাল যাবে — আমাকে তিনি ব্যক্তিগতভাবে চিঠি দিয়ে জানিয়েছেন যে তিনি এফ সি আইকে বলেছেন সারা ভারতবর্ষে অন্ধ্র বাদে, অন্ধ্রের চাল কোথায় যাবে, উড়িষ্যা, মধ্যপ্রদেশ বা ইউ পি তে কোথায় কোন সিদ্ধ চাল যা আছে সেটা কলকাতা শহরে আসবে। স্ট্যাটুটারী রেশনিং এর মাধ্যমে যদি আমরা সিদ্ধ চাল দিতে পারি তাহলে আজকে গ্রামবাংলার চালের দাম কমবে। এটা আমি আশা করেছিলাম মাননীয় সদস্যরা এই বিষয়ে উত্থাপন করবেন। আজকে আমি যে কথাটা বললাম সূচনা আমাদের ভাল। গত বছর এই দিনে, এই দিন বলব না, আমি এটা ডেট নিয়েছি ২৬শে নভেম্বর, ২৬শে নভেম্বর যদি দেখা যায়, গত বছর আমরা মাত্র সংগ্রহ করতে পেরেছিলাম ৬ হাজার ২৯৮ মেট্রিক টন। এই বছর ২৬শে নভেম্বর আমাদের প্রকিওরমেন্ট হয়েছে ১৯ হাজার ৫৯৯ মেট্রিক টন। মাননীয় অধ্যক্ষ মহাশয়, আপনার মাধ্যমে আবার নিবেদন করব এবং আমি মাননীয় সদস্যদের কাছে এই কথা বলব যে এবারে চালের দাম প্রকিওরমেন্ট প্রাইসের কাছে সমতা নিয়ে এসেছে। গত বছর থেকে প্রতিটি জেলায় — আপনারা সবাই জেলার প্রতিনিধি, আপনারা জেলা সম্পর্কে আমার চেয়ে বেশি ওয়াকিবহাল সেখানে আজকে চালের দাম গিয়ে পৌঁছেছে এবং ধানের যে দাম, সেই ধানের দামের একটা সমতা এসেছে। সুতরাং এই বছর তিন লক্ষ কেন, আমরা যদি সাত লক্ষ প্রকিওর করতে পারি, আমরা আশ্চর্য হব না। আমরা ৩ লক্ষ টন বলেছি, কিন্তু তার মানে ৩ লক্ষ টনের পর আর করব না তা নয়। মিনিমাম ৩ লক্ষ টন করব। সম্ভব হ'লে ৭ লক্ষ, ৮ লক্ষ টন প্রোকিওর ক'রে বাফার স্টক করব। এফ সি আই -র কথা বলা হয়েছে। আজকে তার জন্য আমাদের দুটো জিনিষ দরকার। এফ. সি. আই. কে তুলে দিতে গেলে আজকে আমাদের যে ইনফ্রাস্ট্রাকচার দরকার, সেই ইনফ্রাস্ট্রাকচার বিপ্লেস করতে পারে কো অপারেটিভ। গত বছর এবং তার আগের বছর আমাদের যে নাম্বার অব কো অপারেটিভস দিয়ে কাজ করিয়েছি এবছর তার চেয়ে অনেক বেশি কাজ করছে এবং আমাদের কো অপারেটিভ বিভাগের মন্ত্রীমহাশয় খুবই সজাগ। যাতে কো অপারেটিভ আলটিমেটলি সমস্ত দায়িত্ব নিতে পারে তার জন্য সরকারও উদগ্রীব। মাননীয় সদস্য অজিতদা একটা কথা

বললেন — মাননীয় অধ্যক্ষ মহাশয়, তিনি বললেন যে, এই সরকার বিদেশ থেকে বেশি পয়সা দিয়ে জিনিস কিনে আনে তবু নিজেদের লোকদের দেয় না। ৭৩ সালে আমি যখন প্রথম খাদামন্ত্রি হয়েছিলাম তখন আমার মনে আছে কেন্দ্র লক্ষ লক্ষ ডলার খরচ ক'রে কানাডা তেকে, অস্ট্রেলিয়া থেকে, আমেরিকা থেকে গম কিনে নিয়ে এসেছিলে। তখন পাঞ্জাবে এবং হরিয়ানার চাষীরা দুঃখ ক'রে বলেছিল, আমাদের এর অর্ধেক দাম দেওয়া হ'লে যে ঘাটতি আছে তার সবটাই পূরণ ক'রে দিতে পারব। তখন আমার মনেও প্রশ্ন এসেছিল অজিতদাব মত যে, সত্যিই তো ভারতবর্ষের মানুষ যেটা দিতে পাবে সেটা কেন আমাবা বাইবে থেকে আনব? আমি তৎকালীন এগ্রিকালচার মিনিষ্টাব এবং মিনিষ্টাব অব স্টেট কে কথাটা বলেছিলাম যে, কেন আপনাবা এত লক্ষ ডলার দিয়ে গম কিনছেন, যেখানে ওরা দিতে পাবে সেই কথা শুনে তৎকালীন খাদামন্ত্রি ফকরুদ্দিন আলী আহমেদ সাহেব আমাকে বলেছিলেন যে ঘোব, অনাবৃষ্টি বা অতিবৃষ্টি একবারই হতেপাবে — আজকে সেই একবারই অনাবৃষ্টি বা অতিবৃষ্টিব জন্য লক্ষ লক্ষ ডলার খরচ কবছি এবং এটা একবারই কবব। কিন্তু যদি একবার দাম বাড়িয়ে দিই তাহ'লে কোনদিন আর দাম কমাতে পাবব না। তোমাব কি ধারণা নেই সাবা ভাবতবর্ষেব পার ক্যাপিটা ইনকাম কি? আজকে এ দামে দিয়ে গম ক্রয় কবলে সেই গম কটা লোক দাম দিয়ে কিনতে পাববে? তাহ'লে সেক্ষেত্রে আমাদের সাবসিডি দিতে হবে। সেই যে টাকাটা সাবসিডি দিতে হবে এবং সেই সাবসিডিব টোটাল আমাউন্ট সেটা দিতে হবে এবং টোটাল আমাউন্ট হাব পবেন এক্সচেঞ্জ যেটা আমবা গম কিনলাম এই দুটোব মধ্যে তফাতটা হিসেব কবে দেখেছ কি? তাঁব সেই কথা আমাব ভাল মনে আছে। আজকে আপনাদের কাছে আমি নিবেদন কবব যে, তিন লক্ষ টন নয়, ৭ লক্ষ টনও আমবা প্রকিওর কবতে পবি। মাননীয় সদস্যবা সমালোচনা কবুন ১০০ বার কবুন, মধ্যে থেকে সেটা স্বীকার ক'রে নেব। কিন্তু সহযোগিতা কবুন যাতে আমবা পশ্চিম বাংলার মানুষের মুখে অন্ন তুলে দিতে পবি, ৪ কোটি চার লক্ষ লোকের মুখে হাসি আনতে পবি। আর একটা কথা হচ্ছে গত বছরের কথা যদি মনে করেন তাহ'লে দেখতে পাবেন গত বছর আগষ্ট, সেপ্টেম্বর, অক্টোবর মাসে কি অবস্থা হয়েছিল। সেই সময় স্পেশাল অ্যাসেম্বলী ডাকা হয়েছিল অন ফুড। গমের দামের কথা বলা হচ্ছে, আজকে এমন ডিষ্ট্রিক্ট আছে যেখানে বেশনে যে গম দেওয়া হচ্ছে সেই গম বাইরে থেকে তার চেয়ে সস্তায় তারা গম পাচ্ছে। তার চেয়ে সস্তায় মুর্শিদাবাদে গম পাওয়া যাচ্ছে, তার চেয়ে সস্তায় গম মালদহে পাওয়া যাচ্ছে। সুতরাং আমরা চাই না চাষীরা ক্ষতিগ্রস্ত হোক। আমরা আপনাদের সহযোগিতা চাই তাহ'লে ৩ লক্ষ টন কেন, ৭ লক্ষ টনও আমরা উদ্ধার করতে পারব।

ADJOURMENT

The House was then adjourned at 6 p m. till 1 p.m on Wednesday, the 3rd December, 1975, at the Assembly House, Calcutta.

Proceedings of the West Bengal Legislative Assembly assembled under the provisions of the Constitution of India

The Assembly met in the Assembly House, Calcutta, on Wednesday, the 3rd December, 1975 at 1 P.M.

PRESENT

Mr. Speaker (Shri Apurba Lal Majumdar) in the chair, 8 Ministers, 4 Ministers of State and 188 Members.

[1.00 - 1.10 P.M]

Oath or Affirmation of Allegiance

Mr Speaker : Honourable members, if any of you have not yet made an oath or affirmation of allegiance, may kindly do so.

(There was none to take oath.)

Starred Questions to which oral answers were givene

তেনুঘাট হইতে চাষের জমিতে জল সরবরাহ

*৬। (অনুমোদিত প্রশ্ন নং *৫।) **শ্রীগণেশ হাটুই :** সেচ ও জলপথ বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি —

(ক) ১৯৭৫-৭৬ সালে বোরো চাষের জন্য (১) ডি ভি সি-র জলাধার থেকে কত জমিতে জল দেওয়া হবে, ও (২) তেনুঘাট থেকে কত জল দেওয়া হবে, এবং

(খ) তন্মধ্যে, (১) হুগলি জেলায়, ও (২) জাঙ্গিপাড়া বিধানসভা কেন্দ্রে কত জমিতে জল পাওয়া যাবে?

শ্রী আবুল বরকত আতাউল গনি খান চৌধুরী : (ক) (১) প্রায় ১,৩০,০০০ একর।

(২) উপরি-উক্ত বোরো জমিতে জল দেওয়ার জন্য তেনুঘাট হইতে জল লওয়ার প্রয়োজন নাই।

(খ) (১) এবং (২) বিষয়টি বর্তমানে কৃষি বিভাগের বিবেচনাধীন আছে।

শ্রীগণেশ হাটুই : গত বছরে তেনুঘাট থেকে জল পাবার ফলে হুগলি জেলায় ৬৩ হাজার একর জমিতে বোরো চাষ হয়। এবছর কি সেখান থেকে জল পাবার সম্ভাবনা নেই?

শ্রী আবুল বরকত আতাউল গনি খান চৌধুরী : আমরা বিহারের সঙ্গে কথাবার্তা বলছি তেনুঘাট থেকে জল পাবার জন্য। মোটামুটি ভাবে বিহার আশ্বাস দিয়েছে। কিন্তু যে ফাইনাল সিগনাল পাচ্ছি না যে আমরা প্ল্যানিংয়ে ধরছি না। আমরা ফল ধরব।

শ্রীগণেশ হাটুই : ১ লক্ষ ৩০ হাজার জমিতে বোরো চাষের জন্য জল দেওয়া হবে এর চেয়ে কি কমানো হবে?

শ্রী আবুল বরকত আতাউল গনি খান চৌধুরী : নিশ্চয় কমানো হবে না। তবে কতটা কতটা হুগলি পাবে, কতটা বর্ধমান পাবে সেটা কৃষি বিভাগ ঠিক করেন এবং কোথায় কোথায় জল দিতে হবে সেটা আমরা কৃষি বিভাগের উপর ছেড়ে দিয়েছি এবং তাদের নির্দেশ অনুসারে কাজ করি।

শ্রীমহঃ শাকিউল্লা : প্রতিশ্রুতি মত জল পাওয়া যাবে কিনা জানাবেন কি ?

শ্রীআবুল বরকত আতাউল গনি খান চৌধুরী : নিশ্চয় জল পাওয়া যাবে, এ বিষয়ে সন্দেহ নেই।

শ্রীঅশ্বিনী রায় : বোরো মরসুমে তেনুঘাট থেকে কত কিউসেক জল পেয়েছিলেন ?

শ্রীআবুল বরকত আতাউল গনি খান চৌধুরী : নোটিস চাই।

শ্রীঅশ্বিনী রায় : আন্দাজ কত একর জমিতে চাষ করতে পেরেছিলেন ?

শ্রীআবুল বরকত আতাউল গনি খান চৌধুরী : গত বছরের চেয়ে এবছর জলের অবস্থা ভাল হবে। আমাদের রিজার্ভারে যে জল আছে তা নিয়েই আমরা প্ল্যান করছি, সেখানকার জল ধরি না। তাঁদের আশ্বাসের উপর গ্রীন সিগনাল আমরা রিভাইজড প্ল্যান করব।

শ্রীঅশ্বিনী রায় : তেনুঘাটের সাহায্য ছাড়া আমরা জল দিতে পারেন না। কিন্তু এবছর কেন এভারেজ কমাচ্ছেন।

শ্রীআবুল বরকত আতাউল গনি খান চৌধুরী : আমরা বোরোটাকে ডিসকারেজ করছি, হুইটটাকে এনকারেজ করছি। বোরোতে বেশি জল লাগে এবং যেসমস্ত টেল এন্ড এরিয়া আছে সেখানে বোরোতে জল পৌঁছানো আরও কষ্টসাধ্য। এজন্য আমরা এটা এনকারেজ করছি না। এই ফিগারগুলি এগ্রিকালচার ডিপার্টমেন্ট আমাদের দিয়েছে, আমরা এগ্রিকালচার ডিপার্টমেন্টের ফিগার মত কাজ করার চেষ্টা করব।

শ্রীঅজিত বসু : আপনি ডিসকারেজ করলেও চাষীরা বোরো চাষ করবে। তুলনামূলকভাবে হুগলী অনেক কম জল পায়, সেটা ইমপ্রুভ করবেন কিনা এবং টেল এন্ডে জল ঠিকমত পৌঁছে দেবেন কিনা ?

শ্রীআবুল বরকত আতাউল গনি খান চৌধুরী : মাননীয় সদস্যদের অনুরোধ করছি এই ব্যাপারটা এগ্রিকালচার ডিপার্টমেন্ট করে থাকে। আমরা যখন থেকে শাসনভার গ্রহণ করেছি তখন থেকে এই সিস্টেম গ্রহণ করেছি যে ইরিগেশান ডিপার্টমেন্ট এগ্রিকালচার ডিপার্টমেন্টের কথামত জল দেবে। কোথায় কত জল দিতে হবে না দিতে হবে সেটা ঠিক করবে এগ্রিকালচার ডিপার্টমেন্ট।

শ্রীবলাইলাল শেঠ : মাননীয় মন্ত্রিমহাশয় বলছেন এগ্রিকালচার ডিপার্টমেন্ট কোথায় কতখানি জল দেওয়া হবে সেটা বলবে। আমরা কি চাষীদের কাছে একথা বলব কোন ডিপার্টমেন্টের সঙ্গে যোগাযোগ করে তারা বীজ ফেলবে কিনা ? এগ্রিকালচার ডিপার্টমেন্টের কাছে জানতে গেলে বলে কতটুকু জল দিতে পারব বলতে পারছি না, সিঙ্গুর, চণ্ডীতলা, জঙ্গীপাড়া এলাকায় জল দেওয়া হবে না। মন্ত্রিমহাশয় বলছেন গম চাষকে উৎসাহ দেওয়ার জন্য জল কম দেওয়া হচ্ছে। আমার প্রশ্ন হচ্ছে এই তিন ব্লকে এলাকায় জল পাওয়া যাবে না ?

শ্রী আবুল বরকত আতাউল গনি খান চৌধুরী : ডিটেল আমার পক্ষে বলা সম্ভব নয়। এটা এগ্রিকালচার ডিপার্টমেন্ট করে থাকে। আমি এবং এগ্রিকালচার মিনিস্টার মিটিং করে এগ্রিকালচার ডিপার্টমেন্টের অফিসারদের নিয়ে আমরা বসে এই সিদ্ধান্ত নিয়েছি Details have to be worked out and the details are to the worked out by the Department of Agriculture.

শ্রীগণেশ হাটুই : মাননীয় মন্ত্রিমহাশয় দয়া করে জানাবেন কি বিহার গভর্নমেন্টের সঙ্গে কি যোগাযোগ করবেন যাতে তেনুঘাট থেকে জল পাওয়া যায় ? এই প্রতিশ্রুতি না পেলে বীজ ফেলা যাবে না। যদি বোরো চাষ বাড়াতে হয় তাহলে তেনুঘাট থেকে জল নিতে হবে। সেই জল পাওয়ার সম্ভাবনা করে আপনি জানাতে পারবেন ?

শ্রীআবুল বরকত আতাউল গনি খান চৌধুরী : আমরা খুব তাড়াতাড়ি চেষ্টা করছি। লাস্ট ইয়ারে নানা কারণে দেরি হয়ে গিয়েছিল, এবছরে আমরা তাড়াতাড়ি যাতে বিহার থেকে গ্রীন সিগনাল পাই তার জন্য চেষ্টা করছি। আমি আমার দপ্তরের সেক্রেটারীকে পাটনায় পাঠিয়েছিলাম, তিনি তাঁদের সঙ্গে কথা বলেছেন এবং তাঁরা আশ্বাস দিয়েছেন। সেটা কাগজে কলমে পেলে আপনাদের বলতে পারব।

জাঙ্গিপাড়া থানা এলাকাকে সেচ-এলাকাভুক্তির ঘোষণা

*৭। (অনুমোদিত প্রশ্ন নং *৮।) **শ্রীগণেশ হাটুই :** সেচ ও জলপথ বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি ?

(ক) ইহা কি সত্য যে (১) হুগলি জেলার জাঙ্গীপাড়া থানায় ১২৯টি মৌজার মধ্যে ৬টি মৌজা অ-সেচ এলাকাভুক্ত ও বাকিগুলি আংশিক সেচ-এলাকাভুক্ত, ও

(২) সরকারী গেজেটে জাঙ্গীপাড়া থানাকে সম্পূর্ণ সেচ-এলাকাভুক্ত বলিয়া ঘোষণা করা হইয়াছে, এবং

(খ) সত্য হইলে ইহার কারণ কি ?

শ্রীআবুল বরকত আতাউল গনি খান চৌধুরী : (ক) (১) ও (২) হ্যাঁ।

(খ) মোট ১২৯টি মৌজার মধ্যে মাত্র ৬টি মৌজার সেচের জল দেওয়া নানা কারণে সম্ভব হয় না। বাকি ১২৩টি মৌজায় সেচের জল দেওয়া সম্ভব হয়। এমতাবস্থায় থানাটিকে সম্পূর্ণ সেচ এলাকাভুক্ত বলিয়া ঘোষণা করা হইয়াছে।

শ্রীগণেশ হাটুই : ১২৯টি মৌজার মধ্যে ৬টি মৌজা অসেচ এলাকা, বাকি যেগুলি আছে সেগুলি আংশিক সেচ এলাকাভুক্ত। এই ১২৯টি মৌজায় ১০ থেকে ৮০ শতাংশ জমি জল পায়, অথচ এই এলাকাকে সেচ এলাকাভুক্ত গণ্য করে এবং সেই অনুযায়ী তাদের লেভি দিতে হচ্ছে সিলিং কমে যাচ্ছে, এবং চামির ওপর বাড়তি ধার্য হচ্ছে। এটা কি ন্যায্য হচ্ছে ?

[1.10 - 1.20 P.M]

শ্রীআবুল বরকত আতাউল গনি খান চৌধুরী : এরকম যদি সংবাদ থাকে যে কারুর জমিতে ইরিগেশন হচ্ছেনা অথচ তার কাছ থেকে ওয়াটার রেট আদায় করছে তাহলে আমাকে জানাবেন, আমি নিশ্চয়ই দেখব। আমাদের বর্তমান পলিসি হচ্ছে যেখানে আমরা জল দিতে পারব না সেখানে আমরা ওয়াটার রেট আদায় করব না। তাছাড়া মাননীয় সদস্যরা জানেন কম্যান্ড এরিয়া ডেভেলপমেন্ট অথরিটি বলে একটা ডিপার্টমেন্ট এগ্রিকালচার ডিপার্টমেন্টের সঙ্গে যুক্ত আছে এবং তারা ফিল্ড চ্যানেল করবার দায়িত্ব নিয়েছে। এই ফিল্ড চ্যানেল করতে পারলে অনেক জায়গায় ইরিগেশনের সুবিধা হবে বলে আশা করি।

শ্রীগণেশ হাটুই : মন্ত্রিমহাশয় বলেছেন যেখানে জল যাচ্ছে না সেখানে জলকর আদায় করা হচ্ছে না, এটা ঠিক কথা। আমার প্রশ্ন হচ্ছে যেহেতু একে সেচ এলাকা বলে ঘোষণা করা হয়েছে সেই ঘোষনা অনুযায়ী লেভির জন্য যে সিলিং আছে ৪ একর এবং ৬ একর সেই সিলিং ৪ একর কোথাও হয়েছে অথচ সেখানে জল যাচ্ছে না আবার খাজনার ক্ষেত্রে দেখছি রেভিনিউ ডিপার্টমেন্ট ৩ গুণ খাজনা আদায় করছে। অর্থাৎ আমরা দেখছি চাষীদের উপর দুদিক থেকে আদায় করা হচ্ছে এবং তার মধ্যে একটা হচ্ছে জল যাচ্ছে না অথচ বেশি করে আদায় করা হচ্ছে এবং লেভি সিলিং ৪ একর বাদ দেওয়া হচ্ছে।

শ্রীআবুল বরকত আতাউল গনি খান চৌধুরী : যে জায়গাকে আমরা সেচ এলাকা ব'লে ডিক্লেয়ার করি সেখানে আমরা জল দেই। এখানে যদি কোন দোষত্রুটি হয়ে থাকে তাহ'লে নিশ্চয়ই আমরা সেটা দেখব।

শ্রীমহম্মদ সফিউল্লা : মন্ত্রিমহাশয় জানাবেন কি সেচ এবং অসেচ এলাকা কিসের ভিত্তিতে ঘোষণা করা হয়?

শ্রীআবুল বরকত আতাউল গনি খান চৌধুরী : আমরা নর্ম্যালি দুরকম জল দিয়ে থাকি এবং তার মধ্যে একটা মাইনর ইরিগেশন থেকে দিয়ে থাকি যেটা এগ্রিকালচার ডিপার্টমেন্টের আন্ডারে এবং আর একটা হচ্ছে কম্যান্ড এরিয়া। ইরিগেশন ডিপার্টমেন্ট একটা দিয়ে থাকে তাকে বলি সার্ফেস ইরিগেশন।

শ্রীভবানী প্রসাদ সিংহরায় : মন্ত্রিমহাশয় নিশ্চয়ই জানেন এখন সেটেলমেন্ট চলছে। এই সেটেলমেন্টে ডি ভি সি-র কম্যান্ড এরিয়ায় ইরিগেশন ডিপার্টমেন্টের কাছে যখন ডি ভি সি ভার অর্পণ করে তখন ডি ভি সি একটা সবৃক্ত মানচিত্র ইরিগেশন ডিপার্মমেন্টের কাছে দেয়। সেই মানচিত্র অনুযায়ী বিভিন্ন ডি ভি সি কম্যান্ড এরিয়ায় সেটেলমেন্ট হচ্ছে। আমি জিজ্ঞাসা করছি এই ব্যাপারে উপযুক্ত তদন্ত ক'রে যেখানে সেচের জল যায় তাকে সেচের অন্তর্ভুক্ত করা হবে কিনা?

শ্রীআবুল বরকত আতাউল গনি খান চৌধুরী : ডি ভি সি-র নকশায় কি আছে আমি জানি না। আমি মাননীয় সদস্যদের অনুরোধ জানাচ্ছি তাঁরা যেন আমাকে বলেন কোথায় আমরা জল দিতে পারছি এবং কোথায় দিতে পারছি না। তাঁরা জানালে আমরা সেইভাবে কাজ করব। নকশায় কি আছে আমি জানি না।

কৌশিকী ও দই আসরী নিকাশী খাল খননের কাজ

*৮। (অনুমোদিত প্রশ্ন নং *৯।) **শ্রীগণেশ হাটুই :** সেচ ও জলপথ বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি, হুগলি জেলার জাঙ্গীপাড়া ও চন্ডীতলা থানার অন্তর্গত মুন্ডলিকা, আঁইয়া ও হরিপুর অঞ্চলের মধ্য দিয়া প্রবাহিত বহু পুরাতন কৌশিকী ও দই আসরী নিকাশী খালটির খননের কাজ কোন্ পর্যায়ে আছে?

শ্রীআবুল বরকত আতাউল গনি খান চৌধুরী : হুগলি জেলার জাঙ্গীপাড়া ও চন্ডীতলা থানা নিম্ন দামোদর বেসিন এলাকার অর্ন্তভুক্ত। বর্ত্তমানে ঐ এলাকার কৌশিকী ও দয়াময়ী খাল দুইটির খননের কোন স্বতন্ত্র পরিকল্পনা নাই।

নিম্ন দামোদর প্রকল্প সম্পূর্ণ হইলে ঐ এলাকায় জলনিকাশী সমস্যা অনেকাংশে প্রশমিত হইবে। ইহার পরও যদি প্রয়োজন হয় তবে ঐ খাল দুইটিরও সংস্কার সাধনের কথা বিবেচনা করা হইবে।

শ্রীগণেশ হাটুই : মাননীয় মন্ত্রিমহাশয়, জানেন কি যে এই কৌশিকী ও নইআশরী নিকাশী খালটি মজে যাওয়ায় ফলে ওখানকার ঐ তিনটি অঞ্চলে প্রায় ২০ হাজার একর জমি প্লাবিত হয়েছে। ঐ খাল নিকাশীর জন্য ৮০ হাজার টাকার একটা স্কিম আপনার দপ্তরে পাঠানো হয়েছিল সে বিষয়ে আপনি অনুসন্ধান করবেন কি?

শ্রীআবুল বরকত আতাউল গনি খান চৌধুরি : আপনারা যদি নিম্ন দামোদর পরিকল্পনা ত্বরান্বিত করতে পারেন তাহ'লে অনেক সুবিধা হয়। আর আপনি যে স্কিমের কথা বললেন আমি সেটা খোঁজ নিয়ে দেখব।

Calling Attention to matters of urgent public importance

Mr Speaker : The Hon'ble Minister-in-charge of the Home (Police)Deptt. will please make a statement on the subject of clashes during harvesting on crops–attention called by Shri Mohammad Dedar Baksh and Shri Kashinath Misra on the 2nd December, 1975.

শ্রীমোতাহার হোসেন : মাননীয় অধ্যক্ষ মহাশয়, ৩০ ১১ ১৯৭৫ তারিখে নদিয়া জেলার নাকাশী পাড়া থানায় সংঘটিত ঘটনা সম্পর্কে মাননীয় সদস্য শ্রীদেদার বক্স এবং শ্রীকাশীনাথ মিশ্র মহাশয়ের আনীত দৃষ্টি আকর্ষণী বিজ্ঞাপ্তির জবাবে আমার বক্তব্য পেশ করছি।

২৯-৩০ ১১.১৯৭৫ তারিখে রাত্রি প্রায় ১১টা নাগাত নাকাশীপাড়া থানার অন্তর্গত ভোলাডাঙ্গা গ্রামের হেকমত শেখ এবং হারাম শেখ তাঁহাদের গ্রামের জমিতে একটি অস্থায়ী ছাউনির মধ্যে ঘুমিয়ে ছিল। হেকমত শেখ হারান শেখের নিয়োজিত দিনমজুর। তাহারা উভয়ে হারান শেখের জমিতে উৎপাদিত ধান পাহারা দিতেছিল। মারাত্মক অস্ত্রসস্ত্রে সজ্জিত ৬।৭ জন অচেনা লোক তাহাদের আক্রমণ করে গুরুতরভাবে আহত করে। হেকমত শেখ কয়েক ঘন্টার মধ্যেই মারা যায়। এই ঘটনায় নাকাশীপাড়া থানায় একটি মামলা দায়ের করা হয়েছে।

জানা গিয়াছে, হেকমত শেখ জমির মালিকও নহে, বর্গাদারও নহে। হারান শেখের অনুরোধক্রমে সে তাহার সহিত শস্য পাহারা দিতে আসিয়াছিল। হারান শেখ আক্রমণকারীদের চিনিতে পারে নাই। সে বলিয়াছে, আগের রাত্রে ঐ গ্রামের শচীন ঘোষের উপর যে হামলা হয় তাহারই পাল্টা ব্যবস্থা হিসাবে ঐ আক্রমণ হইয়া থাকিতে পারে। জানা গিয়েছে পূর্ব রাত্রে এই শচীন ঘোষ যখন হারা সর্দার নামে এক ব্যক্তির শস্য পাহারা দিতে নিযুক্ত হইয়াছিল তখন তাহার উপর কয়েকজন দুষ্কৃতকারী আক্রমণ করে শচীন ঘোষ এবং তাহার সঙ্গীরা বর্তমানে পলাতক। স্থানীয় সূত্রে জানা গিয়াছে ঐ হারান সর্দার ধর্মদা নিবাসী শ্যামাদাস ব্যানার্জী নামে এক জনের বর্গাদার হিসাবে তিন বিঘা জমি চাষ করিয়াছে। সে শচীন ঘোষকে শস্য পাহারা দিবার জন্য নিযুক্ত করিয়াছিল। শচীন ঘোষ একজন স্থানীয় গুন্ডা প্রকৃতির লোক। সে পুলিসে পূর্ব রাত্রির ঘটনা সম্পর্কে কোন নালিশ করে নাই। কিন্তু ভোলাডাঙ্গার কয়েকজন লোককে উচিত শিক্ষা দিবে বলিয়া শাসাইয়াছে - এই রূপ জানা গিয়াছে। হারান শেখ হেকমত শেখের উপর আক্রমণ সম্পর্কে তাহাকেই সন্দেহ করিতেছে। তদন্তের পর নাকাশীপাড়া পুলিস একজনকে গ্রেপ্তার করিয়াছে। ভোলাডাঙ্গায় একটি পুলিস পিকেট বসানো হইয়াছে। তাহারা পরিস্থিতির উপর নজর রাখিতেছে। তদন্ত চলিতেছে। এত অল্প সময়ের মধ্যে আমি সমস্ত বিবৃতি দিতে পারছি না, আমি বিশদ ভাবে সংবাদ সেসনের দিন এই হাউসে রাখব।

Mr Speaker : I have received 19 notices of Calling Attention on various subjects,

1 Construction of metalled road in each constituency in West bengal- from Shri Kashinath Misra and 2 others

2. Proposed Vidyasagar University in Midnapore district–from Shri Kashinath Misra.

3. Rehabilitation of the prostitutes–from Shri Kashinath Misra and 2 others.

4. Short supply of fish in Calcutta markets– from Shri Md Dedar Baksh and another.

5. Discrininiation in remitment of amuousement tax– from Shri Md. Dadar Baksh.

6. Acute crisis of kerosene oil in rural Bengal– from Shri Md. Dadar bakah and 3 others

7 Shifting of Railway Booking offices from Howrah and Sealdah Railway Stations to Fairlie Place– from Prof Chandra Kumar De.

8. Influx of Bangladesh citizens into India– from Shri Md. Dedar Baksh

and 4 others.

9. Malpractices and favouritism in distribution of this lands in Chanditala Block-I– from Shri Md. Safiullah and another.

10. Artificial breeding of fishes– from Shri Md. Safiullah and 2 others.

11. Measures to check harvesting clashes– from Shri Md. Safiullah and 3 others.

12. Insanitary conditions in and around Bakreswar Hot Spring areas– from Shri Md. Safiullah and 3 others.

13. Employment of non-Bengalis in Andhra steel Factory an Dankuni– from Shri Md. Safiullah and 4 others.

14. Employment of local unemployed youths at Govt. Dairy farm at Dankuni– from Shri Md. Safiullah and 5 others

15. Smuggling of fivearms from Bangladesh into West Bengal– from Shri Mr. Safiullah and 5 others

16 Copying in examination centres– from Shri Md. Safiullah and 5 others.

17. Dacoities in rural areas– from Shri Md. Safiullah and Shri Ganesh Chandra Hatui.

18 Death of Ashutosh Ghoshal of Howrah Remington Workshop– from Shri Md. Safiullah and five others

19 Hoarding of reservation of scheduled castes and tribes candidate in different services in West Bengal–from Shri Monoranjan Pramanik

Out of these notices I have selected the notice of Shri Mohammad Dedar Baksh and three others on the subject of acute crisis of kerosene oil in rural Bengal The Hon'ble Minister may please make a statement on the subject today if possible, or give a date for the same

Shri Gyan Singh Sohanpal : On the next working day Sir

Presentation of Petitions

Shri Monoranjan Pramanik : Sir, I beg to present a petition under rule 163 of the Rules of Procedure and Conduct of Business in the West Bengal Legislative Assembly praying that the provisions of the existing laws are too inadequate to protect the interest of bargadars in as much as they are being evicted from the land which being cultivated by them by the jotedars in large scale and accordingly your petitioner prays that with a view to safeguarding the interest of the bargadars and to protecting them from the onslaught of jotedars appropriate legislation should be made and your petitioner as in duty bound will every pray.

Thank you, Sir.

[1.20-1.30 P.M.]

Mr. Speaker : I have received another petition from Shri Gangadhar

Pramanick on the same subject. Shri Pramanick is not present at the moment but the petition is teken as read. Both the petitions stand referred to the Committee on petitions under rule 165 of the Rules of Procedure and Conduct of Business in the West Bengal Legislative Assembly.

Stetement under Rule 346

ডাঃ জয়নাল আবেদিন ঃ মাননীয় অধ্যক্ষ মহোদয়, আপনার মাধ্যমে আমি ক্ষমা চেয়ে নিচ্ছি যদি আণ্ড ভিলেজ ইনডাসট্রিজ এনকোয়ারি কমিশনের রিপোর্ট এখানে পেস করতে পারছি না। রিপোর্টটা প্রিন্ট হয়ে গিয়েছে কিন্তু সেই রিপোর্টের সঙ্গে গভর্নমেন্ট অ্যাকশনস্ আর নট কমপ্লিট যেটা এই রিপোর্টের সঙ্গে মেমোরাণ্ডাম হিসাবে দিতে হয়। সেটা এখনও সংযোজিত হয় নি ব'লে দিতে পারছি না। সেইজন্য আপনার মাধ্যমে ক্ষমা চেয়ে নিচ্ছি। পরবর্তীকালে এই রিপোর্ট হাউসে পেশ করব।

Mr. Speaker : I now call upon Shri Pradip Bhattacharyya to make a statement under rule 346

শ্রী পঙ্কজকুমার বন্দ্যোপাধ্যায় ঃ স্যার, শ্রমমন্ত্রীমহাশয় যে বক্তব্য রাখবেন তার আগে আমাদের বক্তব্য রাখার সুযোগ দিতে হবে

Mr. Speaker : The matter regarding Taxmace was raised by Shri Ananda Gopal Mukherjee yesterday and an assurance was given by the Minister of State that he would make the statement today. So, the Hon'ble Minister of State is now making the statement

শ্রী পঙ্কজকুমার বন্দ্যোপাধ্যায় ঃ শুধু টেক্সমেকো উপর বললে আমাদের আপত্তি নেই কিন্তু টেক্সটাইল্স উপর বললে আমাদের বক্তব্য দিতে হবে

Mr. Speaker : I understand he will also refer to the general labour policy with regard to all the industries

Shri Pradip Bhattacharyya : Right, Sir

শ্রী পঙ্কজকুমার বন্দ্যোপাধ্যায় ঃ কতকগুলি তথ্য ও তত্ত্ব জানাদরকার। সেই তথ্য ও তত্ত্বগুলির উপর বক্তব্য রাখলে জিনিসটা প্রাঞ্জল হবে ব'লে আমি মনে করি।

Mr. Speaker : Let him make the statement If necessary I will give you time to express your views

Shri Pradip Bhattacharyya : Mr. Speaker, Sir, with your permission I would like to make a statement for the information of the Hon'ble Members dealing with the present state of industrial relations in the State of West Bengal as well as the steps taken by Government to streamline and improve industrial relations so that the basic objective of higher productivity and production as spelt out in the 20-point Economic Programme can be realised fully. As the Labour Minister is indisposed, I am making the statement.

After the promulgation of emergency, i. e. from 26-6-1975 till 30-11-1975 there have been 47 strikes and 41 lockouts involving 26,981 and 21,151 workmen respectively. Of these, 39 strikes and 21 lockouts have been settled involving

48,132 workman. This leaves 8 strikes and 20 lock outs still continuing till 30-11-1975 involving about 13,300 workers. Of the 20 lockouts still continuing.

The number of workers laid off was about 60,800 in the month of August, 1975, which declined to 14,200 in November, 1975. The number of units still under closure from 26-6-1975 to 30-11-1975 was 26 involving 2,649 workers. The number of persons retrenched during the period was 1,981 of which N.T.C. accounted for 1,180 workmen.

It is worthwhile to make a review of the labour situation during the corresponding period of last year. From the figures available it appears that there were 45 strikes involving 73,350 workmen and 56 lock-outs involving 11,348 workmen, making a total of 101 work-stoppages involving 84,698 workers.

During this period last year the number of workmen involved in lay-off in August, 1974 was, 1,25,475 and number of workers involved in November, 1974 was 81,647. The number of closures during the above period last year was 19 involving 1372 workmen.

The number of workmen retrenched during the said period was 989.

From the figures given it would appear that, by and large, the labour situation is happier than what it continued to be during the corresponding period in the previous year.

When we say this, we do not want to minimise the gravity of the situation occasioned by instances of work-stoppages still continuing. It is more distressing that there should be so many cases of work-stoppage during emergency even though figures all round are better that last year's.

As Hon'ble Members are aware, the State Government constituted an Apex Body to monitor and streamline the state of industrial relations in this state. Two meetings of this body have been held so far. Three of the important decisions of this body were –

(1) no party should take unilateral action without giving the Government a chance to examine the matter,

(2) advance intimation should be given to Govt. by the management if they find any difficulty in keeping the plant going with the full complement of workers;

(3) there should be sharing of information between the management and the workers at all levels starting from the plant level.

It is a matter of disappointment that the above decisions of the Apex Body are not being fully implemented which incidentally brings to fore the limitation of a policy of persuasion in labour disputes. We have been working at amendment of the Industrial Disputes Act to make prior consultation with Govt. legally mandatory in all cases of mass lay-off and mass retrenchment. It is also understood that the Govt. of India has also been contemplating taking action on

similar lines. As soon as it becomes legally and statutorily mandatory to consult the Govt. before any unilateral action is taken leading to work-stoppage, Govt. will have greater authority for more effective intervention in all such cases. Meanwhile, Govt. is carrying on with utmost efforts of conciliation and impressing on all parties to desist from taking any action which may lead to work-stoppage. Govt. has also been urging parties to go in for arbitration for resolving industrial disputes. Govt.'s efforts in this direction have not been always fruitless as borne out by the figures already quoted.

It may also be mentioned in this connection that some of the important cases of work-stoppages or other forms of deprivation of workers are caused by economic factors over which parties have not enough control.

Texmaco has not retrenched any worker so far; it is, however, understood that due to lack of orders they have been faced with a serious situation. As Hon'ble Members are aware, Govt of West Bengal at the highest level has been corresponding with the Ministry concerned in Delhi for help in solving the problems of the wagon building industry in West Bengal That endeavour still continues.

Bengal Potteries and Khardah Jute Mill have been under work-stoppage because of financial difficulties of the management.

National Tobacco, Agarpara, has allegedly tremendous fall in the cigarette offtake. We in the Labour Department have been endeavouring constantly to help reopening these units which look to be hit by economic factors and to protect the interests of workers.

Economic malaise which is afflicting some of the industrial undertakings has caused a lot of misgiving because of lack of sharing of information with them by the management. It is expected that with the implementation of the scheme of workers participation in management, details of which have been circulated to all employers and employees organisations, the situation will improve as it will lead to sharing of information at all levels.

We are aware that Hon'ble Members are justifiably exercised over the still continuing cases of work-stoppages and threat of such stoppage of production. We share their anxiety and assure them that constant pressure will be kept on the management to desist from such action. So that the productive process is not thrown out of gear

[1.30 - 1.40 P M]

Shri A.H.Besterwitch : I would request the Hon'ble Minister to supply copies of the statement to the honourable members of this House because it is a very important statement and the members should certainly get a copy of it.

Mr. Speaker : I think Hon'ble Minister will supply me copies which will be circulated to the honourable members

Shri A.H. Bestetwitch : Mr. Speaker, Sir, I expect, the Press would be

fair in their dealings. I cannot understand how the 'Jugantar' Patrika can print such a malicious propaganda against the R.S.P. members for not attending the Assembly yesterday. You are aware, Sir, when the Hon'ble Minister-in-charge of Food was giving his statement, two of us, myself and honlourable Member, Shri Shish Mohammad were in the House whereas 'Jugantar' paper gave a statement that R.S.P. members were not in the House and only 3 C.P.I. members and some of the Congress members were present. I am surprised, how can a Press issue such a statement. They should be very careful in giving a statement. I think there is some malicious propaganda against the R.S.P and this should be taken up very seriously. Sir, speeches of other members are not published except only the ministers' statements which in fact, are enlarged too I think, the press has always taught us to look to the national interest. But unfortunately I find that the press is very much fond of making this false and malicious statement, and I think it is a propaganda. Sir, through you, can I ask the members of the press, specially the 'Jugantar' to see that if they have made a mistake through oversight by publishing in the press that R.S.P members were not in the House, will they give a counter-statement and are they going to apologise for such a thing? Otherwise, I think it is a case of breach of privilege and the contempt of the House. We are very much upset over this paper. I request you, Sir, to call the pressmen or reporters, whoever they may be to give a counter-statement, otherwise, I appeal to you to take it to the Privilege Committee as a contempt of the House against the two R.S.P. members, Thank you Sir

Mr. Speaker : Mr. Besterwitch, I think, it may be a bona fide mistake on the part of the press They have no malice against R S P or any senior experienced honourable member of the House as like Mr. Besterwitch So, I think they have made a bona fide mistake

Shri A.H. Besterwitch : If that be the case, if it is a bona fide mistake, it is for them to rectify the mistake

Mr. Speaker : I hope the press here is very much responsible and faithfully publishing are reports of the House Naturally if there is any mistake, I think the press will rectify that and you will have no grievance.

শ্রীঅজিত কুমার বসু : মাননীয় স্পীকার মহাশয় শ্রীরামপুর মহকুমার কলেজগুলি এতদিন ধ'রে কলকাতা ইউনিভার্সিটির আণ্ডারে ছিল কিন্তু সেই কলেজগুলিকে বর্দ্ধমান ইউনিভার্সিটির মধ্যে নিয়ে যাওয়ার কথা শুনে শ্রীরামপুর মহকুমার ছাত্রছাত্রী, অভিভাবক এবং বিদ্যানুরাগীরা অত্যন্ত উদ্বিগ্ন হয়ে পড়েছে। ১৯৬০ সালে যখন বর্দ্ধমান ইউনিভার্সিটি প্রতিষ্ঠিত হয় তখন শ্রীরামপুর মহকুমার কলেজগুলিকে বর্দ্ধমান বিশ্ববিদ্যালয়ের আণ্ডারে নিয়ে যাওয়া হয়। কিন্তু এই এলাকার ছাত্রছাত্রীদের শিক্ষার পথে একটা প্রচণ্ড বাধা হচ্ছে ব'লে ১৯৬৬ সালে আবার এই কলেজগুলিকে কলকাতা বিশ্ববিদ্যালয়ের আণ্ডারে ফিরিয়ে নিয়ে আসা হয়। শিক্ষার প্রসার ঘটবে না অর্থাৎ শ্রীরামপুর থেকে অনার্স পাস ক'রে বর্দ্ধমানে গিয়ে হোস্টেলে থেকে এম এ বা এম এসসি পড়া বোধহয় শতকরা ৯০ জন ছাত্রের পক্ষেই সম্ভব হবে না এইসমস্ত কথা বিবেচনা ক'রে ১৯৬৬ সালে আবার এই কলেজগুলিকে ফিরিয়ে নিয়ে আসা হয়। কিন্তু সেই অবস্থার যখন পরিবর্তন হয় নি তখন আবার যদি সেই কলেজগুলিকে বর্দ্ধমান বিশ্ববিদ্যালয়ের আণ্ডারে ফিরিয়ে নিয়ে যাওয়া হয় তাহ'লে ছাত্রছাত্রীদের কি উপায় হবে?

এক সময় যেটা পশ্চিমবঙ্গ সরকার নাকচ করেছে আবার সেটাকে কেন যে পুনর্বহাল করছে সেটা আমি বুঝতে পারছি না। কাজেই আমি অনুরোধ করছি একে কলকাতা ইউনিভার্সিটির আওতাতেই রাখা হোক। এই প্রসঙ্গে বলতে চাই শ্রীরামপুর কলেজ হচ্ছে একটা মিশনারি কলেজ এবং এটি আমাদের দেশের একটা পুরাতন কলেজ। উইলিয়াম কেরি এই কলেজ স্থাপন করেন। এই কলেজের সঙ্গে উইলিয়াম কেরির স্মৃতি জড়িয়ে রয়েছে এবং এই কলেজ সম্বন্ধে এই মহকুমার লোকের প্রচুর ভাবপ্রবণতা রয়েছে। কাজেই পশ্চিমবঙ্গের মন্ত্রিসভা শ্রীরামপুর কলেজ সম্বন্ধে এরকম একটা কিছু করেন এটা আমরা চাচ্ছি না। এই জিনিস হ'লে ছাত্রছাত্রীদের মধ্যে তো বটেই, সাধারণ মানুষের মধ্যেও একটা বিরাট উত্তেজনা দেখা দেবে। এই প্রসঙ্গে আমার সাজেশন হচ্ছে, ১৩১৮ সালে শ্রীরামপুর কলেজ অ্যাক্ট পাস হয়েছে এবং সেই অ্যাক্টের ১৩ ধারা অনুযায়ী শ্রীরামপুর কলেজকে অধিকার দেওয়া হয়েছে। যে তাঁরা ডিগ্রি দিতে পারবেন। এখন কথা হচ্ছে এটাকে যদি কলকাতা বিশ্ববিদ্যালয়ের সঙ্গে না রাখতে চান তাহ'লে তাদের ডিগ্রি দেবার ক্ষমতা দেওয়া হোক, আর তা না হ'লে একে অটোনমাস কলেজ ক'রে কলকাতা বিশ্ববিদ্যালয়ের সঙ্গে যুক্ত করা হোক। আমি আশা করি পশ্চিমবঙ্গের মন্ত্রিসভা এইরকম একটা মেজার নিয়ে শ্রীরামপুর মহকুমার শিক্ষাক্ষেত্রে বিড়ম্বনা সৃষ্টি করবে না।

[1.40 - 1.50 p.m.]

শ্রীপঙ্কজ কুমার বন্দ্যোপাধ্যায়ঃ মাননীয় অধ্যক্ষ মহাশয়, আপনি জানেন বাংলাদেশে শ্রমজীবী মানুষ আজকে যুগপৎভাবে পুলিস এবং মালিকের বর্বরোচিত আক্রমণের সম্মুখীন হচ্ছে। এই সম্পর্কে বিধানসভায় বিস্তারিতভাবে আলোচনার জন্য আমি একটা মোশান টেবিলে দিয়েছিলাম। দুর্ভাগ্যবশত সময়ের অভাবে সেটা বিস্তারিতভাবে আলোচনা করা যাচ্ছে না। কিছুক্ষণ আগে শ্রম দপ্তরের রাষ্ট্রমন্ত্রি একটা বক্তব্য রেখেছেন। অত্যন্ত সুচতুরতার সঙ্গে তিনি আসল বক্তব্য এড়িয়ে যাচ্ছেন। কিন্তু আসল বক্তব্য যেটা সেটা কিছু সংখ্যাতত্ত্ব দিয়ে বোঝাবার চেষ্টা করছি যেহেতু সময় কম। শ্রীমতী ইন্দিরা গান্ধী ভারতবর্ষের জাতীয় স্বার্থে যুগপৎভাবে মালিক এবং শ্রমিকদের কাছে দুটি আবেদন রেখেছেন। তিনি শ্রমিকদের কাছে বলেছেন, দেশে উৎপাদন বাড়াবার জন্য তোমরা ধর্মঘট করো না, তোমরা ঘেরাও করো না, শ্রমক্ষেত্রে অশান্তি ডেকে এনো না। শ্রীমতী গান্ধীর ডাকে সাড়া দিয়ে বাংলাদেশের শ্রমজীবী মানুষ গত ৫ মাস কোন ক্ষেত্রে ধর্মঘট বা স্ট্রাইক ডাকবার মতো মানসিকতা দেখায় নি যদিও আমি অস্বীকার করব না, কোন কোন ক্ষেত্রে বিক্ষিপ্তভাবে স্ট্রাইকের ঘটনা ঘটলেও শ্রমিক সমাজ মোটামুটি ইন্দিরা গান্ধীর ডাকে সাড়া দিয়েছেন। কিন্তু মালিক পক্ষ শ্রীমতী ইন্দিরা গান্ধীর ডাকে সাড়া দেওয়া তো দূরের কথা, তাঁর এই আহ্বানে শ্রদ্ধা জানালেন না, উপরন্তু সরকারের কিছুটা স্তিমিতভাবে এবং প্রশাসনের একতরফা শ্রমিকদের উপর লাঠি ঘোরানোর ফলে অবস্থা যা দাঁড়িয়েছে সেটা একটু অনুধাবন করা দরকার। এমারজেন্সী ঘোষণার আগে তবু শ্রমিকদের কিছু কিছু বলবার অধিকার ছিল। শ্রম দপ্তরে তাঁরা আবেদন জানাতে পারতেন, প্রশাসনের দপ্তরে দৌড়ঝাঁপ করতে পারতেন। নিদেনপক্ষে কারখানার দরজায় মালিকপক্ষের বিরুদ্ধে জেহাদ ঘোষণা করতে পারতেন। কিন্তু আইনের ফলে আজকে আমরা জমায়েত হতে পারছি না। কারখানার গেটে বিক্ষোভ জানাতে পারছি না, শ্রমিকদের হয়ে যদি মালিকের সঙ্গে কথা বলতে চাই তাহ'লে প্রশাসনের দরজা দেখিয়ে দিচ্ছে। প্রশাসনের কথা বলতে গেলে তারা বলছে আমরা এই ব্যাপারে আলোচনা করতে পারব না। আপনারা সেখানে শান্তি শৃংখলা ফিরিয়ে আনুন। আলোচনার কোন অবকাশ পাওয়া যাচ্ছে না। তার ফলে ২৬.৬.১৯৭৫ তারিখ থেকে ২২.১১.১৯৭৫ বাংলাদেশের প্রায় ৩৯ কারখানায় লক-আউট। এই লক-আউটের ফলে প্রায় ৩০ হাজার শ্রমিক কর্মচারী মানুষ আজকে বিপদগ্রস্ত হয়েছে। আজকে লক-আউটের আওতায় পড়ে তারা দিনের পর দিন ক্লান্তভাবে কারখানার দরজায় বসে আছেন। মালিক কারবারায় আসছেন না, সরকার কারখানা খুলে দেওয়ার ব্যাপক প্রচেষ্টা চালাচ্ছেন না এবং শ্রমিক কারখানার সামনে বসে আছে। শ্রমিকদের ঘুমের কেন ব্যাঘাত ঘটাচ্ছে সেটা চিন্তা করা হচ্ছে না। কেন মালিকদের ঘুমের ব্যাঘাত ঘটাচ্ছে সেই অপরাধে পুলিস কর্তৃপক্ষ কাঁপিয়ে পড়ছে তাদের উপর। মাননীয় অধ্যক্ষ মহাশয় আপনি জানেন মেটাল বক্স কারখানায় সেখানে লক-আউট হয়েছিল, শ্রমিকদের সেখানে ডোমেস্টিক এনকোয়ারীর সামনে হাজিরে হতে হচ্ছে। মালিক পক্ষ দিনের মধ্যে

৬ ঘন্টা ক'রে জিজ্ঞাসাবাদ করছে। ৫/৬ ঘন্টা জিজ্ঞাসাবাদের পর সেখান থেকে পুলিস কর্তৃপক্ষ তাদের ধ'রে নিয়ে যাচ্ছে। এস বি অফিসে, লোকাল থানায়, লালবাজারে ঘন্টার পর ঘন্টা ধ'রে তাদের জেরা চলছে, তারপর তাদের গ্রেপ্তার করা হচ্ছে। আজকে বিচারের বাণী নীরবে নীভৃতে কাঁদছে। সেই শ্রমিক সমাজের বক্তব্য কোথাও বলবার সুযোগ দেওয়া হচ্ছে না। সরকার পঙ্গু হয়ে বসে আছে। সরকারী দপ্তর আজকে শ্রমজীবী মানুষের কল্যাণ সাধনায় ব্যাপৃত আছে বলে জানি। সেই দপ্তরের কাছে গিয়েও সুবিচার পাচ্ছি না। শুধুমাত্র লক-আউট নয়, ক্লোজারের সংখ্যা বলছি। এই কয়েক মাসে অর্থাৎ ২৬এ জুনের পর থেকে আজ পর্যন্ত পশ্চিমবাংলায় ২৬টি কারখানাতে ক্লোজার ডিক্লেয়ার করা হয়েছে। তার ফলে প্রায় তিন হাজার মানুষ আজকে ক্লোজারের আওতায় পড়েছে। সেখানেই শেষ নয়, পারমানেন্ট ক্লোজার ডিক্লেয়ার করা হয়েছে কয়েকটি ক্ষেত্রে, সেখানে শতাধিক মানুষ আজকে রুজি-রোজগার হারিয়ে বসে আছেন। তার চেয়েও যেটা আতঙ্কের এবং সর্বনাশে সেটা হচ্ছে লে-অফ। ২৬এ জুন এমারজেন্সী জারি করা হয়েছে, জুলাই মাসে ৪৮ হাজার লোককে লে-অফ করা হয়েছে, আগষ্ট মাসে ৬০ হাজারকে লে-অফ করা হয়েছে, সেপ্টেম্বর মাসে ৩৭ হাজার লোককে লে-অফ করা হয়েছে, অক্টোবর মাসে ২৭ হাজার লোককে লে-অফ করা হয়েছে এই লক্ষ লক্ষ মানুষ ক্লোজার, লে-অফ, লক-আউটের তীব্র আক্রমণে সেখানে রুজি-রোজগার হারিয়ে বসে আছেন। অথচ অত্যন্ত দুঃখের কথা শ্রমজীবী মানুষকে রক্ষা করতে সরকার এগিয়ে আসছেন না। উপরন্তু সরকারের পুলিসকে মালিক পক্ষ লেলিয়ে দিচ্ছে শ্রমিকদের উপর। কয়েক শো শ্রমিক শুধুমাত্র শ্রমিক আন্দোলন করার অপরাধে আজকে তাদের মিসায় গ্রেপ্তার করা হয়েছে, কারাভ্যন্তরে তাদের পাঠিয়ে দেওয়া হয়েছে। শুধু মিসায় গ্রেপ্তার ক'রেই এরা চুপ নন, রাত দুপুরে বাড়িতে গিয়ে হামলা করা হচ্ছে, বাড়ির আসবাবপত্র তছনছ করা হচ্ছে। কোমরে দড়ি দিয়ে বা হ্যান্ড ক্যাপ দিয়ে শ্রমিকদের গেটের কারখানা থেকে টেনে নিয়ে যাওয়া হচ্ছে, বাড়ির বিছানা থেকে টেনে নিয়ে যাওয়া হচ্ছে, আজকে জেলের ভিতরে পাঠিয়ে দেওয়া হচ্ছে, শ্রম দপ্তর চুপচাপ বসে আছেন। প্রশাসনিক দপ্তরের যিনি মধ্যমণি মাননীয় মুখ্যমন্ত্রি মহাশয় এবং তাঁর যিনি রাষ্ট্রমন্ত্রি পুলিসের তাঁদের কাছে আমরা বারবার আবেদন করেছি। কিন্তু পুলিশী অত্যাচার, মালিকী জুলুম, মালিকী শোষণ এবং সরকারী অপদার্থতা এই তিনের যে দোষ এর থেকে আমরা মুক্তি পাচ্ছি না। আজকে তাই লক্ষ লক্ষ মানুষের তরফ থেকে আপনাকে বলছি আজকে একমাত্র আই পি সি-তে আড়াই হাজার লোককে ছাঁটাই ক'রে দিয়েছে। তারা সরকারের কাছে দিনের পর দিন এসেছে— এই গতকাল তারা মিছিল নিয়ে এই অ্যাসেম্বলীর সামনে উপস্থিত হয়েছিল। কিন্তু তাদের কথা শুনবার মত কোন অবস্থা সরকারের নেই, তাদের বাঁচাবার জন্য সরকার চেষ্টা করছেন না। অথচ সরকার বলেন, এই সরকার শ্রমিকদের সরকার। কিন্তু আজকে যেখানে শ্রমিক নিষ্পেষিত লাঞ্ছিত তাদের উপর যখন হামলা চলছে তখন এই সরকার নীরব দর্শক হয়ে বসে আছেন। তারা গত ২৫ বছর ধ'রে তারা সরকারের কাছে থেকে মালিকদের কাছে রাজনৈতিক অধিকার, ট্রেড ইউনিয়ন অধিকার ছিনিয়ে এনেছিল আজকে সেখানে ইমারজেন্সির নাম ক'রে পুলিসের সহায়তায়, পুলিসের মধ্যস্থতায় সরকারী কোন কোন দপ্তরে প্ররোচনায় সেগুলি তাদের আজকে চলে যেতে বসেছে। তাদের আজকে মিছিল করবার অধিকার নেই, জমায়েত হবার অধিকার নেই। আজকে তারা একটা ভীষণ সংকটের মুখে এসে দাঁড়িয়েছে। তাই আমি আপনার সামনে বলছি-সরকার যদি এ বিষয়ে নজর না দেন তাহ'লে একটা ভয়ঙ্কর অবস্থার সৃষ্টি হবে। শ্রমিকরা এ জিনিস কোন দিন মেনে নিতে পারে না। এ জিনিস যদি চলতে থাকে তাহ'লে তারা নিশ্চয় আন্দোলনের পথে যাবে। তাতে হয়তো বুলেট দিয়ে কিছু শ্রমিককে হত্যা করা যাবে কিন্তু আন্দোলন থামানো যাবে না। তাই আবার আপনার মাধ্যমে এ বিষয়ে সরকারকে বিশেষ নজর দেবার জন্য অনুরোধ জানাচ্ছি।

শ্রীআনন্দগোপাল মুখোপাধ্যায়ঃ মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি এই হাউসের তরফ থেকে আপনাকে ধন্যবাদ দিচ্ছি এই বক্তব্য রাখবার সুযোগ দেবার জন্য যদিও বিজনেস অ্যাডভাইসারী কমিটির এই রকম সময় দেবার নির্দেশ নাই। স্যার, পশ্চিমবাংলায় শ্রমিক সমাজের সামনে একটা গুরুতর অবস্থা এসেছে। আপনি সেটা এই হাউসের সামনে তুলে ধরতে দিয়েছেন এই জন্য আমি আপনাকে ধন্যবাদ জানাচ্ছি। আপনি কালকেও এই রকম বক্তব্য রাখার সুযোগ দিয়েছেন।

Mr. Speaker : Thank you, I know the situation. So I have allowed a very important matter. Certainly it should be brought to the notice of the House as well as the Hon'ble Minister.

শ্রীরবীন্দ্র ঘোষ : মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি আপনার মাধ্যমে একটি বিশেষ বিষয়ের প্রতি সরকারের এবং মাননীয় সদস্যদের দৃষ্টি আকর্ষণ করছি। এই জরুরী অবস্থার সঙ্গে সঙ্গে সাউথ ইস্টার্ন রেলের হাজার হাজার বোনাফাইডি মান্থলি হোল্ডারদের উপর রেল কর্তৃপক্ষ রেলওয়ে পুলিস, হোমগার্ড হামলা চালাচ্ছে। হাওড়া টু উলুবেড়িয়া, বা উলুবেড়িয়া টু হাওড়া যেসব বোনাফাইডি মান্থলি হোল্ডার রয়েছেন যারা ডেলি প্যাসেঞ্জারী করে তারা যদি কোন ব্রেক জার্নি ক'রে মাঝখানে যদি কোন স্টেশনে নামে তাহ'লে তাদের টি সি সি আর পি হোমগার্ড তাদের চার্জ করছে, তাদের উপর নানা রকম অত্যাচার হচ্ছে। মাননীয় অধ্যক্ষ মহাশয়, রেল কর্তৃপক্ষ একটা নোটিস জারি করেছে যে Railway monthly holders are not to break their journey at an intermediate station over the Railway মাননীয় অধ্যক্ষ মহাশয়, এটা নোটিসের একটা কপি দেওয়া হয়েছে যে কোন মান্থলি হোল্ডার ব্রেক জার্নি করতে পারবে না Between Howrah Macheda, Howrah to Uluberia, Howrah to Bauria. এই রকম টিকিট লেখা থাকে। ফ্রম হাওড়া টু উলুবেড়িয়া এই রকম লেখা নাই। লেখা থাকে বিটুইন হাওড়া অ্যান্ড উলুবেড়িয়া। তাহ'লে তারা কেন ব্রেক জার্নি করতে পারবে না। যাদের ব্রেক জার্নি করার দরকার আছে এই টিকিট থাকা সত্ত্বেও তাদের উপর চার্জ করা হচ্ছে, সি আর পি তাদের উপর জুলুম করছে, হোমগার্ড পুলিস তাদের লাঞ্ছিত করছে। আমি জানি সাউথ ইস্টার্ণ রেলে এই রকম ঘটনা হচ্ছে বোনাফাইডি মান্থলি হোল্ডারদের উপর, এই ইমার্জেন্সিকে সামনে রেখে তাদের উপর অত্যাচার অবিচার চালিয়ে যাচ্ছে। এখানে পার্লামেন্টারী মিনিস্টার রয়েছেন, পশ্চিমবঙ্গের মন্ত্রিমণ্ডলী রয়েছেন যাতে এই যে নোটিস জারি করা হয়েছে তা যাতে অবিলম্বে রেক্টিফাই করা হয় তার ব্যবস্থা করুন।

[1.50 - 2.00 p.m.]

অগণতান্ত্রিক পদ্ধতিতে এই নোটিস জারি করা হয়েছে ব'লে আমি মনে করছি, এই নোটিসের দ্বারা জনসাধারণের স্বার্থকে অপমানিত করা হচ্ছে। মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি রেল দপ্তরের নোটিসের টু কপি জোগাড় করেছি। এতে বলা হয়েছে কোন মান্থলি হোল্ডার ব্রেক জার্নি করতে পারবে না। স্যার, এ নিয়ে বিরাট বিক্ষোভ দেখা দিয়েছে। একদিকে অভাব-অনটন তো রয়েছে, আবার অন্যদিকে এই জরুরী অবস্থা ঘোষণা হবার সাথে সাথে মানুষ অন্যায়কে অন্যায় বলতে পারছে না, তার উপর আবার যদি এই রকম অবস্থা হয় মান্থলি হোল্ডার ব্রেক জার্নি করতে পারবে না তাহ'লে তো স্যার, খুবই অসুবিধার মধ্যে পড়তে হবে। তাদের লিখে দিতে হবে কোন স্টেশনে নামতে পারবে না, এটা বললেই তো ভাল হয়। স্যার, মান্থলির উপর লেখা আছে বিটুইন হাওড়া অ্যাণ্ড উলুবেড়িয়া, বিটুইন হাওড়া অ্যাণ্ড বাগনান, এর মধ্যে লেখা নেই কোন ব্রেক জার্নি করতে পারবে না। মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি আপনার মাধ্যমে মাননীয় মন্ত্রীমহাশয় এবং পশ্চিমবঙ্গ সরকারের দৃষ্টি আকর্ষণ করছি এই বিষয়ে — স্যার, তারা আমার কাছে এসেছে এবং আমাদের উলুবেড়িয়ায় থেকে ৩ হাজার ৯৬৮ জন মান্থলি হোল্ডার এখানে এসেছেন, তাদের মধ্যে প্রতিটি খেটে খাওয়া মধ্যবিত্ত মানুষ আছে। তাই আমি আপনার মাধ্যমে অনুরোধ করছি এই অর্ডারটি রেকটিফাই করার ব্যবস্থা করা হোক, তা নাহ'লে এটা নিয়ে বিরাট বিক্ষোভ দেখা দেবে এবং সমস্ত রেলে তারা বিক্ষোভ করতে বাধ্য হবে।

ডাঃ কানাইলাল সরকার : মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি আপনার মাধ্যমে একটি গুরুত্বপূর্ণ বিষয়ে স্বাস্থ্যমন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি। আমি গত বছর বলেছিলাম, এবারে আবার বলছি ম্যালেরিয়া আমাদের দেশে আবার নতুন ক'রে বিস্তার লাভ করেছে। স্যার, আপনি জানেন ১৯৪৭ সালের আগে ম্যালেরিয়া একটি রোগ ছিল যা আমাদের দেশের গ্রামবাংলাকে একেবারে শ্মশান ক'রে তুলেছিল এবং সেই ম্যালেরিয়াকে বাংলাদেশ থেকে তাড়িয়ে দিতে পেরেছিলাম কিন্তু এখন কলকাতা শহরে এমন ব্যাপকভাবে ম্যালেরিয়া এসেছে যে তাকে

তাড়াবার কোন বন্দোবস্ত বিস্তারিতভাবে শুরু করেননি। আমি জানি ১৮০০ লোক এই কলকাতা শহরে ম্যালেরিয়া রোগে আক্রান্ত হয়েছে। আমার এলাকার এক মাসের মধ্যে ১৩৫ জন লোকের হয়েছে, আর্বান হেলথ রিপোর্ট এবং অল ইণ্ডিয়া ইনস্টিটিউট অব হাইজিন অ্যাণ্ড পাবলিক হেলথ রিপোর্টে এটা দেখা যাচ্ছে। সবচেয়ে দুঃখের কথা হ'ল ম্যালেরিয়া তাড়াবার একটি বন্দোবস্ত হচ্ছে অ্যানো ফ্যালিস স্টিফেলসির লার্ভা এবং ম্যালেরিয়া রোগে ক্লোরোকুইন, রিসোচিন, নিভাকুইন ক্যামাকুইন ট্যাবলেট ব্যবহার করা হয়, কিন্তু এই ওষুধগুলি কলকাতা, বাংলাদেশে দেওয়া হচ্ছে না। আমরা দেখেছি ক্যামাকুইন ব্যবহার করতে দেওয়া হয়, যখন পাওয়া যায়, কখন বাজারে পাওয়া যায় না। এই ওষুধগুলি ব্যবহার করলে র‍্যাডিক্যাল কিওর অব দি ম্যালেরিয়াল পেশেন্টস করতে পারা যায়। ক্যামাকুইন ট্যাবলেট ব্যবহার করলে ফল খুব ভাল পাওয়া যায় এবং এতে তাড়াতাড়ি ম্যালেরিয়া সেরে যায়। সেই ট্যাবলেট ৫দিন ৬টি করে ৩০ টি খাওয়ালে একেবারে সেরে যায় এবং কমপ্লিট ইরাডিকেশন অব ম্যালেরিয়া করা যায়। আমরা ম্যালেরিয়া ডিপার্টমেন্টকে লিখেছিলাম কিছু ওষুধ লোকাল ডাক্তারের কাছে, বাজারে ছাড়ুন — তাঁরা বললেন, ইণ্ডিয়ান মেডিক্যাল অ্যাসোসিয়েশনকে দিয়েছি, আপনারা তাদের কাছ থেকে পাবেন। ইণ্ডিয়ান মেডিক্যাল অ্যাসোসিয়েশনকে ৩দিন পর পর লেখার পরে তাঁরা ৩০ টি ট্যাবলেট দিয়েছেন এবং তাঁরা বললেন, সারা বাংলাদেশে ম্যালেরিয়া তাড়াবার জন্য ১ হাজার ট্যাবলেট দেওয়া হয়েছে। তাই আমি আপনার মাধ্যমে স্বাস্থ্য দপ্তর এবং স্বাস্থ্যমন্ত্রীকে অনুরোধ ক'রে বলছি যে কলকাতা এবং বাংলাদেশে ব্যাপকভাবে এই ম্যালেরিয়া ছড়িয়ে পড়ছে, তাতে আশু বন্দোবস্ত না করলে সারা বাংলাদেশে ব্যাপকভাবে ম্যালেরিয়া রোগ দেখা দেবে।

শ্রীঅজিত কুমার গাঙ্গুলী : মাননীয় স্পীকার, স্যার, এটা শুধু অজিত গাঙ্গুলীর ব্যাপার নয়, মাননীয় অপূর্বলাল মজুমদার মহাশয়েরও ব্যাপার। স্যার, আপনি জানেন বর্ণগী সরকারী কর্তৃপক্ষ একটি হ্যাভক সৃষ্টি করেছে। এক হাজারের বেশী ব্যবসায়ীকে মার্সিলেসলি উচ্ছেদ করা হয়েছে, অথচ তাদের ব্যবসা চালাবার কোন সুযোগসুবিধা স্থানীয় কর্তৃপক্ষ দেবার চেষ্টা করছেন না। সেখানে মিউনিসিপ্যাল মার্কেট হতে পারে, অথচ মাননীয় সদস্যরা জানেন যে সেখানে মুদিখানা দোকানই হোক বা স্টেশনারি দোকানই হোক — সেইসব দোকানে অজস্র টাকার মাল থাকে — সেগুলি বাজারে নিয়ে যাবার কোন সুবিধা নেই।

কি অবস্থায় সেটা নষ্ট হয়েছে তা কহতব্য নয়। এইসব দোকানে কিছু কিছু ছেলে চাকরি করত অস্থায়ীভাবে, তাদের চাকরিগুলি শেষ হয়ে গেল, এখন তারা কি খাবে কি পরবে তার কোন ঠিক নেই। স্যার, এ সম্পর্কে সরকারকে বলা সত্ত্বেও কোন ব্যবস্থা করা হয় নি। স্যার, আরও দুঃখের কথা ২৪ পরগনা জেলার এই একটি জায়গা ছাড়া আর কোন জায়গা এরা বেছে নেন নি আজ পর্যন্ত। নিশ্চয়ই স্যার, আমরা আনঅথরাইজড অকুপেশান রাখতে চাই না, কেউই চায় না কিন্তু সাধারণ মানুষের জীবনকে বিপন্ন ক'রে এইভাবে একটা জিনিস করা যেতে পারে তা ভাবা যায় না। স্যার, আপনি জানেন, ঐ নিউ মার্কেটে দুশোটির মতন বাস্তুহারা পরিবার থাকতেন। এই শীতের সময় তাঁদের তাড়িয়ে দেওয়া হয়েছে এবং তাঁদের আকাশের নিচে খোলা মাঠে এক-একটি পলিথিনের ত্রিপলের নিচে আশ্রয় দেওয়া হয়েছে। স্যার, রাত্রিবেলাতে সেই তাঁবু দিয়ে টপ টপ ক'রে জল পড়ে এবং সেই অবস্থাতেই শিশু মহিলা ইত্যাদি নিয়ে এক একটি পরিবার সেখানে পড়ে আছে। এসব দেখে এটা সভ্য সমাজ না এটা সভ্য সরকার কি মনে করা যাবে ভেবে পাই না। স্যার, এমারজেন্সীর কথা আমরা শুনি, এমারজেন্সী কি মানুষের গলা কাটার জন্য, না, এমারজেন্সী মানুষের সুখসুবিধা বাড়ানোর জন্য সেটা আজকে আমাদের বিচার করতে হবে। স্যার, ঐ আনঅথরাইজড অকুপেশানের বাড়িগুলি ভাঙার ব্যাপারে আমার কোন আপত্তি নেই কিন্তু আমার প্রশ্ন, এই ঘরগুলি যখন তৈরি হয় তখন হোয়ার ওয়াজ দি পি ডব্লু ডিপার্টমেন্ট, হোয়াই ডিড দে নট অপোজ ইট? তাঁরা তখন হয় টাকা খেয়ে ঘর তুলতে দিয়েছেন আর তা না হ'লে তাঁরা চোখ বুঁজে ছিলেন। স্যার, এব্যাপারে মাননীয় শ্রী সারোগীর সঙ্গেও আমি কথা বলেছিলাম এবং তাঁকে বলেছিলাম যে, এইসমস্ত লোকগুলির ঘরে অনেক জিনিসপত্র আছে, কাজেই কিছুটা সময় লাগবে। স্যার, তিনি রাজিও হয়েছিলেন, এই এস ডি ও পুলিস এবং পি ডব্লু ডিপার্টমেন্ট তারা নির্দেশ মানল না। স্যার ডি এম বলেছিলেন ২১ তারিখে মিটিং করবেন কিন্তু তার আগেই

১৮ তারিখে তাঁরা ভাঙ্গা শুরু ক'রে দিলেন। এই অবস্থায় স্যার, আজকে মাননীয় মন্ত্রীমহাশয়ের কাছে আমার জিজ্ঞাসা, যেসমস্ত পি ডব্লু ডি-র অফিসার এইসমস্ত কনস্ট্রাকশানের জন্য দায়ী তাদের কি শাস্তি দেওয়া হবে? তারপর স্যার, ঐ যাদের উচ্ছেদ ক'রে পলিথিনের ত্রিপলের তলায় রাখা হয়েছে তাদের ব্যাপারে বলি, সে সম্পর্কে জয়েন্ট সেক্রেটারি শ্রী এস কে চ্যাটার্জী আমার সামনে টেলিফোন করেছিলেন এস ডি ও কে, তিনি বললেন ১০টি ত্রিপল চেয়ে পাঠানো হয়েছে। তারা দৌড়ে কলকাতায় আসতে পারে না ব'লে তাদের সম্বন্ধে কি এই রকম ব্যবস্থা চলবে মন্ত্রীমহাশয়ের কাছে এটাও আমার জানা দরকার। তাদের যদি কোন ব্যবস্থা করতে না পারেন আপনার অফিসাররা তাহ'লে কিসের জন্য চাকরি করছেন সেটাও আমাদের আজকে বুঝে নিতে হবে। আজকে এদের দায়িত্ব কে নেবেন, সরকার, না ঈশ্বরের উপর ছেড়ে দেওয়া হবে সেটাও আমরা বুঝতে চাই। এ শুধু লিখে পাঠিয়ে দিয়েছি একথা বললে চলবে না। স্যার, শেষে আমি মাননীয় মন্ত্রি মহাশয়কে আবার বলছি, আমরা চাই মন্ত্রিমশায়ের দপ্তর থেকে পুরোপুরি সাহায্য তাদের কাছে যাক— তাঁবু যাক, জলের ব্যবস্থা হোক, ঘরের ব্যবস্থা হোক এবং দোকানদার যাদের রাস্তা থেকে উচ্ছেদ করা হয়েছে অবিলম্বে অন্য কতকগুলি জায়গায় দরখাস্ত দেওয়া আছে, সেগুলি রিকুইজিসান ক'রে হয় আপনারা তাদের ঘর তুলে দেবার ব্যবস্থা করুন, না হয় টাকা দিয়ে তাদের সাহায্য করুন যাতে তারা ঘর তুলে নিতে পারে।

[2.00 - 2.10 p.m.]

শ্রী অসমঞ্জ দে : মাননীয় স্পীকার স্যার, আমি আপনার মাধ্যমে একটি গুরুত্বপূর্ণ বিষয়ের প্রতি মাননীয় মন্ত্রিসভার দৃষ্টি আকর্ষণ ক'রে অবিলম্বে প্রতিবিধানের দাবি করছি। আজকে শিক্ষা নিয়ে কি রকম দুর্নীতি চলছে এবং ভুঁইফোড় শিক্ষা প্রতিষ্ঠান গড়ে তুলে ছাত্রদের ঠকিয়ে কি ভাবে তাদের কাছ থেকে লক্ষ লক্ষ টাকা অন্যায়ভাবে করা হচ্ছে তার একটি নজির আমি আপনার মাধ্যমে মন্ত্রিসভার এবং মাননীয় বিধানসভার সদস্যদের কাছে তুলে ধরছি। এই প্রতিষ্ঠানের নাম হচ্ছে আমেরিকান ইনস্টিটিউশন অব ম্যানেজমেন্ট, ঠিকানা হচ্ছে ৯০/১/১, চৌরঙ্গি রোড। এই আমেরিকান ইনস্টিটিউশন অব ম্যানেজমেন্ট তাদের ব্যবসা চালানোর সুবিধার জন্য তাদের প্রসপেকটাসে লিপিবদ্ধ রয়েছে, আইন ক'রে দিয়েছে যে This Institution is recognised and registered as an educational Management Institute registered by the shaha Government of West Bengal under west Bengal Act xxvi of 1961.

এই আমেরিকান ইনস্টিটিউটে স্যার, মাস্টার ডিগ্রি ইন বিজনেস অ্যাডমিনিস্ট্রেশন, তারপর ব্যাচিলরস ডিগ্রি ইন বিজনেস অ্যাডমিনিস্ট্রেশন অ্যান্ড পি-এইচ ডি ইন বিজনেস অ্যাডমিনিস্ট্রেশন দেওয়া হয়। ছাত্র ভর্তি হবার জন্য পশ্চিম বাংলা এবং ভারতবর্ষের লিডিং নিউজপেপারগুলিতে তারা বিজ্ঞাপন দিল এবং বিজ্ঞাপন দিয়ে পশ্চিম বাংলা ছাড়া ভারতবর্ষের বিভিন্ন রাজ্য থেকে বহু ছেলে ভর্তি হবার জন্য এই ইনস্টিটিউটে খোঁজ করতে এল। যেখানে খোঁজ করতে এসে তারা যে প্রসপেকটাস দেখল তাতে দেখল ভারতের রাষ্ট্রপতি, ফকরুদ্দিন আলি আমেদ এবং হাইকোর্টের প্রধান বিচারপতি শঙ্কর প্রসাদ মিত্র প্রমুখ এদের শুভেচ্ছাবাণী এবং বক্তৃতা দেওয়া বহু পুস্তিকা ও ছবি দেখল এবং লিস্ট অব ফ্যাকালটিজতে কৃতি চাইলি কোয়ালিফায়েড ৬২ জন প্রফেসরের নাম দেয়া হল। এই লিস্ট অব ফ্যাকালটিজ দেখে তারা আকৃষ্ট হয়ে গেল এবং আকৃষ্ট হয়ে ৬ শত ছাত্র এই আমেরিকান ইনস্টিটিউশন অব ম্যানেজমেন্টে ভর্তি হ'ল। প্রত্যেকের কাছ থেকে এই ইনস্টিটিউটের কর্তৃপক্ষ ৯১০ টাকা ক'রে নিল। ১লা নভেম্বরে ক্লাশ শুরু হবার কথা ছিল। ওখানে ইনস্টিটিউট অব ম্যানেজমেন্টে ৬ শত ছাত্র ক্লাশ করতে গেল এবং আধ ঘন্টা একজন প্রফেসর ক্লাশ নিয়ে বললেন, আজকে বন্ধ থাক। আগামীকাল আবার ক্লাশ হবে। গতকাল স্যার, সন্ধ্যাবেলায় সেখানে ছাত্ররা ক্লাশ নিতে গেলে এবং গিয়ে দেখল কোন প্রফেসর সেখানে নেই। একজন অফিস অ্যাসিস্টান্ট সেখানে বসে আছে। প্রফেসার অ্যান্ড ডাইরেক্টর এক বছরের জন্য ছুটি নিয়ে চলে গেছে এবং অফিসে এখন কাউকে পাওয়া যাবে না। স্বভাবতই তাদের মধ্যে সন্দেহের সৃষ্টি হ'ল। খোঁজ নিয়ে জানা গেল যে এদের ডাইরেক্টর কে এন রায় হচ্ছেন শিপিং করপোরেশন অব ইন্ডিয়ার এমপ্লয়ি। জয়েন্ট ডিরেক্টর মিঃ পি কে দে, তিনিও শিপিং করপোরেশন অব ইন্ডিয়ার এমপ্লয়ি এবং আর একজন ডিরেক্টর মিসেস রায় হ

ইজ ওয়াইফ অব মিঃ কে এন রায়। তিনি এ জি বেঙ্গলের এমপ্লয়ি। এরা স্যার, ১৯৭২ সালে কয়েক লক্ষ টাকা আমেরিকান ইনস্টিটিউট অব ম্যানেজমেন্টের বিজ্ঞাপন দিয়ে আত্মসাৎ করেন। তারপর ছাত্ররা হৈ চৈ করলে ১৯৭৩-৭৪ সালে বন্ধ হয়ে যায়। ১৯৭৫ সালে ওয়েস্ট বেঙ্গল গভর্নমেন্টের অ্যাক্টে রেজিস্টারড এবং ফ্যাকালটি রয়েছে, সমস্ত কিছু রয়েছে এবং এরা আবার স্যার, এই ৯১০ টাকা ক'রে ৬ শত ছেলের কাছ থেকে টাকা নিয়ে সেই টাকা আত্মসাৎ করল। এই যে দিনের পর দিন শিক্ষা নিয়ে জালচুরির ব্যবসা চলছে স্যার, চোরাকারবারী, মজুতদার, ফাটকাবাজীদের আজকে মিসা ক'রে গ্রেপ্তার করার চেষ্টা হচ্ছে অথচ এই ধরণের ইনস্টিটিউট আমেরিকার সহযোগিতায় গড়ে তুলে খাস করকাতার বুকে চৌরঙ্গী রোডে দিনের পর দিন ছাত্র ঠকিয়ে লক্ষ লক্ষ টাকা আত্মসাৎ করা হচ্ছে এবং সরকারেরই রেজিস্ট্রেশন অ্যাক্ট অনুযায়ী রেজিস্টারড এই ধরণের প্রতিষ্ঠান কিভাবে চলতে পারে এটা আমরা জানতে চাই। আমি গতকাল এই খবর জানার পর লালবাজারে ডি সি, ডি ডি শ্রীবিভূতি চক্রবর্তীকে ফোন ক'রে জানিয়েছিলাম, উনি বলেছেন, প্রফেসর কে এন রায়কে অ্যারেস্ট করা হচ্ছে। এখন কিন্তু সেটা হয় নি। আমি আপনার মাধ্যমে শিক্ষার স্বার্থে, শিক্ষার ব্যাপারে এই রকম জালজুয়াচুরী ক'রে ছাত্রদের ঠকিয়ে যাতে লক্ষ লক্ষ টাকা আত্মসাত করতে না পারে সেজন্য দাবি করছি। এবং সঙ্গে সঙ্গে এই দাবি করছি যে চোরাকারবারী, মজুতদারী, ফাটকাবাজী যারা ধান-চালের ব্যবসা নিয়ে করছে, খাদ্যের ব্যাপার নিয়ে করছে, তাদের শুধু মিসা করলে চলবে না, এরাও স্যার, কম অপরাধে অপরাধী নয়। কাজেই এদেরও মিসাতে গ্রেপ্তার করা উচিৎ এবং এই ধরনের ভুঁইফোড় প্রতিষ্ঠান পশ্চিম বাংলায় যাতে দিনের পর দিন গড়ে উঠে ছাত্রদের কাছ থেকে টাকা নিয়ে আত্মসাৎ করতে না পারে সেদিকে আপনার মাধ্যমে মাননীয় মন্ত্রিসভার দৃষ্টি আকর্ষণ করছি। আমি মনে করি এটা অত্যন্ত গুরুত্বপূর্ণ বিষয় এবং মাননীয় স্পীকার স্যার, এখানে মন্ত্রিসভার সদস্যরা রয়েছেন, বিধানসভার সদস্যরা রয়েছেন এবং আমার মনে হয় যে সকলেই এই ব্যাপারে একমত হবেন। এই ধরনের প্রতিষ্ঠান কেবল ৬ শত ছাত্রের ভবিষ্যৎ বিপন্ন করল তাই নয়, আগামীদিনে যদি এই রকম চলতে থাকে কেন তাদের মিসাতে গ্রেপ্তার করা হবে না। এইভাবে দিনের পর দিন ছাত্রদের ভবিষ্যৎ বিপন্ন হচ্ছে সেটা বন্ধ হবে না সেজন্য আপনার মাধ্যমে পশ্চিমবঙ্গ সরকারের কাছে অবিলম্বে আশু প্রতিবিধানের দাবি জানাচ্ছি।

শ্রীসুকুমার বন্দ্যোপাধ্যায়ঃ মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমাদের দেশে জরুরী অবস্থা বলবৎ করা হয়েছে, দেশের যারা দুর্বলতর অংশ সেই অংশকে রক্ষা করার জন্য। সেই দুর্বলতর অংশের মধ্যে পড়ছে শ্রমিক, কৃষক এবং সমাজের অনুন্নত শ্রেণীর লোক। প্রধানমন্ত্রি শ্রীমতী ইন্দিরা গান্ধী, তাঁর জীবনব্যাপী যে সাধনা, সেই সাধনার মধ্যে প্রতিষ্ঠা করার চেষ্টা করেছেন দরিদ্র এবং যারা অনুন্নত মানুষ তাদের অধিকার প্রতিষ্ঠিত করার চেষ্টা করেছেন। কিন্তু আজকে আমরা অত্যন্ত দুঃখ এবং বেদনার সঙ্গে লক্ষ্য করছি যে এই সুযোগে এক শ্রেণীর অর্থশালী ব্যক্তি, সরকারী কর্মচারী এবং সরকার যাঁরা পরিচালনা করছেন তাঁরা এবং শিল্প মালিকরা, এই যে জরুরী অবস্থা সেই সুযোগের অপব্যাবহার ক'রে আজকে দমন-পীড়ন মূলক ব্যবস্থা গ্রহণ করছেন। কলকারখানাগুলোতে যে অবস্থা চলেছে, এই সম্পর্কে একটু আগে আলোচনা হয়েছে, গ্রামাঞ্চলে যাঁরা বর্গাদার এবং ভূমিহীন মানুষ আছেন, যাঁরা ভাগচাষী আছেন তাঁদেরও ঠিক একই অবস্থা। অর্থাৎ প্রতিটি ক্ষেত্রে যেখানে প্রয়োজন নেই কথা বলা সেখানে পুলিসের একাংশ এবং সরকারী আমলারা জরুরী অবস্থার কথা বলছেন। অর্থাৎ জরুরী অবস্থা প্রয়োগ হচ্ছে গরিবকে অন্ন থেকে বঞ্চিত করার জন্য, জরুরী অবস্থার কথা বলা হচ্ছে শ্রমিককে ন্যায্য অধিকার থেকে বঞ্চিত করার জন্য। অথচ আমরা সকলেই জানি আপনিও জানেন যে এই জরুরী অবস্থা বলবৎ করার একমাত্র উদ্দেশ্য ছিল প্রধানমন্ত্রির দেশে অর্থনৈতিক উন্নতি করা, দেশের যারা দুর্বল মানুষ, হরিজন, ভূমিহীন কৃষক, শ্রমিক, এদের স্বার্থ রক্ষা করার। কিন্তু আজকে মাননীয় অধ্যক্ষ মহাশয়, এই যে কয়েক মাস ধ'রে জরুরী অবস্থার নাম ক'রে জরুরী অবস্থার অপব্যাখ্যা ক'রে সরকারী অফিসাররা, পুলিসের অফিসাররা এবং পুলিস কর্মচারীরা এবং শিল্প মালিকরা এবং বড় বড় জোতদাররা যারা আজকে গরিবের উপর অত্যাচার করছে, জুলুম করছে তার কিন্তু প্রতিবিধান করার জন্য এখনও পর্যন্ত সরকারের পক্ষ থেকে কোন বাস্তব কর্মপন্থা গ্রহণ করা হয় নি। মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমরা খবরের কাগজে দেখছিলাম মহারাষ্ট্র সরকার একজন মিল মালিককে গ্রেপ্তার করেছে মিসায়, তিনি মিল

বন্ধ করতে চেয়েছিলেন, সঙ্গে সঙ্গে একজন এম এল এ কে গ্রেপ্তার করেছে, ট্রেড ইউনিয়ন লিডারকে গ্রেপ্তার করেছে, কারণ ট্রেড ইউনিয়ন লিডার গো-স্লো করছিলেন। আমরাও সেই জিনিসটা চাই। যদি অপরাধ করে শ্রমিক বা শ্রমিক নেতৃবৃন্দ তাদের বিরুদ্ধে ব্যবস্থা অবলম্বন করুন। কিন্তু সেই সঙ্গে সঙ্গে যাঁরা সমাজের বিত্তশালী অংশ, যাঁরা শিল্প পরিচালনা করছেন জোতদার, মহাশয়, যাঁরা ধনী বনিক গোষ্ঠী, তাঁরা যদি অত্যাচার করেন, জুলুম করেন তাদের নিবর্তনমূলক আটক আইনে গ্রেপ্তার কার হোক। কিন্তু আজকে মাননীয় অধ্যক্ষ মহাশয় পঙ্কজবাবু যে কথা বললেন, সেই কথা আমিও বলতে চাই, আজকে পশ্চিমবাংলার বহু কলকারখানার বহু নিরীহ শ্রমিককে গ্রেপ্তার করা হয়েছে। বহু ভূমিহীন কৃষককে গ্রেপ্তার করা হয়েছে। বহু বর্গাদারকে গ্রেপ্তার করা হয়েছে। কেন গ্রেপ্তার করা হয়েছে, তার জবাব দিতে পারেন সরকার যাঁরা পরিচালনা করছেন। সরকারের যাঁরা মন্ত্রী, স্বরাষ্ট্র দপ্তরের রাষ্ট্রমন্ত্রি মোতাহার হোসেন ছিলেন তিনি এখন নেই, শ্রম দপ্তরের রাষ্ট্রমন্ত্রি ছিলেন তিনিও এখন নেই, এর জবাব সামগ্রিকভাবে সরকারের কাছে দেওয়া উচিত। কেননা, আজকে প্রধানমন্ত্রি যে উদ্দেশ্য নিয়ে যে দৃষ্টিভঙ্গি নিয়ে দেশের সামগ্রিক উন্নতির জন্য দেশের গরীব মানুষ, সর্বহারা মানুষ, হরিজন সম্প্রদায়, তাদের উন্নতির জন্য দেশের জরুরী অবস্থা ঘোষণা করেছেন, এই সুযোগ গ্রহণ করছেন আজকে এক শ্রেণীর অর্থশালী ব্যক্তি, বিত্তশালী ব্যক্তি, এক শ্রেণীর অসাধু সরকারী কর্মচারী, এর প্রতিবিধান করা প্রয়োজন। এর প্রতিবিধান যদি না করা হয়, আমি মনে করি এই সরকার ইন্দিরা গান্ধীর যে আদর্শ, সেই আদর্শের পরিপন্থী কাজ করছেন এবং এই সরকার এই কাজ করতে পারেন না ব'লে মনে করি। এই কটি কথা ব'লে আপনার মাধ্যমে মন্ত্রিসভার দৃষ্টি আকর্ষণ ক'রে আমার বক্তব্য শেষ করছি।

Twentyfirst Report of the Business Advisory Committee

Mr. Speaker : I beg to present the twentyfirst report of the Business Advisory Commitee which at its meeting held on the 3rd December, 1975 in my chamber considered the question of allocation of date and time for the disposal of legislative business and recommended the following programme of business on the 8th December, 1975, viz.,

Monday, 8th December, 1975.	(i) The West Bengal Transport Undertakings (Prevention of Ticketless Travel) Bill, 1975 (Introduction, Consideration and Passing)– 45 minutes.
	(ii) The North Bengal University (Amendment) Bill, 1975 (Introduction, Consideration and passing)– 1/2 hour.
	(iii) The Rabindra Bharati (Temporary Supersession) Bill, 1975 (Introduction, Consideration and passing)– 45 minutes.
	(iv) The West Bengal College Teachers (Security of Sevvices) (Amendment) Bill, 1975 (Introduction, Consideration and Passing)– 1 hour.

(v) The West Bengal Government Townships (Extention of Civic Amenities) Bill, 1975 (Introduction, Consideration and Passing)–1 1/2 hours.

The Minister-in-charge of Parliamentary Affairs may now move the motion for acceptance.

Shri Gyan Singh Sohanpal : Sir, I beg to move that the Twenty first Report of the Business Advisory Committee presented this day be agreed to by the House.

Mr. Speaker : I think, The motion is adopted.

(Voice : Yes)

The motion is adopted.

LEGISLATION

The West Bengal Taxation Laws (Third Amendment Bill), 1975

[2.10 - 2.20]

Shri Sankar Ghose : Sir, I beg to introduce the West Bengal Taxation Laws (Third Amendment) Bill, 1975, and to place a satement as required under rule 72(1) of the Rules of Procedure and Conduct of Business in the West Bengal Legislative Assembly.

The Calcutta Electric Supply Corporation proposed to revise the tariff rates on the basis of combined charge in respect of lights, fans and non-industrial power with effect from 1st December, 1975. In view of the change in tariff on the basis of such combined charge certain consequential changes became necessary. Accordingly the Bengal Electricity Duty (Amendment) Ordinance, 1975, was promulgated on the 28th October, 1975 when the Assembly was not in session

(Secretary then read the title of the Bill)

Shri Sankar Ghose : Sir, I beg to move that the West Bengal Taxation Laws (Third Amendment) Bill, 1975, be taken into consideration.

মাননীয় অধ্যক্ষ মহাশয়, এই যে সংশোধনী বিল আমি হাউসের কাছে রাখছি এই বিলে দুটো অংশ রয়েছে। একটা অংশে রয়েছে আমাদের অ্যামিউজমেন্ট ট্যাক্স আইনের কিছু পরিবর্তন। আর দ্বিতীয় অংশ হচ্ছে ইলেকট্রিসিটি ডিউটি আইনের পরিবর্তন। মূল অংশ যেটা সেটা হচ্ছে অ্যামিউজমেন্ট ট্যাক্স আইনের পরিবর্তন। এই পরিবর্তন আমাদের আনতে হচ্ছে, কারণ বর্তমানে কিছু কিছু সিনেমা হাউস এই আইনকে ফাঁকি দিচ্ছে, ট্যাক্স ফাঁকি দিচ্ছে। তারা অ্যামিউজমেন্ট ট্যাক্স বা শো ট্যাক্স দিচ্ছে না। যেসমস্ত অসাধু সিনেমা হাউস এবং তাদের মালিকরা এটা করছে তাদের বিরুদ্ধে ব্যবস্থা নেবার ক্ষমতা আমাদের পর্যাপ্ত নেই বর্তমানে যে আইন রয়েছে তাতে এবং সেটা ত্রুটি পূর্ণ ; অসাধু সিনেমা মালিকদের বিরুদ্ধে ব্যবস্থা নেবার যে সাধারণ আইন থাকা উচিত সেইসমস্ত ব্যবস্থা নেই আমরা দেখেছি। কতকগুলি ঘটনা আমাদের কাছে এসেছে এবং কতকগুলি বিষয়ে আমরা কিছু মামলা দায়ের করেছি যেখানে শো ট্যাক্স দেওয়া হচ্ছে না কিম্বা অ্যামিউজমেন্ট ট্যাক্স ফাঁকি চলছে।

আমরা কিছু জায়গায় দেখেছি অ্যামিউজমেন্ট ট্যাক্সের টিকিট না লাগিয়ে টিকিট বিক্রি হচ্ছে। এই রকম

ঘটনা হচ্ছে। দ্বিতীয় কিছু ঘটনা হচ্ছে যে স্ট্যাম্প লাগাবে সেই স্ট্যাম্প দুভাগ করছে এবং তা ক'রে ১/২টা একটা স্ট্যাম্পে লাগাচ্ছে, আর ১/২টা বাকি অংশে লাগাচ্ছে। অর্থাৎ এমন ভাবে একটা টিকিট লাগাচ্ছে যাতে ২ ভাগের কিছুটা অংশে টিকিট থাকে। কিন্তু একটা স্ট্যাম্পের টিকিট বিক্রি করছে। এই ঘটনা হচ্ছে ব'লে আইন আরও জোরদার করা হচ্ছে। আমাদের অতীতে যে আইন ছিল তাতে কিছুটা ইনসপেকশন এর ক্ষমতা ছিল। কিন্তু এই সমস্ত ডকুমেন্ট যে গুলি ফেব্রিকেটেড ডকুমেন্ট সেগুলি সীজ করার ক্ষমতা ছিল না। আমাদের কেবল মাত্র ইনসপেকশন এর ক্ষমতা ছিল, এখন ইনসপেকশন এর সঙ্গে সার্চ অ্যান্ড সীজার এই ক্ষমতা দিয়েছি। বহু ক্ষেত্রে এই সমস্ত ফাঁকি ধরা পড়েছে। সেজন্য অসাধু সিনেমা মালিকদের ক্ষেত্রে সেই ১০ হাজার পর্য্যন্ত ডিপোজিট দেবার একটা ক্ষমতা নিয়েছি এবং যদি ফাঁকি ধরা পড়ে তাহ'লে সেই টাকা আমরা শো ট্যাক্সের টাকা আদায় করব। আমরা যদি দেখি বারবার এই রকম হচ্ছে এবং ডিপোজিট আইন মানছে না তাহ'লে তার লাইসেন্সে ক্যানসেল করা যায়। এই জন্য অতীতে বন্দোবস্ত ছিল না যা করা হচ্ছে। এটা করতে গেলে তার জন্য ব্যবস্থা করেছি। অতীতে আইন ছিল যারা অসাধু তাদের বিরুদ্ধে পেনালটির ব্যবস্থা। অর্থাৎ ১১ টাকায় ৫০০ টাকা ফাইনের ব্যবস্থা ছিল কিন্তু ইমপ্রিজনমেন্ট আপীলের কোন ব্যবস্থা ছিল না। বর্তমান আইনে করা হচ্ছে যেখানে অসাধু সিনেমা মালিক ফাঁকি দিচ্ছে সেখানে তাঁর ২ বছর পর্যন্ত জেলের ব্যবস্থা আছে। কিংবা ৩ হাজার টাকা জরিমানা হবে। কিংবা দুই হতে পারে। এই রকম কতকগুলি ব্যবস্থা আইনের মধ্যে করেছি যাতে যারা ফাঁকি দিচ্ছে তাদের ধরতে পারি। আমরা অ্যামিউজমেন্ট ট্যাক্স আদায় বাড়াবার জন্য কতকগুলি ব্যবস্থা ইতিমধ্যে নেওয়া হয়েছে। এই সরকার যখন এসেছিল তখন অ্যামিউজমেন্ট ট্যাক্স আদায় হত ৫ কোটি ৭৫ লক্ষ টাকা। কিন্তু ব্যবস্থা গ্রহন করার পর গত বছর আদায় হয়েছিল ৯ কোটি ৯ লক্ষ টাকা। ৩ কোটি ৩৪ লক্ষ টাকা অধিক আদায় হয়েছে— অর্থাৎ ৬০ পারসেন্ট গ্রোথ হয়েছে। আশা করছি আইনের ত্রুটি দূর করতে পারলে আমরা এই আদায় আরও বাড়াতে পারব। এটা হচ্ছে সংশোধনী বিলের প্রথম অংশ। সংশোধনী বিলের দ্বিতীয় অংশ হচ্ছে সি ই এস সি হ'লে কম্বাইন্ড চার্জ করছে। আগে আলো, পাখা, রেডিও, ফ্যানের জন্য একটা মিটার, আর একটা হোয়াইট মিটার এবং আর একটা সাবস্ট্রাকশন মিটার ছিল এয়ার-কন্ডিশনার রেফ্রিজারেটর, স্টিন, রেডিও ইত্যাদির জন্য আলাদা একটা মিটার ছিল— নন-ইনডাস্ট্রিয়াল পাওয়ার। এখন সি ই এস সি যেটা র‍্যাশনালাইজ করছে। তাতে একটা মিটার হবে— কম্বাইন্ড মিটার। আমাদের ইলেকট্রিসিটি ডিউটির যেটা আগে আদায় হত তাতে আগে দুটো মিটার, ২ রকম আলাদা ডিউটি ছিল। সেই দুটো মিটার উঠে গিয়ে এখন হচ্ছে কম্বাইন্ড মিটার যাতে আমাদের ডিউটি একটা মিটার করতে হবে এবং এক রেট করতে হবে এবং দুটো রেটের পরিবর্তন করতে হবে।

[2.20 - 2.30 p.m.]

তাই আমরা ক্যালকাটা ইলেকট্রিক সাপ্লাই কর্পোরেশনে কম্বাইন্ড মিটার ব্যবস্থা প্রবর্তন করার ফলে যে অবস্থা উদ্ভূত হয়েছে তার জন্য কনসিকোয়েনসিয়াল যেটা চেঞ্জ সেই চেঞ্জ আমরা এই আইনের মাধ্যমে করছি। কিন্তু এই আইনের মাধ্যমে আমরা ইলেকট্রিসিটি ডিউটি বাড়াচ্ছি না। অতীতে যে টাকা আমরা পেতাম মোটামুটি যাতে সেই টাকা পাই তারই বন্দোবস্ত করছি। অতীতে যে রেট ছিল তাতে ২৫ ইউনিট পর্যন্ত কোন ডিউটি লাগত না। তারপর ছিল ২৫ ইউনিট থেকে ৬০ ইউনিট পর্যন্ত কেবল ৩ পয়সা ডিউটি ছিল পার ইউনিট অব এনারজি কনজিউমড। আগে যা ছিল এখনও তাই থাকবে। তবে ৬০ ইউনিটের উর্ধ্বে আগে ছিল আলো পাখার জন্য একটা রেট, আর এয়ারকন্ডিশনার, রেফ্রিজারেটর, গেসার, রেডিও এর জন্য হোয়াইট মিটারের, সাবস্ট্রাকশান মিটারের জন্য আলাদা রেট এবং এই দুটো রেট থেকে আমরা যা টাকা পেতাম এই আইন প্রবর্তনের ফলে এখনও সেই টাকাই পাব। আগে ছিল ৬০ ইউনিটের উর্ধ্বে যদি কনজাম্পশান হয় তবে আলো-পাখার ক্ষেত্রে ৯ পয়সা রেট ছিল পার ইউনিট, আর এয়ার-কন্ডিশনার, রেফ্রিজারেটর, গেসারের ক্ষেত্রে ৬ পয়সা রেট ছিল পার ইউনিট। এখন কমবাইন্ড মিটারে একটা রেট করতে হবে। আমরা ৮ পয়সা রেট ক'রে দিচ্ছি। সেই রেট করার ফলে যারা আলো-পাখা ব্যবহার করে তাদের রেট কমে যাবে, যারা এয়ার-কন্ডিশনার, রেডিও, রেফ্রিজারেটর, গেসার ব্যবহার করে, যারা আরও সচ্ছল মানুষ তাদের রেটটা একটু বেড়ে গেছে। কিন্তু সরকারের যা আয় ছিল মোটামুটি তাই

যাতে থাকে তারই বন্দোবস্ত করা হচ্ছে। আলো-পাখার ক্ষেত্রে ৬০ ইউনিটের উর্ধ্বে অতীতে ৯ পয়সা পার ইউনিট অব এনারজি কনজিউমড ছিল, সেটাকে কমিয়ে আমরা ক'রে দিচ্ছি ৮ পয়সা, আর এয়ার-কন্ডিশনার, রেডিও, রেফ্রিজারেটর-এর হোয়াইট মিটার, সাবট্রাকশান মিটারের জন্য যেটা ছিল ৬ পয়সা, সেটা বেড়ে হচ্ছে ৮ পয়সা এবং আলো-পাখা ৯ পয়সা থেকে কমে ৮ পয়সা হচ্ছে। এর ফলে মোটামুটি যা রাজস্ব ছিল তাই থাকবে। কিন্তু যে কমবাইন্ড মিটার হয়ে যাচ্ছে তার আমরা ৮ পয়সা রেট করছি। আমাদের এই আইন প্রবর্তনের ফলে যারা আলো-পাখা ব্যবহার করে তাদের কিছুটা সুবিধা হবে, ৯ পয়সা থেকে তাদের ৮ পয়সা হয়ে যাবে। সেজন্য আমি অ্যামিউজমেন্ট ট্যাক্স অ্যাক্ট এবং ইলেক্ট্রিসিটি ডিউটি অ্যাক্ট এই দুটি সংশোধনী বিলের মাধ্যমে এই দুটি পরিবর্তন হাউসের কাছে উত্থাপন করছি।

শ্রীহরশঙ্কর ভট্টাচার্য ঃ মিঃ স্পীকার, স্যার, আমাদের অর্থমন্ত্রি যে ওয়েস্ট বেঙ্গল ট্যাকসেশান লজ থার্ড অ্যামেন্ডমেন্ট বিল এনেছেন এই বিলের দুটো অংশ আছে, দটো অংশ সম্পর্কে আমাদের দুরকম চিন্তা হচ্ছে। প্রথম অংশটা নিশ্চয়ই সমর্থন করার যোগ্য, কিন্তু দ্বিতীয় অংশ সম্পর্কে বিশেষ কতকগুলি কথা আমাদের বলার আছে। প্রথম অংশ তো ঠিকই, সিনেমার অসাধু মালিক যারা আছে তারা টিকিটে স্ট্যাম্প বসান না, অথবা কম মূল্যের স্ট্যাম্প বসান, অর্থমন্ত্রি যেটা বললেন একখানা স্ট্যাম্পকে দুখানা ক'রে বসান। ন্যাচার‍্যালি এই যে অসাধুতা এই অসাধুতা বন্ধ করা দরকার। এই অসাধুতা অত্যন্ত বাস্তব ঘটনা এটা আমরা জানি। কোন হিন্দী ফিল্ম রিলিজড হয় তখন যদি কোন একটা ঘরে যাওয়া যায় তাহ'লে দেখা যাবে বাড়তি চেয়ার কতগুলি বাইরে থেকে এনে সেই হলের ভেতর বসিয়ে দেওয়া হয়েছে। এরকম বাড়তি চেয়ার ২৫/৩০/৫০ খানা ঢুকিয়ে দেওয়া হয় এবং তার উপর থেকে সরকার কোন ট্যাক্স পান না। আমার মনে হয় মালিক যদি অনুপস্থিত থাকে তাহ'লে সেও ঐ টাকা পায় না। স্বভাবতই এই সমস্ত অসাধু ব্যবসায়ীদের জন্য শাস্তির বিধান যেটা হয়েছে সেটা আমরা সমর্থন করি। তবে এই প্রসঙ্গে আমি মন্ত্রিমহাশয়কে কয়েকটা কথা ভাবতে বলি। আমরা ইতিপূর্বে এই ফ্লোরে অনেকবার বলতে চেষ্টা করেছি সেলস ট্যাক্স যতটা উনি ডিফারেনসিয়াল রেট করতে পারবেন ততটা ইকুইটি এবং প্রোডাকটিভিটি অর্থাৎ ন্যায়বিচার এবং আর্থিক আদায় দুটো দিক থেকেই ভাল হবে। আমি মনে করি যেসমস্ত ন্যাক্কারজনক হিন্দী ফিল্ম এই রাজ্যে দেখানো হবে তার উপর ট্যাক্স রেট নিশ্চিতভাবে পৃথক করা উচিত এবং বাংলা বইয়ের উপর ট্যাক্স নিশ্চিতভাবে পৃথক করা উচিত। সেলস ট্যাক্সে ডিফারেনসিয়াল রেট করা অসম্ভব নয় এবং সেলস ট্যাক্স নিশ্চিতভাবে বিভিন্ন রকম চিত্রের উপর বিভিন্ন রকম অ্যামিউজমেন্টের উপর বিভিন্ন রকম করা সম্ভব। সাধারণভাবে নীতি হিসেবে বোম্বে পিকচার বা জেমিনী পিকচারের উপর হায়ার ট্যাক্সেশন ক'রে জনসাধারণকে যদি ঐ সব বই দেখা থেকে ডিসকারেজ করতে পারেন তাহ'লে খুব ভাল হয়। উনি ডি ফারেনসিয়েশন করেছেন। মন্ত্রিমহাশয় নিশ্চয়ই জানেন ক্যাবারে নাচে অ্যামিউজমেন্ট ট্যাক্সের যে হার সিনেমার ক্ষেত্রে সেই হার নয়। সিনেমার মধ্যে ভাল মন্দ দুইই আছে। কাজেই আমার মনে হয় ডিফারেনসিয়েশন আনার অবস্থা এসে গেছে। আমার আর একটা বক্তব্য হচ্ছে সিনেমা হলের অসাধুতা যেমন গভর্নমেন্টকে ফাঁকি দেয় ঠিক তেমনি ক্রেতাকেও তারা অনেকভাবে ফাঁকি দেয়। তারা ক্রেতাকে কোন অ্যামিনিটিস দেয় না, বসবার জন্য ভাল জায়গা দেয় না। আমি মনে করি অ্যামিউজমেন্ট ট্যাক্স আদায় করলেই তাদের দায়িত্ব শেষ হ'ল না। এই যখন অবস্থা তখন সিনেমা হলের মালিক যাতে ক্রেতাদের আরও অ্যামিনিটিস দিতে বাধ্য হয় আইনে কিভাবেগ সেই প্রভিসন করা যায় সেটা আপনদের দেখা দরকার। তারপর আমার বক্তব্য হচ্ছে অ্যামিউজমেন্ট ট্যাক্স যেটা আদায় করলেন তার একটা অংশ দিয়ে বাংলা বই এর শো ট্যাক্স ক'রে বাংলা বই যাতে বাড়াতে পারেন তার জন্য উপযুক্ত ডিরেক্টর এবং কর্মচারীদের সাহায্য করা উচিত। এই হচ্ছে প্রথম অংশ সম্বন্ধে আমরা বক্তব্য। কিন্তু এর দ্বিতীয় অংশ কিভাবে সমর্থন করি? ক্যালকাটা ইলেকট্রিক সাপ্লাই কোম্পানি একটা প্রাইভেট কোম্পানি। তাঁরা জবরদস্তি ক'রে লাইট এবং ফ্যানের যে চার্জ এবং কমার্শিয়াল মিটারের যে চার্জ সেটাকে ইউনিল্যাটারাল্লি এক ক'রে দিলেন এবং এই ব্যাপারে তাঁরা স্টেট গভর্নমেন্টকে পরোয়া করলেন না। গভর্নমেন্টকে কেয়ার করলেন না। ক্যালকাটা ইলেকট্রিক সাপ্লাই কোম্পানি যখন এটা করল ইন কনসিকোয়েন্স টু দ্যাট গভনমেন্টকে তার ডিউটি সিডিউলটা পাল্টাতে

হচ্ছে। কিন্তু ক্যালকাটা ইলেকট্রিক সাপ্লাই কর্পোরেশনের এটা করা উচিত ছিল কিন্তু সে সম্বন্ধে আমাদের স্টেট গভর্নমেন্ট কিছু ভাবলেন না। স্যার, ডগ ওয়াগস টেইল অ্যান্ড টেইল ওয়াগস দি ডগ—এখানে দেখছি লেজই কুকুরকে নাড়িয়ে দিচ্ছে। তারপরে একটা প্রাইভেট কোম্পানি অন্যায় করলো অথচ রাজ্য সরকার তার প্রতিবাদ করল না। একটা প্রাইভেট কোম্পানী ইমার্জেন্সীর সুযোগ নিলে—এটা একটা আশ্চর্য ব্যাপার। কনজুমারদের প্রটেকশন দেওয়া হ'ল না। গভর্নমেন্ট তরফ থেকে, এটাও আশ্চর্যের ব্যাপার। শুধু তাই নয়, তারা স্টেট ইলেকট্রিসিটি বোর্ডের পাওয়াব সস্তায় কিনে নিয়ে পাওয়ার মন্ত্রির সর্বনাশ করল, তার কোন বিহিত হ'ল না অথচ কনজুমারদের ঘাড়ে ক্যালকাটা ইলেকট্রিক সাপ্লাই কোম্পানি এই জিনিস চাপিয়ে দিলে।

[2.30 - 2.40p.m.]

এমারজেন্সীর সুযোগটা একটা প্রাইভেট কোম্পানি নিয়ে নিল। রাজ্য সরকার কনজিউমারদের প্রটেকশান দিল না। এমারজেন্সীর মধ্যে স্টেট ইলেকট্রিসিটি বোর্ড-এ দূর্গাপুর প্রজেক্টের মন্ত্রি এখানে বসে আছেন, সস্তা দরে ইলেকট্রিসিটি নিয়ে ওর সর্বনাশ ক'রে দিল ক্যালকাটা ইলেকট্রিক সাপ্লাই কোম্পানি, তার কোন বিহিত এই এমারজেন্সীতে হ'ল না। এমারজেন্সীতে খালি কনজিউমারদের ঘাড়ে ক্যালকাটা ইলেকট্রিক সাপ্লাই কোম্পানি কিছুটা বোঝা চাপিয়ে দিল। এমারজেন্সী তো এই উদ্দেশ্য নিয়ে শ্রীমতি গান্ধী করেন নি। যাই হোক, এমারজেন্সীর কথা ছেড়ে দিন—ওরা যেভাবে পারছেন এটা ব্যবহার করছেন। সেখানে জনসাধারণ প্রটেস্ট করতে পারেন না, মিটিং করতে পারেন না, এখানে আমরা বক্তৃতা দিলেও খবরেব কাগজগুলি ছাপতে পারে না, সেখানে কি আর হবে। সুতরাং এই অবস্থায় আপনি একটু চিন্তা করুন কুকুরের লাজটা কুকুরটাকে নাড়িয়ে দিয়েছে, এখন সেই নড়ন্ত কুকুর বলতে চাইছে—এই আইন একটা করেছি, এই আইনটাতে তোমরা ডিউটি সিডিউল পাল্টেদাও। আমরা আর কি করব, ডিউটি সিডিউল নিশ্চয় পাল্টাতে হবে। যদি কোম্পানিকে আমাদের তোয়াজ্ঞ করতে হয় তাহ'লে এই আইন পাল্টাতে হবে। এখন আমি বলি, মন্ত্রিমহাশয় কেন কোম্পানিকে তোয়াজ্ঞ করাব নীতি নিলেন, ক্যাবিনেট কেন নিল, ওঁর মাধ্যমে ক্যাবিনেটের সামনে এই প্রশ্ন আমি রাখছি। স্যার, দেখুন রিজিওন্যাল ডিফারেন্স অব রেট আমাদের দেশে কি রকম। স্টেট ইলেকট্রিসিটি বোর্ড ৩৮ কি ৩৯ পয়সাতে বিক্রি করে ক্যালকাটা ইলেকট্রিক সাপ্লাই কর্পোরেশনকে। সে একটু কম দামে বেচত। স্টেট ইলেকট্রিসিটি বোর্ডেব রেট কমাবার কথা আমরা চিরকাল ধ'রেই ব'লে এসেছি কিন্তু এই এমারজেন্সীর সুযোগেও সেটাও কিছুই হ'ল না। স্টেট ইলেকট্রিসিটি বোর্ড কনজিউমারদের কাছ থেকে রেটটা একটু কমাতে পারত আর ক্যালকাটা ইলেকট্রিক সাপ্লাই করপরেশনকে যে দামে দেয় সেটা একটু বাড়াতে পারত এবং এইভাবে এডজাস্ট করা যেত কিন্তু সেটা হ'য় না। ক্যালকাটা ইলেকট্রিক সাপ্লাই এর রেটের একটা বই উপরে আছে, তাতে দেখা যাবে বাল্ক পারচেজের নাম ক'রে যত বড় বড় একচেটিয়া কোম্পানি আছে তাদের দু-তিন পয়সা ক'রে এখনও ক্যালকাটা ইলেকট্রিক সাপ্লাই কর্পোরেশন দিচ্ছে। কনজিউমারদের উপর হাই রেট, ছোট ছোট ইনডাসট্রিজে এর উপর হাই রেট, কটেজ ইনডাসট্রিজের উপর হাই রেট কিন্তু বড় বড় ইনডাসট্রিয়ালিস্টদের তারা এই সুযোগটা এখনও দিচ্ছে। বড় বড ইনডাসট্রিয়ালিস্ট, তারা আর্থিক দিক দিয়ে আমরা জানি অনেক শকতিশালী। কাজেই তাদেব এই সুযোগ না দিয়ে কটেজ ইনডাসট্রিজ এবং স্মল স্কেল ইনডাসট্রিজগুলিকে এই সুযোগ দেওয়া উচিত। ক্যালকাটা ইলেকট্রিক সাপ্লাই কর্পোরেশন বিদেশী কোম্পানি, ইংরাজের আমল থেকে যে রীতিতে চলে আসছে সেই রীতিটাকে পাল্টাবার সাধ্য এই এমারজেন্সীর হ'ল না। এরা শুধু ট্রেসার দি ডগ এই ক'রে ডিউটি সিডিউল পাল্টাবার জন্য এই বিল এনেছেন। স্যার, আমি আপনার মাধ্যমে বলি, যদি বার্মাশেলকে নিয়ে নেওয়া যায় এই এমারজেন্সীতে তাহ'লে নিশ্চয় ক্যালকাটা ইলেকট্রিক সাপ্লাই কর্পোরেশনকেও নিয়ে নেওয়া যায়। বার্মাশেলকে নিয়ে নিয়েছেন ব'লে আমরা খুব খুশি। এর ফলে ৯৫ পারসেন্ট অব পেট্রোলিয়াম প্রডাক্ট এখন ভারত সরকারের হাতে এসে গিয়েছে। অয়েল অ্যান্ড ন্যাচারাল গ্যাস কমিশনের হাতে এই ৯৫ পারসেন্ট অব পেট্রোলিয়াম প্রডাক্ট আজকে এসে গিয়েছে। বিদ্যুতের মতন একটা দরকারী জিনিস আজকে স্বাধীনতার ২৭ বছর পরেও ক্যালকাটা ইলেকট্রিক সাপ্লাই কর্পোরেশন ইনকরপোরেটেড ইন লনডন তাদের হাতে থাকছে, এটা কি স্যার, ভালো দেখায় ? আজকে তারা রাজ্য সরকারের ঘাড়টা সহজে ঘুরিয়ে দিয়ে

রাজ্য সরকারকে দিয়ে এই বিল আনাল। স্যার, বলুন, এই বিল কি আমরা সমর্থন করতে পারি? আমার মনে হচ্ছে, উনি প্যাঁচে পড়ে গিয়েছেন, ক্যালকাটা ইলেকট্রিক সাপ্লাই কর্পোরেশন কাজটা ক'রে ফেলেছে, ওকে শুল্ক আদায় করতে হবে, সুতরাং আমি সমর্থন করছি।

শ্রীসুধীরচন্দ্র বেরা: মাননীয় অধ্যক্ষ মহাশয়, দি ওয়েস্ট বেঙ্গল ট্যাক্সেশন লস (থার্ড অ্যামেন্ডমেন্ট) বিল, ১৯৭৫, যা মাননীয় অর্থমন্ত্রি মহাশয় এখানে উপস্থাপিত করেছেন সেটাকে আমি সমর্থন জানাচ্ছি। এই বিলটির দুটি অংশ আছে। মাননীয় অর্থমন্ত্রী মহাশয় তাঁর ভাষণে একথা বলেছেন, একটা হচ্ছে অ্যামিউজমেন্ট ট্যাক্স সংক্রান্ত, সেই আইনের কিছুটা আদলবদল করা, আর একটা হচ্ছে ইলেকট্রিসিটি ডিউটির কিছু অদলবদল করা। মাননীয় অধ্যক্ষ মহাশয়, আপনি জানেন যে অ্যামিউজমেন্ট্যাক্স অ্যাক্ট, ১৯২২, একটা মান্ধাতা আমলের আইন, আজ পর্যন্ত সেই আইনের কোন মডার্নাইজেশন হয় নি। মাননীয় অর্থমন্ত্রি মহাশয়কে ধন্যবাদ দিচ্ছি যে তিনি সেই আইনকে মডার্ণাইজ করছেন। কারণ বর্তমানে প্ল্যান, পরিকল্পনার পরিপ্রেক্ষিতে আমাদের অনেক টাকা দরকার এবং আমরা সমস্ত সোর্স মবিলাইজ করার জন্য উঠেপড়ে লেগেছি এবং গরিবি হটাও ব'লে আমরা দেশের জনসাধারণকে যে প্রতিশ্রুতি দিয়েছি সেই গরিবি হটাতে গেলে আমাদের আরও রিসোর্সের দরকার তা এই মান্ধাতা আমলের আইন দিয়ে কোন দিনই তা বাড়ানো সম্ভব নয় কারণ সেই আইনের মধ্যে এমন কিছু ছিল না যার দ্বারা সেই রিসোর্সেস বাড়ানো যায়। যদিও আমাদের অর্থমন্ত্রি মহাশয় বলেছেন যে ৬০ পার্সেন্ট সেই পুরোনো আইনে বাড়িয়েছেন। বর্তমান আইনে বলা হয়েছে যে যদি কেউ অ্যামিউজমেন্ট ট্যাক্স ফাঁকি দেয় তার কোন শাস্তি দেবার প্রভিশন ছিল না। সার্চ করা যেত না, সিজার করা যেত না, তার ফলে মালিকরা, বড় বড় যাদের অ্যামিউজমেন্ট ট্যাক্স দেবার দায়িত্ব ছিল তারা এই সমস্ত আইনকে স্বচ্ছন্দে অবহেলা করত। তাদের কাছ থেকে যাতে টাকা আদায় করা যায়, তদের এই আইনের মধ্যে আনা যায় এই আইন সংশোধন ক'রে সেটা করা হয়েছে, এটা বিশেষ উল্লেখযোগ্য। আমি আবার অর্থমন্ত্রি মহাশয়কে ধন্যবাদ জানাচ্ছি যেহেতু তিনি এখানে সিকিউরিটি ডিপোজিটের ব্যবস্থা করেছেন। আমরা অনেক সময় দেখি যে কারও ট্যাক্স লায়বেলেটি অনেক হয়ে গেল, তারপর যার ট্যাক্স দেবার কথা সে আন্ডারগ্রাউন্ডে চলে গেল ফলে ট্যাক্সটা মাঠে মারা গেল। এখানে এখন তাদের সিকিউরিটি থাকবে এবং যদি কেউ ট্যাক্স না দেয় তাহ'লে তাদের সেই সিকিউরিটির টাকা ফরফিট করা হবে এবং তাতে আরও রেভিনিউ গার্ডেড হবে। সার্চ এবং সিজার বিভিন্ন জায়গায় ক'রে যদি কোন ফলস, ফ্যাব্রিকেটেড অ্যাকাউন্টস অথবা অ্যাকাউন্টস সাপ্রেস করে অথবা যদি সত্যকে বিকৃত করা হয় যার ফলে স্টেট রেভিনিউ-এর লস হয় তাহ'লে এই বিলে তার পেনাল্টির ব্যবস্থা করা হয়েছে জেল দুই বৎসর সশ্রম বা বিনাশ্রম এবং ফাইন ৩ হাজার টাকা পর্যন্ত হতে পারবে। যদি সেই অপরাধীর তাতেও সংশোধন না হয় তাহ'লে প্রতিদিন তাকে ১০০ টাকা ক'রে দিতে হবে ফাইন, এটা খুবই যুক্তি যুক্ত হয়েছে। কারণ যারা ট্যাক্স ইভেড করে তাদের চরিত্র হচ্ছে যে অল্পস্বল্প পেনাল্টিকরলে তাদের গায়ে লাগে না কারণ তারা জানে যে তারা তা পুষিয়ে নেবে এবং সেই টাকা তারা অন্য দিক দিয়ে তুলে নেবে। কাজেই এই জেল, জরিমানা এবং তার সঙ্গে সঙ্গে দৈনিক যে পেনাল্টির ব্যবস্থা করা হয়েছে সেটা খুবই প্রগতিমূলক হয়েছে। ইনকাম ট্যাক্স ও সেলস ট্যাক্সের এটা আগেই চালু হয়েছে। মাননীয় মন্ত্রিমহাশয় যে এটা করেছেন তার জন্য তাঁকে আমি আবার ধন্যবাদ দিচ্ছি। তার একটা ফিচার চোখে পড়েছে যে ছোটখাট যদি কেউ অপরাধ ক'রে থাকে, যাদের [illegible] লস বেশি নয় এবং যাদের ক্রিমিন্যাল ইনটেনশন নেই তাদের এক হাজার টাকা পর্যন্ত ফাইন ক'রে অফিসাররা ছেড়ে দিতে পারেন। কাজেই এই আইনটাকে সর্বতোভাবে সমর্থন জানাচ্ছি। এই আইনের যাঁরা বিরূপ সমালোচনা করলেন এই হাউসের মধ্যে তাতে খুশি হতে পারলাম না। দ্বিতীয় কথা হচ্ছে ক্যালকাটা ইলেকট্রিক সাপ্লাই কোম্পানি তারা কম্পোজিট মিটার বসিয়েছে যার ফলে দু রকম রেট করা সম্ভব নয়। সেই জন্য নেসেসারি অ্যান্ড কনসিকোয়েনশিয়াল চেঞ্জ হিসাবে একটা রেট করেছেন। এই আইনে যেখানে ফ্যান এবং মডার্ণ লাইটের জন্য যেখানে ৯ পয়সা ছিল সেটাকে তিনি কমিয়েছেন এবং ইন্ডাস্ট্রিয়াল ইউসে একটু বাড়িয়েছেন। এতে গরিব লোকার যারা ইলেকট্রিসিটি ব্যবহার করে তাদের সুবিধা হবে এবং সোসিয়ালিস্টিক

প্যাটার্নের দিকেও হয়তো খানিকটা এগিয়ে যাবে। যিনি বিরূপ সমালোচনা করেছেন, হরশঙ্করবাবু, তিনি এখন চলে গিয়েছেন, তিনি যে কথা বললেন সেটা অন্য কথা, এই বিলের সঙ্গে তার কোন সম্পর্ক আছে ব'লে আমি মনে করি না। মাননীয় জয়নাল আবেদিন তিনি যদি এটা ন্যাশন্যালাইজ করেন তাহ'লে নিশ্চয়ই তাঁকে আমরা সমর্থন জানাব, তিনি ভেবে দেখুন তিনি এটা ন্যাশন্যালাইজ করবেন কিনা। এই কথা ব'লে আমি এই বিলকে সমর্থন জানাচ্ছি।

[2.40 - 2.50 P.M.]

শ্রীতপন চ্যাটার্জী : মাননীয় অধ্যক্ষ মহাশয়, পশ্চিম বাংলার কৃতী অর্থমন্ত্রি আমাদের সরকারের সম্পদ বাড়াবার জন্য দুটি নূতন পদক্ষেপ গ্রহণ করেছেন। তার একটি হচ্ছে প্রমোদ কর হিসাবে যেটা এতকাল ফাঁকি হয়ে যেত, সেই প্রমোদ কর ফাঁকি বন্ধ যাতে হয় তার জন্য তিনি তাঁর দৃঢ় সংকল্প ঘোষণা করেছেন। পশ্চিম বাংলার রাজকোষ বিগত ১৯৭২ সালের পর থেকে দুর্দশাগ্রস্ত অবস্থায় ছিল, আমাদের মাননীয় অর্থমন্ত্রি শঙ্কর ঘোষের নেতৃত্ব নিরসন হয়েছে। এই পদক্ষেপের ফলে সিনেমার মালিকরা যেভাবে দিনের পর দিন লুটের রাজত্ব চালাচ্ছিল তার অবসান হয়েছে। এতে ক'রে পশ্চিম বাংলার অর্থ সংকুলান বাড়বে, আর্থিক উন্নতি ত্বরান্বিত করার সুবিধা হবে। ইলেকট্রিক সাবট্র্যাকশন মিটার যা ছিল, তা বন্ধ করার ফলে কিছু কিছু অসুবিধা হ'লেও, বিত্তশালী মানুষ যারা এয়ার-কন্ডিশনে বাস করত, যারা প্রমোদ-কাজে ইলেকট্রিসিটি ব্যবহার করত তাদের কিছু অসুবিধা হবে ঠিকই কিন্তু এই সাবট্র্যাকশ উঠে যাবার জন্য আমাদের সম্পদ বৃদ্ধি পাবে, সাবট্র্যাকশন মিটাবে যে রিডিং উঠবে তাতে সাবট্র্যাকশন চার্জ বাড়বে, সরকারে সম্পদ বৃদ্ধি পাবে। সরকারী অর্থের অভাব থাকায় অনেক উন্নয়ন প্রকল্প পশ্চিমবঙ্গ সরকার বাস্তবে রূপায়িত করতে পারত না। তাই আজকে প্রমোদ করে এই পরিবর্তনের জন্য ইলেকট্রিসিটি রেট পরিবর্তনের ফলে আজকে সরকারের হাতে আরও বেশি সংখ্যা টাকা আসবে এবং সেই টাকা দিয়ে নিপীড়িত মানুষ, দরিদ্র মানুষের সেবা করা যাবে। সি পি আই বন্ধুরা সাবট্র্যাকশন মিটার সম্বন্ধে আপত্তি তুলেছেন। কিন্তু সাবট্র্যাকশন মিটার তুলে দেবার ফলে কিছু গরিব লোকের অসুবিধা হবে ঠিকই কিন্তু যারা হোটেলে এবং বাড়িতে এয়ার-কন্ডিশনের মধ্যে বাস করত, তাদের গায়েও কিছুটা লাগবে। সমাজে এমন কোন আইন নাই যা দিয়ে সব লোককে সন্তুষ্ট করা যায়। প্রগতিশীল সরকার এমন হওয়া উচিত যে আইনের ফলে লক্ষ লক্ষ নিরন্ন, দরিদ্র নিপীড়িত মানুষকে সেবা করা যায়। তাই আজকের আর্থিক উন্নয়নের স্বার্থে কিছু বড় লোকের ত্যাগ স্বীকার করতে হবে। আমাদের দেশের জন্য অর্থের জন্য বিদেশের উপর নির্ভরশীল হয়ে ওয়ার্ল্ড ব্যাঙ্ক টাকা নিয়ে এসে অর্থনৈতিক অবস্থার উন্নতি করার এই কথা ভাববার কারণ নাই। তাই আজকে দুইটি বিলকে স্বাগত জানাচ্ছি। এদিকে প্রমোদ কর ফাঁকি বন্ধ ক'রে দিয়ে, সাবস্ট্র্যাকশন বন্ধ ক'রে দিয়ে অর্থমন্ত্রি শঙ্কর ঘোষ যে বিল এনেছেন, সেই বিল আমি জোরালো ভাষায় সমর্থন ক'রে আমি আমার বক্তব্য শেষ করলাম।

শ্রীশঙ্কর ঘোষ : মাননীয় অধ্যক্ষ মহাশয়, এই বিল সুধীর বেরা মহাশয় এবং তপন চ্যাটার্জী মহাশয় সমর্থন জানিয়েছেন, আমি তাঁদের ধন্যবাদ জানাই।

শ্রীহরশঙ্কর ভট্টাচার্য : আমিও সমর্থন জানিয়েছি।

শ্রীশঙ্কর ঘোষ : হরশঙ্করবাবু বিলের প্রথম অংশকে সমর্থন জানিয়েছেন, আমি তার জন্য অবিমিশ্র ধন্যবাদ জানাচ্ছি। তিনি দ্বিতীয় অংশ সম্বন্ধে যেটা বলেছেন সেটা এই বিলের আওতায় ভিতর নাই, সুতরাং সে সম্বন্ধে আমি কিছু বলছি না। বিলের আওতার ভিতর যেটা, বিলের শেষ দিকে, সব যখন কম্বাইন্ড মিটার তখন কলিকুয়েনিশয়েল চেঞ্জ করতে হয়, বিলের আওতার ভিতর যেটা চেঞ্জ করছি, এভাবে করছি লাইট-ফ্যান দ্বারা সাধারণ মানুষের যাতে সুবিধা হয় তার জন্য ৯ পয়সার জায়গায় ৮ পয়সা করছি, তাতে একটু সুবিধা হবে। এদিকে হরশঙ্কররবাবু দৃষ্টি দিলে একটু সুবিধা হত। আর ৬০ ইউনিটের নিচে যেটা আছে তা ৩ পয়সা করে প্রতি ইউনিটে ডিউটি করা হবে। এটা তিনি সমর্থন করবেন। আমার মনে হয় দ্বিতীয় অংশ সম্পর্কে তিনি অবিমিশ্র সমর্থন করলে

ভাল হত। এই ব'লে আমার বক্তব্য শেষ করছি।

The motion of Shri Sankar Ghose that the West Bengal Taxation Laws (Third Amendment) Bill, 1975, be taken into consideration, was then put and agreed to.

Clauses 1 to 4 and preamble

The question that clauses 1 to 4 and preamble do stand part of the Bill as then put and agreed to.

Shri Sankar Ghose : Sir, I beg to move that the West Bengal Taxattion Laws (Third Amendment) Bill, 1975, as settled in the Assembly, be passed.

The motion was then put and agreed to.

Government Resolution

Shri Abul Barkat Atawal Ghani Khan Chawdhury : Sir, I beg to move that –

Whereas in terms of the provisions contained in sub-section (3) of section 65 of the Electricity (Supply) Act, 1948 (54 of 1948), the maximum amount which the State Electricity Board may at any time have on loan is ten crores 0f rupees ;

And whereas the State Government, with the approval of the State Legislative Assembly, by Power Department notification no. 2709 Power, dated the 3rd May, 1974, fixed one hundred crores of rupees which the West Bengal State Electricity Board may at any time have on loan under sub-section (1) of section 65 of the said Act;

And whereas the State Government proposes that the said maximum amount of one hundred crores of rupees should be further increased to two hundred crores of rupees;

And whereas this Assembly is of opinion that the maximum amount of loan should be so increased:

This Assembly approves the proposal of the State Government to fix two hundred crores of rupees to be the maximum amount which the West Bengal State Electricity Board may at any time have on loan.

মিঃ স্পীকার স্যার, পশ্চিম বাংলায় যে বিদ্যুৎ সমস্যা আছে, এই সমস্যার মোকাবেলা করবার উপর আমাদের ভবিষৎ নির্ভর করছে অর্থনৈতিক উন্নতি করতে হ'লে, সবুজ বিপ্লবকে বাস্তবে পরিনতি করতে হ'লে বিদ্যুতের এই যে সমস্যা, তার সমধান করতে হবে। এর আগে যে সমস্ত শাসক শ্রেণী ছিলেন, তাঁরা বিদ্যুতের ব্যাপারে আমাদের আগে যে গুরুত্ব দেওয়া [illegible] ছিল, তাঁরা সেই গুরুত্ব দেন নাই। আমাদের আসার পর আমরা এ সম্পর্কে অনেকটা গুরুত্ব দিয়েছি। কিন্তু যথখানি গুরুত্ব দিলে আমরা এই সমস্যার সমাধান করতে পারি ঠিক ততটা গুরুত্ব দেওয়া হয় নি। তার কারণ হচ্ছে অর্থ। আমাদের সীমিত অর্থ, এই সীমিত অর্থের জন্য আমরা যে গুরুত্ব দিলে এই সমস্যার সমাধান করতে পারতাম আমরা সেই গুরুত্ব দিতে পারি নি।

[2.50 - 3.00 p.m]

মাননীয় স্পীকার মহাশয়, আপনি জানেন যে আমরা অলরেডি সাওতালডিহিতে ফার্স্ট এবং সেকেন্ড ইউনিট-এর জেনারেশন করেছি, ট্রান্সমিশন লাইন টেনেছি, এবং সে পাওয়ার কলকাতায় আসছে। আমরা এখন পরিকল্পনা করছি ফিফথ ফাইভ-ইয়ার প্ল্যানের মধ্যে থার্ড এবং ফোর্থ ইউনিট অব সাওতালডিহি স্টার্ট করব। আগেকার চেয়ে আমাদের বর্তমান দৃষ্টিভঙ্গীর পরিবর্তন হয়েছে। আমরা সঙ্গে সঙ্গে ট্রান্সমিশন লাইন টানার চেষ্টা করছি। আমরা যদি থার্ড এবং ফোর্থ ইউনিট সাওতালডিহি করি, তাহ'লে আমাদের দরকার ৩৮ কোটি টাকা। অর্থাৎ আমরা যেটা অলরেডি খরচ করেছি, তারপরেও আমরা যদি ৩৮ কোটি টাকা সংগ্রহ করতে পারি, তাহ'লে যে শিডিউল টাইমের কথা আমরা বলেছি তার মধ্যেই এটা করতে পারব। আমাদের যদি চারটি ইউনিট হয়, তাহ'লে চার ইন্টু একশ কুড়ি অর্থাৎ চারশ মেগাওয়াট আমরা পাব। ব্যান্ডেল ফিফথ ইউনিটের কাজ এগিয়ে চলেছে। এবং আমরা তাড়াতাড়ি করবার চেষ্টা করছি। এখান থেকে আমরা ২০০ মেগাওয়াট পাব। আমরা যে টাকা খরচ করছি, তারপরেও আমাদের ৫৮ কোটি টাকা প্রয়োজন এই ব্যান্ডেল ফিফথ ইউনিট করতে হ'লে। তবে ব্যান্ডেল গ ফিফথ ইউনিটের জন্য আমাদের টাকার অভাব নেই। যে সময়ে আমরা বলেছিলাম, সেই সময়েই আমরা করতে পারব। কিন্তু স্যার, আমাদের সমস্যা হচ্ছে কোলাঘাটকে নিয়ে। আমরা ঠিক করেছিলাম কোলাঘাটে আমরা তিনটি ইউনিট করব এবং তার মধ্যে একটি ফিফথ প্ল্যান পিরিয়ডের শেষে এবং দুটি সিক্সথ প্ল্যানের প্রথম দিকে। এটা করতে হ'লে আমাদের ১৯২ কোটি টাকার দরকার। কিন্তু আমাদের এই টাকার অনটন হচ্ছে। আমরা চেষ্টা করছি, মুখ্যমন্ত্রি চেষ্টা করছেন কি ক'রে এই টাকা সংগ্রহ ক'রে আমরা কোলাঘাটের কাজ ত্বরান্বিত করতে পারি। কোলাঘাটের জন্য আমরা বি এইচ ই এল-এ টার্বো জেনারেটর সেটের অর্ডার দিয়েছি এবং বয়লারের অর্ডার দিয়েছি এ ভি ভি-তে। আমরা কোলাঘাটকে নিয়ে খুবই চিন্তিত আছি। ফিফথ প্ল্যান পিরিয়ডে এস ই বি এরিয়ায় একডিং টু নাইন্থ অ্যানুয়েল পাওয়ার সার্ভে ১,২০০ মেগাওয়াট হবে। আমরা যে ক্যালকুলেশন করেছি সেই ক্যালকুলেশনে কোলাঘাটকে না ধ'রে আমরা দেখতে পাচ্ছি, আমরা যেগুলো বলছি করব, সেগুলো যদি করতে পারি, তাহ'লে আমাদের ৭১৯ মেগাওয়াট ফিফথ-ফাইভ ইয়ার প্ল্যানে হবে। আমাদের ডিমান্ড হচ্ছে একর্ডিং টু দি স্টেট ইলেকট্রিসিটি বোর্ড, তারা বলছে ১,০৫০ মেগাওয়াট, যাই হোক, আমরা একটা ধ'রে নিলাম। আপনারা সকলেই জানেন ক্যালকাটা ইলেকট্রিক সাপ্লাই কর্পোরেশনকে আমরা দু হাজার সাল পর্যন্ত দিয়েছি। তারা টিটাগড়ে নূতন পাওয়ার স্টেশন করবে, এক একটা জেনারেটার হবে ৬০ মেগাওয়াট, অর্থাৎ ৪ ইন্টু ৬০ মানে ২৪০ মেগাওয়াট এবং রিহ্যাবিলিটেশন অব ইঞ্জিনস এবং বয়লারস এটা ক'রে আরও ৩০ মেগাওয়াট পাওয়া যাবে। অথ্যাৎ মোট ২৭০ মেগাওয়াট পাওয়া যাবে। এর মধ্যে ক্যালকাটা ইলেকট্রিক সাপ্লাইয়ের সমস্ত ইমপ্লিমেনটেশান করতে হ'লে তাদের অর্থের প্রয়োজন। তাদের প্রায় একশো কোটি টাকা লাগবে। তারা যে সমস্ত ফাইন্যানসিয়াল ইনস্টিটুউশান থেকে টাকা সংগ্রহ করবে আশা করেছিল ঠিক তারা সেই রকমভাবে রেসপনস পাচ্ছে না। তাদেরকে আমাদের সাহায্য করতে হবে এবং হয়তো দরকার হ'লে ওয়ার্ল্ড ব্যাঙ্কের কাছেও আমাদের অ্যাপ্রোচ করতে হতে পারে। তারা যদি টাকা না পায় ক্যালকাটা ইলেকট্রিক সাপ্লাই কর্পোরেশনে এর যে একপ্যানসান প্রোগ্রাম সে একসপ্যানসান প্রোগ্রাম ইমপ্লিমেনটেশান হবে না। কাজে কাজেই সেই বিষয়ে আমরা সচেতন আছি এবং তাদেরকে আমরা সাহায্য করবার চেষ্টা করছি। ডি ভি সি থেকে আমরা বর্তমানে পাই কলকাতায় প্রায় একশো মেগাওয়াটের মতো। এই রকম পাওয়ার তারা আমাদের দিয়ে থাকে। গভর্নমেন্ট অব ইন্ডিয়া আমাদের জানাচ্ছেন বোকারো লোড যখন বাড়বে তখন কলকাতায় একশো মেগাওয়াট দেব না। এটা আমাদের পক্ষে খুব সুখের খবর নয়। এই নিয়ে হয়তো আমাদের লড়াই করতে হবে। তাঁরা যেকথা বলছেন যে তাঁরা প্রাওরিটি দেবেন বোকারো লোডকে বর্তমানে কলকাতায় পিক আওয়ারসে ডিমান্ড হচ্ছে ৫২৩ মেগাওয়াট। স্টেট ইলেকট্রিসিটি এরিয়াতে আমরা ডিমান্ড মিট করতে পারছি। বর্তমানে লোডশেডিং নেই। যেটুকু লোড শেডিং হচ্ছে সেটা মারজিন্যাল লোড-শেডিং, সেটা খানিকটা লোকাল ফল্টসের জন্য হয়ে থাকে। অনেক সময় ট্রান্সমিসান লাইন মেনটেন করতে অসুবিধা হয়। অনেক

রকম ট্যাম্পারিং হয়ে থাকে। অ্যান্টি সোস্যাল কিছু আছে, তারা ট্রান্সফরমার চুরি করে, তার কাটে, ফলে এই রকম হয়। যাই হোক মুখ্যমন্ত্রির নির্দেশ পুলিস এই বিষয়ে অ্যাকশান নিচ্ছে এবং এই বিষয়ে অনেকটা উন্নতি হয়েছে। গতকালকার সাপ্লাই পজিশান ছিল : ক্যালকাটা ইলেকট্রিক সাপ্লাই—২৩০ মেগাওয়াট, ডি ভি সি— ৮৭ মেগাওয়াট, ডি পি এল— ১৮৩ মেগাওয়াট — মোট ৫৩০ মেগাওয়াট। ডিমান্ড যা ছিল আমরা তা সাপ্লাই পেয়েছি। এস ই বি এরিয়াতে পিক আওয়ারসে ডিমান্ড হয় ১৯১ মেগাওয়াট, সাপ্লাই ১৮৫ মেগাওয়াট। মারজিন্যাল লোড-সেডিং ৪/৫ মেগাওয়াট ছিল। কিছুক্ষণের জন্য লোড-শেডিং ছিল। এটা কিন্তু পিক আওয়ারসের কথাই বলছি। ডিফিক্যালটি হচ্ছে নাইট লোড নিয়ে। আমরা দেখছি সমস্ত ডিমান্ড পিক আওয়ারসে হচ্ছে। তার ফলে অন্যান্য সময়ে ডিমান্ড থাকছে না। যেরকম ডি পি এল আরও উৎপাদন বাড়াতে পারত। কিন্তু তারা উৎপন্ন বাড়াতে পারছে না। কারণ নাইট লোড। এখানেই সমস্যার সমাধান হচ্ছে না। সেই রকম ব্যান্ডেলের ক্ষেত্রেও। গভর্ণমেন্ট অব ইনডিয়া চাইছেন ম্যাকসিমাইজেশান অব জেনারেশান। সেই ম্যাকসিমাইজেশান অব জেনারেশান করতে পারতাম যদি নাইট লোডের সমাধান করতে পারতাম। আজ সাঁওতালডিহির সেকেন্ড ইউনিট হয়ে গিয়েছে, কিন্তু আমরা দ্বিতীয় ইউনিট চালাতে পারছি না, কারণ নাইট লোড সমস্যার সমাধান করতে পারছি না। নাইট লোড সমস্যার যাতে সমাধান করতে পারি আমরা সেইজন্য জেনারেটিং এজেন্সি ট্রেড ইউনিয়ানস্ এবং ইনডাসট্রিয়ালিস্টদের সঙ্গে কথা বলছি ।

[3.00 - 3.10 p.m.]

এবং এই সমস্যা সমাধান করবার চেষ্টা করছি এবং আমার আশা আছে যে পাওয়ার পজিশন আরও ভাল হবে। আমরা রুর‍্যাল ইলেকট্রিফিকেশনে যথেষ্ট জোর দিয়েছি। আমাদের আসার আগে মাত্র এইট পারসেন্ট রুর‍্যাল ইলেকট্রিফিকেশন ছিল, এখন সেখানে ২৮ পারসেন্টে দাঁড়িয়েছে। এই বছর শ্যালো টিউবওয়েল, রিভার লিপ্ট, ডিপ টিউবওয়েল যা এনারজাইজ করেছি তাছাড়া আমি এগ্রিকালচারাল মিনিস্টার বর্তমানে আমাদের কাছ থেকে আরও ৫ হাজার শ্যালো টিউবওলে, রিভার লিফট, ডিপ টিউবওয়েল ডিসেম্বর মাসের মধ্যে লেটেস্ট ১৫ই জানুয়ারির মধ্যে দেওয়া যায় তার জন্য বিদ্যুতের কথা বলে দিয়েছেন। আমরা তাঁকে বলেছি যে আমরা ৫ হজার শ্যালো টিউবওলে এনারজাইস করবার চেষ্টা করব। আমাদের রুর‍্যাল এরিয়ায় লোড গ্রোথ হয় নি। আমরা আরও প্রচেষ্টা চালাচ্ছি। আনন্দের সঙ্গে বলছি যে আমাদের হাতে ২১৫০২ অ্যাপ্লিকেশন পেন্ডিং আছে। আমরা যেখানে যেমন করতে পারছি চালু করছি, আগামী মার্চের মধ্যে কানেকশন দেবার জন্য অর্ডার দিয়েছি। আশা করি যেসব কনেকশন পেন্ডিং আছে সেগুলি আমরা দিতে পারব। আমাদের আসার আগে এ সি বি-র রেভিনিউ মাস্থলি ছিল ২ কোটি টাকা। সেখানে প্রায় ৭৪ কোটি টাকা। আমরা টারিফ বাড়িয়েছি— ১৯৭২ সালে ফেব্রুয়ারিতে ডোমেস্টিক লাইটস অ্যান্ডফ্যানস এর জন্য ৩৬ পয়সা পার ইউনিট আর ১৯৭৪ সালে ডিসেম্বরে সেটা ৪০ পয়সা করেছি — ১৯৭৫ সালে ডিসেম্বরে সেটা ৪৫ পয়সা করা হয়েছে। ডোমেস্টিক স্মল পাওয়ার ১৯৭২ সালের ফেব্রুয়ারিতে ছিল ১৩ পয়সা, ১৯৭৪ সালের ডিসেম্বরে সেটা ২২ পয়সা ছিল, ১৯৭৫ সালে ডিসেম্বরে সেটা ৩০ পয়সা হয়েছে। আমি যে কথা বলতে চাচ্ছি যে মার্জিন্যাল লোড-শেডিং হচ্ছে এই মার্জিন্যাল লোড-শেডিং অ্যাভয়েড করা যেতে পারে যদি বাত্রের যে সারপ্লাস পাওয়ার সেটাকে যদি আমরা কাজে লাগাতে পারি। দ্বিতীয় কথা হচ্ছে আমাদের মনে রাখা উচিত যে আমাদের কোন সারপ্লাস পাওয়ার নাই। সুতরাং কলকাতার যে সিস্টেম সেই সিস্টেমে জেনারেটিং এনারজি যাতে পাওয়ারফুল থাকে, কমপ্লিকেশন যাতে আরাইজ না করে তা দেখতে হবে কারণ কোন সারপ্লাস পাওয়ার নাই। মিঃ স্পীকার স্যার, এটা শুধু পশ্চিম বাংলার ক্ষেত্রে নয়, আপনি যদি মাস্থলি বুলেটিন পাবলিশড বাই গভর্নমেন্ট অব ইন্ডিয়া, ডিপার্টমেন্ট অব এনার্জি দেখেন দেখতে পাবেন যে কেবল পশ্চিম বাংলায় খানিকটা মার্জিন্যাল লোড-শেডিং হচ্ছে তা নয়, যদিও ডিসাইডেডলি পাওয়ার পোজিশন হ্যাজ ইমপ্রুভড—মধ্যপ্রদেশের কথা বলছি : cuts and restrictions of continuous industries– not supply at 75 per cant of the contracted demand. That is supplied to 25 percent of the contracted demand. Non-continuous industries will not get supply between

5 p.m. and 9 p.m. Punjab– In order to maintain uniform demand during day and night the working of industrial tubewell has been regulated as follows :

Industrial consumers are not allowed to work during peak load hours from 18 hours to 22 hours–in other words, 4 hours. In Haryana there are restrictions on agricultural loans as shown below.

মিঃ স্পীকার, স্যার, প্রত্যেক স্টেটে আমরা দেখছি সাম সর্ট অব রেসট্রিকশনস আর দেয়ার — হরিয়ানা, মহারাষ্ট্র অ্যান্ড সো অন এন্ড সো ফোর্থ। মিঃ স্পীকার স্যার, এস ই বি-র নিজস্ব অর্থ হচ্ছে—আমরা কানেকশন দিয়ে চার্জেবেল বেভিনিউ পেয়ে থাকি, কিন্তু কত কগুলি ক্ষেত্রে অ্যাকচুয়্যাল কস্ট আদায় করি না আমরা শ্যালো টিউবওয়েল সাবসিডি দিয়ে থাকি। আমরা অর্ডার দিয়েছি অ্যাকচুয়্যাল কস্ট দিতে হবে না, ৬০০ টাকায় শ্যালো টিউবওয়েল এনার্জাইসড হবে, তার দূরত্ব ১ মাইলই হোক আর ২/৩ মাইলই হোক। আমরা যদি অ্যাকচুয়্যাল কস্ট নিতাম তাহলে এক একটি শ্যালো টিউবওয়েলে ৪/৫ হাজার টাকা করে পড়ত। ঠিক তেমনি ডিপ টিউবওয়েলের ব্যাপারে এগ্রিকালচার ডিপার্টমেন্টও অ্যাকচুয়্যাল কস্ট দেয় না, ওখানেও সাবসিডাইসড রেটে আমাদের কাজ করতে হয়। হাসপাতালে যে ক্যানেকশান দেওয়া হয় সেখানেও সাবসিডাইসড রেটে কাজ করে থাকি, ঠিক অ্যাকচুয়্যাল কস্ট পাই না। সুতরাং ইন্টারন্যাল বোর্ডিং থেকে আমাদের এমন কিছু সারপ্লাস থাকে না, যার দ্বারা ডেভেলাপমেন্টের কাজ করতে পারি। যার দ্বারা এস ই বি এক্সপ্যানসন প্রোগ্রাম নিতে পারি। আমরা কেবল জেনারেশন কিছু দিয়েছি তা নয় কিছু ট্রান্সমিসনও দিয়েছি, রুরাল ইলেকট্রিফিকেশন কিছু দিয়েছি এবং এগ্রিকালচার সেকটরেও কিছু দিয়েছি। সুতরাং এই ফিনান্সিয়্যাল ইনস্টিটিউশন থেকে আমাদের ধার করা ছাড়া কোন উপায় নেই সুতরাং আমাদের বেডিং অব মার্কেট লোন, বরোয়িং ফ্রম ডিফারেন্ট ফিনান্সিয়্যাল ইনস্টিটিউশন যেমন লাইফ ইনসিওরেন্স করপোরেশন অব ইন্ডিয়া, রুরাল ইলেকট্রিফিকেশন করপোরেশন, ইনডাসট্রিয়্যাল ডেভেলাপমেন্ট ব্যাঙ্ক অব ইন্ডিয়া। এগ্রিকালচারাল ফাইন্যান্স করপোরেশন অ্যান্ড আদার ন্যাশনালাইজড ব্যাঙ্কস—১৯৭৪/৭৫ সালে আমরা পেয়েছিলাম লোনস ফ্রম স্টেট গভর্নমেন্ট রুপিজ ৬.১০ ক্রোরস, মার্কেট বরোয়িংস রুপিজ ১৫.৪০ ক্রোরস, এল আই সি লোন রুপিজ ৫.৫০ ক্রোরস, লোন ফ্রম আর ই সি রুপিজ ৭ ক্রোরস অ্যান্ড ইন্টারন্যাল রিসোর্সেস অ্যান্ড আদারস রুপিজ ১১.৬৯ ক্রোরস বাট দিস ফিগার, রুপিজ ১১.৬৯ ক্রোরস, ইজ অ্যান এক্সাজারেটেড ফিগার, এটা আমরা কোনদিন করতে পারি না। ১৯৭৫/৭৬ সালে আমরা আশা করছি লোন ফ্রম স্টেট গভর্নমেন্ট রুপিজ ১৩.৮৯ ক্রোরস, মার্কেট বরোয়িংস রুপিজ ১৯.৭ ক্রোরস, এল আই সি রুপিজ ৬ ক্রোরস, লোন ফ্রম আর ই সি রুপিজ ৭ ক্রোরস, ইন্টারন্যাল রিসোর্সেস রুপিজ ৮.৭৫ ক্রোরস, টোটাল রুপিজ ৫৪.৭১ ক্রোরস। ১৯৭৬/৭৭ সালে আমাদের টোটাল আউটলে রুপিজ ৮০ ক্রোরস হবে বলে আশা করছি। মোটের উপর ফিফথ ফাইভ-ইয়ার প্ল্যানে রুপিজ থ্রি হানড্রেড ক্রোরস প্ল্যান আউটলে হবে ব'লে আমরা আশা রাখি। মিঃ স্পীকার, স্যার, রুরাল ইলেকট্রিফিকেশন সম্বন্ধেদু একটি কথা ব'লে আমার বক্তব্য শেষ করব। আগে প্ল্যান ফান্ডে যে টাকা ছিল তা দিয়ে আমরা কিছু কাজ করতে পারতাম। আজকে সমস্ত টাকা আর ই সির — আমাদের কমপ্লিকেটেড ওয়েতে কাজ করতে হয়। আর ই সি যেগুলি ইলেকট্রিফায়েড করবে, আর ই সির কাছে সেই স্কীম পাঠাতে হয়, সেগুলি অ্যাপ্রুভ করলে তারপরে আমাদের টাকা দেয় এবং সব টাকা একসঙ্গে দেয় না, প্রথমে ২৫ পারসেন্ট টাকা আমাদের দেয়।

[3.10 - 3.45 P.M.]

including adjourment

২৫ পারসেন্ট প্রথমে দেয় এবং তারপর অনেকদিন পরে আবার সেকেন্ড ইনস্টলমেন্ট দেয় অ্যান্ড সো অ্যান্ড সো ফোর্থ। এখানে অনেক মাননীয় সদস্য সমালোচনা করে বলেছেন যে, তার ঝুলছে, অনেক জায়গায় খুঁটি ঝুলছে অথচ ওখানে বিদ্যুৎ নেই। আমি মাননীয় সদস্যদের বলছি, তার একমাত্র কারণ হচ্ছে, আই ই সি থেকে আমাদের যে টাকা পাবার কথা সেই টাকা আমরা পাই নি। এবারে দিল্লীতে গিয়ে আই ই সি-র চিফেদের সঙ্গে আমি কথা

বলেছি, তাঁরা পশ্চিম বাংলায় আসছেন এবং আশা করছি এই সমস্যার একটা সুরাহা আমরা করতে পারব। এই ব'লে আমি আমরা বক্তব্য শেষ করলাম।

(At this stage the House was adjourned for half an hour)

After Recess

[3 45-3.55 p.m.]

শ্রীবিশ্বনাথ চক্রবর্ত্তী : মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি খুব আগ্রহের সঙ্গে আমাদের বিদ্যুৎমন্ত্রির বক্তৃতা শুনছিলাম এবং বিদ্যুৎ পর্ষদের ঋণ গ্রহণের অনুমতি চেয়ে তিনি যে প্রস্তাব এনেছেন, সেই সঙ্গে পশ্চিম বাংলার বিদ্যুতের অবস্থা সম্পর্কে যে নাতিদীর্ঘ বক্তৃতা করেছেন তাতে এটাই আমাদের পক্ষে বোঝা সুবিধা হয়েছে সেজন্য তাঁকে ধন্যবাদ দিচ্ছি। আজকে যে রেজলিউশন উত্থাপন হয়েছে এটার বিরোধীতা করার কিছু নেই। কেননা, বিদ্যুৎ পর্ষদ তাদের ঋণ গ্রহণের ক্ষমতাকে বাড়াবে সরকারের অনুমতি নিয়ে বিধানসভার অনুমতি নিয়ে তাতে কোন আপত্তি নেই। নিশ্চয়ই কাজ হ'লে আরও ঋণ গ্রহণ করতে পারেন। ১০০ কোটি টাকা থেকে ২০০ কোটি টাকা করতে পারেন। তারা ঋণ গ্রহণ করুন তাতে কোন আপত্তি নেই। আমি এটাকে সমর্থন করছি এবং সমর্থন জানাতে গিয়ে এই প্রসঙ্গে বিদ্যুৎ পরিস্থিতি সম্পর্কে ২/৪টি কথা এবং বিদ্যুৎ পর্ষদ সম্পর্কে কিছু না বললে খুব অন্যায় হবে। প্রথমে বিদ্যুৎ পর্ষদের কথা বলা যাক। মাননীয় অধ্যক্ষ মহাশয়, কয়েকদিন আগে খবরের কাগজে বিদ্যুৎ পর্ষদের দুর্নীতি সম্পর্কে কিছু খবর বেরিয়েছে এবং তাতে দেখা যাচ্ছে যে উচ্চপদস্থ কিছু কিছু কর্মচারী, তাঁরা পর্যন্ত দুর্নীতির সঙ্গে যুক্ত ছিলেন। তাদের বিরুদ্ধে তদন্ত এবং শাস্তি আদেশ ইত্যাদি হচ্ছে। এটাই হচ্ছে আশংকার কথা। টাকা আপনি ধার করুন যথেষ্ট কাজ করার ইচ্ছাও আছে। কিন্তু যে প্রতিষ্ঠানের জন্য টাকা ধার করবেন, ঋণ আপনাকে গ্রহণ করতে হবে, বিভিন্ন প্রতিষ্ঠানের কাছ থেকে কিন্তু ব্যবস্থাপনা বা পরিকল্পনা সম্পর্কে যদি একটু শক্ত হতে না পারেন, যদি ব্যবস্থাপনা বা পরিচালনায় কিছু পরিবর্তন আনতে না পারেন তাহ'লে টাকার অপচয় হবে। টাকা আপনি ঋণ গ্রহণ করতে পারেন কিন্তু ঋণ গৃহীত যে টাকা সেটা অপচয়িত হবে, এটা বাঞ্ছনীয় নয়। আমি মাননীয় বিদ্যুৎমন্ত্রিকে সেটা প্রথমে একটা কথা বলব। লোকে ঠাট্টাকরে বলে, ভারতবর্ষের অনেক জায়গায় নাকি এমারজেন্সি হয়েছে, জরুরী পরিস্থিতি হয়েছে। এমন কি রেলেও হয়েছে। কিন্তু পশ্চিমবঙ্গ সরকারের পৃষ্ঠপোষিত পরিচালিত প্রতিষ্ঠান গুলিতে সেটা দেখা যাচ্ছে না। এখন বিদ্যুৎ পর্ষদ সম্পর্কে প্রায় একথা বলা যেতে পারে যখন এমারজেন্সি চলছে সারা দেশে তখন ভূরিভূরি অভিযোগ অপচয় সম্পর্কে আপনার কাছে আসছে। একেবারে জেনারেটিং ইউনিট থেকে শুরু ক'রে সাপ্লাই পর্যন্ত। অনেক দুর্নীতির কথা অভিযোগের কথা নিশ্চয়ই আপনার কানে আসছে। আমি আপনাকে অনুরোধ করব স্টেট ইলেকট্রিসিটি বোর্ডের এই অপচ বন্ধ করার জন্য এবং দুর্নীতি ইত্যাদি যেসব অভিযোগ আপনার কাছে আসছে সেগুলি সম্পর্কে মোটামুটি একটু শক্ত হাতে তাঁকে ধরার জন্য। বরং সরকার থেকে একটা কমিটি ক'রে দিন, যারা এগুলি ধরতে পারে। আপনি একটা এক্সপার্টস কমিটি ক'রে দিন যারা এগুলি ধরতে পারে, তা না হ'লে টাকা অপচায়িত হবে। আমি আপনার ক্রন্দন শুনলাম। ক্রন্দন হচ্ছে, আপনি বলছেন, পশ্চিম বাংলার সাঁওতালদিতে স্টেট ইলেকট্রিসিটি বোর্ডের ৩য় ও ৪র্থ প্রোজেক্ট কমপ্লিট করতে গেলে আপনার আরও ৩৮ কোটি টাকা লাগবে। ব্যান্ডেলের এক্সপ্যানসন সম্পূর্ণ করতে গেলে আপনার ৫৮ কোটি টাকা লাগবে। আর কোলাঘাটের প্রজেক্টের কথাইনেই। সেটা করতে গেলে ১৯২ কোটি টাকা লাগবে। আপনি বলেছিলেন যে টাকার প্রচন্ড দরকার। কিন্তু স্টেট ইলেকট্রিসিটি বোর্ডের অপচয় যদি চলতে থাকে তাহ'লে সেখান থেকে কিছু টাকা বেরিয়ে যাচ্ছে। এই ব্যাপারে আপনি কিছু করতে পারেন কিনা, আমাদের কাছে এইটুকু আশ্বাস দিতে পারেন কিনা এবং জনসাধারণের যে ধারণা আছে বিদ্যুৎ পর্ষদ সম্পর্কে সেটা দূর করতে পারেন কিনা আপনার কাজকর্মের মাধ্যমে দুর্নীতি এবং অপচয় সংক্রান্ত ব্যাপারে সেটা আপনি আমাদের বলুন, জনসাধারণের কাছে বলুন। এটা আগে করা দরকার। এটা আমি আপনাকে করতে বলছি। দ্বিতীয়তঃ মাননীয় অধ্যক্ষ মহাশয় আমি বিদ্যুৎ মন্ত্রিকে বলি, আমি বর্মন কমিশনের রিপোর্ট পড়েছিলাম। তাতে তাঁরা একটা কথা

বলেছেন, সেটা হচ্ছে কো-অর্ডিনেশনের অভাব, আপনার যে পাওয়ার জেনারেটিং এজেন্সিস গুলি আছে তাদের মধ্যে কো-অর্ডিনেশনের অভাব আছে। পরস্পরের সঙ্গে পরস্পরের সংযোগের অভাব আছে। একটা টোটাল প্ল্যানিং এর মধ্যে তারা কাজ করছে না। বর্মন কমিশনের রিপোর্টে আছে যে ক্যালকাটা ইলেকট্রিক সাপ্লাই স্টেট ইলেকট্রিসিটি বোর্ডকে অভিযুক্ত করছে। তাদের সঙ্গে কনট্রাক্ট অনুযায়ী তারা নিয়মিত সরবরাহ করছে না। সুতরাং এখানেই কো-অর্ডিনেশনের প্রশ্ন আসছে। কো-অর্ডিনেশন করতে গেলে বিশেষ ক'রে বৃহত্তর কলকাতা শহরের ক্ষেত্রে বিদ্যুৎ সরবরাহ করতে গেলে আগেও বারবার যে কথা বলেছি, কলকাতা ইলেকট্রিক কর্পোরেশানকে জাতীয়করণ করবার চেষ্টা করুন।

[3.55 - 4.05 P.M.]

এটা করুন, এটা না করলে হবে না। আমি আপনাকে বলছি, আপনার মনে আছে ক্যালকাটা ইলেকট্রিক সাপ্লাই কোম্পানির অ্যানুয়াল রিপোর্টে ম্যানেজিং ডিরেক্টার শচীন চৌধুরী বলেছিলেন গত বছরের আগের বছর, আমাদের কিছু বেট বাড়াতে দিলে আমরা পাওয়ার জেনারেশন করতে পারব, যা প্রয়োজন তা করতে পারব। তারপর আপনারা বেট বাড়াতে দিলেন, তারা বাড়িয়ে নিল। কিন্তু তারপর তারা পাওয়ার জেনারেট করতে পারছে না। আজকে আপনি বলছেন, তাদের পুরোপুরি পাওয়ার জেনারেট করতে গেলে ২৭৫ মেগাওয়াট— বেশি নয় কিন্তু যা তারা তাদের রিপোর্টে বলেছিল, সেটা করতে গেলে তো ১০০ কোটি ধার দিতে হবে। সেই টাকার জন্য তারা গভর্নমেন্টের কাছে দ্বারস্থ হয়েছে। অথচ যাদের আপনি ১০০ কোটি টাকা দেবেন পাওয়ার জেনারেট করার জন্য, বৃহত্তর কলকাতায় বিদ্যুৎ সরবরাহ করার জন্য তাদের ওপরের তলার আমলাদের মাইনে এমলিউমেন্ট দেবার উপর আপনার কি কোন কন্ট্রোল আছে? তাদের টাকা অপচয় করার ব্যাপারে আপনার কি কোন কন্ট্রোল আছে? এটাই হচ্ছে প্যারাডক্স। আজকে ইলেকট্রিক সাপ্লাই কোম্পানি এসে বলছে যে আমাদের পাওয়ার জেনারেট করতে গেলে— যে কথা তাঁরা বলেছিলেন তিন বছর আগে ২৭৫ মেগাওয়াট বাড়াতে গেলে ১০০ কোটি টাকা দরকার, মেশিন ইনস্টল করতে হবে ইত্যাদি নানা কারণে। সেই টাকা দিলেও কি তারা করবে, এর কি কোন গ্যারান্টি আছে? তাছাড়া এমন একটা কোম্পানিকে আপনি টাকা দেবেন যার টাকা অপচয় করার ব্যাপারে বড় বড় হাউজগুলো যে ক'রে ম্যানেজারিয়াল এমলিউমেন্টস প্রচুর দেয়, প্রচুর টাকা নষ্ট করে, সেই ব্যাপারে আপনার কি কোন কন্ট্রোল আছে? স্টেট ইলেক্ট্রিসিটির একজন ইনজিনিয়ারকে যে মাইনে দেওয়া হয় তার চেয়ে সি ই এস সি-র একজন ইনজিনিয়ার অনেক বেশি মাইনে পায়। আপনি কন্ট্রোল করবেন কি ক'রে? সুতরাং প্রথম কথা হল এই, আপনাকে যদি সমস্ত পশ্চিম বাংলায় যা বর্তমানে অবস্থা আছে তার থেকে বিদ্যুৎ সরবরাহ ব্যবস্থার উন্নতি করতে হয় তাহ'লে শুধু কো-অর্ডিনেশন বাড়ালেই চলবে না সমস্তটাকে সরকারের প্রত্যক্ষ তত্ত্বাবধানে আনতে হবে। কলকাতা এবং শিল্পাঞ্চলের বিদ্যুৎ সরবরাহের ব্যবস্থা আমরা কিছুতেই বিদেশী কোম্পানির হাতে ফেলে রাখতে দিতে পারি না। এটা শুধু জাতীয়তাবাদী সেন্টিমেন্টের কথা নয়, আজকে আমাদের দেশে বিদেশী শক্তিগুলি যে পরিমাণ সক্রিয় স্যাবটেজ করার জন্য চেষ্টা করছে, আমরা জানি বিদেশী ষড়যন্ত্র রয়েছে, সেখানে একটা বিলাতী কোম্পানির হাতে বৃহত্তর কলকাতা এবং শিল্পাঞ্চলের বিদ্যুৎ সরবরাহ ব্যবস্থা কিছুতেই ফেলে রাখা উচিত নয় এবং আপনি এই সম্পর্কে কি করছেন বলুন। বাড়িয়ে তো দিলেন সময়, ইতিমধ্যে অনেক স্যাবটাজ হয়ে যেতে পারে। মাননীয় অধ্যক্ষ মহাশয়, কলকাতা ইলেকট্রিক সাপ্লাই-এর কথা, এই প্রসঙ্গে বলি তারা আবার রেট বাড়াবেন। এবং ৬০ ইউনিটের উপর যাঁরা আলো জ্বালাবেন, বিদ্যুৎ খরচ করবে, তাদের যে পরিমাণ টাকা দিতে হত তার চেয়ে অনেক বেশি দিতে হবে। এমন অনেক বাড়ি আছে যারা ৬০ ইউনিট পোড়ায়, কাজেই এই রেটটা তাদের বাড়তি দিতে হচ্ছে এই যদি হয় তাহ'লে মধ্যবিত্ত, নিম্ন মধ্যবিত্ত এবং গরিব মানুষের পক্ষে ভয়ানক ব্যাপার হয়ে দাঁড়াবে। মাননীয় বিদ্যুৎমন্ত্রী মহাশয়কে বলব যে বিদ্যুৎটা শুধু ব্যবসা নয়, বিদ্যুৎ প্রয়োজন, জাতীয় উন্নতির জন্য প্রয়োজন। তিনি বক্তৃতা করলেন সবুজ বিপ্লব করা নিয়ে। সেই বিদ্যুৎ খরচ বেড়ে গেছে। সুতরাং আমাকে রেট বাড়িয়ে নিতে হবে এবং তার চাপটা এসে পড়বে পুরোরার সেকশন অব দি পিপলের

উপর, এটা কিরকম কথা? এই সম্পর্কে আপনি ভাববেন। না ভাবলে কিন্তু খুবই অসুবিধা হবে। কলকাতা এবং শহরতলীর লোকেদের জন্য স্টেট ইলেকট্রিসিটি বোর্ডের কথা, আপনি যে এগ্রিকালচারাল ইলেকট্রিসিটি তার রেট বাড়িয়েছেন। আপনি একটা রেটের হিসাব দিলেন, আবার শুনছি ২৩শে ডিসেম্বর থেকে ২১ পয়সার জায়গায় ৩২ পয়সা ইউনিট করছেন, এই কথা ঠিক যদি আপনি সবুজ বিপ্লব করতে চান এবং দরিদ্র এবং মধ্যবিত্ত চাষীদের কাছে যদি বিদ্যুৎ পৌঁছে দিতে চান, মার্জিন্যাল ফার্মারসদের কাছে যদি বিদ্যুৎ পৌঁছে দিতে চান তাহ'লে এই রেট আপনি বাড়াবেন কেন? ২১ পয়সার জায়গায় ৩২ পয়সা করছেন, এক পয়সা দু পয়সা বাড়ান, সেটা বুঝতে পারি, যে গভর্নমেন্টের দরকার নিচ্ছে, আপনি ২১ পয়সার জায়গায় ৩২ পয়সা করছেন। এটা একটা প্রচণ্ড চাপ হবে বাংলাদেশের মধ্যবিত্ত, দরিদ্র চাষীদের উপর যারা বিদ্যুতের সুযোগ নিতে চায়, এটা আপনি মনে রাখবেন। এটা খুব কঠিন ব্যাপার হবে। এটায় একটা রেজিস্ট্যান্স হবে, হরিয়ানাতে যেমন জোতদারদের রেজিস্ট্যান্স হয়েছিল, এখানে হয়তো তার চেয়ে একটা ব্যাপকতর ব্যাপার হবে। জোতদাররা বিরোধিতা করে অন্য কারণে কিন্তু মধ্য চাষী, দরিদ্র চাষী, যাদের বিদ্যুৎ পৌঁছে দিতে না পারলে আপনি সত্য সত্যই সবুজ বিপ্লব করতে পারবেন না, তাদের কথা আপনি ভাববেন। তা না হ'লে খুব ক্ষতি হবে। মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি এই প্রসঙ্গে বিদ্যুৎমন্ত্রী পশ্চিমবাংলার বিদ্যুতের চাহিদা এবং সরবরাহ সম্পর্কে তাঁর মুখে রিপোর্ট শুনলাম।

পঞ্চম পঞ্চবার্ষিকী পরিকল্পনার শেষে আমাদের পশ্চিমবাংলার বিদ্যুতের চাহিদা হবে ১০২০ মেগাওয়াট আপনি বললেন। আর সে জায়গায় কোলাঘাটকে বাদ দিলে ৭২৫ মেগাওয়াট যদি প্রডিউস করতে পারেন, যদিও সেটা হবে কিনা সে বিষয়ে সন্দেহ আছে, তাহ'লেও একটা গ্যাপ আছে এবং এই গ্যাপ ভয়াবহ গ্যাপ। তারপরে উনি বোধ হয় একটা কথা ভুল ক'রে ব'লে ফেলেছেন ব'লে আমার মনে হ'ল, উনি বললেন শাসক শ্রেণী, উনি বোধ হয় শাসকদের কথা বলতে চেয়েছেন। শ্রেণী বলতে অন্য জিনিস বোঝায়। গত বছর পর্যন্ত ৮ পারসেন্ট ইলেকট্রিফিকেশন হয়েছিল এখন উনি করেছেন ২৮ পারসেন্ট। এখন আপনি এটা আসামের দিকে চেয়ে নিজের পিঠ চাপরাতে পারেন বা মিজোরামের দিকে চেয়ে নিজের পিঠ চাপরাতে পারেন। কিন্তু সারা পৃথিবীর দিকে চেয়ে ভাবুন কি করেছেন। আগের লোকেরা কি করেছে এটা কথা নয় কোন্ দল কি করল, কোন্ দলের গভর্নমেন্ট কি করল এটা বড় কথা নয়। বড় কথা হচ্ছে ১৯৭৫ সালে আমরা পশ্চিম বাংলায় মাত্র ২৮ ভাগ বিদ্যুৎ উৎপাদন ক'রে সরবরাহ করছি। শতকরা ৭২ ভাগ এখনও করতে পারিনি। অর্থাৎ বেশিরভাগ পশ্চিমবাংলায় এখনও বিদ্যুৎ শক্তির আওতার বাইরে আছে। এই প্রসঙ্গে আমার মনে পড়ছে ১৯১৭ সালের সোভিয়েত বিপ্লবের কথা। লেনিন একবার বলেছিলেন সম্পূর্ণ সোসিয়ালিজম করছি মানে সমস্ত সোভিয়েতকে ইলেকট্রিফায়েড করতে চাই। এইচ জি ওয়েলস এক সময় বলেছিলেন এই কথা যে, সম্পূর্ণ সোসালিজম কি, না যদি সম্পূর্ণ বৈদ্যুতিকীকরণ করতে পারি। তখনকার দিনে এটাই তাদের কথা ছিল। এখন সোভিয়েত রাশিয়া অ্যাটমিক রিয়্যাকটর দিয়ে তৈরি করছে। তারা ৫০ বছরে অনেক পথ চলে এসেছে। আর আমাদের দেশে, ১৯৭৫ সালে পশ্চিমবাংলায় শতকরা ২৮ ভাগ বিদ্যুৎ শক্তি ক'রে ভাবছি কি একটা ক'রে ফেলেছি এবং গর্ব ক'রে বলছি আগের গভর্নমেন্টের চেয়ে ভাল করছি। কিন্তু এই কথা বলে কোন লাভ নেই। মূল কথা হচ্ছে পশ্চিম বাংলায় এখনও প্রচুর বিদ্যুৎ প্রয়োজন। গ্রামাঞ্চলে বিদ্যুৎ নিয়ে যেতে হবে, চাষীর কাছে বিদ্যুৎ নিয়ে যেতে হবে, আমাদের এই ছোট রাজ্যকে খাদ্যে স্বয়ম্ভর হতে হবে এবং কৃষিকে আধুনিকীকরণ করতে হবে তার জন্য বিদ্যুৎ দরকার। শহরে যেমন শিল্পের জন্য বিদ্যুতের প্রয়োজন তেমনি গ্রামের কৃষিকার্যের জন্য বিদ্যুৎ প্রয়োজন। সেখানে এখন আমাদের পোজিশন কি? সাত্তার সাহেব বলেছেন ৫০০০ টিউবওয়েল এনারাইস করবেন ১৫ই জানুয়ারির মধ্যে। খুব ভাল কথা, তিনি করুন। কিন্তু বর্তমানে কি আছে? বহু জায়গায় আপনি বিদ্যুৎ সরবরাহ করছেন না, এর ফলে হচ্ছে, যে কৃষক ব্যাঙ্ক থেকে ধার নিয়ে টিউবওয়েল করেছিল তারা দেড় বছর দু'বছর ধরে বিদ্যুৎ পেল না। অথচ তাকে ব্যাঙ্কের সুদ দিতে হচ্ছে। ইতিমধ্যে এমন সম্ভাবনা দেখা দিয়েছে যে টিউবওয়েল করেছিল সেই টিউবওয়েল খারাপ হয়ে গেছে এবং রিসিংকিং করবার জন্য তাদের আরও টাকা ধার করতে হবে, আরও টাকা খরচ করতে হবে। আজকে সেখানে এই পোজিশন। তাই আমি বরকত সাহেবকে বলছি, বিদ্যুৎমন্ত্রী মহাশয়কে বলছি যে, ইমার্জেন্সী যখন তখন আপনি

ইমার্জেন্সী ফুটিং-এ কাজ করুন। বিদ্যুৎ প্রতিষ্ঠানগুলিকে বলুন যে, তাদের এই কাজ করতে হবে, আর গয়ং গচ্ছ চলবে না। আর তা না হ'লে লোককে বলে দিন, হোপ দেবার কোন দরকার নেই। এক সময় বিধানসভায় আমরা বলেছিলাম ১০,০০০ গ্রামে বিদ্যুৎ দিয়ে নিয়ে যাব। কিন্তু তাতে অনেক প্রাকটিক্যাল ডিফিক্যালটি ছিল, যার ফলে সেটা আমরা পারিনি। কিন্তু আজকে এটা বলার দরকার নেই। আপনি বলুন যে লেট ইট বি ওয়েল মেড। তা না হ'লে তারা টিউবওয়েল বসাচ্ছে ব্যাঙ্কের কাছ থেকে লোন নিয়ে অথচ বিদ্যুৎ পাচ্ছে না। আর একটা কথা হচ্ছে আপনি ২৭ কোটি টাকার ঋণের সুযোগ গ্রহণ করছেন। কিন্তু যারা ঋণ গ্রহণ করেছে গত বছর তার পরিমাণ ৫৪ কোটি টাকার বেশি নয় এবং ৫৪ কোটি টাকার ঋণ যাঁরা গ্রহণ করেছেন তার ইন্টারনাল রিসোর্সের কি হবে, না হবে তা আপনি জানেন, কিন্তু কেউ কিছু বলতে পারে নি। আজকে তাপনার কত দরকার এবং কেন্দ্রীয় সরকার কত দেবে তাও আমরা জানি না। কোলাঘাটের কথা আমি বলব। কোলাঘাট সম্পর্কে আমাদের পার্টির থেকে একটা মেমোরেণ্ডাম দেওয়া হয়েছিল, ভূপেশবাবু এবং গীতা মুখার্জী দিয়েছিলেন। তাতেও দেখা যাচ্ছে যে কোলাঘাটের ফার্স্ট ইউনিট কমিশন কবে হবে তার কোন স্থিরতা নেই।

[4.05 - 4.15 p.m.]

এখন আপনারা বয়লারের অর্ডার দিয়েছেন প্রচুর কাজ সেখানে বাকি আছে। যে টাকা কেন্দ্রীয় সরকাবেব স্যাংশন করার কথা ছিল তাব চেয়ে আর অনেক কম দিচ্ছেন। ফ্লো অব ফাণ্ড রেগুলাব না হলে ১৯৮১ সালের মধ্যে এটা হবে কিনা জানি না। অন্য দিকে মেদিনীপুরকে কেন্দ্র কবে একটা বিরাট শিল্পাঞ্চল গড়ে উঠছে। কোলাঘাট যদি ইনডাস্ট্রিয়াল ইউনিটকমিশনড হয় তাহ'লে দেশ শিল্প সমৃদ্ধ হবে, কিন্তু ১৯৮১ সালের মধ্যে এটা হবে কিনা সন্দেহ। আমি বলব যদি মনে করেন যে কেন্দ্রীয় সবকারের এখন যা ফ্লো অব ফাণ্ড যে রীতি আছে যার মানে কোলাঘাট অনেক বেশি ইনসিকিওব হয়ে যাচ্ছে তাহ'লে আমরা কেউই সরকাবের কাছে সকলে বলি let it be a fight of the State of all political parties and of all political views. এটা করুন। নাহ'লে কোলাঘাটের এখন যে অবস্থা তাতে ১৯৮১ সালেব মধ্যে এটা করতে পারবেন বলে মনে হচ্ছে না। আমি এই সঙ্গে বলব সাঁওতাল দিহিতে ৩৮ কোটি টাকা আনবে বলেছিলেন, কিন্তু কি হইল? এই সম্পর্কে সুস্পষ্ট ভাবে বলুন পশ্চিম বঙ্গ বিদ্যুৎ চায়, কারণ এটা গ্রামে সরবরাহ করতে হবে। আমবা চাই পশ্চিমবঙ্গ বিদ্যুতের দিক থেকে স্বয়ংসম্পূর্ণ হয়ে গ্রামাঞ্চলের লোকের মুখে, হাসি ফোটাক এবং let it be treated not on factional political plane but on the State plane.

শ্রীসুকুমার বন্দ্যোপাধ্যায়ঃ মাননীয় অধ্যক্ষমহাশয়, সেচ ও বিদ্যুৎমন্ত্রী যে প্রস্তাব উত্থাপন করেছেন সেই প্রস্তাব সমর্থন করে কয়েকটা কথা বলতে চাই। এটা ঠিক যে যদি বেশি বিদ্যুৎ না উৎপাদন করতে পারি তাহ'লে আমাদেব অগ্রগতির দরজা বন্ধ হয়ে যাবে। বর্তমান অর্থনৈতিক উন্নতিব চাবিকাঠি হচ্ছে বিদ্যুৎ এবং এব মাধ্যমে নূতন নূতন শিল্প স্থাপন, শিল্প প্রসাব, কৃষিক্ষেত্রে উন্নতি এর আধুনিক সভ্যতার বিকাশ সাধন সম্ভবপর। দুঃখেব কথা এই প্রয়োজনীয় ও জরুরী দপ্তর সম্পর্কে খুব বেশি গুরুত্ব ১৯৭২ সালেব পর থেকে লক্ষ্য করতে পারছি না। আমি কৃষিক্ষেত্রে উন্নতির কথায় বলব যে যেখানে শ্যালো টিউবওয়েল, ডীপ টিউবওয়েল কিংবা নদী থেকে জল তোলার পরিকল্পনা যদি গ্রহণ করতে হয় তাহ'লে সেখানে বিদ্যুতের প্রয়োজন। এর অভাবে ঐ কাজ ঠিক মত হচ্ছে না এবং অন্য আরও কর্মসূচী গ্রহণ করতে দপ্তর ভয় পায় এই সঙ্গে নূতন শিল্প স্থাপনের কথা যখন আসে তখন প্রথমেই চিন্তা করতে হয় বিদ্যুৎ সববরাহ দেওয়া সম্ভব কিনা। অথচ এই বিদ্যুৎ দপ্তরের জন্য আরও টাকার দরকার সে সম্পর্কে খুব একটা বাস্তবমুখী মনোভাব নেই। সেজন্য অর্থের অভাবে পশ্চিমবাংলাব বিদ্যুৎ পর্ষদ গঠনমূলক, সম্প্রসারণমূলক কাজ ও তাপবিদ্যুতের কাজ কবতে পারছে না এবং তাব জন্য আজকে বিদ্যুৎ দপ্তরের মন্ত্রী বিধানসভার মধ্যে তাঁর বিবৃতি উপস্থাপিত ক'রে আরও ঋণ আদায়ের জন্য অনুরোধ জানিয়েছেন। এই প্রস্তাবকে সমর্থন করার সঙ্গে সঙ্গে নীতিগত ভাবে এব জন্য আপত্তি করছি। আমার আপত্তি হচ্ছে এই, আজকে বিদ্যুৎমন্ত্রী কেন উচ্চ সুদে টাকা বিভিন্ন জায়গা থেকে সংগ্রহ করবেন? কেন আজকে পশ্চিমবঙ্গের প্রয়োজনীয় বিদ্যুতের জন্য কেন্দ্রীয় সবকাব টাকা দেবেন না? কেন আজকে কম সুদে টাকা পেয়ে আমাদের পশ্চিবঙ্গের

সম্প্রসারণের যে পরিকল্পনাগুলি রয়েছে সেগুলি আমরা স্বয়ংসম্পূর্ণ করতে পারব না? আজকে বিদ্যুৎ উৎপাদনের দিক থেকে আমরা পিছনে পড়ে যাচ্ছি। ১৯৬২, ১৯৬৪ সালে যেখানে বোম্বে এবং গেটার বোম্বেতে বিদ্যুৎ উৎপাদন ছিল ২৩৫ মেগাওয়াট, আজকে সেখানে ৭৫০ মেগাওয়াটের বেশি বিদ্যুৎ উৎপাদন হচ্ছে। আনুপাতিক হারে পশ্চিমবঙ্গে আমরা যে বিদ্যুৎ উৎপাদন করি তা আমাদের চাহিদার তুলনায় কম। সেজন্য আগামী দিনের কথা ভাবতে হয়, আমাদের কৃষি এবং শিল্পে স্বয়ংসম্পূর্ণ পশ্চিমবঙ্গের কথা ভাবতে হয়। আজ থেকে ৫ বছর পরে পশ্চিমবঙ্গে যাতে ১২ শো মেগাওয়াট বিদ্যুৎ উৎপন্ন হয় সেই কথা ভাবতে হবে, তার জন্য পরিকল্পনা গ্রহণ করতে হবে। আমাদের ত্রুটি-বিচ্যুতি আছে, গলদ আছে, সেই ত্রুটি-বিচ্যুতি সমাজজীবনের একটা অঙ্গ, গলদ থাকবেই। কিন্তু এই গলদের মধ্যে আমাদের পশ্চিমবঙ্গে যা ইনস্টলড ক্যাপাসিটি আছে, সারা পশ্চিমবঙ্গে যদি ৫০ পার্সেন্ট উৎপন্ন ক'রে থাকি তাহ'লে ভারতবর্ষের রেট সেখানে ৩৫ পার্সেন্ট, কিছুদিন আগে সেটা ৪০ পার্সেন্ট হয়েছে। সেদিক থেকে মাথা নিচু করার মত কাজ পশ্চিমবঙ্গের রাজ্য বিদ্যুৎ পর্ষদ করছে না। কিন্তু আজকে প্রয়োজনীয় অর্থসংকটের জন্য আমাদের সমস্ত কর্মধারা বারবার বাধাপ্রাপ্ত হচ্ছে। আমরা জানি ১ শো মেগাওয়াট বিদ্যুৎ তৈরি করার জন্য ৩০ কোটি টাকা এবং ১৬৬ কোটি টাকা কোলাঘাটের জন্য প্রয়োজন হবে। কোথা থেকে সেই টাকা আসবে, কে দেবে সেই টাকা? তার জন্য রাজ্য বিদ্যুৎ পর্ষদকে, বিদ্যুৎ দপ্তরকে ভিখারীর ভূমিকা নিয়ে বাজার থেকে নানাভাবে ভিক্ষা ক'রে, ধার ক'রে টাকা সংগ্রহ করার চেষ্টা করতে হচ্ছে। আমি রাজ্য বিদ্যুৎমন্ত্রী এবং মুখ্যমন্ত্রীর দৃষ্টি আকর্ষণ ক'রে বলব আজকে যদি ১ শো কোটি টাকার প্রয়োজন থাকে বিদ্যুৎ বিভাগের সেই টাকার জন্য কেন্দ্রীয় সরকারে বলুন, কেন্দ্রীয় সরকারের কাছ থেকে অত্যন্ত অল্প সুদে সেই টাকা সংগ্রহ করা হোক, সেই টাকা দিয়ে পশ্চিমবঙ্গের উন্নতির ব্যবস্থা করা হোক, আমাদের চাহিদা মত বিদ্যুৎ উৎপাদন করা হোক। আজকে সাত্তার সাহেব রয়েছেন এখানে, আপনি কর্মিৎকর্মা পুরুষ, আপনি কৃষির যে উন্নতি করেছেন তা উল্লেখযোগ্য। আপনি কৃষি বিভাগের মন্ত্রী হয়ে জানেন বিদ্যুৎ যদি আপনার পাশে এসে না দাঁড়ায় তাহ'লে আপনার পক্ষে অ্যাচিভমেন্ট করা সম্ভব নয়, আপনার পিছনে চাই বিদ্যুৎ বিভাগের কর্মদক্ষতা এবং অকুণ্ঠ সাহায্য। আজকে যে প্রস্তাব বিদ্যুৎমন্ত্রী এনেছেন তাকে পূর্ণ সমর্থন করছি, সঙ্গে সঙ্গে দাবি করছি টাকার প্রয়োজনীয় ব্যবস্থা কেন্দ্রীয় সরকার করুন। এই কথা ব'লে আমি আমার বক্তব্য শেষ করছি।

[4.15-4.25 p.m.]

শ্রীআফতাবুদ্দিন মণ্ডলঃ মাননীয় অধ্যক্ষমহাশয়, মাননীয় বিদ্যুৎমন্ত্রী আজকে বিধানসভায় যে প্রস্তাব এনেছেন সেই প্রস্তাবকে আমি পরিপূর্ণ সমর্থন করি, এবং সমর্থন ক'রে মোটামুটি একটা জিনিস আপনার সামনে রাখতে চাই। কেউ কেউ বলেছেন যে বিদ্যুতের অপচয় হচ্ছে, আবার কেউ কেউ বলেছেন যে দুর্নীতি হচ্ছে। আমি একটা কথা আপনার সামনে রাখতে চাই যে ১৯৬৭ সালের পর থেকে ১৯৭২ সালের মাঝখান এই পাঁচ-ছয় বছরের যে গ্যাপ সেই গ্যাপে সারা পশ্চিম বাংলা জুড়ে যে ধ্বংসের লীলা চলেছিল তাতে বিদ্যুতের উৎপাদন হওয়া এবং তার জন্য কোন নূতন প্ল্যান কোন প্রজেক্ট তৈরী না করাও একটা কারণ বটে। আমরা একটা ব্যাপারে মাননীয় বিদ্যুৎমন্ত্রী মহাশয়কে ধন্যবাদ দিতে পারি। তিনি ভারতবর্ষ তথা পশ্চিম বাংলার দিকে তাকিয়ে আগামী পঞ্চম পঞ্চবার্ষিকী পরিকল্পনা শেষ হ'লে কতটা বিদ্যুৎ আমাদের লাগবে এবং বিদ্যুতের চাহিদা আছে কিনা এবং তা পূরণ করা যাবে কিনা সেই দৃষ্টিভঙ্গী সামনে রেখে তিনি নানা প্ল্যান তৈরি করেছেন। সেই প্ল্যান তৈরি করতে গিয়ে একটা জায়গায় থমকে দাঁড়াতে হচ্ছে। সেটা কোথায়? সেই থমকে দাঁড়াতে গিয়ে আমরা দেখছি যে আমাদের কোলাঘাটে ১৬০ কোটি টাকার মত লাগবে। মাননীয় বিদ্যুৎ মন্ত্রী এই যে ১৬০ কোটি টাকা চেয়েছেন সেই টাকা যদি কোথাও থেকে দেওয়া না হয় তাহ'লে কি হবে? কারণ আমি যতদূর জানি এই প্ল্যান ফাণ্ডে কোন টাকা নেই। এই টাকার অভাবে আমাদের কোলাঘাটের কাজ এগিয়ে নিয়ে যেতে পারা যাচ্ছে না। এটা খবরের কাগজে বেরিয়েছে, মাননীয় মন্ত্রী মহাশয় স্টেটমেন্টও করেছেন এবং আমরা ভালভাবে জানি। সুতরাং প্রগ্রেসিভ যত কথা বার্তাই বলি না কেন, মাননীয় মন্ত্রী মহাশয়কে যতই চাপ দিই না কেন কিন্তু একটা জিনিস পরিষ্কার যে টাকা যদি না থাকে তাহলে আগামী দিনে বাংলা দেশের বুক থেকে — পশ্চিমবাংলার বুক থেকে বিদ্যুতের চাহিদা পূরণ

করা যাবে না এটা নিশ্চিত। এটা নিশ্চিত জেনে মাননীয় বিদ্যুৎমন্ত্রীর চুপ ক'রে বসে থেকে লাভ নেই। মাননীয় অধ্যক্ষ মহাশয়, আপনার মাধ্যমে একটা কথা বলি এই পবিত্র বিধানসভায় দাঁড়িয়ে মাননীয় বিদ্যুৎমন্ত্রী বলেছিলেন এবং আমরাও জানি যে ১৯৭২ সালে এই সরকার আসার আগে সারা পশ্চিম বাংলা জুড়ে শতকরা মাত্র কয়েকটা গ্রামে ইলেকট্রিফিকেশান হয়েছিল। কিন্তু আজকে সেখানে শতকরা ২৮টা গ্রামে ইলেকট্রিফিকেশান হয়েছে। এর মূল অবজেক্ট যেটা সেই রুরাল ইলেকট্রিফিকেশান মানে বাড়িতে বাতি জ্বালানো নয় — এটা ছিল পুরাপুরি এগ্রিকালচার এবং ইনড্রাসটির জন্য। এই এগ্রিকালচার এবং ইনড্রাসটিকে সামনে রেখে রুরাল ইলেকট্রিফিকেশান করা সম্ভব হয়েছিল। আমি জানি কেউ কেউ বলেন যে কোথাও তার ঝুলছে আবার কোথাও খুঁটি ঝুলছে আবার বা কোথাও তার বা খুঁটি দুটাই নেই। কিন্তু এর মাঝখানে এক না করুন রহস্য রয়ে গেছে। আমরা জানি যে ফ্রেজ ওয়াইজে টাকা দেওয়া হয়। কোন সময় টাকা দিয়ে বলা খুঁটি পুতে চলে যাও এবং তারপর যে টাকার দরকার আছে তা নিয়ে এস। তা আবার অ্যাপ্রুভালের দরকার দিল্লীর কাছ থেকে। দিল্লীর কাছ থেকে অ্যাপ্রুভাল নিয়ে এসে যখন মন্ত্রী মহাশয়ের কাছে টাকা আসে তখন দেখা যায় যে ঐ কাঠের খুঁটিতে উই লেগে গেছে এবং তা পড়ে গেছে, উনানে চলে গেছে। টাকা যখন এল তখন খুঁটির আর হদিশ পাওয়া যায় না, সেখানে আর খুঁটি থাকে না। এই যে অবস্থা খুঁটি থাকে তো তার থাকে না আবার তার থাকে তো খুঁটি থাকে না এই অবস্থায় একটা দেশে ইলেকট্রিফিকেশান করা সম্ভব হবে না এটা আমরা ভাল ক'রেই জানি। একটা দুঃখের কথা মাননীয় বিদ্যুৎমন্ত্রী বলেছেন যে এখনও অবধি রুরাল এলাকায় ২১ হাজার ৫১২টা শ্যালো টিউবওয়েল অপেক্ষা ক'রে বসে আছে যার বিদ্যুৎ যোগান দেওয়া সম্ভব হচ্ছে না আমরা এটাও জানি আর্বান এরিয়ায় ৫২ হাজার ৯০০ এই অবস্থায় তাদের কানেকশান দেওয়া সম্ভব হচ্ছে না। যা দেবেন বলেছেন তা দিতে পারছেন না। কিন্তু এটা দিতে গেলে যে টাকার প্রয়োজন — বিদ্যুৎ দিতে গেলে বা উৎপাদন করতে গেলে যে প্রজেক্ট এর প্রয়োজন সেই টাকা যদি না থাকে তাহ'লে যে প্লান বা প্রোগ্রাম যা আমাদের মাথায় আছে বা বাড়তি সংস্থান যদি না থাকে তাহ'লে আগামী দিনে যতই ডিমাণ্ড হউক না কেন — সেই ডিমাণ্ডের জন্য উনি খুব জোর মন্ত্রীত্ব ছাড়তে পারেন কিন্তু সারা পশ্চিম বাংলায় বিদ্যুতের চাহিদা মেটানো যাবে না। এটা আমরা জানি এবং জানি ব'লেই বিদ্যুৎমন্ত্রীর কাছে আবেদন যে ক্যালকাটা ইলেকট্রিসিটি সাপ্লাই করপোরেশন বলে যেটা আছে সেই ক্যালকাটা ইলেকট্রিক সাপ্লাই করপোরেশনকে এখনই ১০০ কোটি টাকা দেওয়ার দরকার আছে। এই ১০০ কোটি টাকা ফারদার এক্সপানসানের জন্য দরকার। এই ফারদার এক্সপানসান না হ'লে ক্যালকাটার বিদ্যুতের চাহিদা মেটানো যাবে না — যেখানে লোডশেডিং হবে কাগজের হেড লাইন হবে যে অমুক পাড়ায় ৭ ঘন্টা অন্ধকার ছিল, বিদ্যুৎ যায় নি, সে বিদ্যুৎ যাবে না যদি না প্লান ও প্রোগ্রাম অনুসারে যেভাবে তিনি ফিল করেছেন সেই ফিলিংসকে বাস্তবায়িত করবার জন্য এগোনো যায়। সেইজন্য বলছি যে প্ল্যান ও প্রোগ্রাম আমাদের থাকা দরকার ও তার জন্য কেন্দ্রীয় সরকার থেকে দরকার হয় বা পশ্চিম বাংলার কোন ডিপার্টমেন্ট থেকে দরকার হয় টাকা নিয়ে বিদ্যুৎমন্ত্রীর হাতে টাকা দিতে হবে। তাঁর হাতে আজ টাকা দেওয়ার দরকার আছে। তা যদি দেওয়া না হয় তাহ'লে আগামী দিনে পশ্চিম বাংলায় যা ছিল তাই হবে। এই কথা ব'লে মাননীয় বিদ্যুৎমন্ত্রী যে প্রস্তাব এনেছেন সেই প্রস্তাবকে সম্পূর্ণ সমর্থন ক'রে আমি আমার বক্তব্য শেষ করছি।

Mr. Speaker : Honourable members, the time alloted for discussion of this resolution is going to expire in two or three minutes. I find that there is one more speaker – Mr. Kumar Dipti Sen Gupta will take some time – and the Hon'ble Minister also require some time to give his reply. So, with the sense of the House, under rule 290, I extend the time for discussion of this resolution by half-an-hour. I think the House will agree.

(Voices Yes, yes.)

Mr. Speaker : The time for discussion of this resolution is extended by half-an-hour.

I now request Mr. Kumar Dipti Sen Gupta to speak. I would also request him not to take much time.

শ্রীকুমার দীপ্তি সেন গুপ্ত ঃ মাননীয় অধ্যক্ষ মহাশয়, বিংশ শতাব্দীর মধ্যভাগ পর্যন্ত পশ্চিমবঙ্গের শিল্প ছিল গৌরবের বিষয়, হিমালয়ের সেই উচ্চাসন থেকে আজকে আমরা তিনপাহাড়ে নেমে এসেছি। কয়লা, ইস্পাত, কেমিক্যাল ইনডাস্ট্রি, পাট সব নিয়ে পশ্চিমবঙ্গ ছিল শিল্পে অগ্রণী, কিন্তু বিদ্যুতের অভাবে আমরা আজকে সেই শীর্ষ স্থান থেকে তলিয়ে গিয়েছি। অন্ধকারের অতল তলে তলিয়ে গিয়েছি। আজকে এই ঘটনা যখন ঘটছে তখন অতীতের পর্যালোচনা না ক'রে পারা যায় না। আজকে আমাদের চিন্তা করতে হবে যে, ইউনাইটেড স্টেটস অব আমেরিকা, সেখানে দেখছি পার ক্যাপিটা কনজামশন ৯ হাজার ইউনিট, সোভিয়েত রাশিয়াতে দেখছি ২৬০০ ইউনিট আর ভারতবর্ষে পার ক্যাপিটা ৮৯ ইউনিট। কয়েক বছর আগে এই পশ্চিমবঙ্গে পাট শিল্পে লোকসান হয়েছে ৩৮ কোটি টাকা। কেবলমাত্র বাটানগর লোকসান দিয়েছে ৬ কোটি টাকা। আজকে এই অবস্থা কেন হ'ল? কারা এর জন্য দায়ী? আমি মাননীয় সদস্য বিশ্বনাথ চক্রবর্তীর কাছে সেই প্রশ্ন রাখছি। এর পূর্বে আমরা কোন প্ল্যানিং দেখিনি, আমরা কোন অর্থলগ্নী দেখিনি, কোন চিন্তা দেখি নি। আজকে যে জঞ্জাল সৃষ্টি ক'রে গেছে, সেই জঞ্জাল সাফ করবার চেষ্টা মাননীয় মন্ত্রী বরকত সাহেব করছেন। তিনি স্বপ্ন দেখছেন গ্রামবাংলাকে এবং সমগ্র পশ্চিমবাংলাকে সমৃদ্ধশালী করবার। আজকে যে লোকসান ঘটে গেছে সেই থেকে একে যদি লাভের অংশে নিয়ে যেতে হয় তাহ'লে সাতিগাছার ইউনিট, কোলাঘাটের ইউনিট এবং ব্যাণ্ডেলের ইউনিট আজকে খুলতেই হবে। একথা আজকে কে অস্বীকার করতে পারে যে আজকে পশ্চিমবাংলার ৮ হাজার গ্রামে বৈদ্যুতীকরণ হয়েছে। ৬ হাজার শ্যালো টিউবওয়েল দিয়ে আজকে গ্রামবাংলাতে জল পড়ছে। পশ্চিমবাংলার মানুষ একথা কোন দিন চিন্তা করে নি, কোন দিন কল্পনা করতে পারে নি, তাই গ্রামবাংলার মানুষ আজকে বরকত সাহেবের কাছে চিরকৃতজ্ঞ, তারা চিরধন্য। আজকের দিনে মাননীয় বরকত সাহেব যে প্রচেষ্টা চালাচ্ছেন সেই প্রচেষ্টা যদি সফল ক'রে তুলতে হয় তাহ'লে বিধানসভার সমস্ত সদস্য, আর এস পি সদস্য, কমিউনিস্ট পার্টির সমস্ত সদস্য সকলে মিলে বরকত সাহেবের হাতকে শক্ত করতে হবে। আমরা জানি সৃষ্টির আলো দিয়ে গেছেন রাজা রামমোহন রায়, তাঁকে আমরা সম্মান করি, বিদ্যাসাগর মহাশয় জ্ঞানের আলো দিয়েছেন তাঁকে আমরা নমস্কার জানাই; আর বিবেকানন্দ দিয়েছেন মানবিকতা বোধের আলো, তাকে আমরা প্রণাম জানাই। আমরা জানি এই প্রগতিশীল সরকার অন্তত পক্ষে ৮হাজার গ্রামের পর্ণ কুটিরে আলোতে উদ্ভাসিত ক'রে দিয়েছেন। তারা এই প্রগতিশীল সরকারকে নমস্কার জানায়। এই প্রগতিশীল সরকার দীর্ঘজীবি হোক তারজন্য কামনা করে। আমিও এই প্রস্তাবকে সমর্থন ক'রে আমার বক্তব্য শেষ করছি।

শ্রীআবু বরকত আতাউল গনি খান চৌধুরী ঃ মিঃ স্পীকার স্যার, আমি এর আগে অনেকক্ষণ বলেছি। এখেন আর বেশি কিছু বলার নেই। তবুও বলছি মাননীয় সদস্য বিশ্বনাথ চক্রবর্তী মহাশয়, আফতাব উদ্দিন মণ্ডল এবং কুমার দীপ্তি সেনগুপ্ত মহাশয় এই বিতর্কে অংশ গ্রহণ ক'রে একে সমর্থন করেছেন ব'লে আমি তাঁদের কাছে আমার কৃতজ্ঞতা জানাচ্ছি। মাননীয় সদস্য বিশ্বনাথ বাবু স্টেট ইলেকট্রিসিটি বোর্ডের ম্যানেজমেন্টের কথা বলেছেন এবং তার সঙ্গে সঙ্গে দুর্নীতির কথা বলেছেন। দুর্নীতির কথা একটা ভেগ কথা, আমরা প্রায়ই দুর্নীতি, দুর্নীতি ব'লে থাকি। কাজেই আমি তাঁকে এই কথা বলতে চাই যে, যেকোন দুর্নীতি হোক না কেন আমরা তার মোকাবিলা করছি। তাঁর কাছে যদি কোন খবর থাকে তিনি নিশ্চয়ই আমাদের কাছে দেবেন এবং আমরা আইনত যা করা প্রয়োজন আমরা তা নিশ্চয়ই করব।

[4.25-4.35 p.m.]

দুর্নীতি আমরা কোনদিন ক্ষমা করব না, এই আশ্বাস আমি তাঁকে দিতে পারি। তবে তার সঙ্গে সঙ্গে একটা কথা বলি, স্টেট ইলেকট্রিসিটি বোর্ডে যেসমস্ত ইঞ্জিনীয়র আছেন আমি তাঁদের যতটা চিনি তাঁরা সকলেই কর্মী এবং এটা বললে ঠিক কথা বলা হবে না, তাঁদের প্রতি জাস্টিস করা হবে না যদি আমরা বলি উইথ দি সেল অব

আর্জেন্সি তারা কাজ করছেনা, আমার মনে হয় সেন্স অব আর্জেন্সি অ্যাণ্ড ডিভোশন তারা কাজ করছে এবং তারা যদি কাজ না করত উইথ দি সেন্স অব আর্জেন্সি তাহ'লে আমাদের যে প্রগ্রেস হয়েছে সেই প্রগ্রেস নিশ্চয়ই হত না। আজকে অক্ষরে অক্ষরে আমরা সিডিউল টাইম মেনটেন করতে পারতাম যদি এই ফিনানশিয়াল কনসট্রেন্ট না থাকত সুতরাং যেখানে ফিনানশিয়াল কনসট্রেন্ট আছে সেখানে ইঞ্জিনীয়ার দের দোষ দিয়ে লাভ নেই, ম্যানেজমেন্টকে দোষ দিয়ে লাভ নেই। তিনি নিশ্চয়ই বুঝতে পারছেন কেন আমরা দ্রুত এগুতে পারছি না। সুতরাং আমি তাঁর কাছে আবেদন রাখব যদি তাঁর কাছে কোন দুর্নীতির খবর থাকে তাহ'লে তিনি আমাদের জানাবেন। পশ্চিম বাংলার ইতিহাসে এই প্রথম হয়েছে — যখন ব্যাণ্ডেল হয়েছিল তখন আমেরিকা থেকে ইঞ্জিনিয়ার এসেছিল, কিন্তু পশ্চিম বাংলায় যখন সালতালদি ফার্স্ট ইউনিট হ'ল, সানতালদি সেকেণ্ড ইউনিট হ'ল তখন কোন বিদেশী ইঞ্জিনিয়ার আসে নি, আমাদের এই এটা খুব আনন্দের কথা গর্বের কথা এবং আমরা আশা করি যে আমরা যত এক্সপ্যানশন বাড়াব তা এই পশ্চিম বাংলার ইঞ্জিনিয়াররাই করবে এর মধ্যে কোন ভুল নেই। মাননীয় বিশ্বনাথ চক্রবর্তী মহাশয় বলেছেন কো অর্ডিনেশনের কথা। এইজন্য পাওয়ার ডিপার্টমেন্ট ছিল না, আগে স্টেট ইলেকট্রিসিটি বোর্ড কমার্স অ্যাণ্ড ইনডাস্ট্রিস ডিপার্টমেন্টের আণ্ডারে ছিল। পাওয়ার কমিশনার ঘন ঘন ডিফারেন্ট যে সমস্ত এজেন্সি আছে তাদের সঙ্গে তিনি মিটিং করেন, প্রয়োজন হ'লে আমিও মিটিং করি এবং কোন কোন এজেন্সি কত পাওয়ার জেনারেট করবে সেটা আমরা ঠিক ক'রে দিই এবং কোথায় কত দেওয়া হবে সেটাও আমরা ঠিক ক'রে দিই। সুতরাং কো-অর্ডিনেশন নেই একথাটা ঠিক নয়, কো-অর্ডিনেশন আছে এবং কো-অর্ডিনেশন আরও মজবুত করার চেষ্টা করছি যেটা আগে ছিল না। হয়তো তিনি জানেন না যে আমরা প্রায়ই মিটিং ক'রে থাকি। ক্যালকাটা ইলেকট্রিক সাপ্লাই-এর কথা বলেছেন, ক্যালকাটা ইলেকট্রিক সাপ্লাইকে আমরা এক্সটেনশন দিতে বাধ্য হয়েছি সেই সময়। আমরা খুব খুশি হতাম যদি আমরা এটা টেকওভার করতে পারতাম। কিন্তু গভর্নমেন্ট সেই রিস্ক নিতে পারে নি কারণ বিদ্যুতের যে অবস্থা ছিল সেই সময় সেখানে কোন রিস্ক নেওয়ার কথা উঠতেই পারে না বা কোন ডকট্রিনেয়ার হওয়া চলে না। তাই আমরা ঠিক করেছি যে ক্যালকাটা ইলেকট্রিক সাপ্লাইকে আমরা গভর্নমেন্ট থেকে কোন টাকা দেব না তবে যাতে ফাইনানশিয়াল ইনস্টিটিউশন যা আছে তারা যাতে তাদের টাকা দেয় সেই ভাবে আমরা মদত দেব এবং সিডিউল পিরিয়ডের মধ্যে আমাদের পশ্চিম বাংলায় যে বিদ্যুতের প্রয়োজন হচ্ছে সেই বিদ্যুত যাতে জেনারেশন হতে পারে, ট্রান্সমিশন হতে পারে সে বিষয় আমরা চেষ্টা করছি নানা ভাবে চেষ্টা করছি। যেমন আমরা কলকাতায় চাচ্ছি ঠিক তেমনি ডি ভি সি তেও চাচ্ছি ডি ভি সির এক্সপ্যানশন হয়, ডি ভি সি থেকেও বিদ্যুৎ যেন আমরা পেতে পারি। তিনি ট্যারিফের কথা বলেছেন, ট্যারিফ বাড়াতে আমরা বাধ্য হচ্ছি কারণ সব জিনিসের দাম বেড়ে যাচ্ছে, কয়লার দাম বেড়ে যাচ্ছে, তেলের দাম বেড়ে যাচ্ছে, ওয়েজেস বেড়ে যাচ্ছে অতএব ট্যারিফ না বাড়িয়ে উপায় নেই এবং গভর্নমেন্টের উদ্দেশ্য হচ্ছে স্টেট ইলেকট্রিসিটি বোর্ড একটা কমার্শিয়াল অর্গানাইজেশন হোক এবং এর জন্য আমরা চেষ্টা করছি। তিনি আর একটা কথা বলেছেন যে আমরা ২৮ পার্সেন্ট গ্রামে বৈদ্যুতিকরণ করেছি এবং তাতে নাকি আমরা আনন্দ প্রকাশ করছি। আনন্দ প্রকাশের কথা নয়, আমরা যদি ৫০ পার্সেন্ট করতে পারতাম তাহ'লে আরও খুশী হতে পারতাম। আমরা ২৮ পার্সেন্টের আরও বেশী করতে পারতাম এবং আমি হাউসকে অ্যাসিয়োর করতে পারি কিন্তু Our Engineers are capable of doing it but we don't have the fund.

এই ফাণ্ডের জন্য আমরা করতে পারছি না। আজ যদি ফাণ্ড থাকত আরও বেশি প্রগ্রেস করতে পারতাম। তারপরে তিনি আর একটা কথা বলেছেন যে অনেক জায়গায় শ্যালো টিউবওয়েল করা হয়েছে, অথচ আমরা সেখানে কানেক্সন দিই নি। যেসমস্ত ইলেকট্রিফায়েড এরিয়া আমরা ডিক্লেয়ার করেছি, সেখানে আজকে কানেকশন দেব এটা আমি হাউসকে এশওর করতে পারি। যদি কোন জায়গায় এমন থাকে যে কানেকশন পায় নি দয়া ক'রে জানাবেন, নিশ্চয়ই যাতে কানেকশন পায় তার ব্যবস্থা করব। যে এরিয়া ইলেকট্রিফায়েড হয় নি, সেই এরিয়ার কথা বলতে পারি, সেখানে আরও সময় লাগবে বিদ্যুৎ যেতে। সুতরাং সেইসমস্ত এরিয়াতে শ্যালো টিউবওয়েল করতে তাদের নিষেধ করব। একথা ব'লে সকলকে কৃতজ্ঞতা জ্ঞাপন ক'রে বক্তব্য শেষ করছি।

The motion of Shri Abul Barkat Atawal Ghani Khan Chowdhury that–

Whereas in terms of the provisions containede in sub-section (3) of section 65 of the Electricity (Supply) Act, 1948 (54 of 1948), the maximum amount which the state Electricity Board may at any time have on loan is ten crores of rupees.

And whereas the State Government, with the approval of the State Legislative Assembly, by Power Department notification NO. 2709 Power, dated the 3rd May, 1974, fixed one hundred crores of rupees which the West Bengal State Electricity Board may at any time have on loan under subsection (1) of section 65 of the said Act.

And whereas the State Government proposes that the said maximum amount of one hundred crores of rupees should be further increased to two hundred crores of ruppes.

And whereas the Assembly is of opinion that the maximun amount of loan should be so increased.

This Assembly approves the proposal of the State Government to fix two hundred crores of rupees to be the maxium amount which the West Bengal State Electricity Board may at any time have on loan was then put and agreed to.

LEGISLATION

The West Bengal Acquisition of Homestead Land for Agricultural Labourers, Artisans and Fishermen Bill, 1975

Shri Bholanath Sen : Shri Bholanbath Sen : Sir, I beg to introduce the West Bengal Acquisition of Homestead Land for Agricultural Labourers, Artisans and Fishermen Bill, 1975, and to place a statemant as required under rule 72 (1) of the rules of Procedure and Conduct of Business in the West Bengal Legislative Assembly.

(Secretary then read the title of the Bill.)

Shri Bholanath Sen: Sir, I beg to move that the West Bengal Acquisition of Homestead Land for agricultural Labourers, Artisans and fishrmen Bill, 1975, be taken into consideration.

মাননীয় অধ্যক্ষমহাশয়, ১৯৭৫ সালের ২৬শে জুন ইমার্জেনসী ঘোষণা করার পর আমাদের প্রধানমন্ত্রীর যে বক্তৃতা অমৃতাবাজার পত্রিকায় প্রকাশিত হয়, তা থেকে সামান্য একটু অংশ উধৃত ক'রে পড়ছি। "The vast majority of our people live in rural areas. We must implement ceiling laws and distribute surplus lands among the landless with redoubled Zeal. We want to help all the local people in building land records. Special care will be taken to ensure that the tribal people are not deprived of their lands. The

programme of providing house sites in rural areas would be vastly expanded Laws will be introduced to confer ownership rights of landless labourers who have been in occupation of house sites of their landlords over a certain period. Resort to eviction will be sternly dealt with'' এই ইমার্জেন্সীর পর আমরা হাউস সাইটস নাই দি সেকেন্ড অক্টোবর মোটামুটি প্রায় ২ লক্ষ ৭৭ হাজার ডিস্ট্রিবিউশন করেছি এবং আমরা একটা অর্ডিন্যান্স পাস করেছিলাম।

[4-35 – 4-45 p.m.]

একটা অর্ডিন্যান্স হয়েছিল যখন হাউস ওয়াজ নট ইন সেসন ২৪শে সেপ্টেম্বর ১৯৭৫, আমরা একটা অর্ডিনান্স করি এবং সেই অর্ডিনান্স অনুসারে এই বিলটা আনা হচ্ছে। এই বিলের স্পেশালিটি হ'ল হয়তো ১৯৬৯ এ অ্যাক্ট ছিল, সেই অ্যাক্টের অ্যাপলিকেশন করতে হতো। সেই অ্যাপলিকেশন করার তারিখ শেষ হয়ে গেছে, এমন লোক অ্যাপলিকেশন করতে পারত যার আন্দাজ সাড়ে ছ'বিঘার মত জমি ছিল, যে অ্যাপলিকেশন করতে পারত যদি সে অন্য লোকের বাড়িতে থাকতেন সেই বাড়ির মালিকানা পাবার জন্য। সেখানে কোন পিউনিটিভ সেকশন ছিল না। সেখানে ২০ টাইমস দি রেন্ট অথবা বেভিনিউর কম্পেনসেশন দেবার বন্দোবস্ত ছিল। সেই আইনানুসারে আনুমানিক ১০ হাজার মানুষ তার সুযোগ নেন। কিন্তু বেশির ভাগ মানুষের সুযোগ হয় নি বা সাহসও হয় নি কোর্টে গিয়ে দরখাস্ত করবার জন্য যে তিনি যাতে তাঁর মালিকানা পেতে পারেন, তার জন্য দরখাস্ত করতে সাহস করেন নি, চেষ্টাও করেন নাই। বেশির ভাগ ক্ষেত্রে দেখা গেছে যারা অত্যন্ত গরিব মানুষ বিশেষ করে সিডিউলড কাস্টস, সিডিউলড ট্রাইবস, এগ্রিকালচারাল লেবার, আর্টিজানস, ফিশারমেন — তারা সাধারণত কোন জোতদার বা অবস্থাপন্ন লোকের জমির উপর বসবাস করেন বণ্ডেড লেবার আমাদের দেশে নাই যদিও তাদের দয়ার উপর নির্ভর করতে হয় এবং তাদের জমিতে কোনো রকমে মাথা গোঁজার মত স্থান তাদের আছে, কিন্তু কোন স্বত্ব তাদের নাই। অনেক সময় তারা মালিকের মুখের উপর কথা বলতে পারে না, বা মুখ তুলে চাইতে পারে না। তাদের কোন আর্থিক স্বাধীনতা নাই বললেই চলে, সেইজন্য এমন একটা আইন করা হ'ল যে আইন রাতারাতি আমাদের দেশে এমন একটা পরিবর্তন আনল, সাইলেন্ট রিভোলিউসন আনল — যে যেখানে ছিল যার কোথাও কোন জমি নাই, মাথা গোঁজবার মত ভাঙাচোরা হোক টেম্পরারি হোক, বা লাইসেন্সি হিসেবে হোক — যে যেখানে ছিল রাতারাতি তার মালিক হয়ে যাবে। আজকে সে সেই জমির মালিক আজ তাকে মালিকের পাওনাগণ্ডার জন্য চিন্তা করতে হবে না, আজ আর তাকে ভাবতে হবে না — জমি বাড়ি বন্ধ গেল, আমাকে রাস্তায় গিয়ে দাঁড়াতে হবে। তার আর্থিক স্বাধীনতা ও চিন্তার স্বাধীনতা আনবার জন্য এই বিল তাকে সাহায্য করতে পারবে। সে হয়ে যাচ্ছে বাড়ির মালিক, আজকে দেখছিলাম যে পশ্চিমবঙ্গে যদিও রুরাল এরিয়ায় রেন্টেড হাউসের সংখ্যা কমে আসছে আস্তে আস্তে এবং ১৯৬০ সালে যা ছিল, তা থেকে ১৯৭০ সালে রেন্টেড হাউস। কিন্তু জমি কমেছে আর ওনারশিপ বেড়েছে। এই বিল আরও ওনারশিপ বাড়িয়ে দেবে এবং রেন্টেড হাউসের সংখ্যা কমিয়ে দেবে। যদি কেউ অন্যায়ভাবে এভিক্ট ক'রে তাড়িয়ে দেন, তাহ'লে শাস্তি পেতে হবে, এই বিলে শাস্তি দেবার ব্যবস্থা করা হয়েছে। প্রধানমন্ত্রী শ্রীমতী ইন্দিরা গান্ধীর যে স্টেটমেন্ট অমৃতবাজার পত্রিকায় প্রকাশিত হয়েছিল যে পিউনিটিভ্ মেজার দেওয়া হবে। আমরা সেই পিউনিটিভ মেজার বিলেতে নিয়েছি যাতে কেউ অন্যায়ভাবে উৎখাত করতে না পারে। যেদিন এমারজেন্সি ডিকলেয়ার করা হয়েছিল, সেদিন যে যেখানে ছিলেন তিনি সেদিন থেকে সেই বাড়ীর মালিক হয়ে যাবেন। যদি তার কোন জমি না থাকে, পরের বাড়িতে থাকলেও তিনি তার মালিক হয়ে যাচ্ছেন। আর সরকার তার মালিক হয়ে যাচ্ছেন। আর সরকার ১০ টাইমস অব দি রেভিনিউ, রেন্ট বা ট্যাক্স যা বলুন যেটা সেই জমির মালিকরা দেবেন। তিনি যে জমিতে বসবাস করছেন হোমস্টেড সেই ঘরের মালিক হবেন এই হ'ল বিলের উদ্দেশ্য। আমরা আর অপেক্ষা করতে রাজী নই। আমরা মানুষের দারিদ্র্য দেখেছি। ১৯৬৯-এর যে আইন সে আইনের সুযোগ নিতে যাঁরা সাহস পান নি তাঁদের সাহায্য করবার জন্য সরকার এগিয়ে এসেছেন তাতে তাঁরা যে বাড়ির মাথার উপর আচ্ছাদন আছে তাঁরা মালিক হতে

পারেন, তারই ব্যবস্থা হচ্ছে। মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি আশা করব এই বিল হাউসের সকলে সমর্থন করবেন।

Shri Shish Mohammad : Sir, I beg to move that the West Bengal Acquisition of homestead Land for Agricultural Labourers, Artisans and Fichermen Bill, 1975, be circulated for the purpose of eliciting opinion thereon by the 31st day of December, 1975.

এই আলোচনা প্রসঙ্গে এই হাউসে আপনার মাধ্যমে কয়েকটা কথা বলতে চাই। মাননীয় মন্ত্রি মহাশয় বলেছেন যে, এই বিল পশ্চিম বাংলার যারা অত্যন্ত দরিদ্র শ্রেণীর মানুষ তাদের গৃহনির্মানের যতটুকু চাহিদা সে চাহিদা পূরণে প্রয়াসী হয়ে এই বিল নিয়ে এসেছেন। তিনি উল্লেখ করেছেন প্রধানমন্ত্রীর ২০ পয়েন্ট প্রোগ্রামের কথা। সেই প্রোগ্রাম বাস্তবে রূপায়িতকরবার কথা এই বিলে উপস্থাপিত করেছেন। মাননীয় মন্ত্রিমহাশয়ের এই বিলের উদ্দেশ্য এবং হেতু খুব ভাল থাকলেও আমরা যদি সব দিক দিয়ে বিচার করি তাহ'লে দেখব যে এই বিলের অনেক জায়গায় গলদ ও ভূলে ভরা। মাননীয় অধ্যক্ষ মহাশয়, তিনি তাঁর ভাতার কেন্দ্র কতদিন ছেড়েছেন ? তিনি যদি ভাতারে যান তাহ'লে দেখতে পাবেন বাস্তুহীনদের সমস্যা সমাধান করার একটুও চেষ্টা করেন নি। কেবলমাত্র আইনে কলে কাগজে কলমের মাধ্যমেই যেটুকু চেষ্টা করা হয়েছে। আজকে চতুর্দিকে আমরা যে ছবি দেখতে পাচ্ছি তাতে আমাদের মনে হয়েছে যে প্রয়োজনের ক্ষেত্রে মিসম্যানেজমেন্ট হয়েছে। মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমার কাছে ডকোমেন্ট আছে। আমি আপনার মাধ্যমে মন্ত্রিমহাশয়ের কাছে প্রদান করব। স্যার, এরা বলেছেন যে এই জমি মজুর, কারপেন্টার, ব্ল্যাকস্মিথ আর্টিসেন্স এই কয়েকটি শ্রেণীর লোকেরা মাত্র পাবে। কিন্তু সমাজের এই কয়েকটি শ্রেণীর লোক এর পরেও আর কাদের কাদের সমাজে প্রয়োজন সেটা কি লক্ষ্য করেছেন ? ভোলাবাবু তিনি তো দেবতা — তিনি তো শিব — সবজান্তা পুরুষ। তিনি কিন্তু অতি সামান্য স্বর্ণ শিল্পীদের কথা চিন্তা করেন নি।

[4.45 - 4.55 p.m.]

আমাদের পাড়াগাঁয়ে ছোট ছোট যারা স্বর্ণকার তাদের কথা তিনি চিন্তা করেন নি। এই বিলের মধ্যে তার কোন রকম প্রতিফলন পাইনি। এমনও আমরা দেখতে পাচ্ছি ছোট ছোট চায়ের দোকান তাদের পর্যন্ত তিনি বঞ্চিত করেছেন, বিলের মধ্যে তাদের কোন স্থান নেই। ফেরিওয়ালা এদের চাহিদা আছে, সেটার কিন্তু তিনি চিন্তা করেন নি। কেবলমাত্র কটি কথা তিনি চিন্তা ক'রে তিনি বাইপাস ক'রে চলে যাচ্ছেন এবং বাস্তুহীনদের সোনার বাঙ্গলা তিনি গড়ে দেবেন এবং বাস্তুহীন সমস্যার সমাধান ক'রে দেবেন বলেছেন। কিন্তু পশ্চিমবাংলায় যত বাস্তুহীন আছেন, তাঁরা কোথায় কিভাবে বাস করছেন সেটা একটু দেখুন। আপনারা জমি দেবেন বলেছেন, ২০পয়েন্ট প্রোগ্রাম অনুযায়ী চেষ্টা করছেন বলছেন। কিন্তু দেখতে পাচ্ছি জমি দেওয়ার জন্য আকুইজেশান করবার চেষ্টা করেছেন। সেটাপাবার পর দু শতক কি তিন শতক ক'রে দেবার চেষ্টা করেছেন। কিন্তু অ্যাকুইজিশান করবার পর জমি দেওয়ার ব্যাপারে যাদের উপর ভার দিয়েছেন, যেসমস্ত লোকের উপর ভার দিয়েছেন তাঁরা কি সেটা সঠিকভাবে প্রয়োগ করেছেন ? আপনি আশ্চর্য হবেন একটা উদাহরণ দিচ্ছি — হয়তো একজন জমির মালিকের ৫জন পুত্র আছেন, আইন যদি সঠিকভাবে প্রয়োগ হয় ৫জন পুত্রের নামে জমি হবে না। মালিকের মৃত্যুর পর তাদের নামে জমি হবে। কিন্তু দেখা গিয়েছে ৫বছর, ১০বছর, ১৫বছর, বা ২০ বছর যাদের বয়স তাদের নামে পর্যন্ত জমি হয়েছে। কিন্তু এক্ষেত্রে আইনের সঠিক প্রয়োগ না হওয়ায় জমি যাদের এক কাঠাও নেই তারা পর্যন্ত বঞ্চিত হয়েছে। (হাস্যরোল!) হাসির কোন কারণ নেই। হাসির মাধ্যমে আপনারা আপনাদের কারচুপি লোকাবার চেষ্টা করছেন। আমাদের কাছ থেকে সেটা রেহাই পাওয়া যাবে না। কিছুদিন আগে রেডিও মারফত শুনলাম, খুব পাট্টা দিচ্ছেন। কিন্তু ২ শতক কি তিন শতক ক'রে জমি দিয়েছেন। যেখানে পারট ভেসট ল্যান্ড সেখানে হয়তো ৫শতক, ১০শতক কি ১৫ শতক ক'রে জমি আছে। ৫জনকে দিয়েছেন — কিন্তু তারা জমির দখল পাবে কি, সে বিষয়ে সন্দেহ আছে। মন্ত্রিমহাশয় গিয়েছেন ট্যাক্সি উড়িয়ে ঘোঁ ঘোঁ ক'রে। একখানা ক'রে কাগজ দিয়েছেন। সেই কাগজ নিয়ে হোমলেস পিপল বসে আছেন। দীপ্তিবাবু হাসছেন! কিন্তু জানতে পারবেন এই নিয়ে

মামলা গেলে। আপনারা জমি দিয়েছেন ভাগাড়ে, কুল জায়গায়। আমি আমার এলাকার কথা বলি। ঔরঙ্গাবাদে মধুসূধন রোডের কাছে এক ভাগাবে জমি দেওয়া হয়েছে। যেখানে গরু-মহিষ সব মরে গেলে সেখানে ফেলে দেয়। দুর্গন্ধে মানুষ যেতে পারে না। পুরাপাড়া মৌজার কাছে ৪ নম্বর শীটে ঘোষপাড়ার কাছে একটা ভাগাড়ে দেওয়া হয়েছে।

শ্রী নরেশচন্দ্র চাকী : মাননীয় অধ্যক্ষ মহাশয়, অন এ পয়েন্ট অব অর্ডার ! উনি যেটা বলছেন ভাগাড়ে জমি দিয়েছে, জমি দিয়েছে ল্যান্ড ডিস্ট্রিবিউশান কমিটি। তারাই পাট্টা দিয়েছে, জমি দিয়েছে। উনি তার একজন মেম্বার। উনি কেন তার প্রটেস্ট করেন নি। উনিও ল্যান্ড ডিস্ট্রিবিউশান কমিটির একজন মেম্বার, যখন জমি দেওয়া হ'ল তখন কেন প্রতিবাদ করলেন না ? এখন এখানে এসে আমাদের মন্ত্রীর নামে দোষ দিচ্ছেন।

শ্রীশীশ মহম্মদ :—

মাননীয় অধ্যক্ষ মহাশয়, উনি যে কথা বললেন আমি জানি না এই রকম সার্কুলার আছে কিনা। আমি জানি বি ডি ও সাহেব এটা করেছেন। তিনি আমাদের একতিয়ারবহির্ভূত করেন নি। আমার এলাকার ব্লক ২-এর বি ডি ও সাহেবকে জিজ্ঞাসা করুন যে কেন শীশ মহম্মদকে বাদ দেওয়া হয়েছে। তারপর দেখছি স্যার, ওঁরা যেসমস্ত জমি অ্যাকয়ার করলেন

Mr. Speaker Mr. Shish Mohannad, I draw your attention to the fact that the West Bengal Acquistion of Homestead Land for Agricultural Labourers, Artisands and Fishermen Bill deals with those lands on which there are huts constructed by persons who are landless It deals with particular plots of lands in respect of which they have got no rightful claim except possession those lands will have to be requisitioned, acquired and allotted in favour of particular persons who are in occuation of those particulart lands

শ্রীশীশ মহম্মদ : মাননীয় অধ্যক্ষ মহাশয়, ওনাদের বিলের মধ্যে দেখতে পাচ্ছি কিছুদিন আগে আমার এলাকা নদী ভাঙ্গন এলাকা বহু লোক বাস্তুচ্যুত হয়েছে, কিন্তু যাদের জমিজমা আছে — অনেকের নাই যাদের নাই তারা জমি দখল করুক খুব ভাল কথা। কিন্তু যাদের জমি আছে তাদেরই নামে তারা বাড়ী তৈরী করেছেন। এ ডি এম জমি অ্যালট ক'রে দিয়েছে

শ্রীভোলানাথ সেন : আপনি একটু ভাল ক'রে বোঝবার চেষ্টা করুন। ১৯৬৯ সালে যে বিল হয়েছে এটা সে জাতের বিল না। বিলটা ভাল ক'রে পড়ে দেখুন।

শ্রীশীশ মহম্মদ : স্যার, নদী ভেঙ্গে যাবার ফলে তাদের বাড়িঘর গিয়েছে তাদের দেওয়া হ'ল না। যারা জমিতে বাড়িঘর করেছে তাদের জমি থাকা সত্ত্বেও তাদের অ্যাকয়ার ক'রে দেওয়া হয়েছে। আমার এলাকাতেই এটা হয়েছে, আপনারা এনকোয়ারি ক'রে দেখুন। আমাদের বক্তব্য হচ্ছে যাদের জমি তাদের জমি দিতে হবে — যাদের জমি নাই, জমি দখল ক'রে আছে তাদের অ্যাকয়ার ক'রে দিন। কিন্তু যাদের জমি আছে তারা জমি দখল করার জন্য তাদের ডিস্ট্রিক্ট ম্যাজিস্ট্রেট এবং অ্যাডিসন্যাল ডিস্ট্রিক্ট ম্যাজিস্ট্রেট পাট্টা দিয়ে দিয়েছে।

মিঃ স্পিকার : তাদের জমি দিয়েছে আণ্ডার দিস অ্যাক্ট ?

শ্রী এ. এস. বেষ্টারউইচ : Yes, under the same Act.

শ্রীশীশ মহম্মদ : আমি কোন্ কোন্ মৌজায় এই রকম হয়েছে তা ব'লে দিতে পারি আপনি যদি স্যার অনুমতি করেন।

শ্রীভোলানাথ সেন : অনেক আইন আছে — আপনারা একটু লক্ষ্য ক'রে দেখবেন যে কোন্ আইনের

একজিবিকউটিভ অর্ডার হচ্ছে। আজকে এই আইন যে এখানে ডিকাসড হচ্ছে এই আইনের সঙ্গে ১৯৬৯ সালের আইনের তফাত আছে। অন্য আইনের মাধ্যমেও ডিস্ট্রিবিউশন অব ল্যান্ড হতে পারে। কিন্তু তার সঙ্গে এই আইনের তফাৎ আছে। এই ইউ এফ সরকারের অর্থাৎ ১৯৬৯ সালের আইনের মত নয়, তার সেঙ্গে এর তফাৎ আছে — এই আইটি অন্য জিনিষ।

শ্রীশীশ মহম্মদ ঃ আমি এই আইনের কথা বলছি।

শ্রীভোলানাথ সেন ঃ একটা দেশে ১০ রকম আইন থাকতে পারে। এখন কোন্ আইনের আন্ডারে সেটা ডিল করা হচ্ছে সেটা আপনাকে দেখতে হবে। আমি বলছি আপনি যে কথা বলছেন এ আইনে সেটা হয় নি।

মিঃ স্পীকার ঃ অনেকগুলি আইন আছে আমাদের এই ল্যান্ড অ্যাকুয়ার করবার। ফর দি আকুইজিশন অব ল্যান্ড দেয়ার আর ভেরিয়াস লজ। ১৮৯৩ সালের আইন আছে, অ্যাক্ট অব ১৯৪৮, অ্যাক্ট অব ১৯৬৯, অ্যাক্ট অব ১৯৭৫। এখন দেখতে হবে কোন আইনে অ্যাকোয়ার হয়েছে। এই আইনে শুধু যদি কোন ভূমিহীন ব্যক্তি কোথায়ও বসবাস করে থাকে তাকে জমি থেকে উচ্ছেদ করা যাবে না। এবং সেই জমি অ্যাকোয়ার করে অ্যালোট করতে হবে।

[4-55 – 5-05 p.m.]

Shri A.H.Besterwitch : Mr. Speaker, Sir, I admit, what you say is correct. There are various laws for acquisition of land, but under this Act, if a person having land elsewhere comes and accupies anopther man's land, you are giving him possession.

Shri Bholanath Sen : That was a different Act – the artism is that person who has no land anywhere. But under 1969 Act he can have land But here there is no question of giving. This act is of a very peculiar nature. There is no question of implementation by any authority The legislature is the authority. The man is already there. The very fact that he is there, is being regularised

Mr. Speaker : Section 4 is very clear. If a man is in possession of any land, the land will be acquired by Government and will be given to that man.

শ্রী বিমল পাইক ঃ আকুইজিশন অব হোমস্টেড ল্যান্ড অ্যাক্ট, ১৯৬৯ ছিল, তার সঙ্গে এই আইনের আকাশপাতাল তফাৎ — এ জায়গায় ট্রেসপাসার্স হিসাবে যে আছে তাঁর টাইটেল অ্যাক্ট এক্রু ক'রে যাবে।

শ্রীশীশ মহম্মদ ঃ মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমরা দেখতে পাচ্ছি এই বিলের মধ্যে যারা ট্রেসপাসার্স ইত্যাদি বাস করছে গভর্নমেন্ট তাদের ক্ষতিপূরণ দেবার ব্যবস্থা করছেন। মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি বলছি ক্ষতিপূরণ দেবার কোন প্রয়োজন নেই – কিন্তু আছে — যাদের জমির পরিমাণ বেশী অর্থাৎ ২০/৩০ বিঘা তাদের ক্ষতিপূরণ দেবেন না। কিন্তু যাদের জমির পরিমাণ সামান্য অর্থাৎ ২/৩ বিঘা জমি যাদের আছে, তারা যদি কোথাও অন্যায়ভাবে বসবাস ক'রে থাকে তা'হলে আপনি তাদের ক্ষতিপূরণ দেবেন। কিন্তু স্যার, সরকার তাদের কি দরে ক্ষতিপূরণ দিচ্ছেন, তার কতটা লস হচ্ছে সে সম্বন্ধে চিন্তা করছেন না। একদিকে যেমন জমি দেবার প্রয়োজন আছে তেমনি অন্যদিকে যারা জমির উপর বসবাস করছে, তাদের যদি কম জমি থাকে তা'লে সেই অভাবের দিকটাও চিন্তা করতে হবে -- অর্থাৎ তাদের ক্ষতিপূরণের পরিমাণটার কথা চিন্তা করতে হবে। আমরা দেখতে পাচ্ছি গভর্নমেন্ট অত্যন্ত নগন্য ক্ষতি পূরণ দেন। আমি আপনার মাধ্যমে বলছি তাদের আপনি ন্যায্য দাম দিন, কিন্তু যাদের ২০/৩০ বিঘা জমি আছে তাদের ক্ষতিপূরণ আপনি দেবেন না।

কিন্তু যাদের জমির পরিমাণ কম তাদের ব্যাপারে অন্তত যে জমিটা অ্যাকোয়ার করা হচ্ছে সেই জমিটা

যে বছর কেনাবেচা হয়েছে সেই ভ্যালু অনুসারে তাঁদের দামটা দেবার ব্যবস্থা করুন। স্যার, এই দাম দেবার ব্যাপারে আমরা জানি, পি ডব্লু ডিপার্টমেন্ট হয়ত জমিটা অ্যাকোয়ার করেছেন ১০ বছর আগে কিন্তু সেই টাকা টা দেওয়া হয় নি। প্রতিশ্রুতি হয়ত দেওয়া হয়েছে কিন্তু দেওয়া হয় নি। সেই রকম অবস্থা যদি এখানেও হয় তাহ'লে দেখা যাবে মাননীয় মন্ত্রি মহাশয়ের নাতিও যখন মন্ত্রি হয়ে আসবেন তখনও শোধ হবে না। সেইজন্য আমার প্রস্তাব হ'ল, এই আইনটি যখন কার্যকার হচ্ছে তখন ৬ মাসের মধ্যে টাকা দেবার ব্যবস্থাটা সেখানে রাখা হোক। মাননীয় অধ্যক্ষ্য মহাশয়, সরকার এ' জোতদার বা জমি চোবদের বা জমিব হাঙ্গরদেব জমি সরাসরি নিয়ে নিন তাতে আমাদের কোন আপত্তি নেই এবং তাদের কিছু দেবাবও দরকার নেই কিন্তু যারা সামান্য জমির মালিক — ক্ষুদ্র চাষী, প্রান্তিক চাষী, যাদের হয়ত সামান্য একটু বাগানেব মতন ছিল বাড়ির কাছে, সেখানে সে বসতে দিয়েছে, সেখানে যে তার জমি চলে যাচ্ছে সে ব্যাপারে সরকারকে একটু চিন্তা করতে অনুরোধ করছি। তারপর তার মূল্য বাবদ যেটা দেবার ব্যবস্থা হযেছে ১০ গুণ রেভিনিউ যা তার সেটা সেখানে ঠিক বিচার হচ্ছে কিনা তাও আমি মাননীয় মন্ত্রি মহাশয়কে ভেবে দেখ তে বলব। আজকে হয়ত স্যার, বাহবা নেবার জন্য অনেক লোকই অনেক কথা বলবেন, তা বলুন, তাতে আমাব আপা ও নেই কিন্তু আমি বলব, সমাজের এই একেবারে গরিব শ্রেণী থেকে যারা একটু উপরে অর্থাৎ যারা সামান্য জমিব মালিক তাদের ব্যাপাবটা আপনাদের কনসিডাব করা দবকাব। আমি আশা কবি মাননীয় মন্ত্রি মহাশয় সবকাব যে অ্যামাউন্টটা কমপেনসেশান হিসাবে দেবেন সে ব্যাপারে আমার যে বক্তব্য সেটা একটু বিচাব ক'রে দেখবেন। হয়ত আমাদের অ্যামেন্ডমেন্ট নিতে লজ্জা পেতে পারেন কাবণ আমরা অপজিসানের লোক কিন্তু আমি বলব আপনাব এতে লজ্জা পাবার কোন কাবণ নেই, এটা গ্রহণ করুন অথবা পরবর্তী অধিবেশনে অ্যামেন্ডমেন্ট নিয়ে এসে এটা সংশোধন ক'রে নেবাব ব্যবস্থা কববেন। স্যার, এই প্রসঙ্গে বলি, শহরেও তো কিছু ভাড়াটিয়া বাস কবছেন কিন্তু ভোলাবাবুরা তাঁদের সম্বন্ধে কিছু কবছেন না। সোমনাথবাবু একবাব ভাড়াটিয়াদেব সম্পর্কে প্রস্তাব আনবার চেষ্টা ক'রেছিলেন কিন্তু তাঁকে বাধা দেওয়া হয়েছিল, সে প্রস্তাব আলোচনা পর্যন্ত করতে দেওয়া হযনি। স্যার, এই ভাড়াটিয়াদের সম্বন্ধে ভোলাবাবুরা কোন চিন্তা করেন নি। তারপর স্যার, কলকাতাব ফুটপাতে এই যে এত লোক বাস করছে তাদের ... চিন্তা ক'রে তাদেরও জমি দেবার ব্যবস্থা করা দরকার। স্যার, এই কয়েকটি কথা ব'লে, আমার অ্যামেন্ড... ভ মুভ ক'রে এবং সার্কুলেশান মোসান মুভ ক'রে আমি আমার বক্তব্য শেষ করলাম।

Mr. Speaker : May I draw the attention of the Hon'ble Minister to sections 4 & 5. In Sec. 4 the capital is : "Acquisition of lands for occupiers," but in the last sentence it is stated "shall stand transfered to and vest absolutely in fabour of such occupier." So the question of acquisition, I think, is not clearly stated.

[5-05 – 5-15 p.m.]

Shri Bhloanath Sen : Actually these marginal notes are not part of the clause.

Mr. Speaker : I draw your attention to section 5 – "when any land is acquired under section 4 ..." the question of acquisition comes but in section 4 there is no question of acquisition.

Shri Bholanath Sen : But the po... is that man does not acquire and Government steps in. By virtue of this Act Government steps in and makes the tranfer.

Mr. speaker : That man takes absolute right, and thereafter Govern-

ment has to pay the compensation. But there is not title. To my mind it would be proper if in section 4 for the word "acquire" the words "transferred and vested" are substituted.

শ্রীবিমল পাইক : স্যার, এই পয়েন্টে আমার কথা বলার আছে। আমি দেখছি যেটা সেকশান ফাইভে আছে, যে অ্যাকুইজিশান কথাটা আছে অ্যাকোয়ার অব ল্যান্ড আন্ডার সেকশান ৪। কিন্তু গোটা আইনটা পড়লে বোঝা যাবে যে সেটাতে ভেস্টেড হয়ে যাচ্ছে কার উপরে না, যে এই রকম পজেশানে আছে অর্থাৎ একুইজিশানের প্রশ্ন নয়। কিন্তু আমরা একটা জিনিষ দেখেছি যে অ্যাকুইজিশান অব টাইটেল কি রকম না যে ২৬শে জুনে যার পজেশানে আছে সেই ব্যক্তি টাইটেলটাকে অ্যাকোয়ার করছে। অর্থাৎ অ্যাকুইজিশান অব টাইটেল যদি ধরি তাহ'লে এটা ঠিক আছে।

Mr. Speaker : This acquisition under what section ? Sec. 4 does not speak of acquisition, it speaks that 5 Kutlahs of land shall stand transferresd and vested absolutely on the occupier.

Shri Bholanath Sen : May I suggest one thing ? If I use the words, "shall stand acquired, transferred and vested" I think that will solve the problem.

Shri A. H. Besterwitch : The Minister should bring an amendment.

Mr. Speaker : Yes, amendment will be placed. Now, I call Shri Puranjoy Pramanik.

শ্রীপুরঞ্জয় প্রামাণিক : মননীয় অধ্যক্ষ মহাশয়, মানীয় পূর্তমন্ত্রী ও গৃহনির্মাণ দপ্তরের মন্ত্রী দি ওয়েষ্ট বেঙ্গল অ্যাকুইজিশান অব হোমস্টেড ল্যান্ড ফর এগ্রিকালচারাল লেবারারস্, আর্টিজান্স আন্ড ফিশারমেন বিল, ১৯৭৫ এনেছেন, এটাকে আমি স্বাগত জানাচ্ছি। স্বাগত জানাচ্ছি এইজন্য যে বিলটি সম্প্রতি গরীবী হটাবার জন্য ভারতের প্রধানমন্ত্রী যে ২০ দফা অর্থনৈতিক কর্মসূচী গ্রহণ করেছেন তার অন্তর্ভুক্ত। এই বাস্তুহীনদের বাস্তুদান এটা তিন প্রকারের দেওয়া হয়েছে। প্রথম হচ্ছে, যে সমস্ত ভেস্টেড ল্যান্ড সরকারের হাতে আছে তা থেকে বাস্তুহীনদের বাস্তু দেওয়া হয়েছে। দ্বিতীয় হচ্ছে, কোন কোন জায়গায় ল্যান্ড অ্যাকুইজিশান ক'রে সেখানকার বাস্তুহীনদের মধ্যে বিতরণ করা হয়েছে। আর তৃতীয় হচ্ছে, যেখানে বাস্তুহীনরা নিজেরা ঘরবাড়ি ক'রে বসে আছে তাদের জমির মালিকানা দেবার ব্যবস্থা করবার জন্য এই বিলটি আনা হয়েছে। এই বিলটি আনার আগে রাষ্ট্রপতি অর্ডিনান্স করেছিলেন এই বিলটি। কিন্তু যখন আমরা দেখলাম যে পল্লীগ্রামে যখন অর্ডিন্যান্স হবে তখন দেখা গেল যে এইসমস্ত হতভাগা মানুষদের এভিকশান আরম্ভ হয়ে গেছে এবং তাদের বহু ঘরবাড়ি থেকে উচ্ছেদ করা হয়েছে। এবং সেই ঘরবাড়ি গুলো উচ্ছেদ ক'রে যেসমস্ত জমির মালিকরা সেইসমস্ত জায়গা নিয়ে নিচ্ছে এই আইনের মধ্যে তার কোন শাস্তিবিধান নাই। কেননা এখনও পর্যন্ত এই অর্ডিন্যান্স হবার পর — ২৬শে জুন, ১৯৭৫ এই অর্ডিন্যান্স হয়েছে, এটা হবার পরে যেসমস্ত ইভেকশন হচ্ছে, সেই ইভেকশনের জন্য পুলিসের যে স্টেপ নেওয়া দরকার সেটা নেওয়া হচ্ছে না। অথচ আইনে প্যানেল সেকশান যা দিয়েছেন তাতে দেখলাম মাত্র ৩ মাস জেল অথবা ৫০০ টাকা জরিমানা। আমি মাননীয় অধ্যক্ষ মহাশয়, আপনার মাধ্যমে মন্ত্রিমহাশয়ের কাছে আবেদন জানাব এই আইনটি প্যানেল সেকসনে কগনিজিবল অফেন্স করা উচিত, যাতে পুলিস এটা টেক আপ ক'রে একটা ব্যবস্থা করতে পারে, তা নাহ'লে ননকগনিজিবল অফেন্স ক'রে সাধারণ গরীব মানুষ যারা খেতে পায়না, তাদের আদালতে গিয়ে মামলা করা বা একটা পুলিস রিপোর্টে ডায়েরি ক'রে রেখে দিয়ে এখানে হবে না। আমি মনে করি এটা কগনিজিবল অফেন্স হিসাবে ধরতে হবে এবং এই অফেন্স করবার জন্য অন্তত ৬ বছর সাজা করা উচিত। তা ছাড়া এই আইনের মধ্যে আর একটা কথা, সেটা হচ্ছে, এই আইনে দেখলাম যারা অ্যাকশান নিচ্ছে না গৃহনির্মাণ দপ্তর থেকে এই আইন পাস হচ্ছে কিন্তু অ্যাকশন নেবেন স্বরাষ্ট্র দপ্তর থেকে। অথচ স্বরাষ্ট্র দপ্তর এই বিষয়ে নিশ্চুপ,

তাঁরা এই বিষয়ে কোন ব্যবস্থা নিচ্ছেন না, সেইজন্য কোন ব্যবস্থা করবার জন্য — অবশ্য এটা আইনে হয় না, কিন্তু উনারা রুলস করবেন, আমি তাঁর কাছে আবেদন করছি যে রুলসের মধ্যে এমপ্লয়মেন্ট করার ব্যাপারে যেন কঠোর ব্যবস্থা নেওয়া হয়। তা না হলে গরিব মানুষ যারা ঘরবাড়ি ক'রে বসে আছে, তারা উচ্ছেদ হয়ে যাবে। ঘরবাড়ির দিকে আমাদের পশ্চিমবাংলা খুব পিছিয়ে আছি সেই বিষয়ে কোন সন্দেহ নেই, কেননা ১৯৭২ সালে কেরালায় আমরা দেখেছি ১ লক্ষ গৃহহীনদের গৃহ সমস্যার সমাধান করা হয়েছে। কিন্তু পশ্চিমবাংলায় এখনও সেই রকম কোন ব্যবস্থা করা হয় নি। মাননীয় অধ্যক্ষ মহাশয়, আপনার কাছে আমি আবেদন করব যেসমস্ত বাস্তুহীন মানুষ যাদের গৃহের জন্য গ্রামে গ্রামে যেসমস্ত জায়গা তৈরি হচ্ছে, যারা ঘরবাড়ি তৈরি ক'রে আছে তাঁরা ঘরবাড়ি পাচ্ছেন কিন্তু যাদের ভেস্টেড ল্যান্ড দেওয়া হয়েছে বা যাদের ল্যান্ড অ্যাকুইজিশন ক'রে দেওয়া হয়েছে, যাদের গৃহনির্মাণ করবার অর্থ নেই, সেই অর্থ বরাদ্দ করবার কথা পশ্চিমবঙ্গ সরকার বলেছেন, কেন্দ্রীয় সরকার বলেছেন কিন্তু এখনও পর্যন্ত তাদের কোন ব্যবস্থা হচ্ছে ব'লে মনে করছি না। যার জন্য কোন জায়গা দিলেও যে গৃহনির্মাণ সমস্যার সমাধান হবে, বাস্তুহীনদের তা নয়, তাদের গৃহনির্মাণের দিকেও লক্ষ্য রাখা উচিত। তাছাড়া যদিও আইনটি পল্লী অঞ্চলের জন্য, শহরের যে হাজার হাজার লোক কলকাতার ফুটপাতে থাকেন তাঁদের জন্য কিন্তু কোন ব্যবস্থা বা হোমস্টেড ল্যান্ড এর ব্যবস্থা যদিও এই আইনের আওতায় আসে না, কিন্তু এটার মূল উদ্দেশ্য হচ্ছে বাস্তুহীনদের বাস্তুদান। শ্রীমতী ইন্দিরা গান্ধীর যে ২০ দফা কর্মসূচী সেই কর্মসূচীর মধ্যে বাস্তুহীনদের বাস্তু দেবার এবং তাদের মাথা গোঁজবার ঠাঁই ক'রে দেবার যে পরিকল্পনা সেই পরিকল্পনার জন্য এই আইন। কিন্তু এখানে ঠিক সেই সমস্যার সমাধান আমরা দেখতে পাচ্ছি না। তাছাড়া এখানে কয়েকটি ব্যাপারে আমি দেখলাম — উচ্ছেদ করার ব্যাপারে যেটা উচ্ছেদ হবে সেটা সম্বন্ধে যে আইন করেছেন সেই আইন অভিনন্দনযোগ্য সেই বিষয়ে কোন সন্দেহ নেই। কিন্তু এই আইনের মধ্যে কতকগুলো গলদ বা লুপহোলস থেকে যাচ্ছে সেইগুলোর ব্যবস্থা করা কর্তব্য। কেননা এই আইন ফাঁক থাকার ফলে এক শ্রেণীর গরিব লোকদের উপকার করতে পারব ব'লে মনে করি না। অ্যাকচুয়াল যারা গরিব লোক, তার এখনই দেখছি — আমাদের এলাকার শত শত লোককে ইজেক্ট করছে। যাদের জায়গা তারা পুলিসের কাছে যাচ্ছে, কিন্তু পুলিস কোন ব্যবস্থা নিচ্ছে না। কিন্তু এই আইন অনুযায়ী এটা নন্‌কগনিজেবল অফেন্স ব'লে পুলিস কেস টেক আপ করছে না। যদিও আপনাদের কাছ থেকে, সরকারের কাছ থেকে নির্দেশ গিয়েছে তবুও পুলিস বলছে কগনিজেবল অফেন্স না হলে আমরা কি ক'রে কেস করতে পারি এবং কেস না হ'লে কি ক'রে আমরা তাদের প্রোটেকশন দেব, প্রতিকার করব? তাই আমি আবেদন করছি এই আইনে পেনাল সেকশনে সাজার মেয়াদ বৃদ্ধি ক'রে এটাকে কগনিজেবল অফেন্স করা হোক এবং পুলিস যাতে এই কেসগুলি টেক আপ করতে পারে তার ব্যবস্থা করা হোক। এই কয়টি কথা ব'লে আমি আমার বক্তব্য শেষ করছি।

[5.15 - 5.25 p.m.]

শ্রীকাংসারী হালদার : মাননীয় অধ্যক্ষ মহাশয়, ২০ দফা কর্মসূচীর ওপর বাস্তুহীনদের জমি দেওয়ার যে কথা বলা হয়েছে, ২৬শে জুন তারিখে যেটা ঘোষনা করা হয়েছিল সেটা তিন মাসের মধ্যে পূরণ করবেন এই কথা তাঁরা দিয়েছিলেন এবং সেইভাবে কাগজে প্রচার চালানো হয়েছিল। মন্ত্রিরা মাঝে মাঝেই ব'লে থাকেন যে, তাঁরা ম্যাজিক জানেন না। কিন্তু এখানে তাঁরা ম্যাজিক দেখিয়ে দিয়েছেন। একথা কেন আমি বলছি, না ২রা অক্টোবর মুখ্যমন্ত্রী ব'লে ফেললেন যে পশ্চিমবাংলায় আর কোন উদ্বাস্তু নেই। আজকে আমাদের মাননীয় মন্ত্রী ভোলানাথ সেন মহাশয়ের কাছ থেকে শুনে খুশী হলাম যে, নতুন ২ লক্ষ ৫০/৬০ হাজারের মত জমি বিলি করেছেন এবং আরও বহু বাস্তুহীন ভূমিহীন পড়ে রয়েছে। আমরা যারা গ্রামে থাকি, রেলওয়ে স্টেশন দিয়ে যাতায়াত করি এবং কলকাতার বুকের ওপর দিয়ে হাঁটি তারা দিনের পর দিন দেখতে পাচ্ছি কিভাবে মানুষ দিনের পর দিন গ্রীষ্ম, বর্ষা, শীতের মধ্যে রাস্তায়, ফুটপাতে, স্টেশনে দিন কাটাচ্ছে। সুতরাং বাস্তবতার দিকে চিন্তা ক'রে কথা বলাই ভাল এং এইসমস্ত কতকগুলি অবান্তর কথা ব'লে জনসাধারণকে ভুল বোঝাবার চেষ্টা না করাই ভাল। বাস্তু জমি দেবার যে ব্যবস্থা করা হয়েছিল তা বি. ডি. ও. এবং জে এল আর ও-র মাধ্যমে করা হয়েছিল। আমরা এখানে

মাননীয় ভূমিরাজস্ব মন্ত্রীর কাছে শুনেছি যে, যাঁরা এম এল এ আছেন তাঁরা এটা তাঁদের কাছ থেকে জানতে পারবেন। কিন্তু আমি সোনারপুরে বহুবার এম এল এ হিসাবে বি ডি ও এবং জে এল আর ও -র কাছে জানতে চেয়েছি যে, আপনারা কি জমি বিলি করছেন, কোথায় বিলি করছেন তা বলুন। তারা বলেছে, সরকার ব'লে দিয়েছে এটা কনফিডেনসিয়াল ব্যাপার। জানি না এটা কি কনফিডেনসিয়াল ব্যাপার। যে জে এল আর ও বি ডি ও যাদের দুর্নীতির কথা আমরা অহরহ বলি তারা আমাদের চেয়ে কতটা বেশি বিশ্বাসভাজন তা আমি জানি না। যদি শুধু বিরোধী পক্ষের এম এল দের কাছে এটা গোপনীয় ব্যাপার হয় এবং সরকার পক্ষের এম এল এ রা যদি জানতে পেরে থাকেন তা হ'লে অন্য কথা। কিন্তু আমরা জানতে পারি নি। তারপর মন্ত্রিমহাশয় এই বাস্তুভিটা নিয়ে যে ব্যাখ্যা করলেন এবং স্পীকার মহোদয় যেটা ব্যাখ্যা ক'রে দিলেন যে, জমিতে যারা বাস করে বা যে জমিতে যে বাস করে আসছেন তাঁকে সেই জমির দখল দিতে হবে, অন্য কাউকে দখল দেওয়া হবে না। আমি এ বিষয়ে দু-একটি উদাহরণ দেব। সোনারপুরের আদিবাসীরা যাদের বাস্তুভিটা নেই, যারা দরখাস্ত করেছিল — সোনারপুরের কৈলানের ২৭ জন আদিবাসী ভূমিহীন চাষী, তারা বলেছে আমাদের জমি দেওয়া হোক। অথচ তাদের জায়গায় অন্য একদল আদিবাসীকে সেখানে জমি দেওয়া হ'ল, যারা সেখানে বাস করত না এবং সেখানে একটা প্রাইমারী স্কুল আছে, সেই জমিগুলি তাদের ব'লে স্যাংশান ক'রে ডিসট্রিবিউট ক'রে দেওয়া হলো। এই কাজ করল জে এল আর ও র অফিস এবং বি ডি ও র অফিস। অমরা ডিস্ট্রিবিউট করবার পর লিস্ট চেয়েছিলাম যে, লিস্ট দিন। তখন তারা বলল যে আমাদের সট অফহ্যান্ড, আমাদের এত কর্মচারী নেই যে আমরা আপনাদের লিস্ট দিতে পারি। এখনও পর্যন্ত সেই লিস্ট পাই নি। সেখানে যে আদিবাসীরা নদীভাঙন ক'রে ঘর বেঁধে বাস করছিল তাদের উঠিয়ে দেওয়া হ'ল এবং তাদের উঠিয়ে দিয়ে অন্য একদল আদিবাসীকে সেই জমি দেওয়া হ'ল তাদের নিজেদের মধ্যে ঝগড়া করবার জন্য। এটাই কি সরকারী নীতি ? আমরা সেখানে তাদের বুঝিয়ে শান্ত করলাম, না হ'লে সেখানে একটা দ্বন্দ্ব সৃষ্টি হত।

এটা কি সরকার চাননা যে যাঁরা জনসাধারণের সঙ্গে কাজ করেন তাঁদের জানানো হবে না ? বি ডি ও, জে এল আর ও রা জানতে পারবেন। তাঁরা ঠিকমত জমি বিলি করতে পারবেন। এটা কিরকম অবাস্তব সেটা একবার চিন্তা করুন। আমরা জানি যে বাস্তু বলে যে জমি দেওয়া হয়েছে সেসব হচ্ছে ভাল জমি। ও সম্বন্ধে যখন যে এল আর ও কে বলা হয় তাঁরা বলেছেন সংশোধন করে দেবে। সুতরাং আমাদের পরামর্শ নিলে কি ক্ষতি হোত? তাঁরা বলতে পারতেন যাঁরা জনসাধারণের সঙ্গে কাজ করেন তাঁদের সহযোগিতা নিয়ে কাজ করতে। তাহলে যাঁরা ভূমিহীন তারা জমি পেত। এইরকম বহু উদাহরণ আছে যে জমি বিলি করা হয়েছে তাতেযাদের জমি আছে তারাই জমি পেয়েছে। এটা জে এল আর ও বি ডি ও অফিসের ষড়যন্ত্র হয়েছে। এখানে মন্ত্রিমহাশয় স্বীকার করেছেন এখনও বহু বাস্তুহারা ভূমিহীন লোক আছে যাদের জমি বিলি করতে হবে। ও বিলি করতে হ'লে সরকারের ভেষ্টেড ল্যান্ড হাজার হাজার বিঘা পড়ে আছে। সোনারপুরে গিয়ালা, বিদ্যাধরীতে ভেষ্টেড ল্যান্ড পড়ে আছে। সেসব সরকার দান করবেন কি ? আমার মনে হয় এই সমস্ত মেসিনারি দিয়ে সরকারি খাস জমি দখল করা যায় না। গত শনিবার যে জমিকে সরকারী ভেষ্টেড বলে ঘোষণা করেছে আমরা জে এল আর ও অফিস থেকে রাতারাতি দখল করার চেষ্টা করেছি যাতে পরের দিন হাইকোর্টে দিয়ে বেদখল না করতেপারে। সেজন্য আমরা ল্যাণ্ড কমিটির মিটিং ডেকে ব'লে দিয়েছি যে এখুনি ডিস্ট্রিবিউশন করা হোক। কিন্তু জে এল আর ও পদে পদে বাধা দিয়েছে। ল্যাণ্ড কমিটি মেম্বার এমন সব লোককে করা হয়েছে যারা চায়না সরকারের খাসজমি সরকারের নাস্ত হোক যারা বড়বড় জমির মালিক তাদের স্বার্থের তারা রক্ষা করে আসছে। এরফলে বাস্তুহীন, ভূমিহীন চাষীরা জমি পাচ্ছে না। সুতরাং বলব এদিকে সরকার দৃষ্টি দিন। না হ'লে সরকারের ভেষ্টেড জমি যা বিঘা বিঘা পড়ে আছে তা পাবার সম্ভাবনা নেই।

শ্রীকাশীনাথ মিশ্র ঃ মাননীয় অধ্যক্ষ মহাশয়, মাননীয় পূর্তমন্ত্রী মহাশয় যে বিল এনেছেন তাকে আমি সমর্থন করছি। এটা সমর্থনযোগ্য এই কারণে মানুষ যখন পৃথিবীতে আসে এই অবস্থা নিয়ে যে তার যেন একটা আচ্ছাদন থাকে। কিন্তু ধনিক শ্রেণীর মানুষের একটা আচ্ছাদন আছে। কিন্তু দুঃস্থ, অসহায় মানুষ আছে যার কোন

আচ্ছাদন নেই। কারণ তাদের নিজস্ব ব'লে কোন জায়গা এই ধরনীতে নেই। মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমাদের এই ভারতবর্ষকে পৃথিবীর মধ্যে সমাজতন্ত্র বা গণতন্ত্রের প্রকৃত কর্ণধার হিসাবে আমরা জানি। ২৬শে জুন ১৯৭৫ সালে আমাদের প্রধানমন্ত্রী কর্তৃক জরুরী অবস্থা ঘোষিত হল, তারপর যে ২০ দফা কর্মসূচি দরিদ্র ক্ষেতমজুর, শ্রমিক শ্রেণী, শিল্পী শ্রেণীর, দুঃস্থ মানুষের স্বার্থে ঘোষিত হ'ল সেটাকে রূপায়িত করার জন্য এই বিল। বিরোধী পক্ষ হিসাবে শীশ মহম্মদ সাহেব অনেক কথা বললেন, তিনি জানেন কাজ করতে গেলে কিছু ভুলত্রুটি হয়। যেখানে ব'লে আসছিলাম লক্ষ লক্ষ মানুষ দুঃস্থ অসহায়ভাবে ঘুরে বেড়াচ্ছে সেখানে যদি আজকে ২লক্ষ ৭০ হাজার মানুষ নতুনভাবে প্রাণ পায় সেটা কম কথা নয়। সেই সমস্যা সমাধান করার জন্য যদি তাঁদের প্রস্তাব থাকে নিশ্চয়ই আমাদের প্রগতিশীল সরকার সেটাকে বিবেচনা করবেন। আমরা জানি ১৯৬৯ সালের যে অ্যাক্ট ছিল তাতে ৬ ⅓ বিঘা যাদের জমি থাকবে তারাও জমি পাবার জন্য দরখাস্ত করতে পারত। বর্তমানে যে আইন হচ্ছে তাতে কোন জায়গায় কেউ যদি গৃহ ক'রে বসবাস করে, তার যদি কোন জায়গা জমি না থাকে এবং তারা যদি দীর্ঘদিন সেখানে বসবাস করে তাহলে তাদের প্রকৃত স্বত্ব দেবার জন্য আজকে এই আইন এসেছে। এই আইনকে বাস্তবে রূপ দেওয়ার পথে অসুবিধা রয়েছে, কোন কোন জেলায় কোন কোন জায়গায় পুলিসের সহযোগিতা পাওয়া যাচ্ছে না, কোন কোন জায়গায় জনসাধারণ এখনও এই আইন সম্বন্ধে সচেতন হননি, প্রকৃত তথ্য জানতে পারেন নি। সেজন্য মাননীয় মন্ত্রিমহাশয়কে আমি বলব আজকে তিনি যে বিল এনেছেন সেই বিলকে জনমতের জন্য প্রচার করা হোক। দুঃস্থ নিরক্ষর অসহায় শিল্পী থেকে আরম্ভ করে শ্রমিক কৃষক পর্যন্ত সকলের মধ্যে প্রকৃত তথ্য বোঝাবার জন্য প্রচার করা হোক, কারণ তাদের মধ্যে ভুল বোঝাবুঝি হচ্ছে। আমাদের মধ্যেও কিকমত বুঝতে অসুবিধা হচ্ছে যার জন্য অনেক সময় আমরা ওলটপালট কথা ব'লে থাকি। আমাদের প্রতিনিধিদের মধ্যে কোন জায়গায় যদি অসুবিধা হয়ে থাকে সেটা যদি পরিষ্কার হয়ে যায় তাহ'লে জনসাধারণের সেই সমাজকে আমরা বোঝাতে পারব। আজকে ২ লক্ষ৭৭হাজার মানুষ এই আইনের মাধ্যমে একটা সংস্থান পেয়েছে এবং আমাদের এই প্রগতিশীল সরকার সেই সংস্থান দিয়েছেন। যদি কোন কিছু পোরশান পড়ে থাকে তাহ'লে তাদেরও সেই স্বত্ব দেবার জন্য মন্ত্রী মহাশয়কে অনুরোধ জানাচ্ছি। এই কথা ব'লে এই বিলকে পূর্ণ সমর্থন জানিয়ে আমি আমার বক্তব্য শেষ করছি।

শ্রীবিমল পাইক : মাননীয় অধ্যক্ষ মহাশয়, মাননীয় মন্ত্রিমহাশয় দি ওয়েস্ট বেঙ্গল অ্যাকুইজিশন অব হোমস্টেড ল্যাণ্ড ফর এগ্রিকালচার লেবারারস, আর্টিজানস অ্যাণ্ড ফিশারমেন বিল, ১৯৭৫ যে বিলটা এনেছেন এবং স্টেটমেন্ট অব অবজেক্টস অ্যাণ্ড রিজিনস এ যে কথা ব'লেছেন তা আমি পরিপূর্ণ সমর্থন করি। একটা কৃষক তার জমি নেই তাকে আমরা জমি দেব এই হ'ল আমাদের এই বিলের উদ্দেশ্য। আমি এই বিলকে সমর্থন করি কতকগুলি কারণে —কারণ বোধহয় ভারতবর্ষের ইতিহাসে প্রথম এই ধরনের বিল। এর আগের থেকে আজ পর্যন্ত বোধহয় কোথাও আসে নি। মাননীয় স্পীকার মহাশয়, এই কথা নিশ্চই আপনিও জানেন। একটা ট্রেসপাসার্স একটা লাইসেন্সি তার একটা টাইটেল পাবে সেটা তার ছিল না। এই ট্রেসপাসার্স একটা লাইসেন্সি পেতে গেলে তার বারো বৎসরের বেশি দখলে থাকা দরকার। তা না হ'লে সে টাইটেল পায় না। কিন্তু এই আইন বলে সেখানে ট্রেসপাসার সে পাচ্ছে সে লাইসেন্সি পাচ্ছে —সেসি পাচ্ছে। তাই এই কারণে তাকে আমি অভিনন্দন জানাচ্ছি। কিন্তু এই বিলের মধ্যে কয়েকটা কথা যেগুলি আমার একটু গোলমাল ঠেকছে সেগুলি পরিষ্কার করবার জন্য আমি মাননীয় মন্ত্রী মহাশয়কে অনুরোধ জানাচ্ছি। একটা কথা নিশ্চয়ই জানেন যে ১৯৬৯ সালে এই অ্যাকুইজিশন অব হোমস্টেড ল্যাণ্ড হয়েছিল। সেই অ্যাফেয়ারের সময় সেখানে কে ছিল দেখা দরকার। ৬৯ সালের আইনের পূর্বে কিছু ছিল না। যে তিন বছর আগে থেকে সেখানে থাকবে সেই অ্যাকোয়র করবে এবং কেউ যদি তাকে উচ্ছেদ করবার চেষ্টা করে সিভিল কোর্টে তা হ'লে সেখানে সেকশান ১০ সাব সেকশান (২) তে কালেক্টারের কাছে দরখাস্ত করবে সেটা রাখবার জন্য। এর মেয়াদটা শেষ হয়ে গেছে ১৯৭৪ তে যা নাকি হয়েছিল ১৯৬৯ তে। এর অ্যামেন্ডমেন্ট হয়েছিল কিন্তু ১৯৭৪ সালের ১০ই আগস্ট সেটার ডেট ফুরিয়ে গেছে। মাননীয় স্পীকার মহাশয়, একটা জিনিসের প্রতি আমি মাননীয় মন্ত্রী মহাশয়ের দৃষ্টি আকর্ষণ করছি। যে, যেসকল কেস এখনও পেণ্ডিং রয়েছে, যারা দরখাস্ত করেছিল তাদের পোজিশানটা কি হবে আইনের মধ্যে সেখানে কোথাও তা পরিষ্কার করে নেই। এই যে দরখাস্ত

এটা অনেকে করেছে। আমার অভিজ্ঞতা আছে, আমি জানি। এক মেদিনীপুর জেলাতেই দু হাজারের বেশী কেস পেণ্ডিং আছে। এর পোজিশানটা কি হবে সেটা সম্পর্কে চিন্তা করতে বলি। আর কয়েকটি ব্যাপারে মাননীয় মন্ত্রিমহাশয়ের দৃষ্টি আকর্ষণ করছি, যে ধরুন যদি কোন অকোপায়ারের ঐ ২৬শে জুন তার পোজেশানে থাকে — তার আগে ছিল কিনা কিন্তু আইনে তিন বৎসর পূর্বে যদি থাকত — এরূপ আমি অনেক ক্ষেত্রের কথা জানি — যুক্তফ্রন্টের সময় সেখানে জোর ক'রে তাদের বসিয়েছিল ট্রেসপাসারের যার জন্য কেস হচ্ছে, এভিকশান হচ্ছে — কি হবে, তাদের পোজিশানটা আজকে সে পোজিশানটা দেখুন। একটা নয় দুটো নয়, হাজার হাজার আছে। যে বা যারা জোর ক'রে বসেছিল তাদের আজ অবস্থা কি হবে? তাই আমি চিন্তা করতে বলছিলাম যে এরূপ পিরিয়ার্ড ধরুন। ধরুন, সে এক বছর বা দু বছর যদি দখল ক'রে থাকে তাহ'লে তাদের কি হবে সেটা একটা দেখুন। একদিনের জন্যও যদি সে সেখানে বসবাস ক'রে থাকে তবে তাকে সেই জায়গা দেওয়া হচ্ছে। অথচ ট্রেসপাসার, লাইসেন্সি যাদের পরিপূর্ণ কোন কোন টাইটেল নেই সেই ব্যাপারে কি হবে? আমি ভোলাবাবু আসবার আগে শঙ্করবাবুর সঙ্গে এই কথা বলছিলাম। এটাতে কি করবেন সেটা চিন্তা করুন। আমার আর একটা কথা হচ্ছে যেটা আইনের মধ্যে কোথাও নেই সেটার প্রতি আমি মাননীয় মন্ত্রিমহাশয়ের দৃষ্টি আকর্ষণ করছি, যে যারা এইরূপ ট্রেসাপাসার ছিল, এইভাবে দখল করতে এসেছিল কিংবা এইরূপ লাইসেন্স ছিল তাদের কেস সব পেণ্ডিং আছে, কোর্টেতে সেগুলি অ্যাবেট করবে কি করবে না এই কথা আইনের মধ্যে কোথাও পরিষ্কার ক'রে নেই। আইনে এ কথা পরিষ্কার করে বলে দিন যে এইরূপ কোন ট্রেসপাসারদের এগেনস্টে যদি কোন কেস থাকে তাহ'লে সেটা অ্যাবেট ক'রে চলে যাবে কি যাবে না। তাহ'লে কি হবে সেই পজিশানের কথাই আমি বলছি — কারণ অ্যাবেট ক'রে যেতে পারে। আমাদের আইনমন্ত্রীও বলেছেন এবং আমরাও অনেক আইন করেছি। তাহ'লে ব'লে দিতে হবে যে এইরূপ অ্যাবেট ক'রে চলে যাবে। যদি কোন কেস সেখানে থাকে তাহ'লে সেখানে কেস করতে থাকলেও যে এইরূপ ট্রেসপাসার বেআইনীভাবে দখল ক'রে ছিল এবং লাইসেন্সি তাকে দেওয়া হয়েছিল অথচ সেগুলি অ্যাবেট করবে কি করবে না সে সম্পর্কে পরিষ্কারভাবে কোন কথা আইনের মধ্যে নেই। তৃতীয়ত বলা আছে আমি যেটা দেখলাম যে নো সিভিল কোর্ট শ্যাল মেনটেন।

[5.35 - 5.45 p.m.]

এটা নিশ্চয়ই কথা যে সিভিল কোর্ট এনটারটেন করলে এটা হবে অ্যাবেট-গুলি সম্বন্ধে কোন কথা বলা হয়নি। আর একটা কথা মাননীয় স্পীকার মহাশয়, আপনার মাধ্যমে আমি বলতে চাই, যে সব জায়গায় এইরকম ভাবে যারা এগ্রিকালচারিস্ট তাদের ঐ এগ্রিকালচারাল ল্যাণ্ডগুলি দিচ্ছেন। মিউনিসিপ্যাল এরিয়ার লোকেদের কেন এক্সক্লুড করলেন। আমি মন্ত্রী মহাশয়ের দৃষ্টি আকর্ষণ করতে চাই। যদি ঘরই দেবেন — বহু জায়গা পতিত পড়ে ছিল — গভর্নমেণ্ট এর জায়গা কোন লোকের জায়গা নয়, কারণ বলেছেন গভর্নমেণ্টের কোন জায়গা হবে না। ভাল কথা বলেছেন। কিন্তু অপর যেসকল জায়গায় ঐরকম ঘরবাড়ি ক'রে আছে একদিন নয়, দুদিন নয়, বছরের পর বছর সেখানে বসবাস করছে সেগুলি কেন এক্সক্লুড করবার চেষ্টা করবেন। আমার মনে হয় অন্ততপক্ষে মিউনিসিপ্যাল এরিয়ার জায়গাগুলিকে অন্তত ব্যবস্থা ক'রে দেবেন, তাহ'লে ভাল হবে। কিন্তু সেগুলি বাদ দিচ্ছেন। আমি জানি এমন বহু জায়গা আছে যেখানে পিতা পুত্র দু-পুরুষ ধ'রে বসবাস করছে অথচ সেগুলির বেলা এটা হবে না। আজকে এই আইন আমরা পাশ করতে যাচ্ছি, এই আইনের কথা বুঝতে পেরে যারা যারা এই রকম ঘর ক'রে বসেছিল, কাল তাদেরকে তাড়াবার জন্য চেষ্টা করবে। কারণ তারা চাইবে যে, সে উঠে যাক। ২৬শে জুন তুমি ছিলে কি ছিলে না এটাই হবে ম্যাটার ইন ডিসপুট। আমি এখানে দেখলাম যে আপ্লিকেশন করবার কোন বিধান নেই, যদি ডিসপুট অ্যারাইস করে তাহ'লে সেটা হবে। কিন্তু তার পূর্বে আমরা বলছি এটা অটোমেটিক্যালি ভেস্ট করবে। স্ট্যাটিটিউট রাইটে ভেস্ট ক'রে যাচ্ছে। কিন্তু সেটা যে ভেস্ট ক'রে যাচ্ছে তাকে সেই রাইটটা না দিলে রক্ষা করবে কি ক'রে। যারা বড় বড় জমিদার, জোতদার, তারা তো তাড়িয়ে দেবার চেষ্টা করবে। আমি বলতে পারি স্যার, আপনি দেখবেন যে ১ মাসের মধ্যে কত লোককে উচ্ছেদ করার চেষ্টা হবে। কিন্তু ১৯৬৯-এ যেটা ছিল সেটা কালেক্টরের কাছে আগে অ্যাপ্লিকেশন ক'রে দিলে কালেক্টর সেটার খোঁজ খবর

ক'রে দিয়ে দিতেন। সেখানে তার রাইটটা থাকত। কিন্তু এখানে অটোমেটিক্যালি ভেস্ট ক'রে যাচ্ছে আইনের বলে। এই গরীবদের রক্ষা করবার মত ক্ষমতা আছে কি? জমিদার, জোতদাররা তাদের উৎখাত করবার চেষ্টা করবে। এই সমস্ত ছোটখাট যেসব ত্রুটিবিচ্যুতি এই আইনের মধ্যে আছে সেগুলি ছাড়া এই আইনটাকে আমি সমর্থন করছি। যদিও মন্ত্রিমহাশয় এখনই একটা ডিসিস কারেকশন করলেন। কংসারী হালদার মহাশয় যে বক্তৃতা ক'রে গেলেন যে কে কাকে জমি দান করছে। আমি চিন্তা করতে পারি না যে, বিধানসভায় দাঁড়িয়ে এই ধরনের কথাবার্তা শোনা যেতে পারে। এই জায়গা কাউকে দান করার জায়গা নয়। স্ট্যাটিউটারী রাইট একটা হচ্ছে, সেই রাইট তাকে ভেস্ট ক'রে যাচ্ছে। মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি এই আইনটা পরিপূর্ণভাবে সমর্থন করছি এবং ত্রুটিবিচ্যুতি আছে, সেই ত্রুটিবিচ্যুতি দেখার সঙ্গে সঙ্গেই মন্ত্রিমহাশয় আশা করি কারেকশন ক'রে নেবেন। এই কয়টি কথা ব'লে আমি আমার বক্তব্য শেষ করছি।

শ্রীমহম্মদ ইদ্রিস আলী ঃ মাননীয় মন্ত্রী মহাশয়, আজকে যে বিল এনেছেন তাকে সমর্থন জানিয়ে দু একটি কথা বলতে চাই। এর আগে যে আইন ছিল ১৯৬৯ হোম স্টেট ল্যাণ্ড অ্যাক্ট, সেই অ্যাক্টে যারা যে জায়গায় বসবাস করবে তাদের দরখাস্ত করতে হত। দরখাস্তের বিচার প্রথমে করতেন এস এল আর ও তারপরে এস ডি ও। এদের ওপর বিচারের ভার ছিল। কিন্তু তাতে বিচারের অনেক বিভ্রাট ঘটত। যারা জমির মালিক তাদের সঙ্গে তাদের মোকাবিলা করতে হত। কিন্তু গরিব লোকেরা তাদের সঙ্গে মোকদ্দমা চালাতে পারত না অনেক সময়। এমনকি যে সমস্ত অফিসার যাদেরকে বিচারের ভার দেওয়া হয়েছিল তাদের এ সম্বন্ধে আগে থেকে কোন ট্রেনিং না থাকার জন্য সম্যকভাবে বিচার করতে পারতেন না। যাই হোক এই বিলের একটা প্রশ্নে আমাদের পূর্ববর্তী বক্তা বললেন যে ১৯৬৯ সালের আইন অনুযায়ী যারা হোমস্টেটের জন্য দরখাস্ত করেছিল সে বিচার এখনও পেণ্ডিং আছে, সেগুলির কি হবে?

এটা একটা আইনঘটিত প্রশ্ন এ বিষয়ে কোন সন্দেহ নেই। তবে এর বিধান আগেই আছে, বেঙ্গল কলেজেন্স অ্যাক্টের সেকশন ৮ থেকে এসে যাবে যদি কোন আইন পরবর্তীকালে পরিবর্তিত হয় তাহ'লে যে আইন অনুযায়ী মামলা দায়ের করা হয়েছিল তার বিচার সেই আইন অনুযায়ী হবে। যদিও এই আইন ১৯৭৪ সালের আগস্ট মাসে শেষ হয়ে গিয়েছে তবুও পেণ্ডিং মকদ্দমার বিচার সেই আইন অনুযায়ী হতে পারে। কাজেই এটা সমস্যা নয়। সমস্যা হ'ল যে ১৯৭৫ সালের ২৬শে জুন যারা ট্রেসপাসার্স হিসাবে বাস করছে তাদেরকে রাইট দেওয়া হবে। এটা একটা অদ্ভুত ধরনের ব্যাপার হয়ে দাঁড়াচ্ছে। যেহেতু ২৬শে জুন কোন জমিতে ট্রেসপাসার্স ছিল না, লাইসেন্সি ছিল কি ছিল না, হয়তো রাতারাতি পরবর্তীকালে কারও জমিতে গিয়ে বাড়ি ক'রে বসল সেই ক্ষেত্রে আইনের যে বিধান তাতে যে একটা সুষ্ঠু বিচার হবে তাতে আমার যথেষ্ট সন্দেহ আছে। কারণ প্রত্যেকটি যা হবে সেই আইনের ধারাগুলি সুস্পষ্ট হওয়া চাই। যেমন আমি একটা শ্রেণীকে বিলিফ দিতে যাব অন্য শ্রেণী যাতে অ্যাগ্রিভড না হয় এবং লিগালি আইনগত তার প্রতিকার পেতে পারে সেদিকেও দৃষ্টি দেওয়া দরকার। কাজেই ১৯৭৫ সালের ২৬শে জুন ট্রেসপাসার্স, লাইসেন্সিং, অনুমোদিত, যে ভাবেই হোক না কেন তাদেরকে টাইটেল দেওয়া হবে এটা যেমন একপক্ষে শুভ যেহেতু অগণিত বাংলা দেশের ক্ষেতমজুর, কর্মকার, চর্মকার, তন্তুবায়, এরা পরের জমিতে বহুকাল ধ'রে বসবাস করে আসছে, যারা হয়তো আইনের সম্মুখে কোর্টে কাচারীতে গিয়ে তাদের বসতবাটী অধিগ্রহণ ক'রে নিতে পারে নি তাদের পক্ষে যেমন সুবিধা এবং যারা এতকাল ধ'রে ফুটবলের মত এর জমিতে একবার ওর জমিতে একবার বসবাস ক'রে আসছিল তাদেরকে একটা টাইটেল দেওয়া হবে এটা সত্যই অত্যন্ত সুখের খবর এবং অগণিত ব্যক্তি তারা যে এর দ্বারা উপকৃত হবে সে বিষয়ে নিঃসন্দেহ। মাননীয় অধ্যক্ষ মহাশয়, শিশ মহম্মদ সাহেব তিনি এই আইনটা হয়তো ঠিকভাবে পড়েন নি বা বুঝবার চেষ্টা করেন নি, যেহেতু এর আগে যে বাস্তু জমি যেটা দেবার কথা হয়েছিল ২রা অক্টোবরের সেটা অন্য ব্যাপার। যাদের আদৌ কোন বাস্তু জমি ছিল না, বাড়িঘর ছিল না, তাদেরকে ২রা অক্টোবরের মধ্যে ২ লক্ষ ৭৭ হাজার পাট্টা দেওয়া হয়েছে। অবশ্য এই পাট্টা দেবার ব্যাপারে কিছু গলদ হয়েছিল সেটা নিঃসন্দেহ। যেহেতু বি ডি ও এবং জে এল আর ও তাদের উপর ন্যস্ত করা হয়েছিল। তারা অনেক জায়গায় আমি জানি কবরস্থান ব'লে যেটা রেকর্ড হয়েছিল সেটাকে বাস্তু জমি ব'লে দেওয়া হয়েছে এবং

অনেক জায়গায় যেখানে খাস জমি পেয়েছে, কোথায়ও খাল, বিল, গর্ত, সেগুলি তারা দুই শতক, তিন শতক ক'রে বাস্তু জমি হয়েছে। এটা কিন্তু সরকারের যে নীতি বা সরকারের যে আইন বা সার্কুলার এর ত্রুটি নয়, সরকারী প্রশাসন যাদের মাধ্যমে এটা করা হয়েছিল তারাই। কাজেই যে আইনটা প্রণয়ন করা হয় সে আইনটা সত্যিকারের জনসাধারণের কল্যাণের জন্য, জনসাধারণের উপকারের জন্য এবং যাদের বাস্তুভিটা ছিলনা তাদের জন্য। শিশ মহম্মদ সাহেব আছেন, তিনি একটু ভুল করছেন যে বাস্তু জমি ২ বা অক্টোবর পাট্টা দেওয়া আর এই যে বর্তমান বিল এক জিনিষ নয়। যেহেতু এই বিলে বলা হচ্ছে কি, এই বিলে বলা হচ্ছে ১৯৭৫ সালের ২৬শে জুন যে যে স্থানে, হয় স্বেচ্ছাচারিতার দ্বারা হোক বা অনুমোদিতই হোক কিংবা লাইসেন্সি হিসাবে বসবাস ক'রে আসছে সেই জমি যদি তার পরিমাণ ৫ কাঠা বা তার কম হয় তাহ'লে তাকে অধিগ্রহণ ক'রে দেওয়া হবে। এটা নূতন জমি নয় বা কেবল খাল, গর্ত দেওয়া হয়েছে তা নয়। কাজেই এই বিল আর এ' বিলের মধ্যে পার্থক্য আছে এটা তাঁর জানা উচিত ছিল। মাননীয় অধ্যক্ষ মহাশয়, এই বিলে আরও কতকগুলি জিনিষ আছে যেটা সত্যিকারের হয়তো ত্রুটিপূর্ণ না হ'লেও সমর্থনযোগ্য। যেমন কংসারীবাবু বলছিলেন, তিনিও একই কথাই বলছিলেন বি ডি ও র মারফত যে জমিটা পাট্টা দেওয়া হয়েছে তার সম্বন্ধে তিনি বলছিলেন।

[5-45 –5-55 p.m.]

কিন্তু বর্তমান বিলের মধ্যে বলেন নি। এই বিলের ধারাগুলি যদি পর্যালোচনা করি, তাহলে দেখব যে আইন পাস হতে চলেছে, তাতে স্পষ্ট ক'রে ব'লে দেওয়া হয়েছে যে যারা অন্যের জমিতে বাস করে তাদের জমি দেওয়া হবে। যার জমির মালিক তাদের ক্ষতিপূরণ দেওয়া হবে, যে খাজনা তার দশগুণ ক্ষতিপূরণ দেওয়া হবে। যদি বাস্তুজমি থেকে জোর ক'রে উচ্ছেদ করা হয়, তবে মালিককে সাজা দেওয়া হবে। অবশ্য সাজা হচ্ছে ইম্প্রিজনমেন্ট, যদি এটা বিগোরাস ইম্প্রিজনমেন্ট রাখা হত ভাল হত, সেটাই বাঞ্ছনীয়। সাধারণভাবে যে জমি দেওয়ার ব্যবস্থা হয়েছে তা অত্যন্ত কম, এটা নিঃসন্দেহ। তবে আশা করব যে আইনটা আনা হয়েছে তাতে সাধারণের উপকার হবে। এই ব'লে আপাতত পুরোপুরি সমর্থন জানিয়ে আমার বক্তব্য শেষ করছি।

শ্রীবীরেশ্বর রায় : মাননীয় অধ্যক্ষ মহাশয়, মাননীয় পূর্তমন্ত্রী যে বিল এনেছেন, আমি তাকে সমর্থন করছি। সমর্থন করছি এজন্য আমাদের নেত্রী ইন্দিরা গান্ধী ১৯৭২ সালে স্লোগান দিয়েছিলেন গরিবী হটাবেন; তখন বিভিন্ন বামপন্থী দল থেকে এটা বলেছিলেন এটা শুধু স্লোগান এবং গরিবকে না হঠিয়ে গরিবকে হঠিয়ে দেওয়া হচ্ছে না গরিবকে প্রতিষ্ঠিত করছেন।

শ্রীশীশ মহম্মদ : কতটা করছেন?

শ্রীবীরেশ্বর রায় : যতটাই করি না কেন ইতিপূর্বে এই রকম চিন্তা আপনাদের মাথা দিয়ে আসে নি। আমরা যেটা চিন্তার করছি তাতে ভূমিহীন এবং গৃহহীন তাদের অন্তত পক্ষে রাত্রিতে সুখে নিদ্রা যাবার, শান্তিতে বাড়িতে থাকার ব্যবস্থা করা হচ্ছে। যে ২০ দফা কর্মসূচী আমাদের নেত্রী গ্রহণ করেছেন আমি মনে করি সেটা যদি আলোচনা করে দেখি তাহ'লে দেখা যাবে যারা গরিব তাদের হটিয়ে দেয়া নয়, তাদের প্রতিষ্ঠা করা হচ্ছে এবং এটাই হচ্ছে মূল এবং মুখ্য উদ্দেশ্য। আমি এই প্রসঙ্গে দু একটি কথা বলতে চাই। অবশ্য যদিও সেটাই এই সভায় আলোচনা হয়েছে, তবুও বলছি শহরতলিতে অনেক অঞ্চল আছে যেসব জায়গায় এই রকম বহু গৃহহীন বাস্তি আছেন যাঁরা হয়ত দিনমজুরের কাজ করেন, এই রকম শ্রেণীর লোকদের যাতে ক'রে শহরতলি অঞ্চলেই তাদের গৃহের ব্যবস্থা ক'রে দেয়া যায় তার ব্যবস্থা থাকা উচিত। এ ছাড়া অনেক খাস জমি আছে যেগুলি হয়ত সরকারের কোন কাজে লাগবে না। সেই জমিগুলি যদি দেয়া হয় এইসমস্ত গরিব লোকদের যারা এইসব জমিতে তাদের সামান্য সম্বল দিয়ে বাড়িঘর তৈরী করেছে সেখানে তাদের যদি সরকার স্থায়ী স্বত্ব দেবার ব্যবস্থা করেন তাহ'লে ভাল হয়। এছাড়া ২৬শে জুনের আগে যারা বাড়ি করেছিল এই আইন আসছে এইরকম আলোচনা হবার পরে এবং বিভিন্ন কাগজে বের হবার সঙ্গে সঙ্গে বিভিন্ন লোক এইসমস্ত গরিব লোকদের উচ্ছেদ করার জন্য স্বত্বচ্যুত করার জন্য উঠেপড়ে লেগেছে। আমি মনে করি যাতে এইসমস্ত গরিব লোকদের উচ্ছেদ করাতে না পারে

তার জন্য অবশ্যই কঠোর ব্যবস্থা নেয়া উচিত এবং যেসমস্ত ব্যক্তি গরিব লোকদের উচ্ছেদ করবার চেষ্টা করতে পারে তাদের কঠোর শাস্তি দেয়া উচিত। যেসমস্ত কৃষক ক্ষেতমজুর গরিবদের বিভিন্ন অঞ্চলে জমি অধিগ্রহণ ক'রে তাদের দেবার ব্যবস্থা করা হয়েছে সেইসমস্ত ক্ষেত্রে কিছু ত্রুটিবিচ্যুতি দেখা গেছে, তার কারণ এর আগে যে আলোচনা হ'ল বি ডি ও এবং জে এল আর ও তাদের বাস্তব জ্ঞানের বাইরে এইসমস্ত কাজ করেছে কারণ কিছু কিছু জায়গায় ১০০/১৫০ লোকদের বসাবার চেষ্টা করেছেন। তার কারণ এক এক জায়গায় একশো দেড়শো ঘর বসবাবার চেষ্টা করছেন, তাঁদের কথা—তাঁরা সেই জায়গায় কলোনী তৈরী করবেন। সেই এক শতক দু শতক জায়গা দিয়ে কীরকম স্বাস্থ্যকর কলোনী হবে সেটা চিন্তা করে দেখবেন। যে সমস্ত ক্ষেতমজুর যেখানে যেখানে বাস করেন তাঁদের সেখানে যাতে স্থায়ী পাট্টা দেওয়া যায় তার ব্যবস্থা করুন। তা না হ'লে ভবিষ্যতে অসুবিধা হবে। এক জায়গায় কনজেস্টেড ক'রে যদি গৃহনির্মাণের ব্যবস্থা করা হয়, তাহ'লে একটা অস্বাস্থ্যকর পরিবেশ সৃষ্টি হবে এবং সেটা অসুবিধেজনক হবে, তাছাড়া ভবিষ্যতে সরকারের পক্ষে অনেক অসুবিধা দেখা দেবে। এই কয়টি কথা ব'লে আমার বক্তব্য শেষ করছি।

শ্রীযোগিলাল মন্ডল : মাননীয় অধ্যক্ষ মহাশয়, আজকে মাননীয় মন্ত্রি মহাশয় যে বিল এনেছেন তাকে সমর্থন ক'রে কয়েকটি কথা বলতে চাই। এই বিল আমাদের মাননীয় প্রধানমন্ত্রির ঘোষিত ২০ দফা কর্মসূচীর অন্তর্ভুক্ত। আগে যাদের বাসস্থান ছিল না, যারা গরিব, যাদের জায়গাজমি নাই, তাদের কিছু জমি ও বাড়ি দিয়ে দেবার ব্যবস্থা করা হচ্ছে। এই বিলের মধ্য দিয়ে গরিব মানুষদের প্রভূত উপকার আমরা করতে পারব ব'লে আশা করি। তবে এই বিলের মধ্যে যে কয়টি ত্রুটি আমার নজরে এসেছে, সে সম্বন্ধে উল্লেখ করছি। গ্রামাঞ্চলের জন্য জমি সেটা ধরা হয়েছে, শহরাঞ্চলে তা নাই, সেখানে যে জমি আছে, এবং সেই জমিতে যে ডোয়েলিং হাউস আছে, সেখানে যারা বাস করছে, সেই জমি বাড়িকেন এই বিলের মাধ্যমে ধরা হচ্ছে না বুঝতে পারছি না। সরকারী জমিতে যদি গরিব মানুষরা ডোয়েলিং হাউস তৈরী ক'রে বসবাস ক'রে থাকে, তাহ'লে সেই জমি বাড়ি বা কেন ধরা হবে না? এই অসঙ্গতি থাকবে কেন? শহর ও গ্রামাঞ্চলের মধ্যে প্রত্যেকটা ব্যাপারে আমরা দেখতে পাচ্ছি একটা পার্থক্য রেখে দেওয়া হয়েছে যেমন জমি অধিগ্রহণ, শহরের সম্পত্তি গ্রহণ বা জমির সিলিং হোক সর্বত্র শহর ও গ্রামাঞ্চলের মধ্যে একটা পার্থক্য রেখে দেওয়া হচ্ছে। এতে গ্রামের মানুষের মনে একটা অসন্তোষের কারণ সৃষ্টি করছে।

আর একটি জিনিস হচ্ছে এগ্রিকালচারাল লেবারারদের কথা বিলে বলা হয়েছে। এছাড়াও সমাজে আরও অনেক গরিব মানুষ আছে তাদের কথা বিলে বলা হয় নাই। সরকার যেসমস্ত ব্যবস্থা করছেন যে যেখানে বাস করছে সেই জমি বা বাড়ির যা রেন্ট, যা খাজনা আছে, তার টেন টাইমস ক্ষতিপূরণ দেবেন বলছেন। এমন অনেক জমি আছে যার খাজনা চার আনা। অর্থাৎ সেটা খুব মূল্যবান জমি। সেখানেও ক্ষতিপূরণ টেন টাইমস হ'লে মালিক ক্ষতিগ্রস্ত হবেন। ধরুন তার মূল্যবান জমির ১০ কাঠার উপর মালিকের অনুমতি নিয়ে বাড়ি ক'রে বসবাস করছে সেখানে যদি ক্ষতিপূরণ খাজনার টেন টাইমস করা হয়, তাহলে এই যে মালিকের ক্ষতি হবে, এটা যেন সরকার পূরন ক'রে দেন। এর জন্য একটা ব্যবস্থা সরকারের করা দরকার। এই জন্য আমার সাজেশন হচ্ছে এই রকম ১০ কাঠার মধ্যে যদি কেউ ৫ কাঠার উপর বসতি ক'রে থাকে, সেখানে ক্ষতিপূরণ টেন টাইমস হয়, সেই বসতবাটীর জমির চলতি বাজার দর দিলে ন্যায়বিচার করা হবে। কেবল খাজনার টেন টাইমস বিলে সরকার ন্যায়বিচার করবেন ব'লে আমি মনে করি না। সরকারী ক্ষতিপূরণ ২০ বছরে দেওয়া হয় না। সে ক্ষেত্রে একটা জিনিস করা দরকার— এই যে মূল্যবান সম্পত্তি চলে যাচ্ছে, তার ক্ষতিপূরণ যত তাড়াতাড়ি দিতে পারা যায় তার জন্য তিনি যেন বিলে একটা ব্যবস্থা করেন।

এই বিলে আছে— গ্রেভ ইয়ার্ড, ফ্লাওয়ার গার্ডেন ওয়েল, প্লেস ফর রিলিজিয়ন ইত্যাদি জায়গার কাছাকাছি যদি কেউ বসতবাড়ি ক'রে থাকে, সে জমি যেন সে পেতে পারে। এটা করলে ভাল হয়। যার দু বিঘা জমির উপর ধরুন ফ্লাওয়ার গার্ডেন আছে, সেখানে অনুমতি দেওয়া হয়েছিল বাস করবার, সেখানে ৫ কাঠার দিয়ে দিলাম, তার বসতবাটীর জন্য, তাহ'লে তার ৫ কাঠা চলে গেলে আর বাকি থাকে কী?

[5.55 - 6.15 p.m.]

এই সব ক্ষেত্রে বিভিন্ন জায়গায় দেওয়া হয়েছে, যেমন হচ্ছে ফ্লাওয়ার গার্ডেন, গ্রেড ইয়ার্ড, প্লেস অব রিলিজিয়ান, এই যে অন্তর্ভুক্ত করা হয়েছেয এটা ঠিক হয় নি। এ গুলি বাদ দেওয়া উচিত ছিল। এই বিলে সমাজের অনেক শ্রেনীই উপকৃত হবে। প্রধানমন্ত্রির ঘোষিত কর্মসূচীকে এই বিলের দ্বারা একটা সাফল্যের পথে এগিয়ে নিয়ে যেতে পারব। এই আশা রেখে এই বিলকে সমর্থন ক'রে আমি আমার বক্তব্য শেষ করছি।

Mr. Speaker : Honourable Members, I am to inform you that 11 a. m. on 6th December, 1975 has been fixed as the latest time for receiving the notices of amendment on the following Bills which will be taken up for discussion of 8th December, 1975 :-

1. The West Bengal Transport Undertakings (Prevention of Ticketless Travel), Bill, 1975,
2. The North Bengal University (Amendment) Bill, 1975,
3. The Rabindra Bharati (Temporary Supersession) Bill, 1975,
4. The West Bengal College Teachers (Security of Service) (Amend ment) Bill, 1975, and
5. The West Bengal Government Townships (Extension of Civic Amenities) Bill, 1975,

Honourable members are particularly to remember that 11 a. m. on 6th December has been fixed as the latest time of filling their amendments.

Shri Naresh Chandra Chaki : Mr. Speaker, Sir, I support this Bill because this Bill will materialise on of the twenty points announced by our beloved Prime Minister. I also support this Bill because of the fact that it will give some good effects on the thousands of exploited and neglected classes of people. That is why I have stood to support this Bill Not only this things, Sir, I wish to discuss some more points which have not been touched by the previous speakers. The first point is, Sir, the municipal areas have been excluded from the purview of this Bill. I wish to cite one example here. There is one municipality named Birnagar municiplity which falls within my constituency. There are three colonies situated here and about 1,000 poor people have been living by constructing their dwelling houses for the last ten years. When this Bill will be passed from this Assmbly what will be the fate of these 1,000 families who are poor and who have no capacity to construct their dwelling houses afresh elsewhere ? So my point is this, at a later time some sort of Bill should be brought here in this House so that the people who have constructed their dewlling houses in the land withini the municipal area can also

get land legally. This sort of Bill should be brought here later for the benefit of these poeple.

Sir, my second point is, I cannot understand, if the motto of this Bill is to help the poor poeple irrespective of any class then why the classifications have been made in this Bill ? In giving the definition of the term "occupier" it is stated that occupier means an agricultural labourer or an artisan or a fisherman who is in possession of any land of another person, either as a lessee or as licensee or as a trespasser and who holds no other land in any capacity whatsoever any includes the heirs of such person: and in giving the definition of the term "artisan" it is stated that artisan means a handicraftsman and includes potter, carpenter and blacksmith. Here I point out that the rich fishermen will get the benefit of it. There are many rich fishermen who have got no land of their own but they have constructed their dwelling houses by forcibly tresspassing in the lands of others. These rich fishermen will get benefit out of this bill. In my constituency there are thousnands of fishermen who are rich ones and who have employed many hands under them. They will also get benefit out of this Bill. I personally know of about 25 fishermen who are rich but who have constructed their dwelling houses by tresspassing in the lands of others -they will get the benefit of this Bill. Sir, in clause 2(a) it is stated, "artisan means a handicraftsman and includes potter, carpenter and blacksmith". So, the potter, carpenter and blacksmith will get benefit out of the Bill, but the handicraftsman has not been defined Term "handicraftsman" ought to have been clarified because–here I like to draw your attention to some points– Just think of the "bide majdoors", weavers and those workers who are working in the powerlooms. They are also poor. Should they not be brought within this category of handicraftsman ? It should have been clarified properly

Sir, I know, thousnads of bidi majdoors are living in West Bengal They are extremely poor and they have got no capacity to construct their dwelling houses and many them are living by tresspassing into the land of others. It cannot be ascertained as to whether they will get befefit out of this Bill. Just think of the "doken karmachari", many of whom are landless persons and have come from the scheduled castes and scheduled tribes families and are working here and there. They have not been brought within any category that has been defined in this Bill. Are they not poor ? So, I think, it should have been stated in this Bill, "any landless person who is an occupier and whose income does not exceed Rs. 5,000 per annum or any amount per annum"– these words should have been inserted in this Bill. If it would have been inserted it would have been more clear and this Bill could give more benefit to the rural poor people of West Bengal. With these words, Sir, I draw the attention of the

Hon'ble Minister through you to see that these things are included in the Bill. Thank you, Sir.

[6.05 - 6.15 p.m.]

শ্রীমহম্মদ দেদার বক্স : মাননীয় অধ্যক্ষ মহাশয়, মাননীয় পূর্ত্তমন্ত্রি আজ যে ওয়েষ্ট বেঙ্গল অ্যাকুইজেশান অব হোম স্টেড ল্যান্ড ফর এগ্রিকালচারাল লেবারারস, আবটিসানস অ্যান্ড ফিসাবমেন বিল, ১৯৭৫, হাউসে অনুমোদনের জন্য উপস্থাপন করেছেন আমি স্টেটমেন্ট অব অবজেক্টস অ্যান্ড বিজিক্স পড়ে তাতে যা রয়েছে তারই উপর ভিত্তি ক'রে সমর্থন করছি এবং মন্ত্রিমহাশয় অনেক দিন পরে একটা ভাল বিল এনেছেন। এই যে শ্রেণীভুক্ত ক'রে দিয়েছেন তাতে এইসমস্ত লোক উপকৃত হবে। এই বিলটা এনেছেন ২০ দফা কর্মসূচীর ভিতরে যেটা আমাদের শ্রদ্ধেয়া নেত্রী ইন্দ্রিরা গান্ধী ঘোষণা করেছিলেন। বাস্তুহীনের অন্যের জমিতে বসবাস করলে কতকগুলো শর্তে টাইটেল ঘোষণা এতে কার্যকর হবে। তাই বলি এই যে ক্ষেতমজুর এবং মৎসাজীবি, কুম্ভকার, ছুতার, কর্মকার যাদের কোন জায়গা বা কোন জমি নেই অথচ ১৯৭৫ সালের ২৬শে জুনের মধ্যে অপরের জমিতে লাইসেন্সী হিসাবে, লীজ নিয়ে বা ট্রেসপাসারস হয়ে জবরদখল ক'রে বসবাস করছে তাদেরও টাইটেল দেওয়া হবে। এবং টাইটেল দেবার দরুন যাদের জমি তাদের ক্ষতিপূরণ দেওয়া হবে এবং সেটা যা খাজনা বেস্ট বা ট্যাক্স যাই হোক না কেন তার ১০ গুণ। যদি এই সমস্ত শ্রেণী লোক যারা দখল ক'রে বসে আছে অর্থাৎ যাদের লাইসেন্স দেওয়া হবে ঐ ২৬শে জুন ১৯৭৫ সালের আগে থেকে দখল ক'রে বসে আছে তাদের যদি উচ্ছেদ করা হয় তাহলে শাস্তিবিধানের ব্যবস্থাও রয়েছে তিন মাস জেল অথবা ৫০০ টাকা জরিমানা অথবা উভয়বিধ দণ্ডে দণ্ডিত হবে। এখানে বিলে হয়তো হতে পারে এই রকম লেখা আছে আশঙ্কা নিয়ে এই জিনিস করা হয়েছে। কিন্তু আমরা গ্রামাঞ্চলে দেখতে পাই উচ্ছেদ করছে। তাই আমি মন্ত্রিমহাশয়কে অনুরোধ করব যাতে এই উচ্ছেদ না হয় তার জন্য পুলিস ব্যবস্থা যেন করা হয়। তবেই এই বিলের সার্থকতা বুঝতে পারব — তবেই বুঝতে পারব যে এইসব শ্রেণীর লোক যাদের জন্য এই বিল আনা হয়েছে তাদের প্রতি দরদ আছে। মাননীয় অধ্যক্ষ মহাশয়, এই বিলে বলা হয়েছে যারা জমিতে বসতি ক'রে রয়েছে কুঁড়ে ঘরে কাঁচা বাড়ি ক'রে — বিশেষ ক'রে দার্জিলিং শিলিগুড়ি মহকুমায় তাদের জমি কোন ক্ষেত্রে পাঁচ কাঠার অধিক হবে না। সুতরাং এই বিলের উদ্দেশ্য অত্যন্ত মহৎ। হয়তো এর মধ্যে কিছু ত্রুটিবিচ্যুতি থাকতে পারে — আমাদের মাননীয় সদস্য দুখীরামবাবু গ্রামাঞ্চলে অনেক কথাই বললেন। কিন্তু শহরে যারা ফুটপাতে কোনরকমভাবে জীবন ধারণ ক'রে বাস করছে এদের যাতে কিছু সংস্থান হয় যাতে তারা বসতি ক'রে বসবাস করতে পারে সেই একটা ব্যবস্থা করুন এবং এটা বিশেষ দরকার। আমাদের আর এস পি সদস্য শ্রীশীশ মহম্মদ সাহেব অনেক কিছু সমালোচনা করলেন। তাঁর সমালোচনা শুনে মনে হ'ল তিনি হয়তো বিলটিকে ভালভাবে পড়েন নি। যারা জমিতে বসতি ক'রে রয়েছে তাদের সম্বন্ধে এই বিলে বলা হয়েছে। মনে হচ্ছে তিনি ওলিয়ে ফেলেছেন। যা হোক এই বিলের উদ্দেশ্য খুবই মহৎ, আমি এই বিলকে পূর্ণ সমর্থন জানিয়ে আমার বক্তব্য শেষ করছি।

শ্রীঅজিত কুমার বসু : মাননীয় অধ্যক্ষ মহাশয়, এই বিলটি ভাল, আমি একে সমর্থন করছি। এবং সমর্থন ক'রে দু-একটা কথা বলব। প্রথমেই দেখুন একটা কথা উঠেছে ১৯৬৯ সালে যুক্তফ্রন্ট সরকার কি করেছে। কিন্তু আমি বলি যে এ সম্বন্ধে তারা সেদিন ভেবেছিল — আর কোথায়ও তো তখনও এ জিনিস হয় নি। আপনারা আজকে বিধানসভায় এ বিল এনেছেন কখন? যখন সারা ভারতবর্ষে এই জিনিস নিয়ে একটা ভাবনা-চিন্তা হচ্ছে — তখন আপনারা এই আইন পাস করছেন। অনেকে প্রগতিশীল পরিবর্তনের কথা বলেছেন। আজকে ভারতবর্ষের সমাজে দুর্বল শ্রেণীর লোকদের উন্নতি করতে হবে, তাদের বসবাস করবার ব্যবস্থা ক'রে দিতে হবে এই নিয়ে একটা সোরগোল পড়ে গেছে তখন আপনারা এটা করলেন। কিন্তু ১৯৬৯ সালের বিধানসভা এই জিনিস ভেবেছিল। অবশ্য তার মধ্যে ত্রুটি-বিচ্যুতি ছিল, আবার ভাল জিনিসও ছিল। কিন্তু আইনটা যেটা হয়েছিল সেটা ভাল আইন তাতে কোন সন্দেহ নেই। আমি মন্ত্রিমহাশয়কে আর একটা জিনিস বলব এই যে করলেন তাতে কিছু কিছু বাদ পড়ে গেছে। ঐ চর্মকার, পোটার তাদের ব্যবস্থা কোথায়? এখন কিছু কিছু বাদ যেগুলি গেছে তাদের সম্বন্ধে আপনি

ডাঃ মোতাহার হোসেন ঃ মাননীয় অধ্যক্ষ মহাশয়, সঠিক তথ্য আমার কাছে নেই। তবে আমি আগেই বলেছি যে, ট্রান্সফরমার চুরির এই ধরনের অভিযোগ যা আসে বা থানায় যা ডাইরি করা হয় তাতে এই, আই. আর এ নাম সাধারণত থাকে না। সেখানে পুলিসকে সন্দেহ ক'রে এগিয়ে যেতে হয়। এটা ইনভেস্টিগেশান এখনও চলছে, কাজেই পরবর্তীকালে কোর্টে হাজির করতে পেরেছে কি পারে নি সেটা উত্তর এখন দিতে পারছি না।

শ্রীসুব্রত মুখার্জী (কাটোয়া) ঃ স্যার, আপনি আইনজ্ঞ, আপনি সমস্ত ব্যাপারটা বুঝতে পারছেন। স্যার যে যুবকটিকে তিনটি ডিপ-টিউবওয়েলের ট্রান্সফরমার চুরির অভিযোগে গ্রেপ্তার করা হ'ল সেই যুবকটির এ অভিযোগ সম্পর্কে কোন এফ. আই আর এ নাম নেই। তার বাড়ি তল্লাসি ক'রে পুলিস যন্ত্রপাতির অংশবিশেষ পর্যন্ত পায় নি। তাছাড়া স্যার, ৬ মাস আগেকার যে কেস সেই কেসের রিপোর্ট এখনও পর্যন্ত পুলিস সম্পূর্ণ করতে পারছে না মাননীয় মন্ত্রিমহাশয় একথা হাউসে বলেছেন। স্যার, এই অবস্থায় আপনার মাধ্যমে আমার প্রশ্ন মাননীয় মন্ত্রিমহাশয়ের কাছে যে, এ তিনটি অভিযোগের মধ্যে একটি অভিযোগ সম্পর্কে পুলিস ইতিমধ্যেই কোর্টে ফাইন্যাল রিপোর্ট সাবমিট করেছে এবং পুলিস বলেছে একটি অভিযোগ সম্পর্কে যে যুবকটি নির্দোষ। তার বাড়ি তল্লাসি ক'রে কোন মাল পাওয়া যায় নি, কোন এফ আই. আর এ তার নাম নেই, তার বিরুদ্ধে কোন সাক্ষ্যপ্রমাণ পুলিস সংগ্রহ করতে পারে নি এবং ম্যাজিস্ট্রেটের কাছে ফাইন্যাল রিপোর্ট পুলিস দেবারগ ফলে একটিও অভিযোগ সম্পর্কে বেকসুর খালাস পেয়েছে। আমার জিজ্ঞাস্য, মাননীয় মন্ত্রিমহাশয় এই ফাইন্যাল রিপোর্ট দেবার খবর জানেন কি?

ডাঃ মোতাহার হোসেন ঃ আমার কাছে যা তথ্য এখন আছে তাতে ফাইন্যাল রিপোর্ট দিয়েছে ব'লে মনে হচ্ছে না।

শ্রীসুব্রত মুখার্জী (কাটোয়া) ঃ স্যার, যে যুবকটির বিরুদ্ধে এই তিনটি অভিযোগ পুলিস দায়ের করেছে সেই যুবকটির সঙ্গে জমিমব আল কাটাকাটির ব্যাপার নিয়ে একজন মহিলার ঝগড়া হয়েছিল এবং সে সম্পর্কে একটা ডায়েরিও করা হয়েছিল। আমার জিজ্ঞাসা, এই ডায়েরি করার পরে এই ট্রান্সফরমার চুরির অভিযোগ আনা হয়েছে, না, এই ডায়েরি করার আগেই ট্রান্সফরমার চুরির অভিযোগ আনা হয়েছে সেটা মাননীয় মন্ত্রিমহাশয় জানাবেন কি?

Mr. Speaker : Is it possibel for the Hon'ble Minister to give replies to all those supplementaries? If a person is arrested and harassed for nothing, he has got the remedy to go to a court and file a case against the police officer for proper compensation. That is the rule under the law. Under the Criminal Procedure Code, in no case details about theft and other things so are written there, and the police has got the right to arrest a perso no on suspicion. After due investigation if the police find that the person is not really involved in the criminal case is then released. In many cases police arrested many persons on suspicion and ultimately they found that those persons were innocent. So if you put so many supplementaries it will be difficult for the Hon'ble Minister to give replies to all those supplementaries. He is not a lawyer. Besides, it is difficult

একটা বর্ডারের জন্য প্রেমার করে এবং সেই অর্ডার পাওয়া গিয়েছে। পুলিস যথাবিধী ব্যবস্থা নিচ্ছে।

শ্রী সুব্রত মুখার্জী (কাটোয়া) : আমার প্রশ্নটার ঠিকমতো উত্তর পেলাম না। আমার প্রশ্ন ছিল পানমুড়া গ্রামে যারা পরপর তিনটি সংঘর্ষ ঘটাল তারা একই ব্যক্তি মন্ত্রীমহাশয় স্বীকার করেছেন এবং সেখানে প্রথম ঘটনা ঘটার পর পুলিস যখন ১০৭ ধারা রুজু করল, রুজু করবার পর দেখা গেল পুলিশ তাদের গ্রেপ্তার করতে গেলেন না, আসামীরা আদালতে আত্ম সমর্পণ করলেন না, পুলিস তাঁদের বাঁচিয়ে রেখে দিলেন এবং সেই আসামীরাই ঐ গ্রামে তারপর দুটি সংঘর্ষের ঘটনা ঘটিয়েছে। মন্ত্রীমহাশয় এর কাছে আমার সাপলিমেন্টারী প্রশ্ন ছিল তাহ'লে কি একথা ঠিক যাঁরা পরপর এই সংঘর্ষ ঘটালেন তাঁদের ১০৭ ধারায় গ্রেপ্তার করলেন না বা গ্রেপ্তার করার সময় তিনি আইনগত যে প্রশ্ন তুলেছিলেন যে পুলিস সরাসরি গ্রেপ্তার করতে পারে না, কোর্টের কাছে গ্রেপ্তার করতে হয়। তাহ'লে প্রথম ঘটনা ঘটার পর পুলিস এই আসামীদের গ্রেপ্তার করার জন্য কোর্টের কাছে কোন প্রেমার করেছেন কিনা— এই কথাটা দয়া করে জানাবেন কি ?

ডাঃ মোতাহার হোসেন : তারা কোর্টের কাছে প্রেসার করেছিল এবং কোর্ট সময় দিয়েছিল ৫-১২ তারিখ পর্যন্ত। সেইজন্য তার মধ্যে কিছু করা যায় নি।

শ্রী সুব্রত মুখোপাধ্যায় (কাটোয়া) : মন্ত্রীমহাশয় দয়া ক'রে জানাবেন কি এই পানমুড়াতে পরপর তিনটে সংঘর্ষ যে ঘটে গেল এই সংঘর্ষের যিনি মূল নায়ক, তিনি তাঁর বিবৃতিতে এখানে বলেছেন ইয়াসিন শেখ, কারণ ইয়াসিন শেখের বিরুদ্ধে পুলিস তিনটি অভিযোগ দায়ের করেছে। একথা কি ঠিক যে ইয়াসিন শেখ এই তিনবার ডাকাতির অভিযোগে কাটোয়া থানার পুলিস কর্তৃক গ্রেপ্তার হয়েছিল এবং তার বিরুদ্ধে ডাকাতির মামলা আজও চলছে ?

ডাঃ মোতাহার হোসেন : এ প্রশ্ন আসে না।

শ্রী সুব্রত মুখোপাধ্যায় (কাটোয়া) : মন্ত্রীমহাশয়ের কাছে আমার প্রশ্ন ছিল ইয়াসিন শেখ হচ্ছে পানমাড়ী গ্রামের এই সমস্ত সংঘর্ষের মূল নায়ক, তার বিরুদ্ধে বহু ডাকাতির অভিযোগ আছে। পুলিস এই ডাকাতকে বাঁচিয়ে রাখার জন্য ১০৭ ধারায় তাকে গ্রেপ্তার করার জন্য প্রেসার করে নি তারপরও ইয়াসিন শেখের নেতৃত্বে পরপর দুটি সংঘর্ষ হয়েছে এবং আজও ইয়াসিন শেখ ঐ রকম চলাফেরা করছে। পুলিশের লোকেরা তাকে চলাফেরার সুযোগ দিচ্ছে। মন্ত্রীমহাশয় দয়া ক'রে জানাবেন কি যে এই ইয়াসিন শেখকে গ্রেপ্তার করার জন্য পুলিশ সক্রিয় কি কি ব্যবস্থা নিচ্ছে।

ডাঃ মোতাহার হোসেন : পুলিস গ্রেপ্তার করার চেষ্টা নিশ্চয় করছে। তাদের খুঁজে পাওয়া যাচ্ছে না ব'লে গ্রেপ্তার করতে পারছে না। ওয়ারেন্ট অব অ্যারেস্ট ৫-১২ তারিখে নিয়েছে। মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি আগেই বলেছি যে প্রপার্টি অ্যাটাচমেন্ট -এর চেষ্টা হচ্ছে।

শ্রী সুব্রত মুখোপাধ্যায় : মন্ত্রীমহাশয় দয়া ক'রে জানাবেন কি যে এই পানমাড়ী গ্রামে এই তিনটি সংঘর্ষের আসামী তাকে কতদিনের মধ্যে গ্রেপ্তার করতে হবে এই মর্মে কোন নোটিস বা নির্দেশ তিনি বা উর্দ্ধতন পুলিস কর্তৃপক্ষ স্থানীয় পুলিসের কাছে দিয়েছিলেন কি ?

[1.00-1.10 p.m.]

Mr. Speaker : Mr. Mukherjee, you are going too far. You know that cases are pending in the court and the Hon'ble Minister has stated that as an application was filed by those persons against whom proceedings under section 107 were drawn up, the court had the right to allow time. Now, when there is a cognisable offence, the police can arrest any person accused of a cognisable offence and no reference by the Minister or by the department in necessary. It is the duty entru sted on the police officer under the

তিনি সমাজবিরোধী বলে স্বীকার করেন কিনা?

Mr. Speaker : It is a matte of opinion.

শ্রীসুকুমার বন্দ্যোপাধ্যায়ঃ মাননীয় মন্ত্রিমহাশয় কি জানাবেন যে মাংস খাওয়া অপরাধ কিনা?

ডাঃ মোতাহার হোসেনঃ এটা কগনিজেবল অফেন্স কিনা জানতে হবে।

শ্রীসরোজ রায়ঃ মাননীয় অধ্যক্ষ মহাশয়, আপনি দেখেছেন যে কয়েকদিন আগেও সুব্রতবাবু কাটোয়া থানা সম্পর্কে অনেকগুলি অভিযোগের প্রশ্ন দিয়েছেন। আজকে যে প্রশ্ন তা সবই কাটোয়া সম্পর্কে। আমি মন্ত্রিমহাশয়কে একটা কথা জিজ্ঞাসা করছি যে কি কাটোয়া থানার ও সি সম্পর্কে কেন খোঁজখবর নেবেন, তার কার্যকলাপ সম্পর্কে কনটিনিউআসলি একটা জায়গা থেকে কাটোয়া থানার ও সি সম্পর্কে অল কমপ্লেন্ট এল, এ রমক ক্ষেত্রে কাটোয়া থানার ও সি সম্পর্কে আপনি বিশেষ সংবাদ নেবেন কিনা?

[1.20-1.30 p.m]

ডাঃ মোতাহার হোসেনঃ মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমিদ এর আগেই বলেছি, এই যে ঘটনাগুলো আপনার সামনে পেশ করা হয়েছে, তার থেকে পুলিসের নিষ্ক্রিয়তা প্রমাণিত হচ্ছে না। এই বিষয়গুলো আমি একজন সুপিরিয়র অফিসার দিয়ে সুপারভিশন করিয়ে নেব। তাতে যদি দেখি যে গাফিলতি আছে, তাহ'লে নিশ্চয়ই ব্যবস্থা গ্রহণ করা হবে।

লোড শেডিং

***১৬। (সর্ট নোটিস।)** (অনুমোদিত প্রশ্ন নং *২৭।) **শ্রীনরেশচন্দ্র চাকীঃ** বিদ্যুৎ বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) বর্তমানে পশ্চিমবঙ্গে প্রয়োজন অনুপাতে বিদ্যুৎ সরবরাহ যথেষ্ট কিনা,

(খ) সমগ্র পশ্চিমবঙ্গে জরুরী অবস্থা জারি হবার পরেও মাঝে মাঝে লোড শেডিং হওয়ার কারণ কি; এবং

(গ) লোড শেডিং বন্ধ করবার জন্য কি কি ব্যবস্থা গ্রহণ করছে?

শ্রীআবুল বরকত আতাউল গনি খান চৌধুরীঃ (ক) না, তবে এর সাহায্যে নিয়ন্ত্রিত চাহিদা সাধারণত মেটানো হইতেছে। বর্তমানে কলিকাতা ও পার্শ্ববর্তী শিল্পাঞ্চলে সি ই এস সি ৫২৩ মেগাওয়াট এবং বিদ্যুৎ পর্ষদের এলাকায় পর্ষদ ১৯০ মেগাওয়াট বিদ্যুৎ সরবরাহ করিতেছে।

(খ) জরুরী অবস্থার সঙ্গে লোডশেডিংয়ের কোন সম্বন্ধ নেই। লোডশেডিং সম্পূর্ণরূপে বন্ধ করিতে হইলে পর্যাপ্ত পরিমাণ বিদ্যুত উৎপাদন প্রয়োজন। চাহিদার তুলনায় পর্যাপ্ত পরিমাণ বিদ্যুতের উৎপাদন বর্তমানে নেই। সি ই এস সি এলাকায় প্রকৃত চাহিদা ৫৯০ মেগাওয়াট এবং বিদ্যুত পর্ষদ এলাকায় প্রকৃত চাহিদা ২২৫ মেগাওয়াট। রাত্রিকালীন বিদ্যুতের চাহিদা যথেষ্ট না হওয়ায় ম্যাক্সিমাইজেশন অব জেনারেসান লক্ষ্য মাত্রায় পৌঁছান সম্ভব হইতেছে না ও ব্যান্ডেল উৎপাদন কেন্দ্রে লক্ষমাত্রার যথাক্রমে ৮৮ শতাংশ ও ৮৩ শতাংশের দেশি উৎপাদন করা সম্ভব হইতেছে না। তাছাড়াও যান্ত্রিকক গোলযোগ, ট্রান্সমিশন লাইনের তার ও অন্যান্য সরঞ্জাম চুরি এবং সমাজবিরোধীদের দ্বারা অবৈধ কার্যকলাপের ফলে কোন কোন ক্ষেত্রে মারজিনাল লোডশেডিং হচ্ছে।

(গ) লোডশেডিং বন্ধ করার জন্য সরকার নিম্নলিখিত ব্যবস্থা গ্রহণ করেছেন এবং করছে :—

(১) সরকার এনার্জি কন্ট্রোল অর্ডারের মাধ্যমে চাহিদা নিয়ন্ত্রণ করেছেন।

(২) রাত্রিকালীন বিদ্যুতের চাহিদার সমস্যা সমাধানের জন্য জুলাই মাস থেকে পর্যালোচনাদ চলছে এবং রাত্রে বিদ্যুৎ ব্যবহার বৃদ্ধিকল্পে বিভিন্ন ইনসেনটিভ দেওয়া হয়েছে।

(৩) রাত্রিকালীন অধিক বিদ্যুৎ ব্যবহারের উদ্দেশ্যে একটি পরিকল্পনা রাজ্য বিদ্যুৎ পর্ষদ ও সি ই এস সি যৌথভাবে প্রস্তুত করিয়াছেন। শ্রম বিভাগকে এ বিষয়ে বিভিন্ন ট্রেড ইউনিয়ান সংস্থার সহিত আলোচনা করিতে অনুরোধ করা হইয়াছে।

(৪) রাজ্য বিদ্যুৎ পর্ষদের চেয়ারম্যান, বিদ্যুৎ কমিশনার ও সি ই এস সি-র ম্যানেজিং ডাইরেকটর এ বিষয়ে বিভিন্ন চেম্বারের সহিত আলোচনা চালাইতেছেন আমি নিজেও আলোচনা করিছি।

(৫) সমাজবিরোধীদের কর্মকলাপ, ট্রান্সমিশন লাইন চুরি ইত্যাদি বন্ধ করার জন্য পুলিসের ইনসপেক্টর-জেনারেল ও পাওয়ার কমিশনার মাঝে মাঝে আলোচনা চলাচ্ছেন এবং পুলিসের সাহায্য তৎপরতায় এ বিষয়ে যথেষ্ট উন্নতি পরিলক্ষিত হইতেছে।

(৬) সাওতালদিহি ছিতীয় ইউনিট সিংক্রোনাইজ করার জন্য যথাসাধ্য চেষ্টা চলছে এবং এই ইউনিটটি স্ট্যাবিলাইজড হইলে বিদ্যুৎ সরবরাহে আরও উন্নতি সম্ভব হইবে।

শ্রীনরেশচন্দ্র চাকী : মাননীয় মন্ত্রিমহাশয় একটা কথা বলেছেন যে, লোড শেডিং-এর সঙ্গে ইমার্জেন্সীর কোন সম্পর্ক নেই। কিন্তু জরুরী অবস্থার ফলে বিভিন্ন ক্ষেত্রে ডিসিপ্লিন ফিরে এসেছে এবং সর্বক্ষেত্রে উন্নতির জন্যই জরুরী অবস্থা ঘোষণা করা হয়েছে। তাই আমি মন্ত্রিমহাশয়ের কাছে জানতে চাইছি যে, ইমার্জেন্সীর পর স্টেটটে ইলেকট্রিসিটি বোর্ডের কর্মচারীদের মধ্যে শৃঙ্খলাপরায়ণতা এসেছে কিনা, মন্ত্রিমহাশয় এটা দয়া করে জানাবেন কি ?

শ্রীআবুল বরকতআতাউল গনি খান চৌধুরী : স্পীকার স্যার, আমি এখানে সব কথাই বলেছি, উনি শোনেন নি। আসল কথা হচ্ছে যে, ইমার্জেন্সী করে লোড শেডিং বন্ধ করা যায় না। লোড শেডিং তখনই বন্ধ হয় যখন জেনারেশন বাড়ানো যায়, আমাদের যে ডিমান্ড সেই ডিমান্ডের তুলনায় জেনারেশন অনেক কম আছে। আমরা নানাভাবে সেটাকে — সেই যে ডিমান্ড, সেই ডিমান্ডটাকে কনট্রোল করবার চেষ্টা করছি। প্রথমত যে ডিমান্ড তার ১৫ পারসেন্ট আমরা আর্বিট্রারিলি কাট করে দিচ্ছি। যারা চাইছে তাদের বলছি যে আমরা এই ১৫ পারসেন্ট দেব না। তারপরে এমার্জেন্সি কন্ট্রোল অর্ডারের মাধ্যমে নানারকমভাবে আমরা তাদের আরও কন্ট্রোল করছি। তারপর দ্বিতীয় প্রবলেম হচ্ছে যে, একটা পার্টিকুলার আওয়ারে ডিমান্ড থাকছে। ইমার্জেন্সীর অনেক আগে আমাদের পাওয়ার মিনিস্টারদের কনফারেন্স দিল্লীতে হয়েছিল। সেখানে সিদ্ধান্ত হয়েছিল ম্যাকসিমাইজেশন অব জেনারেশন। ম্যাকসিমাইজেশন অব জেনারেশন হতে পারে যদি ২৪ ঘন্টার ডিমান্ড থাকে। যদি ডিমান্ড স্পেসিফিক আওয়ারে থাকে তাহলে ম্যাকসিমাইজেশন অব জেনারেশন এই যে কথাটা এটা হতে পারে না। আমি একটু আগে আপনাকে পড়ে শুনিয়েছি যে ম্যাকসিমাইজেশন অব জেনারেশন স্লোগানের মধ্যে ডিপি এল কত উৎপাদন করতে পারছে। সুতরাং আসল যে কথা সেটা হচ্ছে জেনারেশন বাড়ানো দরকার এবং সেটা করতে যে অর্থের দরকার সেই অর্থ আমাদের নেই। আমরা ডেফিনিটলি করতে পারতাম, আমাদের ইঞ্জিনীয়ার ইত্যাদি সব কিছুই আছে কিন্তু আমাদের অর্থ নেই। আমি মাননীয় সদস্যকে জানাচ্ছি যে ১০০ মেগাওয়াট জেনারেশন করতে হলে ৩০ কোটি টাকার প্রয়োজন এবং করেসপন্ডিং ট্রান্সমিশন লাইন ইত্যাদি করতে আরও ৮/১০ কোটি টাকার দরকার। সুতরাং ৪০ কোটি টাকা একসাথে জোগাড় করতে পারলে ১০০ মেগাওয়াট জেনারেশন করে সেটা অন্য জায়গায় সরবরাহ করা যায়। নিশ্চয়ই মাননীয় সদস্য এটা জানেন যে আমাদের প্ল্যানড আউটলে-তে কত টাকা আছে এবং ইট ইজ অ্যান অ্যাভয়েডেবল ফ্যাক্ট। এর সঙ্গে ইমার্জেন্সীর কি সম্পর্ক আছে তা আমি বুঝতে পারছি না।

শ্রীনরেশচন্দ্র চাকী : স্যার, আমার প্রশ্নের উত্তর হল না। আমার প্রশ্ন হল বরাবরের একটা অভিযোগ আছে যে কিছু কর্মচারীর কাজে গাফিলতি এবং শৃঙ্খলাপরায়ণতার অভাবের জন্যই মাঝে মাঝে লোড শেডিং হয়। ইমার্জেন্সী ঘোষিত হওয়ার পর সেইসব কর্মচারীদের মধ্যে শৃঙ্খলাবোধ ফিরে এসেছে কিনা এবং কার্যে গাফিলতি বন্ধ হয়েছে কিনা মন্ত্রিমহাশয় জানাবেন কি ?

Mr. Speaker : Two questions are involved in your supplementary. Your

first question is that at before imposition of emergency there was indiscipline amongst the staff but it has not been admitted. Your next question is whether that indiscipline has bee removed or not. So, double question is involved in your supplementary and it is disallowed.

শ্রীনরেশচন্দ্র চাকী : মাননীয় স্পীকার স্যার, এর আগে মাননীয় বিদ্যুৎ মন্ত্রি আমাদের বলেছিলেন যে এক শ্রেণীর কর্মচারীদের স্যাবোটেজ -এর জন্য মাঝে মাঝে লোড শেডিং হয়ে থাকে। আমার প্রশ্ন হচ্ছে ইমার্জেন্সীর পরে এখনও এই জাতীয় ঘটনা ঘটছে কি ?

শ্রী আবুল বরকত আতাউল গনিখান চৌধুরী : এটা বলা খুব শক্ত। তবে আমরা নানাভাবে চেষ্টা করছি এবং আপনাদের সহযোগিতা চাচ্ছি। এরকম যদি তথ্য থাকে যে কোন অফিসারের গাফিলতির জন্য এটা হচ্ছে তাহ'লে আমি এনকোয়ারি করতে বলব। তবে বিষয়টা খুব ডেলিকেট। একটা জায়গায় বাতি জ্বলছিল, এখন জ্বলছে না — হয় সেখানে গোলমাল হতে পারে। সেটা জানি না। অনেকের মনে আশঙ্কা আছে অনেক অফিসার এটা সাবোটাজ করার চেষ্টা করে। এটা হতে পারে। এটা না হবার জন্য আমরা সবসময় চেষ্টা করছি। তাঁরা মাসে মাসে শবর করেন তাঁদের জেলায় কি অবস্থা। তবে কোন অফিসার সাবোটাজ করার চেষ্টা করলে সেটা আমার পক্ষে পজিটিভ ভাবে উত্তর দেওয়া সম্ভবপর নয়।

শ্রীনরেশচন্দ্র চাকী : এই সাবোটাজ করার যে ঘটনা এমারজেন্সি-র পর কমেছে কিনা ?

Mr. Speaker : His reply is there. His reply is, it is difficult and there is no positive proof. So he cannot make any statement to that effect

শ্রী বিশ্বনাথ চক্রবর্ত্তী : আপনি বললেন ম্যাক্সিমাইজেশন অব জেনারেশন করা হ'ল জুলাই রাত্রিবেলা এটা করা হবে, না হ'লে হচ্ছে না। এবং জুলাই থেকে এটা পর্যালোচনা করছেন। তবে এটা সমস্ত মন্ত্রিসভার ব্যাপার। আমি জিজ্ঞাসা করছি কলকাতা এবং হাওড়ার কলকাতায় ম্যাক্সিমাইজেশন অব জেনারেশন না হ'লে অনেক অসুবিধা হবে এ বিষয়ে এ মাসের মধ্যে কোন কিছু করতে পারবেন কিনা ?

Shri Abul Barkat Ghani Khan Chowdhury : The Chambers are involved and the labour trade unions are involved. I would have allowed the order to be issued. I would have imposed the order. But I do not want to impose it. If it is accepted by everybody in good grace there is every possibility that this will work well. But, if we have to impose it unfortunately there may be a lot of 'ifs'. I do not want to go into the 'ifs'. I can assure the honourable members that I shall do my best in this month of December provided it is accepted by all of us concerned.

শ্রী বিশ্বনাথ চক্রবর্ত্তী : চাহিদা ও উৎপাদনের যে ফিগার দিলেন তাতে সি ই এস সি-র জোন তাতে যাতে এম ডবলিউ আছে — তারা কিন্তু ম্যাক্সিমাম যাতে এম ডবলিউ করতে পারে। ডি পি এল এবং এস ই বি থেকে নিয়ে ... ... ।

শ্রী আবুল বরকত আতাউল গনি খান চৌধুরী : ডি পি এল ব্যান্ডেল আরও বেশি পায়। এটা আমাদের বিশেষ বিশেষ সময়ে দরকার হয়। অন্য সময়ে দরকার হয় না। ডি পি এল একটা মেশিন বন্ধ করেছে, সেইজন্য চাহিদা নেই। ২ ঘন্টার জন্য একটা মেশিন চালানো যায় না। সুতরাং আমরা চেষ্টা করছি যাতে ম্যাক্সিমাইজেশন অব জেনারেশন করতে পারি।

শ্রী বিশ্বনাথ চক্রবর্ত্তী : ইস ই বি সেখানে নিজের এলাকায় বিদ্যুৎ সরবরাহ করে তার চাহিদা ২০০ এম

ডবলিউ, কিন্তু তারা সাপ্লাই করছে ১৮০ এম এম ডবলিউ। বৃহত্তর কলকাতায় নূতন নূতন অনেক ইউনিট যারা করছে তাবা প্রয়োজনীয় বিদ্যুৎ পাচ্ছে না এটা কি জানেন?

Shri Abul Barkat Ghani Khan Chowdhury : No application is pending now. I am telling this to the House with all seriousness.

শ্রীবিশ্বনাথ চক্রবর্তী : বিদ্যুৎ মন্ত্রি প্রশ্ন ঠিক বুঝতে পারছেন না। ইনকিজ করার ব্যাপারে ক্যালকাটা ইলেকট্রিক সাপ্লাই নতুন এরিয়ায়, আরও বহু জায়গায় এখনও বিদ্যুৎ নিয়ে যেতে পাবেন নি, এটা হচ্ছে কারণ। এক্সপানসান এবং ইনক্রিজ ....

শ্রী আবুল বরকত আতাউল গনি খান চৌধুরী : আমরা যেটা ডিমাণ্ডের কথা বলেছি that may be suppossed demand and that may not be a correct demand. So, this point is

আমরা ভাবছি ডি পি এল আরও উৎপাদন করতে পারে, সাঁওতালদি আরও উৎপাদন করতে পাবে, কিন্তু আমরা উৎপাদন কবছি না, যেহেতু ৪ ঘন্টার জন্য একটা পাওযাব স্টেশনকে আমরা চালু করতে পারি না। আমবা চেষ্টা কবছি যাতে ২০ঘন্টা উৎপাদন কবতে পাবি এবং সকলকে দিতে পারি। এই পর্যায়ে যদি আমরা আসতে পারি তাহ'লে আমি মনে করি in fact, it will not be a power crisis, but it will case to a great extent.

শ্রী বিশ্বনাথ চক্রবর্তী : হোয়েদ'র দি চেম্বাবস এগ্রি অব অল দি পিপল এগ্রি সেটা না ক'রে সরকার কোন কিছু অর্ডিন্যান্স ক'রে চাপিয়ে দেবার কথা ভাবছেন কিনা?

শ্রী আবুল বরকত আতাউল গনি খান চৌধুরী : অব্‌ভিযাসলি দিস স্টেট অব অ্যাফেযার্স ক্যাননট কন্টিনিউ, আমাদেব সাম সর্ট অব কমপ্লেসানের কথা চিন্তা কবতে হবে। চেম্বারের একটা সেমিনারে একটা বক্তব্য বাখতে গিয়ে I have made it clear. I hope they will understand the urgency of the matter.

শ্রী নরেশচন্দ্র চাকী : মাননীয় মন্ত্রী মহাশয় জানাবেন কি এবারে পশ্চিমবঙ্গে ব্যাপক গম চাষ করেছে, লোড শেডিং এর জন্য গম চাষ যাতে ব্যাহত না হয় তার জন্য কি কি ব্যবস্থা গ্রহণ করেছেন?

শ্রী আবুল বরকত আতাউল গনি খান চৌধুরী : আমরা ব্যাপক চেষ্টা চালাচ্ছি। আমাদের সেচের মধ্যঃ হুগলী জেলায় যে ডিফিকাল্টি হচ্ছে সেটা পাওয়ারেব অভাবের জন্য নয়, পাওয়ার পৌঁছানোর অভাবের জন্য। তার কারণ, কোথাও কোথাও ট্রান্সফরমার চুরি ক'রে নিচ্ছে। বিসেন্টলি আমাদেব বিভিন্ন জেলার জন্য ট্রান্সফরমার কিনতে হয়েছে প্রায় ৫০ লক্ষ টাকার। ইট ইজ এ ফ্যানটাস্টিক জিনিস। এইভাবে যদি চুরি হতে থাকে তাহ'লে মাইনর ইরিগেশানের ভবিষ্যৎ কি জানি না। আমরা চেষ্টা করছি, মাননীয় সদস্যকে অ্যাসিওর করতে পাবি আমাদেব চেষ্টার কোন ত্রুটি হবে না। আমরা নিশ্চয়ই পাওয়ার দেব এবং মাইনর ইরিগেশান চালু রাখব।

Unstard Question to which written answers were laid on the table

পঞ্চাশ-শয্যাবিশিষ্ট প্রাথমিক স্বাস্থ্যকেন্দ্র

১। (অনুমোদিত প্রশ্ন নং ১।) **শ্রীগণেশ হাটুই :** স্বাস্থ্য বিভাগেব মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি?

(ক) পশ্চিমবঙ্গে কতগুলি পঞ্চাশ-শয্যাবিশিষ্ট প্রাথমিক স্বাস্থ্যকেন্দ্র আছে,

(খ) উক্ত পঞ্চাশ-শয্যাবিশিষ্ট স্বাস্থ্যকেন্দ্রগুলিতে বাউন্ডারী ওয়াল আছে কিনা; এবং না থাকিলে, বাউন্ডারী ওয়াল দেওয়ার কোন পরিকল্পনা আছে কিনা;

(গ) উক্ত স্বাস্থ্যকেন্দ্রগুলির কয়টিতে অ্যাম্বুলেন্স দেওয়া হইয়াছে; এবং

(ঘ) জাঙ্গীপাড়া প্রাথমিক স্বাস্থ্যকেন্দ্রের জন্য কোন অ্যাম্বুলেন্স অনুমোদন করা হইয়াছে কিনা; এবং হইয়া থাকিলে, কবে নাগাত উক্ত অ্যাম্বুলেন্স দেওয়ার ব্যবস্থা হইবে?

স্বাস্থ্য বিভাগের মন্ত্রিমহাশয়ঃ (ক) দু'টি

(খ) বর্তমানে নেই, তবে দেবার পরিকল্পনা আছে।

(গ) এবং (ঘ) উক্ত দু'টি প্রাথমিক স্বাস্থ্যকেন্দ্রের জন্যই অ্যাম্বুলেন্স মঞ্জুর করা হয়েছে।

জাঙ্গীপাড়া প্রাথমিক স্বাস্থ্যকেন্দ্রের জন্য যে অ্যাম্বুলেন্স কেনা হয়েছে তার রেজিস্ট্রেশন ক'রে বর্তমান মাসের প্রথম সপ্তাহেই স্বাস্থ্যকেন্দ্রে পৌঁছে দেওয়া সম্ভব হবে ব'লে আশা করা যাচ্ছে।

জয়ন্তী গ্রামে তফসিলী জাতি ও উপজাতিদের জন্য গৃহ নির্মাণ

২। (অনুমোদিত প্রশ্ন নং ২।) **শ্রীগণেশ হাটুই ঃ** তফসিলী ও আদিবাসী মঙ্গল বিভাগের মন্ত্রীমহাশয় অনুগ্রহ পূর্বক জানাইবেন কি ?

(ক) পশ্চিমবাংলায় বিভিন্ন ব্লকে নির্বাচিত জয়ন্তী গ্রামগুলিতে তফসিলী ও উপজাতি ব্যক্তিগণের জন্য ১৯৭৫ সালের অক্টোবর মাস পর্যন্ত কতগুলি গৃহ নির্মাণ করা হইয়াছে,

(খ) তন্মধ্যে হুগলি জেলায় বিভিন্ন ব্লকের জয়ন্তী গ্রামে কতগুলি গৃহ নির্মাণ করা হইয়াছে, এবং

(গ) বিভিন্ন ব্লকে জয়ন্তী গ্রাম হইতে নিকটবর্তী পাকা রাস্তা পর্যন্ত কতগুলি লিঙ্ক রোড নির্মাণ করা হইয়াছে ?

তফসিলী ও আদিবাসী মঙ্গল বিভাগের মন্ত্রিমহাশয়ঃ (ক) জয়ন্তী গ্রামে আদিবাসীদের জন্য গৃহ নির্মাণের বিশেষ কোন পরিকল্পনা ছিল না। অপরিচ্ছন্ন পেশায় নিযুক্ত এবং ভূমিহীন হরিজনদের জন্য ২৭৬৩টি গৃহ নির্মিত হইয়াছে এবং ১২টির নির্মাণকার্য চলিতেছে।

(খ) ১৫২টি গৃহ নির্মিত হইয়াছে এবং ২টি গৃহের নির্মাণকার্য চলিতেছে।

(গ) লিঙ্ক রোড নির্মাণ করার দায়িত্ব পূর্ত (সড়ক) বিভাগের উপর ন্যস্ত ছিল। কিন্তু অর্থাভাবে হেতু ঐ বিভাগ একটিও লিঙ্ক রোড নির্মাণ করিতে পারেন নাই।

বাস্তুহীনদের জন্য গৃহ নির্মাণ

৩। (অনুমোদিত প্রশ্ন নং ৪।) **শ্রীগণেশ হাটুই ঃ** গৃহ নির্মাণ বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহ পূর্বক জানাইবেন কি -

(ক) ১৯৭৪-৭৫ সালে পশ্চিমবঙ্গে বাস্তুহীনদের জন্য বসতবাটী নির্মাণের জন্য কত টাকা মঞ্জুর করা হইয়াছে,

(খ) উক্ত টাকায় কতগুলি বাসগৃহ নির্মিত হইবে, এবং

(গ) প্রত্যেক বাস্তুহীনকে বসতবাটী তৈরির জন্য কত টাকা দেওয়া হইবে ?

গৃহ নির্মাণ বিভাগের মন্ত্রীমহাশয়ঃ (ক) ১৯৭৪-৭৫ সালে এই বাবত কোন টাকা দেওয়া হয় নাই।

(খ) এবং (গ) প্রশ্ন উঠে না।

ধানকাটা নিয়ে বর্গাদার ও জোতদারে সংঘর্ষ

৪। (অনুমোদিত প্রশ্ন নং ১৩।) **শ্রীগণেশ হাটুই ঃ** স্বরাষ্ট্র (পুলিস) বিভাগের মন্ত্রীমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি ?

(ক) ১৯৭৫-৭৬ সালের খরিফ মরসুমে ২৪শে নভেম্বর পর্যন্ত ধানকাটা নিয়ে বর্গাদার ও জোতদারের মধ্যে কতগুলি সংঘর্ষ ঘটিয়েছে এবং এই সংঘর্ষে কতজন নিহত ও কতজন আহত হইয়াছে, এবং

(খ) বর্গাদারদের স্বার্থ রক্ষার জন্য কি কি ব্যবস্থা গ্রহণ করিয়াছেন ?

স্বরাষ্ট্র (পুলিস) বিভাগের মন্ত্রিমহাশয়ঃ (ক) মোট নয়টি ঘটনা ঘটিয়াছে। আটজন নিহত ও চৌদ্দজন আহত হইয়াছে।

(খ) প্রকৃত চাষী ও প্রকৃত বর্গাচাষীদের স্বার্থ রক্ষা করাই হ'ল সরকারের গৃহীত নীতি। সরকারের নীতি নির্দেশ অনুযায়ী পুলিস এবং রাজস্ব আধিকারিকগণ জেলাস্তরে বর্গাদারদের স্বার্থ রক্ষার জন্য যথাবিহিত ব্যবস্থা গ্রহণ করিতেছেন।

প্রাথমিক ও সহায়ক স্বাস্থ্যকেন্দ্রে ডাক্তারের অভাব

৫। (অনুমোদিত প্রশ্ন নং ১৬।) **শ্রী সুকুমার বন্দ্যোপাধ্যায়ঃ** স্বাস্থ্য বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি ?

(ক) ইহা কি সত্য যে, ডাক্তারের অপ্রতুলতা হেতু পশ্চিমবঙ্গে নবনির্মিত বহু প্রাথমিক ও সহায়ক স্বাস্থ্যকেন্দ্র চালু হইতে পারিতেছে না,

(খ) সত্য হইলে, কতগুলি প্রাথমিক ও সহায়ক স্বাস্থ্যকেন্দ্রে কতজন ডাক্তারের পদ কতদিন যাবৎ শূন্য অবস্থায় রহিয়াছে এবং

(গ) ডাক্তারের অভাবে পূরণের জন্য সরকার কি কি কর্মপন্থা গ্রহণ করিয়াছেন ?

স্বাস্থ্য বিভাগের মন্ত্রিমহাশয়ঃ (ক) আংশিক সত্য।

(খ) ১৪৬টি প্রাথমিক এবং ৬৭টি সহায়ক স্বাস্থ্যকেন্দ্রে ডাক্তারের ২৪৯টি পদ শূন্য আছে। বিভিন্ন সময়ে উক্ত পদগুলি শূন্য হয়।

(গ) ডাক্তারের অভাবে পূরণের জন্য পাবলিক সার্ভিস কমিশনের মনোনীত প্রার্থীদিগকে নিয়োগপত্র দেওয়া হইতেছে এবং হইবে। তাছাড়া আংশিক ভিত্তিতে ও নন-গেজেটেড মেডিকেল অফিসার ও হোমিওপ্যাথিক অথবা আয়ুর্বেদ চিকিৎসক ও নিয়োগ করা হচ্ছে।

ভগবানগোলায় নূতন সাব-রেজিস্ট্রী অফিস খোলার প্রস্তাব

৬। (অনুমোদিত প্রশ্ন নং ১৮।) **শ্রী মহম্মদ দেদার বক্সঃ** গত ১১ই মার্চ, ১৯৭৫ তারিখের প্রদত্ত তারকিত ২৯১ নং (অনুমোদিত প্রশ্ন নং *৩৪৭) প্রশ্নোত্তর উল্লেখ করিয়া বিচার বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি, মুর্শিদাবাদ জেলার ভগবানগোলায় একটি নূতন সাব-রেজিস্ট্রী অফিস খোলার পরিকল্পনাটি বর্তমানে কি অবস্থায় আছে ?

বিচার বিভাগের মন্ত্রিমহাশয়ঃ পরিকল্পনাটি সরকারের বিবেচনাধীন আছে।

ভগবানগোলা থানায় ভূদানযজ্ঞে প্রাপ্ত জমির বিতরণ

৭। (অনুমোদিত প্রশ্ন নং ২৪।) **শ্রী মহম্মদ দেদার বক্সঃ** ভূমি সদ্ব্যবহার ও সংস্কার এবং ভূমিরাজস্ব বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি —

(ক) গত ৮ই ডিসেম্বর, ১৯৬২ তারিখে মুর্শিদাবাদ জেলার ভগবানগোলা উচ্চতর মাধ্যমিক বিদ্যালয়ের অনুষ্ঠানে মাননীয় আচার্য বিনোবাজীকে ভূদানযজ্ঞ অনুযায়ী কারা কারা কত পরিমাণ জমি দান করেছিলেন ; এবং

(খ) উক্ত জমি কোন্ কোন্ ভূমিহীন প্রজাকে কোন্ তারিখে দেওয়া হয়েছে ?

ভূমি সদ্ব্যবহার ও সংস্কার এবং ভূমিরাজস্ব বিভাগের মন্ত্রিমহাশয়ঃ (ক) ও (খ) ৮ই ডিসেম্বর, ১৯৬২ তারিখে ভগবানগোলায় ভূদানযজ্ঞ অনুষ্ঠানে মুর্শিদাবাদ জেলার কারা কত পরিমাণ জমি দান করেছিলেন তার কোনও হিসাব এই বিভাগে নেই। তবে পশ্চিমবঙ্গে সর্বোদয় মন্ডলের কাছ থেকে ২রা নভেম্বর, ১৯৬৮ তারিখে মুর্শিদাবাদ জেলার প্রায় ৪৩৫ একর জমির ১৩৩টি দানপত্র পশ্চিমবঙ্গ ভূদানযজ্ঞ পর্ষদ পেয়েছিলেন। এইসব জমি উক্ত সর্বোদয় মন্ডল ভূমিহীনদের মধ্যে বিলি করেছিলেন। এখনও পর্যন্ত মুর্শিদাবাদ জেলায় কোন ভূদানযজ্ঞের জমি পশ্চিমবঙ্গ ভূদানযজ্ঞ পর্ষদে আইনানুগ ভাবে বর্তায়নি। দেখা যাচ্ছে যে, অধিকাংশ জমিই পশ্চিমবঙ্গ জমিদারী গ্রহণ আইনে পূর্বেই সরকারে বর্তাইয়াছে।

ভগবানগোলা ২ নং ব্লকে ক্যানেলের কাজ

৮। (অনুমোদিত প্রশ্ন নং ২৫।) **শ্রী মহম্মদ দেদার বক্সঃ** সেচ ও জলপথ বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি ---

(ক) মুর্শিদাবাদ জেলার ভগবানগোলা ২ নং ব্লকে মহম্মদপুর চুলকাটির দাঁড়া নামীয় ক্যানালের আরম্ভের কাজ বর্তমানে কি অবস্থায় আছে, এবং

(খ) গোপীরকমণপুরে একটি স্লুইস সহ উক্ত ক্যানালের কাজে মোট কত খরচ হবে ?

সেচ ও জলপথ বিভাগের মন্ত্রিমহাশয়ঃ (ক) চুলকাটির দাঁড়া সংস্কার ও একটি স্লুইস নির্মাণের জন্য একটি প্রকল্প রচিত হইয়াছে, যাহা রাজ্য টেকনিক্যাল কমিটির বিবেচনা ও অনুমোদনের জন্য প্রেরিত হইতেছে। উক্ত কমিটি কর্তৃক অনুমোদনের পর প্রয়োজনীয় অর্থের সংস্থান করা গেলে প্রকল্প অনুযায়ী কাজ আরম্ভ করা হইবে।

(খ) যে প্রকল্প রচিত হইয়াছে তদনুযায়ী ক্যানাল খননের কাজে ৪ লক্ষ ৭৫ হাজার টাকা এবং স্লুইস নির্মাণ বাবত ২ লক্ষ ৫০ হাজার টাকা ব্যয় হইবে বলিয়া অনুমিত হইতেছে।

সেচের কাজে বিশ্ব ব্যাঙ্কের সাহায্য

৯) (অনুমোদিত প্রশ্ন নং ২৯।) **শ্রীনরেশচন্দ্র চাকীঃ** সেচ ও জলপথ বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি —

(ক) গত তিন বৎসর ওয়ার্লড ব্যাঙ্কের সহয়তায় পশ্চিমবঙ্গে কোন্ কোন্ সেচ পরিকল্পনা গ্রহণ করা হয়েছিল;

(খ) বর্তমানে ঐগুলি কি অবস্থায় আছে, এবং

(গ) এই পরিকল্পনাগুলিকে রূপায়িত করার জন্য কি কি ব্যবস্থা গ্রহণ করা হচ্ছে ?

সেচ ও জলপথ বিভাগের মন্ত্রীমহোদয়ঃ (ক) ওয়ার্লড ব্যাঙ্কের সহায়তায় পশ্চিমবঙ্গে গত তিন বৎসর কোন সেচ পরিকল্পনা গ্রহণ করা হয় নাই।

(খ) এবং (গ) প্রশ্ন ওঠে না।

চলতি বছরে উৎপন্ন ধানের পরিমাণ

১০। (অনুমোদিত প্রশ্ন নং ৩৪।) **শ্রীনরেশচন্দ্র চাকীঃ** কৃষি বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি ?

(ক) বর্তমান বৎসরে আনুমানিক কত মেট্রিক টন আউশ এবং আমন ধান ফলেছে; এবং

(খ) এই উৎপাদন পশ্চিমবঙ্গের প্রয়োজনের কত অংশ পূরণ করবে?

কৃষি বিভাগের মন্ত্রিমহাশয়ঃ (ক)(১) আউশ আনুমানিক ৭,৮৫,৩০০ মেট্রিক টন এবং (২) আমন এখনও সম্পূর্ণ হিসাব পাওয়া যায় নাই।

(খ) আমন ধানের উৎপাদনের সম্পূর্ণ হিসাব না পাওয়া পর্যন্ত বলা সম্ভব নয়।

পঞ্চায়েতের নির্বাচন

১১। (অনুমোদিত প্রশ্ন নং ৪৫।) **শ্রী মহম্মদ দেদার বক্স ঃ** গত ৭ই মার্চ, ১৯৭৫ তারিখে প্রদত্ত তারকিত *২০৮ নং (অনুমোদিত প্রশ্ন নং *১৭৪) প্রশ্নোত্তর উল্লেখ করিয়া পঞ্চায়েত বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি —

(ক) পঞ্চায়েত নির্বাচনের জন্য সরকার অতিসত্বর কি ব্যবস্থা করছেন, এবং

(খ) কবে নাগাত ঐ নির্বাচন হবে বলে আশা করা যায়?

পঞ্চায়েত বিভাগের মন্ত্রিমহাশয়ঃ (ক) ও (খ) এই রাজ্যে পঞ্চায়েত নির্বাচনকল্পে প্রয়োজনীয় সকল প্রকার প্রস্তুতিই প্রায় ইতিমধ্যে শেষ করা হইয়াছে। তবে কবে নাগাত এই নির্বাচন হইবে তাহার সঠিক তারিখ এখনও নির্ধারিত হয় নাই। এই সম্পর্কে চূড়ান্ত সিদ্ধান্ত গৃহীত হইবার পর নির্দিষ্ট সময়ে অবশ্যই নির্বাচন করা হইবে।

ভগবানগোলা ২ নং ব্লক অফিসের জন্য জমি অধিগ্রহণ

১২। (অনুমোদিত প্রশ্ন নং ৪৬।) **শ্রীমহম্মদ দেদার বক্স ঃ** কৃষি ও সমষ্টি-উন্নয়ন বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি, ভগবানগোলা ২ নং ব্লকের, ব্লক অফিস নির্মাণের জন্য জমি অধিগ্রহণের নোটিশ দেওয়ার পর উক্ত বিষয়টি কি অবস্থায় আছে?

কৃষি ও সমষ্টি-উন্নয়ন বিভাগের মন্ত্রিমহাশয় ঃ জমি অধিগ্রহণের ৪ নং ধারা অনুযায়ী বিজ্ঞপ্তি (নোটিফিকেশন ইউ/এস ৪) বিগত ইংরাজী ২১শে নভেম্বর, ১৯৭৪ তারিখে কলিকাতা গেজেটে প্রকাশিত হইয়াছে।

অধিগ্রহণের পরবর্তী পর্যায়গুলি ত্বরান্বিত করার জন্য প্রয়োজনীয় ব্যবস্থাদি গ্রহণ করা হইতেছে।

সরকারী পরিচালনাধীন আর জি কর ও ন্যাশনাল মেডিক্যাল কলেজ

১৩। (অনুমোদিত প্রশ্ন নং ৪৮।) **শ্রীসুকুমার বন্দ্যোপাধ্যায় ঃ** স্বাস্থ্য বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি —

(ক) ইহা কি সত্য যে, কলকাতার আর জি কর ও ন্যাশনাল মেডিক্যাল কলেজ হাসপাতালের দায়িত্বভার সরকার গ্রহণ করেছেন,

(খ) সত্য হ'লে, কোন্ পটভূমিকায় সরকার উক্ত প্রতিষ্ঠান দু'টির দায়িত্বভার গ্রহণ করেছেন, এবং

(গ) উক্ত প্রতিষ্ঠানদ্বয় সম্পর্কে রাজ্য সরকারের পরবর্তী কর্মসূচী কি?

স্বাস্থ্য বিভাগের মন্ত্রিমহাশয়ঃ (ক) হ্যাঁ।

(খ) যেহেতু ঐ দু'টি প্রতিষ্ঠানের পরিচালন ব্যবস্থার ত্রুটি পরিলক্ষিত হয়েছিল, সেহেতু সরকার জনস্বাস্থ্যের স্বার্থে ঐ দুটি প্রতিষ্ঠানের দায়িত্বভার গ্রহণ করেছিলেন।

(গ) প্রতিষ্ঠান দু'টির সর্বাঙ্গীণ উন্নতিসাধন এবং ক্রমশ সম্প্রসারণ।

কাটোয়া কলেজের অভ্যন্তরে সংঘর্ষ

১৪। (অনুমোদিত প্রশ্ন নং ৬৮।) **শ্রীসুব্রত মুখার্জী:** স্বরাষ্ট্র (পুলিস) বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি —

(ক) গত এক বছরের মধ্যে কাটোয়া কলেজের অভ্যন্তরে কতগুলি সংঘর্ষ ঘটেছে;

(খ) ঐ বিষয়ে পুলিস কার কার বিরুদ্ধে অভিযোগ দায়ের করেছে, এবং

(গ) ঐ সমস্ত অভিযুক্ত ব্যক্তিদের বিরুদ্ধে অন্য কোন অসামাজিক কাজের অভিযোগ আছে কিনা, ও থাকিলে তাহা কি?

স্পরাষ্ট (পুলিস) বিভাগের মন্ত্রীমহাশয়: (ক) দুইটি।

(খ) একটি ঘটনায় পরিমল দাস, নাজির হোসেন, কমলেশ দে, অনুপ মন্ডল এবং করণ সিংহের বিরুদ্ধে এবং আর একটি ঘটনায় হেমেন গোস্বামী প্রভৃতির বিরুদ্ধে মামলা হয়েছে।

(গ) দুইজন আসামীর বিরুদ্ধে অভিযোগ আছে। করণ সিংহের বিরুদ্ধে অভিযোগ কাটোয়া রেল স্টেশনের লেভেল ক্রসিংয়ের কাছে একজন ব্যবসায়ীর নিকট থেকে টাকা ছিনিয়ে নেয়। এই অভিযোগে কাটোয়া থানার ৫নং কেসে (৫-৮-১৯৭৪) তার বিরুদ্ধে ভারতীয় দন্ডবিধির ৩৯৪ ধারায় চার্জশীট দেওয়া হয়েছে।

আসামী পরিমল দাসের বিরুদ্ধে অভিযোগ —সে সরস্বতী পূজার চাঁদা আদায়ের ব্যাপারে কথাকাটাকাটির ফলে লক্ষ্মীনারায়ণ দাস বৈরাগ্য নামক এক ব্যক্তিকে আক্রমণ করে। এই অভিযোগ কাটোয়া থানার ৩৬ নং মামলায় (৩০-১-১৯৭৫) তার বিরুদ্ধে দন্ডবিধির ১৪৭/৩২৪ ধারায় চার্জশীট দেওয়া হয়েছে।

কেরোসিন তেলের মূল্যবৃদ্ধি

১৫। (অনুমোদিত প্রশ্ন নং ৭০।) **শ্রীমহম্মদ সফিউল্লা:** খাদ্য সরবরাহ বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি —

(ক) সরকার কি অবগত আছেন যে, সম্প্রতি কেরোসিন তেলের দর বৃদ্ধি পাওয়ায় গ্রামাঞ্চল ও শহরে কেরোসিন সংকট দেখা দিয়েছে এবং পরীক্ষার্থীদের ভয়ানক অসুবিধা হইতেছে, এবং

(খ) 'ক' প্রশ্নের উত্তর 'হ্যাঁ' হইলে সরকার এ বিষয়ে কি ব্যবস্থা অবলম্বন করেছেন?

খাদ্য ও সরবরাহ বিভাগের মন্ত্রিমহাশয়: (ক) না।

(খ) প্রশ্ন ওঠে না।

Mr Speaker: Honourable members, I would like to make an announcement regarding questions. Starred questions, replies to which have been received up-to-date but have not been answered in the House, as well as the questions replies to which will be received up to the date of prorogation, will be treated as unstarred questions and the replies thereto will be circulated to the honourable members.

CALLING ATTENTION TO MATTERS OF URGENT PUBLIC IMPORTANCE

Mr. Speaker : The Minister of State in-charge of the Food and Supplies Department will please make a statement of the subject of acute crisis of kerosene in rural West Bengal.

(Attention called by Shri Md. Dedar Baksh, Shri Kashinath Misra, Shri Ajit Kumar Basu and Shrimati Geeta Mukhopadhyay on the 3rd December, 1975).

I now call upon Shri Gyan Singh Sohanpal to make a statement on behalf of the Food Minister.

[1.40-1.50 p.m.]

Shri Gyan Singh Sohanpal : Sir, I thank you very much for allowing me to make a statement on behalf of the Food Minister, West Bengal.

Sir, in response to the calling attention notice of Shri Dedar Baksh and other honourable members of the House, I beg to make the following statement.

Basic ceiling selling price of superior kerosene oil has been increased by the Central Government with effect from 30.11.1975/1.12.1975 midnight. No official information from the Central Government about the extent of increase in price from the different installations has yet been received. On the strength of the reports appearing in the press through the daily newspapers, dated 1.12.1975 and the radio broadcast the Indian Oil Corporation was contacted and revised ex-installation prices collected from them. The revised price structure for Calcutta was immediately finalised and necessary information sent to all concerned on 2.12.1975. A press note was simultaneously issued and the All India Radio requested to broadcast the change. The District officers were also advised by radiogram on 2.12.1975 to fix selling prices at different levels in their districts on the basis of the revised ex-installation prices. It is expected that this has since been done by the district officers.

The retail selling price of superior kerosene oil in Calcutta was Rs. 1.12 paise per litre before the recent increase. It is now Rs. 1.25 paise per litre, that is to say, there has been an increase by 13 paise per litre. The extent of increase in the retail selling price in the districts is also likely to be of the same order.

The rise in ex-installation prices varies from Rs.120 to Rs.124 per kilolitre. On this increase West Bengal sales tax and surcharge to the extent of 5.53 per cent are applicable. This is responsible for the rise in the retail selling

price by 13 paise per litre. No report has been received from any part of the State stating that there has any scarcity of kerosene oil during this change over. Neither has any report been received to indicate that kerosene is sold at exorbitant price touching Rs. 2 per litre. The Government is aware that annual examinations in schools are held in this season. All possible attempts have been made for communicating the increased price to all quarters as expeditiously as possible. It is true that there may be some hold up in the sale of kerosene oil by local agents and dealers in absence of knowledge of revised selling price for a day or two. This should not, however, create any feeling of scarcity in any part of the State. All supply points are expected to have been operating as usual. the quota of kerosene oil for West Bengal for the month of December has been maintained at the same level as in the previous months and as such no serious scarcity is apprehended. Destrict Officers are again being alerted.

Mr. Speaker: I have received for notices of calling attention on various subjects, namely :-

1. Meagre attandance at part II Examinations- from Shri Md. Dedar Baksh and another.

2. Alleged adulteration in Mosquite oil- from Shri Md. Dedar Baksh.

3. Poisnous colouration of sweetmeats--from Shri Md. Dedar Baksh and another.

4. Alleged uncertainly in publication of results of about 4,000 students- from Shri Md. Dedar Baksh and another.

I do not accept any of them as the House in likely to be adjourned sine die.

Now, I call upon Shri Ajit Basu to draw the attention of the House.

MENTIONS CASES

শ্রীঅজিত বসু: মাননীয় অধ্যক্ষ মহাশয়, পশ্চিম বাংলায় বর্ধমান জেলার পর হুগলি জেলাতে সবচেয়ে বেশি বোরো চাষ হয় এবং হুগলি জেলার শতকরা ৫০ ভাগ এলাকা চাষের জমি ইরিগেটেড। এবছরে হুগলি জেলায় সরকার নিজেরাই ঠিক করেছেন যে কয়েকটি থানায় জল দেবেন এবং কয়েকটি থানায় বোরো চাষের জন্য জল দেবেন না। যে কয়টি থানায় তাঁরা বোরো চাষের জন্য জল দেবেন না তার মধ্যে সিঙ্গুর চণ্ডীতলা এবং জাঙ্গীপাড়া পড়েছে। আমি একথা বলতে চাই এই যে কৃষি বিভাগ ঠিক করেছেন, তাঁরা কিভাবে ঠিক করেছেন আমরা জানি না। আমরা জনপ্রতিনিধিরা কোন কিছুই জানতে পারছি না, তাঁরা নিজেরাই সব ঠিক ক'রে দিচ্ছেন। সেদিন সেচমন্ত্রি মহাশয় বললেন যে আমরা এখন বোরো চাষকে ডিসকারেজ করছি। ব্যাপারটা কি ? একটা স্কীম থেকে আর একটা স্কীমে যাচ্ছেন। একটা মাঝামাঝি কোন পথ ধরার জন্য সকলে মিলে বসে আলোচনা ক'রে ঠিকঠাক ক'রে নিন, কিন্তু সে পথ তাঁরা নিচ্ছেন না। এখন ফাইন্যালি আমি যেকথাটা বলতে চাই তাঁরা আজকে যে জল দেবেন না ঠিক করেছেন এটা আর রিট্রাবিলি ঠিক করেছেন, এটা বোধ হয় তাঁরা পারেন না। পারেন না এইজন্য যে ট্রাডিশনাল এলাকায় যে সমস্ত জায়গায় জল যায় সেখানে অনেক বোরো চাষী রয়েছে, সেখানে

মন্ত্রিমহাশয় জল বন্ধ ক'রে দেবেন, আপনি তা পাবেন না। কাজেই আমি অনুরোধ করব এই ধরনের কথা না ভেবে সকলকে, জনপ্রতিনিধিদের ডেকে-ডুকে নিয়ে জল সম্বন্ধে কি করা যায় না যায় সেটা ঠিক করুন। নিজেরা ইচ্ছামত একটা অর্ডার পাস ক'রে বহু লোকের দুঃখের এবং কষ্টের কারণ যাতে না হয় সেই অনুরোধ আমি জানাচ্ছি।

শ্রীভবানীপ্রসাদ সিংহ রায়ঃ মাননীয় অধ্যক্ষ মহাশয়, পশ্চিম বাংলায় বিভিন্ন জায়গায় সেটেলমেন্ট চলছে। এই সেটেলমেন্টে দেখা যাচ্ছে যে সেটেলমেন্ট অফিসাররা এক একটি ব্লক ইরিগেটেড এলাকা ব'লে ঘোষণা ক'রে বাড়ি ঘরদুয়ার পুকুর-বাগান সমস্ত কিছু সেচ এলাকার অন্তর্ভুক্ত করছেন এবং সঙ্গে সঙ্গে নির্দেশ দিচ্ছেন যে প্রত্যেক জমিতে ৩ গুণ ক'রে খাজনা হবে। এই ব্যাপারে কিছুদিন আগের অধিবেশনে একটি প্রশ্নোত্তরের সময় বড় মাননীয় সেচমন্ত্রি মহাশয় বলেছিলেন যে যেখানে সেচের জল যাবে না সেখানে ৩ খাজনা হবে না। এখন পর্যন্ত ছোট সেচ মন্ত্রির কাছ থেকে অর্থাৎ মাইনর ইরিগেশান মন্ত্রির কাছ থেকে আমরা কিছু পাই নি। সমস্ত ব্যাপারটা নিয়ে একটা গোলমাল চলছে। আমি এই ব্যাপারে ভূমি এবং ভূমি রাজস্বমন্ত্রি মহাশয়ের দৃষ্টি আকর্ষণ করেছি এবং মুখ্যমন্ত্রি মহাশয়ের দৃষ্টি আকর্ষণ করেছি যে সেচের জল যে জমি পায় তাদের ৩ গুণ খাজনা হোক আপত্তি নেই, কিন্তু যে জায়গায় সেচের জল যায় না সেখানে জোর ক'রে খাজনা বৃদ্ধি করা হচ্ছে এই ব্যাপারে ব্যবস্থা গ্রহণ করা হোক এবং বড় সেচ দপ্তর, ছোট দপ্তর, ভূমি এবং ভূমি-রাজস্ব দপ্তর সবাই মিলে একটা কো-অর্ডিনেশানের মধ্য দিয়ে একটা নীতি ঠিক করুন এই অনুরোধ আপনার মাধ্যমে জানাচ্ছি।

শ্রী প্রদ্যোত কুমার মহান্তিঃ মাননীয় অধ্যক্ষ মহাশয়, আপনার মাধ্যমে যে বিষয়ের প্রতি পশ্চিমবঙ্গ সরকারের দৃষ্টি আকর্ষণ করতে চাই সেটা হচ্ছে কলকাতার বিভিন্ন আটা এবং ময়দার কলে প্রায় ২ কোটি টাকার মত আটা এবং ময়দা পড়ে আছে। আমাদের কাছে যতদূর খবর আছে তাতে আমরা জানি ভারত সরকার এই পশ্চিম বাংলাকে একটা ডাম্পিং গ্রাউন্ডে পরিণত করেছেন। ক্যানাডা, ফ্রান্স, ব্রিটেনের কমন মার্কেটের কাছ থেকে গম এসেছিল। সেই নিকৃষ্ট ধরনের গম ভারত সরকার প্রত্যেকটি স্টেটের উপর চাপাতে চেয়েছিল। কোন স্টেট রাজি হয় নি। তারা সামান্য মাত্র নিয়েছিল, বাকি সবটা সমস্ত পশ্চিমবঙ্গের ঘাড়ে চাপানো হয়েছিল। এই গুলিতে আটা এবং ময়দা যা তৈরি হয়েছিল তা মোটামুটি প্রায় ২ কোটি টাকার মত। এই আটা এবং ময়দা মানুষের খাওয়ার অযোগ্য, এমনকি পশ্চিম বাংলার খাদ্য বিভাগ পর্যন্ত বলেছিলেন যে এগুলি গরু-ঘোড়া এবং গাধার পর্যন্ত খাওয়ার অযোগ্য। অর্থাৎ এই যে ২ কোটি টাকা জিনিস পড়ে থাকল গোডাউন অকুপাই ক'রে, স্টোরিং ক্যাপাসিটি নাই, সেগুলিকে ডিসপোজ করার সমস্যা সরকারের একটা মস্ত বড় সমস্যা এবং ভবিষ্যতে যাতে ভারত সরকার এইভাবে হতভাগ্য পশ্চিমবঙ্গের ঘাড়ে আর চাপাতে না পারে তার জন্য সরকার বিশেষভাবে যেন দৃষ্টি দেন।

[1.50-2.00 p.m]

শ্রীমনোরঞ্জন প্রামানিকঃ মাননীয় স্পীকার মহাশয়, আপনার মাধ্যমে মাননীয় বিভাগীয় মন্ত্রির কাছে একটা গুরুত্ব পূর্ণ বিষয়ে দৃষ্টি আকর্ষণ করছি। আপনি জানেন পশ্চিম বাংলার বিভিন্ন ক্ষেত্রে ভারতবর্ষের কনস্টিটিউশানে সিডিউল্ড কাস্ট এবং সিডিউল্ড ট্রাইবসদের বিভিন্ন চাকরির ক্ষেত্রে ১৫ পার্সেন্ট এবং ৫ পার্সেন্ট — ২০ পার্সেন্ট, শতকরা ২০ জনকে নিয়োগের কথা আছে এবং পশ্চিমবঙ্গ সরকারের ক্যাবিনেট ডিসিসনও আছে। কিন্তু নিশ্চয়ই আমরা দেখতে পাচ্ছি এই ২০ পার্সেন্ট রিজার্ভেশন কোটা মেনটেন করা হয় নি, তার জন্য ৩৫ পার্সেন্ট নিয়োগ করার কথা, ব্যাকলগস মেক আপ করার জন্য ক্যাবিনেট সিদ্ধান্ত নিয়েছে এটা খুব আনন্দদের কথা। পশ্চিমবঙ্গ মন্ত্রি সভার এই সিদ্ধান্তকে ফেসি সম্প্রদায় স্বাগত জানিয়েছে এবং এই সদিচ্ছার জন্য তারা অত্যন্ত আনন্দিত। কিন্তু মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, আজকে পশ্চিম বাংলার ক্ষেত্রে আমরা বিভিন্ন জায়গায় দেখতে পাচ্ছি বিভিন্ন অফিসে ও বিভিন্ন ডিপার্টমেন্টে এই আসন সংরক্ষণ ঠিকমত মেনে চলা হচ্ছে না। বিশেষ করে লোকাল সেল্ফ গভর্নমেন্ট, যেমন বিশ্ববিদ্যালয় বা মিউনিসিপ্যালিটি এইসব ক্ষেত্রে এই যে ১৫ পার্সেন্ট ও ৫ পার্সেন্ট, এই ২০

পার্সেন্ট নিয়োগ করা বা রিজার্ভেশন কোটা মেনটেন করা হচ্ছে না। তাই আপনার মাধ্যমে মাননীয় বিভাগীয় মন্ত্রিমহাশয় এখানে আছেন, মন্ত্রিমহাশয়ের কাছে আমার অনুরোধ যে এই reservation of quota for the scheduled castes and scheduled tribes in different departments–Government and their officers. বিভিন্ন ক্ষেত্রে, গভর্নমেন্ট এবং আদার অফিসে যেন এই কোটা মেনটেন করা হয় তার জন্য একটা বিশেষ আইন করার জন্য অনুরোধ জানাচ্ছি। এখানে বিভাগীয় মন্ত্রি উপস্থিত আছেন, পশ্চিমবঙ্গ সরকার এই সম্বন্ধে কি চিন্তা করছেন সেটা যেন তিনি দয়া ক'রে এই হাউসের কাছে অনুধাবন করেন।

শ্রী আনন্দমোহন বিশ্বাস : মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, আপনার মাধ্যমে আমাদের এখানে মাননীয় সদস্য শ্রীমনোরঞ্জন প্রামাণিক তফসিল ও উপজাতির কল্যাণ বিভাগের কার্যকলাপ সম্বন্ধে একটা দৃষ্টি আকর্ষণ ক'রে গুরুত্বপূর্ণ বক্তব্য উত্থাপন করেছেন তার পরিপ্রেক্ষিতে আমি বলছি। এই সরকার এখানে সিডিউল্ড কাস্ট ডেভালপমেন্ট কর্পোরেশন নামে একটা সংস্থা গড়তে চলেছেন এবং তার আইনের খসড়া ইতিমধ্যেই মন্ত্রিসভা পাস করেছে। এবারে সর্ট সেসন হওয়ায় এবারে সে আইন আনা গেল না, আগামী সেসনে এটা আনা হবে। তাছাড়া ট্রাইবাল ডেভালপমেন্ট কর্পোরেশন ব'লে আর একটা কর্পোরেশান আমরা গড়তে চলেছি। এই আইনের খসড়া ইতিমধ্যেই আমাদের প্রস্তুত হয়েছে, আগামী সেসনে নিশ্চয়ই আমরা এটা নিয়ে আসব। তার মধ্যে একটা হচ্ছে যে এই সংস্থা কেন্দ্রীয় সরকারের কাছ থেকে [illegible] আর্থিক অনুদান পাবে। সেই সম্বন্ধে আমাদের মুখ্যমন্ত্রি জানতে চেয়েছেন এবং কেন্দ্রীয় সরকারের [illegible] আমাদের আরও একটু সুবিধা হবে। পরিশেষে এই প্রশ্ন তুলেছেন যে তফসিল ও আদিবাসীদের চাকরির ব্যাপারে। তিনি জানেন আমরা এই ব্যাপারে স্টেট লেজিসলেশন করতে চলেছি। এই আইনের খসড়া ইতিমধ্যেই আমাদের প্রস্তুত হয়েছে। তার লিগ্যাল প্রস অ্যান্ড কোনস আমাদের জুডিশিয়াল ডিপার্টমেন্ট দেখছেন যাতে আগামী সেসনে এই আইন করা যেতে পারে। এই আইনের মধ্যে শতকরা ১৫ জন তফসিলী এবং আদিবাসী শতকরা ৫ জন এই আসন সংরক্ষণ করা হয় এবং প্রোমোশনের ক্ষেত্রে সেই আনুপাতিক হারে তাদের আসন সংরক্ষণ হয় তার জন্য আইন করতে চলেছি। আমাদের এই সারা ভারতবর্ষে প্রথম পশ্চিমবঙ্গই তফসিলী ও উপজাতিদের চাকরির ব্যাপারে আইন তৈরি করতে চলেছে। আমি মাননীয় সদস্যদের অবগতির জন্য জানাচ্ছি যে আগামী সেসনে আমরা চেষ্টা করব যাতে এই আইন আমরা পাস করতে পারি।

এই আইন না আসা পর্যন্ত আমাদের স্পেশাল রিক্রুটমেন্ট রুল অনুযায়ী যে অ্যাপয়েন্ট হবে, তাতে প্রত্যেক জেলায় যাতে ২৫ পারসেন্ট তফসিলী জাতির এবং ১০ পারসেন্ট তপসিলী উপজাতির লোকদের নেওয়া হয়, তা দেখার জন্য মিনিস্টারকে চেয়ারম্যান ক'রে দেওয়া হয়েছে এবং নন পি এস সি, নন টেকলিকেল, ক্লাস থ্রী এবং ক্লাস ফোর চাকরিতে যাতে এই কোটা অবজার্ভড হয় সেটা, দেখার জন্য শ্রম বিভাগের মন্ত্রি শ্রদ্ধেয় গোপালদার উপর দায়িত্ব দেওয়া হয়েছে। আমি আশা করি যেসমস্ত জায়গায় লোক নিয়োগ করা হয়েছে, সেখানে তফসিলী ও আদিবাসীদের ক্ষেত্রে তাদের কোটা নিশ্চয়ই সংরক্ষণ করা হয়েছে, আমি যতদূর জানি। এই ব'লে মাননীয় সদস্য যে দৃষ্টি আকর্ষণী প্রস্তাব উত্থাপন করেছেন, তাঁর অবহিতির জন্য আমি এই জবাব রাখছি।

শ্রীশীশ মহম্মদ : মাননীয় ডেপুটি স্পীকার স্যার, গত ২ রা ডিসেম্বর আমাদের খাদ্য দপ্তরের ভারপ্রাপ্ত মন্ত্রি এখানে তাঁর বক্তব্য রেখেছিলেন এবং সমস্ত দিনমান ধ'রে খাদ্যের উপর আলোচনা চলেছিল। মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, আমি এখানে বরাবর ছিলাম এবং শেষ অবধি যখন তিনি বক্তৃতা দেন তখনও উপস্থিত ছিলাম। আমি এখানে বরাবর উপস্থিত থাকা সত্ত্বেও পরের দিন যুগান্তর কাগজে বেরুল যে আর এস পি—এর কেউ উপস্থিত ছিলেন না। এটা সম্পূর্ণ উদ্দেশ্য প্রণোদিতভাবে হয়েছে। যেহেতু আমি এ ব্যাপারে পরের দিন আপনার দৃষ্টি আকর্ষণ করেছিলাম এবং কার্যকরী ব্যবস্থা এ বিষয়ে অবলম্বন করবেন ব'লে কথা দিয়েছিলেন, তারপরে দেখছি গণশক্তি না কি শক্তি একটা কাগজ আছে, সেই কাগজেও এই জিনিস রিপিট করেছে। মাননীয় অধ্যক্ষ মহাশয়, এই কাগজ কার, কোন দলের, সেটা আমি এখানে বলতে চাই না। (কয়েকজন মাননীয় সদস্য : না, না বলুন, বলুন।) যে দলেরই হোক না কেন, আর এস পি—কে হেয় প্রতিপন্ন করার জন্যই এটা করা হয়েছে। মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি এই ব্যাপারে আপনার দৃষ্টি আকর্ষণ করছি, আপনি এ সম্বন্ধে আমাদের প্রটেকশন দিন। গণশক্তি ইচ্ছে ক'রে

আমাদের লোকের কাছে ছোট করার জন্যই এই চেষ্টা করেছে। এই কাগজ মিথ্যা ক'রে আমাদের বিরুদ্ধে এই জিনিস লিখেছে, আমি কক্ষে থাকা সত্ত্বেও, লিখেছে আমরা কেউ নাই। এই কাগজ কার বা কোন্ দলের সেটা জানার দরকার কি ? এটা যেকোন পার্টিরও হউক না কেন, আপনি এ সম্বন্ধে আমাদের প্রটেকশন দিন। এটাই চাইছি।

Mr. Speaker : Mr. Shish Mohammad, you had drawn my attention to this on the day on which the Food Minister was giving replies. I do remember that when I entered the Chamber I found that two member from your side were present in the House. Mr. Besterwitch also was present. So, if there is any misrepresentation by the Press it is up to the Press to rectify it. But as a Presiding Officer, as a Speaker, I take full cognigance that during the reply by the Hon'ble Food Minister you were present in the House. and I shall also see that in future this sort of report is not published because on the publication of this sort of report, the honourable members will surely go down in the eyes of the public So, the Press should faithfully and correctly publish the report of the House. So far as the performance of the 3 members are concerned it should have been reported correctly. Generally, the Press Reporters are reporting the proceedings of the House very well Of course, there may be one or two lapses of bonafide mistakes, or these may be publication with some intention, but so far as the major presses are concerned I can fully assure the House that they are co-operating with the House excepting one or two bonafide mistakes like this publication. But I give this much of assurance to Shri Shish Mohammad that you were present and I take cognizance of your presence, and so I hope that the two Presses you have referred to will surely rectify their previous version and I also hope that they will be up to the standard and will not publish any such statement which is not a fact.

[2.00 2.10 p.m.]

শ্রীতুহিন কুমার সামন্ত : মাননীয় অধ্যক্ষ মহাশয়, আপনার মাধ্যমে আমি মাননীয় সেচমন্ত্রি মহাশয়ের কাছে অনুরোধ জানাচ্ছি — গত বছর বর্ধমান জেলায় রবি চাষের সময় যেভাবে সরকার তেনুঘাট থেকে জল এনে চাষীদের বোরো চাষ করবার সুযোগ ক'রে দিয়েছিলেন, এবারেও সেচমন্ত্রির কাছ থেকে এই জলসরবরাহ সম্পর্কে একটি সুস্পষ্ট আশ্বাস চাই - গতবারের মত এবারও তিনি রবি চাষীদের চাষের সুবিধার জন্য তেনুঘাট থেকে জল এনে দেবার বন্দোবস্ত করবেন। হুগলি, বাঁকুড়া, বর্ধমান জেলার রবি চাষ সেচের জলের উপর নির্ভর করে। গতবার প্রচুর ফসল হবার দরুন ধান চালের দর অনেক কম ছিল, চালের দাম বাড়তে পারে নি। মন্ত্রিমশায়ের কাছে দাবী জানাচ্ছি এই সম্পর্কে অবিলম্বে তাঁদের সুস্পষ্ট নীতি ও বক্তব্য প্রকাশ করুন — রবি চাষের জন্য তেনুঘাট থেকে জল আসবে কিনা ? প্রেসের মাধ্যমে সরকার আমাদের রবিচাষীদের অবিলম্বে সেটা জানিয়ে দিন। চাষীরা রবি চাষ করতে ইচ্ছুক। সরকারের কর্তব্য তাদের প্রয়োজনীয় সেচের জল সরবরাহ করা। তারই সম্পর্কে স্যার আমি আপনার মাধ্যমে মন্ত্রিসভার দৃষ্টি আকর্ষণ করতে চাই। তেনুঘাট থেকে জল এনে রবি চাষীদের সরবরাহ করবেন। আমি মনে করি এই সরকার চাষীর সরকার, তাঁরা চাষীদের জল সরবরাহ ক'রে আনন্দ বর্দ্ধন করবেন এবং ফসল ফলাতে চাষীদের উৎসাহিত করবেন এবং বোরো ধানের জন্য প্রয়োজনীয় জল সরবরাহ করতে দরকার এখন থেকেই সচেষ্ট হবেন।

শ্রীমহম্মদ শফিউল্লা : মাননীয় অধ্যক্ষ মহাশয়, প্রধানমন্ত্রীর ২০ দফায় কর্মসূচীর অন্যতম হ'ল বাস্তুহীনদের বাস্তুজমি দান। আমাদের পশ্চিমবঙ্গ সরকার সেই সম্পর্কে তৎপর হয়ে এই বাস্তুজমি বিলির ব্যাপারে ব্যবস্থা অবলম্বন করেছেন। হাওড়ায় উদয়নারায়নপুর, জগৎবল্লভপুর, উলুবেড়িয়া ব্লকে, আমার নিজের এলাকা চন্ডীতলা ব্লকে আইয়া জে এল আর ও তহসিলদার গণ সমস্ত কিছু গোপন ক'রে উৎকোচ গ্রহণ ক'রে যে সব জমি কুলি, কামার, বাগদী প্রভৃতি বাস্তুহীনদের নামে যে জমি বিলি করেছেন, তাতে অবাক হয়ে গিয়েছি। ৭৩ শোতক জমি স্বনামে বেনামে একজন নিয়েছে। অদিবাসী, কুলি, বাগদী ছাড়া যারা গৃহহীন লোক আছে, এই এর্মাজেন্সী দিনে তারা কেউ সেই বাস্তু জমি পায় নি। যারা গোপনে তদবির করতে পেরেছে, উৎকোচ দিতে পেরেছে, ঘুষ দিয়ে জে এল আর ও তহসিলদারদের খুশি করতে পেরেছে, তারা সেই জমি পেয়ে গেছে। আসলে যারা পাবার যোগ্য তারা সেই বাস্তুজমি পায় নি। এর দ্বারা সরকারী সিদ্ধান্ত ও উদ্দেশ্য ব্যাহত হয়েছে। এই যে সব বাস্তু জমি অযোগ্য লোকদের বিলি করা হয়েছে, তা বাতিল ব'লে গন্য করা হোক এবং ঐ অঞ্চলের অসাধু জে এল আর ও তহসিলদারদের উপযুক্ত শাস্তি বিধান করা হোক এবং পুনরায় নতুন ক'রে কুলি, কুম্ভকার, বাগদী প্রভৃতি গৃহহীন লোকদের সেই বাস্তু জমি বিলি করার ব্যবস্থা সরকার করুন। আপনার মাধ্যমে এই নিবেদন সরকারের কাছে রাখছি।

শ্রীসুকুমার বন্দ্যোপাধ্যায় : মাননীয় অধ্যক্ষ মহাশয়, আপনার মাধ্যমে একটা গুরুত্বপূর্ণ বিষয়ের প্রতি মাননীয় স্বরাষ্ট্রমন্ত্রির দৃষ্টি আকর্ষণ করছি। মাননীয় অধ্যক্ষ মহাশয়, আসানসোল কয়লাখনি অঞ্চলে এক বিরাট আরাজকতা চলেছে। তাই কয়লাখনি অঞ্চলের শ্রমিকেরা বিরাট বিপদের সম্মুখীন হয়েছে। কয়লাখনি জাতীয় করণের পর কয়লার উৎপাদন বেড়েছে। সেখানে উৎপাদন ৬৫ হাজার টন থেকে এক লক্ষ টন হয়েছে। জরুরী অবস্থা ঘোষণার পর সেখানে শান্তি শৃঙ্খলাও ফিরে এসেছে। কিন্তু ঐ কয়লাখনি অঞ্চলগুলির প্রতিটি কয়লাখনিতে নূতন সাইলকের দল এমন ভাবে অত্যাচার করছে শ্রমিকদের উপর যাতে সেই শ্রমিক তার পরিশ্রমলব্ধ অর্থ ঘরে নিয়ে যেতে পারছে না। বেতনের দিন প্রতিটি কয়লা খনিতে চাপরাশী-সুদখোরের দল সংঘবদ্ধভাবে শ্রমিকরা যখন বেরিয়ে আসে তাদের কাছ থেকে টাকা কেড়ে নিচ্ছে— যে টাকা তারা ধার করেছে। ঐ সুদখোরদের সুদের হার শুনলে আশ্চর্য হবেন। শতকরা ৫০, ৬০ টাকা অর্থাৎ ১০০ টাকা ধার নিয়েছে যে তাকে মাসিক ৫০ ৬০ টাকা সুদ দিতে হয় এইভাবে সুদখোর ও মহাজনরা আসানসোল ও রানীগঞ্জ অঞ্চলে কয়লাখনি অঞ্চল থেকে মাসে মাসে ২০।২৫ লক্ষ টাকা জোর ক'রে ছিনিয়ে নিচ্ছে। বেতন ও বোনাসের দিনে তাদের বোনাস কার্ড ও আইডেনটিটি কার্ড ফেরত হয়। সে সময় তাদের কিছু টকা দিয়ে সমস্ত টাকা ছিনিয়ে নিয়ে নেওয়া হয়। আজ এই অবস্থা সেখানে চলেছে— ঐ রানীগঞ্জ কয়লাখনি অঞ্চলে। আমি একটা ঘটনার কথা উল্লেখ করতে পারি। শঙ্কর চামার ব'লে এক শ্রমিক ২১শে নভেম্বর ভোর রাতে— প্রায় ৩টার সময় সুদখোরেরা তার স্ত্রীর উপর অত্যাচার করেছে যার ফলে সে ৪।৫ ঘন্টা অজ্ঞান হয়ে ছিল। এইভাবে কয়লাখনি অঞ্চলে অত্যাচার চলেছে শ্রমিকদের উপর। এই অত্যাচার ও জুলুম বিহারের কয়লাখনি অঞ্চলেও চলেছিল। কিন্তু বিহার সরকার সেখানে বেশ কিছু সুদখোরদের মিসা এবং অন্যান্য আইনে গ্রেপ্তার করেছে। ফলে সেখানে সুদখোর কমে গেছে। কিন্তু আসানসোল-রানীগঞ্জের ঐ অঞ্চলে সুদখোররা প্রতি মাসে ২০।২৫ লক্ষ টাকা শ্রমিকদের কাছ থেকে ছিনিয়ে নিচ্ছে। অনেকে বলেন যে সুদ নাকি মিষ্টি— কিন্তু সুদ এখানে চোখের জল ও নোনা। আমি এ বিষয়ে স্বরাষ্ট্রমন্ত্রির দৃষ্টি আকর্ষণ করছি।

শ্রীচন্দ্রকুমার দে : মাননীয় অধ্যক্ষ মহাশয়, গতকালের স্টেটসম্যান কাগজের প্রতি আমি আপনার দৃষ্টি আকর্ষণ করছি ও সঙ্গে সঙ্গে মাননীয় মুখ্যমন্ত্রী মহাশয়েরও দৃষ্টি আকর্ষণ করছি যাতে তিনি বিষয়টা একটু দেখেন। হাওড়া থেকে বার্থ ও সিট রিজার্ভেশানের সমস্ত অংশটা ফেয়ারলি প্লেসে স্থানান্তরিত করবার যে সিদ্ধান্ত নেওয়া হয়েছে তার আমি প্রতিবাদ করছি এবং দৃষ্টি আকর্ষণ করছি যাতে নাকি অবিলম্বে হাওড়ার জেনারেল ম্যানেজারের সঙ্গে এ বিষয়ে কথাবার্তা ব'লে এটা বন্ধ করা যায় তার ব্যবস্থা করার জন্য। তিনি যে যুক্তি দেখিয়েছেন সেটা নিরর্থক। এতে হাওড়া এবং হুগলী জেলার অধিবাসীদের অসুবিধা হবে। তিনি যে যুক্তির কথা বলেছেন যে রিজার্ভেশানের ক্ষেত্রে কলকাতার অধিবাসীদের সংখ্যাই বেশী, তাই রিজার্ভেশান বার্থআণ্ড সিটস সেনট্রালাইজেশান

এর জন্য এই জিনিস করা হচ্ছে। কিন্তু আমরা জানি নতুন দিল্লী, দিল্লী এবং বোম্বে প্রভৃতি যেসব নগরী আছে সেখানে রিজার্ভেশানের সমস্ত ব্যবস্থা ওখানে স্টেশানের মাধ্যমেই হয়। সুতরাং ফেয়ারলি প্লেসে স্থানান্তরিত করার যে কলা বলা হচ্ছে ঐ হাওড়া থেকে এতে হাওড়া এবং হুগলীর অধিবাসীদের খুবই অসুবিধা হবে। এ বিষয়ে ওখানকার নাগরিকদের মধ্যে একটা বিক্ষোভ দেখা দিয়েছে। তারা স্যার, আমার কাছে অনেকে টেলিগ্রাম পাঠিয়েছে। আমি এ বিষয়ে মুখ্যমন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি। তারা যে যুক্তি দেখিয়েছে সেটা গ্রহণযোগ্য নয়। আমার বক্তব্য হচ্ছে ফেয়ারলি প্লেসে গুণ্ডা বাহিনী আছে — এটা করলে তা আরও বৃদ্ধি পাবে। কোন অফিসার তাঁর নিজের পদোন্নতির জন্য এই সেন্ট্রালাইজেশানের প্রস্তাব দিয়ে পাঠিয়েছেন এবং এটা কে কার্যকরী করবার কথা চিন্তা করছেন। সুতরাং হাওড়া এবং হুগলী জেলার অধিবাসীদের কথা ও তাদের স্বার্থ রক্ষার কথা চিন্তা ক'রে আপনি ও মুখ্যমন্ত্রী এ বিষয়ে চেষ্টা করবেন এই আশা নিয়ে আমি আমার বক্তব্য শেষ করছি।

Mr. Speaker : I understand that the Hon'ble Minister Dr. Motahar Hossain wants to make his observation on the matter that has been raised by Shri Sukumar Bandyopadhyay.

[2.10 - 2.20 P.M.]

ডাঃ মোতাহার হোসেন ঃ মাননীয় অধ্যক্ষ মহাশয়, মাননীয় সদস্য শ্রীসুকুমার ব্যানার্জি যে গুরুত্বপূর্ণ বিষয় উল্লেখ করেছেন সেটা নিশ্চয় অত্যন্ত গুরুত্বপূর্ণ বিষয়। সেইজন্য আমি আপনার মাধ্যমে মাননীয় সদস্যকে অনুরোধ করছি তিনি যদি লিখিতভাবে বিষয়টি আমাকে দেন তাহ'লে নিশ্চয় আমি উপযুক্ত তদন্ত ক'রে ব্যবস্থা গ্রহণ করব।

শ্রী আবদুল বারি বিশ্বাস ঃ মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি খুব আনন্দিত যে আপনি আমাকে একটু টাইম দিয়েছেন। স্যার, আমি গত ৩/১২/৭৫ তারিখের পুলিস অত্যাচারের একটি ঘটনা আপনার মাধ্যমে মাননীয় স্বরাষ্ট্র মন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি, আশা করি তিনি এই বিষয়ে খুব ভালভাবে খোঁজখবর নিয়ে উপযুক্ত ব্যবস্থা অবলম্বন করবেন। আমার কাছে দুটি দরখাস্ত আছে। একটি জনসাধারণের দেওয়া, আর একটি শ্যামাচরণ দত্ত মহাশয়ের দেওয়া — দুটি দরখাস্তই লিখিতভাবে দেওয়া আছে। মাননীয় অধ্যক্ষ মহাশয়, দীর্ঘদিন ধ'রে পুলিসের লরী ক'রে যারা ছাগল বয়ে নিয়ে আসে — ছাগলের ব্যবসা করে তাদের কাছ থেকে নানারকম টাকাপয়সা ঘুষ, নানারকমের উৎকোচ গ্রহণ ক'রে থাকে। স্যার, এটা করিমপুর থানা থেকে দমদম থানা পর্যন্ত চলে। গত ৩/১২/৭৫ তারিখে, করিমপুর থানার সেকেণ্ড অফিসার — তার নাম অধীরবাবু — তিনি ২ জন কনসটেবল সহ একটি জীপ গাড়ি নিয়ে ঐ লরীটির পিছন ধাওয়া করে। শ্যামাচরণ দত্ত মহাশয়ের ছেলে রবি দত্ত ঐ লরী চালায়। স্যার, আমার থানা এলাকায় সেই লরীটিকে গিয়ে ধ'রে ফেলে এবং সেখানে লরীর ড্রাইভারকে এমন মার মেরেছে যে তাকে হাসপাতালে পাঠিয়ে দিতে হয়েছে। অপরাধ, টাকা ঘুষ দেয় নি তারপর গ্রামের লোকের মুখে যখন এই কথাটি ছড়িয়ে পড়ল তখন তারা এই জীপটিকে ঘিরে ধরল। ওরা বলল কেন মেরেছেন, তার উত্তর দিয়ে যান। পুলিস সোজা জলঙ্গী থানায় গিয়ে বলল এটা আপোস ক'রে নিতে হবে। স্যার, আমি এই কথা বলতে চাইছি যে পুলিস কিরকম ভাবে বেড়ে গেছে সেটা একটু দেখুন। আপোস করে ব'লে শ্যামাচরণ দত্তকে অ্যারেস্ট করা হয়েছে। স্যার, অরবিন্দ মণ্ডল এখানে উপস্থিত আছেন, তিনিও ব্যাপারটি জানেন, তার সঙ্গে আলোচনাও করেছি। আমাদের সীমানাতে যারা চোরাকারবার করবে তাদের গ্রেপ্তার করুক তাতে আমাদের আপত্তি নেই, কিন্তু অন্যায়ভাবে সাধারণ মানুষকে হয়রানি করবে, অত্যাচার করবে টাকা ঘুষ না দেওয়ার জন্য তার বিরুদ্ধে প্রতিবাদ করা ছাড়া আমাদের উপায় নেই। স্যার, আমি এই দুটি দরখাস্ত আপনার কাছে পেশ করছি আপনি পুলিস মন্ত্রীর কাছে পাঠিয়ে দেবেন। শুধু তাই নয় স্যার, এই অফিসারের বিরুদ্ধে টাকাকড়ি ঘুষ নেওয়ার অভিযোগ আছে — তাকে এখুনি সাসপেণ্ড করার ব্যবস্থা করা হোক স্যার, এ সম্বন্ধে অরবিন্দ মণ্ডলকে জিজ্ঞাসা করতে পারেন।

Mr. Speaker : Mr. Bari, you are a lawyer. You know, whenever any allegation is made, if it is not established as a prima facie case, can any

Government Officer be suspended ? It must be seen first of all whether the allegation has got any bona fides or whether the allegation has got any substance in it. If, after making enquiry the Minister of the Department is satisfied that there is a prima facie case then and then only action can be taken against the officer. Otherwise no action can be taken. Sometime ago various sorts of allegations were made on fantastic affairs which were not based on facts. Of course I do not say, all are like this. Some cases may be bona fide. So, if after making preliminary enquiry, the Minister of the Department is satisfied then only action is taken – not before that.

শ্রীআবদুল বারি বিশ্বাস ঃ মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি যে কথা বলেছি সেটা হচ্ছে, এই পুলিস অফিসার জলঙ্গী থানার মাধ্যমে আপোস করবার চেষ্টা করে — আপোস করি নি বলেই আ রেস্ট করেছে। এই আপোস করি নি বলেই অত্যাচার চলছে। এটা কি চলবে স্যার ?

Mr. Speaker : You are a lawyer. You know that it is very difficult to come to a conclusion on hearing only one part of the story. You are giving one side of your story. The Hon'ble Minister will hear both sides of the story and then he will give his final decision. At any rate I will send the application to him to look into it and do the needful.

শ্রীমহঃ দেদার বক্স ঃ মাননীয় অধ্যক্ষ মহাশয়, আপনি আমাকে বলার জন্য যে সময় দিয়েছেন তার জন্য আপনাকে ধন্যবাদ জানিয়ে আমার বক্তব্য শুরু করছি। স্যার, আমি আপনার মাধ্যমে এই হাউসের মাননীয় সদস্য এবং মাননীয় পুলিস মন্ত্রীর একটি বিষয়ের প্রতি দৃষ্টি আকর্ষণ করছি। মাননীয় অধ্যক্ষ মহাশয়, কায়েমউদ্দিন শেখ, পিতা মৃত আরাস, সাকিন ওরাহাব, থানা ভগবানগোলা, জেলা মুর্শিদাবাদ গত ১/১২/ ১৯৭৫ তারিখে তার নিজের জমির ধান ৬ খানি গাড়িতে ক'রে মোট ১৮ কুইন্টাল ৫৭ কেজি ধান বাড়িনিয়ে যাচ্ছিল। তার উপর কোন লেভির নোটিস ছিল না, এবং সে লেভির আওতাতেও পড়ে না। বেলা চাবটা নাগাত ঐদিন নবগ্রাম থানার আযরা মোড়ে তাকে ধরা হয়। তারপর ২/১২/১৯৭৫ তারিখে রাত্রি তিনটার সময় থানায় কেস লেখানো হয় এবং ঐদিন আসামী এবং জমির মালিক কায়েমউদ্দিন শেখকে এবং আরও পাঁচজনকে — সাইফুল শেখ, কেতার শেখ, নজরুল শেখ, আজমল শেখ, হজরত শেখকে লালবাগ কোর্টে চালান দেওয়া হয় এবং যে গরুর গাড়ি ক'রে ধান আনছিল তাদের গাড়ির ছয় জোড়া বলদকে খোঁয়াড়ে দেওয়া হয়। তারপর আমি জানি আসামীরা জামিন পায়, কিন্তু বলদগুলি ৬/১২/১৯৭৫ তারিখ পর্যন্ত খোঁয়াড়েই ছিল। আমি গত ৬/১২/১৯৭৫ তারিখে লালবাগের এস ডি ও কে ভগবানগোলা থেকে ফোন করি। কিন্তু তাকে আমি ফোনে পাই নি। আমি জানি না এখনও পর্যন্ত সেখানে কি ব্যবস্থা হ'ল। আমি স্যার, এই কায়েমউদ্দিনের জমির পরিমাণ কত তা জানি এবং খতিয়ান ও দাগ নং সমেত ব'লে দিচ্ছি। খতিয়ান ১৬৬০/২, তাতে একটা দাগ ১৮৬৬, জমি হচ্ছে ৬৮ শতক, ১৬৬৯ দাগ নং, জমির পরিমাণ ৩৮ শতক, ১৮৭১ দাগ নং, জমির পরিমাণ ৩৯ শতক, আর আর একটা খতিয়ান নং ৬৬০, দাগ নং ১৯৭১, জমির পরিমাণ ১৩ শতক, আর একটি খতিয়ান নং ২৪৬, দাগ নং ১৯৭৬, জমি হ'ল এক একর, দাগ নং ১০০২, জমির পরিমাণ ৮০ শতক, আর একটা দাগ নং ২০৩৯, জমির পরিমাণ ১ একর। স্যার, এর যা জমি তাতে কোনমতেই এর লেভি হতে পারে না এবং লেভি আওতামুক্ত সে তার নিজের জমি থেকে সে ধান আনছিল সেখানে পুলিস এইরকম অত্যাচার করছে। আমি শুনেছি যে লালবাগে এইরকম আরও অনেক ঘটনা ঘটেছে। যেকোন রকম রেসট্রিকশন নেই সেই এইসমস্ত কেস হচ্ছে। আর একটি ঘটনা ঘটেছে — নবগ্রাম থেকে কোন লোক বাঁশ আনছিল, তাকে পুলিস হোম গার্ড ধরে এবং সেই সময় আমাদের মন্ত্রী সুব্রত মুখার্জি এবং সুদীপ ব্যানার্জি ছিল, তারা নিজের চোখে দেখেছে যে এইসমস্ত পলিস হোমগার্ড ঘুষ নিচ্ছে। সে কেস এখনও চলছে। তারা যে

ঘুষ নিয়েছে তার প্রমাণ আছে। নিজের ধান আনছে সেখানে এসমস্ত গ্রামের চাষীদের উপর পুলিস অত্যাচার চালাচ্ছে। তাই আমি আপনার মাধ্যমে পুলিসমন্ত্রীকে অনুরোধ করব তিনি যেন তদন্ত ক'রে যেসমস্ত পুলিস ও হোম গার্ড এইসমস্ত কার্য করছে তাদের শাস্তিবিধানের ব্যবস্থা করেন।

ডাঃ মোতাহার হোসেন : মাননীয় অধ্যক্ষ মহাশয়, দুজন মাননীয় সদস্য পুলিসের দুর্নীতির অভিযোগ করেছেন। তাদের সাসপেণ্ড করার ব্যাপারে আপনি যে রুলিং দিয়েছেন যে সাসপেণ্ড করার আগে আমাদের তদন্ত ক'রে দেখতে হবে তা নাহ'লে সম্ভব নয়। আমরা নিশ্চয় দুর্নীতিমুক্ত প্রশাসন চাই এবং দুর্নীতি দূর করায় আমরা বদ্ধপরিকর এ কথা আমি হাউসকে জানিয়ে দিতে চাই।

শ্রীআবদুল বারি বিশ্বাস : মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি ওপেন চ্যালেঞ্জ করছি যে আমি যে অভিযোগ করলাম সে সম্পর্কে তদন্ত করা হোক। স্যার, এইরকম পুলিস অফিসার আমাদের প্রশাসনে থাকলে আমাদের খুবই দুর্নাম হবে। মন্ত্রী মহাশয় এটা তদন্ত ক'রে দেখুন।

শ্রী ডাঃ মোতাহার হোসেন : মাননীয় অধ্যক্ষ মহাশয়, দুর্নীতি প্রমাণ হ'লে নিশ্চয় তাকে সেপারেট করা হবে না — তা সে যত বড় অফিসারই হোক — সে আই এ এস হোক আর আই পি এস হোক। আমরা এইরকম কিছু দরখাস্ত পেয়েছি। আপনারা জানুন নিশ্চয় তদন্ত হবে এবং বিহিত ব্যবস্থা করা হবে — এর কোন ব্যতিক্রম হবে না।

[2.20-2.30 p.m.]

Mr. Speaker : You have got assurance from the Hon'ble Minister ?

Shri Abdul Bari Biswas : Yes, Sir

LAYING OF REPORTS

Annual Report on the working and affairs of the Electro-Medical and Allied Industries Limited for the year 1973-74.

Shri Atish Chandra Sinha : Sir, I beg to to lay the Annual Report on the working and affiars of the Electro-Medical and Allied Industries Limited for the year 1973-74.

Annual Reports on the working and affairs of the West Bengal Dairy and Poultry Development Corporartion Limited for the years 1969-70, 1970-71, 1971-72 and 1972-73

Shri Atish Chandra Sinha : Sir, I beg to lay the Annual Reports on the working and affairs of the West Bengal Dairy and Poultry Development Corporation Limited for the years 1969-70, 1970-71, 1971-72 and 1972-73.

LEGISLATION

Mr. Speaker : Today we have got five Bills before us and you know the time alloted for each of those Bills. I will request honourable members to be brief in their discussions and speedness and confine themselves strictly within

the limit of the Bills and not to speak in a fashion that goes out of our Jurisdiction. The Bills cover very small areas and so you confine yourselves within the four corners of the Bills. This is a request to the honourable members be cause time is too short today.

The West Bengal Transport Undertaking (Prevention of Ticketless Travel) Bill, 1975.

Shri Gyan Singh Sohanpal : Sir, I beg to introduce the West Bengal Transport Undertakings (Prevention of Ticketless Travel) Bill, 1975, and to place a statement as required under rule 72(1) of the Rules of Procedure and Conduct of Business in the West Bengal Legislative Assembly.

(Secretary then read the title of the Bill)

Shri Gyan Singh Sohanpal : Sir, I beg to move that the West Bengal Transport Undertakings (Prevention of Ticketless Travel) Bill, 1975, be taken into consideration.

Sir, there have been reports that the Calcutta State Transport Corporation, the North Bengal State Transport Corporation, the Durgapur State Transport Corporation and the undertaking of the Calcutta Tramways Co. Ltd. have been losing substantial amount of revenue due to travelling of a large number of ticketless passengers in State buses and tramcars. The existing legal provisions for punishment of such passengers are inadequate. There is also no legal provision for prosecution of employees of the transport undertakings for dereliction of duty in connection with realisation of fares from such ticketless passengers. In order therfore to prevent ticket less travel in passenger vehicles of the transport undertakings of the State Government and to increase their earnings, it was decided to introduce imposition of penalty of a maximum fine of Rs. 250 or imprisonment for a term extending up to one month or both for a passenger travelling without ticket or for an employee of the transport undertaking guilty of dereliction of duty in connection with realisation of fare from such passengers.

As the State Legislature was not in session and the matter was considered to be urgent necessitating immediate action, it was decided to promugate an Ordinance for the purposes mentioned above.

Accordingly, an Ordinance, namely, the West Bengal Transport Undertakings (Prevention of Ticketless Travel) Ordinance, 1975, was promulgated by the Governor on the 26th September, 1975 after obtaining instructions from the President. It is now necessary to hav ethe Ordinance replaced by a suitable Act with additional provisions for realisation of excess charge over and above

the actual fare, from a passenger travelling without ticket and authorisation of persons in addition to authorised employees of the Transport Undertakings to examine tickets of passengers, etc.

The present Bill seeks to achive the above purposes.

Sir, with these words, I commend my motion for consideration by the House.

শ্রীঅশ্বিনী রায়ঃ মাননীয় অধ্যক্ষ মহাশয়, মাননীয় মন্ত্রীমহাশয় এখন যে বিল উত্থাপন করলেন তাতে তিনি তিনটি উদ্দেশ্যের কথা বলেছেন। প্রথম কথা হচ্ছে, সরকারী ট্রাম, বাসে প্রচুর লোকসান হচ্ছে। এই যে ট্রাম, বাসে প্রচুর লোকসান হচ্ছে কথাটি তিনি বললেন এই রিপোর্টটা কাদের রিপোর্ট তা কিছু বলেন নি। এখানে মূল কথা যদি এটাই হয় যে টিকিটলেস ট্রাভেল বন্ধ করলেই লোকসান বন্ধ হবে তাহলে আজ পর্যন্ত যেসমস্ত কমিশন অ্যাপয়েন্ট করা হয়েছে এ সম্পর্কে সেইসমস্ত কমিশন এই ধরনের কোন কথা বলেছেন কিনা সেটা বিচার করা দরকার। আমার যতদূর জানা আছে, তিন-চারটি কমিশন যা হয়েছে সেইসমস্ত কমিশন মূল কারণগুলি যা বলেছেন সেটা অন্য রকম। স্যার, ৪টি কমিশন যা হয়েছে তারা কোন জায়গাতেই লোকসানের মূল কারণ হচ্ছে টিকিটলেস ট্রাভেল একথা বলেন নি। স্যার, ফার্স্ট ইনটারিম রিপোর্ট যেটা ১৪ ৬ ১৯৭৯এ বেরিয়েছে সেখানেও মূল কারণ হিসাবে এটা নেই। সেখানে ৯টি বিষয়ে সুপারিশ করা হয়েছে। প্রিলিমিনারী রিপোর্ট অব দি কমিশন, যে কমিশনের চেয়ারম্যান ছিলেন মিঃ দাস সেখানে তিনিও একথা বলেননি। সেখানে তিনি ৯টি বিষয়ে সুপারিশ করেছেন এবং বলেছেন এ গুলি করা উচিত। সেগুলি হচ্ছে, ডিপোগুলির উন্নতি এবং স্ক্রিকোয়েন্সী অব দি বাসেস বাড়ানো ইত্যাদি। তারপর সেকেণ্ড কমিশন যে রিপোর্ট দিয়েছে সেখানে কোন জায়গায় যে উদ্দেশ্যে উনি বিলটা এনেছেন লোকসানের অন্য সেকথা বলা হয় নি। সেখানেও শেষ পর্যন্ত কতকগুলি সুপারিশ করা হয়েছে। বলা হয়েছে, what is most important is clearing depots of all old junks, reducing the number of vehicles to be maintained by a depot to a managable limit.

The commission would, therefore recommend early replacement of these officers by others possessing a better sense of duty and responsibility

[2.30 - 2.40 p.m]

স্যার, এই বিলের অপর একটি অংশ আছে যে কনডাকটরস যারা টিকিট চাইবে তাদের কর্মবিচ্যুতির জন্য উনি ২৫০ টাকা জরিমানা/এক মাস জেল দিতে পারবেন। এই ধরনের প্রভিসান এখানে আছে।

কিন্তু এই স্টেট ট্রান্সপোর্টের লোকসানের অন্য যে কারণ হিসাবে যেসমস্ত অফিসার আছে, তাদের বিমুভাল এর জন্য সেকেণ্ড কমিশন যা বলেছেন সেগুলি তো উনি করলেন না, না করে আজকে উনি এই বিল এনেছেন। তারপর আর একটা কথা হচ্ছে এই ট্রাম অ্যান্ড বাস ফেয়ার ইনক্রিজ কমিশন যেটা বলেছিল তারা কতকগুলি রেকমেনডেশনস করেছিলেন এবং সেই রেকমেনডেশন এর মধ্যে আছে — কারণ ২০পয়সা কি ৩০ পয়সা ভাড়া বা ১টাকা কি ১/- ভাড়া কোন প্যাসেঞ্জার দিতে অনিচ্ছুক নয়। কিন্তু ভাড়া বাড়ালেন আপনি, সেই ভাড়া বাড়ানো সত্ত্বেও লোকসান হচ্ছে, সেজন্য তারা কতকগুলি সাজেশন দিয়ে গেছে এই প্যাসেঞ্জারদের জন্য। সেটা হচ্ছে The commission feels that unless upward rise in prices of fuel, mobil oil, motor parts, etc. be halted, an attractive fare structure for buses, bus operators could not be implemented. It public opinion moulded. এই ভাবে আছে এবং সেখানে তারা আরও বলেছেন — যেটা মূল কথা — ১৯৬৪-৬৬তে রিডাকশন অব ওভারক্রাউডিং ইন বাসেস। এটা পারমানেন্ট ফিচার হয়ে গেছে। এই overcrowding in buses, increase in frequency of buses, observation of cleaniless, regularisation of carriages and beggages in buses.

arrangement for drinking water, etc. etc. এগুলি তারা সমস্ত কিছু ব'লে গেছেন। তাহ'লে এই যে বিভিন্ন কমিশন বলেছে, সরকারী অর্থ ব্যয় হয়েছে, তারা ৩মাস, ৪মাস, ৫মাস ঘরে বিভিন্ন অফিসারকে বিভিন্ন অথরিটিসকে একজামিন করে যে সুপারিশ ক'রে গেছেন, সেই সুপারিশগুলির কোনটাই উনি কার্যকরী না ক'রে আজকে এখানে এই বিল আনছেন। তারা শেষকালে যে ফাইনাল রিপোর্টে বাস বিক্রির ক্ষেত্রে যে রেকমেনডেশন করেছেন সেটা কোথায় গেল, কোথায় চাপা পড়ল তা জানি না, হঠাৎ এটা আসছে। তারা সেখানে ব'লে গেছে। Three persons were responsible for irregularities – the then General Manager, A. K. Ghose, Chief Engineer N. C. Chatterjee and Service Engineer Debabrata Dutta. They have no sense of authority. There is no record for preservation and proper disposal of public property and they were thouroughly incompetent for the work they took in hand. এইরকম ভাবে ক্যাটিগরিক্যালি মনমত কথাগুলি ব'লে গেছেন যেগুলি সম্পর্কে উনি কোন বিচার বিশ্লেষণ করলেন না। না ক'রে হঠাৎ একতরফা ভাবে একটা বিল এনেছেন যে বিলেপ্যাসেঞ্জারসদের কথা বলেছে যে তাদের ২৫০ টাকা পর্যন্ত পানিশমেন্ট হবে। যাঁরা ডিউটিতে আছেন তাঁদের এক মাস সাজা হবে। যদি টিকেটলেস ট্যাভেলিং যারা করছে তাদের ধরতে না পারেন। টিকেটলেস ট্রাভেলিংস যদি বন্ধ করতে না পারেন, এইরকম ভাবে নিয়ে এসেছেন। মাননীয় অধ্যক্ষ মহাশয় সামগ্রিকভাবে এই যে পাবলিক সেক্টর আজকে অচল হয়ে যাচ্ছে, লোকসান হচ্ছে এই জিনিসটাকে পুঙ্খানুপুঙ্খ রূপে বিচার না ক'রে এই রকম ভাবে একতরফা একটা বিল আনায় আমি সম্পূর্ণ বিরোধিতা করছি। এই টিকেটলেস ট্রাভেল যদি বন্ধ করতে হয় তাহ'লে উনি সংশ্লিষ্ট যে আইন আছে সেই আইনে একটা প্রভিসন রাখতে পারতেন যে পেনালটি এত পর্যন্ত হবে। এমন কি রেলওয়েতে টিকেটলেস ট্রাভেলিং এর ক্ষেত্রে সেখানেও কোন জায়গায় রেলওয়ে অ্যাক্টে ২৫০ টাকা বা একমাস শাস্তি এটা নেই। উনি এই ২০ পয়সা ভাড়া কেদিল কি দিল না এবং তাও যদি থাকে তা ইনটেনশনাল অব আনইনটেনশনাল একথা রেলওয়ে অ্যাক্টে আছে। উনি সেটাও এর মধ্যে আনলেন না যে ইচ্ছা ক'রে বা অনিচ্ছা ক'রে একটা লোক বিনা টিকিটে যাচ্ছে কি না। সেটা রেলওয়ে অ্যাক্ট প্রভিসন আছে। যেখানে ভাড়া খুব বেশি, ৪ শত, ৫ শত টাকা পর্যন্ত ভাড়া দিতে হয় সেখানেও এটা নেই। কাজেই এক তরফাভাবে এখানে ঐ যে অফিসারস, যাদের উপর রেসপনসিবিলিটি ফিক্স ক'রে দিলেন, ঐ অপদার্থ অফিসারস সরানো উচিৎ। এরাই এই লোকসানের একটা কারণ। সেটা উনি করছেন না। না ক'রে উনি কি করছেন, সাধারণ কর্মচারী একটা বাস কনডাকটর তাকে বলছেন যে, তোমার এক মাস সাজা হবে। সাধারণ প্যাসেনজারকে বলছেন ২৫০ টাকা দিতে হবে। যে অ্যামিনিটিজের কথাগুলো ব'লে গেছেন— এই যে ওভারব্রিজ উডিং — আপনি পাবেন, আপনি একজন মিনিস্টার একদিনও কি প্রশ্নোত্তর করছেন যে বেলা চারটের পর কোন ট্রামে ডালহাউসি স্কয়ার থেকে শিয়ালদহ যেতে গেলে যে কেউ থাক, তার পক্ষে কি টিকিট চেক করা সম্ভব? এইগুলো কি দেখেছেন? কাজেই নাম্বার অব বাসেস না বাড়িয়ে, অ্যামিনিটিজ না বাড়িয়ে একতরফা যে বিলটা নিয়ে আসা, এর আমি বিরোধিতা করছি। বিশেষত এই সময়ে। যদি উনি এটা বলতেন যে— রিপোর্টটা কাদের? মাননীয় অধ্যক্ষ মহাশয়, জরুরী অবস্থা সময়ে সেন্ট্রাল গভর্নমেন্ট, বিশেষত ইন্দিরা গান্ধী যে কথাটা বলেছেন যে পাবলিক সেক্টারকে ডিফেন্ড করতে গেলে অন্তত সব লেভেলে ডিপার্টমেন্টওয়াইজ কমিটি গঠন করা দরকার। সেই কমিটির সঙ্গে পরামর্শ ক'রে তাঁরা কি সুপারিশ করছেন, এইভাবে যদি উনি নিয়ে আসতেন ওর ডিপার্টমেন্টে যে ত্রুটিগুলো রয়েছে সেইগুলো ডিপার্টমেন্টাল লেভেলে কমিটি করেছেন, আন্ডারটেকিং লেভেলে কমিটি করেছেন, সেখানে এটা বিচার বিশ্লেষণ হয়েছে, তারপর এই ধরনের রেকমেন্ডেশন করেছেন, রেকমেন্ডেশন থেকে উনি এই ধরনের একটা আইন করতে বাধ্য হচ্ছেন তাহ'লে বুঝতাম যে পার্টিসিপেশন অব অল দি কমিটি এর মধ্যে আছে, এটা কিন্তু করলেন না। সেজন্য আজকে এই পরিস্থিতিতে যেখানে সকলের মত নিয়ে একটা জিনিস করা উচিত। পাবলিক সেক্টারকে ডিফেন্ড করতে গেলে — যেখানে পাবলিক সেক্টারের বিরুদ্ধে একটা প্রচণ্ড আঘাত আসছে, দক্ষিণপন্থী প্রতিক্রিয়ার দিক থেকে সেখানে এই ধরনের জনমতকে না নিয়ে বিশেষ ক'রে যারা কর্মচারী, তাদের অভিমত না নিয়ে এই ধরনের

একটা বিল আনা আর কিছু নয়, প্যাসেঞ্জার এবং কর্মচারীদের মধ্যে একটা সংঘাত এনে দেওয়া এবং যাত্রীদের বিপন্ন করা এবং কর্মচারীদের বিপন্ন করা। সেই জন্য আমি বলব এই বিলটা অন্তত সমস্ত কর্মচারীদের মধ্যে প্রচার ক'রে তাদের অভিমত নিয়ে কিভাবে এই পাবলিক সেক্টারকে লাভজনক করা যায়, তাদের সাজেশন নিয়ে যেসমস্ত রিমিডি তার সুপারিশ করবে তার ভিত্তিতে যদি উনি বিল আনতেন তাহ'লে আমরা সেটা সমর্থন করতে পারতাম। কিন্তু যেভাবে উনি এনেছেন, এর থেকে মনে হচ্ছে ঐ অপদার্থ অফিসারদের লুকিয়ে রেখে আজকে সাধারণ কর্মচারীদের উপর নূতনভাবে একটা আঘাত হানবার জন্য উনি চেষ্টা করছেন। এই সাধারণ কর্মচারীরা হচ্ছে পাবলিক সেক্টারের ডেভেলপমেন্টের একটা অন্যতম পিলার এবং পিলারকে যদি আমরা ভেঙ্গে দিই তাহ'লে পাবলিক সেক্টার বিপন্ন হবে। এইজন্য আমরা এই বিলকে সমর্থন করতে পারছি না, আমরা সম্পূর্ণরূপে এই বিলের বিরোধিতা করছি।

Three persons were responsible for irregularities-the then General Manager, A. K. Ghose, Chief Engineer N. C Chatterjee and Service Engineer Debabrate Dutta. They have no sence of authority. There is no record for preservation and proper disposal of public property and they were thoroughly incompetent for the work they took in hand

শ্রীসুকুমার বন্দ্যোপাধ্যায়ঃ মাননীয় অধ্যক্ষ মহাশয়, এই বিলের বিরোধিতা করার কোন প্রশ্ন আমাদের কাছে নেই, এই বিলকে সম্পূর্ণ সমর্থন করছি এবং সঙ্গে সঙ্গে মাননীয় পরিবহন মন্ত্রী মহাশয়কে সাধুবাদ জানাচ্ছি তিনি একটা সামাজিক ব্যাধি দূর করার জন্য বলিষ্ঠ কর্মপন্থা গ্রহণ করেছেন এবং সেই সঙ্গে সঙ্গে পশ্চিমবঙ্গ সরকারের পরিচালনাধীন যে পরিবহণ ব্যবস্থা আছে সেই পরিবহণ ব্যবস্থাতে যাতে ক্ষতি না হয়, যাতে লাভের অঙ্ক বাড়ে এবং উপযুক্ত আয় যাতে সরকারের তহবিলে জমা হয় তার জন্য এই বিলে যে ব্যবস্থা তিনি গ্রহণ করতে চলেছেন তার জন্য নিশ্চয়ই তিনি সাধুবাদ পাওয়ার অংশীদার এই বিষয়ে সন্দেহের কোন অবকাশ নেই। যাঁরা বিনা টিকিটে যাতায়াত করেন বাসে, ট্রেনে বা ট্রামে, তাঁরা কিন্তু সংখ্যাগরিষ্ঠ অংশ নন, তাঁরা সংখ্যালঘু। কিন্তু এই সংখ্যালঘু সম্প্রদায় কোন কিছু বাধাবিঘ্নের সম্মুখীন না হবার জন্য তাঁরা দিনের পর দিন সংখ্যাগরিষ্ঠ হয়ে পড়েন এবং ফলে এইসমস্ত অপরাধ সমাজজীবনে এক পাপ হিসাবে দেখা দেয়

[2.40 - 2.50 P.M.]

মাননীয় অধ্যক্ষ মহাশয়, সঙ্গে সঙ্গে মাননীয় পরিবহণমন্ত্রিকে একথা বলব যে, এটাই শেষ কথা নয়, এটাই সব কথা নয়। যদি বিনাভাড়ায় যাবা যাতায়াত করে তাদের শাস্তির ব্যবস্থা হয়, জরিমানার ব্যবস্থা করা হয় ২৫০ টাকা বা তাদের এক মাসের জেল দেবার ব্যবস্থা করা হয় -- এই ব্যবস্থা আপনি নিশ্চয়ই করবেন -- তাহ'লেই পরিবহণ ব্যবস্থা লাভজনক হয়ে যাবে এবং প্রগতির রথ ওড়ওড় ক'রে চলবে মনে করেন তাহ'লে ভুল হবে। কারণ দৈনিক যে যাত্রীরা বিনাভাড়ায় যাতায়াত করে তারা যেমন এই দপ্তরের কাছে আতঙ্কের বস্তু তেমনি দুর্নীতিপরায়ণ কর্মচারী, আমলা যারা আছে তারা তার চেয়ে বেশি আতঙ্কের বস্তু এবং এ কথা সকলেই জানেন। এই পরিবহণ দপ্তরে যে কর্মচারীরা আছে, উচ্চপর্যায়ের কর্মচারী থেকে আরম্ভ ক'রে সর্বনিম্ন কর্মচারী পর্যন্ত, কেউ টাকা ছাড়া কথা বলে না। আপনি চেয়েছেন বলিষ্ঠ পদক্ষেপ গ্রহণ করতে এবং সেই কারণেই এই কর্মপন্থা গ্রহণ করেছেন এটা আমরা জানি এবং আপনার দপ্তরের কয়েকজন উচ্চপদস্থ কর্মচারী এইসকল ব্যবস্থাকে জোরদার করবার চেষ্টা করছেন। কিন্তু এই রাষ্ট্রীয় পরিবহণের লোকসানের জন্য কেবলমাত্র বিনাভাড়ায় ভ্রমণই দায়ী নয়। আমি এখানে আপনার কাছে নাম করতে পারি না, কারণ নাম করলেও যার নাম করব তার এখানে আত্মপক্ষ সমর্থনের কোন সুযোগ নেই। কিন্তু আমি জানি দুর্গাপুর রাষ্ট্রীয় পরিবহণের একজন কন্ডাক্টর ১০ বছর কাজ ক'রে ৭০ হাজার টাকা খরচ ক'রে বাড়ি করেছে, তিনটে ট্যাক্সি করেছে, ৩০ বিঘা ধানী জমি কিনেছে। একজন কন্ডাক্টর কি ক'রে এই বিপুল সম্পদ করল? আর একজন কন্ডাক্টর তিনটি মেয়ের বিয়ে দিয়েছে, একজন জামাই অধ্যাপক,

একজন জামাই উকিল, আর একজন জামাই ইঞ্জিনীয়ার, ৬০/৭০ হাজার টাকা খরচ ক'রে সে ঐ শ্রেণীর তিনটি জামাই জোগাড় করেছে। একটা মিনি বাস করেছে এবং ২০ বিঘা ধানী জমি করেছে। একজন কন্ডাক্টরের পক্ষে এই বিপুল সম্পদ কি ক'রে কার সম্ভব? দুর্গাপুর রাষ্ট্রীয় পরিবহণের এক্সপ্রেস রুটে ডিউটি নেবার জন্য ডাক ওঠে। মাছের বাজারের ডাকের মত, কোন্ কন্ডাক্টর কত টাকা দেবে সেই বুঝে তাকে এক্সপ্রেসে ডিউটি দেওয়া হবে। এইসব এক্সপ্রেস রুটে কন্ডাক্টররা যেতে চায়, এইগুলি লম্বা রুট -- আরামবাগ এক্সপ্রেস, বিষ্ণুপুর এক্সপ্রেস কিম্বা অন্য লম্বা রুটের এক্সপ্রেস বাসে ডিউটি নেবার জন্য দুর্গাপুর রাষ্ট্রীয় পরিবহণের এক-একজন কন্ডাক্টরকে সুপারভাইজর এবং অন্যান্য কর্মচারীদের দৈনিক ২৫০ টাকা ক'রে দিতে হয়। ২৫০ টাকা দিলে পর একজন কন্ডাক্টর একদিনে জন্য এক্সপ্রেস বাসে ডিউটি দিতে যেতে পারে। এমন লাভের ব্যবস্থা সরকারের অন্য কোন দপ্তরে আছে কিনা আমার জানা নেই। এটাই আজকে এই দপ্তরের বাস্তব সত্য এবং এটা আজকে বন্ধ করা দরকার। একজন যাত্রী বিনাভাড়ায় গেলে তার গলায় গামছা দিয়ে ২৫০ টাকা আদায় করুন কিম্বা তাকে জেলে পাঠান, এটা আমরা সমর্থন করছি। কিন্তু আপনার দপ্তরের সুপারভাইজরদের ২৫০ টাকা ক'রে দৈনিক পাবার কোন অধিকার নেই। এমন কতকগুলি এক্সপ্রেস রুট আছে যেখানে একজন কন্ডাক্টরকে একদিনের জন্য ৩০০/৩৫০ টাকা পর্যন্ত দিতে হয়। তাদের শাস্তির জন্য আপনি কি ব্যবস্থা করছেন? তাদের কতজনকে শাস্তি দিয়েছেন? কতগুলি ক্ষেত্রে শাস্তিমূলক ব্যবস্থা গ্রহণ করেছেন। সাধারণ মানুষকে ভয় দেখাচ্ছেন, কিন্তু এই অসাধু কর্মচারী যারা আছে, যারা রাষ্ট্রীয় পরিবহণকে লোকসানের দরজায় নিয়ে যাচ্ছে তাদের কি ব্যবস্থা করবেন? তাদের কি আপনি মিসা করবেন? তাদের বিরুদ্ধে এই ব্যবস্থাগুলি গ্রহণ করা প্রয়োজন। আজকে জরুরী অবস্থার বলে সরকার নিজের হাতে অনেক ক্ষমতা নিয়েছেন জনগণের কল্যাণ করবার জন্য। জরুরী অবস্থার সমর্থনে এই সর্বশ্রেণীর মানুষ সরকারী ব্যবস্থাগুলিকে স্বাগত জানাচ্ছেন। জরুরী অবস্থায় দুর্নীতি দূর ক'রে প্রশাসনকে সচল করবার জন্য প্রধানমন্ত্রি যে আহ্বান জানিয়েছেন সেটা রাষ্ট্রীয় পরিবহণের প্রশাসনিক ক্ষেত্রেও প্রয়োজন।

আজ যদি বিহারের মুখ্যমন্ত্রি সেখানকার স্বরাষ্ট্রসচিবের বেতনবৃদ্ধি বন্ধ করতে পারে তাহলে আমাদের এখানে তা হবে না কেন? আপনার দপ্তরের যারা অন্য কর্মচারী আছে-- যার হিসাব আপনার কাছে আছে --তাদের শাস্তির ব্যবস্থা করতে হবে। এইরকম দুর্নীতির জন্য শাস্তির ব্যবস্থা না করেন তাহ'লে রাষ্ট্রীয় পরিবহণে লাভ করানো যাবে না। সবচেয়ে ভেতরে ভূত আছে সেটা যদি দূর না করতে পারেন তাহ'লে কিছু হবে না এই আপনার মহৎ উদ্দেশ্য সফল হবে না। আপনার এই বলিষ্ঠ পদক্ষেপ সমর্থন ক'রে আমি শেষ করছি।

শ্রী শীশ মহম্মদ: মাননীয় স্পীকার মহাশয়, এই বিলের উদ্দেশ্য এবং হেতু খুব ভাল। দুর্গাপুর স্টেটবাস সম্পর্কে আমার অভিজ্ঞতা নেই। কিন্তু এন বি এস টি সম্বন্ধে যে অভিজ্ঞতা আছে সেটাই বলতে চাই। কারণ এন বি এস টি ক'রে মাঝে মাঝে এখান থেকে আমাকে যেতে হয়, তাতে বাস্তব অভিজ্ঞতা থেকে দেখেছি যে অনেক সময় যাঁরা টিকিট কেটেছেন তাঁদের দাঁড়িয়ে থাকতে হচ্ছে। আর এমন বহু যাত্রী যারা টিকিট কাটেনি, তারা বসে যাচ্ছে। যদি এখনকার বিষয়বস্তু নয় তবুও বলছি যে শেয়ালদা স্টেশন থেকে যে সমস্ত চেকাররা এসে বলে আপনি ৪টা সিটে না বসে একটা সিটে গিয়ে বসুন। অর্থাৎ দেখি যে ঐসব সিটে লালগোলা, জিয়াগঞ্জ ইত্যাদি বিনা টিকিটের লোকেদের ওরা নিয়ে যায়। অবশ্য এখন এমারজেন্সি সময় দেখছি লাল ব্যাস হাতে পায়ে রেলওয়ে ডিপার্টমেন্ট চেক করার ফলে তাদের ইনকাম বেড়েছে। এর ফলে বিনা টিকিটের যাত্রী সংখ্যাও অনেক কমেছে। স্টেট বাসে যদি এইরকম হঠাৎ চেকিং এর ব্যবস্থা করতে পারেন তাহ'লে এর সমাধান হতে পারে। বাস কনডাক্টাররা যেরকম উপায় করে সেটা না বলাই ভাল। সুতরাং ট্রেনের মত যদি চোরাগুপ্তি ভাবে চেক করান তাহ'লে এসব বন্ধ হবে। তা না হ'লে জেল বা জরিমানা বা দুই ইত্যাদি এসব করলে কিছুই হবে না এবং ঐ সব জিনিস বন্ধ হবে না। এসব খালি রেগুলেশন করলে হবে না, বাস্তব ভিত্তিতে অগ্রসর হতে হবে। যা হোক ভবিষ্যতে উপকারের জন্য এই বিল আমি সমর্থন করছি।

শ্রীজ্ঞান সিং সোহনপাল: মিঃ স্পীকার, স্যার, পরিবহণমন্ত্রি হিসাবে আমার বিশেষ বলার কিছু নেই। স্যার, আপনি বিলের শেষের দিকে যদি দেখেন তাহ'লে আপনি দেখতে পাবেন এমস আন্ড অবজেক্টসে আমরা বলেছি

এই অর্ডিন্যান্সটা আমরা কেন এনেছিলাম। স্যার, আপনি যদি বিলটা পড়ে দেখেন তাহ'লে দেখতে পাবেন আমরা কোথাও বলি নি যে দিস ইজ দি অনলি রেমিডি। আমাদের খবর আছে যে থ্রু দিস মিডিয়াম আমাদের অনেক রেভেনিউ আমরা লুজ করছি। সেটা বন্ধ করতে হবে এই অবজেক্ট নিয়ে আমরা এই আইন এনেছি। অশ্বিনীবাবু অনেক কথা বললেন, কিন্তু একবারও বললেন না লোকে উইদাউট টিকিটে ট্রাভেল করছে কি করছে না। উনি আরও অনেক কথা বলেছেন। আমি বলতে চাই না যে সেইসব কথাগুলি একেবারে মিনিংলেস। কিন্তু আমি এটা নিশ্চয়ই বলব যে যে কথাগুলি উনি বলেছেন দে আর ইররেলিভ্যান্ট। এই বিলে সেইসব কথাগুলি ডিসকাস, ডিবেট করা যায় না এবং তার রিপ্লাইও দেওয়া যায় না। যে কথাগুলি উনি তুলেছেন নিশ্চয়ই যদি আমরা সময় পাই ইন ফিউচার আমরা বলব গভর্নমেন্টের পক্ষ থেকে আমরা ঠিকই মেজার্স নিয়েছি ইম্প্রুভ করার জন্য এবং আরও কি কি মেজার্স আমরা নিতে যাচ্ছি। স্যার, এই বিলটা খুব সিম্পল বিল, এর স্কোপ খুব লিমিটেড। আমরা বলেছি যারা উইদাউট টিকিটে ট্রাভেল করবে তাদের জন্য এই আইন। আমরা বলেছি যারা ডিজনেস্ট এমপ্লয়ীজ তাদের জন্য এই আইন। যারা টিকেট নিয়ে ট্রাভেল করে, অনেস্টলি কাজ করে তাদের ভয়ের কোন কারণ নেই আমি এই অ্যাসিওরেন্স দিচ্ছি। এই কথা ব'লে আমি অনুরোধ করছি এই বিলকে সমর্থন করার জন্য।

The motion of Shri Gyan singh Sohanpal that the West Bengal Transport Undertakings (Prevention of Ticketless Travel) Bill, 1975, be taken into consideration, was then put and agreed to.

Clauses 1 and 2

The question that clauses 1 and 2 do stand part of the Bill was then put and agreed to.

Clause 3

Shri Biswanath Chakrabarti : Sir, I beg to move that in clause 3, in line 2, after the word "without", the word "obtaining" be inserted.

Sir, I also beg to move that in clause 3, in line 2, often the words "for the journey", the words "as soon as possible" be inserted

স্যার, ক্লজ ৩ তে যেটা আছে সেটা আমরা সামান্য অ্যামেন্ডমেন্ট করতে চেয়েছি, মন্ত্রিমহাশয়ের এটা নিতে অসুবিধা নেই। এতে আছে—"No person shall travel in any transport vehicle without a proper ticket issued for the journey".

ওখানে আমরা উইদাউটের পরে অবটেনিং কথাটা বসাবার জন্য বলেছি এবং পরে আজ সুন অ্যাজ পসেবল রেখেছি। যেহেতু ট্রামে এবং স্টেট ট্রান্সপোর্টে প্রায়ই অবটেনিং এর ব্যবস্থা নেই সেহেতু এই কথাটা থাকলে যাত্রীদের সুবিধা হয়, তা না হ'লে যাত্রীরা হ্যারাস্ড হয়। সুতরাং এটা গ্রহণ করতে মন্ত্রিমহাশয়ের কিছু অসুবিধা নেই, আমি তাঁকে এটা গ্রহণ করতে অনুরোধ করছি।

শ্রীজ্ঞান সিং সোহনপাল: স্যার, আমি এটা অ্যাকসেপ্ট করতে পারছি না। কেননা, আমরা এখানে বলেছি নো পারসন স্যাল ট্রাভেল ইন এনি ট্রান্সপোর্ট ভেহিকল উইদাউট এ প্রপার টিকেট। আর অ্যাজ সুন অ্যাজ পসিবল এটাও গ্রহণ করতে পারছি না, এটা একেবারে ভেগ টার্ম হয়ে যায়। সেজন্য আমি এই অ্যামেন্ডমেন্টের বিরোধিতা করছি।

The motions of Shri Biswanath Chakrabarti –

that in clause 3, in line 2, after the word "without", the word "obtaining" be inserted,

that in clause 3, in line 2, after the words "for the journey", the words "as soon as possible" be inserted, were then put and lost.

The question that clause 3 do stand part of the Bill was then put and agreed to.

Clauses 4 and 5

The question that clauses 4 and 5 do stand part of the Bill was then put and agreed to.

Clause 6

Shri Biswanath Chakrabarti : Sir, I beg to move that in clause 6(1), line 3, for the word "present", the word "purchase" be substituted, and also move that clause 6(1), line 3 the words "for examination" be omitted.

স্যার, আমি মনে করি এটা খুব গুরুত্বপূর্ণ অ্যামেন্ডমেন্ট। যে বিল আনা হয়েছে তাতে আছে যদি কেউ গাড়ি থেকে নেমে তার টিকেট প্রেজেন্ট করতে না পারে ফর একজামিনেশন তাহ'লে তাকে শাস্তি দেওয়া হবে। আমরা লক্ষ্য ক'রে দেখেছি ভিড়ের সময় অনেকেই গাড়িতে থাকতে থাকতে টিকেট কাটতে পারে না। ভিড়ের সময় এমন হয় কানডাক্টারকে না পেয়ে হয়ত কেউ টিকেট কাটতে পারে না এরকম ঘটনা ঘটে। সেইজন্য আমি অ্যামেন্ডমেন্ট দিয়ে বলেছি যে ঐ প্রেজেন্ট-এর জায়গায় পার্চেজ করুন এবং ফর একজামিনেশন এই কথাটা তুলে দিন।

শ্রীজ্ঞান সি সোহনপাল : স্যার, আমি এই দুটি অ্যামেন্ডমেন্ট অ্যাকসেপ্ট করতে পারছি না। টিকিট ফর একজামিনেশন প্রেজেন্ট করতে হবে এটা হ'ল কথা। আগে টিকেট পার্চেজ হবে তারপর তো প্রেজেন্ট হবে ফর একজামিনেশন।

The motions of Shri Biswanath Chakrabarti –

that in clause 3, in line 2, after the word "without", the word "obtaining" be inserted,

that in clause 3, in line 2, after the words "for the journey", the words "as soon as possible" be inserted, were then put and lost.

The question that clause 3 do stand part of the Bill was then put and agreed to.

The motions of Shri Biswanath Chakrabarti – that in clause 6(1), line 3, for the word "present", the word "purchase" be substituted and also that in clause 6(1), line 3, the words "for examination" be omitted, were then put and lost. The question that clause 6 do stand part of the Bill was then put and agreed.

Clause 7

Shri Biswanath Chakrabarti : Sir, I beg to move that in clause 7, line 13 to 15, for the words beginning "with imprisonment" and ending with "or with both" the words "according to the provisions of the Standing orders of the concerned Transport Undertaking" be substituted.

শ্রীবিশ্বনাথ চক্রবর্তী : মাননীয় স্পীকার মহাশয়, মন্ত্রীমহাশয় বললেন এটা হচ্ছে বিলের মধ্যে সবচেয়ে

গুরুত্বপূর্ণ ব্যাপার কারণ এটা হচ্ছে কনসাস অব দি এমপ্লয়ীজ। স্যার, অলরেডি স্টেট ট্রান্সপোর্ট, ট্রাম ওয়েতে স্ট্যানডিং অর্ডার রয়েছে যে, যদি কোন কর্মচারী উইলফুলি টিকেট না কাটে তাহ'লে তার বিরুদ্ধে প্রসিডিংস হয়, তার পে বন্ধ হতে পারে, তার প্রোমোশন আটকাতে পারে, সে ডিসচার্জ হতে পারে। কিন্তু এখান যে আইন বিল্লেস করা হচ্ছে তাতে বলা হচ্ছে ১ মাস জেল হতে পারে, এবং সেটা সামারি ট্রায়াল। আমার বক্তব্য হচ্ছে এই যে ওমিট হয়েছে এটা কে ডিটারমিন করবে, কে ডিসাইড করবে? আমার আশঙ্কা হচ্ছে এই আইনের সুযোগ নিয়ে বিশেষ করে ওয়ার্কারদের উপরে দমন, পীড়ন চালানো হবে, তাদের উপর স্টীম রোলার চালানো হবে। কাজেই অনুরোধ করছি ট্রান্সপোর্ট আণ্ডারটেকিংগুলোতে অলরেডি যে নিয়ম আছে সেটা বজায় রাখুন এবং দয়া করে আমার অ্যামেন্ডমেন্ট গ্রহণ করুন।

শ্রীজ্ঞান সিং সোহন পাল : স্যার, আমি এটা অ্যাকসেপ্ট করতে পারছি না। এটা অ্যাকসেপ্ট হয় না। তবে বিশ্বনাথবাবুকে আমি বলতে পারি যারা অনেস্ট এমপ্লয়ীই, যারা সিনসিয়ারলী চাকরি করবে তাদের ভয়ের কোন কারণ নাই। আমরা কাউকে আননেসেসারী অ্যারেস্ট করতে চাই না। আমরা অনেস্ট এমপ্লয়ীকে প্রটেক্ট করতে চাই, বাট নট আটে দি কস্ট অব ডিসঅনেস্ট।

The motion of Shri Biswanath Chakrabarti that in clause 7, lines 13 to 15, for the words beginning with "with imprisonment" and ending with "or with both" the words "according to the provisions of the Standing Orders of the concerned Transport Undertaking" be substituted, was then put and a division taken with the following result

NOES

Abdul Bair Biswas, Shri
Abdur Rauf Ansari, Shri.
Abdus Sattar, Shri.
Abedin, Dr. Zainal.
Bandopadhayay, Shri Shib Sankar.
Banerjee, Shri Mrityunjoy.
Bharati, Shri Ananta Kumar
Bhattacharya, Shri Keshab Chandra.
Biswas, Shri Kartic Chandra
Chattopadhay, Shri Sukumar.
Daulat Ali, Shri Sheikh.
De, Prof. Chanda Kumar.
Ghose, Shri Lalit Kumar.
Gyan sing Sohan pal Shri.
Halder, Shri Harendrai Nath.
Halder, Shri Manoranjan.

Hatui, Shri Ganesh.
Lakra, Shri Denis.
Mahapatra, Shri Harish Chandra.
Mahbubul Haque, Shri.
Mandal, Shri Arabinda.
Mandal. Shri Gopal.
Mandal, Shri Probhakar
Md. Safiullah, Shri.
Md. Shamsuzzoha, Shri.
Misra, Shri Kashinath.
Mitra, Shri Haridas.
Mitra, Shrimati Mira Rani.
Mohammad Dedar Baksh, Shri.
Molla, Tasmatulla, Shri.
Mondal, Shri Jokhi Lal.
Moslehuddin Ahmed Shri.
Mukherjee, Shri Subrata.
Mukhopadhyaya, Shri Ajoy.
Nurunnesa Sattar, Shrimati.
Palit, Shri Pradip Kumar.
Pramanik, shri Monoranjan.
Pramanik, Shri Puranjoy.
Roy, Shri Bireswar.
Roy, Shri Krishna Pada.
Sarkar, Shri Nil Kamal.
Shaw, Shri Sachi Nandan.
Sheth, Shri Balai Lal.
Sinha, Shri Atish Chandra.
Sinha Roy, Shri Bhawani Prosad.

AYES

Chakrabarti, Shri Biswanath.
Mitra, Shrimati Ila.
Murmu, Shri Rabindra Nath.

Omar Ali Dr. Sk.

Phulmali, Shri lal Chand.

Rai, Shri Deo Prakash.

Roy, Shri Aswini Kumar.

The Ayes being 7 and the Noes 45, the motion was lost.

The question that clause 7 do stand part of the Bill was then put and agreed to.

Clauses 8 to 15 and Preamble

The question that clauses 8 to 15 and Preamble do stand part of the Bill, was then put and agreed to.

Shri Gyan Singh Sohanpal : Sir, I beg to move that the West Bengal Transport Undertakings (Prevention of Ticketless travel) Bill, 1975, as settled in the Assembly, be passed.

The motion was then put and a division taken with the following result:

AYES

Abdul Bair Biswas, Shri.

Abdur Rauf Ansari, Shri.

Abdus Sattar, Shri.

Abedin, Dr. Zainal.

Bandopadhayay, Shri Shib Sankar.

Banerjee, Shri Mrityunjoy.

Bharati, Shri Ananta Kumar.

Bhattacharya, Shri Keshab Chandra.

Biswas, Shri Kartic Chandra.

Chattopadhay, Shri Sukumar.

Daulat Ali, Shri Sheikh.

De, Shri Asamanja.

De, Prof. Chanda Kumar.

Ghiasuddin Ahmed, Shri.

Ghose, Shri Lalit Kumar.

Ghosh, Shri Rabindra.

Ghosh, Shri Tarun Kanti.

Gyan Singh, Shri Sohanpal.

Halder, Shri Harendra Nath.
Halder, Shri Manoranjan.
Kar, Shri Sunil.
Lakra, Shri Denis.
Mahapatra, Shri Harish Chandra.
Mandal, Shri Arabinda.
Mandal. Shri Probhakar
Md. Safiullah, Shri.
Md. Shamsuzzoha, Shri.
Misra, Shri Kashinath.
Mitra, Shri Haridas.
Mitra, Shrimati Mira Rani.
Molla, Tasmatulla, Shri.
Mondal, Shri Jokhi Lal.
Mondal, Shri Sudhendu.
Moslehuddin Ahmed, Shri.
Mukhopadhyaya, Shri Ajoy.
Nurunnesa Sattar, Shrimati.
Palit, Shri Pradip Kumar.
Pramanik, shri Monoranjan
Pramanik, Shri Puranjoy.
Roy, Shri Bireswar.
Roy, Shri Krishna Pada.
Roy, Shri Suvendu.
Saha, Shri Radheraman.
Sarkar, Shri Nil Kamal.
Shaw, Shri Sachi Nandan.
Sheth, Shri Balai Lal
Singha Roy, Shri Probodh Kumar.
Sinha Roy, Shri Bhawani Prosad.
Willson-de Roze, Shri George Albert.

NOES

Chakrabarti, Shri Biswanath.

Mitra, Shrimati Illa.

Mukherjee, Shri Biswanath.

Murmu, Shri Rabindra Nath.

Omar Ali Dr. Sk.

Phulmali, Shri lal Chand.

The Ayes being 49 and the Noes 6, the motion was carried.

(At this stage the House was adourned for 20 minutes.)

[3.30 - 3.40 P.M.]

(After Adjournment)

The North Bengal University (Amendment) Bill, 1975

Shri Mrityunjoy Banerjee : Sir, I beg to introduce the North Bengal University (Amendment) Bill, 1975, and to place a statement as required under rule 72(1) of the Rules of Procedure and Conduct of Business in the West Bengal Legislative Assembly.

(Secretary then read the title of the Bill)

Shri Mrityunjoy Banerjee : Sir, I beg to move that the North Bengal University (Amendment) Bill, 1975, be taken into consideration

মাননীয় অধ্যক্ষ মহাশয়, এই প্রসঙ্গে দুই একটি কথা আপনার মাধ্যমে মাননীয় সদস্যদের কাছে রাখতে চাই। এই সংশোধনীটা একটা ফর্মেল প্রসেস। এর আগে আমরা অর্ডিন্যান্স করেছি সেপ্টেম্বর মাসে। যেটা সামপ্রতি ভারতের একটা অঙ্গরাজ্য হিসেবে পরিগনিত হচ্ছে, যেটা কিছু আগেও একটা স্বতন্ত্র রাজ্য ছিল--- সিকিম, তারই একটা কলেজ—থণ্ডুপ কলেজ গ্যাংটকে তার রাজ্যের নিকটবর্তী যে বিশ্ববিদ্যালয় নর্থ বেঙ্গল ইউনিভার্সিটি, তার কাছে ওরা অ্যাচিফলিয়েশন পেয়েছে। কিন্তু নর্থ বেঙ্গল ইউনিভার্সিটির টেরিটোরিয়াল জুরিসডিকসান আগেকার নর্থ বেঙ্গল ইউনিভার্সিটি অ্যাক্টের এর মধ্যে সীমাবদ্ধ আছে। তাই আমরা সেটা সংশোধন করে তার টেরিটেরিয়াল জুরিসডিসকশন বাড়িয়ে দিচ্ছি। তার ফলে সিকিমের এই থাণ্ডুপ কলেজটি নর্থ বেঙ্গল ইউনিভার্সিটি দ্বারা অ্যাফিলিয়েটড হতে পারবে। সেই মর্মে আজকে এই অ্যামেন্ডমেন্ট আনা হয়েছে।

শ্রী বিশ্বনাথ চক্রবর্তী : মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি এই বিল সম্পর্কে একটি সংক্ষিপ্ততম বক্তৃতা করতে চাই। যেটা মাননীয় মন্ত্রী মহাশয় বললেন যে সিকিমের থণ্ডুপ কলেজের পরীক্ষার্থীদের পরীক্ষা দেবার সুযোগ দেবার জন্য একটা অর্ডিন্যান্স করা হয়েছিল। যেটা খুব ভাল হয়েছে। মাননীয় মন্ত্রীমহাশয় জানেন আমরা একটা সিলেক্ট কমিটির সদস্য হিসেবে সিকিমে গিয়েছিলাম। আমাদের লেজিসলেটরদের মধ্যে যারা খুব তরুন সদস্য তাঁদের সঙ্গে এ নিয়ে আলাপ আলোচনা করেছি। এই সিকিম যে আমাদের একটি নতুন অঙ্গরাজ্য সে বিষয় কোন সঙ্গেই নাই। আমরা বিধান সভায় সিকিম আমাদের অঙ্গরাজ্য হওয়ার প্রস্তাবটা আমরা সোল্লাসে সমর্থন করেছি, সিকিমকে আমরা ওয়েলকাম করেছি। সিকিম নতুন একটা পার্বত্য রাজ্য। তার যে চাহিদা — ভারতবর্ষের অন্যান্য অঙ্গরাজ্যের সঙ্গে তালে তাল মিলিয়ে যেআজ চলতে চাচ্ছে। ভারতবর্ষের মূল যে প্রবাহ, যেটা নিঃসন্দেহে হচ্ছে

গণতান্ত্রিক প্রবাহ। তাদের আরও আমরা গণতান্ত্রিক প্রবাহে পরিণত করতে চাচ্ছি। সিকিমের এই প্রচেষ্টাকে সকলের সমর্থন করা উচিত। স্বভাবত সিকিমের এই থণ্ডুপ কলেজটি উত্তরবঙ্গ বিশ্ববিদ্যালয়ের অর্ন্তভুক্ত হওয়ায় বাঙালী হিসেবে আমরা গর্বিত এবং সেই কলেজের ছাত্ররা উত্তরবঙ্গ বিশ্ববিদ্যালয়ের ছাত্র হিসেবে পরীক্ষা দিতে পেরেছেন। সেজন্যও আমরা আনন্দিত এবং আগামী দিনেও তা তাঁরা পারবেন। তাদের ভেতরে এমন একটা ইচ্ছা ছিল। যে কলেজটা দিল্লী ইউনিভার্সিটির অ্যাফিলিয়েটেড হয়। এই রকম ইচ্ছা হয়ত এখনও আছে। আমি বলতে চাই — উত্তরবঙ্গ বিশ্ববিদ্যালয়ের সঙ্গেই এই থণ্ডুপ কলেজটির যুক্ত থাকাই ভাল যতদিন তারা তাদের নিজস্ব একটা বিশ্ববিদ্যালয় না করতে পারছে। এই নতুন পার্বত্য রাজ্যের রাজধানীতে ১০/১২ হাজারের মত লোক বাস করে। সেখানে ট্রাডিশনাল টিচিং হতে পারে না। প্রথম থেকেই যাতে সেখানে সিকিমের চাহিদা অনুযায়ী শিক্ষা হতে পারে, নতুন শিক্ষা পদ্ধতি গড়ে তুলতে পারে, সমস্ত আধুনিক বিজ্ঞানের কার্যকারি বিদ্যার সুযোগ নিতে পারে। তার ব্যবস্থা করতে হবে। যতদিন যেভাবে তারা গড়ে উঠতে না পাবে, ততদিন এই সঙ্গে থাক। কেবল থণ্ডুপে রাজধানী ব'লে নয়, যতদিন এর শহরে গঞ্জে ছোট শহরে কলেজ স্থাপিত না হচ্ছে বা নিজস্ব বিশ্ববিদ্যালয় গড়ে না উঠছে, ততদিন এই উত্তরবঙ্গ বিশ্ববিদ্যালয়ের সঙ্গে এটা থাক।

মাননীয় শিক্ষামন্ত্রীকে একটা কথা বলতে চাই — উত্তরবঙ্গ বিশ্ববিদ্যালয়ের কর্তাদের তিনি ব'লে দিন — তাঁরা যেন কলেজগুলির ইনস্‌পেকশন ব্যবস্থা করেন, এমনিতে তাঁরা ইনসপেকশন করেন না — এখন সিকিমের এই পাহাড় ঠেলে এই কলেজটির ইনসপেকশন করবেন কিনা সন্দেহ আছে। তাঁরা মালদহ, দার্জিলিং এর কলেজ পর্যন্ত ইনসপেকশন করতে পারেন না। এই ইনসপেকশন এর তাৎপর্য যেন উত্তরবঙ্গ বিশ্ববিদ্যালয়ের কর্তাবা একটু অনুভব করেন। এই কথা বলে আমার বক্তব্য এখানেই শেষ করছি।

[3.40–3.50 P.M.]

শ্রীকাশীনাথ মিশ্র ঃ মাননীয় অধ্যক্ষ মহাশয়, দি নর্থ বেঙ্গল ইউনিভার্সিটি (অ্যামেণ্ডমেন্ট) বিল, ১৯৭৫ ব'লে যে বিল মাননীয় মন্ত্রীমহাশয় এনেছেন সেই বিলকে সমর্থন করতে গিয়ে মাননীয় সদস্য এব আগে যা বললেন সেই কথাই আমি অনুরূপভাবে বলছি। আমাদের পার্বত্য এলাকার লোকের শিক্ষার স্পৃহা আছে। তাদের সেই শিক্ষার স্পৃহার পেছনে আমাদের সরকারের সহযোগিতা আছে। তাই তাদের আমাদের পশ্চিম বাংলাব একটা বিশ্ববিদ্যালয়ে — নর্থ বেঙ্গল বিশ্ববিদ্যালয়ে পবীক্ষার সুযোগ ক'রে দেওয়া হচ্ছে। এটা আজ আমাদের গৌরবের বিষয় ব'লে আমি মনে করি। আমি এই কথা আমাদের অঙ্গরাজ্য হিসাবে ভারতবাসী হিসাবে বলবো। আমি এই কথা আমাদের অঙ্গরাজ্য হিসাবে তাদের শিক্ষার প্রতি স্পৃহা ও তাদের প্রতি আমাদের শিক্ষামন্ত্রী যে উদারতা দেখিয়েছেন তা সত্যই প্রশংসনীয়। সেখানে ঐ থণ্ডুপ কলেজ সেখানে ছাত্র-ছাত্রীরা যখন আমরা সেখানে গিয়েছিলাম তখন তারা আমাদের বলেছিল যে তারা দিল্লী ইউনিভার্সিটির আন্ডারে যেতে চায়। আমাদের সঙ্গে তখন শিক্ষামন্ত্রী মহাশয়ও ছিলেন। তাঁর সঙ্গে তাদেব কথাবার্তাও হয়েছিল। আজকে সেই কলেজের ছেলেরা ও মেয়েরা অর্থাৎ ছাত্রছাত্রীরা নর্থ বেঙ্গল ইউনিভারসিটিতে পরীক্ষা দেবে। স্যার, এই বিলে বলবার বিশেষ কিছু নেই। আমাদের পাশের অঙ্গরাজ্য তাদের শিক্ষার প্রতি স্পৃহা আমাদের সবকারকে অভিভূত করেছে। তাদের শিক্ষা প্রসারের দিকে আমাদের পশ্চিমবঙ্গ সরকারের দৃষ্টি আছে — এই বিল আনার মাধ্যমেই তা বোঝা যায়। তাই এই বিলকে সমর্থন ক'রে মাননীয় শিক্ষামন্ত্রী মহাশয়কে ধন্যবাদ জানিয়ে আমি আমার বক্তব্য শেষ করছি।

শ্রীমৃত্যুঞ্জয় বন্দ্যোপাধ্যায় ঃ মাননীয় অধ্যক্ষ মহাশয়, এই বিল সম্বন্ধে মাননীয় দুইজন সদস্য তাঁদের বক্তব্য রেখেছেন ও তাঁরা সমর্থন করেছেন। আমার দীর্ঘ উত্তর দেবার কিছু নেই। তাঁরা যে কথা বলেছেন তাঁদের সঙ্গে আমিও একমত। আজকে তারা আমাদের সংগে এলেন তারা যাতে ভাবতে থাকেন তাই আমাদের সকলকে চেষ্টা করতে হবে। বিশ্ববিদ্যালয় কর্তৃপক্ষকে যাতে স্ট্যানডার্ড বাড়ে তার দিকে দেখতে হবে। এই ব্যাপারে ইনসপেকশান করলেই হবে না। ডেভালাপমেন্ট সংক্রান্ত ও কনস্ট্রাকটিভ কিছু কিছু হেল্প দেওয়া দরকার। আমরা সকলেই এই বিলে নূতন রাজ্য যারা শিক্ষার ক্ষেত্রে এগিয়ে যেতে চায় তাদের সাহায্য করবার জন্য — এগিয়ে নিয়ে যেতে

আমরা প্রস্তুত আছি। এই কথা ব'লে আপনার মাধ্যমে মাননীয় সদস্যদের ধন্যবাদ জানিয়ে আমি আমার বক্তব্য শেষ করছি।

The motion of Shri Mrityunjoy Banerjee that the North Bengal University (Amendment) Bill, 1975, be taken into consideration, was then put and agreed to.

Clauses 1 to 3 and Preamble

The question that clauses 1 to 3 and Preamble do stand part of the Bill was then put and agreed to.

Shri Mrityunjoy Banerjee : Mr. Speaker, Sir, I beg to move that the North Bengal University (Amendment) Bill, 1975, as settled in the Assembly be passed.

The motion was then put and agreed to

The Rabindra Bharati (Temporary Supersession) Bill, 1975

Shri Mrityunjoy Banerjee : Mr. Speaker, Sir, I beg to introduce the Rabindra Bharati (Temporary Supersession) Bill, 1975, and to place as statement as required under rule 72(1) of the Rules of Procedure and Conduct of Business in the West Bengal Legislative Assembly.

(Secretary then read the Title of the Bill)

Shri Mrityunjoy Banerjee : Mr. Speaker, Sir, I beg to move that the Rabindra Bharati (Temporary Supersession) Bill, 1975, be taken into consideration.

শ্রীমৃত্যুঞ্জয় বন্দ্যোপাধ্যায় : মাননীয় অধ্যক্ষ মহাশয়, এই প্রসঙ্গে আপনার অনুমতি নিয়ে আমি এই হাউসের সামনে কতকগুলো কথা রাখতে চাই। এই সংশোধনী বিলটি বাস্তবিকই খুব গুরুত্বপূর্ণ। আমাদের সরকারের পক্ষ থেকে এই নীতি মেনে চলে আসছে যে আমরা মোটামুটিভাবে বিভিন্ন শিক্ষাপ্রতিষ্ঠানের স্বাধিকারে তাদের নিজেদের পরিচালন ব্যবস্থার উপর হস্তক্ষেপ করব না। কিন্তু রবীন্দ্রভারতী বিশ্ববিদ্যালয়ের ব্যাপারে আমরা হস্তক্ষেপ করেছি। কোন বিশেষ ব্যক্তি বা কোন বিশেষ অফিসারের যে প্রাত্যহিক কার্যকলাপ তার ঠিক নিন্দা করব এই উদ্দেশ্য নিয়ে নেমে, আমরা এটা একটা বড় রকমের পরিবর্তন আনবার উদ্দেশ্যে এইরকম বড় পদক্ষেপ গ্রহন করেছি। যেমন আমরা কিছুদিন আগে কল্যানী বিশ্ববিদ্যালয়ের ক্ষেত্রে, তার সাংগঠনিক উন্নয়নের উদ্দেশ্যে সেটাকে আমরা দুভাগে বিভক্ত করেছিলাম। এই সরকার শাসনক্ষমতায় আসার পর থেকে লক্ষ্য ক'রে আসছিলাম রবীন্দ্রভারতী বিশ্ববিদ্যালয় যে উদ্দেশ্যে প্রতিষ্ঠিত হয়েছিল সেই উদ্দেশ্য পূরণ করতে সেখানকার বিভিন্ন কর্তৃপক্ষ পারেন নি। রবীন্দ্রভারতী বিশ্ববিদ্যালয় প্রতিষ্ঠাতার একটা প্রধান উদ্দেশ্য ছিল আমাদের দেশের মহামানব মহামনিষী কবিগুরুর যে আদর্শকে সামনে রেখে নিজের জীবন চালিত করেছিলেন, শিক্ষা সম্বন্ধে বিভিন্ন লেখায় যে মত দৃঢ়ভাবে পোষণ করেছিলেন তাঁর সেই জীবন ও আদর্শ যতটা সম্ভব ফুটিয়ে তোলার উদ্দেশ্য ছিল এই রবীন্দ্রভারতী বিশ্ববিদ্যালয় প্রতিষ্ঠাতায়। এই ব্যাপারে আমরা কিন্তু মনে করি এবং আমাদের সঙ্গে অনেক শিক্ষাবিদ, অনেক উচ্চ পর্যায়ের শিক্ষা সংক্রান্ত সংসদ তাঁরাও এই মত পোষণ করেন যে সেই আদর্শ এবং সেই নীতি রবীন্দ্রভাবতী বিশ্ববিদ্যালয় কার্য্যক্ষেত্রে রূপায়িত করতে পারেন নি। বরং আস্তে আস্তে এই বিশ্ববিদ্যালয়ের

কর্তৃপক্ষ সেই নীতি থেকে দূরে চলে যাচ্ছিলেন। মাননীয় অধ্যক্ষ মহাশয়, আপনি জানেন, আপনি যদি হাওড়া স্টেশনে যেতে চান এই অ্যাসেম্বলী থেকে তার জন্য স্ট্র্যাণ্ড রোডের পথটা ধরতে পারেন অথবা ব্রাবোর্ণ রোডের পথটা ধরতে পারেন। কিন্তু তা না ক'রে এখান থেকে ধর্মতলা হয়ে তারপর কলেজ স্ট্রীট, তারপর অন্য পথ হয়ে শ্যামবাজার হয়ে তা রপর যদি হাওড়া স্টেশনে যান তাহ'লে নিশ্চয় আমরা সেই পথটাকে বিকৃত পথ ব'লে ধ'রে নেব। এই রবীন্দ্রভারতী বিশ্ববিদ্যালয়ের পক্ষেও এই অবস্থা হয়েছিল। আমরা এই চিন্তার বশবর্তী হয়ে তার কার্যকলাপ বহু দিন ধ'রে লক্ষ্য ক'রে এসেছি এবং এই সিদ্ধান্ত নিয়েছি। এই কাজটিকে ত্বরান্বিত করেছে ইউ জি সি। ইউনিভারসিটি গ্রান্ট কমিশনের ভিজিটিং টিমের রি পোর্ট আপনার অনুমতি নিয়ে তার দু একটা অংশ এই হাউসের সামনে রাখতে চাই যেটা মোটামুটিভাবে ইউনিভারসিটি গ্রান্ট কমিশন মেনে নিয়েছেন।

[3.50-4.00 p.m.]

Extracts from the report of the Visiting Committee appointed by the University Grants Commission to assess the Fifth Plan requirement of the Rabindra Bharati.

The visit to the Rabindra Bharati University created a strong feeling of depression among the members of the Committee. Although the preamble to the University Acts quotes Tagore to say "We entertain a much constructed idea of culture and tend to limit it within the boundary lines of grammar and laboratory, completely ignoring the aesthetic aspect of life", it is not reflected in the activities of this institution. Discussion with the administration or the faculty did not reveal any desire on their part to restore and maintain the original character of the University. The University was started to translate the ideals of Rabindranath Tagore into action. At the initial stage, diploma courses in music, dance and drama were organised Subsequently post-graduate diploma courses in drama, M.A. in dance and music, arts and fine arts were also introduced. Later the study of Bengali and Sanskrit literature was also started. But the introduction of M.A. course in History, Political Science, Economics, etc. distorted the original character of the University and tended to transform it into a prototype of the other two universities in the city of Calcutta. The University, thus has very little of special character of its own which it could easily develop by giveng a new dimension off fine arts. Even after introducting the study of humanities, the University could have easily developed a character of its own by giving new courses, such as philosophy of arts, comparative literature, western theory of arts, Asian arts, etc. But the University has not given any thought to this problem, as was evident throughout our discussion. None seemed to be enthusiastic about making it a fine arts-biased University with special emphasis on Tagore Studies. For a University of the type of the Rabindra Bharati, as orginally envisaged, it was not necessary to introduce Economics and Political Science. These subjects can have no active links with the faculty of fine arts. Already larger number of students are

reading Economics, History, Philosophy and Political Science, and by sheer numbers they dominate various aspects of campus life. The present situation can be attributed to a complete absence of leadership in the University at every level. The University has too many factions and the Vice-Chancellor is hardly effective to deal with them.

ইত্যাদি আরও অনেক কথা বলা আছে। আমি সব রিপোর্টটি পড়লে অনেক সময় লাগবে ব'লে পড়ছি না। বোঝা যাচ্ছে সামগ্রিকভাবে এই বিশ্ববিদ্যালয়ের সংগঠন বা পরিচালন ব্যবস্থার পরিবর্তনের প্রয়োজন ছিল।

তাই আমরা যে ব্যবস্থা অবলম্বন করেছি অর্ডিন্যান্স জারি ক'রে যেটা সমর্থনের জন্য আজকে বিল আকারে উত্থাপন করা হয়েছে সেটা একটা নিশ্চয় বড় রকমের পদক্ষেপ — সেটা ফার্স্ট এডও নয়, ইনজেকশনও নয়, সেটা নিশ্চয় একটা বড় সার্জিকেল অপারেশন — সেই কারণে এই সংশোধনী বিলটি এখানে রাখা হয়েছে। মাননীয় অধ্যক্ষ মহাশয়, আপনি নিশ্চয় লক্ষ্য করেছেন এই ইউনিভার্সিটি পরিচালন ব্যাপারে যেসব বডিগুলি আছে তার প্রায় সব কটিই সুপারসেসন — তার পরিবর্তে কয়েকজন এক্স অফিসিও সদস্য আছেন, একজিকিউটিভ কাউন্সিল এবং নূতন ভাইস-চ্যান্সেলর নিয়োগের কথা বলা আছে — তবে সেই ভাইস চ্যান্সেলর যিনি ইতিমধ্যে কার্যভার গ্রহণ করেছেন তিনি মনে করলে তাঁর বিভিন্ন বিষয় দেখবার জন্য কোন ব্যক্তির সঙ্গে পরামর্শ করতে পারবেন অথবা অনুরূপ বডি তৈরি করতে পারবেন। এটা ঠিক যে একবার একটা কাঠামো দাঁড়িয়ে গেলে, একবার কলেবর বৃদ্ধি হ'লে সেই কলেবরকে ছোট ক'রে খাটো ক'রে নিজেদের খুশীমত তৈরী ক'রে নেওয়া খুব শক্ত — মাননীয় অধ্যক্ষ মহোদয়, আমরা সাধারণ জীবনে দেখেছি যে একটি রোগা মানুষ মোটা হতে পারে, কিন্তু একবার মোটা হয়ে গেলে তার রোগা হওয়া খুব শক্ত হয়ে দাঁড়ায় — এই ব্যাপারে বিলাতে একজন বিশেষজ্ঞ পারকিনসন সাহেব তিনি কিছু আইন প্রণয়ন করেছেন, আইনের কথা বলেছেন যেখানে কলেবর বৃদ্ধি পরিচালন ব্যাপারে বেশ সুন্দর তথ্য পরিবেশন করা আছে — তবে আমরা একজন বেশ, জ্ঞানী, গুনী, অভিজ্ঞ ব্যক্তিকে উপাচার্যের দায়িত্ব দিয়েছি। তিনি এই ব্যাপারে ইউ জি সি ভিজিটিং টিমের দ্বারা যে কমিটি গঠনের কথা বলা হয়েছে, সেই কমিটি গঠনের ব্যবস্থা করতে চলেছেন। তবে আমার বিশ্বাস পশ্চিমবাংলার শিক্ষাব্রতী মনীষিগণের সকলের মিলিত চেষ্টায় — এই যে ফাঁকটি হয়ে গেছে এটা হয়ত ঠিক আইন ক'রে সংশোধন করা যাবে না — সবাই মিলে গঠন মূলক মনোভাব নিয়ে সহযোগিতা করতে এগিয়ে এলে হয়ত রবীন্দ্রভারতী যেভাবে চলছিল তার ধারা, পাল্টে রবীন্দ্রনাথের আদর্শকে পুনঃপ্রতিষ্ঠিত করা যাবে — এই কথা কটি ব'লে আমি এই বিলটি উত্থাপন করলাম।

শ্রীবিশ্বনাথ চক্রবর্তী : মাননীয় অধ্যক্ষ মহাশয়, রবীন্দ্রভারতী সাময়িক সুপারসেসান বিল যেটা শিক্ষামন্ত্রী এনেছেন এটা তাঁর ভাষাতেই বলি "অত্যন্ত গুরুত্বপূর্ণ বিল" — কেননা, এর ভালমন্দ নানা দিক থেকে আমাদের সকলের গভীরভাবে চিন্তা করার ব্যাপারে আছে। পশ্চিমবাংলায় এটা একটা অভূতপূর্ব ঘটনা যে একটা বিশ্ববিদ্যালয়ের গণতান্ত্রিক পরিচালন ব্যবস্থা, যে সম্পর্কে আমরা খুব সংবেদনশীল সেনসিটিভ — আমরা সকলেই বিশ্ববিদ্যালয়ের স্বাধীন গণতান্ত্রিক পরিচালনার কথা ব'লে থাকি এবং আমাদের মন্ত্রীমহাশয় বলেন তাতে হস্তক্ষেপ না করা — তার দ্বারা সেইরকম একটা বিশ্ববিদ্যালয় পরিচালন ব্যবস্থা সম্পূর্ণভাবে নিয়ে নেওয়া হ'ল এবং একজন ভাইস-চ্যান্সেলরকে সরকার নিযুক্ত করলেন যাঁর হাতে বিশ্ববিদ্যালয় পরিচালনার যতগুলি সংস্থা আছে তার সমস্ত ক্ষমতাই দিয়ে দেওয়া হয়েছে। মাননীয় অধ্যক্ষ মহাশয়, মুশকিল হচ্ছে যে প্রায় নেসেসারি ইভিল — তার কথাই মনে হচ্ছে — আপনি লক্ষ ক'রে দেখবেন এই আইনে উপাচার্যের হাতে যে ক্ষমতা দেওয়া হয়েছে তা ডিকটেটারী ক্ষমতা এবং যিনি নূতন উপাচার্য নিযুক্ত হয়েছেন তিনি প্রবীণ, প্রাক্তন উপাচার্য — তিনি কিভাবে এই ক্ষমতা প্রয়োগ করবেন তার উপর রবীন্দ্রভারতী পরিচালন অনেকখানি নির্ভর করবে। কেননা, সম্প্রতিকালে কোন বিশ্ববিদ্যালয়ের উপাচার্যের হাতে এইরকম ক্ষমতা নেই। সুতরাং এর মধ্যে ভাল দিকও আছে, আশঙ্কার দিকও প্রচুর আছে — এই আশঙ্কার কথাই ভাবছি।

[4.00-4.10 P.M.]

লেখাপড়া চালনা সম্পর্কিত যে কমিটিগুলি আছে যেমন অ্যাকাডেমিক কাউন্সিল বা অন্যান্য কমিটি এই সুপারসেসন অ্যাক্টের ফলে সেগুলি পর্যন্ত সুপারসিডেড হয়েছে। এর ফলে সবই এখন ভাইস চ্যান্সেলারের হাতে। তিনি ইচ্ছা করলে কমিটি ক'রে দিতে পারবেন, ইচ্ছা না করলে নাও করতে পারেন। সে ব্যাপারে স্যার, স্বভাবতঃ বিভিন্ন ডিপার্টমেন্টের প্রফেসার, রিডার যাঁরা আছেন তাঁদের পরামর্শ গ্রহণ করা হবে কিনা সে সম্পর্কে একটা আশঙ্কা অধ্যাপকমহলের মধ্যে রয়েছে। আমি সে সম্পর্কে মাননীয় শিক্ষামন্ত্রীমহাশয়কে একটু চিন্তা করতে অনুরোধ জানাচ্ছি এবং সে সম্পর্কে কিছু ডাইরেকশান দিতে বলছি। মাননীয় অধ্যক্ষ মহাশয়, রবীন্দ্রভারতী বিশ্ববিদ্যালয় যখন প্রতিষ্ঠিত হয় তখন তার উদ্দেশ্য সম্পর্কে ডাঃ বিধানচন্দ্র রায় জনসাধারণকে কিছু কথা বলেছিলেন। স্যার, আমি জানি না আজকের দিনে রবীন্দ্রনাথ ঠাকুরের নামে যে বিশ্ববিদ্যালয় সেই বিশ্ববিদ্যালয়ের আদর্শকে পুরোপুরি বর্তমান অবস্থায় রূপ দেওয়া সম্ভব কিনা, এ বিষয়ে নানান তর্ক উঠতে পারে। কেননা রবীন্দ্রনাথ যেভাবে বিশ্ববিদ্যালয় করতে চেয়েছিলেন আজকে এই বিজ্ঞান ও কারিগরী বিদ্যার উন্নতির যুগে বা এই আণবিক যুগে সেইভাবে বিশ্ববিদ্যালয় করা যায় কিনা আমি জানি না, তবে স্যার, এখানেও তো কথা উঠছে যে এক একটি বিষয়ের জন্য এক একটি বিশ্ববিদ্যালয় হোক -- আমরা এখানে বসেই দাবি করেছি, পশ্চিমবাংলায় একটা মেডিক্যাল ইউনিভার্সিটি করা হোক, ইঞ্জিনিয়ারিং ইউনিভার্সিটি করা হোক, ঠিক তেমনি চারু শিল্পের জন্য এখানে যদি একটা ইউনিভার্সিটি হিসাবে ঐ রবীন্দ্রভারতী থাকতো তাহলে পশ্চিমবাংলার চাহিদা অনেকটা মিটত। কিন্তু স্যার, এই রবীন্দ্রভারতী গড়ে ওঠার পর প্রথম থেকে আমরা দেখলাম এটাকে একটা অর্ডিনারী আর্টস টিচিং ইউনিভার্সিটি হিসাবে গড়ে তোলা হ'ল। স্যার, এতে হ'ল এই যে, যারা কলকাতা বিশ্ববিদ্যালয়ে ভর্তি হতে পারল না তারা কম নাম্বার পেয়ে রবীন্দ্রভারতীতে ভর্তি হল। স্যার, তাতে হ'ল এই যে, উই ইউজড টু গেট সাম সাব-স্ট্যাণ্ডার্ড এম এস ফ্রম দি রবীন্দ্রভারতী ইউনিভার্সিটি। স্যার, মানববিদ্যার বিভিন্ন বিষয়গুলি যা ওখানে পড়ানো হয় সে বিষয়গুলির গবেষণা পর্যন্ত ওখানে কিছু হয়নি। এমন কি স্যার, রবীন্দ্রভারতীর যাঁরা অধ্যাপক তাঁরা তাঁদের গবেষণা সাবমিট করেন কলকাতা বিশ্ববিদ্যালয়ে। স্যার, সবচেয়ে আশঙ্কার কথা হচ্ছে অর্থনীতি পড়াচ্ছে এই রবীন্দ্রভারতী বিশ্ববিদ্যালয়। স্যার, যেখানে সত্যি কথা বলতে গেলে আমরা মনে করি কলকাতা বিশ্ববিদ্যালয়ে যে অর্থনীতি পড়ানো হয় তাও দিল্লী বা লণ্ডনের স্ট্যাণ্ডার্ড অনুযায়ী নয় সেখানে যদি রবীন্দ্রভারতী অর্থনীতি পড়ায় তাহ'লে কি অবস্থাটা হয় একটু ভেবে দেখুন। সুতরাং স্যার, এটা লক্ষ্যভ্রষ্ট হয়েছে সে বিষয়ে কোন সন্দেহ নেই। তবে স্যার, আপনার মাধ্যমে মাননীয় শিক্ষামন্ত্রীমহাশয়কে বলি, আপনার, আমরা পার্শেই হোক বা যে কোন কারণেই হোক রবীন্দ্রভারতী বিশ্ববিদ্যালয় যখন কেবলমাত্র চারু শিল্পের বিশ্ববিদ্যালয় হিসেবে গড়ে ওঠে নি, সেখানে যখন মানববিদ্যার বিভিন্ন বিষয় পড়ানো হচ্ছে এবং তার জন্য বিভিন্ন ডিপার্টমেন্ট খোলা হয়েছে, কিছু অধ্যাপক নিযুক্ত হয়েছেন, কিছু ভালো ভালো লোকও গিয়েছেন পড়াতে তখন সেটাকে যদি এমনভাবে পরিবর্তন করেন যাতে আর হিউম্যানিটিস সেখানে পড়ানো হবে না, কেবলমাত্র সেটা চারুশিল্পের বিশ্ববিদ্যালয় হবে তাহ'লে বোধ হয় একটু ক্ষতিই হবে। কলকাতা বিশ্ববিদ্যালয়ের ছাত্রসংখ্যার অবস্থা যেখানে এইরকম সেখানে যখন কলকাতাতেই আর একটি বিশ্ববিদ্যালয় আমরা পেয়েছি এবং কেন্দ্রীয় সরকার, ইউ জি সি কিছু টাকা দেন তখন লেট আস গেট দি বেস্ট আউট অব ইট। সেকানে যাতে ভালো পড়ানো হয় বা তার স্ট্যাণ্ডার্ডটা যাতে ভাল হয় সেদিকে মাননীয় শিক্ষামন্ত্রী নজর দিন এই অনুরোধ করবো। আর নতুন ভাইস-চ্যান্সেলার যদি সেই ব্যাপারে কাজ করেন তাহ'লে নিশ্চয় ভাল হবে। মাননীয় অধ্যক্ষ মহাশয়, এই প্রসঙ্গে বলি, চারুশিল্পের জন্য একটা বিশ্ববিদ্যালয় আমাদের কিন্তু দরকার। আমাদের এখানে ধরুন ছবি আঁকার ব্যাপার নিয়ে বা চিত্রশিল্পের ব্যাপার নিয়ে রবীন্দ্রভারতী একটা বিশ্ববিদ্যালয়ের স্তরে শিক্ষা দিতে পারত। ইণ্ডিয়ান আর্ট কলেজ বা গভর্নমেন্ট আর্ট কলেজ যেগুলি আছে সেগুলি ওর অ্যাফিলিয়েটেড হতে পারতো। তাছাড়া, স্যার, কলকাতা শহরে বহু উচ্চ ধরনের মিউজিক কলেজ আছে সেগুলিও ওর অ্যাফিলিয়েটেড হতে পারত। তারপর আর একটি ব্যাপার হতে পারত, সেটি হচ্ছে, স্যার, এই কলকাতা শহর হচ্ছে শুধু ভারতবর্ষ নয়, সারা পৃথিবীর মধ্যে আমরা গর্ব ক'রে বলতে পারি,

আধুনিক নাটকের পরীক্ষা-নিরীক্ষার পীঠসংস্থান। কলকাতায় ছোট ছোট যে বিভিন্ন সৌখিন নাট্য সংস্থা আছে তারা মঞ্চের অভাবে বহু জায়গায় অভিনয় করতে পারে না। তারা কিন্তু অনেক উঁচু ধরণের নাটক অভিনয় করতে পারে। এ ব্যাপারে স্যার, রবীন্দ্রভারতী বিশ্ববিদ্যালয়ের স্তরে তাদের সাহায্য দিতে পারত, তাদের এনকারেজ করতে পারত। এগুলি কিন্তু করা হয় নি, অর্থাৎ চারুশিল্পের যে জগৎ পশ্চিমবাংলায় আছে তার সঙ্গে বিশ্ববিদ্যালয় স্তরে সংযোগ করার যে দায়িত্ব রবীন্দ্রভারতী বিশ্ববিদ্যালয়ের ছিল তা রবীন্দ্রভারতী করতে পারেনি। সেটা যদি নতুন উপাচার্য তাঁর আমলে করতে পারেন তা হলে নিশ্চয় ভাল হয়। ভবিষ্যতে স্যার, সরকার যদি এদিকে চিন্তা করেন তাহ'লে সংস্কৃতির জগতের মানুষরা সরকারকে নিশ্চয় সাহায্য ও সমর্থন করবেন। তারপর স্যার, পুরানো ম্যানাসক্রিপ্ট সম্পর্কে একটা কথা বলি। এখানে যতদূর আমার মনে আছে, দেদার বক্স সাহেব একটা প্রশ্ন করেছিলেন যে এশিয়াটিক সোসাইটির বহু বই নষ্ট হয়ে যাচ্ছে। এখন বাংলা সাহিত্যের বা প্রাচীন ইতিহাসের ম্যানাসক্রিপ্ট গুলি যত্ন করা বা সেগুলিকে এডিট করবার যে দায়িত্ব কলকাতা বিশ্ববিদ্যালয়ের তা তারা পালন করে না।

ইট হ্যাজ গ্রোন টু লার্জ ফর ইট। কলকাতা বিশ্ববিদ্যালয় এত বড় হয়ে গেছে যে একা সব অ্যালট করতে পারে না। যদি এই বিশেষ কাজগুলির জন্য প্রাচীন ভারতীয় সংস্কৃতির গবেষণার দায়িত্ব বিশ্ববিদ্যালয়কে দেওয়া হত তাহ'লে অনেকখানি পরিমাণে সে কাজ করতে পারত। এটাকে ওরিয়েন্টেড করা হয় নি। রবীন্দ্রভারতীর দৃষ্টিভঙ্গী পরিবর্তনের জন্য আমি বলব সরকার যদি নূতন ক'রে চিন্তাভাবনা করেন। তার অ্যাটিচুড বদলাবার জন্য এবং আমাদের সামাজিক জীবনে তার যে ইমপ্যাক্ট সেটাকে বদলাবার জন্য সরকার যদি অগ্রণী হন তাহ'লে নিশ্চয়ই সকলের সমর্থন পাবেন এই বিষয়ে কোন সন্দেহ নাই। আমি সেজন্য বলতে চাই এই ব্যাপারে উপাচার্য প্রতুলচন্দ্র গুপ্তের উপর সমস্ত দায়িত্ব না রেখে আপনি শিক্ষাবিদদের পরামর্শ নিন। সকলের পরামর্শ নিন যে কিভাবে আমরা রবীন্দ্রভারতীর পরিবর্তন করতে পারি এবং রবীন্দ্রনাথের আদর্শের কথা বলছি না, রবীন্দ্রনাথের নামে তৈরি করা বিশ্ববিদ্যালয় তাকে সেই স্তরে যাতে নিয়ে যেতে পারি, তার মান তৈরি করতে পারি সেই ব্যাপারে আমরা নিশ্চয়ই সাহায্য করব। আলোচনা করব একথা আমি তাঁকে বলি। আর তাঁকে একথা বলি যে এই সুপারসেসন এর আমরা সংশোধনী দিয়েছি। আমি সংশোধনীতে বলবার সময়ে বলব। আমি শুধু তাকে একটা কথা বলি, অনির্দিষ্টকাল, বহু দিন ধ'রে একজন উপাচার্য্যের হাতে বিশ্ববিদ্যালয়ের ক্ষমতা দিয়ে রাখা উচিত নয়, তাহ'লে কিন্তু ক্ষতি হবে। আমাদের দেশের অত্যন্ত দুঃখজনক অভিযোগ হচ্ছে — যে মানুষ হোক শিক্ষাজগতের। যত বড় পণ্ডিত হন তাঁদেরই একটা কিছু তোষামোদকারী গড়ে ওঠে, তাদেরই একটা কোটারী গড়ে ওঠে এবং যার ফলে – Please, for God's sake, don't replace the Executione Council by a coterie. আমার বক্তব্য হচ্ছে কোটারী দিয়ে আপনি একজিকিউটিভ কাউনসিল রিপ্লেস করবেন না, এটা আমার অনুরোধ। আর যাতে সুপারসেসন এর পিরিয়ড কমিয়ে রাখা যায়, আর সরকার করতে বাধ্য না হয় সেজন্য আমি তাকে অনুরোধ করছি। অনুরোধ করে রবীন্দ্রভারতী বিশ্ববিদ্যালয়ের বর্তমান যে অবস্থা সেই ব্যাপারে তাকে সমর্থন না ক'রে উপায় নেই। দ্বিতীয় আর একটা কথা বলতে চাই, খুব দুঃখের ব্যাপার শিক্ষামন্ত্রীমহাশয় জানেন, গত কয়েক বছর ধরে ছাত্ররা রবীন্দ্রভারতী বিশ্ববিদ্যালয়ের ইনটারনাল ম্যানেজমেন্ট এর যে রাজনীতি সেই রাজনীতি দেশের সাধারণ রাজনীতির সঙ্গে যুক্ত থাকতে পারে আবার নাও থাকতে পারে। শিক্ষাব্যবস্থার উপর, পরীক্ষা ব্যবস্থার উপর তাদের রাজনীতি আছে। কিন্তু দুঃখের কথা হচ্ছে রবীন্দ্রভারতীতে কয়েক বছর ধ'রে উচ্চস্তরের মানুষরা, উচ্চস্তরের কর্তা ব্যক্তিরা ছাত্রদের একটা অংশকে তাদের ইনটারনাল ম্যানেজমেন্ট এর রাইভাল ফ্যাকশান কাজে ব্যবহার করছে। রবীন্দ্রভারতীর যে অবস্থা হয়েছে, সেটা মন্ত্রীমহাশয়রা এর সকলেই জানেন। একই ছাত্রসংগঠনভুক্ত ছেলেরা পরস্পর পরস্পরের সঙ্গে মারামারি করছে। সন্ধ্যের ছেলেরা দিনের বেলার ছেলেদের সঙ্গে মারামারি করছে এবং এইরকম অনেক ঘটনা ঘটছে। ছাত্রদের আমরা অধিকার দিতে যাচ্ছি কলেজ এবং বিশ্ববিদ্যালয় পরিচালনার ব্যাপারে কিন্তু এখন যদি এইরকম ঘটনা ঘটে তাহ'লে দুঃখজনক ব্যাপার এবং এক্ষেত্রে উচ্চস্তরের ব্যক্তিরা তাদের ইউজ করছে। ভবিষ্যতে রবীন্দ্রভারতীতে যাতে ছাত্রদের এইরকমভাবে

মিসইউজ করা না হয়, তাদের প্রকৃত অধিকার দিয়ে পড়াশুনার ব্যাপারে যাতে ওপিনিয়ন নেওয়া হয়। এই ব্যাপারে কঠোরভাবে দেখবার জন্য মাননীয় শিক্ষামন্ত্রীমহাশয়কে অনুরোধ করি যদি শুধু উপাচার্য্য নয়, তাঁরও এই ব্যাপারে একটা দায়িত্ব আছে। এই টুকু ব'লে উপায় নেই ব'লে বিলটিকে সমর্থন ক'রে আমার বক্তব্য শেষ করছি।

শ্রীসুকুমার বন্দ্যোপাধ্যায় : মাননীয় অধ্যক্ষমহাশয়, আপনার মাধ্যমে একটা জরুরী বিষয়ের প্রতি দৃষ্টি আকর্ষণ করছি। এই বিধানসভার বাইরে হাওড়া থানার বর্মনিয়া গ্রামের কিছু বর্গাদারচাষী এসেছে, জোতদারের দ্বারা লাঞ্ছিত হয়ে, পীড়িত হয়ে, অপমানিত হয়ে। আই এন টি ইউ সি -র জেনারেল সেক্রেটারী পশ্চিমবঙ্গ শাখার শ্রীদয়ারাম বেরী, তাঁর আবেদন নিয়ে বাইরে অপেক্ষা করছেন। গ্রামীন কৃষক শ্রীনারায়নচন্দ্র বিশ্বাস, তাদের নিয়ে এসেছেন তাদের উপর যে অত্যাচার করা হয়েছে তার প্রতিকারের আশায়। আজকে এই বিধানসভায় মাননীয় ভূমিরাজস্বমন্ত্রী উপস্থিত নেই, স্বরাষ্ট্র দপ্তরের প্রতিমন্ত্রীও উপস্থিত নেই এবং মুখ্যমন্ত্রী মহাশয়ও উপস্থিত নেই, কিন্তু অন্যান্য মন্ত্রীরা এখানে রয়েছেন এবং আপনি রয়েছেন। তাই আপনার মাধ্যমে তাঁরা আজকে এই সরকারের দৃষ্টি আকর্ষণ ক'রে জানতে চান যে, বর্গাদার হওয়া অপরাধ কিনা? মাননীয় অধ্যক্ষমহাশয়, হাওড়া থানার বর্মনিয়া গ্রামের ৬০/৭০টা বর্গাচাষী তারা সকলেই তফসিল সম্প্রদায়ভুক্ত। তাঁরা প্রায় ২৬ বছর ধ'রে সেখানে চাষ করছিলেন, প্রায় ৫৬ বিঘা জমিতে এবং ৫০ বিঘা জমিতে এবং ১২১৪ খতিয়ানভুক্ত ৭২২ নম্বর দাগে তাঁরা বর্গাস্বত্ব রক্ষা ক'রে আসছিলেন। তাঁরা প্রতি বছর ঐ জমি থেকে ক্ষুধার অন্ন আহরণ করেন, প্রতি বছর ঐ জমির মাধ্যমে ৬০/৭০টি মানুষের উদরপূর্তি হয়। প্রতিবছর সেই জমির মাধ্যমে তারা এই পৃথিবীতে বেঁচে থাকার স্বপ্ন দেখে।

[4.10-4.20 p.m.]

কিন্তু মাননীয় অধ্যক্ষ মহাশয়, এবারে ঘটনা ঘটেছে বিপরীত। ঐ জোতদার এবং হাওড়া থানার পুলিস বাহিনী মিলে বিগত ৪ তারিখে ৫০ বিঘা জমির কাঁচা ধান কেটে নিয়েছে। শুধু তাই নয়, সেই তিনি চার শত মানুষের এক বিরাট জনতা হাতে শড়কি, বল্লম, বোমা, আগ্নেয়াস্ত্র ইত্যাদি নিয়ে দরিদ্র মানুষদের উপর তারা আক্রমণ করেছে এবং বর্গাচাষীদের স্বার্থরক্ষা করার জন্য হাওড়া থানার দারোগাবাবুকে যখন আবেদন করা হয়েছে, তখন দারোগাবাবু তাদের আবেদনপত্র ছিঁড়ে ফেলে দিয়েছে। অপর পক্ষে দুই তিন শত সশস্ত্র লোকের জনতা --- সেই জনতার নেতৃত্ব দিয়েছে জনৈক পুলিসের এ এস আই -- আমার কাছে মাননীয় অধ্যক্ষ মহাশয়, কাঁচা ধানের নমুনা আছে, যে ধান পাকতে গেলে আরও ২৫, ২৬দিন সময় লাগত, সেই ধানকে জোর ক'রে কেটে নেওয়া হয়েছে বর্গাচাষীকে উচ্ছেদ করার জন্য। যখন আমরা এই বিষয়ের উপর দৃষ্টি আকর্ষণ করি, আমাদের বলা হয়, আপনারা সুনির্দিষ্ট অভিযোগ পেশ করুন, আমাদের বলা হয় ঘটনার কথা বলুন, আমাদের বলা হয়, আমরা তদন্ত করছি, কিন্তু আজকে চোখের সামনে এই কাঁচা ধান --- ৫০বিঘা জমির কাঁচা ধান জোতদারেরা পুলিসের সহায়তায় কেটে নিয়ে গেছে, মাননীয় অধ্যক্ষ মহাশয়, আপনার মাধ্যমে মাননীয় মুখ্যমন্ত্রী মহাশয়ের কাছে তারা আবেদন করছে --- আমার কাছে আলোকচিত্র রয়েছে --- দরিদ্র তপসিল পরিবারের মানুষরা মাথায় হাত দিয়ে কাঁচা ধানের সামনে বসে আছে, কোন প্রতিকার নেই। প্রতিকার তারা চায় মাননীয় অধ্যক্ষ মহাশয়, এই সরকারের কাছ থেকে। এই সরকারই তাদের শিখিয়েছে গরিব হওয়া অপরাধ নয়, এই সরকারের যিনি নেতৃত্ব দিচ্ছেন, শ্রীমতী ইন্দিরা গান্ধী, তিনি এই ভারত বর্ষে গরিবী হটাবার নীতি গ্রহণ করেছেন, তিনিই বলেছেন হরিজনদের উন্নতি এই সরকারের একমাত্র লক্ষ্য। তাই আজকে আপনার সামনে আমরা জানতে চাইছি মাননীয় অধ্যক্ষ মহাশয়, এই যে দরিদ্র ভাগচাষী, বর্গাচাষী তাদের ২৬ বছরের অধিকার থেকে উৎখাত করা হল, যাদের বাস্তুচ্যুত করা হল, যাদের জমিচ্যুত করা হল এই জরুরী অবস্থার মধ্যে তার কোন প্রতিকার হবে কিনা। আমি জানি মাননীয় অধ্যক্ষ মহাশয়, আপনার সেই হৃদয় আছে, দরদ আছে, জীবনের বহুদিন আপনি দীন দরিদ্র মানুষের সঙ্গে আন্দোলন করেছেন। তাই আপনার কাছে বিচার প্রার্থনা করছি এবং আমরা বিশ্বাস করি এই বিধানসভার অধ্যক্ষ হিসাবে, এই বিধান সভার কাস্টডিয়ান হিসাবে আপনি আপনার মন্তব্য সহ আপনি আপনার সুপারিশ মাননীয় মুখ্যমন্ত্রী মহাশয়কে দেবেন এবং যদি সম্ভব হয়, মাননীয় অধ্যক্ষ মহাশয়, আপনার কাছে আমি অনুরোধ করব ঐ যে দরিদ্র মানুষরা যারা বিধানসভার বাইরে দাঁড়িয়ে রয়েছে তাদের সঙ্গে আমাদের কংগ্রেস নেতৃবৃন্দও রয়েছেন, তাঁরা আপনার

সঙ্গে দেখা ক'রে তাদের আবেদন আপনার কাছে রাখতে চায়, মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি আশা করি, আপনি সুবিচার করবেন এবং দরিদ্র মানুষদের রক্ষার ব্যবস্থা করবেন। আমি আপনার কাছে বর্গাচাষীদের আবেদনপত্র এবং কাঁচা ধান, যে ধান কেটে নিয়েছে জোতদাররা পুলিসের সহায়তায়, তা আপনার সামনে পেশ করতে চাইছি।

Mr. Speaker : Shri Sukumar Bandyopadhayay, I know that you have raised a matter in which all the honourable members are very much aggrieved and they are very anxious to give them protection. The Leader of the House is not present today but the Deputy Leader is present. I hope he will give an assurance to the bargadars that their grievances will be looked into by the Government.

শ্রীআবদুস সাত্তার : মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমাদের মাননীয় সদস্য সুকুমার বন্দ্যোপাধ্যায় মহাশয় যে দৃষ্টি আকর্ষণ করেছেন সরকারের এটা নিশ্চয়ই খুবই দুঃখজনক ঘটনা। আমরা বর্গাদারদের স্বার্থরক্ষার জন্য কমিটেড এবং আইনে সেই বিধান আছে এবং আইন পাস করা হয়েছে। আমি এইটুকু বলব আমার সমস্ত সভ্যদের, যে অভিযোগ তাঁরা নিয়ে এসেছেন, সেই অভিযোগ প্রমাণ হ'লে সরকার নিশ্চয়ই ব্যবস্থা গ্রহণ করবে এবং সরকার দেখবে যাতে ফসল রক্ষা হয়, এটাই হচ্ছে আমার বক্তব্য।

The Rabindra Bharati (Temporary Supersession)Bill, 1975

শ্রীকৃষ্ণপদ রায় : মাননীয় অধ্যক্ষ মহাশয়, আজকে মাননীয় শিক্ষামন্ত্রী মহাশয় রবীন্দ্রভারতী বিশ্ববিদ্যালয় সম্পর্কে যে বিল উত্থাপন করেছেন আমি সেই বিলকে সমর্থন করছি। মন্ত্রীমহাশয় তাঁর বক্তব্যের মধ্যে উল্লেখ করেছেন রবীন্দ্রভারতী বিশ্ববিদ্যালয়ের গত কিছুদিনের কার্যকলাপের কথা। বিগত কিছু সময় ধরে তারা রবীন্দ্রভারতী সম্বন্ধে যেসমস্ত সংবাদ সংবাদপত্রের মারফত এবং ঐখানকার ছাত্র ও অধ্যাপকদের মারফত জেনেছি তাতে আমাদের মনে হয়েছিল যে, রবীন্দ্রভারতী বিশ্ববিদ্যালয়ের আশেপাশে যে সংস্থান সেই সংস্থানটা পশ্চিমবাংলার একটা বড় ব্যবসা কেন্দ্র হিসাবে পরিচিত, পোস্তা অথবা বড়বাজার এবং এই রবীন্দ্রভারতী বিশ্ববিদ্যালয় ওখানকার ব্যবসায়ীদের একটা লীলাক্ষেত্র হয়ে গিয়েছিল। এটা ঠিক যে, যদি সরকার এই ধরনের প্রশাসনিক পরিবর্তনের কোন কার্যকরী ভূমিকা গ্রহণ না করতেন তাহ'লে রবীন্দ্রভারতী বিশ্ববিদ্যালয়ের যেটুকু অবশিষ্ট ছিল সেটুকুকেও হয়ত আর বাঁচানো সম্ভব হত না। আমার আগে বিশ্বনাথবাবু বক্তব্য রেখেছেন এবং বিশ্বনাথবাবু পরিপূর্ণভাবে শিক্ষামন্ত্রীর এই বিলকে সমর্থন করতে পারেননি, আংশিকভাবে সমর্থন করেছেন। তিনি হয়ত স্বভাবসুলভ বিরোধিতার মনোভাব নিয়েই এখনও আছেন, তাই কবি কবি ক'রেও করতে পারলেন না এবং সেইজন্য বললেন একটু রেখে করছি। আমি স্যার, আজকে হাউসে এই বিল ওঠার আগে শিক্ষামন্ত্রীকে হাসতে হাসতে বলছিলাম যে, এই বিশ্ববিদ্যালয়ের সঙ্গে একজন বিদুষী মহিলার নাম যুক্ত ছিল, আন্তর্জাতিক মহিলা বৎসরে আপনি কি তাঁকে কোন নতুন পুরস্কার দিলেন? কিন্তু একথা ঠিক যে রবীন্দ্রভারতী বিশ্ববিদ্যালয়ে যে অবস্থার সৃষ্টি হয়েছিল সেই অবস্থা থেকে রবীন্দ্রভারতীর মত পশ্চিমবঙ্গের একটা বিরাট শিক্ষাপ্রতিষ্ঠানকে বাঁচানোর জন্য সরকার যে ব্যবস্থা গ্রহণ করেছেন এছাড়া আর অন্য পথ নেই। বিশ্বনাথবাবু বলেছেন শুধুমাত্র বর্তমান উপাচার্যের হাতে অনেক ক্ষমতা দেওয়া হয়েছে এবং অধ্যাপকদের সম্পর্কে তিনি নিরাশা প্রকাশ করেছেন — অধ্যাপকমণ্ডলী কিভাবছেন, একথাও বলেছেন। আমি স্যার, কোন অধ্যাপকের নাম না নিয়ে বলছি — ছাত্র সংগঠনের সঙ্গে আমি দীর্ঘদিন যুক্ত ছিলাম, আজও যুক্ত আছি, আমি দায়িত্ব নিয়ে বলতে পারি রবীন্দ্রভারতী বিশ্ববিদ্যালয়ের ছাত্র সমাজ এবং ছাত্র সংগঠনগুলিকে এই ধরনের অবাঞ্ছিত কার্যকলাপে লিপ্ত হতে হয়েছে রবীন্দ্রভারতী বিশ্ববিদ্যালয়ের অধ্যাপকদের অন্তর্দলীয় কলহের ফলেই। আমি স্যার, এমন অধ্যাপককে জানি যিনি শুধু পশ্চিম বঙ্গের নয় ভারতবর্ষের একজন নামকরা সঙ্গীত শিল্পী। তাঁর দায়িত্ব ছিল সেখানে সঙ্গীত শিক্ষা দেওয়া।

কিন্তু তিনি নিজের ইচ্ছাকে প্রতিষ্ঠিত করার জন্য স্কুল কলেজ ছেড়ে দিয়ে মাঝে মাঝে ক্যারামের ক্লাবে ঘোরাঘুরি করছিলেন এবং ক্লাশের সময় ৮/১০ জন লোক নিয়ে আসতেন। গেট থেকে উপাচার্য্যের ঘর পর্যন্ত এই লোকেরা দাঁড়াত আর তিনি গিয়ে খাতায় সই ক'রে চলে আসতেন।

[4.20-4.30 p.m.]

এবং যেকথা আমি আগে বলেছি এই বিশ্ববিদ্যালয়ের আশেপাশে কিছু অঞ্চল আছে যেগুলি সম্বন্ধে কলকাতার মানুষ জানেন এগুলি সমাজবিরোধীদের জন্য বিখ্যাত। এর ফলে অনিবার্যভাবে এখানে রবীন্দ্রনৃত্যের পরিবর্তে অন্য নৃত্য হত। এর হাত থেকে বাঁচানোর জন্য এই সরকার যে ব্যবস্থা গ্রহণ করেছেন তার জন্য ধন্যবাদ জানাচ্ছি। আমরা যাঁরা গণতান্ত্রিক শিক্ষাব্যবস্থায় বিশ্বাস করি এবং শিক্ষাক্ষেত্র থেকে দুর্নীতি দূর করতে চাই তাঁদের উচিৎ বর্তমান উপাচার্য্যকে সাহায্য ও সহযোগিতা করা যাতে এই বিশ্ববিদ্যালয়ের হৃত গৌরব পুনরুদ্ধার হতে পারে। এই কথা ব'লে সরকারের এই বলিষ্ঠ পদক্ষেপকে আমি সমর্থন জানিয়ে শেষ করছি।

শ্রীমৃত্যুঞ্জয় বন্দ্যোপাধ্যায়ঃ মাননীয় অধ্যক্ষ মহাশয়, যে দুজন মাননীয় বক্তা এখানে বললেন তাঁরা উভয়েই সমর্থন করেছেন এই বিলকে। তবে বিশ্বনাথবাবু আশা পোষণ করেছেন যাতে এটা কার্যকরী হয় এবং যাঁকে আমরা সাময়িকভাবে উপাচার্য্য হিসেবে নিয়োগ করেছি তিনি যেন সমস্ত ক্ষমতা নিজে প্রয়োগ করতে গিয়ে তাঁর নীতি থেকে বিচ্যুত না হন। আমি এই কথা জানি ব'লে আমার প্রারম্ভিক ভাষণেই বলেছি কাজটা খুব শক্ত এবং শুধু আইন করে বা একজন উপাচার্য্যকে সরিয়ে এটা সম্পন্ন করা যাবে না। বরং এবিষয় সকলকে সহযোগিতা করা হবে — বিশেষ করে এনটায়ার ফ্যাকালটি অব রবীন্দ্রভারতী, ছাত্রসংগঠন, শিক্ষা অনুরাগী ব্যক্তিরা এবং রবীন্দ্রভক্তরা, রবীন্দ্রনাথ তাঁর আদর্শকে রূপায়িত করার জন্য কিছু কিছু চেষ্টা করেছিলেন — আমি বলব না তাঁর সমস্তই সফল হয়েছিল — তবে তাঁরা নির্দিষ্ট পথকে অনুসরণ ক'রে তাঁর আর্দশকে রূপায়িত করার চেষ্টা করতে হবে। এ বিষয় ইউ জি সি চিন্তা করেছেন এবং তাঁরা তাঁদের রিপোর্টে যে সুপারিশ করেছেন সেটা হাউসের সামনে রাখছি। একটা কমিটি কিভাবে রবীন্দ্রভারতীর পরিচালন ব্যবস্থায় তার কাঠামো, তার বিভিন্ন ফ্যাকলটিকে রিঅরগ্যানাইজ করে যায় সেটা অনুসন্ধান করে তাঁর রিপোর্ট দাখিল করবেন। সেই কমিটিতে বিভিন্ন বিষয়ের প্রতিনিধি থাকবেন, সরকারী প্রতিনিধি থাকবেন। খুব সম্ভব অল্পদিনের মধ্যে এই কমিটি নিয়োগ করতে পারব। সকলে যদি এই কমিটিকে সাহায্য করি তাহ'লে এই বিল সংশোধনের মাধ্যমে আমরা কিছুটা আদর্শকে বাস্তবে রূপায়িত করতে পারব।

The motion of Shri Mrityunjoy Banerjee that the Rabindra Bharati (Temporary Supersession) Bill, 1975, be taken into consideration, was then put and agreed to.

Clauses 1 and 2

The question that clauses 1 and 2 do stand part of the Bill was then put and agreed to.

Clause 3

Mr. Speaker : There are amendments to clause 3 by Shri Biswanath Chakrabarti. I now call upon Shri Biswanath Chakrabarti to speak.

Shri Biswanath Chakraborti : Mr. Speaker, Sir, I beg to move that in clause 3(1), line 6, for the words "one year" the words "six months" be substituted.

Sir, I also move that clause 3(2) be omitted.

স্যার, আমি আমার আগের বক্তৃতায় যে কথা বলেছি সেই সুপারসেশন পিরিয়ড সম্পর্কে আমি

অ্যামেণ্ডমেন্ট দিয়েছি। এই আইনে ১ বছরের কথা বলা হয়েছে এবং তারপর সরকার ইচ্ছা করলে টাইম টু টাইম এক্সটেনসান করতে পারবেন। সেখানে আমি ৬ মাস বেঁধে দিতে চাই। পরের ক্লজটা ওমিট করতে চাই। তবে খুব গুরুত্বপূর্ণ ব্যাপারে শিক্ষামন্ত্রীমহাশয় যেভাবে বললেন যে রবীন্দ্রভারতী বিশ্ববিদ্যালয়ের সঙ্গে সংশ্লিষ্ট সকলের এবং শিক্ষানুরাগীদের বক্তব্য শুনে কিভাবে বিশ্ববিদ্যালয়কে পুনরায় সংগঠিত করা যায়, নতুন ডাইরেকশান দেওয়া যায় সেটা ভাববেন, সেইভাবে যদি ভাবেন তাহ'লে আমি আর আমার অ্যামেণ্ডমেন্ট মুভ করব না।

শ্রীমৃত্যুঞ্জয় বন্দ্যোপাধ্যায় : মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি এই সংশোধন গ্রহণ করতে পারছি না। উনি নিজেই ব্যাপারটা কত শক্ত তা বুঝিয়ে বলবার চেষ্টা করেছেন। শক্ত জিনিস সংগঠিত করতে হ'লে নিশ্চয়ই সময় লাগবে। আমি ওঁকে অনুরোধ করব যাতে উনি সংশোধনটি তুলে নেন.

Shri Biswanath Chakrabarti : Sir, after the speech of the Minister I withdraw amendments.

Mr. Speaker : Then you will have to ask for leave of the House to withdraw your amendments. If the House grants the leave then you can withdraw the amendments.

শ্রীবিশ্বনাথ চক্রবর্তী : তাহ'লে স্যার, আপনি ওটা ভয়েস ভোটে দিয়ে দিন।

The motions of Shri Biswanath Chakrbarti that in clause 3(1), line 6, for the words "one year" the words "six months" be substituted, and that clause 3(2) be omitted were then put and lost.

The question that clause 3 do stand part of the Bill, was then put and agreed to.

Clauses 4 to 8 and Preamble

The quesiton that clauses 4 to 8 and Preamble do stand part of the Bill, was then put and agreed to.

Shri Mrityunjoy Banerjee : Mr. Speaker, Sir, I beg to move that the Rabindra Bharati (Temporary Supersession) Bill, 1975, as settled in the Asembly, be passed.

The motion was then put and agreed to.

[4.30 - 4.40 P.M]

Mr. Speaker : Mr. Chakrabarti, I could allow you to withdraw the amendment. But amendment is also a motion. So, to withdraw a motion you will have to bring another motion seeking the leave of the House. That is covered by rule 316 of the Rules of Procedure and Conduct of Business in the West Bengal Legislative Assembly. So another motion will have to be moved to seek the leave of the House and it will take some time. So, the amendment should not be taken lightly because the amendment is also a motion before the House.

The West Bengal College Teachers (Security of Service) (Amendment) Bill, 1975

Shri Mrityunjoy Banerjee : Sir, I beg introduce the West Bengal College Teachers (Security of Service) (Amendment) Bill, 1975 and to place a statement as required under 72(1) of the Rules of Procedure and Conduct of Business in the West Bengal Legislative Assembly.

(Secretary then read the title of the Bill)

Shri Mrityunjoy Banerjee : Sir, I beg to move that the West Bengal College Teachers (Security of Service) (Amendment) Bill, 1975, be taken into consideration.

মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি এই অ্যামেন্ডমেন্ট বিলের স্বপক্ষে দু-একটি যুক্তি আপনার অনুমতিক্রমে মাননীয় সদস্যদের কাছে রাখতে চাই। আজকে যে সংশোধনী বিল আনা হয়েছে এটা একটা ফলো-আপ অ্যাকশন। অর্থাৎ আগে আমাদের হাউসে কলেজের অধ্যাপকদের চাকুরির নিরাপত্তা সংক্রান্ত যে বিলটি পাস হয়েছিল সেই বিলটি সাধারণ আইনের মতই ছিল। কিন্তু সাধারণ আইনেও আমাদের সংবিধান অনুযায়ী অনেক ক্ষেত্রে কিছু কিছু সেফগার্ডের ব্যবস্থা রাখা দরকার। বিধানসভায় সেই সময়কার অধিবেশনে একজন মাননীয় সদস্যের প্রশ্নের উত্তরে আমি এই বক্তব্য রেখেছিলাম যে আমরা প্রয়োজনমত মাইনরিটিদের যেসমস্ত সংস্থা আছে তাদের রক্ষাকল্পে সংবিধানে যে ব্যবস্থা রয়েছে সেটাকে রূপ দেবার জন্য সময়মত একটা সংশোধনী আইন হাউসের সামনে আনব। মাননীয় অধ্যক্ষ মহাশয়, আপনি জানেন আমাদের পবিত্র সংবিধানে একটা ধারা রয়েছে —

The minority based on any religion or language will have the right to administer educational institution of their own according to their own rules and regulations.

এই ব্যাপারটি খুব গুরুত্বপূর্ণ। পশ্চিম বাংলাতে বেশ কতগুলি কলেজ বা অনুরূপ শিক্ষা প্রতিষ্ঠান রয়েছে যেগুলি ভাষাগত বা ধর্মগতভাবে সংখ্যালঘুদের দ্বারা প্রতিষ্ঠিত, পরিচালিত এবং সেগুলির অনেকের মান অত্যন্ত উচ্চে। যেহেতু সংবিধানে এই অধিকার দেওয়া রয়েছে তারা তাদের সেই প্রতিষ্ঠানগুলি নিজেদের ধর্মীয় প্রথা অনুযায়ী, নিয়ম অনুযায়ী নিজেদের বিবেচনা মত পরিচালনা করতে পারবে সেইজন্য আমাদের এই সংশোধনী বিল আনা হয়েছে। এটা যদি না আনা যায় তা এরকম সেফগার্ড যদি আমাদের অরিজিন্যাল বিলে অন্তর্ভুক্ত না করা যায় তাহ'লে সম্ভাবনা দাঁড়াবে এই যে আগেকার যে অরিজিন্যাল বিল সেটা কোর্টে চ্যালেঞ্জ হবে এবং চ্যালেঞ্জড হ'লে সাময়িকভাবে সেই বিল বাতিল হবে। কাজে কাজেই সংবিধানে যেটুকু বলা আছে যে সংবিধান আমাদের আওতার বাইরে সেই সংবিধানের সেই পবিত্র বিধান আমরা যদি পূরণ করি তাহ'লে বোধহয় ঠিক কাজ করব। এই কথা ব'লে মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, আপনার মাধ্যমে আমি এই বিল এখানে উত্থাপন করলাম।

শ্রীমতী ইলা মিত্র : মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, দি ওয়েস্ট বেঙ্গল কলেজ টিচারস (সিকিউরিটি অব সার্ভিস) (অ্যামেন্ডমেন্ট) বিল ১৯৭৫ — যে মূল আইনটিকিছুদিন আগে আমরা এই বিধানসভায় পাস করেছিলাম, সেটি একটি অভূতপূর্ব ঘটনা, সারা ভারতবর্ষের মধ্যে পশ্চিম বাংলাতেই প্রথম এই ধরনের আইন পাস হয়েছে। এই আইনে অধ্যাপকদের চাকুরীর নিরাপত্তা সম্পর্কীয় ব্যবস্থা এই বিলের মধ্যে রাখা হয়েছে এবং শুধু অধ্যাপকরা নয়, শুধু ওয়েষ্ট বেঙ্গল কলেজ এবং ইউনির্ভাসিটী টিচার্স এসোশিয়েসন নয়, সমস্ত মানুষ এটাকে অভিনন্দন জানিয়েছে। পশ্চিম বাংলার বাইরেও অনেক অধ্যাপকরা আমাদের কাছ থেকে এই বিল নিয়ে গেছেন যাতে তাদের স্টেটেও এই ধরণের আইন তারা পাস করতে পারেন এবং অধ্যাপকদের চাকুরীর নিরাপত্তার ব্যবস্থা করতে পারেন। সমস্ত স্টেটে এই ধরনের আলোচনা চলছে এবং অত্যন্ত আনন্দের ও গর্বের কথা যে পশ্চিম বাংলাতেই

এই প্রথম আইন পাস হয়েছে। কিন্তু আজকে যে অর্ডিনান্সটি সংশোধনী আইন হিসাবে মন্ত্রিমহাশয় এনেছেন তাতে আমরা খুবই দুঃখিত হয়েছি। দুঃখিত হয়েছি এই কারণে যে এটা কোন কলেজ টেকওভার নয়, কারও উপর হস্তক্ষেপ নয়, এটা হচ্ছে অধিকার রক্ষা — শিক্ষকদের এবং অধ্যাপকদের চাকুরির নিরাপত্তা, রক্ষার ব্যাপার—অধ্যাপকদের প্রটেকশনের ব্যাপার। এই যে রাইট এই রাইট প্রত্যেক শিক্ষকদের প্রতি প্রযোজ্য সেখানে মাইনরিটির নাম ক'রে অধ্যাপকদের আইনগত যে অধিকার আছে তার বিরুদ্ধে এই সংশোধনী আনা হয়েছে—মাইনরিটি কলেজকে টেকওভার ক'রে নেওয়া হোক একথা আমি বলছি না। নিশ্চয় কনস্টিটিউশনে যা আছে মাইনরিটির রাইট সেই ভাবে রক্ষিত হবে। কিন্তু এখানে আইনটি হচ্ছে অধ্যাপকদের চাকুরির নিরাপত্তার আইন। আমরা এই অধ্যাপকদের চাকুরির নিরাপত্তা রক্ষা — সে মাইনরিটি কলেজে থাকুক আর মেজরিটি কলেজেই থাকুক — প্রত্যেকটি অধ্যাপকের শিক্ষকের চাকুরির নিরাপত্তা রক্ষিত হোক। কিন্তু আপনি মেজরিটি বা মাইনরিটি কিভাবে ঠিক করবেন? কেরালার কথা ভাবুন। সেখানে সকলেই মাইনরিটি মেজরিটি কেউ নেই। আপনি নায়ার সার্ভিসই বলুন আপনি খৃস্টানই বলুন বোম্যান ক্যাথলিকই বলুন বা ব্রাহ্মণদের কথাই বলুন এইরকম ভাবে যদি দেখেন প্রত্যেকেই হচ্ছে মাইনরিটি। কাজেই কলেজ শিক্ষকদের চাকুরির নিরাপত্তার ক্ষেত্রে এই ধরনের আইন আনবেন আমরা ভাবতে পারি নি। একটু আগেই বলছিলাম যে সমস্ত ভারতবর্ষের মানুষ আপনাকে অভিনন্দন জানিয়েছে কিন্তু এই সংশোধনী যদি পাস হয় তাহ'লে আমাদের মাইনরিটি কলেজের যাঁরা আছেন সেই সব অধ্যাপকদের চাকুরির নিরাপত্তা বিঘ্নিত হবে। সেই জন্য আমি এই সংশোধনী আইনকে সমর্থন করতে পারছি না। আমরা সমর্থন করতে পারতাম যদি মাইনরিটি কলেজ টেকওভারের প্রশ্ন হত, নিয়ে নেবার প্রশ্ন হত।

[4 40 - 4.50 p.m.]

একজন অধ্যাপক ও অধ্যাপকবৃন্দ তাঁরা যদি কোন মাইনরিটি ইনিস্টিটিউশনে কাজ করে, সেখানে যদি তাঁদের উপর কোন অন্যায় হয়, তাঁদের উপর যদি কোন অবিচার হয়, তাঁর নিরাপত্তা বিঘ্নিত হয় তাহ'লে আইনে কোন ক্ষমতা থাকবে না এই অধ্যাপকদের রক্ষা করার জন্য। মাননীয় উপাধ্যক্ষ সহাশয়, আপনারা সকলেই আপনাদের অভিজ্ঞতা দিয়ে জানেন যে অধ্যাপক যাদের চাকুরির নিরাপত্তা, কোন আইনকানুন ছিল না, এমনকি কোর্টে পর্যন্ত তাদের জন্য কোন ব্যবস্থা ছিল না, অধ্যাপকরা কোর্টে গিয়েছে কিন্তু তাদের চাকুরির নিরাপত্তা রক্ষা করতে পারেন নি। রামকৃষ্ণ সারদা বিদ্যাপীঠ ইনস্টিটিউশনের কথা বলতে পারি, সেখানে ১৮ জন অধ্যাপককে কিভাবে অন্যায় ক'রে ছাঁটাই ক'রে দেওয়া হয়েছিল। সেকথা আপনারা জানেন। ইউনিভার্সিটি কিছু করতে পারে নি, গভর্নমেন্ট সেখানে কিছু করতে পারে নি। তারপর গভর্নমেন্ট ঐ কলেজকে টেকওভার ক'রে এই ১৮ জন অধ্যাপককে আবার চাকরি দিয়েছে সেজন্য নিশ্চয়ই সরকারকে অভিনন্দন জানাচ্ছি কিন্তু এই সংশোধনি বিল যদি আজকে পাস করেন তাহ'লে যে আন্দোলন অধ্যাপকরা দীর্ঘদিন ধ'রে করছিল তাদের চাকুরির নিরাপত্তা রক্ষা করার জন্য তার আওতা থেকে অনেক অধ্যাপক বেরিয়ে যাবে এবং তাদের চাকরির নিরাপত্তা, অধিকার রক্ষা করার কিছু থাকবে না। মাইনরিটি কনস্টিটিউশান যা আছে তাকে আমি সমর্থন করি, মাইনরিটিদের প্রিভিলেজ রক্ষা করা হোক সেকুলার ডিমোক্র্যাটিক স্টেটে। কিন্তু তার মানে এই নয় যে মাইনরিটির নাম ক'রে অধ্যাপকদের যে অধিকার, তাদের চাকুরির নিরাপত্তার যে আইন পাস হয়েছে তা থেকে তারা বঞ্চিত হবে। এটা আমি একজন অধ্যাপক হিসাবে সমর্থন করতে পারি না। তাই মন্ত্রিমহাশয়কে আমি জিজ্ঞাসা করি— মাইনরিটি কলেজের যেসমস্ত অধ্যাপক আছেন তাদের উপর যে অত্যাচার হবে বা যারা বিতাড়িত হবে তাদের জন্য কোথায় সেফগার্ড থাকল, কি দিয়ে তাদের রক্ষা করা হবে? কারণ কোর্টে আইন নেই যার দ্বারা তারা রক্ষা পেতে পারে। আজকে মেনশন ক'রে দিতে হবে যে কোন কোনটি মাইনরিটি কলেজ। আপনারা জানেন ব্রাহ্ম এডুকেশন সোসাইটির কথা বা আমি যে কলেজে কাজ করি, সেখানে গর্ভনিং বডির ১০ জনের মধ্যে ৭ জন ব্রাহ্ম এডুকেশন সোসাইটির লোক, আর প্রিনসিপ্যাল আমাদের পক্ষে এবং দুইজন টিচার রিপ্রেজেনটেটিভ, এই তিনজন যারা ব্রাহ্ম নয়, ৭জনের বিরুদ্ধে কিছুই করতে পারবে না। তাই আপনাকে ডিফাইন করতে হবে যে মাইনরিটি কলেজে কারা পড়বে এবং শুধু তাই নয় এই মাইনরিটি কলেজের অধ্যাপকদের যে নিরাপত্তা বিঘ্নিত হচ্ছে তাদের জন্য কি ব্যবস্থা করবেন সেটা স্পষ্ট

ভাষায় ঘোষণা করতে হবে। মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, এই বিল সর্বাঙ্গে সুন্দরভাবে আমরা সকলে মিলে সিলেক্ট কমিটি থেকে আমাদের মন্ত্রিমহাশয় সহযোগিতায় যে সুন্দর আইন সর্বপ্রথম পশ্চিমবঙ্গে আমরা পাস করেছিলাম একটা মাত্র সংশোধনী দিয়ে তার স্পিরিট কিন্তু অনেক অংশে নষ্ট হয়ে যাচ্ছে। পশ্চিমবঙ্গে কলেজ ও বিশ্ববিদ্যালয়ের অধ্যাপক সমিতি তারা এই আইনকে অভিনন্দিত করেছিল কিন্তু মাইনরিটির নাম ক'রে যে অর্ডিন্যান্স এসেছে তারা এটাকে কনডেম করেছে। মাননীয় মন্ত্রি মহাশয়কে আমি বিশেষভাবে ভেবে দেখতে বলব। যে এক দল শিক্ষককে যারা মাইনরিটি কলেজে কাজ করবেন তাদের নিরাপত্তা থেকে যেন বঞ্চিত না করেন। এই বিলকে আমি সমর্থন করতে পারছি না। এই কথা জানিয়ে মন্ত্রিমহাশয়কে ভেবে দেখবার জন্য অনুরোধ করছি।

শ্রীমনোরঞ্জন প্রামাণিকঃ মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, মাননীয় শিক্ষামন্ত্রি মহাশয় ওয়েস্ট বেঙ্গল টীচারস সার্ভিস সিকিউরিটি বিল এনেছেন। আমি এই প্রসঙ্গে আমার বক্তব্য আপনার কাছে নিবেদন করতে চাই। বর্ত্তমান সরকারই সর্বপ্রথম কলেজ শিক্ষকদের চাকুরির নিরাপত্তা স্থির ক'রে দেন। আমি জানি আজকে পশ্চিমবঙ্গে বিভিন্ন ধরণের কলেজ আছে, গভর্নমেন্ট কলেজ আছে, গভর্নমেন্ট স্পনসর্ড কলেজ আছে এবং প্রাইভেট কলেজ আছে। মাইনরিটি কলেজগুলি এইসব প্রাইভেট কলেজের অন্তর্ভুক্ত। আমরা প্রাইভেট কলেজগুলিতে দেখব বিভিন্ন সময়ে অধ্যাপক, টিচিং স্টাফ, নন্-টিচিং স্টাফ— এর লোকদের চাকুরি থেকে ছাঁটাই ক'রে দেওয়া হয়। তাদের একরকম বেতন দেওয়া হয় এবং আর একরকম খাতায় লিখিয়ে নেয়। আমার ব্যক্তিগত অভিজ্ঞতা এ সম্বন্ধে আছে। আজকে পশ্চিমবঙ্গের সর্বত্র এই অবস্থা ছিল। এই পরিপ্রেক্ষিতে বর্ত্তমান সরকার অধ্যাপকদের চাকুরির নিরাপত্তা সম্পর্কে বিল এখানে এনেছিলেন, সিলেক্ট কমিটিতে যেটা স্থির হয়েছিল, বিধানসভায় তা পাস করেছিলাম, সর্বান্তকরণে আনন্দ প্রকাশ করেছিলাম। আমরা তখন ভাবলাম লেখাপড়া জানা কতকগুলি লোককে গভনিং বডির লোকদের দয়ার উপর থাকতে হবে না। তাই পশ্চিমবঙ্গে সরকারকে অভিনন্দন জানিয়েছিলাম, স্বাগত জানিয়েছিলাম। আজকে এই অ্যামেন্ডমেন্ট কেন আনা হয়েছে, এটা বুঝে উঠতে পারছি না। এই অ্যামেন্ডমেন্টের পরিপ্রেক্ষিতে কনস্টিটিউশন ব্যবস্থায় অধিকারের কথা উল্লেখ করা হয়েছে। আমি নিশ্চয় মনে করি কনস্টিটিউশন রাইট অনুযায়ী মাইনরিটি কলেজের জন্য, মাইনরিটি সেকশনের জন্য তাদের বিশেষ সিস্টেম অব এডুকেশন থাকা খুবই দরকার। ধর্মীয় প্রতিষ্ঠান বা অন্যান্য প্রতিষ্ঠান মাইনরিটি ইনস্টিটিউশন যা আছে সেগুলির মধ্যে, নিশ্চয়ই সেই সিস্টেম অব এডুকেশনের মধ্যে বৈচিত্র্য থাকা দরকার, বিশেষ একটা অধিকার থাকা দরকার। এবং এ বিষয়ে সরকারের হস্তক্ষেপ না করাই উচিত ব'লে মনে করি। এই যে চাকুরির নিরাপত্তার কথা হচ্ছে, এই বিশেষ প্রশ্নে যে কলেজ টীচারস সার্ভিস সিকিউরিটিবিল এসেছে, তাতে সমস্ত শিক্ষকরাই সরকার থেকে সুযোগসুবিধা পাচ্ছে। মুষ্টিমেয় কয়েকজন অধ্যাপক সরকার থেকে বিমাতৃসুলভ অধিকার পাচ্ছে, এই যে ডিফারেন্স এটা না থাকাই দরকার ব'লে মনে করি। আজকে যদি সত্যই সার্ভিস সিকিউরিটি বিলে কলেজ টীচারসদের সুবিধা দেওয়া হয় তাহ'লে পর আমরা দেখতে পাই যে কমার্শিয়াল পারপাসে যে এডুকেশনাল ইনস্টিটিউশন ব্যবহার করে, তারা পরিষ্কার নিছক ব্যবসার ভিত্তিতে এইসব কলেজগুলি পরিচালনা করে এবং তাদের দয়ার উপরই শিক্ষকদের থাকতে হয়। তাই মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, আমি বলতে চাই আজকে নিশ্চয়ই সিস্টেম অব এডুকেশনের মধ্যে তফাত থাকা দরকার। সে সম্বন্ধে কোন সন্দেহ নাই। সিস্টেম অব এডুকেশন-এর মধ্যে একটা বৈচিত্র্য থাকা, ধর্মীয় প্রতিষ্ঠানগুলি নিজ নিজ শিক্ষাক্ষেত্রে বিশেষ দক্ষতা দেখাবে এটা খুবই সঙ্গত এবং থাকাও দরকার, কিন্তু চাকুরির নিরাপত্তার ক্ষেত্রে এইরকম একটা সরকারী কতৃত্ব থাকবে, সরকারী কতৃত্ব রাখা হবে, এইরকম হলে ই ভাল মনে করি। জয় হিন্দ্।

[4.50 - 5.00 p.m..]

শ্রীশীশ মহম্মদঃ মাননীয় উপধ্যক্ষ মহাশয়, গত সেসনের সময় ওয়েস্ট বেঙ্গল কলেজ টীচারস সিকিউরিটি সার্ভিস বিল পাস হয়েছে, এবং এটা সিলেক্ট কমিটিতেও পাস হয়েছিল, সেই সিলেক্ট কমিটিতে আমিও একজন সদস্য ছিলাম। মাননীয় শিক্ষামন্ত্রি মহাশয় অত্যন্ত সহানুভূতির সঙ্গে কলেজ শিক্ষকদের চাকুরির নিরাপত্তা বিষয় সম্বন্ধে কার্যকরী ব্যবস্থা নিয়েছিলেন এবং আমাদের সঙ্গে খোলাখুলি আলোচনা ক'রে সেই বিল পাস করেছিলেন। এবং আমিও একথা পুনরুক্তি করতে চাই যে কেবল পশ্চিমবঙ্গের শিক্ষিত কেন সকল প্রকার মানুষের কাছে এই

বিলটি অভিনন্দনযোগ্য ব'লে তখন বিবেচিত হয়েছিল—কেবল পশ্চিমবঙ্গে নয়—সমগ্র ভারতবর্ষে। কিন্তু আজকে এই সংশোধনী আনার সঙ্গে সঙ্গে আমাদের শিক্ষামন্ত্রি এই বিলটিকে দুদিক দিয়ে চরম পর্যায়ে নিয়ে গেছেন। কেন চরম পর্যায়ে নিয়ে গেছেন বলছি—চাকরির নিরাপত্তার দিক দিয়ে অন্যান্য প্রভিন্স এর তুলনায় পশ্চিমবঙ্গের শিক্ষিকদের চরম সুবিধার দিকে নিয়ে গিয়েছিলেন। কাজেই দেখা যাচ্ছে এই সংশোধনী বিলটি নিয়ে এসে মন্ত্রি মহাশয় মাইনরিটির দিক দিয়ে ধর্মীয় ভিত্তিক ও ভাষাভিত্তিক যে কলেজ আছে, তাদের শিক্ষিকদের উপর তিনি চরম আঘাত হেনেছেন। সেদিক থেকে বলতে পারি এই বিলটি চরম উভয় দিক থেকে। মাইনরিটি যে ভাষাভিত্তিক বা ধর্মভিত্তিক হোক না কেন তাদের কলেজ টীচার দেরও ঐ একই প্রকার সুযোগসুবিধা দিতে হবে। কোন পার্থক্য করা চলবেনা। আমাদের সংবিধান যা বলেছে, সেই অনুযায়ী নিশ্চয়ই চলতে হবে। সমস্ত কলেজ শিক্ষিকদের প্রভিডেন্ট ফান্ডই বলুন—যদি কোন কারণে কলেজ শিক্ষকদের সাসপেন্ড করা হয়, তাহ'লে সাসপেনসন পিরিয়ডে ছয় মাস পাবে, নয় মাস পাবে, এক বছর পাবে— এইসব ব্যবস্থা ঠিক ক'রে দিয়েছেন যাতে সেই লোক কোনরকম খেয়ে পরে বাঁচতে পারে। কিন্তু ভাষাভিত্তিক ও ধর্মীয় ভিত্তিক যেসমস্ত শিক্ষক হেতুক অহেতুক, আপনি কলেজ শিক্ষক জানেন, বিভিন্ন কারণে গর্ভর্নিং বডি ছাঁটাই করবার চেষ্টা ক'রে, সাসপেন্ড করেন, সেই সাসপেনসন পিরিয়ডে কী নিরাপত্তার ব্যবস্থা আপনি করলেন? আপনি যেটা সংবিধান সম্মত করতে গিয়েছেন, আমি মনে করি এটা সংবিধানসম্মত হ'ল না। সর্বস্তরের কলেজ শিক্ষকদের কাছ থেকে বাহবা আপনি পেতেন যদি বলতেন সকল প্রকারের কলেজ শিক্ষকদের একই রকম মর্যাদা হবে, তাদের চাকরির নিরাপত্তার ব্যবস্থাদি একই রকম হবে, সেদিক থেকে কোন কিছু না ব'লে কেবল যাতে ছাঁটাই হতে পারে তার ব্যবস্থা আপনি করলেন। আপনারা মেজরিটির জোরে এই বিলটিকে আজ পাস করিয়ে নেবেন ঠিকই, কিন্তু কালই দেখতে পাবেন কী পরিস্থিতি হবে। আমি শিক্ষকমন্ত্রিকে অনুরোধ করছি আপনি দয়া ক'রে এই বিলটি প্রত্যাহার ক'রে নিন। তিনি নিজেও এটা বুঝতে পারছেন ভাষাভিত্তিক ও ধর্মীয় ভিত্তিক শিক্ষকদের চাকরির সমস্ত নিরাপত্তা এই বিলের দ্বারা হরণ করা হচ্ছে। সেই গভর্নিং বডিই বলুন, আর ম্যানেজিং কমিটিই বলুন তাদের খেয়াল খুশি বা দয়ার উপর তাদের ছেড়ে দেওয়া হ'ল। তাদের কালীর হাড়কাঠায় বলি পাঁঠা হিসেবে ব্যবহার করা হবে। তাই আমি শিক্ষামন্ত্রিকে পুনরায় অনুরোধ করছি এই বিলটি আপনি প্রত্যাহার ক'রে নিন। তাহ'লে পশ্চিমবঙ্গের মাইনরিটি সেকশন অর্থাৎ যেসমস্ত কলেজ শিক্ষক — কেবল বিলিজিয়াস ভিত্তিক বা ভাষাভিত্তিক নয়, সমস্ত স্তরের মানুষের কাছে কেবল পশ্চিমবঙ্গেই নয়, সমস্ত ভারতবর্ষের মানুষের কাছে অভিনন্দন যোগ্য হবেন। যদি এই উইথড্র ক'রে নেন, খবই ভাল হয়, আর যদি আপনি উইথড্র না করেন, তাহ'লে এই বিলের আমি সম্পূর্ণ বিরোধিতা করছি।

শ্রীবিশ্বনাথ চক্রবর্তী : মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, আমাদের পশ্চিম বাংলার অধ্যাপক আন্দোলনের কাছে এই সংশোধনী প্রায় এক ধরনের কালো সংশোধনী — ব্ল্যাক অ্যামেন্ডমেন্ট। আমরা এতে ক্ষুব্ধ ও সে কথা মাননীয় শিক্ষামন্ত্রী মহাশয়কে বলেছি তার কারণ পশ্চিম বাংলাতে যেসমস্ত কলেজগুলি সংখ্যালঘুদের দ্বারা স্থাপিত এবং পরিচালিত করা হচ্ছে তাদের শিক্ষকের সংখ্যা মোট কলেজের শিক্ষকের সংখ্যার ১/১০ অংশ অর্থাৎ সাত শত, আট শত কি প্রায় হাজার হবে। এর ফলে অ্যাফেকটেড হবে এটা একটা ধারণা। যার ফলে শিক্ষককুল সম্বন্ধে — তাদের চাকুরীর নিরাপত্তাবিধানের ক্ষেত্রে সরকার এবং আইনের কোন হাত রইল না। মাননীয় মুখ্যমন্ত্রী মহাশয় বিধানসভায় বারবার প্রতিশ্রুতি দিয়েছিলেন কলেজ শিক্ষকদের নিরাপত্তা সংক্রান্ত বিল আমরা আনব। আমরাও সোৎসাহে অভিনন্দন জানিয়েছিলাম। মাননীয় শিক্ষামন্ত্রীও বারবার প্রতিশ্রুতি দিয়েছিলেন, একটা বিল এল — সিলেক্ট কমিটিতে আমরা অনেক মাথা ঘামিয়ে আইন তৈরী করলাম এবং তাকে সোৎসাহে সমর্থন করলাম। এবং শুধু আমরাই নয়, ভারতবর্ষের অন্যান্য রাজ্যের শিক্ষকরাও তা সমর্থন করেছিল। তারপর এই সংশোধনী এল। এটা দেখে প্র্যাকটিক্যালি অত্যন্ত ব্যাহত হচ্ছি। মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, মাইনরিটি কথাটা আমাদের সংবেদনশীলতায় গুড়গুড়ি দেয় — ইট মেকস আস সেনসেটিভ। মাইনরিটির দ্বারা স্থাপিত কলেজ মানে কি? ধরুন সেন্টজেভিয়ার্স কলেজ একদল মিশনারি তৈরি করেছে, ম্যানেজ করে, অ্যাডমিনিস্টার তারাই করে, কিন্তু পড়ে সেখানে সমস্ত অখৃশ্চান ছেলেরা, ১০ পারসেন্ট কি ১৫ পারসেন্ট খৃশ্চান ছেলে সেখানে পড়ে। অধ্যাপকরাও

অখৃশ্চান অধিকাংশ। তারা কোন মাইনরিটি বিশেষকে এডুকেশান দিচ্ছে না (they are imparting traditional, conventional education.) অ্যাফিলিয়েসান হচ্ছে ক্যালকাটা ইউনিভারসিটির সঙ্গে। পড়াচ্ছে একই জিনিস যা বঙ্গবাসী সুরেন্দ্রনাথ কলেজে করাচ্ছে। বাইবেল সেখানে কমপালসারি নয়। কিন্তু তাদের সুবিধা হচ্ছে যে তারা ইচ্ছামত টিচার অ্যাপয়েন্ট করবে, প্রফিট করবে অথচ ডি এ দেবে না, এই সুবিধা রইল। মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, দক্ষিণ কলকাতায় গুজরাটিদের দ্বারা পরিচালিত কলেজ-এর নাম হচ্ছে ভবানীপুর এডুকেশান সোসাইটি। সেখানে মাহিনা হচ্ছে একটা ছেলের ৩৩ টাকা। আমাদের বঙ্গবাসী কলেজে প্রি-ইউনিভারসিটি আর্টস-এ ৮ টাকা মাহিনা। তাও আমরা বেশির ভাগ পাই না। কিন্তু ভবানীপুর এডুকেশান সোসাইটিতে তাদের সাইন্সের মাহিনা ৩৫ টাকা। সাব-স্ট্যাণ্ডার্ড কলেজ — কেবল গুজরাটি ছেলেরাই পড়ে না। সেখানে ভাল লেবরেটারি নেই। সেখানে বিত্তবানদের ছেলেরা পড়ে যারা অন্য কলেজে হয়তো স্থান পায় না, (and that society is making enormious profit out of college business.) অথচ এদের রাইটস রইল তারা যেকোন সময় টিচারকে ছাঁটাই করতে পারবে, অ্যাপয়েন্টমেন্ট দিতে পারবে — কোন রিড্রেস নেই। মাননীয় শিক্ষামন্ত্রী মহাশয় তাদের কিছু করতে পারবেন না। কাজেই এগুলি আমাদের ভাবতে হবে। মাইনরিটি কলেজ স্থাপনের অধিকার এবং সেখানে শিক্ষক ছাঁটাই করবার অধিকার — এতে অনেক বিক্ষোভ আছে। কেরলে যখন কমিউনিস্ট মিনিস্ট্রি হয়। সেখানে বিক্ষোভ হয়েছিল তখন প্রফেসর যোসেফ এডুকেশন মিনিস্টার ছিলেন তখন এই জিনিস নিয়েই সেখানে প্রথমে বিক্ষোভ শুরু হয় — দ্যাট হ্যাজ বিন গ্যাবানটেড — এটা কেরলে স্বীকৃত হয়েছে যে সরকারী তহবিল থেকে তারা মাহিনা পাবে। খৃশ্চান কলেজ ক'রে সেখানে তাঁরা বাইবেল পড়াতে চান এটা আমরা স্বীকার করি। কিন্তু তাদের ব্যবসা করতে দেব না। আমাদের সামনে এই প্রশ্ন এসেছে। মাননীয় উপাধ্যক্ষ মহোদয়, আজকে এই প্রশ্ন এসেছে — ব্রাহ্ম এডুকেশন সোসাইটির কথাই বলুন আর যাই বলুন, ওরা মাইনরিটি দাবি করতে পারে, কিন্তু মাইনরিটি নয়। ব্রাহ্ম এডুকেশন সোসাইটি তারা ৮/১০টি কলেজ খুলে ব্যবসা ক'রে যাচ্ছে, তারা মেজরিটি। এরা মাইনরিটি নয়, কিন্তু খ্রীষ্টান মিশনারি কলেজ আছে, এদের শিক্ষকরা এই সুযোগ পাবে না। আমি শিক্ষামন্ত্রীকে বলব যে আমরা কেরালার প্রসেস দেখেছি যে দীর্ঘকাল ধ'রে কেমন ক'রে এদের সুবিধাগুলি কাটা হয়েছে, আমরাও সেই স্ট্রাগল স্টার্ট করি (Let them go to the High Court let the entire country think of changing the constitution) কলেজ তৈরি করার অধিকার আমাদের আছে, কিন্তু সেই কলেজে মাইনরিটি ছেলেরা পড়ে কিনা বুঝি না। ক্রীস্টীয়ানরা কলেজ করবে, চালাবে, কিন্তু ব্যবসা করবে — সেখানে আমাদের অধিকার আছে — আমি জানি না আমাদের কনসটিটিউশনে এটা কি মিন করেছে। শিক্ষামন্ত্রী বললেন পবিত্র সংবিধান। আমাদের এই পবিত্র সংবিধান এটা মিন করে নি যে মাইনরিটি কোন মুসলমান ছেলে সে যদি কোরান পড়তে চায়, আরবী এডুকেশন নিতে চায় তার ব্যবস্থা থাকবে, কিন্তু সেখানে ব্যবসা করবে — এটা নিশ্চয় সংবিধান বলে নি। শিক্ষকদের নিরাপত্তা থাকলো না, যখন খুশি ছাঁটাই করবে এটা হতে পারে না। সেই কারণে বিরোধিতা করছে। শিক্ষামন্ত্রী অধ্যাপক, তিনি শিক্ষাদরদী। তিনি অনেক কথা বলেছেন। কিন্তু এক ভাঁড় অমৃতের মধ্যে এক ফোঁটা গোমূত্র ছিটিয়ে দিলে যে অবস্থা হয়, ঠিক তেমনি ঠিক আমাদের পার্পোট জিনিসটাকে ক'রে দিল এই অ্যামেন্ডমেন্ট — সেটা তিনি একটু ভাববেন। আমরা এতদিন স্ট্রাগল ক'রে যে জিনিসটা পেয়েছিলাম সেটার উদ্দেশ্য এই সংশোধনীর দ্বারা নষ্ট হয়ে যাবে। কাজেই অন্যভাবে আইন ক'রে কিভাবে এই ফাঁকটাকে বন্ধ করা যায়, এই বিষয়ে ৭০০/৮০০ শিক্ষক কিভাবে আইনের সুবিধা পায়, তাদের চাকরির নিরাপত্তা রক্ষিত হয় সেটাকে আজ ভাবতে হবে — সেটাই আপনি আজকে চিন্তা করুন। আমরা এইজন্য এই সংশোধনীটা গ্রহণ করতে পারছি না।

শ্রী মৃত্যুঞ্জয় বন্দ্যোপাধ্যায়: মাননীয় উপাধ্যক্ষ মহোদয়, মাননীয় বিশ্বনাথ চক্রবর্তী মহাশয়ের বক্তৃতা শুনে আমার যুক্তি প্রায় আমি ভুলেই যাচ্ছিলাম। তবে আমি যেটুকু করছি সেটা বোধহয় আমাদের সহযোগী শিক্ষক বন্ধুদের প্রতি দরদ বশতই করছি। অর্থাৎ এটা যদি না করা হয় তাহলে যে আইনটা আমরা পাস করেছি সেই আইনটা বেশিদিন বলবৎ থাকবে না, আমাদের মাননীয় আদালত মহোদয় — যাঁরা অদালতে বিচার করেন তাঁদের হুকুম

অনুযায়ী। এরকম ধরনের আইন দু-একটি রাজ্য প্রণয়ন ক'রে তারা হাবুডুবু খাচ্ছে। আমাদের এই যে গ্যাপ চলে গেল — আগে যে আইন পাস করা হয়েছিল এইরকম মাইনরিটি সেফগার্ড তাদের বাদ দিয়ে — আজকে মাইনরিটি সেফগার্ড পাস করা হচ্ছে মাঝখানে এই যে গ্যাপ, এতে আমাদের হাবুডুবু খেতে হত — তবে আমাদের মেজরিটি বন্ধু নিশ্চয় কথা শুনে বিরত থেকে কৃতজ্ঞতাভাজন হয়েছেন। আজকে বিশ্বনাথ চক্রবর্তী মহাশয় ব্যবসার কথা তুলেছেন। ব্যবসার সুযোগ মাইনরিটি কম্যুনিটিরাই করতে গিয়েছিল। বিশ্বনাথবাবু নিজেই বলেছেন যে সেই ধর্ম বা ভাষাভাষীর ছেলেরা পড়ত না, মেজরিটি কম্যুনিটির ছেলেরা পড়ত। মাইনরিটি কম্যুনিটি দ্বারা পরিচালিত ইনসটিটিউশনে যদি মেজরিটি কম্যুনিটির ছেলেরা পড়তে যায় তাহলে সেটা দুর্ভাগ্যের কথা বলতে হবে। হয়ত সেইসব প্রতিষ্ঠানগুলির পরিচালন ব্যবস্থা বা তাদের স্ট্যাণ্ডার্ড অব টিচিং এমন আকর্ষণীয় যে মেজরিটি কম্যুনিটির ছেলেমেয়েরা সেখানে পড়তে যাচ্ছে তবে নীতিগতভাবে আমি নিশ্চয় আমাদের সদস্য বন্ধুদের সঙ্গে একমত যে, শিক্ষার নাম ক'রে শোষণ বা ব্যবসা চলতে দেওয়া উচিত নয়। কিন্তু আমাদের এই মত আমাদের বপবিত্র সংবিধানে আমরা কতকগুলি ধারা সন্নিবদ্ধ করেছি যেগুলি খুব গুরুত্বপূর্ণ, যেগুলি যথেষ্ট মূল্যবান। নিশ্চয় আমি মেজরিটি মাইনরিটির প্রশ্ন তুলছি না। আমাদের সেকুলার স্টেট, সেকুলারিজম মেনে নিয়ে আমি এই কথা বলতে চাই যারা সংখ্যালঘু অথচ সংখ্যাগরিষ্ঠ তারা পরিচালিত করবে তাদের শিক্ষা পরিচালন ব্যবস্থায় হস্তক্ষেপ করা হবে এটা ঠিক হবে কিনা আমার প্রারম্ভিক ভাষণে সংবিধানের এই ধারাটি উত্থাপন করিনি। সেটা আমি আপনার অনুমতি নিয়ে এই হাউসের সামনে রাখছি। সেটা সেকসান ৩১ অব দি কনস্টিটিউশন অব ইণ্ডিয়া। তাতে বলছে All minorities, whether based on religion or language, shall have the right to establish and administer educational institutions of their choice. এই হচ্ছে ব্যাপার। এবং এটা যথেষ্ট নয়। এই ব্যাপারে আদালত ব'লে একটি সংস্থা আমাদের দেশে আছে সেদিকে লক্ষ্য রাখতে হবে। সম্প্রতি গুজরাটে এ জিনিস বিচারে গেছে। সেখানেও তারা এই ধরণের আইন প্রণয়ন করেছে এবং সেটা সেখানে বাতিল হয়ে গেছে। মহামান্য আদালত যে জাজমেন্ট দিয়েছে সে সম্বন্ধে এখানে দু-একটা কথা তুলে আপনাদের স্মরণ করিয়ে দিতে চাই। এটা সুপ্রীম কোর্টে এসেছিল। Ahmedabad St Xaviers' College society and another etc., Petitioners The State of Gujarat and another, Respondents. ঠিক যে ধরনের ধারা আমাদের আইনের অন্তর্ভুক্ত করেছি। যে ধারাগুলি ছিল তা আমি ব'লে দিচ্ছি সেকশন ৩৩এ, ৪০, ৪১, ৫১এ ১বি, ২বি, অ্যাণ্ড 523A violate Article 30 of the constitution of India আমি একটি জিনিস উদাহরণ স্বরূপ এখানে তুলে ধরতে চাই — সেকশন ৫১এ যেটা আদালতে বিচারে ইনভ্যালিড হয়েছে সেটা হচ্ছে section 51A states that no member of the teaching, other academic and non-teaching staff of an affiliated college shall be dismissed or removed or reduced in rank except after an enquiry in which he has been informed of the charges giving a reasonable opportunity of being hear and until he has been given a reasonable opporutnity of making representations, etc. এইরকম জিনিস আমাদের এখানে রয়েছে। আমরা আমাদের আইনে ঠিক এইরকম ক'রে করেছি। সেকশন ৯(১) যে পেনালটির কথা বলা হয়েছে No order imposing any of the aforesaid penalties shall be made without informing the teacher concerned of the charges against him giving him an opportunity of being heard and except after an enquiry in the manner prescribed.

এইরকম আরও অনেক ধারা আছে। আমরা যাদের সেফগার্ড করার এই আইন প্রণয়ন করেছি বিচারের সুযোগ নিয়ে যেটা মেজরিটি টিচারদের না পাবি অস্তু যাদের উপর প্রযোজ্য হবে সেটাও বানচাল হয়ে যাবে। বিশ্বনাথবাবু বলেছেন তারা তো সংখ্যায় খুব কম মাত্র কয়েক হাজার। কিন্তু তাদের ক্ষেত্রেও এই অ্যামেন্ডমেন্ট যদি না করা হয় তাহ'লে অসুবিধা থেকে যাবে। যদি সংবিধানে এই ধারা না থাকত তাহলে অসুবিধা থাকত না।

কিন্তু ঐ হাজার বলুন আর যাই বলুন যে কয়জনের সুবিধা আমরা করেছি সেটাও থাকবে না, বাস্তব ক্ষেত্রে এটা খুব ভাল কাজ হবে ব'লে মনে করি না। আমাদের সুপ্রীম কোর্টের মাননীয় প্রধান বিচারপতি শ্রী এ এন রায় যে জাজমেন্ট দিয়েছেন সে সম্বন্ধে আমি এখানে দু-একটি কথা বলতে চাই। এখানে মাইনরিটি, মেজরিটির ব্যাপারটা মোটামুটি বলা আছে।

The right to establish and administer educational institution of their choice has been conferred on the religious and linguistic minorities so that the majority who can always have their rights by having proper legislation do not pass legislation prohibiting the minorities to establish and administer educational institutions of their choice. The whole object of conferring the right on minorities under Article 30 is to ensure that there will be equality equally between the majority and the minority. If the minorities do not have such special protection they willl be denied the equalities.

তবে নিশ্চয় আমি মাননীয় সদস্য ব্যক্তিদের সঙ্গে একমত যে a administration cannot be the ground for maladministration.

নিশ্চয় যেখানে মাইনরিটির দ্বারা প্রতিষ্ঠিত এবং পরিচালিত শিক্ষা প্রতিষ্ঠানগুলি ঠিকমত কাজ করবেন না, যা খুশী করবেন তাঁদের শিক্ষকমণ্ডলীকে ছাঁটাই করবেন বা তাদের চাকরির শর্তের উপর হস্তক্ষেপ করবেন, শর্ত লঙ্ঘন করবেন বা চাকরি থেকে তাদের সরিয়ে দেবেন—নিশ্চয়ই সেই ব্যাপারে কিছু ব্যবস্থা অবলম্বিত লওয়া উচিত। তবে আমরা যেটাই করি না কেন নিশ্চয় সংবিধান মেনে মোটামুটি ইকুইটি, জাসটিস যেন চিন্তা করে করি — এই কথাগুলি ব'লে মাননীয় উপাধ্যক্ষ মহোদয়, আপনার মাধ্যমে আমাদের মাননীয় সদস্য ভাইদের এই সংশোধনী বিলটি সমর্থন করার জন্য অনুরোধ করছি।

The motion of Shri Mrityunjoy Banerjee that the West Bengal College Teacher (Security of Service) (Amendment) Bill, 1975, be taken into consideration, was then put and agreed to.

Clause 1

The question that clause 1 do stand part of the Bill was then put and agreed to.

Clause 2

Mr. Deputy Speaker : There is an amendment to clause 2 by Shri Biswanath Chakrabarti. But as the amendment is bearing the effect of negative vote the amendment is out of order in terms of rule 81(viii) of Rules of Procedure and Conduct of Business in the West Bengal Legislative Assembly. Therefore, I cannot allow him to move the amendment.

The question that clause 2 do stand part of the Bill was then put and a division taken with the following result :–

AEYS

Abdul Bari Biswas, Shri.

Abdur Rauf Ansari, Shri.
Addus Sattar, Shri.
Abedin, Dr. Zainal.
Baidya, Shri Paresh.
Banerjee, Shri Mrityunjoy.
Basu, Shri Supriyo,
Chattopadhay, Shri Sukumar.
Ghiasuddin Ahmed, Shri
Ghosh, Shri Lalit Kumar
Ghosh Moulik, Shri Sunil Mohon.
Gyan Singh, Shri Sohanpal.
Haldar, Shri Harendra Nath.
Mal, Shri Dhanapati.
Mandal, Shri Arabinda.
Mandal, Shri Gopal.
Mandal, Shri Nrisinha Kumar.
Mandal, Shri Probhakar.
Md. Safiullah, Shri.
Md. Shamsuzzoha, Shri.
Misra, Shri Kashinath.
Mohammad Dedar Baksh, Shri.
Mondal, Shri Jokhi Lal.
Moslehuddin Ahmed, Shri.
Nurunnesa Sattar, Shrimati.
Pramanik, Shri Monoranjan.
Pramanik, Shri Puranjoy.
Sen, Shri Bholanath.
Sinha Roy, Shri Bhawani Prosad.
Tudu, Shri Budhan Chandra.

NEOS

Chakrabarti, Shri Biswanath.
Chatterjee, Shri Gobinda.

Karan, Shri Rabindra Nath.

Mitra, Shrimati Ila.

Mukherjee, Shri Biswanath.

Roy, Shri Aswini Kumar.

Shish, Mohammad, Shri.

The Ayes being 30 and the Noes 7, the motion was carried.

Clause 3 and Preamble

The question that Clause 3 and Preamble do stand part of the Bill was then put and agreed to.

Shri Mrityunjoy Banerjee : Sir, I beg to move that the West Bengal College Teachers (Security of Service) (Amendment) Bill, 1975, as settled in the Assembly, be passed.

[5.20-5.30 P.M.]

The motion was then put and a division taken with the following result:

AEYS

Abdul Bari Biswas, Shri.

Abdur Rauf Ansari, Shri.

Abdus Sattar, Shri.

Abedin, Dr. Zainal.

Banerjee, Shri Mrityunjoy

Basu, Shri Supriyo.

Chaattopadhay, Shri Sukumar.

De, Prof. Chandra Kumar.

Ghiasuddin Ahmed, Shri.

Ghosh, Shri Lalit Kumar.

Ghosh Moulik, Shri Sunil Mohon.

Gyan Singh, Shri Sohanpal.

Haldar, Shri Harendra Nath.

Mahapatra, Shri Harish Chandra.

Maiti, Shri Braja Kishore.

Mal, Shri, Dhanapati.

Mandal, Shri Arabinda.

Mandal, Shri Gopal.

Mandal, Shri Nrisinha Kumar.
Mandal, Shri Probhakar.
Md. Safiullah, Shri.
Md. Shamsuzzoha, Shri.
Misra, Shri Kashinath.
Mohammad Dedar Baksh, Shri.
Mondal, Jokhi Lal.
Moslehuddin Ahmed, Shri.
Nurunnesa Sattar, Shrimati.
Pramanik, Shri Monoranjan.
Pramanik, Shri Puranjoy.
Sarkar, Dr. Kanai Lal.
Sen, Shri Bholanath.
Sinha Roy, Shri Bhawani Prosad.
Tudu, Shri Budhan Chandra

NEOS

Chakrabarti, Shri Biswanath.
Chatterjee, Shri Gobinda.
Karan, Shri Rabindra Nath
Mitra, Shrimati Ila.
Mukherjee, Shri Biswanath.
Roy, Shri Aswini Kumar.
Shish Mohammad, Shri.

The Ayes being 33 and the Noes 7, the motion was carried.

শ্রীশীশ মহম্মদ ঃ মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি একটা বিশেষ কারণে আপনার এবং আপনার মাধ্যমে মাননীয় পশ্চিমবাংলার মন্ত্রী মহোদয়গণের দৃষ্টি আকর্ষণ করছি। আগামী দিন ১৪ তারিখে আমাদের ইদুজ্জোহা হবে। চিরকাল দেখে আসছি যে যদি কোন পর্ব ছুটির দিন থাকে তাহ'লে পরের দিন ছুটি দেওয়া হয়। কিন্তু এবারে দেখছি রবিবারে পড়েছে। কাজেই ঈদের পরের দিন আমাদের সমাজের একটি বিরাট সামাজিক অনুষ্ঠান পালন করা হয়। কারণ ঈদ মোবারকবাদ জানাতে বিভিন্ন জায়গা থেকে লোকেরা আসে। কাজেই আমি আপনার মাধ্যমে পশ্চিমবাংলার সরকারের মাননীয় মন্ত্রীমহোদয়গণের দৃষ্টি আকর্ষণ করছি যে এই বিরাট ঈদ উপলক্ষে আগামী সোমবার অর্থাৎ ১৪ তারিখের পরের দিন যেন সরকারী ছুটি ঘোষণা করা হয়। কেননা, অনেকের বাড়ি নর্থ বেঙ্গলে, অনেকের বাড়ি মুর্শিদাবাদে। কাজেই এটা হ'লে তাদের পক্ষে সুবিধা হয়। কারণ এখান থেকে গিয়ে তারপরে কোরবানী দেওয়া এবং পরের দিন ফেরা খুব মুশকিল। সেজন্য আমি প্রস্তাব রাখছি যে একটা দিন বাড়িয়ে এই ছুটি ঘোষণা করুন।

The West Bengal Government Townships (Extension of Civic Amenities) Bill, 1975.

Shri Bholanath Sen : Sir, I beg to introduce the West Bengal Government Townships (Extension of Civic Amenties) Bill, 1975, and to place a statement as required under rule 72(1) of the Rules of Procedure and Conduct of Business in the West Bengal Ligislative Assembly.

(Secretary then read the title of the Bill)

Shri Bholanath Sen : Sir, I beg to move that the West Bengal Government Townships (Extension of Civic Amenities) Bill, 1975, be taken into consideration.

শ্রীভোলানাথ সেন : মাননীয় অধ্যক্ষ মহাশয়, এই বিল আনা হয়েছে তার প্রধান কারণ, যে স্টেট গভর্নমেন্ট সল্টলেকের মত নানা জায়গায় ছোটি ছোটি টাউনশিপ তৈরী করবার চেষ্টা করছে। ছোট ছোট শহর বা উপশহর বা উপনগরী তৈরী করতে গেলে কতকগুলো ইনফ্রাস্ট্রাকচার করতে হয়। যেমন রাস্তা, ড্রেন, সুয়োরেজ, ইলেকট্রিসিটি। যেসমস্ত মানুষের প্রয়োজন। আরসেই উপনগরী দখল একই সঙ্গে একই সময়ে হয় না, কিছু কিছু ক'রে লোক আসতে আরম্ভ করে, যেমন সল্টলেকে এসেছে। সল্টলেকে আস্তে আস্তে লোক আসছে এবং এখন কিছু সংখ্যক লোক এসেছে। আমরা আরও কয়েকটি উপনগরী তৈরী করবার চেষ্টা করছি এবং সেই নিয়ে পরিকল্পনা রচনা হচ্ছে। কিন্তু এই যারা আসছে, তাদের জন্য যেসমস্ত খরচ হচ্ছে, যদি সমস্ত খরচ তাদের কাছ থেকে আদায় করতে হয় – ওয়াটার ওয়ার্কসের খরচ, ইলেকট্রিসিটির খরচ, জলের বা সুয়োরেজের খরচ, তাহ'লে পরে তাদের পক্ষে দেওয়া সম্ভব নয়। কিন্তু তাঁরা একেবারে কিছুই দেবেন না, এই সার্ভিসের পরিবর্তে, এটা অনুচিত। কারণ দেশের মানুষ সম্পূর্ণ দায়িত্ব বহন করবেন। তার জন্য এনজয় ক'রে যাবেন একদল প্রিভিলেজড লোক আর বাদ বাকী লোক পারবেন না, এটা হওয়া উচিত নয়। সেইজন্য যতদিন পর্যন্ত একটা মিউনিসিপ্যালিটি গড়ে না ওঠে, ততদিন পর্যন্ত যেখানে গভর্নমেন্টের পরিকল্পনায় শহর গড়ে উঠছে, সেখানে একজন অফিসার দিয়ে যাতে এই জিনিসগুলো চালু রাখা যায় এবং সার্ভিসের জন্য যা তাদের ন্যায্য দেয়, সেই টাকা আদায় করা যায় সেই ব্যবস্থা করা হচ্ছে। উদাহরণ স্বরূপ সল্টলেকে প্রায় ৬ বর্গমাইল এর একটু উপরে জায়গা, এতে বহু কোটি টাকা খরচ হয়েছে, কিন্তু যারা বসবাস করছে, এখনও পর্যন্ত তাদের সংখ্যা নগন্য। কিন্তু তারা জল পাচ্ছে, তারা অনেক জায়গায় বিদ্যুৎ পাচ্ছে, কোন জায়গায় আণ্ডারগ্রাউণ্ড লাইন আছে, কোন জায়গায় আণ্ডারগ্রাউণ্ড লাইন নেই, আণ্ডারগ্রাউণ্ড সুয়োরেজ হচ্ছে অনেক জায়গায়। অনেক জায়গায় আণ্ডারগ্রাউণ্ড সিস্টেম হচ্ছে পানীয় জল সাপ্লাই করার জন্য। সেটা চালিয়ে যাওয়া হচ্ছে। তার জন্য কোন কিছু আদায় করা হচ্ছে না। যদিও তাঁরা সেই সুযোগসুবিধা পাচ্ছেন। কল্যাণীতেও সেইরকম অবস্থা। কল্যাণীতে শহর গড়ার একটা পরিকল্পনা ডাঃ রায়ের ছিল এবং আমি কালকে সেখানে গিয়েছিলাম, সেখানেও নানাবকম সিস্টেম হচ্ছে, চেষ্টা চলছে শহরটাকে কি ক'রে আরও বাড়িয়ে দেওয়া যায়।

এইরকম ভবিষ্যতে আরও গোটা চারেক অন্ততঃ কলকাতার চতুর্দিকে অন্যত্র বা হাওড়া, দক্ষিণ ২৪পরগনার দিকে বা পূর্ব কলকাতায় — এই সমস্ত জায়গায় আরও নূতন শহর — আসানসোল ইত্যাদি জায়গায়, যেখানে যেখানে প্রয়োজন সেখানে সেখানে উপনগরী তৈরী হবে এবং সেখানে সার্ভিস চালু রাখার জন্য গভর্নমেন্ট এখন শুধু খরচ ক'রে যাচ্ছে, কিছু আদায় করতে পারছেন না। সুতরাং এই আইন অনুসারে কিছু আদায় করতে পারবেন এবং কাজ চালিয়ে যেতে পারবেন এবং যখন একটা মিউনিসিপ্যালিটি করবার মত অবস্থা হবে তখন সেটা মিউনিসিপ্যালিটিতে পরিণত করবার জন্য সরকার নিশ্চয়ই সিদ্ধান্ত নেবেন। তবে যতদিন সেই সিদ্ধান্ত না হয় ততদিন পর্যন্ত এটা যাতে চালু থাকে ও জল ইত্যাদি যাতে চালু থাকে তার জন্য ক্ষমতার দরকার এবং সেই

ক্ষমতার জন্যই বিলটা আনা হয়েছে। আমি আশা করি যে এই হাউস আমাদের এই বিলকে সাপোর্ট করবেন।

[5.30 – 5.40 P.M.]

শ্রীঅশ্বিনী রায়ঃ মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, এই যে বিল মাননীয় মন্ত্রিমহাশয় এনেছেন এর উদ্দেশ্য সম্বন্ধে উনি যেটা বললেন সেটা হচ্ছে লবণ হ্রদ যারা বসবাস করছে বা ভবিষ্যতে যাঁরা বসবাস করবেন তাঁদের সুখ-সুবিধা দেবার জন্য উনি ট্যাক্স বসাবেন। একটা হচ্ছে গ্রাউন্ড বেস্ট বা জমির ট্যাক্স, আর একটা হচ্ছে জল এবং স্যানিটেশনের জন্য একটা ট্যাক্স। এখানে ট্যাক্স আদায় করবার জন্য একজন অ্যাডমিনিস্ট্রেটার থাকবেন এবং ট্যাক্স আদায় করার পর কি কি সুযোগ সুবিধা দেওয়া হবে তা তিনি নির্ধারণ করবেন। এখন এই বিষয়ে পশ্চিম বাংলায় বিভিন্ন আইন আছে। যেমন ক্যালকাটা কর্পোরেশন আইন আছে। পশ্চিম বাংলায় যে মিউনিসিপ্যালিটিগুলি আছে তাদের জন্য ওয়েস্ট বেঙ্গ মিউনিসিপ্যাল অ্যাক্ট আছে, সেই অ্যাক্ট অনুযায়ী তারা গাইডেড হয়। এছাড়াও আরও কতকগুলি আইন আছে, যেমন দুর্গাপুর ডেভালপমেন্ট অথরিটি আইন। এই ভাবে কতকগুলি আইন আছে। আবার সারা ভারতবর্ষের ক্ষেত্রে বলা যায় যে, কতকগুলিগ জায়গায় টাউন কমিটি আছে, ক্যানটনমেন্ট কমিটি আছে, ইত্যাদি আছে। এখানে আজকে সাধারণভাবে যারা ট্যাক্স দেবে তাদের একটা গণতান্ত্রিক অধিকার থাকা উচিত। সেইজন্য আমি মনে করি যে, ক্যালকাটা কর্পোরেশনের যে আইন, ওস্টে বেঙ্গল মিউনিসিপ্যাল অ্যাক্ট ও আরও যেসব স্যানিটেশন ইত্যাদি সম্বন্ধেআইন আছে সেই আইনগুলি যখন আপনি প্রয়োগ করেন ক্যালকাটা মিউনিসিপ্যাল অ্যাক্ট থেকে বা ওয়েস্ট বেঙ্গল মিউনিসিপ্যাল অ্যাক্ট থেকে তখন তাদের একটা অধিকার থাকে, সেখানে নাগরিকদের একটা স্বয়ংশাসিত প্রতিষ্ঠান গড়ে ওঠে। তাদের সেই প্রতিষ্ঠান গড়ে তোলার অধিকার থাকে। অথচ এখানে সেটা আপনারা এই বিলের মধ্যে কোন জায়গায় আনছেন না। কেবল এখানে আপনি একজন অ্যাডমিনিস্ট্রেটরকে অ্যাপয়েন্ট ক'রে রেখে দিচ্ছেন। মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, এই যে দুর্গাপুর ডেভালপমেন্ট অথরিটি যেখানে রয়েছে সেখানে এক সময় জঙ্গল ছিল, তারপর কলকারখানা হয়েছে, বাড়িঘর হয়েছে। কয়েক লক্ষ লোক সেখানে বসবাস করছে এবং সেখানে দুটো জিনিস দেখা গিয়েছে। যেমন যারা আগের দিনে ইউনিয়ন বোর্ডের এলাকায় ছিল, যেগুলি এখনো গ্রামীন পরিবেশে রয়েছে বা যেখানে সেন্ট্রাল বাজার তৈরি হয়ে গিয়েছে সেখানকার লোকেরা ট্যাক্স দিচ্ছে, কিন্তু সেখানে জল সরবরাহ ব্যবস্থা বা স্যানিটেশনের ব্যবস্থা আদৌ নেই। সেইজন্য আমি এই দুর্গাপুর ডেভালপমেন্ট অথরিটি বা এই ধরনের ইউনিয়ন বোর্ড যখন তৈরি হয় তখন আমরা বারবার বলেছিলাম যে, নিশ্চয়ই মানুষকে বসবাস করতে হলে বা অর্থনৈতিক সুযোগসুবিধা নিতে গেলে ট্যাক্স দিতে হবে, সেটা দেওয়া উচিত। কিন্তু কিভাবে সেটা খরচ হবে? আজ সেখানে সাধারণ মানুষের প্রত্যেকের ভোটে অধিকার এসে গিয়েছে। আজকে একটা কারখানায় ওয়ার্কস কমিটি করতে গেলেও সেখানে সেটা সেখানকার সাধারণ শ্রমিকদের ভোটের ওপর হয়। সেইভাবে এই যে ডেমোক্রাটাইজেসন অব দি অথরিটি এটা কিন্তু বিলের মধ্যে নেই। সেইজন্য আমার বক্তব্য হচ্ছে যে, আজকে এই আধুনিক দিনে আপনি একজন অ্যামিনিসট্রেটরের ওপর ভরসা ক'রে এই যে দায়িত্ব দিচ্ছেন, এটা না দিয়ে সেখানকার সাধারণ মানুষদের যে অধিকার সেই অধিকারের হিসাবে ব্যবস্থাপনা পরিচালনার জন্য একটা যদি কমিটিও অন্তত ক'রে দেওয়ার কথা এই বিলের মধ্যে থাকা উচিত ছিল। এই বিলের এটাই হচ্ছে আমাদের কাছে ত্রুটি। শুধু সল্টলেক নয়, দুর্গাপুর উন্নয়ন সম্পর্কেও এই ধরনের আইন হতে পারে। কারণ দুর্গাপুর ডেভালপমেন্ট অথরিটির যে আইন আছে সেখানেও এত বিস্তারিত ব্যাপার নেই, এই সিভিক অ্যামিনিটিসের কথা এত সুস্পষ্টভাবে নেই। সেইজন্য আমি একটু আতংকিত। মাননীয় মন্ত্রিমহাশয়ে যে থানা হেডকোয়ার্টার, উনি যে কনস্টিটিউয়েন্সি থেকে নির্বাচিত, সেই ভাতারেও অনেক বাড়িঘর তৈরি হচ্ছে এবং সেখানেও এই ধরনে একটা সেটেলমেন্ট হবে, একটা নগর তৈরি হয়ে যাবে। এই উউ বি ডেভালপমেন্ট এরিয়া—এই আইন যাবে। সেজন্য সমস্ত গুলি চিন্তা ক'রে এটা দেখা উচিৎ একটা গ্রামীন জীবনে পঞ্চায়েত আছে, সেখানে একটা ইলেকটেড বডি থাকে। সুতরাং এটাকে গণতান্ত্রিক করার জন্য একটা দৃষ্টিভঙ্গী থাকা উচিৎ ছিল। শুধু অ্যাডমিনিস্ট্রেশনের উপরেনয়, তার উপরেও একটা কমিটি থাকা উচিৎ। আর এই যে আর্থিক দায়িত্বের কথা বলছেন সেখানেও দেখা যাচ্ছে ১৯৮০ সালে একটা লোককে কত ট্যাক্স দিতে

হবে। গ্রাউন্ড রেন্ট হিসেবে পার স্কোয়ার ফুট ২৮ টাকা এবং ওয়াটার রেট হিসেবে ১২/১২ টাকা—হঠাৎ ৪০ টাকা পার স্কোয়ার ফুট। একটা ছোট পরিবার তার একটু ফাঁকা জায়গায় সে যদি একটা ঘর তৈরি করে তাকে ২০০ স্কোয়ার ফুটের মধ্য কি পরিমান টাকা দিতে হবে? যে টাউনশিপ করতে যাচ্ছেন সেটা কাদের জন্য। শহরের গরিব মানুষদের কি শহরে থাকা সম্ভব হবে ট্যাক্স দিয়ে? শহরে লোয়ার মিডল ইনকাম গ্রুপের লোকের পক্ষে এই রকম ধরণের ট্যাক্স দেওয়া সম্ভব হবে না। আমি ডেভেলপ করব, লোকে বাসকরবে অতএব টাকা উশুল করতে হবে—এই দৃষ্টিভঙ্গী থাকা উচিত নয়। সেখানে নাগরিকদের সুখসুবিধার জন্য সরকারী তহবিল থেকে কিছু সুযোগ সুবিধা দেওয়া উচিত। যাইহোক এইযে নূতন শহর করতে যাচ্ছেন সেই উদ্দেশ্যে ই বিলকে সমর্থন করছি। কিন্তু এটাকে পুরোপুরি গণতান্ত্রিক কারণ না করার জন্য আমি এটাকে পুরোপুরি ভাবে সমর্থন করতে পারছি না।

শ্রীতপন চ্যাটার্জি ঃ মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, এই বিল আনার জন্য আমি মন্ত্রিমহাশয়কে অভিনন্দন জানাচ্ছি। কারণ বাহিরে থেকে কিছু লোক এসে সেই উপনগরীতে বসবাস করবে। তাদের রাস্তা, পানীয় জল, আলো ইত্যাদি সব সরকারী টাকা ব্যয় হবে। সরকার সীমিত অর্থনীতির মধ্যে এটা ব্যয় করবেন। কিন্তু তার পরিবর্তে কোন রিটার্ন পাবেন না এটা হতে পারে না। যেখানে কোন মিউনিসিপ্যালিটি হতে যায় তখন সরকার যে ব্যায় করছেন তার পরিবর্তে কিছু ট্যাক্স করতেই হবে। কল্যানী উপনগরী যখন ডাঃ রায় তৈরি করেছিলেন তখন সেখানে বসবাস করার জন্য জমি অধিগ্রহণ হয়েছিল। কিন্তু সেখানে কম লোক এসেছিল, অথচ তাদের জন্য রাস্তা পানীয় জল, হাসপাতাল ইত্যাদি সমস্ত করতে হয়েছিল।

[5.40 - 5.50 p.m.]

কিন্তু সেই যে বিরাট পরিমাণ অর্থব্যয় হ'ল সেই অর্থে বিনিময়ে ট্যাক্স আদায় করার মত কোন পৌরসভা বা এ ধরনের কোন সংস্থা গড়ে উঠল না। সরকার জনসাধারণকে যে সুযোগসুবিধা দিচ্ছে, সরকার যে ক্যাপিট্যাল এক্সপেন্ডিচার করছেন, অর্থাৎ রাস্তাঘাট, হাসপাতাল, স্কুল-কলেজ, বাজার এবং পানীয় জল সরবরাহ, সেগুলি চালু রাখার জন্য, সেগুলিকে ভবিষ্যতে মেরামত করার জন্য কিছু অর্থের প্রয়োজন আছে। সুতরাং সেই মেরামতের স্বার্থে এই বিল পাস করার প্রয়োজন আছে। তৃতীয় প্রশ্ন হচ্ছে জনসাধারণ যদি মনে করে যে শুধু সরকারের দায়িত্ব আছে তাদের সেবা করা তাহ'লে সেটা ঠিক হবে না, তাদেরও তেমনি কর্তব্য আছে সরকারের প্রতি। কর্তব্য এবং দায়িত্ব পরস্পর পরস্পরের পরিপূরক। সরকারকে দেওয়ার কিছু নেই এই জিনিস যদি গোড়া থেকে আস্তে আস্তে হয় তাহ'লে ভবিষ্যতে কোনদিন মানুষ ট্যাক্স দেবে না এবং এমন অবস্থা সৃষ্টি হবে যে ট্যাক্স না দেওয়াটাই যে মস্ত বড় কৃতিত্বের কাজ। কিছু কিছু রাজনৈতিক দল আছে যাঁরা প্রচার ক'রে বেড়াবেন ট্যাক্স দিও না এবং এইভাবে তাঁরা সস্তার রাজনীতি করতে চান। বর্তমানে রাজনীতিব নাম ক'রে নেগেটিভ পলিটিক্স চলছে। নেগেটিভ পলিটিক্সে যাঁরা রাজনীতি করেন তাঁরা প্রচার করবেন সরকারকে ট্যাক্স দিও না। সরকার এমন একটা কামধেনু যে শুধু দিয়ে যাবে। পূর্তমন্ত্রী ওয়ার্লড ব্যাঙ্কের সঙ্গে কথা ব'লে থাকেন, সেই ওয়ার্লড ব্যাঙ্কে, কেন্দ্রীয় সরকার তাঁরা শুধু দিয়ে যাবেন কিন্তু তার পরিবর্তে জনসাধারণ কোন ত্যাগ স্বীকার করবেন না এই কথা তাঁরা প্রচার করবেন। জনসাধারণ ভ্রান্ত নয়, তাঁরা শান্তিপ্রিয়। কিন্তু কিছু কিছু রাজনৈতিক দল আছে যারা জনসাধারণকে সরকারের বিরুদ্ধে ক্ষেপিয়ে তুলতে সাহায্য করে। তাই আমি পূর্তমন্ত্রি ভোলানাথ সেন মহাশয়কে এই বিল আনার জন্য অভিনন্দন জানাই, তাঁর কর্মপ্রচেষ্টাকে সাধুবাদ জানাই এবং সর্বোপরি এই বিলকে সম্পূর্ণভাবে সমর্থন জানিয়ে আমি আমার বক্তব্য শেষ করছি।

শ্রীগোবিন্দ চ্যাটার্জী ঃ মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, মাননীয় পূর্ত মন্ত্রী যে দি ওয়েস্ট বেঙ্গল গভর্নমেন্ট টাউনশিপ (এক্সটেনশান অব সিভিক অ্যামিনিটিজ) বিল এনেছেন এই বিল একটা ব্যাপারে আমাকে খুব আহত করছে, এখানে কোন নির্বাচিত কর্মকর্তার ব্যবস্থা রাখা হয় নি। আমরা এটা বুঝি যে যখন একটা শহর গড়ে উঠে তখন সেখানে প্রথমে যথেষ্ট পরিমাণে জনসংখ্যা আসে না, প্রথমে সেখানে পৌরসংস্থা বা পৌরসংস্থাজাতীয় গড়ে তোলায় অসুবিধা থাকে। কিন্তু উনি যে কাঠামো এই বিলে এনেছেন তাতে এটা বুঝতে পারছি না কতদিন বাদে নির্বাচিত কর্মকর্তারা এসে নিজেদের স্বায়ত্তশাসন পরিচালনার দায়িত্ব নিজেরা নেবেন এবং সেটাকে তাঁরা সমৃদ্ধ

করে গড়ে তুলবেন। সম্ভবত রাজ্য সরকারের কিছু কিছু মন্ত্রীর এইরকম ধারণা আছে যে পৌরসভায় যে নির্বাচিত প্রতিনিধি আছেন তাঁরা সেখানে ঠিক ঠিক কাজকর্ম করেন না, তাই সরকারী অফিসারের হাতে সেখানকার কাজকর্ম পরিচালনার দায়িত্ব তুলে দেন। যেমন কলকাতা কর্পোরেশনে নির্বাচিত বডির পরিবর্তে আই এ এস অফিসারকে বসিয়েছেন, কলকাতা পৌরসভার কি অবস্থা সেটা আমরা দেখতে পাচ্ছি। কলকাতা কর্পোরেশনকে ভতুকি দিতে হচ্ছে। আমাদের পূর্তমন্ত্রীর সি এম ডি সঙ্গে কলকাতা কর্পোরেশনের মারামারি লাঠালাঠি লেগেই আছে। আপনারা সংবাদপত্র খুললেই দেখতে পাবেন কর্পোরেশনের সঙ্গে সি এম ডি এর সংঘাতরয়েছে।

সেইজন্য মন্ত্রী মহাশয়ের এটা জেনে রাখা দরকার যে নির্বাচিত কর্মকর্তাদের পরিবর্তে সেখানে সরকারী প্রশাসক যে ডিগ্রিধারী হোক না কেন বা যে পদাধিকারী হোক না কেন তাকে সেখানে বসালেই কাজ হবে না। আমি জানি একজন মন্ত্রী দীঘাতে পৌর প্রধানদের সম্মেলনে ঘোষণা করেছিলেন যে নির্বাচিত প্রতিনিধিদের হাত থেকে নিয়ে কোন ফল পাই নি। প্রকাশ্য সম্মেলনে এই কথা ঘোষণা করলেন এবং এটা সংবাদপত্রে বেরিয়েছিল। নির্বাচিত প্রতিনিধিদের হাত থেকে নিয়ে আজকে কি অবস্থা দাঁড়িয়েছে সেটা স্বায়ত্ত শাসন মন্ত্রী নিজে তাঁর চোখের সামনে দেখতে পাচ্ছেন এবং যাঁরা কলকাতায় থাকেন তাঁরাও দেখতে পাচ্ছেন. আমার বাড়ির পাশে দুটি পৌরসভা উত্তরপাড়া এবং শ্রীরামপুর সরকারী প্রশাসকের হাতে চলে গেছে, সেখানে আমি দেখছি তাদের কি অধোগতি হয়েছে। আমরা লক্ষ্য করছি দপ্তরে যাঁরা জুনিয়ার অফিসার আছেন তাঁদের কাছে গিয়ে বা অ্যাডমিনিসট্রেটর এর কাছে গিয়ে জনসাধারণ কেউ পাত্তা পায় না এবং দেখছি জনসাধারণের সঙ্গে তাদের যোগাযোগ না থাকার ফলে তারা না ঘরকা, না ঘাটকা এ রকম অবস্থায় রয়েছে। আপনি যে টাউনশিপ ক রছেন এবং সেখানে একজন অ্যাডমিনিস্ট্রেটর দিয়ে দিলেন যিনি হয়তো একজন ডেপুটি ম্যাজিস্ট্রেট এবং তিনি যেটা করবেন তাঁর দয়াধর্মের উপর নির্ভর ক রে সেখানকার লোকদের থাকতে হবে। আমার বক্তব্য হচ্ছে সেখানে আপনি একটি নির্বাচিত কমিটি করুন এবং যিনি অ্যাডমিনিস্ট্রেটর থাকবেন তিনি সেই নির্বাচিত কমিটির পরামর্শ অনুযায়ী চলবেন। অবশ্য মনত্রিমহাশয় যেরকমভাবে সি এম ডি এর অ্যাডভাইসারী কমিটি করেছেন সেরকম কমিটি আমি চাই না। কারণ তাদের কোন মিটিংই হয় না। আপনি অ্যাডমিনিস্ট্রেটর রাখুন কিন্তু সেখানে নির্বাচিত কমিটি করুন এবং অ্যাডমিনিস্ট্রেটর যাতে সেই নির্বাচিত কমিটির পরামর্শ অনুযায়ী কাজ করেন সেই ব্যবস্থা করুন। যারা সেখানে থাকবে তাদের ট্যাক্স দেবার দায়িত্ব থাকবে কিন্তু তাদের মতামতের কোন দাম থাকবে না এবং সরকারের কাছে রিপ্রেজেন্টেশন দেবার কোন সুযোগ থাকবে না এটা হয় না। আমার কাছ থেকে আপনি ট্যাক্স নেবেন কিন্তু আমাকে ভোটাধিকার দেবেন না এটা হয় না। সেখানে যে অ্যাডমিনিস্ট্রেটর থাকবেন তিনি যদি সেরকম মানুষ না হন বা তাঁর যদি সেরকম মানসিকতা না থাকে তাহ লে তার ফল উল্টো হবে। আমি আমার এলাকার কথা বলছি—সেখানে পৌরসভায় অ্যাডমিনিস্ট্রেটর রয়েছেন। কিন্তু তবুও সেখানকার বিভিন্ন সমস্যা নিয়ে জনসাধারণকে মন্ত্রির কাছে ছোটাছুটি যাওয়া-আসা করতে হয়। কাজেই মন্ত্রিমহাশয়কে অনুরোধ করছি আপনি ইন্টারভেনিং পিরিয়ডের জন্য অ্যাডমিনিস্ট্রেটর রাখতে চান রাখুন কিন্তু একটা আশ্বাস দিন যে ছয় মাস বা এক বছরের পর সেখানে একটা নির্বাচিত কমিটি করবেন এবং তাদের ক্ষমতা থাকবে। আমার আর একটা বক্তব্য হচ্ছে এই অর্ন্তবর্তীকালীন সময় সেখানে একটা বোর্ড থাকবে যারা অ্যাডমিনিস্ট্রেটরকে পরামর্শ দেবে এবং তারা যেন প্রয়োজনে সরকারের দৃষ্টি আকর্ষণ করতে পারে। মন্ত্রিমহাশয় বলেছেন যতদিন না পৌরসভা হয় ততদিন এটা চলবে। আমি মনে করি এটা একটা ভেগ টার্ম। এই ব্যবস্থা যা করেছেন এটা শুধু সল্টলেকই নয়, অন্যান্য ফ্রিনজ এরিয়াগুলোকেও অ্যাফেক্ট করবে। তারপর, ট্যাক্সের হার সম্বন্ধে আমার বক্তব্য হচ্ছে ট্যাক্স এমন ভাবে করা উচিত যাতে সেখানে নিম্ন মধ্যবিত্ত এবং মধ্যবিত্ত মানুষ গিয়ে থাকতে পারে। সরকারকে যে টাকা খরচ করতে হয়েছে, খরচ করতে হচ্ছে এবং আগামীদিনেও খরচ করতে হবে তার জন্য একটা ব্যবস্থা থাক দরকার এ বিষয়ে মন্ত্রিমহাশয়ের সঙ্গে আমার কোন দ্বিমত নেই।

[5.50 - 6.00 p.m.]

কিন্তু এই ব্যাপারে পাউন্ড, শিলিং, পেন্সের হিসাবমত আমরা যেন না চলি। অর্থাৎ, আজকে আমি এত টাকা

খরচ করেছি সমস্ত জায়গায়, একটা প্রিলিমিনারী একসপেন্স থাকে, একটা প্রমোশন্যাল একসপেন্স থাকে। মাননীয় মন্ত্রিমহাশয় তিনি আইনজ্ঞ, তিনি জানেন, একটা কোম্পানি গঠন করতে গেলে সেখানে প্রিলিমিনারি একস্‌পেন্সে থাকে, প্রমোশন্যাল একসপেন্স থাকে। কাজেই সেখানে ইনিসিয়াল একসপেন্স কিছু হবে, এই ব্যাপারে আতংকিত হবার কিছু নেই। যত জনসংখ্যা বাড়বে, যত বসবাসকারী বাড়বে, তত রেভিনিউ বাড়তে পারে। সেইজন্য ট্যাক্সের হারকে যদি এত উঁচু পর্দায় বেঁধে রাখেন তাহ'লে সাধারণ মানুষ, নিম্ন মধ্যবিত্ত মানুষ, কলকারখানার শ্রমিক তারা আসতে পারবে না। এই পর্যায় যদি বাঁধেন তাহ'লে সেল্ফ-ব্যালেন্সিং ফিনান্স হবে না। চিরকালই সেখানে ডিফিসিট থেকে যাবে। ট্যাক্সের হার আপনি যদি পার স্কোয়ার ফিট ১০০ টাকা করেন তাহ'লে এই সমস্যার সমাধান হবে না, এ বিষয়ে ভেবে দেখতে হবে। কাজেই আমি বলব, ট্যাক্সের হারকে আপনি এমনভাবে করুন যাতে ইমিডিয়েট ফিউচারে লোকসান হ'লেও ১০/১৫ বছর বাদে যেন এটা পেয়িং হয়। এসময়ে ব্যবসাদারী বা বেনিয়া বুদ্ধি থেকে যদি ট্যাক্স করেন তাহ'লে মেন পারপাস অব দি বিল সেটা প্রাসট্রেটেড হয়ে যাবে। ট্যাক্সের হারটা এমন ভাবে করুন যাতে এখানে আসাটা তাদের পক্ষে ভয়ের বা বিভীষিকার ব্যাপার না হয়। সেখানে যাতে সাধারণ মানুষ আকৃষ্ট হয় তার ব্যবস্থা করুন। কিছু উচ্চবিত্ত মানুষ এখানে বসবাস করলে সেল্ফ-ব্যালেন্সিং ফিনান্স হবে না, সেজন্য আমার অনুরোধ, সাধারণ মানুষ যাতে লোকাল সেল্ফ গভর্নমেন্টের অধিকার পায় সে নিশ্চিত আশ্বাস আপনি সভাকে দিন। সরকার একটা আনলিমিটেড পিরিয়ড ক'রে দেবেন, একটা অ্যাডমিনিস্ট্রেটার বসিয়ে দেবেন আর সেই সমস্ত আন্তবর্তীকালীন সময়ে মানুষ যারা সেখানে বসবাস করবে তাদের নিজস্ব সমস্যা নিয়ে বিচার-বিবেচনা করবার বা সরকারের কাছে আবেদন-নিবেদন করবার সুযোগ থাকবে না এটা বন্ধ করবার জন্য মাননীয় পূর্তমন্ত্রিকে আমি একটু গঠনমূলকভাবে চিন্তা করতে বলছি। সেইজন্য মাননীয় সদস্য অশ্বিনীবাবু যেসমস্ত অ্যামেন্ডমেন্ট এনেছেন তা আমি এনডোর্স করছি।

শ্রীডোলানাথ সেন : মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি অত্যন্ত বিনীতভাবে বলছি, মাননীয় তপনবাবু ছাড়া আর কেউ এই বিলটার ভেরি কনসেপ্ট উপলব্ধি করেন নি। কনসেপ্ট হচ্ছে সরকার জমি যোগাড় ক'রে একটা উপনগরী তৈরি করবে। সেখানে সেটা করতে সময় লাগবে এবং তাদের প্রয়োজন কি— একটা রাস্তা হ'ল, তাঁরা বাড়ি করলেন, দু হাজার কি ১০ হাজার কি ২ লাখ টাকা দিয়ে হোক, তাদের ময়লা পরিষ্কার করা দরকার, তাদের রাস্তার লাইটের দরকার, রাস্তার জল নিকাশের ব্যবস্থা থাকা দরকার, পানীয় জলের দরকার। কমন ফেসিলিটিস আরও কিছু কিছু দরকার। সেখানে কনজারভেন্সীর দরকার। এটা কে করবে? যতদিন পর্যন্ত সরকার জমি কিনে বা জমি দখল ক'রে বা অ্যাকুইজিশান ক'রে টাউনশিপ গড়ে তুলছেন এবং পুরোপুরিভাবে টাউনশিপ না হচ্ছে তার মধ্যে লোক যারা আসছে এবং তা যদি আসে সেখানের অবস্থাটা চিন্তা করুন। সেখানে একজন লোক যদি আসে তাহ'লে ইলেকশান কি ক'রে হবে। একজন বা দুজন লোকের কমিটি কি ক'রে হবে? যেখানে এক লক্ষ লোকের টাউন করা হবে সেখানে ১০টি লোক এলে তাদের টার্মস অব অ্যাপয়েন্টমেন্ট কি হবে? কাজেই কয়টা সিটে ইলেকশান হবে? এ কয়টা লোক কি ডিসাইড করবে এ এক লক্ষ লোক কিভাবে কাজ করবে। এ কয়টি লোক কটা টাকা দেবে? সরকার সেখানে খরচ করছেন, কিন্তু সরকারকে দেখতে হবে যাতে তারা সিভিক অ্যামিনিটিস পায় এবং তার পরিবর্তে কিছু অন্তত আদায় হয়। আমি জানি না অশ্বিনীবাবু কোথায় পেলেন মাসে ৪০ টাকা লাগবে। এখানে বলা আছে ক্যালকাটা মিউনিসিপ্যাল অ্যাক্ট এবং বেঙ্গল মিউনিসিপ্যাল অ্যাক্টের যে পাওয়ার তার মধ্যে বেছে বেছে কয়েকটি পাওয়ার দেওয়া হবে। ট্যাক্সের কথা আছে আর ফিস ফর সারভিসেস রেনডার্ড—একটা ইন্টিসিপেটেড ইনকামের কথা বলা আছে, এ ছাড়া আর কিছু নেই। আর এই জিনিসগুলি যদি মিউনিসিপ্যালিটি করলেই হত তাহ'লে আজকে পশ্চিম বাংলায় বেশিরভাগ মিউনিসিপ্যালিটি সুপারসিডেড হত না। আজকে সারা ভারতবর্ষে বোধহয় ৫১টি কর্পোরেশন আছে তার মধ্যে বেশিরভাগ কর্পোরেশনই সুপারসিডেড হত না এবং কর্পোরেশন খালি এ ইলেকশন হলেই যে হয় তা নয়, আসল ব্যাপার হ'ল লোকেরা ইলেকশানের চেয়েও চায় নিজের বাড়ির সামনেটা পরিষ্কার হোক, দূষিত আবহাওয়া পরিষ্কার হোক এবং তারা যাতে মিনিমাম অ্যামেনিটিস, একটু আলো, একটু জল, একটা পায়খানা, একটু আবর্জনা পরিষ্কার করার ব্যবস্থা, এই সমস্ত বন্দোবস্ত

করা। সেই বন্দোবস্ত করা যতক্ষণ পর্যন্ত স্বায়ত্বশাসন সম্ভব নয় ততক্ষণ পর্যন্ত একটা লোককে দেখতে হবে, একটা লোককে খানিকটা ক্ষমতা দিতে হবে। ক্যালকাটা মিউনিসিপ্যাল অ্যাক্টে সে দেওয়া যায় না মিউনিসিপ্যালিটি না হ'লে। অথচ আছে হয়তো ১০ টি লোক, কি ১০০টি লোক, মিউনিসিপ্যালিটি করার কোন অর্থ হয় না। কারণ মিউনিসিপ্যালিটি হলে তার ফান্ড দিতে হয় সে ফান্ড নেই। সেটা ১০টি লোকের ইনকাম বা ট্যাক্স হবে না, ১০০টি লোকের ট্যাক্সে সল্টলেক চলবে না, হাজারটা লোকের ট্যাক্সে সল্টলেক চলবে না, শুধু সেখানে তার নিয়ে যেতেই কয়েক কোটি টাকা লাগবে। ওয়েস্ট বেঙ্গল স্টেট ইলেকট্রিসিটি বোর্ড থেকে বা যদি ক্যালকাটা ইলেকট্রিক সাপ্লাই কর্পোরেশন অ্যাসিস্ট করে তাহ'লে কয়েক কোটি টাকার তার লাগবে। সে টাকা কোথায়, কে ডিসাইড করবে, কার টাকা কোথায় যাবে, কে ডিসাইড করবে ভবিষ্যতে কত লক্ষ টাকার জিনিস লাগবে? একমাত্র গণতান্ত্রিকভাবে যে সরকার চলছে সেই সরকার ডিসাইড করবে। সেই সরকার এ লোকগুলিকে আজও দেখছে কিন্তু ভালভাবে যাতে তারা অ্যামেনিটিস পায়, যাতে সুষ্ঠুভাবে প্রশাসন চলে, টাকা যাতে আদায় হয়, তার জন্য একজনকে ভার দেওয়া হ'ল। কর্পোরেশনের যেসমস্ত স্পেশাল ক্লজ, বেঙ্গল, মিউনিসিপ্যাল অ্যাক্টে যেসমস্ত স্পেশাল পাওয়ার, সে দিয়ে কিছু কাজ করাতে পারে এই সুবিধাটা পাওয়া দরকার। তার পরিবর্তে তার যে ন্যায্য যতটুকু দেওয়া দরকার, যতটুকু আইন আনুসারে হতে পারে ততটুকু যাতে সে পায়। উলুবেড়িয়া মিউনিসিপ্যালিটি, ওয়ান অব দি অল্ডেস্ট মিউনিসিপ্যালিটিস, একবার মিউনিসিপ্যালিটি হয়েছিল, আজকে উলুবেড়িয়া মিউনিসিপ্যালিটি নেই। নেই তো নেই, একেবারে উঠে গিয়েছে, সুপারসিডেডও নয়, এই মিউনিসিপ্যালিটিই নেই। হাজার হাজার লোক তো মিউনিসিপালিটি চালাতে পারল না। ছিল তো, সবাই ছিল অথচ চালাতে পারল না এবং আজ পর্যন্ত সেই মিউনিসিপ্যালিটি হয় নি। আর সল্টলেক মিউনিসিপ্যালিটি করবেন, কাকে নিয়ে? আমি যদি কোনারে টাউনশিপ করি, যদি পশ্চিমবঙ্গ সরকার ডিসাইড করেন যে দক্ষিণ ২৪ পরগনায় কিম্বা উত্ত ২৪ পরগনায় একটা টাউনশিপ করবেন, স্যাটেলাইট টাউনশিপ, যদি ডিসাইড করেন যে চর্মশিল্পী যারা তাদের জন্য ইস্ট ক্যালকাটায় একটা টাউনশিপ গড়ে তুলবেন, যদি ডিসাইড করেন মিল্ক কলোনী গড়ে তুলবেন, যদি ডিসাইড করেন একটা ওয়াশরম্যান কলোনী গড়ে তুলবেন, সেখানে যে লোকগুলি যাবে, খাবে, থাকবে আস্তে আস্তে একটা কলোনী গড়ে উঠবে তারপর তো হবে। সেই কলোনীতে যতক্ষণ পর্যন্ত তারা স্বায়ত্ব শাসন করবার মত আর্থিক অবস্থা না আসে ততক্ষণ পর্যন্ত গণতান্ত্রিকভাবে যে সরকারকে নির্বাচন করা হয়েছে সেই সরকারই চালিয়ে যাচ্ছে। কিন্তু চালিয়ে গেলেও তাতে অসুবিধা দেখা দিয়েছে কারণ তার সেই পাওয়ার নেই এ সার্ভিস দিয়ে সার্ভিসের বদলে টাকা নিতে। ঠিক সেই কারণেই এই জিনিস করা হচ্ছে এবং এই জিনিস নূতন নয়। এই জাতীয় চিন্তাধারা, এই জাতীয় জিনিস, ইংলন্ডে, যাকে বলে মাদার অব মডার্ণ ডিমোক্রাসি, সেখানে মিউনিসিপ্যাল ল'ও আছে, সেখানে এই জিনিসও আছে, এখানে গভর্নমেন্ট যেখানে মালিক গভর্নমেন্ট সেখানে করছে। আর আমাদের অশ্বিনীবাবু বললেন ভাতারে টাউনশিপের কথা। ধরলাম ভাতারে টাউনশিপ বা যেকোন টাউনশিপই হোক, কিন্তু সেখানে জমি তো সরকারের নয়, সেখানে ১০টি লোক নিজের জমিতে বাড়ি তৈরি করছে, তারা যেকোন কারণে শিল্প গড়ে তুলছে, তারা তখন ঠিক করল যে আমাদের এখানে দরকার রাস্তা, আমাদের এখানে দরকার বিদ্যুতের, আমাদের এখানে দরকার ময়লা পরিষ্কার করার বন্দোবস্ত করা, আমাদের এখানে টাকা তোলা দরকার, আমাদের এখানে টাকা তোলার জন্য সুষ্ঠু একটা সংগঠন করা দরকার, তাহ'লেই তাঁরা সৃষ্টি করতে পারবেন একটি মিউনিসিপ্যালিটি। সেখানে জমির মালিকানা সরকারের নেই, সরকারের কোন পরিকল্পনা নেই, সেখানে পরিকল্পনা মানুষের। দু'ভাবে শহর সৃষ্টি হয়, এক শহর সৃষ্টি হয় মানুষ নিজে তৈরি করে আর শহর হয় পরিকল্পনা অনুসারে সরকার তৈরি করে। আমাদের এখানে সরকার শহর তৈরি করছে এবং আমাদের এই সরকার আসার পর থেকে মানুষ অনেক বেশি কাজ করছে এবং চেষ্টা করছে, অনেক উৎপাদন বাড়াবার চেষ্টা করছে, ইকনমিক বয়ান্সি এসেছে বোঝা যাচ্ছে এবং হয়তো আজ না হোক, কাল না হোক, ১০ বৎসর পরে মানুষ নিজেই শহর তৈরি ক'রে নেবে সে বিষয় সন্দেহ নেই। সেখানে অন্য প্রিনসিপিল অ্যাপ্লাই করবে, তারা তাদের সুযোগসুবিধার জন্য ১০ হাজার লোক আছে ব'লে পঞ্চায়েতে আসবে না, তখন আসবে একটা মিউনিসিপ্যালিটি। আজকে ১ কি ২

লক্ষ লোক বর্ধমান টাউনে আছে তাই সেখানে মিউনিসিপ্যালিটি আছে কিন্তু সেখানে বর্ধমান টাউনের বাইরে মিউনিসিপ্যালিটি নেই, সেখানে অঞ্চল পঞ্চায়েত দেখে বা ডিস্ট্রিক্ট বোর্ড দেখে। সেখানে অঞ্চল পঞ্চায়েত দেখবে কিংবা ডিস্ট্রিক্ট পঞ্চায়েত দেখবে। তখন সেখানে গড়ে উঠে নি এ জিনিস। দুর্গাপুর ডিভেলপমেন্ট অথরিটির সঙ্গে কম্পেয়ার করার কোন অর্থ হয় না, কারণ ডেভলপমেন্ট অথরিটি সি এম ডি এ আছে। গোবিন্দবাবু বললেন সি এম ডি এ সম্বন্ধে, একটা কমিটি করা হয়েছিল, এম এল এ-জ অ্যাডভাইসরি কমিটি। কিন্তু আপনারা নিজেরাই জানেন যে দুবার মিটিং ডাকা হয়েছিল এই অ্যাডভাইডারি কমিটির, এবং প্রত্যেকে আসে নি। যাঁরা যাঁরা এসেছিলেন, তাঁদের নিশ্চয়ই বলা হয়েছিল। তারপরে সোমনাথ লাহিড়ী, নিজেও তিনি বলেছেন— সবাই যখন ওয়েস্ট ব্যাঙ্কের লোক এম এল এ বা রিপ্রেজেন্টেটিভ, তখন স্টেট ব্যাঙ্কেটালা ট্যাঙ্কেজল এল কি না এল, তাতে তাঁদের ইন্টারেস্ট নাই। তাঁদের ইন্টারেস্ট বালি ওয়াটার ওয়ার্কে, হাওড়া ওয়াটার ওয়ার্কে কি হ'ল না হ'ল। জোনাল কমিটি আছে, বাট টেল মি একটা জায়গায় ধরুন তপনবাবুর ওখানে যদি শ্মশান তুলে দিয়ে ক্রিমেটোরিয়াম হয়, আর ইউ ইন্টারেস্টেড ? নো। আপনার ওখানে যদি ঘাট তৈরি হয় তপনবাবু কি ইন্টারেস্টেড ? নো। আমাদের এখানে ১১৪টি স্কীম চালু আছে, এখন পর্যন্ত ১১৪টি স্কীম জানা আছে এবং এমন একটি জিনিস আপনি অতন্ত বলতে পারবেন এবং এম এল এ যাঁরা যাঁরা আছেন সি ডি এ এলেকায় বলতে পারবেন, নিশ্চয়ই স্বীকার করবেন, সি এম ডি এ এলেকায় এমন কোন কাজ হয় নি, এমন নাই যে কাজে চেয়ারম্যানের সঙ্গে বা অফিসারের সঙ্গে মিটিং হয় নি, মিটিং যখনই চাওয়া হয়েছে, তখনই মিটিং হয়েছে। আজকে ওভাব-অল পলিসির ব্যাপার নয়, আমরা কাজে নেমে পড়েছি। তাই অণুবীক্ষণ যন্ত্র দিয়ে দেখা হচ্ছে কোন্ কোন্ জায়গায় কোন্ টিউবওয়েল বসে নি, কোন্‌খানে পাইপ গ লাইন যায় নি, কোন্‌খানে রাস্তা ঠিক মেরামত হয় নি, কোন্ কোন্ স্থানে স্কুল বিল্ডিং অর্ধেক হয়ে পড়ে আছে, কোন্ কোন্ খানে হাসপাতাল অর্ধেক হয়ে পড়ে আছে। এটা পলিসির প্রশ্ন নাই, প্রশ্ন হচ্ছে একজিকিউশনের। সোমনাথবাবু ঠিকই বলেছেন, তিনি অনেক এক্সপেরিয়েন্সড, আমি মনে করি এই যে পলিসি নেওয়া হয়েছে, এটা যদি পড়ে দেখেন, তাহ'লে দেখবেন এটা গণতন্ত্রবিরোধী নয় এবং যেমন যেকোন ডিপার্টমেন্টাল অফিসাররা কাজ করেন, তেমনি গণতান্ত্রিক সরকার কাজ করবেন, তাঁদের একজন অফিসারের মাধ্যমে, যে অফিসারকে কিছুটা ক্ষমতা দেওয়া হবে যাতে মানুষের অযত্ন না হয়। একথা ব'লে এই হাউসকে অনুরোধ করছি এটা অ্যাকসেপ্ট করতে।

The motion of Shri Bholanath Sen that the West Bengal Government Townships (Extension of Civic Amenities) Bill, 1975, be taken into consideration, was then put and agreed to.

Clauses 1 to 3

The question that clauses 1 to 3 do stand part of the Bill was then put and agreed to.

Clause 4

Shri Aswini Kumar Roy : Sir, I beg to move that in clause 4(1), line, 2, for the words "an administrator who" the words "Elected Committee and an administrator who" be substituted.

Sir, I also beg to move that in clause 4(1), in line 4, after the words

"Government Township" the words "The Committee will be elected in such manner as will be prescribed by State Government from amongst the people of the area." be inserted.

Sir I also beg to move that the following proviso be added to clause 4(2), namely:

"Provided that the administrator will function under the Committee as will be prescribed by the State Government."

মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি সংশোধনীগুলি— এক থেকে ছয় পর্যন্ত উত্থাপন করছি এবং যেহেতু মাননীয় মন্ত্রি মহাশয় কোন একটি নির্দিষ্ট সময়ে যে এই ধরনের স্বয়ং শাসিত একটি প্রতিষ্ঠান গড়ে উঠবে, তেমন কোন নির্দিষ্ট বক্তব্য ও এখানে তিনি রাখছেন না, সেই জন্য আমি এই অ্যামেন্ডমেন্টগুলো মুভ করছি। তিনি অবশ্য বলেছেন—কারা আসবে কি আসবে না তার কোন ঠিক নাই। ওখানে আপনি একটি অ্যান্টিসিপেটেড ট্যাক্সেশন এর কথা বলছেন, ১৯৮০ সালে ৫৮ হাজার স্কোয়ার ফুটে বসতি হবে। সেই কারণে উনি গ্রাউন্ড রেট ওয়াটার ট্যাক্স ইত্যাদি করছেন। এই ১৯৮০ সালে যদি ৫৮ হাজার স্কোয়ার ফুট এরিয়াতে বসবাস হয়, উনি হয় ক্যালকুলেশন করছেন, তাতে সেল্ফ-সাফিসিয়েন্ট ইকনমি হয়ে যাবে। কোন ঘাটতি থাকছে না ওয়াটার রেটের ক্ষেত্রে। অবশ্য ১৯৮৫ সালে গ্রাউন্ড রেটে ঘাটতি থাকছে। উনি যদি বলতেন না যখন ওটা একটা সেল্ফ-সাফিসিয়েন্ট এক্সপেন্ডিচার এর মধ্যে চলে যাবে, তখন তার একটা সেল্ফ-সাপোর্টেড গভর্ণমেন্ট করে নিতে পারবে ওখান কার অ্যাডমিনিস্ট্রেশন চালু করবার জন্য। এই সম্পর্কে কোন রকম আশ্বাস তাঁর কাছ থেকে না পাওয়ার ফলে এই অ্যামেন্ডমেন্টগুলি আমি মুভ করছি।

শ্রীভোলানাথ সেন : স্যার, আমি এটা গ্রহণ করতে পারলাম না।

The motions of Shri Aswini Kumar Roy that in clause 4(1), line 2, for the words "an administrator who" the words "Elected Committee and an administrator who" be substituted,

that in clause 4(1), in line 4, after the words "Government Township" the words "The Committee will be elected in such manner as will be prescribed by State Government from amongst the people of the area." be inserted,

that the following proviso be added to clause 4(2), namely :

"Provided that the administrator will function under the Committee as will be prescribed by the State Government.", were then put and lost.

The qusstion that clause 4 do stand part of the Bill, was then put and agreed to.

The motion of Shri Aswini Kumar Roy that in clause 5, in line 4, after the words "Section 3" the words "a portion of the" be inserted, was then put and lost.

The question that clause 5 do stand part of the Bill, was then put and agreed to.

Clauses 6 to 12 and Preamble

The question that clauses 6 to 12 and Preamble do stand part of the Bill, was then put and agreed to.

Shri Bholanath Sen : Sir, I beg to move that the West Bengal Govrnment Township (Extension of Civic Amenities) Bill, 1975, as settled in the Assembly, be passed.

The motion was then put and agreed to.

শ্রীঅশ্বিনী কুমার রায় : অ্যামেণ্ডমেন্ট টা হচ্ছে যে যে টাকাটা ট্যাক্স থেকে — ওয়াটার রেটই বলুন, আর গ্রাউণ্ড রেটই বলুন — এই যে টাকাটা উঠবে, এই সমস্ত টাকাটা কনসলিডেটেড ফাণ্ডে চলে যাবে, এখন কলসলিডেটেড ফাণ্ডে টাকাটা চলে যাওয়ার মানে রেভিনিউ এক্সপেণ্ডিচার যেটা সেটাই খালি খরচ হবে। তাতে ফারদার ডেভেলপমেন্ট এর কোন স্কোপ থাকছে না। আর সরকার যেটা ডেভেলপমেন্ট করবে সেটা সরকারের সহৃদায়তার উপর নির্ভর করে। সেই জন্য আমার সংশোধনী সেদিক থেকে ওটা কনসলিডেটেড ফাণ্ডে যাওয়া উচিত বটে; কিন্তু তার একটা অংশ অন্তত কনসলিডেটেড ফাণ্ডে যাতে না যায়, তার ব্যবস্থা থাকা উচিত। যেইজন্য এই সংশোধনটা রাখছি। কি পরিমাণ কনসলিডেটেড ফাণ্ডে যাবে না যাবে তা গভর্নমেন্ট স্থির করবেন।

শ্রীভোলানাথ সেন : আমি এটা গ্রহণ করতে পারলাম না।

Mr. Speaker : Honourable members, today is the last day of the present session which commenced only a few days back, viz. on the 25th day of November 1975. Before I declare the House adjourned sine die, I would say a few words to you.

I am very glad to announce that despite the fact that the House was summoned at a very short notice your attendance has been by and large satisfactory. The present Session has been remarkable in this that several Bills of far-reaching consequences have been passed into law within a short space of time. During the current session the House adopted one more important Government Resolution on the increase of loan capacity of the West Bengal State Electricity Board. The House had also an opportunity to discuss the food situation in the State. The House considered the Report of the Select Committee on the West Bengal University (Amendment) Bill, 1975 and passed the Bill, as reported by the Select Committee, of course, with some amendments. In this connection I should say that your deliberations throughout have been purposeful, and in keeping with the dignity of the House. Before I conclude, I express my thanks and gratitude for the courtesy shown to me to the Leader of the House and the members of the Cabinet without whose active co-operation it would not have been possible for me to perform my duties properly. I am also thankful to the Leader of the Opposition, the Deputy Leader of the opposition, and I also extend my sincere gratitude and thanks to

all members irrespective of their political colour or affiliation who very kindly rendered unstinted co-operation.

With these few words, I once again congratulate all the honourable members and hereby declare the House adjourned sine die.

ADJOURNMENT

The House was accordingly adjourned sine die.

Note : The Assembly was subsequently prorogued with effect from the 12th December, 1975, under notice No. 247 P. A. dated the 12th December, 1975, of the Home C.P Department, Government of West Bengal.

Index to the

West Bengal Legislative Assembly Proceedings

(Official Report)

Vol : 60, No II, Sixtieth Session

(November-December, 1975)

(The 1st, 2nd, 3rd and the 8th December, 1975)

Bandopadhayay, Sri Shib Sankar :

The West Bengal Universities (Amendment) Bill 1975 as reported by the Select Committee, PP-26-27

Bandopadhayay, Shri Sukumar :

Discussion on Food Policy, PP-93-95

The West Bengal Transport Undertaking

(Prevention of Ticketless Travel) Bill,1975, PP-197-198

Banerjee, Shri Mrityunjoy :

The North Bengal University (Amendment) Bill, 1975, PP-205 & 206

The Rabindra Bharati (Temporary Supersession) Bill, 1975, PP-207-209, 214

The West Bengal College Teachers (Security of Service) (Amendment) Bill, 1975, P-216 PP-220-222

The West Bengal Universities (Amendment) Bill, 1975, as reported by the Select Committee, PP-11-12, 45-46

Banerjee, Shri Pankaj :

Discussion regarding Present State of industrial relations in the state of West Bengal, PP-113-114

Basu, Shri Ajit Kumar :

Discussion on Food Policy, PP-83-85

The West Bengal Acquisition of Hamestead Land for Agricultural Labourers Artisans and Fishermen Bill, 1975, PP-154-155

Bera, Shri Sudhir :

The West Bengal Taxation Laws (Third Amendment) Bill, 1975, PP-124-125

Bhaduri, Shri Timir Baran :

Discussion on Food Policy, PP-76-78

Bhattacharyya, Shri Harasankar :

The West Bengal Taxation Laws (Second Amendment) Bill, 1975 PP-67-69

The West Bengal Taxation Laws (Third Amendment) Bill, 1975 PP-122-124

The West Bengal Universities (Amendment) Bill, 1975, as reported by the Select Committee. PP-17-19

BILL

The North Bengal University (Amendment) Bill, 1975 PP-205-207

The Rabindra Bharati (Temporary Supersession) Bill, 1975 PP-207-215

The West Bengal Acquisition of Homestead Land for Agricultural Labourers Artisans and Fishermen Bill, 1975 PP-138-164

The West Bengal College Teachers (Security of Service) (Amendment) Bill, 1975 PP-216-225

The West Bengal Government Townships (Extension of Civic Amenities) Bill, 1975 PP-226-232

The West Bengal Taxation Laws (Second Amendment) Bill, 1975 PP-65-71

The West Bengal Taxation Laws (Third Amendment) Bill, 1975 PP-120-126

The West Bengal Transport Undertaking (Prevention of Ticketless Travel) Bill, 1975 PP-194-205

The West Bengal Universities (Amendment) Bill, 1975, as reported by the Select Committee, PP-11-51

CALLING ATTENTION

Statement Regarding acute Crisis of Kerosene in rural West Bengal by **Shri Gyan Singh Sohanpal**, PP-185-186

Statement regarding clashes during harvesting on crops, by **Dr. Motahar Hossain**, P-107

Statement on the subject of demand for Bengali as compulsory subject in the Higher Secondary Syllabus, by **Shri Mrityunjay Banerjee**, PP-4-5

Chaki, Shri Naresh Chandra :

The West Bengal Acquisition of Homestead Land for Agricultural Labourers Artisans and Fishermen Bill, 1975 PP-152-154

The West Bengal Universities (Amendment) Bill, 1975 as reported by the Select Committee, PP-34-35

Chakraborti, Shri Biswanath :

The North Bengal University (Amendment) Bill, 1975, PP-205-206

The Rabindra Bharati (Tamporary Supersession) Bill, 1975, PP-209-212

The West Bengal College Teachers (Security of Service) (Amendment) Bill, 1975, PP-219-220

Chatterjee, Shri Gobinda :

The West Bengal Government Townships (Extension of Civic Amenities) Bill, 1975, PP-228-230

Chatterjee, Shri Tapan :

The West Bengal Government Townships (Extension of Civic Amenities) Bill, 1975, P-228

The West Bengal Taxation Laws (Third Ammendment) Bill, 1975, P-125

Das, Shri Sarat :

Discussion on Food Policy, PP-82-83

De, Shri Asamanja :

Discussion on Food Policy, PP-95-97

The West Bengal Universities (Amendment) Bill, 1975, as reported by the Select Committee, PP-24-26

Dey, Prof. Chandra Kumar :

The West Bengal Universities (Amendment) Bill,1975, as reported by the Select Committee, PP-39-40

Discussion on Food Policy, PP-71-101

Ghiasuddin Ahmad, Shri :

The West Bengal universities (Amendment) Bill, 1975, as reported by the Select Committee, PP-38-39

Ghosh, Shri Sankar :

The West Bengal Taxation Laws (Second Amendment) Bill, 1975, PP-65-67,69-70

The West Bengal Taxation Laws (Third Amendment) Bill, 1975, PP-120-122

Ghosh, Shri Prafulla Kanti :

Discussion on Food Policy, PP-98-101

Ghosh, Shri Sisir Kumar :

Discussion on Food Policy, PP-92-93

GOVERNMENT RESOLUTION

State Government to fix two hundred crores of rupees to be the maximum amount which the West Bengal State Electricity Board may at any time have on loan, by **Shri Abul Barkat Atawal Ghani Khan Chowdhary**, PP-126-130,136-137

Shri Aftabuddin Mondal :

PP-134-135

Shri Biswanath Chakraborty :

PP-130-133

Shri Kumardipti Sengupta

P-136

Shri Sukumar Bandyopadhyay :

PP-133-134

The West Bengal Transport Undertaking (Prevention of Ticketless Travel) Bill, 1975 by **Shri Gyan Singh Sohanpal,** PP-194-195, 198-199

Haldar, Shri Kansari :

The West Bengal Acquisition of Homestead Land for Agricultural Labourers Artisans and Fishermen Bill, 1975, PP-145-146

Hatui, Shri Ganesh :

The West Bengal universities (Amendment) Bill, 1975, as reported by the Select Committee, PP-35-36

LAYING OF PAPERS

Appropriation Accounts 1973-74, by **Shri Sankar Ghosh** P-10

Finance Accounts 1973-74, by **Shri Sankar Ghosh** P-10

Report of the Comptroller and Auditor General of India for the Year 1973-74 (Civil), by **Shri Sankar Ghosh** P-10

Report of the Comptroller and Auditor General of India for the Year 1973-74 (Commercial), by **Shri Sankar Ghosh** P-10

Report of the Comptroller and Auditor General of India for the Year 1973-74 (Revenue Receipts),by **Shri Sankar Ghosh** P-10

LAYING OF REPORTS

Annual Report on the working and affairs of the Electro-Medical and Allied Industries Limited for the year 1973-74, by **Shri Atish Chandra Sinha**, P-193

Annual Report on the working and affairs of the State Fishers Development Corporation Limited for the year 1974-75, by **Shri Atish Chandra Sinha**, P-65

Mohammad Dedar Baksh, Shri :

The West Bengal Acquisition of Homestead Land for Agricultural Labourers Artisans and Fishermen Bill,1975,P-154

Mohammad Idris Ali, Shri :

The West Bengal Acquisition of Homestead Land for Agricultural Labourers Artisans and Fishermen Bill, 1975, PP-149-150

Mohanti, Shri Pradyat Kumar :

Discussion on Food Policy, PP-80-82

The West Bengal Universities (Amendment) Bill, 1975, as reported by the Select Committee, PP-36- 38

Mandal, Shri Jakhi Lal :

The West Bengal Acquisition of Homestead Land for Agricultural Labourers Artisans and Fishermen Bill, 1975, PP-151-152

The West Bengal Universities (Amendment) Bill, 1975, as reported by the Select Committee, PP-41-42

MENTION CASES

PP-7-10,60-65, 186-193

Misra, Shri Kashinath :

The North Bengal University (Amendment) Bill, 1975, PP-206

The West Bengal Aquisition of Homestead Land for Agricultural Labourers Artisans and Fishermen Bill, 1975, PP-146-147

Mitra, Shrimati Ila :

The West Bengal College Teachers (Security of Service)

(Amendment) Bill, 1975 PP-216-218

The West Bengal Universities (Amendment) Bill, 1975, as reported by the Select Committee, PP-12-13

Mukherjee, Shri Ananda Gopal :

Discussion on Food Policy, PP-73-75

Mukherjee, Shri Mrigendra :

Discussion on Food Policy, PP-85-87

Mukherjee, Shri Subrata :

Discussion on Food Policy, PP-91-92

Paik, Shri Bimal :

The West Bengal Acquisition of Homestead Land for Agricultural Labourers Artisans and Fishermen Bill, 1975, PP-147-149

POINT OF INFORMATION

কর্মনিয়া গ্রামের কিছু বর্গাদার চাষী জোতদার দ্বারা লাঞ্ছিত এবং উৎখাত ও বাস্তুচ্যুতর প্রতি দৃষ্টি আকর্ষণ, **শ্রী সুকুমার বন্দ্যোপাধ্যায়**, PP-212-213

Pramanik, Shri Monoranjan :

The West Bengal College Teachers (Security of Service) (Amendment) Bill, 1975 P-218

The West Bengal Universities (Amendment) Bill, 1975, as reported by the Select Committee, PP-14-15

Pramanik, Shri Puranjoy :

The West Bengal Acquisition of Homestead Land for Agricultural Labourers Artisans and Fishermen Bill, 1975, PP-144-145

QUESTIONS

এশিয়াটিক সোসাইটির প্রকাশনা বিভাগে পুস্তক বিনষ্ট, **শ্রী মহম্মদ দেদার বক্স**, PP-172-173

কলিকাতা বিশ্ববিদ্যালয়ের অনার্স পরীক্ষা, **শ্রী মহম্মদ দেদার বক্স**, PP-165-167

কাটোয়া কলেজের অভ্যন্তরে সংঘর্ষ, শ্রী সুব্রত মুখার্জী, PP-184

কাটোয়া থানার অন্তর্গত বাঁধমুড়া, কারুলিয়া ও কড়ুই গ্রামে সংঘর্ষের ঘটনা, শ্রী সুব্রত মুখার্জী (কাটোয়া), PP- 169-172

কাটোয়া শহরে সমাজবিরোধী কর্তৃক মৃতদেহ থেকে নরমাংস ভক্ষনের ঘটনা, শ্রী সুব্রত মুখার্জী, PP-175-176

কেরোসিন তেলের মূল্যবৃদ্ধি, শ্রী মহম্মদ সফিউল্লা, P-184

কৌশিকী ও দই আসরী নিকাশী খাল খননের কাজ, শ্রী গনেশ হাটুই, P-106

খাদ্য সংগ্রহের লক্ষ্যমাত্রা, শ্রী গনেশ হাটুই, PP-53-58

গ্রন্থাগার আইন, শ্রী গনেশ হাটুই, PP-2

চলতি বছরে উৎপন্ন ধানের পরিমান, শ্রী নরেশচন্দ্র চাকী, PP-182-183

জঙ্গিপাড়া থান এলাকাকে সেচ-এলাকাভুক্তির ঘোষণা, শ্রী গনেশ হাটুই, PP-105-106

জয়ন্তী গ্রামে তফসিলী জাতি ও উপজাতিদের জন্য গৃহনির্মাণ, শ্রী গনেশ হাটুই, PP-180

তেনুঘাট হইতে চাষের জমিতে জল সরবরাহ, শ্রী গনেশ হাটুই, PP-103-105

দ্বি-বার্ষিক পাঠ্যক্রম, শ্রী গনেশ হাটুই, P-2-3

ধানকাটা নিয়ে বর্গাদার ও জোতদারে সংঘর্ষ, শ্রী গনেশ হাটুই, PP-180-181

পঞ্চাশ- শয্যাবিশিষ্ট প্রাথমিক স্বাস্থ্যকেন্দ্র, শ্রী গনেশ হাটুই, PP-179-180

পঞ্চায়েতের নির্বাচন, শ্রী মহম্মদ দেদারবক্স, P-183

প্রাথমিক ও সহায়ক স্বাস্থ্যকেন্দ্রে ডাক্তারের অভাব, শ্রী সুকুমার বন্দ্যোপাধ্যায়, P-181

বাস্তুহীনদের জন্য গৃহনির্মান, শ্রী গনেশ হাটুই, P-180

ভগবানগোলা থানায় ভূদান যজ্ঞে প্রাপ্ত জমিব বিতরন, শ্রী মহম্মদ দেদার বক্স, PP-181-182

ভগবানগোলা ২ নং ব্লক অফিসের জন্য জমি অধিগ্রহন, শ্রী মহম্মদ দেদার বক্স, P-183

ভগবানগোলা ২ নং ব্লকে ক্যানেলের কাজ, শ্রী মহম্মদ দেদার বক্স, P-182

ভগবানগোলায় নতুন সাব-রেজিষ্ট্রি অফিস খোলার প্রস্তাব, শ্রী মহম্মদ দেদার বক্স, P-181

মাধ্যমিক শিক্ষকদের নূতন বেতনক্রম, শ্রী গনেশ হাটুই, P-2

মেঝিয়ারী গ্রামে ডিপ-টিউওয়েলের ট্রান্সফর্মার চুরি, শ্রী সুব্রত মুখার্জী, PP-173-175

রঘুনাথপুরে সরকারী হাসপাতাল খোলার পরিকল্পনা, শ্রী সুকুমার বন্দ্যোপাধ্যায়, PP-58-59

লোডশেডিং, শ্রী নরেশচন্দ্র চাকী, PP-176-179

সরকারী পরি চালনাধীন আর.জি.কর ও ন্যাশনাল মেডিক্যাল কলেজ, শ্রী সুকুমার বন্দ্যোপাধ্যায়, P-183

সেচের কাজে বিশ্ব ব্যাঙ্কের সাহায্য, শ্রী নরেশচন্দ্র চাকী, P-182

হায়ার সেকেন্ডারী ইনষ্টিটিউশন সমূহে দ্বি-বার্ষিক পাঠ্যক্রম, শ্রী নরেশচন্দ্র চাকী, PP-167-169

REPORT OF B.A. COMMITTEE

Presentation of the Report of B.A. Committee Twentieth Report at the Business Advisory Committee by Mr. Speaker, P-44

Presentation of the Twenty first Report of the Business Advisary Committee by Mr. Speker, PP-119-120

Roy, Shri Aswini Kumar :

Discussion on Food Policy, PP-71-73

The West Bengal Government Townships (Extension of civic Amenities) Bill, 1975, PP-227-228

The West Bengal Transport Undertaking (Prevention of Ticketless Travel) Bill, 1975 PP-195-197

Roy, Shri Bireswar :

The West Bengal Aequisition of Hamestead Land for Agricultural Labourers Artisans and Fishermen Bill, 1975 PP-150-151

Roy, Shri Krishna Pada :

The Rabindra Bharati (Temporary Supersession) Bill, 1975 PP 213-214

Roy, Shri Saroj :

Discussion on Food Policy, PP-87-89

Samanta, Shri Tuhin Kumar :

The West Bengal Universities (Amendment) Bill, 1975, as reported by the Select Committee, PP-20-21

Shamsuddin Ahmad, Shri :

The West Bengal Universities (Amendment) Bill, 1975, as reported by the Select Committee, P-43

Shish Mahammad, Shri :

The West Bengal Acquisition of Homestead Land for Agricultural Labourers Artisans and Fishermen Bill, 1975 PP-140-143

The West Bengal College Teachers (Security of Service) (Amendment) Bill, 1975 PP-218-219

The West Bengal Transport Undertaking (Prevention of Ticketless Travel) Bill, 1975 P-198

The West Bengal Universities (Amendment) Bill, 1975, as reported by the Select Committee, PP-21-24

Sen, Shri Bholanath :

The West Bengal Acquisition of Homestead Land for Agriculture Labourers Artisans and Fishermen Bill, 1975 PP-138-140, 155-160

The West Bengal Government Townships (Extension of Civic Amenities) Bill, 1975 PP-226-227,230-232

Sen Gupta, Shri Kumardipti :

Discussion on Food Policy, PP-89-91

Sinha Roy, Shri Bhawani Prasad :

Discussion on Food Policy, PP-78-80

Gyan Singh Sohanpal, Shri :

The West Bengal Transport Undertaking (Prevention of Ticketless Travel) Bill, 1975 PP-194-195

STATEMENT UNDER RULE 346

Statement under rule 346 Regarding Food Policy for the year 1975-76 Kharif year, by **Shri Prafulla Kanti Ghosh,** PP-28-34

Wilson-de-Roze, Shri George Albert :

Discussion on Food Policy, PP-97-98

The West Bengal Universities (Amendment) Bill, 1975, as reported by the Select Committee, PP-42-43